This book was taken from the Library on the last stamped. It is returnable within 14 day



## काँ किमठक



## त प्राँग (ता लाँ।



[ মূল উপদ্যাসের দিভীয় ও তৃভীয় খণ্ড ]

অন্থবাদ করেছেন : অচিন্ত্যকুমার সেনগুপু পুষ্পময়ী বস্থ



ব্যাডিক্যাল বুক ক্লাব ৬, কলেজ স্বোয়ার, কলিকাতা ১২ প্রথম সংকরণ : ১৯৫১

বাংলা অসুবাদেব সর্বসম্ব সংরক্ষিত

দাম: পাঁচ টাকা

প্রকাশক: বিমল মিত্র, ব্যাতিক্যাল বুক ক্লাব, ৬ কলেজ স্কোয়াব, কলিকাতা-১২ মুব্রাকব: ননীগোপাল পোন্ধার, ওরিমেণ্টাল আচি প্রেস, কলিকাতা-৬

## প্রভাত

জা। ক্রিসতফ : দ্বিতীয় খণ্ড

অচিন্ত্যকুমার সেনগুপ্ত অনুদিত

খদি: জাঁ ক্রিস্তক-দিতীয় খণ্ড [ প্রভাত ] গতিফ্রিন্-এর উচ্চারণ হবে গটেফ্রেড ।

## क ।- भिटिन ता मुकुर

জনেক বছর চলে গেছে। জাঁ-ক্রিসতফ্ এখন এগারো বছরের। চলেছে তার সঙ্গীতশিক্ষা। সে তখন হার্মনি শিথছে ফ্রোরিয়ান হলজার-এর কাছে। বে শ্বর শুতিশ্বনর, কানের ভিতর দিয়ে চুকে মর্মে এসে সাড়া দেয় তা নাকি দৃষণীয়, অতএব নিষিদ্ধ। কিন্তু কেন যে নিষিদ্ধ তার কোনো কৈফিয়ৎ নেই। স্বভাবতই সে বাধাবাধি নিয়মের বিরোধী, তাই সে-শ্বরগুলিই বেশি করে তাকে আকর্ষণ করে। খুঁজে বেড়ায় প্রসিদ্ধ শ্বরকারদের রচনায় সে-সব মধ্রতার নম্না কিছু আছে কিনা। যদি সন্ধান মেলে অমনি ছুটে ষায় ঠাকুরদাদার কাছে কিংবা শিক্ষকের কাছে। ঠাকুরদাদা বলেন, বীঠোফেন এত উচ্দরের শিল্পী, সে করতে পারে ব্যতিক্রম। কিন্তু তুমি পারো না। মাস্টারমশাই তো রেগে অগ্লিশমা। তুমি ব্যতিক্রমটাই দেখছ, কিন্তু কী অভিনব স্বষ্টি তিনি করে গেছেন, তার থেয়াল রাব্যা?

থিয়েটারে কনসাটে জা-ক্রিসতফের কাথেমী ছাড়পত্র। সব কিছু
যন্ত্রই সে একটু না একটু বাজাতে পারে। বেহালায হাত তো তার
দিখি পাকা হযে উঠেছে, তাই জায়গা করে নিতে পেরেছে
অর্কেষ্ট্রায়। ক'মাসের মধ্যেই চলে এসেছে একবারে সামনের লাইনে।
রোজগার করছে দস্তরমত। রোজগারটা ঠিক সময়েই স্থক হয়েছে
যা হোক, কেননা বাড়ির অবস্থা ক্রমশই অভলের দিকে। বেড়ে যাচেছ
মোলশিয়রের উচ্চুভ্রালতা, ঠাকুরদাদা বুড়ো হয়ে পড়ছেন।

বাড়ির মলিন আবহাওয়াটা জাঁ-ক্রিসতফের উপর চেপ্রে বিষেদ্ধ বয়স্ত গোকের মতই এখন সে গন্তীর, চিন্তাদ্বিত। নিজের কাজ সে জাঁ-দ্বি—১ वादात मछ करत यास्क वरते, किन्न कार्क व्यानन शूंस्त्र भारक ना। বাজাতে বাজাতে দেরি হয়ে যায়, শান্ত হয়ে অর্কেষ্ট্রার সিটেই দে ঘুমিয়ে পড়ে। আগে আগে ছেলেবেলায় থিয়েটার ঘটটা আগ্রহ জাগাত এখন আর তা জাগায় না। যখন তার চার বছর বয়স ত**খন** তার আকাজ্র্টা ছিল এই জাযগায় এদে বদবে একদিন। মিটেছে তার দেই আকাজ্ঞা, কিন্ধ তৃপ্তি কই ? যে-যে স্থব সে বাজাছে তা**দের** উপর তার বেলা ধরে গেছে। অবিভি প্রকাণ্ডে মতামত দেবার তার সাহস নেই, কিন্তু মনে মনে ওগুলোকে সে নিতান্ত অর্থহীন বলে পরিহার করে। বাজনার পর তার সহক্মীরা এমন ভাবে কপাল মোছে যেন তারা ঘণ্টাথানেক ধরে কুন্তি করে উঠল! সবই এত কুত্রিম, এমন মুখন্ডের মত। তার সেই পুরানো দীপশিখাটির কাছে আবার সে ঘনিয়ে এসেছে--সেই থালি-গা হুন্দরী গায়িকাটিব কাছে, একদিন যে দে মেয়েটকে ভালবেদেছিল তা মেয়েট জানে, তাই रमरशिष्ठ जारक मार्या मार्या हुन् थाया। त्महे हच्चत जात जानन त्नहे। মেয়েটির মুথের রং আর গায়ের সেন্টে তার বিরক্তি ধরে গেছে— তার সেই স্থল বাছ আর তার লুক্কতা। শুধু বিরক্তি নয়, রীতিমত घुगा करत (महे शांत्रिकारक।

গ্রাণ্ড ডিউক তাকে ভোলেননি। মাঝে-মাঝে, যথন প্রাসাদে অতিথি সমাগম হয়, তখন তাকে আসতে বলেন। প্রায়ই, সন্ধার সময়, যথন সে একলা থাকবার জন্তে হাঁপিয়ে ওঠে। সব কেলে ছড়িয়ে পড়ি-মরি করে তাকে ছুটতে হয় প্রাসাদে। কথনো বা অনেকক্ষণ বসে থাকতে হয় পাশের ঘরে, কেননা ডিনার থাওয়া তথনো শেষ হয়নি। বাড়ির চাকররা কি রকম অসম্রমের স্থারে কথা কয়। তারপর তারা তাকে একটা বড় খরে নিয়ে আসে। সেখানে চারদিকে আলো আর

আয়নার ঝলস, আর কতগুলো সুলতত পুক্ষ আর স্ত্রীলোক। তার দিকে
কুটিল কোতৃগলের সঙ্গে তাকিয়ে থাকে। মোমের মেঝে পেরিয়ে
গায়ে গিয়ে ডিউক-ডাচেসের হস্তচ্ছন করতে হয়— যতই বয়স বাড়ছে
ততই বিশ্রী লাগছে, ঘা লাগছে আতাসম্মানে।

তারপর<sup>°</sup> আবার পিয়োনো বাজিয়ে শোনাও ও-সব মুর্থদের। ওদেবকে মূর্য ছাড়া স্থার কিছুই মনে হয় না। একে সময় ওদের অমনোযোগ এত বিসদৃশ হয়ে ওঠে যে বাজনার মধ্যিখানেই তার থেমে ्ट एक हे एक हर । मान हर व्याल-शाल हा अशा (नहें, मम वस्न हार्य मात्रा যাবে। বাজনা শেষ হবার সঙ্গে সঙ্গে হুক হয় প্রশংসাবর্ষণ, ঘুরে ঘুরে পরিচয় করিয়ে দেওয়া হয় সকলের সঙ্গে। মনে হয়, ও যেন কোন পশুশালার পশু— যত প্রশংসা, প্রাপ্য তাব নিছেব ন্য তার শিক্ষকের। প্রকাণ্ড একটা অপমানের মত লাগে—আন্তে আন্তে একটা অহুস্থতা তাকে পেয়ে বদে, যেন সব কিছুতেই তাকে অপমান করা হচ্ছে। কোণে বদে কেউ হাসছে, মনে হচ্ছে সে হাসির লক্ষ্য সে নিজে—কিন্তু কি দেখে যে হাসছে, তার হাত পা চেহারা, না, তার হাবভাব দেখে—কিছুই বুঝে উঠতে পারেনা। যদি কেউ তাকে ডেকে কথা না কয়, মনে হয় অপমান, আবাৰ যদি কেউ ডেকে কথা কয়, মনে হয় এও বুঝি অপমান। াদি কেউ তাকে ছোট ছেলে ভেবে মিষ্টি উপহার দেয় মনে হয় অসম্মান করছে। যদি বা ডিউক কোনোদিন তার হাতে প্রসা গুঁজে দিয়ে বিদেয় করে দেয়, মনে ভাবে এর মত অবমাননার আর আছে কি। গরিব বলে নিজেকে বড় হতভাগ্য লাগে, সবাই তাকে গরিব বলে ধরে নিয়েছে বলে। একদিন প্রসা নিয়ে যাচ্ছে দে অমনি রান্তা দিয়ে, সন্ধেবেলা, মনে হল যেন একটা হুৰ্বহ অপমানের বোঝা দে বয়ে নিয়ে চলেছে। ধেমনি ভাবা, দৃকপাত না করে, পয়দা দে ছুড়ে ফেনে দিলে। কেলে দিয়েই

অমমি মনে পড়ল, এ সে করল কি, কশাইয়ের দোকানের পাওনা এক-মাসের উপর ৩২তে বাকি।

তার এই 'অন্তর্গাহের কথা বাড়ির আত্মীয়-স্বন্ধন কেউ টের পায়না। মা পর্যন্ত না। লুইসা বরং খুশি, প্রাসাদে অমন সব জমকালো লোকজনের সংসর্গে চমৎকার সন্ধ্যাগুলি কাটছে ক্রিসতফের। মেলশিয়র তো দেমাক করে বেড়াছে। কিন্তু সব চেয়ে আহ্লাদ হচ্ছে ঠাকুরদাদার। টাকা-পয়সা মান-সন্মান প্রভাব-প্রতিপত্তির প্রতি তার অসীম ছুর্বলতা—যদিও বাইরে তিনি ভাব দেখান তিনি একজন স্বাধীন সাধাবণতন্ত্রী। তাই ঐ সব ঐশ্বর্য ও প্রভূত্বের ছায়ায়-ছায়ায় ক্রিসতফ ফিরতে পারছে বলে তাঁর প্রকাণ্ড গর্ব। বাইরে শাস্ত ও নির্লিপ্ত হয়ে থাকবেন মনে করেন কিন্তু ও সব চিস্তায় অজানতেই তাঁর মূথ উদ্থাসিত হয়ে ওঠে। কতক্ষণে ক্রিসতফ বাড়ি ফিরবে তারই আশায় উৎস্ক হয়ে থাকেন। এলেই প্রশ্ন করেন অকারণ—'কেমন হল আজ সব ?' কিংবা বলেন—'এই যে ক্রিস্তফ এসেছে, বলো, কি, থবর কি ?'

কিন্তু জা-ক্রিসতফের মন মেজাজ ভাল নেই। কোনো কথাবার্তার ধার না ধেরে এক কোণে চুপচাপ বসে থাকতে পেলেই সে খুল। কিন্তু জা-মিচেল নাছোড়বালা। প্রশ্নের পর প্রশ্নে ব্যতিবান্ত করে ভোলবার জক্ষে বদ্ধপরিকর। তাই 'হাঁ' বা 'না' বলে পরিআণ পাবার জো নেই। দাও সব খুঁটিনাটি বিবরণ। চটে চেঁচিয়ে ওঠে জাঁ-ক্রিসতফ। তার মুথে হাত চুকিয়ে উত্তর টেনে আনতে হয় জোর করে। দেখতে দেখতে জাঁ-মিচেল থেপে ওঠে, গালাগাল করে। জাঁ-ক্রিসতফও মুথ বুজে সইবার ছেলে নয়। শেষকালে একটা থওপ্রলয় স্কুক্ক হয়। বুড়ো বেরিয়ে যায় ঘর থেকে, জোরে শব্দ করে বন্ধ করে দের দরজা। গরিব পরিবারের একটি সন্ধ্যার আননদ জাঁ-ক্রিসতফ নই করে দিল। আভাসেও-

কেউ বুঝতে পেলনা তার এই রুক্ষ মেজাজের কারণ কি। হীনবৃত্তি লোকের মতই এদের ধ্যান-ধারণা—এর জক্তে কাকে তুমি দোষ দেবে ? •

জা-ক্রিসতফ নিজেকে নিয়েই বসে এসে নিরালায়। মনে হব তার পরিবার ও তার নিজের মধ্যে একটা বহু-বিস্তৃত ব্যবধানু। তবু যদি সকলের সক্লেসে অন্তবন্ধেন মত অজ্ঞ কথা কইতে পেত, তা হলে ব্যবধান বোধ হয এত ত্মার হতনা। কিন্তু স্বাই জ্ঞানে, বাপ-মা আর ছেলেমেয়ের সঙ্গে কথনো অবিমিশ্র অন্তর্কতা গড়ে উঠতে পাবে না—একদিকে সম্রমবোধ এসে বিশ্বাদেব পথ আটকাষ, অন্তদিকে ব্যস ও অভিজ্ঞতাব প্রবীণতা শিক্তমনের প্রবণ্তাকে চায় না বুঝতে দিতে।

বাড়িতে যে সব লোক দেখছে ও যা তাদের কথাবার্ত। গুনছে— ভাতে আরো বাড়তে লাগল ব্যবধান।

মেলশিয়বের বন্ধুরা প্রায়ই তাদের বাড়িতে আদে। সব সেই আর্কেঞ্জার বাজিয়ে—বিয়ে করেনি কেউ, প্রত্যেকে এক একটি পাঁড় মাতাল। এমনিতে হয়ত মল লোক নয়, কিন্তু অত্যন্ত দুল। পায়ের শব্দে আর হাসির হুল্লোডে সারা বাড়ি কাঁপিয়ে রাথে। বাজনা সম্বন্ধে আলোচনা কবে, কিন্তু এমন মূর্থের মত কবে, যে, সারা গা রি-রি করে ওঠে। যে বাজনাটা জাঁ-ক্রিসতক্ষের প্রিয় তাকে যথন ওরা প্রশংসা করে তথন মনে হয় যেন তাকে অপমান করছে। সমস্ত শরীর তার রাগে জ্বমে কাঠ হয়ে ওঠে, জীবনে বাজনা সম্বন্ধে তাব কোনো কৌত্হল নেই এমনি নিম্পৃহ ভঙ্কিতে চেয়ে থাকে।

মেলশিয়র বলে, "ছোঁডাটার হৃদয় বলে কিছু নেই। একেবারে বোধশুক্ত। জানিনা এ ও পেল কোথায়?"

তার ঠাকুরদাদারও অনেক বৃদ্ধ আছে—পাড়ার সব গ্রে-বুড়োর দল—সেই একই হাসি-ঠাটায় মজলিস জ্মায়। বাজনীতি বিয়ে, আর্ট নিয়ে, কথনো বা কারো বংশাবলী নিয়ে। বিষয় সম্বন্ধে তাদের মাধাব্যথা নেই, কথা যে বলতে পারছে অনর্গল এবং সেই কথার যে শ্রোতা মিলেছে এতেই তারা খুশি।

কিছ বাড়িতে যত লোকই আহক থিয়োডোরের মত চক্ষ্ণ আরু কেউ নয়। জাঁ-মিচেলের প্রথম স্ত্রী ক্লারার ছেলে এই থিয়োডোর— সেই সম্পর্কে ক্রিসতফের কাকা। আফ্রিকার না, দ্র প্রাচ্যে বিরাট এক ফার্মের অংশাদার। নতুন বুগের জার্মানির প্রতীক, পুরোনো আদশবাদকে সে অস্বীকার করে, শক্তি ও সাফল্যই জীবনের একমাত্র জয়—এ অহক্ষারে সে ডক্ষা মেরে বেড়ায়। ক্রায়, সত্য আর ধর্মের নিদর্শনই হচ্ছে বার্য, লোভ আর অ্বর্থপিরতা—এই তার মূলমন্ত্র।

জাঁ-ক্রিসতফের বিশ্বাসের মূল পর্যন্ত নড়ে ওঠে। তার কাকা ঠিক বলছে না ভুল বলছে তা সে জানেনা, জানতে চায়ওনা। কিন্তু থিয়ো-ডোরকে দেখেই সে ঘুণা করতে স্কুক্ল করে। মনে-মনে ঠিক করে নেয় সে তার শত্রুপক্ষের। তার মতামতের উপর ঠাকুরদাদাও থুব প্রসন্থ নান, কিন্তু থিয়োডোরের জিভের তীক্ষতার সামনে দাড়াবার তার সাধ্য নেই। ক্রমে ক্রমে, নিজেরও অজানতে, থিয়োডোরের দলে কথন ভিড়ে ধান। সভা্য, বুড়ো হয়েছেন বলে তিনিই বা কেন সময়ের থেকে পিছিয়ে খাকবেন? থিয়োডোরের এই সব পাটোয়ারী কৌশলই তো আজকের জগতে মান পাছে—এই সব দিয়েই তো জীবনের মান। কোনো একটা নাতিকে এ পথে ঢুকিয়ে দিলে হয়। মেলশিয়রেরও সেই মত। কভলককেই দেয়া যাক—কি বলো? এই বড়লোক আত্রীয়কে-ধোসামোদ করবার জন্তে সমস্ত পরিবার তাই মেতে উঠল। থিয়োডোরও-এই স্থযোগে সকলের কাছে নিজেকে একটা কেন্তুবিই বানিয়ে ফেললে। সব কিছুত্বেই সে এখন মত দেয়, পরামর্শ দেয়, হস্তক্ষেপ করে। আরু, শিল্প ও শিলীর প্রতি তার যে বিজাতীর ঘুণা তা ব্যক্ত করতে কুন্তিত হয় না। এ বাড়ির লোকজন যে বাজনার অফুরাগী সেজতা তাদেরকে বিজাপ করতে তার কম্বর নেই। আমার, সে সব অত্যন্ত বোকা ঠাট্রা— তবু এবাড়ির কাপুরুষগুলো তাতে হাসে।

এই সব বিজপের মূল লক্ষাই হচ্ছে জা-ক্রিসভক। কিন্তু ধৈর্য ধরে ওসব খোঁটা সে সহা করতে নারাজ। মুখে কিছু সে বলেনা বটে, কিছ দাতের সঙ্গে দাত ঘষে। তার এই নির্বাকা রাগে হাসতে থাকে থিয়োডোব। কিন্তু সেদিন সভের সীমা পার হয়ে গেল নিমেবে। বিজ্ঞাপের খোঁচাটা গভীর পর্যন্ত চলে গিয়েছিল হয়ত, হঠাৎ জাঁ-ক্রিসতফ থিয়োডোবের মুখের উপর থুকু ছিটিয়ে দিলে। সাংঘাতিক কাও। অপমানটা এত ভয়াবহ যে থিযোডোর প্রথমটা স্তম্ভিত হয়ে গেল। পরে ধখন মুখে কথা এল সে গালাগালের অগ্যুৎপাত স্থক করলে। নিজের কাণ্ডে নিজেই ক্রিসতফ হতবুদ্ধি হয়ে গেছে-তাই কিল-চড় যা পড়ছে তার পিঠের উপর কিছুই বেন বুঝতে পাছেনা। কিন্তু যথন সবাই বললে কাকার সামনে হাঁটু গেড়ে বসতে হবে আনত হয়ে, তথন দে মাথা চাড়া-দিয়ে উঠল। মাকে এক পাশে ঠেলে দিয়ে ছুটে বেরিয়ে গেল বাড়ি থেকে। থামল একেবারে গাঁয়ের বাইরে এসে। পিছন থেকে তাকে ডাকছে, অনেকদুর পর্যন্ত ওনতে পেয়েছে দেই ডাক। की इटर आंत्र किट्र शिर्ष ? नमीट याँ प मिर्ष पढ़ल कमन इयं! কিছ একা-একা পড়লে লাভ কি? পেড়ে ফেলা যার না সেই ष्ठयमनद्वादक ?

মাঠে-মাঠে রাত কাটাল। ভোরবেলা আন্তে-আন্তে এসে ঠাকুরদাদার দরকায় টোকা মারলে। সারা রাত খুম হরনি বুড়োর—এথন ওকে দেখে বকতে আর মন উঠল না। বাড়িতে কেউ কিছুই বললে না

—কেননা এথনো ওর মনের তারটা টান করে বাঁধা। বরং ওর মনটাকে মোলারেম করে দেওয়া দরকার—বিকেলে রাজপ্রাসাদে বাঁজনার বায়না আছে। কিন্তু মেলশিয়র ছাড়বার পাত্র নয়। হপ্তার পর হপ্তা সে তিরস্তার করে যাছে—ঠিক জাঁ-ক্রিসতফকেই উদ্দেশ করে নয়, এমনি এক কোন অশরীরী অপরাধীর অভিমূহথ। র্থাই মাহ্ম্যকে উপদেশ দেওয়া! সে মাহ্ম্য নিজে য়িদ অপদার্থ হয়, কিকরে ব্রথবে সে নির্মল ও স্থানীল জীবনের দৃষ্ঠান্ত! আর মধন থিয়োডোরের সঙ্গে দেখা হল রাস্তায়, থিয়োডোর তার নাকটা উচ্

বাড়িতে এক ফোঁটা সহাহ্নভূতি নেই, তাই পারতপক্ষে বেশিক্ষণ সেখানে থাকে না ক্রিসতক। তাকে ঘিরে এই যে সব বন্ধনের দড়িদড়া, তার বিরুদ্ধে সে ছটফট করে। সংসারে কত যে অসংখ্য লোক, তাদের সবাইর কাছে মাথা হেঁট করে সম্মান দেখাতে হবে। কত যে অসংখ্য জিনিস, শ্রদ্ধা-ভক্তি দেখিয়ে স্বীকার করতে হবে প্রকাশ্যে। কেন যে দেখাতে হবে তা তুমি জিগেগসও করতে পাবে না। তাকে সবাই জোর করে গড়ে-পিটে একটি নিরেট জার্মান বুর্জোয়া বানিয়ে ছাড়বে। যতই তাদের চেটা ততই তার বিদ্রোহ। কি করে বন্ধন ছিড়ে বেরিয়ে আসবে অশাসনের এলেকায়। সেই সব বিস্বাদ ও বিবর্ণ অকেন্ট্রা-সন্ধ্যার পর তার ইচ্ছে করে মাঠে গিয়ে ঘাসের উপর গড়াগড়ি খায়, কিংবা পাড়ার ছোড়াদের সঙ্গে টিল-ছোঁড়াছুঁড়ি থেলে। কিন্তু তার ইচ্ছা পূরণ হয় না। মার বর্কুনি খাবার ভয়ে নয়, তার খেলার একটিও সন্ধী নেই। তার সক্ষে থেলে কেউই আরাম পায় না, কেননা খেলাকে খেলার মতই হালকা ভাবে সে নিতে নারাজ—তার কাছে খেলাও যেন প্রায়

শীবন-যুদ্ধের প্রতাক। তাই খেলাহারা হয়ে সে একা-একা ঘুরে বেড়ায়। যদিও ওদের সঙ্গে খেলবার জন্তে সমন্ত মন আঁকুপাকু করে, বাইরে এমন ভাব দেখায় খেলাটা অতি বড় ভূচ্ছ ব্যাপার। ওদের কাছাকাছিই ঘোরাঘুরি করে, কিন্তু একটিবারও ওরা ডাকে না। উদাসীনের কত চলে বায় ক্রিসতফ।

গতিফ্রিদ্বথন কাছাকাছি থাকে তথন তার সঙ্গে বেড়িয়ে কিছু শান্তি পায়। তার স্বাধীন মেজাজের জম্ম তাকে বড় ভাল লাগে, তার সঙ্গে বন্ধুতাটা ঘনতর হয়। এখন সে বুঝতে পারে গতিফ্রিনের আনন্দ, সংসারের সঙ্গে সামান্ততম বন্ধনও না-রেখে অবিশ্রান্ত এই পথ ভাঙা! मस्त्रत मगत धायरे इकत्न माका भारतत मिरक वित्रिय পড়ে, লকাহীনের মত, আর রোজই গতিফ্রিমের সমরের আনদাঞ থাকে না। রাত হযে যায় বাড়ি ফিরতে, তথন আবার বকুনি! গতিফ্রিদ বুকতে পারে এ ঠিক হচ্ছে না, কিন্তু জা-ক্রিদতক আবদার হুরু করে—তা ছাড়া অমনি নিরুদ্দেশ ঘুরে বেড়ানোর নেশা তাকেও পেয়ে বদে। মাঝরাতে বাড়ির কাছাকাছি এদে গতিফ্রিদ শিস্ দেয়। ঐ শিসটিই প্রতীক্ষিত সঙ্কেত। পোশাক-টোশাক পরেই প্রস্তুত হয়ে ভয়েছে জাঁ-ক্রিসভফ। শিদ ভনে আন্তে-আন্তে দে উঠে আসে, জুতো হাতে করে পা টিপে টিপে চলে আদে রান্নাখরে— সারাকণ একটা নিখাস পর্যস্ত সে ফেলে না। রাল্লব্রের জানলাটা ঠিক রান্তার দিকে। টেবিলের উপর সে উঠে দাড়ায়, আর খোলা জানলা দিয়ে হাত বাড়িয়ে গতিফিদ তাকে কাঁধের উপর ভূলে আনে। ছই গৃহ-পলাতক পৰ ধরে আনন্দে।

মাঝে মাঝে কেরেমিকে ডেকে নেয়। জেরেমি জেলে, গৃতিক্রিদের বন্ধ। তার নৌকা নিয়ে চন্দ্রালোকে তারা ভৈদে পড়েন, দাঁড়ের খায়ে জলে অপূর্ব বাজনা বাজে। পাতলা তুধের মতন একটা কুয়ালা জলের উপর ছড়িযে থাকে। তারাগুলো দপ দপ করে। এপার থেকে ওপারে মোরগের ডাক শোনা বায। কথনো বা লার্কের তীর আননন্ধবনি আকাশের গভীরে গিযে ধ্বনিত হয়। চাঁদের আলোয় প্রলুক হয়ে মাটি ছেড়ে চলেছে যেন শৃত্যের ধূদরে। তাদের তিন জনের কারুরই মুখে কোনো কথা নেই অনেকক্ষণ। গতিফিদ একটা স্থর ভাঁজে গুন করে। জেবেমি বক্তপশু নিয়ে নানান রকম গল্প বলে। তার বলার ধরনে গল্পগুলি কি রকম রহস্তময় রূপকথার চেহারা নেয়। বনের আড়ালে চাঁদ গিযে মুখ লুকোয। কালো কালো পাহাড়েব বেস্থনী তারা ঘূরে আসে। জলের অন্ধকাব আর আকাশের অন্ধকার মিশে যায় একসঙ্গে। জলে আর এতটুকু চাঞ্চলা নেই। শন্দ সব জুড়িরে গেছে, সুরিয়ে গেছে। যেন বাত্রিব মধ্য দিয়ে ভেসে চলেছে নোকা। সে কি ভাগছে? চলছে? না, থেমে আছে এক জায়গায়?

জলের ঘাসগুলি সিঙ্কের থসখনানির মত শব্দ করে উঠল।
নিঃশব্দে লাগল এসে নৌকা। পারে নেমে পায়ে হেঁটে চলল তিনজন।
ভোর না হওয়া পর্যন্ত ফিরবে না। নদীর পার ঘেঁসে এগুতে লাগল।
মেষের গায়ে আস্তে আস্তে রং লাগছে, প্রথম দিনের আলোয় কথনো
সবৃদ্ধ, কথনো নীল, কথনো বা কুপোলি। নদীর জলে তার ছায়া
পড়ছে—কথনো গোলাপী, কথনো পাটকিলে। একের পর এক
পাথি জাগছে। তাড়াতাড়ি পা চালিয়ে চলো এবার বাড়ির দিকে।
যেমন সাবধানে বেরিয়ে এসেছি তেমনি ফের গিয়ে চৃকতে হকে
বিছানায়। যাক, কেউ ধরতে পারেনি, বিছানায় পড়েই ঘুমিয়ে
পড়ল জাঁ-কিনত ফ—তার সমন্ত শরীর ত্লাছেয় মাঠের স্থগকে বিভার।

একদিন ক্রিসতক্ষের ছোট ভাই, আর্নেস্ট, সব মাটি ক্বে দিলে। ধরিক্রে দিলে তাদের ঐ রাত-বেড়ানো। সেইদিন থেকেই বন্ধ হযে গেল পলায়ন, নজরবন্দী হল সারারাত। তবু কথন কোন ফাঁকে বেরিয়ে আসে বাড়ি থেকে, ফিরিয়ালা-ছোকরা ও তার বন্ধদের সঙ্গে গুলিয়ে মেশে। কেলেয়ায়ির একশেষ। ছেলেটার একেবারে একটা মুটে-মজুরের মতো রুচি—য়াজিয়ে ওঠে মেলশিযর। গতিক্রিদকে বেশি ভালোবাসে— এ কল্পে জাঁনিচলেব আবার হিংসে। যেখানে বড়-বড় লোকের সঙ্গে মেশবাব অবাধ স্থবিধে, রাজভ্তা হবার যেখানে সসম্মান নিমগ্রণ, সেথানে ছোটলোকদের সঙ্গে মেশা মানে পরিবাবকে অপদত্থ করা—গোপনে ডেকে এনে বক্তৃতা দেয় জাঁ-মিচেল। কিন্তু কথা কানে ঢোকে কিনা কে বলবে। সবাই সাব্যন্ত করে জাঁ-ক্রিসতক্ষের সম্রমবোধ নেই, নেই আত্মসম্মানের ধারণা।

যতই দারিজ্য থাক সংসারে, আব যতই তা মেলশিষ্বের মর্থ উচ্চ্ছুখনতার দক্ষন দিন-দিন কঠিনতব হোক, তবু বতদিন জা-মিচেল আছে ততদিন জীবন সহনীয় থাকবে। মেলশিষ্বকে পাপের পৃথ েকে ঠেকাতে যদি কেউ পাবে তবে সে ঐ একজন। আর অসহায় সংসারের সাহায্যে যদি কথনো হঠাৎ টাকাকড়ির দরকার পড়ে তাও আসে ঐ একজনেরই পকেট থেকে। সামান্য পেনসনের উপর যংকিঞ্জিৎ আয়—এথানে-ওথানে বাজনা শিথিয়ে বা পিয়ানোর হার বেধে। কুড়িয়ে কাচিয়ে যা পায় তার বেশি ভাগই লুকিয়ে এনে গুঁজে দেয় লুইসার হাতে। বোঝে, কইটাকে লুকিয়ে রাখবার চেষ্টায় লুইসা কী কঠিন পরিশ্রমই না করছে! এ সাহায়্য নিতে লুইসার ভালো লাগে না, কেননা একট বেশ চিলেচালা ভারেই জীবন যাপন করতে অভ্যন্ত জা মিচেল—অর্থর সামান্য অভাবে

আনেক ধারা স্টুতে হয় বুড়োকে। তবু ওটুকু আত্মত্যাগই ধেন
বুড়োর পক্ষে যথেষ্ট নয়। সংসারের জরুরি ধার মেটাতে কথনোকথনো নিজের আসবাব-পত্র বা অক্স কোনো প্রিয় শ্বতিচিক্ত গোপনে
বিক্রি করে টাকা জোগায়। ঠিক টের পায় মেলশিয়র। কথনোকথনো সে-টাকার উপরই সে ঝাঁপিয়ে পড়ে। লুইসার কোনো
প্রতিবাদই ধোপে টেকেনা। বুড়োর কানে আসে সেই ছঃসংবাদ,
লুইসার থেকে নয়, কেননা লুইসা কোনো দিনই মুথ ফুটে নালিশ
করেনি তার কাছে—কোনো এক নাতিই বলে যায় ফিসফিসিয়ে। রেপে
থেপে ওঠে জাঁ-মিচেল, ছই বাপে-ছেলেয় সংঘর্ষ বাধে নিদারুণ।
এমন অবস্থায় এসে দাঁড়ায় ছজনে, য়েন এক্ষুনি হাতাহাতি স্করু হয়ে
যাবে। কিন্তু ক্রোধে অন্ধ হওয়া সত্মেও বাপের প্রতি প্রভল্প সম্মানবোধটা বাঁচিয়ে দেয় মেলশিয়রকে। যতই মাতলামো করুক, শেষ
পর্যন্ত বাপের তিরস্কারের সামনে মাথা হেঁট করে বসে। কিন্ত
ভা হলে কি হয়, আবার স্প্রোগ এসে জুটলেই সনাতন পথে

"আমি যখন থাকবনা তখন তোমাদের কী হবে ?" লুইসার কাছে
মাঝে মাঝে আক্ষেপ করে জাঁ-মিচেল। "ভাগ্যিস," জাঁ-ক্রিসভফ কে
একটু আদর করে বুড়ো: "ও আছে। ও যদিন না তোমাদের এই কাদা
থেকে তুলতে পারছে ততদিন হযতো চালিযে যেতে পারব।" কিছু হিসেবে
আন্ধ আর বেশি দূর যেতে চায়না, মনে হয় রাস্তার একেবারে প্রান্তে দে
এদে পড়েছে। চট করে দেখে কারু সন্দেহ হবেনা হয়তো। বিশায় কররূপে সে বলবান। আশি পেরিয়ে গেছে, সিংহের কেশরের মত এক
মাঝা শাদা চুল, দাড়িতে কিছু কালো চুলের দেখা মেলে এখনো। দশটা
ভাত এখনো নিটুট আছে, আর তাই দিয়েই সে চিবুতে পারে সতেদে।

চমচমে খিদে পায় তার, আর যদিও মদ থাবার জক্তে মেলশিয়রকে त्म वरक, তার নিঞ্জের বোতলটি সে थोनि রাথে না কোনোদিন। সংসারে ঈশ্বর যত ভালো জিনিস সৃষ্টি করেছেন তার প্রতি সে স্থবিচার করতে পারবেনা কেন? তাই বলে মুর্থের মত মদের গ্লাশে বৃদ্ধি-বিবেচনা বিষ্ক্রন দিতে সে রাজি নয়। যতটুকু তার মাপ-তুর্বশমস্তিষ্ক লোকের পক্ষে তাই প্রচণ্ড—তভটুকু সে বন্ধায় রাখে। তার হাত-পা মজবুত, চোথ তীক্ষ, তার কর্মে সে অপ্রান্তরোত। সকাল ছটায় ওঠে, নিষ্ঠা-সহকারে সমাপ্ত করে প্রাভক্তা। চেহারার যত্ন নেয়, নিজের শরীরের প্রতি সে শ্রদ্ধা রাখে। নিষ্কের বাড়িতে একা থাকে, আর তার নিজের সংসারে নিজের ব্যাপারে লুইসাকে মোটেই হাত দিতে দেয় না। নিজের বর সে নিজে ঝাঁট দেয়, নিজের কফি নিজে করে, সেলাই করে, বোডাম লাগায়। পেরেক ঠোকে, আঠা লাগায়, জিনিসপত্রের মেরামতি করে। আর সিঁড়ি দিয়ে শার্ট-গায়ে নামা ওঠা করতে-করতে মোটা গলায় গান গায়। রোদ হোক বর্ষা হোক, বাইরে বেরুনো আছে সব সময়। রান্তার মোড়ে দাড়িয়ে হয় কোনো চেনা লোকের मरक कथा-काठोकां कि कत्रहा, नयरछ। क्वारना मूथ-रहना जीलारकत উদ্দেশে ছুঁড়ে মারছে ক'টা রসিকতা। স্থলরী স্ত্রালোক আর পুরোনো ৰদ্ধ—এ ছইম্বের প্রতি তুর্বলতা তার গেল না। তাই বাড়ি ফিরতে সব সময়েই তার দেরি হয়ে যায়, সময়ই সে ঠিক বুমে উঠতে পারে না। কিন্তু রাতের থাওয়ার সময়টা ফাঁকি দিতে পারে না কিছুতেই, বেখানেই যাক, সেথানেই বেচে নিমন্ত্রণ নিয়ে **থাওয়াটা দেরে** নেয়। তারপর নাতিনাতনিদের সঙ্গে দেখা করে ব্দনেক রাম্ব করে বাড়ি ফেরে। বিছানায় ভতে যায়, আর ঘুমুবার আবে এক পৃঠা বাইবেল পড়ে। আর কত্কণই বা তার ঘুম! বড়জোর এক ঘণ্টা কি তুঘণ্টা—তারপর পুরোনো বইর দোকান থেকে কেনা মোটা কোনো বই খুলে বলে-চয় ইতিহাদ নয় ধর্মতন্ত্র, প্রবন্ধ নয় বিজ্ঞান। একনাগাডে পডেনা এখানে খানিক ওখানে খানিক করে পড়ে। দব দে ঠিকঠাক বোঝেনা—না বুঝুক,—কিন্ত প্রতিটি শব্দ ধারে ধীরে তাব পড়া চাই—যর্ভকণ সম্ভব, যতক্ষণ না ফের ঢ়লুনি আদে। রবিবার হলে গ্লিজেঁছ যায়, ছোট-ছোট ছেলেমেয়ের সঙ্গে বেড়ায়, খেলা করে। পায়ের বুড়ো আঙুলের কাছে একটু বাত আছে—তা ছাড়া রোগের স্পর্শ নেই শরীবে। মনে হয় একশো বছর পর্যন্ত বেঁচে যাবে। না বাঁচবার কারণ তো কিছু দেখা যাচ্ছেনা। লোকে ষথন বলে সে শতায়ু হবে তথন সে কৃত্ত চিত্তে ভাবে, ভাগোর করণার আর আন্ত নেই। সে যে বুডো হচ্ছে তার প্রমাণ, আজকাল বড় সংজেই তার চোথে জল আসে, আর মেজাজটা **একটুতে**ই চিড় খায়। তার একটু মনোমত না হলেই সে তুমুল তাণ্ডৰ বাধায়। তার লাল মুথ আরো লাল হয়ে ওঠে। বাড়িব ভাক্তার তার পুরানো বরু, সব সময়েই বলে, খাওয়া কমাও, রাগ কমাও। কিন্তু ডাক্তার আর ওষ্ধের প্রতি তার গভীর বিতৃষ্ণা। বাদাত্রির লোভে দে আরো বেশি থায়, আরো বেশি চটে। উপেক্ষা করে মৃত্যুকে, মৃত্যুকে যে সে ভয় করেনা কথায় তা জাহির করতে একটুও **সে** কুন্ঠিত নয়।

গ্রীত্মের তুপুর, বেজায় গরম পছজেছে, ঠেসে মদ থেয়ে বাজারে একপ্রস্থ ঝগড়া করে এসেছে জাঁ-মিচেল। বাড়ি ফিরে এসে লেগেছে বাগানের কাজে। মাটি কোপাতে খুব আনন্দ বুড়োর। রোদে খালি-মাথায় মাটি কোপাছে একমনে, কিন্তু মনের মধ্যে লেগে আছে এখনো সেই ঝগড়ার ঝাঁছ—তাই রেগে-রেগেই মাটি কোপাছে বুড়ো।

বই হাতে নিয়ে বাগানে ঝোপের কাছে বসে আছে জাঁ-ক্রিসভফ, কিন্তু চোথ বইযের দিকে নয়। ঠাকুরদার মাটি কোপানো দেখছে, তুনছে ঝি ঝি র আওয়াজ আর অপ্র দেখছে। তার দিকে পিঠ করে নীচু হয়ে আগাছা তুলছে ঠাকুরদা। হঠাৎ দেখল ঠাকুরদা দাঁড়াল খাড়া হয়ে, আর অমনি তুই দিকে তুই হাত ছড়িয়ে মুথ থুবড়ে পড়ল মাটির উপর। হাদি পেল ক্রিদতফের, কিছ-ওিকি, ঠাকুরদা যে আর উঠছেনা মাটি থেকে। ডেকে উঠল ক্রিসতফ, ছুটে গেল কাছে, আর প্রাণপণ শক্তিতে ঝাঁকুনি দিতে লাগল ঠাকুরদাকে। ভয়ে কাঠ হয়ে গেল ক্রিসতফ। হাটু গেড়ে বসে পড়ন, বুড়োর সেই মন্ত মাথা তুলতে চাইলে তু হাতে। কিন্তু কি ভারি দেই মাথা, আর তার তুই হাত কি ভীষণ কাপছে! চোথের দিকে তাকাল, উলটোনো শাদা চোথ-চীৎকার করে মাটির উপরেই মাথাটা শুইয়ে রাখল। ছুট দিল ক্রিসতফ-কর্পে করুণ আর্তনাদ। কি হয়েছে—কে একজন জিগগেদ করলে। মুখ দিয়ে কথা বেরুচ্ছেনা ক্রিসতফের, শুধু আঙুল দিয়ে দেখিয়ে দিলে বাড়ির দিকে। লোকটা ঢুকল বাড়িতে –পিছু-পিছু ক্রিমতকও অন্তুসরণ করলে। আন্তে•আন্তে ঘন হয়ে উঠল প্রতিবেশীর জনতা। পা দিয়ে क्ल माफ़िराय-माफ़िराय नोठू रहाय जात्रा हमथर नागन ठाकूतमारक। ছু-তিন জনে তুলে ধরল — ঐ তার ঠাকুরদা—দেয়ালের দিকে মুথ করে ছ-হাতে মুখ ঢাকল ক্রিসতফ। তাকাতে ভয় করছে তবু পারছেনা না-তাকিয়ে। ঠাকুরদার বিশাল দেহ শিথিল হয়ে ঝুলে পড়েছে—বয়ে নিয়ে চলেছে ওরা—আঙ্রের ফাঁক দিয়ে দেখতে পেল ক্রিসতফ। সমস্ত মুথে কাদা, রক্ত,—চোথ ছটো বিকট—আর্তনাদ করতে করতে আবার পে ছুট দিলে। এবার একেবারে সটান বাড়ি। রাল্লাঘরে সবজি धुष्टिल न्रेना, रमथारन रम अरम हिंदिक পড़न। भारक कष्टिय भरत

অসহায়ের মত কাঁদতে লাগল। মা, ঠাকুরদা—আর বলতে হলনা>
বৃথতে পেরেছে লুইসা। হাতের জিনিস থসে পড়ল হাত থেকে,
বাড়িছেড়েছুট দিলে।

কাদছে জাঁ-ক্রিসতফ। তার ভাইয়েরা সব থেলা করছে। কি যে হল কিছুই ঠিক সে বৃঝতে পাচ্ছে না। ঠাকুরদার কথা ভাবছেনা সে, যে সব ভয়ক্ষর দৃশ্য তার চোথে পড়েছে তাই মনে পড়ছে যুরে-ঘুরে। ভয় হচ্ছে আবার না সে-সব দৃশ্য দেখতে হয়।

मस्त्रत्वना, पृष्टे मि करत-करत्र क्रांख क्र्यां कर्य পড़েছে ছেলেগুলো, লুইসা ফিরে এল, সবাইকে নিয়ে চলল ঠাকুরদার বাড়িতে। খুক ভাড়াভাড়ি পা চালিয়ে যাচ্ছে লুইসা, তাল রাথতে না পেরে আপত্তি করছে আর্নেস্ট আর রুডোলফ। চুপ করো—ধমকে উঠল লুইসা, এমন অন্তুত সেই স্বর যে ওরা সহজেই স্তব্ধ হয়ে গেল। কেমন একটা অজানা ভয় ঘিবে ধরল তাদের, বাড়ির ভিতরে ঢুকেই কাঁদতে স্কুক্ করলে। রাত হযনি তথনো। স্থান্তের শেষ মুহুর্ভগুলো ঘরের মধ্যে বিচিত্র আলো ফেলেছে—দরজার হাতলে, আয়নায়, আধো অন্ধকারে ভরা মাঝের ঘবটার দেয়ালে টাঙানো বেহালাতে। কিঞ্চ ঠাকুরদার খরে জলছে একটি নিংসক মোম, তার তুর্বল শিখা নিবে-আসা দিনের আলোকে যেন ব্যঙ্গ করছে, আর স্পষ্ট করে তুলছে ঘরের मक्षीयमान व्यक्तकात । जाननात कारह राम मक करत कांग्रह रमनागत । বিছানায় ঝুকে পড়ে দেথবার ছুতো করে কী ষেন লুকোচ্ছে ডাক্তার। काँ-ক্রিসতফের বুকের ভিতরটা এমন কাপছে যেন ফেটে যাবে এখুনি। নতজাম করে ছেলেগুলোকে বিছানার পায়ের দিকে বসিয়ে দিলে লুইসা। লুকিয়ে' একবার তাকাল ক্রিদতফ। ভেবেছিল বিকেলে या (मर्त्युष्टिन ट्यान ज्यानहरू किছू (मथरन, किছ, आवाम (भन, ना, তেমন ভয়ের কিছু আর নেই। নিশ্চিন্ত হয়ে শান্তিতে ঘৃষ্টছে ঠাকুরদা বিদ্বাস থানে মনে হল ঠাকুরদা ভালো আছেন। কিন্তু ভালো করে তাকিয়ে যখন দেখল ফোলা মুখের উপর বিস্তৃত ঘা, আর ভারি নিশাস শুনে যখন বুঝল রে মৃত্যু ঘনিয়ে এসেছে, তখন ভিতরে-ভিতরে কাঁপতে লাগল ক্রিস্তৃত্ব। তারপর মা যখন প্রার্থনা করতে বলল, ঠাকুরদার জীবন ভিক্ষা করো, হখন মনে-মনে সে এই প্রার্থনাই করতে লাগল, যদি ঠাকুরদা আবে ভালো হয়ে না-ই ওঠেন তবে য়েন এখানেই তাঁব সব শেষ হয়। কি য়ে সভিত্য হবে ভাবতেও গায়ে কাঁটা দিছে।

পড়াব পব থেকে আব জ্ঞান হয়নি বুড়োর। একবারটি একটু চেতনা এসেছিল, সে শুরু তার অবস্থা সম্বন্ধে তাকে অবহিত করার জন্যে। বাজক এসেছে, শেষ প্রার্থনার আবৃত্তি সমাপ্ত করল। বালিশের গায়ে তুলে ধরল বুড়োকে। বুড়ো আন্তে আন্তে চোখ মেললা, কিন্তু বেশিক্ষণ চেয়ে থাকে তাব সাধ্য কি। দৃষ্টিহীন চক্ষু দিয়ে সন্নিহিত মুখঞ্জালোক সে একবার দেখলে, দেখলে একবার আলোর দিকে, মুখ খুলে বলতে চেন্তা করল, 'লোনো, তারপর…' তারপর আর নিশ্বাস নেই, বাতাদে বলে উঠল, ''আমি চললাম—''

সেই কাতর স্ববটা ষেন জা-ক্রিসতকের নিভ্ত হাদয়ে গিয়ে বিদ্ধ হল। এ কোনো দিন সে ভূলতে পারবেনা। ঠাকুরদার মূখে আরে কথা নেই, শুধু একটা অক্ষুট অসহায় গোঙানি। ঘনায়মান অন্ধকাবে সরে ষেতে ধেতে শেষবারের মত আরেকটা আর্ডনাদ করল ঠাকুরদা। ডাকলে—"মা!"

মা! মাকে ডাকছে! যন্ত্রণায় মাকে ডাকছে! কল্লোটা যেন দংশন করল ক্রিশতফকে। এমন অবস্থায় পড়লে ক্রিশতফও হয়তো মাকেই ডাকবে। কিন্তু সমস্ত জীবনে যে মার কথা পে বলেনি কোনে। দিন আৰু এই শেষ আতত্ত্বে মৃহুতে তারই সে আশ্রয় খুজছে। কিছ
না, ঐ দেখ, তাঁকাছে বুঝি ঠাকুবদা। তার নিরুদ্দেশ নিস্তাভ হুই চোষ

যুবতে-ঘুরতে ক্রিসতফের চোথের উপর এসে পড়ল, জলে উঠল মুহুতে।
কেসে কি যেন বলতে চাইল মিচেল। লুইসা ক্রিসতফের হাত ধরে
তাড়াতাড়ি টেনে আনল বিছানার পাশটিতে। ঠোঁট হুটো নড়ল একবার
মিচেলের, নাগায় হাত বুলিয়ে একটু আদর কর্তে চাইল হয়তো—কিছ
আর না, সব শেষ হয়ে গেল আন্তে-আন্তে। নেমে এল যবনিকা।

ছেলেপিলেগুলোকে সরিয়ে দেওয়া হল পাশের ঘরে। ওদের কথা আর ভাবতে হবেনা, নিজেদেব কাজ করো এদিকে। আধবোলা দবজার কাঁক দিয়ে ক্রিসভফ দেখছে সেই ভয় ভীত মুথ, ওপু ভয় পাবারই আকর্ষণে। বিছানার উপব বালিশে মাথা রেখে ওয়ে আছে ঠাকুরদা, গলা য়েন কে জ্বর্ষ হাতে চেপে ধবেছে, ক্রমশই বিবর্ণ বিশুষ হয়ে যাছে সে-মুখ। জলের ভ্রভ্রির মত সেই একটু শেষ নিখাস, তারপর এই শীতল নিঃশক্তা।

কাল্লা আর প্রার্থনা, চলছে নানান গোলমাল। এরই মধ্যে হঠাৎ এক সময় ক্রিসতফের দিকে নজর পড়ল লুইসার। বড়-বড় চোথে মেলে মলিন মুখে তাকিয়ে আছে। অক্তমনক্ষের মত ঘোরাঘুরি করছে এ-ঘর ও-ঘর। তার কাছে ছুটে গেল লুইসা। মার বাছর মধ্যে ভেঙে পড়ল ক্রিসভক, অজ্ঞান হয়ে পড়ল। জেগে দেখল বিছানায় শুয়ে আছে। জর হয়েছে। সুয়ে পড়ে মা চুমুখাজেছ তাকে। কে যেন নিঃশকে হাঁটছে ঘরের মধ্যে, দুর থেকে যেন শোনা যাজেছ ঘণ্টার শক। কে জানে, স্বল্প দেখছে নাকি ?

চোপ চেয়ে দেখে গতিফ্রিদ বসে আছে বিছানায়। কি যেন একটা ঘটেছে, মনে করতে পারছে না ক্রিসতফ। কি ঘটেছে বলোঃ তো ? ওু; ইনা—তথুনি আবার সুক্র করল কাঁদতে। ·"কি, কি হল ?"

"কাকা, কাকা" গতিফ্রিদকে আঁকড়ে গবে কাঁদতে লাগল ক্রিস্তৃষ্ট।
"বেশতো, কাঁদো—কাঁদোনা।" নিজেও কাঁদছে গতিফ্রিদ।
কোঁদে খানিকটা যেন আবাম পেল ক্রিস্তৃফ। কালার পর এখন কথা——
"না, কথা বলতে পাবেনা। কালা ভালো, কথা নয়।"
ভবু জুনবেনা ছেলে ৮ বললে, "একটা, জুবু একটা কথা—"
"কি গু

"শুৰু--শুৰু-- ঠাকুবদা এখন কোগায় ?"

\*'তিনি এখন ঈশবেব কাছে।"

এ শুনতে চাচ্ছেন। ক্রিস্তৃষণ বললে, "সে কথা বলছি না। বলছি, ঠাকুবদা–-ঠাকুবদাব দেহটা এখন কোথায় ? এখনে। কি আছে বাড়িতে ?'' "না। আজ তাকে গোব দেওয়া হয়েছে। শুনতে পাওনি ঘণ্টা ?'' তবে. সত্যি স্তিটেই কোনো দিন আব দেখতে পাবো না ঠাকুবদাকে ? শ্যাবাব কাল্লা জুড়ল ক্রিস্তৃষণ।

কাদছে অথচ নিজেই সে অবাক হছে, গতিফ্রিন ভাকে বারণ, কবছেনা, বাধা দৈছেনা।

"আচ্চা কাকা, আপনার ভয় কবেনা ?" "না. ভয় কিসের ? এসব সহা কবতেই হবে।" মাথা ক'কোতে লাগল ক্রিস্তফ।

"সহানাকবে উপায় নেই। এ সব, উপারে যিনি বসে আছেন ভাঁর ইচ্ছায় হচ্ছে। তাঁর হকুম মানতেই হবে আমাদের।"

"কথনো না। আমি তাকে দ্বণা কবি।" শৃন্তে ঘৃষি ছু ড়ল ক্রিসতফ। ভয়ে গতিফ্রিদ তাকে চুপ করতে বললে। হঠাৎ কি বলে কেলেছে, ক্রিসতফের নিজেরই এখন ভয় করছে। গতিফ্রিদের সঙ্গে শেশু প্রার্থনা সূক্ত করলে। কিন্তু রক্ত লাগল সূটতে। মূথে যতই দীনতাঃ আমার সমর্পণের ভাব, মনে তত তপ্ত বিদ্যোহ, বিষাক্ত শ্বণা। কে সে: কুৎসিত সৃষ্টিকর্তা ?

দিন চলে যাছে। জাঁ-মিচেলের কবরের সভ্ত-ধোঁড়া মাটির উপর দিয়ে চলে যাছে বৃষ্টিস্নাত রাত্রি। গোড়ার খুব কেঁদেছিল মেলশিয়র কিন্তু গত সঞ্চাহে জাঁ-ক্রিসতফ তাকে মন খুলে হাসতে গুনেছে। যখন কেউ তার সামনে মৃত ব্যক্তির নামোল্লেখ করেছে, মুখে একটা শোকের চেহারা আনছে, আবার কিছুক্ষণ পরেই ধেমন কথার ফোয়াবা তেমনি সুল অকভিল। মনে লেগেছে তার নিশ্চয়ই, কিন্তু বেশিক্ষণ বিষণ্ণ হয়ে

সব কিছু মেনে নেয় সুইসা। এ ছুজাগ্যও তেমনি মেনে নিশ্ন।
তার দৈনিক প্রার্থনার তালিকায় আরেকটি প্রার্থনা সে জুড়ে দিলে।
নগোরস্থানে যায় সে রোজ আর সেই ঘাসের চাপড়াটুকুকে মনে কক্ষে
বেন ভার কত আদরেব গৃহস্থালীর জিনিস।

গতি ক্রিনও জাসে মাঝে মাঝে। একটি ক্রেশ তৈরি করে নিয়ে জাসে, কিংবা গোটাকয়েক ফুল ষা জাঁ-মিচেল ভালবাসত। শহরেও স্বদি গিয়ে পড়ে কাজের ঝোঁকে তবু লুকিয়ে একবার আসে ঐ ঘুমন্তঃ ভৃণাচ্ছাদনের পাশটিতে।

মাঝে মাঝে জা-ক্রিসতককে নিয়ে আসে লুইসা। বিঞ্জী লাগে ক্রিস্তকের, এক তাল মাটির উপর ফুল আর গাছেব কপট সাজগোজ। কিন্তু নিজের বিরাগ জানাবার তার সাংহস নেই, এই বিভ্রুষাই ষেন্ধকটা অক্সায়, এও আবার অক্সভব করে মনে-মনে। তার ভালো। লাগেনা কিছুতেই। ঠাকুরদাদার মৃত্টো অহোরাক্র ভাকে আছের, করে ধরে। মৃত্ট যে কি, তা জানতে তাব আর বাকি নেই,

খৃত্যুকে তার ভয় নেই এতটুকু। কিন্তু মৃত্যুকৈ দেখেনি কথনো
মুখোমুখি। আর, মৃত্যুকে যে প্রথম দেখে সে আবিদ্ধার করে মৃত্যুর কে
কিছুই জানেনা। শুধু মৃত্যুর কেন, জীবনেরও সে কিছুই জানেনা। এক
মূহুতে সমস্ত কিছু ভেঙে চুরমাব হয়ে য়য়। বৃদ্ধিতে কিছুই কুলোয়না।
মনে ভাবছ তুমি বেঁচে আছ, জীবনের কিছু অভিজ্ঞতা তোমার হয়েছে
— মৃত্তুতি তাকিয়ে দেশ। কিছুই তুমি জানোনি, ভ্রান্তির কুয়াসার মধ্যে
ঘূবে বেড়াছে শুদু, সে কুয়াশায় দেখতে পাছনা সতাের কঠিন-কুটিশ
ক্রেক্টি। হঃখের সঙ্গে হংগীর সম্পর্কনেই, মৃত্যুর সঙ্গে সম্পর্কনেই শরীরের।
মান্ত্রের সাহিত্য মান্ত্রের দর্শন—সব পুতৃল-নাচ। য়ে জীবননির্ধারের
জান্ত এত পরিকল্পনা সে জীবন ভেঙে পড়ছে দিনে দিনে।

রাত্রিদিন এই মৃত্যুর কথাই ভাবছে জাঁ-ক্রিস্তফ। মৃত্যুর মৃহুর্তে সেই শেষ সন্ত্র্যার চনি তাকে আরত করে রেখেছে। শুনতে পাছে সেই ভ্যাবহ নিখাসের শক্ষ। মধনই যা সে করছে, দেখতে পাছে ঠাকুরদাদাকে। সমস্ত প্রকৃতি বদলে গেছে, একটা ঠাণ্ডা কুয়াশা রেম্ ছড়িয়ে পড়েছে চারদিকে। সেই অন্ধ সর্ব শক্তিমান কালপুকরের মৃত্যুশীতল নিশাস সে নেন তার মুখের উপরে স্পষ্ট অক্ষভন করছে! প্রান্থান্যত সেই মৃত্তিব হাতে পড়ে তার যেন কিছুই করবার নেই। কিছু তাতে সে দমবার ছেলে নয়, রাগে আর স্থায় তার ভিতরে মেন একটা দাহ স্কুক হয়েছে। কিছুতেই সে বশ মানবে না। অসম্ভবের দেসালে সে মাণা ঠুকছে, মাণা ভেঙে গেলেও তার আসে-যায়না কিছু। কিছু সতই দিন যাছে বুর্বতে পাছে সে হুর্বলতর। হোক,ডবু সে ভাগেরে বর্ষরতা মেনে নিতে পারবেনা, আমরণ ক্লান্তিছীন মৃদ্ধ করে যাবে।

চিস্তার ভার থেকে জীবনের হুঃখই ত্রাণ এনে দিছে। পরিবারের স্বর্ণনার্শ একা জা-মিচেলই বোধহয় ঠেকিয়ে রেখেছিল, সেও চলে গেল.

স্ত্রে গেশ প্রতিরোধ। চলে গেল সব চেয়ে শক্ত খুঁটি, চোরের মক্ত∻ পা টিপে টিপে বরে এল দারিছা।

সমস্ত কিছুর মূলে মেলশিরব। কোথার বেশি কাজ করবে, উলটে
শঙ্ল গিয়ে মদের গুণিপাকে। যেটুকু বিরুদ্ধশক্তি ছিল তাকে বাধাঃ
দিতে, তাও আর নেই। প্রায় রোজই রাতে ফেরে মাতাল হয়ে, সকেরোজগারের খুঁদকুড়াও অবশিপ্ত নেই। তারুপর বাজনার গণ্ড ভ্লে.
বাছে ক্রমশ। একদিন বন্ধ মাতাল হয়ে গিয়েছিল এক ছাত্রের
বাড়িতে, ফলে স্বারই বাড়ির দরজা বন্ধ হয়ে গেল মুখের উপর। শুরু
বাপের নামের জল্মে অর্কেঞ্জাতে এখনো তাকে নেওয়া হছে, কিন্ত
শ্রেতিমৃহুর্তে লুইসার ভয় কখন না জানি কি কেলেঞ্চাবিব জল্মে তাকে
ভাড়িয়ে দেয় অপমান করে।

মাঝে তু-তিন দিন আসেইনি কাজে। আর যখন আসে দে সবং
মুর্থ উত্তেজনার মুহুরেজ, এমন কথা নেই যা সে না বলে। আর বাজনা
নিয়ে এমন কাণ্ড করে, সাধা নেই ভাকে থামাতে পারে কেউ। কখনো
বা বাজনার মধ্যেই অকারণে হেসে ওঠে। মজাদার ছল্লোড়ে সে ওস্তাদ,
সঙ্গীরা তাকে তাই এটায়-সেটায় প্রশ্রম্য দেয়। কিন্তু সমস্ত প্রগলভতাটা
ভা-ক্রিসতকের গায়ে এসে লাগে প্রহারের মত। এ লক্জাব চেয়ে
মরে যাওয়া অনেক ভালো।

কাঁ-ক্রিসতফ এখন প্রথম-বেহালার এসেছে। এমন ভাবে এখন সে বসে বে ইচ্ছে করলে বাপের দিকে তাকিয়ে তাকে মিনতি করতে পারে, চুপ করো। কিন্তু তাতে কোনো ফল হয়না, তার কাতর দৃষ্টির কোনো দাম নেই। তার চেয়ে সম্পূর্ণ উপেক্ষা করাই ভালো হয়তো। কালের মধ্যে মন ভূবিয়ে দেবার চেট্টা করে, কিন্তু থেকে থেকে কানে। কালের বাপের ম্মিকতা আর তার স্কান্দের হাসি। ছই চোক্ষ আলে ভরে ওঠে। নজর পরে বালিয়েদের, করুণায় নরম দেখায় মুখ ওলি। বাসির শব্দ ভিমিত হয়ে আসে আচমকা, জাঁ-ক্রিসভক্ষের সামনে আর ভার বাপের সঙ্গে ইয়ারকি মারেনা। কিন্তু তাদের এই করুণাটাও অপমানের মত এসে লাগে ক্রিসভক্ষেন। সে জানে, সে চলে,গেলেই তার্র বাপকে নিয়ে স্কুরু হবে বক্স রসিকতা, স্কুরু হবে তুমুল অটুহাসি। সমস্ত শহরের ভাঁড় সেলেছে পমলন্মির। তাকে নিরন্ত করা যাজেনা, তাই বত যন্ত্রণা। বাজনার পর বাপকে সে নিজেই বাড়ি নিয়ে আসে, তার প্রলাপোক্তি সন্থ করে, হোঁচট লেগে রাজায় পড়ে না যায় তার করি সামলায়। কিন্তু কিছুতেই কিছু হবার নয়। বাপকে সটান বাড়ি নিয়ে আসবার পর্যন্ত তার সামর্থ নেই। রাজার মোড়ে হঠাৎ মেলনিয়র বলে বসবে অমুক বন্ধুর সঙ্গে তার কাজ আছে— শত প্রতিবাদ-মিনতি করেও তাকে তার কবনীয় থেকে বিচুত্ত করা বাজোর উপরেই মারধার করে বসে। তা হলেই কেলেগারির চরম!

এমনি করেই পা পিছলে পালাতে লাগল পয়সা। মেলশিরর .

ভূপু তার নিজের পয়সাই উড়োজ্বেনা, ন্ত্রী আর ছেলের রোজগারও ফুঁকে

কিছে। কুইসার শুধু কারাই সবল, প্রতিরোধ করার শক্তি নেই—

খামী বলে দিয়েছে এ সংসারে কিছুই কুইসার নিজের বলে নেই, তাকে

বিরে করে এক কাণা কড়িও স্থামী পায়নি। কিন্তু লানি, ছোট মুঠি

কিতে আসে। কানের উপর ঘুসি খায়, পায়ের উপর লাখি, ছোট মুঠি

থেকে পরসাগুলি খসে-খসে পড়ে। বরস কত তখন ছেলেটার ?

বারো কি তেরো। হোক, আল্ডে-আল্ডে জোয়ান হয়ে উঠছে সে,

খারের বিরুদ্ধে সেও ছ্-একটা লাখি ছুঁড়ে বসে। কিন্তু রেশি কিছু ভ্রাধাতা করার তার সামর্থ কই গুমা আরু ছেলে পরাশ্রশ করে

লুকিয়ে রাথে পুরসা। কিন্তু কোন কাঁকে খুঁজে-পেতে কি করে বে বার করে ফেলে মেলনিয়র, বুঝে উঠতে পারে না।

তাও যেন যথেষ্ট নয়। বাপের থেকে যা সে পেরেছে সবসে অকাতরে বিক্রি করতে থাকে। ভাঁ-ক্রিসতফ তাই দেখে বিষয় চো**খে**, সূব দামী দামী স্বৃতিচিক-বই, বিছানা, আস্বাব, সুরশিলীদের श्रीष्ठिकृष्ठि। किछूरे तनगात माशा (नरे. छात्र। এकिन, कि इन, জাঁ-মিচেলের পিয়ানোতে ঠোকর খেল মেলশিয়র ; ঠাটুতে হাত বুলুতে-বুলুতে বলতে লাগল, নিজের বাড়িতে স্বস্তিতে ঘোরা-ফেরার জায়গা নেই, সব জঞ্জাল বিদেয় করব ঝে টিয়ে। কেঁদে উঠল জা-ক্রিসভক। ঠাকুরদাদার সব জিনিস এখন এ বাডিতে নিয়ে আসা হয়েছে। খালি করে দেওয়া হয়েছে ঠাকুরদাদার বাডি। খালি না করে দিলে ও-বাড়ি বিক্রি হবে কি করে? ছেলেবেলার কত সুখস্বপ্লের মুহুর্ত কেটেছে ও বাড়িতে। পিয়ানোটা পুরোনো সম্পেহ নেই, স্বর খোলাটে হয়ে গেছে, বাজারে দার্ম বেশি মিলবে না নিশ্চযই। ক্রিসতফও আর বাজায় না ওটা. ্রাঙ্গস্কুমারের দৌলতে নতুন স্কুল্ব পিয়ানো পেয়েছে সে। তা হোক, যতই পুরোনো আর বাজে হোক, এ তার বন্ধুদের মধ্যে প্রিয়তম। এই এক শিশুকে সঙ্গীতের অনুরস্ক জগতে জাগিয়ে দিয়েছে। তার ক্ষয়ে যাওয়া रमा गिरिष्ठ चा हुन. हूँ हैरा - हूँ हैरा शूँ छ । (भारह रम अपनि चात्र তার নিম্নের রহন্ত। সব তার ঠাকুরদাদার কীতি-নাতির कর মেরামভিতেই মাসের পর মাস কেটে গিয়েছে—এ তার কম গৌরবের নয়। যেন একটা পূজ্য পবিত্র বস্থ, এই পিয়ানো। রুচু কঙে প্রতিবাস্থ করে উঠল, এ বিক্রি করবার কোনো অধিকার নেই মেলশিয়রের ৷ চুপ করো, ধনকে উঠল মেলশিয়র। জা-ক্রিস্তক আর্তনাদ করে উदेन, क्ष जात नित्कत किनिम. त्केष्ठ स्वन छात शास-ना दाज त्वत्र ।

পর্দিন সব শ্রেক ভূলে গিয়েছে জাঁা-ক্রিসতক। বাড়ি ফিরেছে প্রান্ত হয়ে, কিন্তু মেজাজ বেল হালকা। কিন্তু ছোট ভাইগুলির হুট্টু চাউনি কেমন অন্তুত লাগর্ছে। স্বাই মনোবোগে পড়বার ভাল করছে, আবার থৈকে-থেকে আড় চোর্থে তাকাচ্ছে তার দিকে, আবার চোর্থে চোথ পড়তেই বাস্ত হয়ে ভূবে যাছে বইর মধ্যে। ব্যাপার কি ? ছুটুমি করে কিছু একটা তার অনিষ্ট করেছে নিশ্চয়ই। যাক্গে, যখন তের পাবে, আছা করে উত্তয-মধ্যম দিয়ে দেবে গোটাকতক। তার তেরে বাবার সঞ্চে কথা বলা যাক।

আগুনের সামনে বসে আছে মেলশিয়র। যা কোনোদিন হয়না,
কণ্ঠকর ক্রেহে কোমল হয়ে এল জা-ক্রিস্তকের, প্রশ্ন করলে, কী করলে
কোথায় কাটালে সমস্ত দিন। বাবা মাধা নেড়ে-নেড়ে প্রশ্নের পাশ
কাটিয়ে যাছে আর ছোট ছই ছেলের দিকে তাকিয়ে চোখ টিপছে।
বুকের মিরিখানটা মোচড় দিয়ে উঠল ক্রিস্তকের। য়য়ের মধ্যে ছুটে
গেল। যেখানটায় পিয়ানো ছিল সেখানটা শৃষ্ঠ। য়য়ণাবিদ্ধের মত
চেচিয়ে উঠল ক্রিস্তক। অমনি কানে এসে চুকল পাশের ঘরে ছোট
ভাইদের চাগা হাসির শক। রক্ত চলকে উঠল সমস্ক মুখে। পাশের
ঘরে চুকল ক্রত পায়ে। বললে, "আমার পিয়ানো!"

যেন কিছুই জানেনা এমনি ভাবে তাকিয়ে মুপভঙ্গি করলে মেলশিয়র।
তাই দেখে ছেলেগুলি কেটে পড়ল হাসিতে। জা-ক্রিসতকের করণ
চাউনি দেখে ভারি মজা লাগল মেলশিয়রের, সেও হাসতে লাগল হো-হো
করে। কি করছে, যেন আর বিন্দুমাত্র জান নেই ক্রিসতফের। পাগলের
মত কাঁপিয়ে পড়ল বাপের উপর। চেয়ারে গা ছড়িয়ে বসে ছিল
-মেলশিয়র, আত্মরকা করবার সময় পেলনা। সজোরে তার টুঁটি টিপে
খরল ক্রিসতফ, চীৎকার করে উঠল--"চোর'। চোর।"

একটি ছোট্ট মুহুর্জমাত্র। নিজেকে একটা ঝাঁকুনি দিয়েই ক্রিসভদকে ছুঁওে ঠেলে দিল সামনের দিকে, কিন্তু ক্রিসভদ কিছুতেই-ছাড়বেনা, মৃত্যুর মন্ত জাঁকড়ে আছে। আবার ধারা দিয়ে ছুঁড়ে দিল-ছেলেকে, মাথা এসে জারে ঠকল দেয়ালে। জা-ক্রিসভদ উঠে দীড়াল। যর্ম্বণায় সে ফ্যাকাসে ছয়ে গেছে, গলা বুলে আসছে কারায়।

"চোর! চোর! তুমি সব চুরি করে নিয়ে ফ্লাচ্ছ, জামার জার মার জিনিস নিয়ে যাচ্ছ ডাকাতি করে। চোর কোধাকার! বিক্রি করে। দিচ্ছ জামাব ঠাকুরদাদাকে।"

মেলশির্মর উঠে দাঁড়াল স্থার জা-ক্রিসতক্ষের মাথা তাক করে তুলল উদ্ধৃত ঘুসি। সুই চোখে তীক্ষ ঘুণা নিয়ে তাকাল ক্রিসত্ক। রাগে সে কাঁপছে। কাঁপছে মেলশিয়রও। ছোট হুই ভাই কখন কেটে পড়েছে কোনদিকে। চীৎকারের পর এখন দোছ্ল্যমান স্তক্কতা। এক মুহুর্ত। মেলশিয়র গুঙিয়ে-গুঙিয়ে কি সব বলছে বিড় বিড় করে। দেয়ালে পিঠ দিয়ে দাঁড়িয়ে আছে ক্রিসত্ক, দাঁতে দাঁত লাগানো, সমস্ত শরীর নিটুট কাঠ। এক মুহুর্ত চোখ সরিয়ে নিচ্ছে না বাপের চোখ থেকে।

" "আমি চোর! আমি আমার পরিবারের জিনিস চুরি করে নিমে যাচিছ! আমার ছেলে তাই বলে। খুণা করে,আমাকে। এর চেয়ে আমার মরে যাওয়া ভাল ছিল।"

গোঙানি থামলে পরেও ক্রিস্তফ নড়ল না একচুল। রুক্ষ গলায় বললে, "আমার পিয়ানো কোথায় ?"

"দোকানে।" ছেলের দিকে চোখ চেম্নে তাকাতে সাহস হচ্ছেনা। এক পা এগিয়ে,এল ক্রিসতফ। বললে, "টাকা কোখায়?"

বেন ভেঙে পড়ল মেলশিয়র। পকেট থেকে টাকা বের করে ছেলেকে দিয়ে দিলে। তকুনি-তকুনি দরজার দিকে এগিয়ে গেল ক্রিসভক চ মেলশিয়র ডা্কলে, "ক্রিসভক !" ক্রিস্তক দাঁড়াল। কাঁপা গলায় মেলশিয়র বললে, "বাবা ক্রিস্তক, শাষায় ঘেল্লা করিস নে।"

হঠাৎ দ্বহাত বাড়িয়ে বাবার গদা জড়িয়ে ধরল ক্রিসভফ। কান্নায় সুঁপিয়ে উঠল, "বাবা, বাবাগো—না বাবা, আমিতোমাকেণুনা করি না ৮ আমার মনে এতটক সুখ নেই।"

ভূজনে কাঁদতে লাগল সরবে। মেলশিরর বললে,"এ আমার দোষ নয়। আমি খারাপ নই। সভ্যি, ভাই সভিয় নয় ? আমি খারাপ নই, না রে ?"

প্রতিজ্ঞা করলে, জার কোনোদিন মদ খাবে না। বিশাস হয় না ক্রিসতকের, তেখনি করে মাথা দোলায়। মেলদিয়র বলে টাকা হাতে এলেই তার কেখনতর হয়ে যায়, লোভ কিছুতেই সামলাতে পারে না। এক মৃহুও কি ভাবল ক্রিসতক, বললে,"কিন্তু তুমি কি বুঝছনা বাবা—" জাবার খেমে পড়ল।

"কি বুৰুছি না ?"

"যে আমাদের শব্দা করে—"

"কেন, কার সম্বন্ধে ?" যেন কিছুই জানে না এমন সারস্যের ভানু-করলে মেলন্মির।

"তোমার সমমে।"

মুখ ভেঙচে মেলশিয়র বললে, "ও কিছু না।"

ভাঁ-ক্রিসভফ পরামর্শ দিলে সংসারের সমস্ত উপাজিত অর্থ বাইরের কোনো বিশ্বস্ত লোকের হাতে এনে দিতে হবে—মেলদিয়রের টাকাও বাদ পড়বে না। সেই লোক দিনে দিনে বা হপ্তায়-হপ্তায় প্রয়োজন মত-কিছু-কিছু ফিরিয়ে জেবে বাবাকে। মেসদিয়রের মন এখন কিছুটা নরম করেছে, ভাই এ প্রস্তাবে রাজি হতে বাধলনা। বরং উল্টে বললে, এখুনি সে ডিউককে চিঠি লিখে দিছে, তার প্রাঞ্চা পেনসক -ষেন এখন থেকে ক্রিসতফের হাতেই পৌছে দেওয়া হয়। বাবার এ-হেন দীনতার ভলিতে রাজি হল না ক্রিসতফ। কিন্তু মেলশিররের মন এখন একটা আত্মতাগের নেশায় মেতে উঠেছে, তাই সে বললে, না, লিখে দি। নিজের উদারতায় নিজেই সে মুগ্ধ হবার ভান করলে। কিন্তু

ংখরে চুকে সব শুনলে লুইসা কি ভাবে ঘূরে গেছে ঘটনার মোড়।
চিঠির কথা শুনে সে রেগে উঠল। বললে, এর চেয়ে রাস্তায় নেমে
ভিক্ষা করাও ভাল। স্বামীকে সে কিছুতেই অপমানিত হতে দেবে না।
স্বামীর প্রতি তার সম্পূর্ণ বিশ্বাস আছে। যে করেই হোক জী শু
সস্তানের স্নেহের বিনিময়ে জীবনে সে ক্তিপূরণ করবেই। শেষ আছে
শুরু হল মিলনের কোমল কাকলী। যে চিঠি মেলশিয়র ইতিমগে
লিখে ফেলেছিল তা পড়ে রইল টেবিলে, সেখান থেকে উড়ে গেলা
কুলুলিতে আর সেখানেই চাপা রইল আপাতত।

কয়েকদিন পরে, ঘর দোর পরিষ্কার করতে করতে লুইসা পেল সেই
চিঠি। ইতিমধ্যে মেলশিয়র আবার তার পুরোনো অবস্থায় দিরে গেছে,
তাই এই চিঠিও কবে হারিয়ে গিয়েছিল মন থেকে। তবু, গাখন, এ চিঠি
পেয়ে ছিঁড়ে ফেলতে ইচ্ছে করল না লুইসার, রেখে দিলে লুকিয়ে। বেখে
দিলে মাসের পর মাস। যদিও অস্থ্ হচ্ছে যন্ত্রণা তবুও মন চাচ্ছে না এই
চিঠির আশ্রম নিতে। কিন্তু সেদিন যথল দেখল স্বামী জাঁ-ক্রিসভন্ধকে
মারছে আর তার পয়সা ছিনিয়ে নিচ্ছে তথন সমস্ত লক্ষা ও ধৈর্মের বাঁদ ভেঙে গেল লুইসার। ছেলেকে যখন নিরালায় কাছে পেল তখন সে-চিঠি
তাকেসে বার করে দিলে। ছেলেরচোখের জল মুছিয়ে দিয়ে বললে, "বা।"
তবু বুঝি একবার দিগা করল জাঁ-ক্রিসভন্ধ। কিন্তু তাছাড়া আর
ভিপায়ই বা,কি ? নইলে আর কি করে সংসারকে বাঁচানো য়ায় ৽ ঘুরছে শুরভে চলে এল রাজপ্রাসাদে। যে পথ ইাটতে বিশ মিনিট লাগে তাই এখন এক ঘণ্টায়ও সুরোয় না। যা সে করছে তার সঞ্জা তাকে আজ্ঞান্ধ করে কেলছে। দীর্ঘ দিনের ছঃখ ও নিঃসঙ্গতা থেকে যে অহন্ধার জন্ম প্রেছিল তাই এখন প্রকাশে বাবার পাপের স্বীকৃতিতে দুনুন ক্ষতিক্ষিত হয়ে শেল। যা সে অন্তকে জানতে দিতে চাইত না তাই এখন স্বাই দেখবে চূর্ণ-বিচূর্ণ হয়ে গেছে মাটতে। প্রায় কুড়ি বার সে ফিরে-ফিরে গেল। শহর সে ভৃ-তিন বার প্রদক্ষিণ করলে। রাজপ্রাসাদের কাছে এসে এসেই আবার সরে সরে যেতে লাগল। এ ছদিন শুরু তার একার নয়। ভাবতে হবে মার কথা, ভাইদের কথা। বাবা তাদের পরিত্যাগ করেছে,এখন বড় ছেলে হয়ে তারই কর্তব্য তাদের দেখালোনা করা। এখন আর দ্বিধা বা অপমানের কথানেই, নিজের কজ্জা চোখ মেলেই দেখতে হবে নিজেকে। সোজাচুকে পড়ল রাজপ্রাসাদে। সিঁড়ির কাছাকছি পৌছেই পালিয়ে যাবার জল্ঞে পিছন ফিরলে। কিন্তু তথুনি খুলে গেল দর্জা। কে যেন বেরিয়ে আসছে চ

শক্ষিসের স্বাই জানে ক্রিসতফকে। থিয়েটারের ডিরেক্টর মহামাৃক্ত ব্যারনের সক্ষে সে দেখা করতে চায়। ছোকরা এক টেকো কেরানি হাত নেড়ে-নেড়ে কাল রাতের নাচের বর্ণনা দিছে, ক্রিসতফের কথা কানেই তুলছেনা। আবার প্রশ্ন করলে ক্রিসতফ, দেখা হওয়া কি সম্ভব কবে না দুব্যারন এখন ধুব ব্যস্ত, বললে সেই কেরানি—তবে ক্রিসতফের যদি কোনো দল্লখান্ত খাকে, রেখুে যেতে পারে, অক্ত স্ব কাগজের সক্ষে স্কর জন্ত এখুনিই পেশ হবে দরবারে। চিঠিটা ক্রিসতফ বাড়িয়ে ধ্রল কেরানির দিকে। কেরানি পড়লে, অস্কুট আওয়াঞ্চ করলে বিসায়ে।

"ভাই ভালো!" চোৰ জলে উঠল কেরানির। "এই ঠিক ব্যবস্থা। অঞ্জলেক আপেই ভাবা উচিত ছিল। জীবনে এর চেয়ে ভালো কাল দে স্থার করেনি কোনো দিন। অমামুষ কোধাকার ! এ সুবৃদ্ধি ওর এল নকোখেকে ?"

আঁথকে উঠল কেবানি। হঠাৎ তার হাত থেকে চিঠিটা ছিনিয়ে র্বন্যেছে ক্রিযুত্ক। বাগে বলছে চেঁচিয়ে; "খববদার! এ ভাবে অপমান করোবোনা বলছি।"

খমকে গেল কেরানি। সামলে নিষে বললে, "ভোমাকে অপমান কবছে কে ? কিন্তু স্বাই যা বলাবলি কবে, ভূমিও যা হযভো স্ব স্ময় ভাবো ডাই গুণু বলছিলাম—"

"না।" কথে উঠল ক্রিসতফ।

"কিন্তু, জিগগেস কবি, তোমাব বাবা মদ খায না ?"

"ও সব সত্যি নয।"

''তাই যদি হবে তবে এ চিঠি লেখে কেন ?''

"লেখে—" কি বলবে ভেবে পাছেছে না ক্রিসভন্ধ, "আমি যখন মাসে-মাসে আসিই মাইনে নিতে, তখন বাবার আবার আসার কি দবকার ? ভাব সময় কই ?"

কৈ ফিষংটা নিজের কানেই কেমন বেশ্বরো শোনালো। চোখে বিজ্ঞাপ আব ককণা নিয়ে তাকাল কেবানি। হাতেব মুঠোর মধ্যে চিঠিটাকে দলা পাকালো ক্রিসতফ। চলে যাবার জ্ঞেপা বাড়াল কবজার ছিকে। কেবানি ছুটে এসে হঠাৎ তাব বাছ বেস্ট্রন কবলে। বললে, "দাঁড়াও, আরি সব ব্যবস্থা কবে দিছি।"

বলেই সে চলে গেল ডিবেক্টবেব অফিসে! জাঁ ক্রিসভফ অপেক্ষা করতে লাগল, আব আব কেরানির চোথ তাব দিকে বর্ণা উচিয়ে আছে। ফুটতে লাগল তার•গাযেব বক্ত। কি যে সে কবছে, বা কি যে তার কবা উচিত কিছুই সে দিশপাশ পাছে না। ছকুম আসবার আগেই পালিয়ে গেলে কেমন হয় ?

তথুনি কিরে এল কেরানি। বললে, "ব্যারন তোমাকে ডেকেছেন।"
অগত্যা চুকতে হল অফিসে। গাল ছটো নিমলি কামান্ত্রা, চিবুকেচোয়ালে দাড়ি, ঠোটের উপরে পুষ্ট গোঁক, বদে আছেন ব্যারন। কি
লিখছেন নীচু হয়ে, ক্রিসতফের দিকে তাকালেন একবার সোনার চদমার
কাঁক দিয়ে, কিন্তু লেখায় ছেদ আনলেন না।

"তারপর, কি চাই ভোমার ?"

"না ছজুর, আমাকে মাপ করুন। আমি ভেবে দেখলাম, আমার কোনো দরকার নেই।"

একটু কেশে গলা পরিষার করলেন ব্যারন। বললেন, "তোমাব হাতের ঐ চিঠিটা আমাকে দেবে ?"

ডিরেক্টরের চোপ ক্রিসতকের হাতের দিকে নিবদ্ধ, তবু কাগজের টুকরোটাকে দলা পাকাচ্ছে ক্রিসতফ। হয়তো বা নিজেরও অগোচরে। বললে, ''দরকার নেই ছছুর, আর দরকার নেই।''

"তুমি দাওঁ তো চিঠিটা।"

ষন্ত্রচালিতের মতো চিঠিটা দিয়ে দিল ক্রিসতফ। হাত বুলিয়ে বুলিয়ে কাগলের টুকরোটাকে যথাসাথ্য সম্প করলেন ব্যারন। পড়ে একবার তাকালেন ক্রিসতফের দিকে। চোখে সহিংস আনন্দ নিয়ে বললেন, "প্রার্থনা মঞ্চর হল।" বলেই অসমাপ্ত লেখা শেষ করতে বসলেন।

বিধ্বস্থের মতো বেরিয়ে এল ক্রিস্তফ।

"এতে অস্তায় কি ?" অফিসে এলে বললে সেই দয়ান্ত্র কেরানি। "সেদিকে আর কান পাওলেনা ক্রিসভফ। চলে এল রাজপ্রাসাদের বাইরে। লক্ষায় সর্বান্ধ হিম হয়ে গেছে। মনে হল অক্টের সমনেদনার মধ্যে কেমন একটা অবমাননা আছে প্রচ্ছে হয়ে। বাড়ি ফিবে এলে মার প্রশার উত্তরে চটা-চটা কথা বললে, ষেন এ ব্যাপারে মারই মোল আনা পাপ। বাবার কথা ভেবে অমৃতাপে পুড়ে ষেতে লাগল। সব কথা বুলে তাঁর কাছ থেকে ক্ষমাভিক্ষা নিতে হবে। মেলশিয়র বাড়ি নেই। অনেক রাত পর্যন্ত জেগে বইল ক্রিসতফ, কতক্ষণে বাড়ি ফেরে। ষতই বাবার কথা ভাবছে ততই ক্ষালা ষেন শিখা বিস্তার করছে। তার বাবা হ্বল, কিন্তু দ্যালা, হংশী-সমস্ত পরিবার কর্ত্বক প্রতারিত। বাবাকে সে মনে-মনে দেবতা বানাচ্ছে,— সিঁড়িতে জুতোর শক্ষল। বিছানা থেকে লাফিয়ে উঠল, ইচ্ছে হল বাবার বুকের উপব ঝাঁপিয়ে পড়ে বাছ মেলে। কিন্তু মেলশিয়ব মাতাল হয়ে ফিরেছে, মুখে বীভৎস কদর্যতা। শীরে-ধীরে ক্রিসতফ ফিরে গেল বিছানায়। হাসল মনে মনে। ছলনাব ছবি দেখছে চমৎকার।

কদিন পরেই কাণ্ডটা জানতে পেল মেলশিয়র। রাগে উন্মাদ হযে চলল দে রাজপ্রাসাদে, ক্রিসতকের কোনো বিনতি-মিনতিই কানে তুললে না, একটা কেলেলারি বাধিযে তুললে। কিন্তু লাজ শুটিয়ে ফিরে আসতে হল, কি যে ব্যাপাব দেখানে সতি ঘটেছে কাউকে দস্ত কুট করলে না । সেখানে তাকে স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে, তোমার ছেলের মৃশ্যের জন্তেই তোমাব পেনসন। তাই তার সম্বন্ধে আর কোনো কেলেঞ্ছারির কথা যদি তাদের কানে আসে, তবে এই পৈনসনটুকুও খদে যাবে। স্তরাং আত্মত্যাগের অহজাবের মধ্যেই বাধ্য হয়ে আশ্রহা নিতে হল মেলশিয়বকে।

ু কিন্তু বাইরে বলে বেড়াতে লাগদ তার খ্রী ও সম্ভানেরা তাকে নিঃশ্ব, স্বশ্যু করে ফেললে। যাদের জ্যু সারা জীবন খরচ করে এল এখন তারাই তাকে ভিক্কুক বানালে। ছেলের কাছে এখন তার হাত পাড়তে হয়, আর ছেলে তাকে কঠিন চোথে পরীক্ষা করে, সত্যি কত টুকু তার
প্রয়োজন। চৌদ্দ বছরের ছেলের চোথের শামনে সে ভর পায়। দাঁড়াও
আমিও এর প্রতিশোধ নেব। নীচ ছলনাতেও আমি পেছপা নই!
ক্যাবারাতে দিছের ঠেসে মদ খেল মেলশিয়র, দাম দেবার বেলায় বললে,
ধার রইল, ছেলে দেবে মাটিয়ে। অসহায়ের মত মেনে নিতে হয়
ক্রিসতক্ষকে, না মেনে নিলে ওধু কেলেকারি বাড়ানো ছাড়া আর কোনো
স্ফল নেই। বাপের এই কর্জ মেটাতে-মেটাতেই রিক্ত হয়ে বায় ক্রিসতফ।
মেলশিয়র কাজের বার হয়ে গেল ক্রমে-ক্রমে, বেহালা বাজানোতে আর
আগ্রহ নেই। মাইনেই যথন আর হাতে আসছে না তথন কী হবে
বাজনায়? থিয়েটারে বাওয়াও সে কমিয়ে দিলে। ঘন ঘন ঘটতে
লাগল অমুপস্থিতি। ক্রিসতফের অমুরোধ-উপরোধ অনর্থক হল, কাজ
থেকে ছাভিয়ে দিলে মেলশিয়রকে

এখন এই চৌদ্দ বছরের ছেলেকেই প্রতিপালন করতে হবে ভার পরিবার। তার বাবা-মা, তার ছোট-ছোট ভাইগুলি। সমস্ত সংসার-পরিজ্বন। চৌদ্দ শহরের ছেলেই এখন সংসারের কর্তা।

হরহ কর্তব্যের মুখোমুখি দাঁড়াল ক্রিসতক। দাঁড়াল অসীম সাহসে।
তার অহকার অটল হরে বইল, অক্টের থেকে কণামাত্র অফুগ্রহ সে নিতে
পারবে না। যে করেই হোক হস্তর সমৃদ্র পার হয়ে যেতে হবে। পরের
থেকে হাত পেতে ছোটখাটো করুণার দান মাকে সে নিতে দেখেছে
ছেলেবেলা থেকে—দেখেছে আর কট পেয়েছে মনে-মনে। মাকে
বলেওছে এই কটের কথা। কারুর দ্যার উপহার পেয়ে মার বেখানে
ভৃত্তি তার সেখানে হঃখ। মার যেখানে জর তার সেখানে হারণ মা
এর মধ্যে ক্রিছুই অক্টার দেখেনি, বরং সে দানের দামে ক্রিসতক্রের সামনে

সামান্ত এক প্রেট ধাবার ধরতে পেরেছে তাতেই তার প্রসর্গার শেষ নেই। কিন্তু মুখ কালো করে গুম হয়ে বসে রয়েছে ক্রিসতক, কথা কয় না কায়্লু সঙ্গে, সেই ধাবারের প্রেটে হাত ঠেকায়নি। বিরক্ত হয়েছে লুইসা, ধাবারের উপরে রাগ কি, করেছে হয়তো বা প্রছে তিরস্কার। তব্ বিচলিত হয়নি ক্রিসতক, ধাবার পড়ে আছে ধাবারের নামে। তখন আর বাগ মানতে চায়নি মেজাজ, রুক্ষ হয়ে অনেক নিদর্ম কথা বেরিয়েছে লুইসার মুখ থেকে. প্রত্যুত্তরে ক্রিসতক্ত নীরব থাকেনি। স্তাপকিনটা ছুঁড়ে দিয়ে বাইরে বেরিয়ে গেছে ক্রিসতক। বাপ তাকে চালিয়াৎ বলে বিদ্রুপ করেছে, আর সেই ধাবার ভাইরা থেয়েছে ভাগাভাগি করে।

কিন্তু এখন যে করে হোক জীবিকার্জন করা চাই। অর্কেণ্ডা থেকে বা সে পার তা অতি সামান্ত। এখন সে বাজনার মান্টারি স্থক্ত করলে। মধ্যবিত্ত ঘরের কয়েকজন ছাত্র-ছাত্রীও জুটে গেল। সকাল বেলা ঘরে ঘরে কটি মেয়েকে সে শেখাতে লাগল পিয়ানো। মেয়েরা বেলির ভাগই তার চেয়ে বয়সে বড়, আর হাব-ভাবে ফ ন্টি-ন ন্টিতে৯ওস্তাদ। বাজনাতে একেকটি আকাট মূর্খ, কিন্তু নয়নে ও বাক্যে বাণবর্ষণে তাদের ক্ষান্তি নেই। শেষকালে মান্টারকেই সরাসরি উপহাস করতে থাকে। মূখ গজীর করে নিজের চেহারায় সে একটা মর্যাদা আনতে চায় আর তার ছাত্রী চোখ বাক্রিয়ে মূচকি মূচকি হাসে। অমনোযোগের জন্তে কখনোকখনো ধমকে উঠে ক্রিসতক, আর ছাত্রী বলে, বাজনা না লিখিয়ে আর কিছু শেখালে কেমন হয়! ছ-একটা লজ্জাকর প্রশ্ন করে বসে ছাত্রী, মাধার চুল পর্যন্ত কাঁটা দিয়ে ওঠে ক্রিসতক্ষের। কথনো-কখনো বা ক্রিস্তক্ষকে ছোটখাটো ফুটফরমাস খাটতে বলে। উপায় নেই খাইতে হয় ক্রিস্তক্ষকে। তার কাজ বে মনোমত হয় না সন্থ করতে হয় সেই

সমালোচনা। ওধু কাজের নয়, তার চলন-বলন তার হাত-পা তার লজ্ঞা-কুণ্ঠা--সমস্তই বিঞী।

সেই মান্টারি থেকে সটান তাকে চলে বেতে হয় থিয়েটারের মুহুডার।
প্রায়ই থাওয়ার সময় হয় না। পকেটে করে এক টুকরো রুটি আর
ছ'টুকরো ঠাণ্ডা মাংস নিয়ে আসে, বিরতির সময় তাই থায়। কথনোকথনো প্রধানের পদে বসে রিহাসে ল চালাতে হয় তাকে। তারপর
আবার নিজের শেথা আছে। তারপর আসল অভিনয়। তারপরে
আবার সদ্যায় প্রাসাদে গিয়ে বাজনা। পুরো হ'ঘন্টার কমে ছাড়ান
নেই। রাজকুমারী আবার বাজনা-টাজনা ভালো বোঝেন বলে জাক
করেন, কিন্তু কী যে ভালো আর কী বে মন্দ ও তারতম্য করার তার
প্রতিতা নেই। তবু তা মানবে এমন বিনয়ের থায় সে থারেনা। তাই
ভালো জিনিস ওনবে বলে একটা মোটা জিনিসের সে ফরমাস করে
বসে। তাই বাজাতে হয় ক্রিস্তর্গকৈ। হাজা উদ্পাস্তরা বাজনার
দিকেই রাজকুমারীর ঝোঁক।

প্রার মাঝরাতত ছুটি পার জিসতফ। তুই হাত জলছে, মাথা খুরছে, পেট চোঁ-চোঁ করছে—এমন অবস্থার বাড়ি ক্ষেরে। বাইরে হয়তো বরফ পডছে, কিন্ত ঘামছে সে ভিতরে। শহরের প্রার অধে ক হেঁটে তবে তার বাডি। দাঁতে দাঁত লেগে যার, ইচ্ছে করে কোথাও গুরে পড়ে কাদতে কাদতে ঘুমিয়ে পড়ে। কিন্তু পা যতক্ষণ চলছে ততক্ষণ কাদলে চলবে না। একটি মাত্র তার সান্ধ্য স্কট, তাইতেই ভিজতে-ভিজতে পথ ভাঙে।

বাড়ি কিবে আসে, ঢোকে তার নিজের ঘরে। তার নিজের ঘর। ক্ষেত্রকলা তার মালিক নয়, তার আইছা তার অংশীদার। শৌলাকটা পুলতে পর্বন্ধ তার ইচ্ছে হয় না—জার এই যরণার কাস। বালিশে মাধা রাথতে না রাথতেই খুমিয়ে পড়ে। খুমটুকু যে আছে এই যেন তার পর্য সাক্ষম।

কিছু খুম ভাঙলেই আবার সেই জীবিকার যুদ্ধ। বাজনা আর তার নিজের কাঁজ নয়, নয় নিজের হৃষ্টে, নয় নিজের উন্মোচন। ওয় একটা জীবিকার যন্ত্র, জীবিকার অন্ত্র। প্রভুর ক্রমাশে তৈরি ব্যঞ্জন। প্রভুর শাসনে সরকারী ইন্ডাহার।

তার জীবনের মূলই তবে বিষাক্ত হয়ে গেছে। যেন স্থপ্নেও সে
আর স্বাধীন নয়। কিন্তু বত বন্ধন ততই সে মুক্তমানস। বতই সংকীণ
দেওয়াল ততই উন্ধত বিদ্রোহ। বতই বাধা ততই উন্তালতা। বাইরে
বতই দাসম্ব অন্তরে ততই স্বাধীনতার উত্থান। এত বাধা আছে বলেই
যেন জীবন স্থন্মায়। যদি বাধা না থাকত তবে হয়তো স্বাচ্ছন্দের
লোতে তেসে বেত ক্রিস্তক্ষ, বয়ে বেত কৈশোরের বদথেয়ালে। সমস্ত
দিন-রাত্রির পরিসর থেকে হটি একটি সংক্রিপ্ত ঘণ্টা সে নিজের জ্ঞে
কুড়িয়ে পায়—আয় তার সমস্ত শক্তি সময়ের সেই সংকীর্ণ রেখা ধরে
প্রবাহিত হয়, গিরিপথ দিয়ে যেমন ছুটে চলে বন্দিনী নদী। সেই অর্থে
বন্ধনের বেদনা শুর্ম ভাবকে নয় ভলিকেও প্রভাবিত করে। শুর্মনকে
নয় দেহকেও হৈর্ব দেয়। যেখানে সময় পরিমিত ও চিন্তা ব্যামাত্র,
সেথানে বেশি কথা বলার সময় কই ? বাঁচবার সময়ই বেখানে কয়,
সেখানে বতটুকু সময় পাও ছিগুণ মাত্রায় বাঁচো।

তাই এখন ঘটেছে ক্রিসতকের জীবনে। জোরাশ কাঁমে নিরে
ব্রতে পেরেছে সে মুজির আসলে মূল্য কি, তাই বাজে কথার বা বাজে
কাজে সে তার প্রিরতম মুহূর্ত কটি অপব্যায় করতে নারাজ। উক্সুসিত
আরেশে অফুরস্থ তার লেখবার অভ্যেস, এখন চিন্তার চালে পঞ্জেশ্রে
আরেশ স্ংশোধিত হজে। এখন সে ব্রতে পারছে সলীত হজে এইটা

তদ্ধ, বুধাৰ্থ ভাষা, সেধানে প্ৰত্যেকটি ধানি াবশেষ অধায়িত—ভাই বে সঙ্গীত তথু আওয়াজ কৰে, কোনো কথা বলে না, তাৰ উপৰ ভাষ নিদাৰুণ স্থপা।

তাই বে-সমস্ত হুৱলিপি সে রচনা করছে কিছুতেই সে ক্রুপ্র্যাবে উদ্ঘাটিত করতে পারছে না, এখনো সে সম্পূর্ণ করে আবিষার করতে পারেনি নিজেকে। জীননে বে সব অমুভব সে অর্জন করেছে তারই মধ্যে সে আশ্রম পুঁজছে একান্তে। তার গভীরতম অভিযের সক্ষেত্ই সে খু'ৰে পার, কিন্তু কৰে আসৰে সেই হুরস্ত উন্নাদনা বাতে উড়ে বাবে সৰ কাপট্যের মান্বাজাল ? বে আকাশ বন্ধদীৰ্ণ সেখানে কুন্নাশা কোৰায় ? বিচিত্ৰ স্থাতির সঙ্গে অস্পষ্ট কল্পনা এসে মেশে—তবু কিছুতেই मुक्ति ताई और मिशा (बार्क, और मागम (बार्क। या त्म तनारक जातम, কিছুই লিখতে পাছে না। চিরকালই কি এই জক্ষমতা এই ব্যৰ্থতা তাকে পরাভূত করে রাখবে ? কিছুতেই না, এই মূর্খ নৈরাঞ্জের কাছে নতি মানবে না সে কিছুতেই। কিন্তু, তবু কৰে সে শিখানে পাৰবে ভালো জিনিস ? কোথার সেই বড়ো বিষয় ? চকিতে সেই করনা বোধহয় সূতি নের, কিন্তু লেখার পর পড়ে দেখে, এ একেবারে স্ক্রিন। ছি ডে কেলে লেখাটা, পুড়িয়ে ফেলে। বরং বেজলি ভার সরকারী লেখা, বেগুলি অত্যন্ত বাজে, তাই সে জমিরে রাখে—রাজকুমারের **জন্ধ**-দিনের জন্তে যেটা লেখা, যেটা লেখা রাজকুমারীর বিষেত্র উপলক্ষে। অনাগত কালের জন্তে তার এই সব অক্ষমতাই বেচে বাকৰে! অনাগভ কালে বিশ্বাস করে ক্রিসভফ। তাই ব্যৰ্থতায় কাঁদতে বলে নিৰালায়।

কী সৰ প্রাণান্তকর দিন বাক্ষে। এতটুকু বিশ্রাম নেই, মুক্তি নেই— কিছু স্বস্ট করবার নেই, এই উদ্মাদ প্রিশ্রম থেকে বিশ্রেদ নেই কোনো-ন্মীনে—মা (ধুলাবুলো, মা বা বন্ধবান্ধব। বিকেশকো। আই সম ছেলেরা বধন খেলছে, ক্রিস্তফ সেই অন্ন আলো-জালা থিয়েটারের ধুলোভরা কোণটিতে অর্কেন্ত্রান্ন এসে বসেছে, সমস্ত মুখে মনোযোগের যন্ত্রণা। সন্ধ্যায় যথন ছেলেরা গুয়ে পড়েছে বিছানায় তখনো সে তেমনি চেয়ারে বসে, সমস্থ শুরীর শ্রান্তিতে অবনত।

ভাইয়েদের সঙ্গেও ভাব নেই। তার পরের ভাই আর্ণেন্ট, বারো ষেমনি হুরস্ত তেমনি বদমাস, আবার অবাধ্য। পাড়ার নোংরা ছেলেদের সঙ্গে মিশে নোংরা সব অভ্যেস আয়ত্ত করেছে। পরের জন রুডলফ, খুড়ো থিলোডোরের খুব প্রিয়—গুনছি ব্যবসায় গিয়ে ঢুকবে। শান্ত, কর্মঠ বটে কিন্ত ধূর্ত। সে নিজেকে ক্রিসতফের চেম্বে অনেক বেশি বুদ্ধিমান মনে করে, তাই সে বাড়িতে ক্রিসতফের আধিপত্য মানতে রাজি নয়। ধদিও দাদার জোগানো থাবার থেতে তার অরুচি নেই। কোন ভাইরই টান নেই গান বাজনায়। খিয়োডোরকে নকল করে রুডলফ বরং গান বাজনাকে ঘেলা করার ভাব দেখায়। ছোট **इ' ভाই মাঝে মাঝে বড ভাইর শাসন-আদেশের বিরুদ্ধে বিদ্রোহ করে** ·ওঠে, কিন্তু ক্রিসতফের হাতের থাবা যেমন প্রচণ্ড তেমনি সজাগ তার বিচার-বুদি। তাই খুসি থেয়ে ছোট ছ' ভাই মাটিতে খুরে পড়ে। কিন্তু তাহলে কি হয়, ক্রিসতফকে অমান্ত ও অপমান করতে ছাড়ে না। मिथावामी वर्ण गाम (मग्र आज मामाज करक अमन नव साम भारक, घारक দাদা ঘায়েল হয় অনায়াসে। ডাহা মিথ্যে অজুহাতে ক্রিসতফের থেকে তারা পয়সা আদায় করে আর তার পিছনে দাঁডিয়ে কলা দেখায়। ক্রিসতফকে ঠকানো খুবই সোজা। সে স্নেহের কাঙাল, আর একটু শ্নেহ পেলেই সে ভূলে বেতে পারে মনের সমস্ত রাগ-বেষ। একট্ ভালবাসা পেলে ছোট ভাইদের সে ক্ষমা করতে পারে সহজেই। সেদিন হু'ভাই ভালোবাসার ভান করে তাকে জড়িয়ে ধরল, মেহের সেই আতিশ্যো চোথে জল এল তার। কিছ পর মুহুর্তেই টের পেল রাজকুমারের উপহার দেওয়া সোনার ঘড়িটা তারা চরি করে নিয়েছে। গুধু চুরি করেই ক্ষান্ত হয়নি, তার সরলতাকে উপহাস করছে। নিজের উপরেই নিদারুণ রাগ হয় ক্রিসতফের—এই স্লেহের জ্বন্থে কাঞ্ডাল্পনার বিরুদ্ধে। ইচ্ছে করে ভাই হুটোকে মেরে থেঁৎলে দেয়। কিছ বারে-বারেই স্লেহের ফাঁদে পা দেয়, আর বারে-বারেই বঞ্চিত হয়।

তা ছাড়া আরো আছে বন্ধা। পড়শীদের কাছে বাবা তার অখ্যাতি করে বেড়ায়। আগে তার সম্বন্ধে যা নিয়ে বাবা গর্ব করত এখন তাই হেয় হয়ে দাঁডিয়েছে। বাবাও কি হিংসে করছে তাকে গ না, কাদবে না ক্রিসতফ, বাগ করেও লাভ নেই। চুপ করে ধাকাই ভালো। হৃদয়ে ঘাথাক, তরু মুখে যেন না আসে কু-কথা।

পারিবারিক সাদ্ধ্যভোজের সময় বিষশ্ধ আন্দোর চারদিকে বসে সেই সব মূর্থ জটলা। যাদের সে ঘেরা করে, আবার করুণাও করে, তাদেরই থাওয়ার শব্দ শোনে, দেখে তাদের চোয়ালের নড়া-চড়া। গুরু তার সাহসিকা মার সঙ্গেই তার যা কিছু মেহবদ্ধন। কিছু পুইসাও সমস্ত দিনের থাটুনিতে হা-ক্লান্ত, সন্ধের দিকে মূথে আর কথা ফুটেতে চায় না, আর রাত্রের থাওয়ার পরেই সেলাই করতে-করতেই খুমিয়ে পড়ে চেয়ারে। আর সে এত ভালো, ছেলেদের প্রতি ভালোবাসায় তার এতটুকু তারতম্য নেই। মনটা কোথায় থিঁচ থায়, ক্রিসতকের মনে হয়, যে বিশ্বাসী একটি বদ্ধকে সে খুঁজে বেড়াছে সে নেই তার মার মধ্যে।

্তাই সে নিজেকে নিয়েই নির্জন। দিনের পর দিন সে, কথা করনা একটাও, একটা চাপা রাগের মধ্য দিয়ে কাজ করে বার, নিজেকে পরিশ্রমে বিধ্বস্থ করে ফেলে। শরীর ভেঙে পড়ল ক্রিস্তফের। তার কী স্থন্দর স্বাস্থ্যোজ্জল শরীর ছিল, আর এখন তা की ट्रांड हर्ल्ड ! पूम जारन ना, जाद ग्म अरम् अरम् प्राप्त माथा काँएन. शास्त्र, कथा कन्न। कथरना कथरना गाथा धरत, ठिक गाथात्र উপরে মনে হয় একটা ভার চাপানো। চোথ জালা করে, মনে হয় চোথের মধ্যে ছুঁচ ফুটছে। একেক সময় কি রকম ঘুরে বাহ মাথাটা, বঁইর অক্ষরগুলো ঝাপসা ঠেকে, মিনিট হুই চুপ করে বসে থাকাম্ম পর সেই ফাঁকা ভাবটা ঠিক হয়ে আসে। বা সে খেতে পায় তাতে তার থিদে মেটে না, আর তা অত্যন্ত বাজে আহার—তারি ফলে নিত্যি তার পেটের অস্থথ। কিন্তু সৰ চেয়ে তাকে বেশি জব্দ করেছে তার হাট। ঠিক যেন তাশ মেপে **हम्हा** । भारक भारक अपन तिकाशीत भरता माफिरा अर्फ मत्न इय रियन अथूनि (कर्ष्टे सार्व ; ज्यावात कथरना भक्त अमन मिहि स्थानाग्र रियन এখুনি ঘুমিয়ে পডবে। শরীরের তাপও খামখেয়ালীর মতো ওঠা-নামা क्द्रहः। कथना बदद्रद काष्ट्राकाष्ट्रि कथना এक्वाद्र भीराव्य गा एएँ म । अहे भूएरक अहे ज्यातात्र कांभरक हि-हि करत। गमा अकिरम (गर्क, কি যেন একটা ঠেলে উঠছে ভিতর থেকে, নিখাস নিতে দিছে না। স্বভাবতই তার কল্লনায় রঙ চড়তে শাগল। বাড়ির কাউকেই সে কিছু वनल ना, ७४ जानन मत्न भूँ किया-भूँ किया (मथराज नाशन म जास्य-গুলো। মনে ধারণা হল, একটার পর একটি সব অন্থওলোই তার হরেছে পর-পর। অন্ধ হয়ে বাচ্ছে ক্রমশ, বমির ভাব বধন निकार माथा पुरत পড়ে শেষ हरत यारत तालाय। जकारण मस्त यारत দে, রাস্তা দিয়ে বেতে-বেতে হঠাৎ থামিয়ে দেওয়া হবে তাকে এই ভাৰনাই তাকে পেন্নে বসল। আছের করে ধরল, প্রতি মুহুর্তে ফিরতে শাগল পায়ে পায়ে। যদি মরতেই হয় তাকে, আহাঁ, এখন নয়-অন্তত উত্তক্ষণ নয় যতক্ষণ না সে পেয়েছে জয়ের আস্বাদ।

জয় ! এই বিমাদ জীবনের সমস্ত প্রান্তি সমস্ত বিভৃষ্ণা সংকও যে তাকে वैष्ठिय त्वरथरह, र्छटन निष्य हामाह अथरना। अकिनन या रम হবে তারই অস্পষ্ট আভাস যেন ছায়া ফেলে থেকে-থেকে। এখন কী সে/হয়ে আছে তা ভেবেও সে যেন সম্পূর্ণ নিরাশ হয় না 👤 🔎 থন সে একটা রুশ্ব ভীরু ছেলে, অর্কেথ্রায় বসে বেহালা বাজায় আর বাজে-মার্কা গান বাবে। নমু তার চেয়ে ভিতরে-ভিতরে পে অনেক বড়ো। এ সব তো একটা বাইরের মলাট, একটা ক্ষণিক ছলনা। এটা তার আস্প স্বরূপ নয়। তার মূথের ছাদ বা তার আজ্ঞকের ভাবনার ধারার সকে তার আসল স্বরূপের কোন মিল নেই। এ সে বুঝতে পারছে ম্পষ্ট। বখন সে আয়নায় নিজের দিকে তাকার, নিজেকে সে চিনতে পারে না। ঐ চওড়া লাল মুখ, মোটা ঘন ভুরু, গর্ডে-ঢোকানো ছোট-ছোট চোখ, চ্যাপটা বোঁচা নাক,-সমস্ত একটা মুখোস, কুৎসিত মুখোস—তার থেকে একেবারে আলাদা, কোনো একজন বিদেশী লোক হয় তো অচেনা। তেমনি তার লেখাও তার নিজের ভাষা नम्, निष्कत्र कथा नम्, आत्र कात्रवा । या त्म आह्य वा या त्म कदाह-এ সৰ কিছু নয় —তবু একদিন ষে সে করবে আর হবে, তাতে বিন্দুমাত্র সন্দেহ নেই। একেক সময় মনে হয় ঐ নিশ্চয়তা প্রকাণ্ড একটা মিথো ছাড়া আর কিছু নয়। তখন সে নিজেকে আবার শান্তি দেয়, ক্লেশে আর অপমানে জর্জর করে ফেলে। তবু সেই নিশ্চয়তা টিকে থাকে, ভেঙে পড়ে না কিছুতেই। যা সে করে বা ভাবে কিছুতেই নিজেকে প্রকাশ করতে পারে না। একদিন সে প্রকাশিত হবে-আজ নয়. কাল; বর্তমানে নম্ন, ভবিদ্যতে। সে হবে। একটা বিখাসের আলোয় তার নেশা ধরে বার। বদি এই রচ 'আজ' তার পথ আর না আটকায়! বদি ধূর্ত ফাঁদ পেতে তাকে না প্রবঞ্চিত করে !!

দিন-রাত্রির সমুদ্র ভেদ করে নোকো ভাসিয়ে নিয়ে চলেছে ক্রিসতফ, ডাইনে-বাঁয়ে কোথাও দৃষ্টি নেই, নিশ্চল হয়ে বসে আছে হাল ধরে, গুধু পারের দিকে বন্দরের দিকে একলক্ষ্য হয়ে। বাচাল বাজিয়েদের মধ্যে বসে অর্কেষ্ট্রায় বাজনা বাজাছে বটে, রাজপরিবারের আননন্দর জঠ্ম, কী বাজাছে ভগবানই জানেন—কিন্তু নমন্ত চেতনা আবিষ্ট হয়ে আছে নিভত একটি ভবিষ্যতের য়প্রে। হায়, সে স্বপ্র বৃঝি মৃত্ব আঘাতেই ভেঙে পড়ে! সে স্বপ্র বৃঝি বাঁচে না!

পুরোনো পিয়ানোট নিয়ে বসেছে সে বাড়িতে একলা। রাত নেমে আসছে। মুমূষ্ দিনের আলো লেগেছে বুঝি স্থরের গায়ে। স্বরলিপির বইর থেকে মৃত হৃদয়ের স্লেহের স্থগন্ধ ভেসে আসছে। মন ভরে যাচ্ছে ভালোবাসায়। তুই চোথ জলে ভরে ওঠে ক্রিসতফের। মনে হয় কে একজন ভালোবাসার লোক যেন তার পেছনে এসে দাঁডিয়েছে, গরম নিখাস যেন আদরের মত পড়ছে তার গালে, যেন গলা ঘিরে কার ওটি লতানো বাছ। চমকে পিছন ফিরে তাকায় ক্রিসতফ। সে স্পষ্ট অন্তভব করে ঘরে সে একলা নয়। যে ভালোবাসে আর ভালোবাসা পায় সেই যেন তার কাছে দাঁডিয়ে। দেখতে পায় ·না তাকে, কাল্লার শব্দ করে ওঠে ক্রিসভফ—কিন্তু তার সমস্ত যন্ত্রণার উপরে কি একটি মাধুর্যের প্রলেপ-জ্পর্শ । তঃথেরও বুঝি আনন্দ আছে, অন্ধকারেরও আলো। মহাপ্রস্থিত প্রতিভাবানদের কথা মনে পড়ে— তার সমস্ত হাদয় প্রেমে উদ্ধৃসিত হয়ে ওঠে—বে প্রেম প্রজ্ঞার রয়েছে जाँरमत अभूर्व अत्रजतस्म । को अर्लाकिक आनत्म जाँरमत कौरन পরিপূর্ণ ছিল তারই স্বপ্নে বিভোর হয় ক্রিসতফ—সেই আনন্দেরই প্রতিচ্ছায়া সে দেখতে পায় তাঁদের রচিত স্করছন্দে। সেই সব স্কর ষেন ঈশ্বরের মত হেসে তার সমস্ত হঃথ হালকা করে দিছে। সেও কি একদিন ঐ ঈশ্বরের মত হাসতে পারবে ? ছড়িয়ে দিতে পারবে আনন্দের উঞ্চতা ? মুছে দিতে পারবে বিষাদের অন্ধকার ?

কবে আসবে সেই উজ্জ্বল পরিছেন ?

## [ ছই ]

## च्यट है।

রাইন-নদীর উপর দিয়ে স্টিমারে করে যাচ্ছে ক্রিস্তফ, কাছেই এক বাডিতে নেমন্তর থেতে। ঘন্টাথানেকের রাস্তা। ডেকের উপর তারই সমবরসী একটি ছেলে বসে আছে চুপচাপ। সেও চলেছে বৃঝি কোণাও। কোনোদিকে না তাকিয়ে ক্রিসতফ তার পাশে বসে পড়ল। কিছ ছেলেটির চোথ আর ফেরে না তার থেকে। বাধ্য হয়েই তাকাতে হল क्रिमञ्ह्य । युन्तर ছেলে, हेक्हेंदक शालाशी शाल, गाँका मिंथि काही, আর উপর-ঠোটের উপর সরু করে গোঁফের তুলি টানা। আসলে কচি ছেলে কিন্তু ভাবে ভারিকি হবার চেষ্টা করছে। সাড়ম্বরে পোশাক পরেছে—ফ্লানেলের স্থট, হাতে পাতলা দন্তানা, শাদা স্কুড়ো আর ফিকে নীপ রঙের টাই—আর সবচেয়ে মজার, হাতে ছোট একটি শাঠি। ঘাড সিধে রেখে চোথের কোণ থেকে সে তাকাল ক্রিসতফের দিকে, আর থেই ক্রিসতফ তাকালো তার দিকে, সে লক্ষায় আকর্ণ লাল হয়ে উঠল, পকেট থেকে থবরের কাগজ বের করে তাতে ডুবে বাবার ভাব করশে। হঠাৎ, ক্রিসতফের টুপি পড়ে গিয়েছিল, সে ঝটকা মেরে নিচু হয়ে তাই তুলে দিলে পলকে। সৌজন্মটা ক্রিসতফের কাছে বিশ্বয়ৰুর মনে হল। আবার সে তাকাল ছেলেটির দিকে। ছেলেটি আবার লাল হল লক্ষায়। একটু ঝাঁজ মিশিয়ে তাকে ধলুবাদ দিলে ক্রিসতফ, কেননা এমন সাডেম্বর শিষ্টাচার সে পছন্দ করে না—তাছাডা তার নিজের নিংসঞ্ভার

কে ভাবে ঐ ছেলের কথা—বাইরের দৃশ্তে চোথ মগ্ন হল ক্রিসতক্ষের। কতদিৰ প্ৰায়ে এই প্ৰথম সে শহর থেকে মুক্ত হয়েছে—তাই মুখে লাগছে যে মুক্ত হাওয়া, তা একটি তীব্ৰ স্বাদের মত ভালো লাগছে, ভালো লাগছে জলের শব্দ, ভালো লাগছে এই জলেম শীতল প্রসার, ভালো লাগছে তীরের উপরে দৃশু থেকে দৃশুান্তর। আধখানা জলে ডোবা উইলো-গাছ, কোমলাভ আঙুর-লতা, পুরানো দিনের পাহাড়, মাথা-উ চু-করা মিনারওয়ালা শহর, কারথানার জাদরেল চিমনি—কালো কালো-খোঁয়া ছাডছে অনর্গল। আনন্দে আত্মহারার মত উৎস্থক হয়ে মুগ্ধ চোথে দেখছে সব ক্রিসতফ। সেই সহবাতী ছেলে একটু ভয়ে-ভয়ে একটু বা আন্তে-আন্তে হটি একটি ঐতিহাসিক বিবরণ আওড়াচ্ছে—ঐ ভগ্নস্ত পের মানে কি, কেন ওর গায়ে এখন আইভি-লতার আভরণ ? নিজের মনে বকৃতা দিয়ে চলেছে সেই ছেলে। ক্রিসতফের কৌতৃহল চাঙ্গা হয়ে উঠল, একের পর এক প্রশ্ন করতে লাগল সেই ছেলেকে। নিজের বিত্তে জাহির করতে পেরে ছেলেটির খুশির আর শেষ নেই। কিন্তু যথনই সোজাত্মজি কোনো প্রশ্ন জিগ্গেস করছে ক্রিসতফকে, অমনি তাকে স্সন্মানে সংঘাধন করছে বেহালা-বাদক বলে।

"তুমি আমাকে চেন ?" লাফিয়ে উঠল ক্রিসতফ।

'হাঁা, চিনি বৈ কি ।' এমন সরল সপ্রশংসভাবে ছেলেটি বললে, বে ক্রিসতফের অহঙ্কারে স্বড়স্কড়ি লাগল।

তারপর গুরু হল তাদের কথা। জাঁ ক্রিসভফকে ছেলেটি বছবার দেখেছে খিয়েটারে, আর যত সে দেখেছে আর গুনেছে তার স্থকে, ততই ছেলেটির মন ঝুঁকেছে তার দিকে। সে কথা অবিশ্রি মুধে কিছুই বললে না, কিন্তু জা-ক্রিসতফ টের পেল এই অহেডুক শ্বদয়ের উত্তাপ, টের পেয়ে আশ্চর্ব হয়ে গেল। এ রকম উৎস্কক শ্রদ্ধার সজে কেউ কথা বলেনি এর আগে। বে জায়গা দিয়ে যাছে তার ইতিহাস কি তাই ক্রিসতফ জিগ্নগেস করলে সহযাত্রীকে। সহযাত্রী তার বিভিন্ন পিপের মুথ খুলে ধরল। যাই বল, ছেলেটা জানে কিন্তু এক রাজ্যি, ক্রিসতফ মনে-মনে প্রশংসা না করে পারলে না। কিন্তু কথাবার্তা বলবার ঐ কেবল একটি বিষয়—ঐ হানীয় ইতিহাস। সমস্ত সংসারে তার নিজের যেন কিছুই বক্তব্য নেই।

শুধু পরম্পরের সঙ্গে পরিচিত হতে পেরেছে এই যেন তাদের অনেক। সরাসরি মুখোমুখি কোন প্রশ্ন নেই, তেমনিভাবে এগোতেও কেমন সঙ্কোচ। শুধু থেকে-থেকে দমকা প্রশ্নোতর, আবার হঠাৎ অনড় শুক্তা। এভাবে কতক্ষণ চালাবে গ শেষ পর্যন্ত ঝাঁপিয়ে পড়ল য়জনে। জাঁ কিসতক জানল, তার বন্ধর নাম অটো দিনার, শহরের প্রকাশু এক সদাগরের পুত্র। দেখা গেল এমন লোক অনেক আছে—বাদের সঙ্গে তাদের হজনেরই, সমান আলাপ, আন্তে-আন্তে খুলে গেল মুখ, যেন আনকটা নিরাপদ এলেকায় তারা চলে এল। স্টিমার এসে লাগল ঘাটে যেখানে কিসতক এবার নামবে। একি, অটোও দেখি এখানে নামছে। অবাক হয়ে গেল কিসতক। তবে চলো একসক্ষে হাটি চজনে। বতক্ষণে খাবার সমন্ধ না আসছে।

মাঠ ভেঙে চলল হজনে। অটোর বাছ কখন নিজের বাছর মধ্যে টেনে নিয়েছে ক্রিসতফ, তাকে বলছে তার সব আশা-আকাক্রার কথা। বেন জন্ম থেকে তার সক্ষে তার চেনা। কোনোদিন সমবয়সী ছেলের সক্ষ পায়নি, তাই এই ছেলেটির সংস্পর্শে অবর্ণনীয় আনন্দ হচ্ছে ক্রিসতফের। বেশ শিক্ষিত শিষ্টাচারী ছেলে, তারপরে তার প্রতি কী সম্বেহ সলম্বভূতি!

সময় চপে বাচ্ছে, কোথা দিয়ে চলে বাচ্ছে কিছু খেয়াল নেই কিসতকের। কিশোর স্থব-শিল্পীর সাহচর্যে এত মশগুল যে দিনারেরও বলতে মন চাচ্ছে না যে থাবারের ঘণ্টা বেজে গেছে অনেকক্ষণ। কিন্তু যাই হোক এবার জানাতে হয়। বনের মধ্যে ক্রিস্তক্ষ তথন একটা পাহাড়ে উঠতে গুরু করেছে, আর বলছে, একেবারে চ্ডায় এসে ওঠা চাই। চডায় উঠতে হল অগত্যা। চ্ডায় উঠে ঘাসের উপর গুয়ে পডল ক্রিস্তক, এমন ভাব যেন সে সারাদিন এমনিই গুয়ে থাকবে। আর কতক্ষণ থাকা যায় না বলে!

দিনার বললে, 'খেতে যাবে না ?'

তথন শরীর পরিপূর্ণ প্রদারিত করে দিয়েছে ক্রিসতফ। বললে, 'কী হবে সেথানে গিয়ে ?'

অটোর মূখে উৰিগ্ন ভাব ফুটে উঠতেই হেসে ফেল্ল ক্রিস্তফ। বল্লে, এইখানেই বেশি স্থা। আমি যাবনা। ওরা বসে থাক আমার জন্মে।

ওঠবার ভঙ্গি করল ক্রিসতফ।

বললে, "তুমি খুব ব্যস্ত আছ ? নও ? তবে এক কাজ করি চলো। চলো একসলে তু'জনে থাই। আমার জানা-শোনা এক সরাই আছে।"

অনেক আপত্তি ছিল দিনারের। তার জন্তে কেউ বসে আছে
সে-জন্তে নয়, কিন্তু এমনি কোনো বিষয়ে মন ছির করাই তার
কঠিন। সব সময়ে সে নিয়মের বশবতী, আগে থেকে বলা-কওয়া না
ধাকলে কিছুতেই সে চট করে তৈরি হতে পারে না। কিন্তু জান
কিসতফের অমুরোধের স্বয়টি এমনভাবে এসে বাজল, সাধ্য নেই যে
তাকে প্রত্যাধ্যান করে। ক্রিসতফ যেন তাকে ছুলে টেনে নিয়েচলল,
ভারপর তারা ভুবে গেল কথোপকধনে।

সরাইয়ে এসে নিভে গেল সব ঔৎস্কৃত্য। প্রশ্ন ভিঠল, কে এই খাওয়ার থরচ দেবে। কে নেবে এই সন্মানের শিরোপা। দিনার বললে, আমি দেব, কেননা আমার অবহা স্বন্ধ্বলা। ক্রিসতক বললে, আমি দেব, কেননা আমি গরিব। দিনার তার দৃপ্ত কর্ত্ত ছ জাহির করতে চাইল থাবারের করমাস করে। ক্রিসতক্ত পালটা জবাব দিলে আরো কয়েকটা দামী ও বিলাসী প্লেটের অর্ডার দিয়ে। তুমি যদি দেখাতে চাও প্রভুত্ব, আমার কাছে নাও তুমি অন্তরক্তা। তারপর এল মদ-নির্বাচনের পালা। এবার তোমাকে আর কিছু বলতে দেব ভেবেছ। এক বোতল মহার্ঘ মদের হুকুম করল ক্রিসতক। চোথের দিকে তাকাতে চেয়েছিল দিনার, ক্রিসতকের চোথের ঘায়ে সে দৃষ্টি বিধ্বন্ত হয়ে গেল।

এত রাজ্যের খাবারের সামনে বসে গুটিয়ে গেল হুজনে। আর বেন কেউ কিছু কথা বলবার পাছে না। শুধু খাওয়ার মধোই আটকে রইল, নড়া-চড়াগুলো আড়েই হয়ে গেল। হঠাৎ মনে হল, হুজনেই তারা বিদেশী, •কোনো মিল নেই তাদের মধ্যে, এবং সন্দেহের চোধে তাকাতে লাগল পরম্পরের দিকে। চেটা করল সেই পুরোনো কথার খেই ধরতে, স্বরে এলনা সেই উষ্ণতা। প্রায় আধঘনী কেটে গেল এমনি, কি ক্লান্তিকর বিরক্তি! মাংস আর মদের কাজ আরম্ভ হয়ে গেছে এর মধ্যে, হুজনের চোখে ক্রমশ আসতে লাগল বিশ্বাসের আভা। কোনোদিন এসব জিনিস থায়নি, ক্রিসতফকেই প্রথম দেখা দিল উত্তেজনা। অসম্ভব প্রগলভ হয়ে উঠল। তার জীবনের হুর্দশার কথা বলতে লাগল সে অটোকে।

অটোর জীবনও খুব স্বথে কাটেনি, বলতে লাগলো অটোণ। ত্র্বল ভীক্ল ছিলো বলে স্থলের সহপাঠীরা বড়ো অত্যাচার করত তার উপর। উপহাস করত, স্মার যদি তাদের বর্ণরতার জন্ম সে ঘুণায় ভাব দেখাত তা হলেও তার লাগুনা চলত। তাদের যত রকম ছল-চাডুরী সব তাকে নিয়ে।

হাতের মঠ দৃঢ় করণ ক্রিসভফ। তায় সামনে যেন তারা ইয়ারকি করতে না আসে। বাড়ির লোকও বুঝতে পারেনি অটোকে। ক্রিসভফ জানে তার হঃখ, তাকে আর বলতে হঁবে না বৃঝিয়ে।

একে অক্টের হু:থে সমব্যথী হয়ে উঠল হজনে। দিনারের বাপ-মার ইচ্ছে দিনার ব্যবসা করে, আল্ডে-আল্ডে বাপের গদিতে এসে বসে, কিছ দিনারের ইচ্ছে দে কবি হবে। যদি শীলারের মত শহর ছেড়ে পালিয়ে যেতে হয়, বরণ করতে হয় নির্মম দারিদ্র্য, তবু তার কবি হবার বড়ো সাধ! তার বাপের সম্পত্তি আর যাবে কোথায়। সেই তার ওয়ারিশ হবে—আর সে সম্পত্তিও একটুথানি নয়। জানো, পজায় অটোর মুখ নরম হয়ে এল, কবিতা লিখেছি আমি, আর সে-কবিতা জীবনের বিষয়তার কবিতা। শোনাও না হ'চারটে—ক্রিস্তফ পিড়াপিড়ি করতে লাগল। প্রথমে তো কিছুই মনে করতে পারে না অটো। শেষে—হাঁা, মনে পড়েছে। হু-তিনটে আরুত্তি করে শোনালে— আবেগে উছলে পড়ল অটো। চমৎকার—ক্রিসতফ অভিভূত হয়ে গেল। ছজনে এসে পড়ল নিবিড়তর ঘনিষ্ঠতায়। এসো জীবনের नक्षा कांग्रि इक्षत । इक्षत এक मत्त्र काक्ष कत्रव, नांग्रेक निथव, निथव গীতি-গুচ্ছ। পরম্পরের প্রশংসায় পরিপূর্ণ হয়ে উঠল পরম্পর। ওধু স্থ্যশিল্পীর খ্যাতী নয়, ক্রিস্তফের শক্তি আর আশা অটোর মনে দাগ ফেলল গাঢ় করে, আর অটোর ভদ্রতা ও শালীনতা মুগ্ধ করল জিসভম্বকে। সংসারে সব মৃল্যবিচারই আপেক্ষিক, কিন্তু অটোর এই সহজ স্থল্য ব্যবহারের যেন তুলনা নেই।

ভূরিভোজনের পর চোধে ব্ঝি ঢুল লেগেছে। টেনিলের উপর করুইবের ভর রেথে হুইজনে কথা কইছে, শুধু কইছে না শুনছেও, চোথের দৃষ্টিতে সেহের আদ্র'তা। ঘনিয়ে আসছে সদ্ধ্যা, এইবার উঠতে হল হজনকে। বিলটা সংগ্রহ করবার জন্মে উঠতে চাইল প্রটো কিন্তু তার দিকে এমন কুদ্ধ দৃষ্টিতে তাকাল ক্রিস্তফ যে তার আর নড়বার ক্ষমতা রইল না। জা-ক্রিস্তফের শুধু এই অম্বস্তিই হচ্ছে হয়ত পকেটে যা আছে তাতে বিলের পাওনা শোধ হবে না। যদি না ক্লোয় তা হলে কি হবে ? ঘডিটা দিয়ে দেবে, যদি দরকার হয় কোটটা, তব্ অটো যেন না ব্ঝতে পারে। যাক, অতদ্র যেতে হল না। একদিনের খাওয়ায় বেরিয়ে গেছে তার গোটা মাসের মাইনে।

আবার পাহাডের দিকে চপল হজনে। পাইন-বনে সন্ধ্যার ছায়া
পডছে দীর্ঘ আলস্ডে। চ্ডাগুলো এখনো গোলাপী আভায় স্নান করে
আছে। পারের শব্দ করতে করঙে আস্তে-আস্তে উঠে যাজে হজনে।
পাইন-পাতার গালচের উপর সে শব্দ কেমন অছুত শোনাছে। কারুমুথে কোনো কথা দুই। ক্রিসতফ হৃদয়ের মধ্যে অক্তর্ভব করছে একটা
মধুর বেদনার ভার। তার স্থথের অবধি নেই, ইছে হয় মুথরতায় বিকীণ
হয়ে পডে, কিন্তু মনের মধ্যে সেই মধুর বেদনার ভার কথা কইতে দেয়না।
এক মুহুর্ভ দাঁডাল ক্রিসতফ, দেখাদেখি অটোও। চারদিকে অসীম
মৌন। অস্তায়মান স্থের একটা রেখা ধরে কতকগুলি মাছি উড়ে
যাছে অক্ষুট পাথার শব্দ করতে করতে, গাছের শুকনো একটা ডাল
কোথায় ভেঙে পডল। অটোর একখানা হাত নিজের হাতের
মধ্যে টেনে নিল ক্রিসতফ। জিগগেস করলে, 'তুমি আমার বন্ধ
হবে প'

'হব।'

তাদের ধুমা হাত কেঁপে উঠল। স্পন্দিত হল হৃদয়। মধুর পজায় পরস্পরের মুখের দিকে তাকাতে কাক সাহস হল না।

কৃতক্ষণ পরে ফিরে চলল তারা। আর ঘেঁষাঘেঁষি নয়, দূরে-দূরে হাঁটছে হজন। যেন হজনেই হঠাৎ বাকশক্তি হারিয়ে ফেলেছে। সমস্ত পার্বত্য অরণ্য যেন কোন অপরিচিতের এলাকা। পরস্পরকে কেমন যেন ভয় করতে লাগল তাদের—ভয় করতে লাগল নিজেদের ভিতরের এই নবলন অপূর্ব আবেগকে। খুব জোরে পা চালাল, যাতে শিগনির করে বেরিয়ে আসতে পারে এই বন থেকে, গাছের এই সব ছায়া থেকে।

ছায়াময় বন পেরিয়ে ফাঁকায় এল হজনে। তথন ফিরে এল সাহস, পরস্পরের হাত ধরল ফের। স্থক হল এলোমেলো কথার টুকরো।

ফিমারে উঠে বসল গুজনে পাশাপাশি। তুচ্ছাতিতুচ্ছ কথায় মেতে উঠল গুজনে, কিন্তু কি তারা কথা কইছে বিন্দুমাত্র লক্ষ্য করছে না। কথা যে বলতে পারছে তারই আনন্দে আর শ্রান্তিতে গুজনে আচ্ছন। কথা শা কইলেই বা কি। কোনো দরকার নেই কথার। কোনো দরকার নেই হাত ধরার, কোনো দরকার নেই পরস্পরের দিকে তাকানোর। গুজনে গুজনের একান্ত কাছটিতে।

শেষ হয়ে এল যাত্রা, আবার তবে কবে দেখা হবে আমাদের ?
আগামী রবিবার। অটোকে ক্রিসতফ তার বাড়ির দোরগোড়া পর্যন্ত
নিয়ে গেল। গ্যাসের আলোর নিচে দাঁড়িয়ে হজনে বিদায়ের মান
হাসিটুকু হাসলে, বললে, বিদায়। পরস্পার থেকে বিচ্ছিল্ল হয়ে ষেতে
শান্তি পাচ্ছে হজনে, সায়ুর কা একটা কঠিন টানের মধ্যে ছিল তারা
এতক্ষণ। শেষ বিদায়ের কথাটুকু বলতে কী অসম্ভব একটা ষম্বণা
হচ্ছিশ বুকের মধ্যে। তৃঃধের মধ্যেও কেমন আছে একটা মুক্তির
বিশ্রাম।

রাত্তে একা ঘরে ঢুকল ক্রিসতফ। তার সমস্ত হৃদয় • গান গাইছে:
"আমার একজন বন্ধু হল। আমি একটি বন্ধু পেলাম।" আর কিছু সে
দেখছে না, আর কিছু সে গুনছে না, আর কিছু তার ভাববারও নেই!

খুমে ঘোর লেগেছে শরীরে। ঘরে ঢোকা মাত্রই এলিয়ে পড়ল বিছানায়। রাত্রে ঘুমের মধ্যে জেগে-জেগে উঠল। মনে হল, কী যেন আমার আছে? "আমার একজন বন্ধু আছে।" আবার ঘুমিয়ে পড়ল নিশ্চিন্তে।

পরদিন সকালে উঠে মনে হল সমস্ত একটা স্বপ্ন। খুঁটিয়ে-খুঁটিয়ে একটি-একটি করে ছোটখাটো ঘটনার থড়কুটো কুড়োতে লাগল মনে মনে, যাচাই করতে লাগল সত্যিই সব সত্যি কিনা। থিয়েটারে গিয়ে বসেছে, অর্কেঞ্রায় বাজনা বাজাচ্ছে, তথনো সেই ভাবনা—সত্যিই সব সত্যি ছিলো কিনা! থিয়েটারের বাইরে বেরিয়ে এসে তার মনে নেই সত্যিই সে কী বাজাচ্ছিল এতক্ষণ!

বাড়ি ফিরে এসে দেখে তার নামে একথানা চিঠি। কোখেকে আসতে পারে নিজেকে প্রশ্ন করবারও প্রয়োজন নেই। ছুটে গিয়ে ঘরের দরজার থিল চাপিয়ে দিল। মানাভ নীল কাগজে লেখা, অক্ষরগুলি দীর্ঘ ছাদে একটু টেনে-টেনে থেটে-থেটে লেখা আর লেখার টানগুলিতে জমকালো কেরামতি।

"প্রিয় জা-ক্রিসতফ—না, মাননীয় বন্ধু ?

বসে বসে কাশকের ঘটনাবশী ভাবছি। আর তোমার স্নেহ ও করুণার জন্তে অপার ধন্তবাদে মন ভরে বাচ্ছে। তোমার স্নিগ্ধ কথা, সে আনন্দময় বেড়ানো আর সেই চমৎকার খাওয়া—সব কিছুর জন্তে তোমার কাছে আমি ক্বতজ্ঞ। কিন্তু এতগুলো টাকা এক মুঠে ধন্মচ করে এসেছ বলে তোমার জন্তে ছন্টিন্তা হচ্ছে। কী মনোরম দিন।

আমাদের শেই আকস্মিক দেখা হয়ে যাওয়াটা কি তোমার ভাগ্যের বিধান বলে মনে হয় না ? আমার তো মনে হয় এ ভাগ্যেরই নিদেশি যে আমাদের হজনের দেখা হবে। আবার রবিবার দেখা হবে এ ভাবতেও কত আনন্দ হচ্ছে। সেদিনের সেই নেমস্তলে যেতে পারনি বলে আশা করি কোনো অস্কবিধেয় পড়নি। আমার জল্ঞে যদি কোনো অস্কবিধেয় পড়তে তা হলে আমার হুংথের শেষ থাকত না।

প্রিয় ক্রিসতফ, আমি তোমার ভক্ত ভৃত্য ও বন্ধু—
অটো দিনার—"

"পুনশ্চ—আসচে রবিবার আমার সঙ্গে দেখা করতে আমার বাঁছি। এসোনা। যদি ক্লশ গার্টেনে আমাদের দেখা হয় তে। ভালো হয়।"

পডতে পড়তে ক্রিসতফের চোথে জল এসে গেল। চিঠিখানাকে সে চুম্বন করলে। একবার হেসে উঠল সশব্দে, বিছানায় নৃত্য করলে খানিকক্ষণ। তক্ষ্নি টেবিলের কাছে ছুটে গেল, কলম নিয়ে বসল জবাব লিখতে। এক মুহুর্তও সে প্রতীক্ষা করতে পারছে না। কিন্তু লেখবার অভ্যেস নেই তার। বুকের মধ্যে যা উথলে উঠছে তা প্রকাশ করবার শক্তি তার নেই। তবু কাগজে কলম লাগাল, কালিতে কালো করে ফেলল আঙ লের মাথা, পা ঠুকতে লাগল মেঝের উপর। শেষ পর্যন্ত ছ' সাতথানা কাগজ ছিঁড়ে অনেক কটে দাঁড় করাল একটা চিঠি। হাতের লেখার বা কি ছিরি, ভাঙা-ভাঙা, আঁকা-বাকা অক্ষর এখানে-ওখানে ছিটকে পড়ছে, আর কী সব হুধ্ধ বানান ভুল!

. ধ্যথানে তোমাকে ভালবাসি সেথানে তুমি ক্বতজ্ঞতার কথা কি করে তুলছ ? তোমাকে কি বলিনি যে তোমাকে চেনবার আগে আমি কত

<sup>&</sup>quot;আমার প্রাণ,

বিষ
্ধ আর কত নিঃসক ছিলাম! তোমার বন্ধতাই আমার জীবনের সব চেয়ে বড় আশীর্বাদ। গতকালই আমি জীবনে স্থা ছিলাম—আমার জীবনে আমার সেই প্রথমতম স্থা। তোমার চিঠি পড়ি আর আদুনন্দে চোথের জলে ভাসি। কোনো সন্দেহ নেই ভাগ্যই আমাদের হুজনকে মিলিয়ে দিয়েছে। ভাগ্যের এই হয়তো বিধান যে আমরা হুই বন্ধতে মিলে অনেক বড় কাজ করব। বন্ধ! কী স্থালর কথাটা! এ কি সত্যি যে আমার একজন বন্ধ হয়েছে গ দেখা, আমার যেন কোনোদিন ছেড়ে যেও না। ছুমি সব সময় থাকবে তো আমার কাছে-কাছে?

একসঙ্গে বেড়ে উঠব হজনে, কাজ করব হুজনে—কত স্থান্দর লাগছে ভাবতে। আমি নিয়ে আসব আমার গান-বাজনার স্বপ্ন আর তুমি তোমার বৃদ্ধি আর পাণ্ডিত্য! সত্যি, কত বেশি তুমি জান! তোমার মত এমন বৃদ্ধিমান লোক আর আমি দেখিনি। আমি তোমার বদ্ধুতার অম্পুর্বন্ত। তুমি এত মহান, এত শিক্ষিত, তুমি আমার মতন স্থান্দ্রিকে ভালোবাসছ ভাবতে আমার হুতজ্ঞতার অন্ত পাই না। কিন্তু না, হুতজ্ঞতার কথা এইখানেই শেষ হোক। বদ্ধৃতার বেলায় আবার হুতজ্ঞতা কি! বন্ধুতার কোনো দায়েরও কথা নেই কোনো পরিশোধেরও কথা নেই। আমি চাইনা কোনো উপকার কোনো বদাস্থতা। আমরা হুজনকে ভালোবাসি, আমরা সমান। তোমাকে দেখতে কী আগ্রহ যে হচ্ছে: তুমি যখন নিষেধ করছ তখন তোমার বাড়িতে যাব না তোমার সঙ্গে দেখা করতে—যদিও, সত্যি কথা বলতে গেলে, বুঝতে পারছি না বাধা-নিষ্বেধ্বর দরকার কি—কিন্তু, সন্দেহ কি, তুমি বেশি ভালো বোঝা, তুমি যা বলছ তাই হয়তো ঠিক ··

আর এক কথা। টাকা পয়সার কথা তুলো না। টাকাকেঁ আমি ত্বণা করি। বেমন জিনিসটা তেমনি ওই শব্দটা। আমি বডলোক নই বটে, কিন্তু বঁদ্ধকে দেবার মতন নিশ্চয়ট আমি বড়লোক—আর, বদ্ধর জন্তে সর্বস্থ বিলিয়ে দিতে আমার অফুরস্ত আনন্দ! তোমারও কি তাই নয় ? আর আমার যদি দরকার হয়, তবে ছুমি কি তোমার সোভাগ্যের ভাগুার আমাকে খুলে দেবে না ? কিন্তু সেসব কথা উঠবে না কোনোদিন। আমার সক্ষম হাত আর সক্রিয় মস্তিদ্ধ আছে, আর যে ক্রটি আমার খাবার জন্তে দরকার তা আমি রোজগার করতে পারব। আগামী রবিবার। হা ঈশ্বর, এক সপ্তাহ তোমাকে না দেখে থাকব। এর মধ্যে ছদিন না দেখে কেটে গেছে। তোমাকে না দেখে এ ছদিন বাচলাম কি করে ?

ষে বাড়িতে নেমন্তর ছিল তারা অভিযোগ করেছিল বটে কিন্তু
তাদের কথা নিয়ে মাথা ঘামাইনা, তুমিও ঘামিয়ো না। অক্স লোকের
কথায় আমাদের কি এসে যায়! অক্স লোকে কি ভাবে বা আমার
সম্বন্ধে তাদের কি ধারণা হতে পারে চিন্তাও করি না। ওধু তুমি
. কি ভাবো না ভাবো তাই আমার একমাত্র লক্ষ্য। আমাকে তুমি
ভালোবেসো। যেমন আমি তোমাকে ভালোবাসছি তেমনি। তোমাকে
ভাষায় বলতে পারছি না কত ভালোবাসি তোমাকে। আমি তোমার,
আমি তোমার, আঙুলের ডগা থেকে চোথের মণি পর্যন্ত আমি তোমার।
ইতি।

নিয়ত তোমার জা-ক্রিসতফ"

সপ্তাহের বাকি কটা দিন একটা অস্থ আগ্রহ যেন ক্রিস্তফকে গ্রাস ফর্টের রইল। নিজের পথ ছেড়ে ঘুর-পথ দিয়ে হেঁটে অটোর বাড়ির কাছ দিয়ে কজ্বার সে যাওয়া-আসা করেছে। অটোর সঙ্গে দেখা হয়ে যাবে সেই আশায় নয়, শুধু তার বাড়িটা দেশতে। শুধুই বাড়িটা দেশতে। শুধুই বাড়িটা দেশতে আবার সে বাড়েটা দেশতে পারল না নিজেকে, আরেকটা চিঠি পাঠাল, আগেরটার দেয়েও উদ্বেশ। অটোও তেমনি ভাবাকুল হয়ে জবাব দিলে।

শেষ পর্যন্ত এল সেই রবিবার। মেলবার জায়গাটিতে ঠিক ঘড়ির কাঁটার এসে পেঁছিছে অটো। ক্রিসতফ তো এসেছে ঘন্টাধানেক আগে, আর ভেবে ভেবে কেবল পুড়ে বাছে, অটো বৃঝি আর এলো না। যদি অটোর অপ্রথ হয়, তাহলে কী হবে! রক্তের মধ্যে কাঁপুরি ধরে বায় ভাবতে গেলে! এক মুহুর্তও ভাবতে পারে না, অটো ইছে করে কথার থেলাপ করতে পারে কথনো। হে ঈর্মর! সে যেন আসে, সে যেন আসে—এই সে অক্ষুট্মরে বারেবারে আওড়াতে লাগল। হাতের লাঠি দিয়ে ঠুকতে লাগল পথের পাথরকে—যদি লাঠির ডগাটা ঠিক লাগে পাথরের গায় তবে ঠিক আসবে অটো, আর যদি তিন-ভিনবার না লাগে তবে আসবে না। যদিও থেলাটা খুব সোজা, তা হলেও তিন-ভিনবার ফসকাল ক্রিসতফ। যন্ত্রণায় মুথ তুলে তাকাতেই দেখল, অটো আসছে। আসছে পরিমিত, নিশ্চিতভাবে পা ফেলে-ফেলে। অটো সব অবস্থাতেই ফিটফাট, খুব বিচলিত অবস্থায়ও তার বিচ্যতি নেই কিছুতে।

ছুটে গেল জ'া-ক্রিসতফ। গলা যদিও গুকিয়ে এসেছে ইতিমধ্যে, জানালে তাকে গুভদিন। প্রত্যাভিবাদন করলে অটো।

আর কিছুই যেন তাদের বলবার নেই। এবার তবে আবহাওয়া নিয়ে কথা বলো আর-কি। কিংবা বলো, এখন দশটা বেঞ্চে গ্লাচ-ছ মিনিট হয়েছে, কিংবা গড়ের ঘড়িটা সব সময়েই গদাইলস্কর।

স্টেশনে গেল হুজনে হাঁটতে হাঁটতে। সেথান থেকে ট্রেনে করে কাছাকাছি একটা জায়গায়, শহুরে লোকের কাছে বেড়ানোর পক্ষে সেটা মার্কা-মারা। সারা রাস্তায় গুনে-গুনে আট-দশটির বেশি কথা কয়নি হুজ্পনৈ। একে অন্তের দিকে কথা-ভরা চোথে তঃকিয়ে-তাকিয়ে সে শুরুতার ক্ষতিপূরণের চেষ্টা করেছিল একান্তে, সফল হল না। কে-কে তাদের বন্ধু, তাদের বিস্তৃত বিবরণ দিতে বসল; মুখে কথা থাকলেও চোথের কথা নিভে গেল। যেন হুজনে মুখস্ত-করা পার্টে অভিনয় করছে। স্পষ্ট সেটা যেন স্পর্শ করছে ক্রিসতফ আর মনে মনে ছোট হয়ে ষাচ্ছে। এক ঘটা আগেও কত অগণিত কথা উতাল হয়ে উঠেছিল মনের মধ্যে, এখন তার একটিও সে প্রকাশ করতে পারছে না। প্রকাশ করতে পারা দুরের কথা, একটি কথার তাপও আর তার মনের মধ্যে লেগে নেই। কেন যে জমাতে পারছে না, তলিয়ে অত বুঝতে চাইছে না অটো। তার অত সারল্য নেই, নেই তত ফুল্ম আত্মদর্শন। কিন্তু, याहे वल्ला, मिख कमन मनमता हाय পড़েছে। आमल कथा हयरा এहे, তাদের বিচ্ছেদের সপ্তাহ ভরে তারা তাদের আকুলতাকে এমন উঁচু স্থবে বেঁধেছে, সেখানে এখন আর পৌছতে পারছে না গলার স্বর। কণ্ঠস্বর নেমে আসতে চাইছে। নেমে আসতে গেলেই শোনাচ্ছে কেমন মেকি আর মিথ্যে। মনে মনে তাতে কেউ রাজি হতে পারছেনা কিছুতেই।

গাঁরে সারা দিন ঘ্রে বেডাল ছুটিতে, কিন্তু ক্ষণকালের জন্তেও সেই আড়ইতা হালকা হয়ে উড়ে গেল না। ছুটির দিন। হাওয়া-থেয়ে-বেড়ানো লোকের কোলাহলে বনস্থল ভরে গেছে, ভরে গেছে সরাইথানা। যত সর শহরে মধ্যবিত্ত, প্রচণ্ড হৈ-চৈ করছে আর যেথানে-সেথানে থাচেছে ভূরি-ভূরি। মেজাজ এমনিতেই খারাপ হয়ে আছে, ওদের

কাণ্ডকারখানায় আরো বিগড়ে যাছে থেকে-থেকে। নিজেরা যে মন খুলে কথা বলতে পারছে না, হাঁটায় ফিরে পাছে না সেই প্রথম দিনের সরলতা, তার কারণ, সন্দেহ নেই, ঐ সব শহরাগত, ক্রন্তিম ভদ্রলোকের • দল। কিন্তু তাই বলে কথা বলা তারা বন্ধ করেনি— যদিও কঠ করে-করে প্রতিমুহুর্তে খুঁজে বের করতে হছে কথা বলার বিষয় কোথায়! এই শুধু তয়, এক সময় না হজনেই আবিষ্কার করে বসে, কথা বলার আর তাদের কোনো বিষয় নেই। শেষকালে অটো কিনা বলতে স্কুক্ করল, ইস্কুলে সে কা শিথেছে — আর ক্রিস্তফ্ বলতে স্কুক্ করল বেহালা বাজানোর কায়দা-কায়্থনের কথা। সামনেই যেন স্তব্ধতার বিরাট গহরের হাঁ করে আছে, সেই ভয়ে পরম্পরকে কথায় ভরে রাথছে হজনে, ভুবিয়ে রাথছে, আছের করে রাথছে। যেন অতলম্পর্শ স্তব্ধতার পারে গিয়ে কেউ না পড়ে। অটোর কায়া পাছিল, আর ক্রিস্তফ্রে ইছ্রা হছিল কোথাও একা-একা ছুটে পালাই। লক্জায় কোথাও গিয়ে মুখ ঢাকি।

আর এক ঘন্টা বাকি আছে ফিরতি ট্রেন নেবার। আবার উঁকি
মারছে বৃঝি সেই গুরুতার গহবর। এমন সময় বনের মধ্য থেকে একটা
কুকুর ডেকে উঠল। কি একটা যেন শিকার করছে আপন মনে।
এসো ওর রাস্তার পাশে লুকোই চুপটি করে, প্রস্তাব করল ক্রিস্তফ,
দেখি কোথার ওর শিকার লুকিয়ে আছে। এই বলে ঝোপ লক্ষ্য করে
ঢুকে পড়ল হজনে। কুকুরটা একবার কাছে আসে, আরেকবার চলে
যায় অন্ত দিকে। অটো আর ক্রিস্তফ একবার এপাশে লুকোয়,
আরেকবার ওপাশে, কখনো বা ক্কড়ি-স্লুকড়ি মেরে চুপ করে থাকে।
কুকুরটা তার চীৎকারের মাত্রা বাড়িয়ে দেয়, তার শিকারের পথে বাধা
পড়েছে ব্ঝে সে আরো হাঁসকাঁস করে। আবার একবার সে এগিয়ে

এল ঝোপের দিকে। মরা পাতার উপর নিঃশব্দে শুয়ে নিখাস বন্ধ করে পড়ে থাকে হুজনে। খবরদার, নড়াচড়ায় একটি পাতারও যেন শব্দ না হুয়।

কুকুরটা হঠাঁৎ থেমে পড়ে, শিকারের গন্ধ আর তার নাকে লাগছেনা। ভূলে গিয়েছে কোন ঝোপে গা ঢেকেছিল তার থরগোস। ছজনে শুনতে পেশ, ঐ কত দুর থেকে ভেসে আসছে কুকুরের চীৎকার, তারপর আরো কতক্ষণ পর—একেবারে স্পন্দহীন অসাড় স্তর্ধতার পাথর। কোপাও একটা শব্দ নেই। গুধু সেই লক্ষ-লক্ষ পতঙ্গ আর সরীস্পের চঞ্চলতা। নিঃশব্দে, প্রায় রুদ্ধ নিখাদে বসে আছে হুজনে। কিন্তু কোপাও এতটুকু আশার আভাস নেই, আর ফিরবে না সেই কুকুর। উঠে পড়ছে হজনে, অমনি একটা খরগোস কোথা থেকে বেরিয়ে প্রায় তাদের উপর ঝাঁপিয়ে পড়ল। আনন্দে চেঁচিয়ে উঠল তারা। খরগোস পাশ কাটিয়ে ছুট দিলে, পড়ি-মরি করে ঢুকলো গিয়ে আরেকটা ঝোপে। ্ঝরা পাতার থস্থসানি আন্তে-আন্তে শান্ত হয়ে এল। নিভ্ত আশ্রয় পেয়েছে এতক্ষণে। অমন করে চেঁচিয়ে না উঠলেই পারত, কিন্তু আক্ষ্মিক সেই আনন্দধ্বনি করতে পেরেছিল বলেই এখন তারা আনন্দ করতে পারছে। ভয় পেয়ে কী সাংঘাতিক লাফ দিয়েছিল খরগোস, ক্রিসতফ এখন তাই নকল করবার চেষ্টা করছে। দেখাদেখি অটোও। একে অন্তের পিছু ছুটছে। অটো ধরগোস, ক্রিসতফ কুকুর। বনজঙ্গল मार्ठ-मधनान (পরিয়ে যাচ্ছে তারা, লাফিয়ে যাচ্ছে ছোট-ছোট নালা-নর্দমা। কার সর্বের থেত মাডিয়ে দিয়েছে তারা, তেডে এল সেই মার্চের চাষী। ঝগড়া করবার জন্মে তারা অপেক্ষা করল না। আটো ছুটছে আর ক্রিসতফ তাকে কুকুরের মত আওয়াজ করতে-করতে অন্থসরণ করছে। এমন নিখুত সেই আওয়াজ যে হাসতে-হাসতে অটোর চোথে জল এসে পড়ছে। হাসতে হাসতে হজনে একসঙ্গে গড়িয়ে পড়ল মাটিতে। জায়গাটায় ঢাল ছিল, হাসির ধাকায় পাক থেতে-থেতে নামতে লাগল নিচে—সেই সঙ্গে অসন্তব কলনাদ। গলায় বংন আর আওয়াজ নেই, তথন বসে পড়ল হজনে, পরস্পরের চোথের দিকে তাকাল ভয়ে-ভয়ে। হজনের চোথেই আনন্দের শিশির বিন্দু। এখন তারা সম্পূর্ণ খুশি, হজনেই স্নান করে উঠেছে প্রসন্ধতায়। কারু কাছে কারু আর বীরং হাবভাব নেই, পরস্পরের কাছে এখন তরল সরলতা। তারা আর বীয়ানয়, তারা শুধু বালক।

ফিরে এল হজনে। বাছর সলে বাছ বাধা, অর্থহীন গান তাদের কণ্ঠমরে। কিন্তু ঠিক শহরে ঢোকবার মুখে আবার তারা সেই কুত্রিম মুখোস টানলে, বললে, এই শেষ গাছটার গায়ে আমাদের নামের আত্মক্ষরকে আলিন্দনে বদ্ধ করে রেখে যাই। ছুরি দিয়ে গাছের ছাল্ম কেটে আত্মক্ষর খোদাই করলে হজনে। কিন্তু ট্রেনে উঠে আবার তারা কৃত্রিম ভাবালুতা কাটিয়ে স্পর্শ করল তাদের সেই সরল স্বভাবটিকে। আবার একে অল্পের দিকে তাকাতে গিয়েই হাসতে লাগল। তারপর বিদায় নিলে এক সময়। এমন একটা বৃহৎ উৎসবের দিন তাদের জীবনে আর আসেনি। সেই উৎসব যে কত পরিব্যাপী একে অল্পের সক্ষহারা হয়েও তা বোঝা যায়।

পরের রবিবার আবার তাদের দেখা হল। সারা সপ্তাহ তারা স্বপ্ন দেখেছে একে অন্তের, পরস্পরকে ফুলিয়ে-কাঁপিয়ে মহিমান্থিত করে ছুলেছে। স্বপ্নের সঙ্গে সত্যের যে অমিল তা লক্ষ্যও করছেনা। মন যেমনটি চায় তেমন করে তবু আঁকবার চেষ্টা করছে প্রাণপণ।

তারা পরস্পরের বন্ধু—এই গর্বের তাদের অবধি নেই। তাদের

স্বভাবের বৈষম্যই তাদেরকে নিকটতর করেছে। অটোর মত স্থন্দর আর কাউকে দেখেনি ক্রিসভফ। তার কমনীয় ছটি হাত, রমণীয় চুল, সজীব রঙ, লাজুক কথা, নম্র স্বভাব, আর তার চেহারার পারিপাট্য—মুগ্ধ করেছে ক্রিসতফকে। আর ক্রিসতফের তুর্বার শক্তি আর স্বাধীনতার মোহে অটো অভিভূত। সমস্ত শাসনকে একটা সসন্মান নতি দেখাতেই অভ্যন্ত অটো, সেটাই তাদের বংশগত বিশেষত্ব। কিন্তু এখন সে এমন একজন সহচরের দেখা পেল যে প্রচলিত ব্যবস্থার বিধি-বন্ধন কিছুই মানতে চায় না। তার সে উদ্ধৃত অস্বাকৃতিতে কেমন একটা ভয়-মেশানো আনন্দের স্বাদ পাচ্ছে অটো । শহরের গণ্যমান্তাদের যথন সে সুরাসুরি উড়িয়ে দিচ্ছে, কিম্বা যখন নৃশংস উপহাস করছে গ্র্যাণ্ড ডিউককে. তখন অটোর রোমাঞ্হছেে রীতিমত। বন্ধর উপর এই ভাবটা কেমন কাজ করছে স্পষ্ট বুঝতে পারছে ক্রিসতফ, তাই তার এই কঠোর ভঙ্গিটা সে ইচ্ছে করে ধারালো করছে, মেজাজের ঝাঁজ বাডাছে। সামাজিক যত সংস্কার আর রাষ্ট্রের যত নিষেধ সব কিছু সে ভাঙছে টুকরো করে। সে যেন কোন অতীত যুগের হুমর্দ বিদ্রোহী। বেদনাহতের মত শোনে অটো, কিন্তু মনে মনে আনন্দিত হয়। মৃত্স্বরে তারও ইচ্ছে করে সে এই ধ্বংসম্ভোত্তে যোগ দেয়. কিন্তু ভয়ে-ভয়ে এদিক-ওদিক তাকায় কেউ হঠাৎ শুনে ফেলে কিনা।

চলতে চলতে যথনই খেতের ধারে কোনো বেডা দেখেছে, আর তার গায় দেখেছে ঝোলানো বিজ্ঞাপন: 'বেড়া ডিঙোনো নিষেধ'— তখনই একলাকে সে-বেড়া ডিঙিয়ে গিয়েছে ক্রিসতফ। অস্তের বাগানে ফল ধরেছে, দেয়াল বেয়ে উঠে তাই পেড়ে আনো। অটোর সব সময়ই ভয়, পাছে কেউ দেখে ফেলে, কেউ ধরে ফেলে। কিন্তু নিজে না পারলেও এই সব উদ্ধত মনোভাব তার মনে একটি মধুর মাদকতা নিয়ে

আসে, বাডি ফিরে নিজেকে মনে করে যুদ্ধ-প্রত্যাগত বীরের মত। সাংঘাতিকভাবে ভক্তি করে ক্রিসতফকে। বন্ধর ইচ্ছাতেই সব সময়ে তার অপ্রতিবাদ সমর্থন—এই বাধ্যতার ভাবটিই তার বন্ধতায় একটি নিবিড়তা আনে। আনে একটি সমর্পণের মাধুর্য। কথন কি করতে হবে বা না হবে এ বিচার-বিবেচনাব ষম্মণা অটোর নয়। সমস্ত সিদ্ধান্ত, সমস্ত পরিকল্পনা ক্রিস্তকের। কোন দিন কোথায় কি করতে হবে, কি ভাবে ছক কাটতে হবে জীবনের, কী স্বপ্ন দেখতে হবে চোথ ভরে, এ নিয়ে তর্ক চলবে না, গবেষণা চলবে না। সব একা ক্রিসতফই ঠিক করবে। সমস্ত একা ক্রিসতফেরই দায়িত্ব। ঠিক করবে তার বাড়ির লোকদের ভবিদ্যৎ নয়, অটোরও নিজের ভবিদ্যৎ। উপায় নেই, অটো সায় দেয় চুপচাপ। কিন্তু তারও শুভিত হবাব কারণ ঘটে, যথন শোনে তারই টাকায় বিরাট একটা থিয়েটার তৈরি করবার মতলব করেছে ক্রিসতফ। সে-থিযেটারের সাজপাট কল-কোশল সব একা ক্রিসতফেবই ছছামত। শুধু টাকাটা অটোর।

কিন্তু মূথের, উপর প্রতিবাদ করো এমন তোমার সাধ্য কি! ক্রিসতফের কুদ্ধ, মত্ত কণ্ঠস্বরে ভয় লাগে অটোর। ক্রিসতফের দৃঢ় বিশ্বাস
হয়েছে অটোর পূর্বাধিকারী যে বিপুল বিত্ত সঞ্চয় করে গেছে তা এর চেয়ে
আর মহত্তর কাজে ব্যয় হতে পারে না। কিন্তু সে টাকার ব্যাপারে
অটোর নিজের কী ধারণা সে থোঁজে দরকার নেই ক্রিসতফের। তার
ইচ্ছা দ্বারা অটোর ইচ্ছা পরাস্ত হচ্ছে কিনা সে সন্দেহ লেশমাত্র তার
মনে জাগছে না। অন্তরে অন্তরে সে একজন নৃশংস দন্তা, ভেবেও
দেখছে না তার ইচ্ছার প্রতিকৃল হতে পারে অটোর ইচ্ছা! তার
মনের বিপরীত হতে পারে অটোর মন!

কিন্তু যদি একবার জানত, যদি একবার অটো প্রকাশ করত তার

মনের ইচ্ছাট, কা হলে কি করত ক্রিসতফ ? অনায়াসে তার ইচ্ছাকে অটোর ইচ্ছার কাছে হাসিমুখে বিসর্জন দিত। গুধু এইটুকু নয়, আরো অনেক কিছু সে আত্মত্যাগ করতে পারত! অটো একবার কিছু বললেই হয়। তার জন্তে কিছু করবার জন্তে, তার জন্তে কোনো,বিপদের ঝুঁকি নেবার জন্মে মরে যাচ্ছে ক্রিসতফ। ব্যাকুল হয়ে নিরন্তর স্থযোগ খুঁজছে তার বন্ধুতাকে একবার যাচাই করে প্রমাণিত করতে পারে কিনা। ষথন বেড়াতে বেরোয় হুজনে, সর্বক্ষণ আশা করে একটা বিপদ তাদের সামনে এসে দাঁড়াক, আর সে-বিপদের মুখে সে ঝাঁপিয়ে পড়ুক স্বচ্ছলে। অটোর জন্মে মৃত্যু বরণ করতে সে প্রস্তুত। আবার এদিকে তার জন্মে তার উদ্বেগেরও অন্ত নেই। এই বুঝি সে পড়ে গেল পা পিছলে, এই বুঝি কিছু লাগলো এসে তার গায়ে-পায়ে। জায়গায় জায়গায় হাত বাড়িয়ে দিয়ে ধরতে লাগল তাকে, সে যেন ছোট একটি খুকি। হয়তো এরি মধ্যে প্রান্ত হয়ে পড়েছে অটো, হয়তো ঝলসে গিয়েছে রোদে, কিমা কে জানে, হয়তো ঠাণ্ডা লেগেছে! গাছের নিচে যথন এসে বসে, ঠাণ্ডা হাওয়া দেয়, তখন নিজের কোট খুলে চাপিয়ে দেয় অটোর গায়ে। চলবার সময় অটোর ক্লোক সে নিজের হাতে বয়। যদি পারত, অটো-কেই সে বয়ে নিয়ে যেত। প্রেমিকের মত সে চোখ দিয়ে পান করে অটোকে। আর, সত্যি কথা বলতে গেলে, সে প্রেমেনা পড়েছে তো কি !

অথচ প্রেম কি, তা ক্রিস্তফ জানে না। এবং এ প্রেম কিনা তাই বা কে বলবে। তবু মাঝে মাঝে যথন তারা একত্র থাকে হজনে, কেমন একটা অদ্ভূত চাঞ্চল্য পেয়ে বসে ক্রিস্তফকে—পাইন-বনে তাদের প্রথম বন্ধুতার দিনে যেমন পেয়ে বসেছিল—আর বুকের রক্ত মুখের উপর এসে ছড়িয়ে পড়ে আচমকা, গাল হুটো জালা করে ওঠে। কেমন ভয় করে তার। তথন কি এক অজানা সহামুভূতিতে পরম্পর রিচ্ছির হয়ে যায় তারা, একের থেকে অন্তে ছুটে পালায়, একজনের অনেক পিছনে আরেকজন পড়ে থাকে। দূরে-দূরে বেড়ার গায়ে কালোজাম থোঁজার ভান করে। অথচ কি যে এমন করে তাদেরকে ন্যড়িয়ে দিছে, তাড়িয়ে দিছে, কেউ জানে না।

শুধু চিঠিতেই তাদের আবেগ উথলে-উথলে উঠে। তথন বাস্তব ঘটনার ঘা খাবার কোনো ভয় নেই, ভয় নেই আর অকারণ স্বপ্ন-ভলের। তথা আবেগে গীতিকাব্যের ভাষার তারা চিঠি লেখে— সপ্তাহে তিনবার না হলে হ্বার তো বটেই। তাদের দৈনন্দিন জীবনের ছোটখাটো ত্থ-হংথের খবর তাতে নেই, নেই বা আন্দেপাশের সাধারণ সামান্ত জিনিসের। গুরু-গঞ্জীর স্বরে জীবনের বৃহত্তর সমস্তার তারা সমাধান বাতলায়। সমস্তাটা যেমন গঞ্জীর সমাধানটা তেমনি নৈরাশুজনক। উৎসাহ শেষদিকে নেমে আসে অবসাদে। তা হলে কি হয়, একে অন্তকে সম্বোধন করে—"আমার আনন্দ, আমার আশা, আমার ভালো-বাসা, আমার আপনার জন।" তুমি আমার আত্মা—এ প্রয়োগটা অত্যন্ত বেশি চলে তাদের মধ্যে। তাদের বর্তমান জীবন বড় হুঃথী, তারই রঙিন বর্ণনায় ভাষা পদ্ধিল হয়ে ওঠে। বর্গর এত হুংথের মধ্যে আবার নিজে সে তার হুংথের বোঝা এনে চাপাচ্ছে—এই করুণ হতাশার স্বরটাই বড় বেশি উচ্চারিত।

"বদ্ধ," লেখে জাঁা-ক্রিসতফ: "তোমার জীবনে আমি আবার আমার হুঃখ নিয়ে আসি এ হুঃখের আর আমার অন্ত নেই। তুমি কট সইবে এ আমি সইতে পারব না কিছুতেই। এ কখনোই হতে পারবে না। এ কখনোই হতে দেবনা আমি।" (শেষ লাইনটার নিচে সে গভীর করে দাগিয়ে দিলে—এত জোর দিয়ে দিলে যে কাগজ প্রায় ছিঁড়ে

গেল।) "তুমিও যদি কট পাও তা হলে জীবনধারণের শক্তি আমি কোথায় সংগ্রহ করব ? তোমাকে ছাড়া আমার আর কোথাও স্থথ নেই। তুমি স্থা হও! ছঃথের সমস্ত বোঝার ভার আমি একলা বহন করব। আমাকৈ ভ্রে যেওনা। আমাকে ভালোবেসো। ভালোবাসা পাবার আমার এত কুধা জীবনে। এত প্রয়োজন! তোমার ভালোবাসা থেকে যে উত্তাপ সঞ্চারিত হয় তাতেই আমি সঞ্জীবিত হই। তুমি যদি জানতে, কেমন আমি কাঁপছি। আমার হৃদয়ের মধ্যে হাড়-কাঁপানো কনকনে শীত এসে বাসা নিয়েছে। তাই তোমার আত্মাকে আমি আলিক্ষন করি। তোমার উত্তাপ-উদ্বেল আ্যা।"

"আমার ভাবনা তোমার ভাবনাকে চুম্বন কবে।" উত্তর দেয় অটো।

"আমার তুই হাতে তোমার মুখখানি তুলে ধরি।" লেখে আবার ক্রিসতফ: "যা আমার ঠোঁট দিয়ে কখনো করিনি বা করব না তাই আমার সমস্ত জীবন সমস্ত অস্তিত্ব দিয়ে করি। তোমাকে ভালোবাসি আরু,তোমাকে চুমু খাই।"

অটো সন্দেহস্চক প্রশ্ন করে পাঠায়: "আমি যেমন তোমাকে ভালবাসি তুমি কি আমাকে তেমনি ভালোবাসো?"

"হা ঈশ্বর!" দীর্ঘনিশ্বাস ফেলে ক্রিসতফ: "তোমার মতন পারব কি করে ? তোমার চেয়ে দশ, একশো, হাজারগুণ বেশিই যে ভালো-বাসতে হয় আমাকে। আশ্চর্য। তুমি নিজে সেটা বোঝনা ? তোমার হুদয়ে কি করে সাড়া জাগাব আমাকে বলে দিতে প্যরো?"

"আমাদের কি অপরূপ বন্ধুত্ব!" আনন্দে বিভোর হয়ে যায় অটো:
"পৃথিবীর ইতিহাসে এমন কি আর ছটি হয়েছে? এ স্বপ্নের মত মধুর,
স্বপ্নের মত নতুন! হায়, যেন কোনো দিন না এ মিলিয়ে যায় শৃত্তে!

হায় এমন যদি কোনোদিন হয়, তুমি আর আমাকে ভালোবাসো না ?"

"তুমি কী অসম্ভব মূর্খ, ছে বন্ধু।" ক্রিস্তক থোঁচা মারে: "মাপ করো, তোমার এই ত্র্বল ভয়ে আমি চটে ষাচ্ছি। তুমি কি করে ন্মনে আনতে পারলে, তোমাকে আমি ভালোবাসব না একদিন! আমার পক্ষে বাঁচা মানেই তোমাকে ভালোবাসা। আমার ভালোবাসার সামনে মৃত্যু পঙ্গু। তুমি নিজে ইচ্ছে করে সে ভালোবাসাকে যদি নই করে দিতে চাও, তাহলেও তুমি তা পারবে না। যদি তুমি বিশ্বাস্ঘাতকতা করো, যদি আমার হৃদয় বিদীর্ণ করে দিয়ে যাও, আমি প্রসন্ধ মনে তোমাকে শুভেছা জানিয়েই মরব, তোমার প্রেমের মধুরতায় আমাকে তুমি পরিপূর্ণ করে দিয়েছ ব'লে। তাই, দ্বিধা-দক্ষের হ্বান নেই—্ভরকম কাপুরুষ সন্দেহ করে আমাকে উত্যক্ত কোরো না।"

হপ্তাথানেক পরে আবার লিখল ক্রিস্তফ:

"তিন দিন তোমার চিঠি নেই। আমার ভয় ধরেছে। আমাকে কি ভূলে গেলে? ভাবতেই গায়ের রক্ত গুকিয়ে আসছে। তেছাড়া আবার কি নিশ্চর্যই তাই। সেদিন দেখলুম আমার প্রতি তুমি কেমন উদাসীন। তুমি আর আমাকে ভালোবাসোনা। তুমি আমাকে ছেড়ে আর কোখাও চলে বাবার জন্মে উৎস্ক হয়েছ ! েশোনো! যদি আমাকে ভূলে বাও, যদি আমার প্রতি কৃতন্মতা করো, শোনো, আমি তোমাকে কুকুরের মতন গুলি করে মারব।"

"হে অন্তরবাসী বন্ধু, তুমি আমার উপর অবিচার করছ।" আর্তনাদ করে উঠল অটো: "আমার চোথে জল নিম্নে এসেছ। আমি নিশ্চয়ই এর যোগ্য ছিলুম না। কিন্তু যা তোমার খুশি তাই তুমি করতে পারে। আমাকে নিয়ে। আমার উপর তোমার অধণ্ড অধিকার। হৃদয় যদি ভেঙেও দাও তবু হয়তো একটি কণা কোথাও বেঁচে থাকবে বা অনস্তকাল তোমাকে ভালোবাসবে।"

হা ভগবান!" কেঁদে উঠল ক্রিস্তফ: "আমার বন্ধকে আমি কাঁদিয়েছি, আমাকে মারো, আমাকে জর্জর করো অপ্যানে, আমাকে তোমার পদাঘাতে চূর্ণ-বিচূর্ণ ক'রে দাও! আমি হতভাগ্য! নরকের কীট! তোমার ভালোবাসা পাবার আমি যোগ্য নই।"

খামের উপরে ঠিকানা লেখবার নতুন কায়দা তাদের—টিকিট লাগাবে হয়তো উণ্টো করে, নয়তো খামের নিচে একেবারে কোণ ঘেঁসে। আর-সকলের মাম্লি ঢঙের বাজে চিঠি তো এগুলি নয়। প্রেমের কত মধুর রহস্তে ভরা এ সব চিঠি!

গান শিথিয়ে ফেরবার পথে জ'।-ক্রিসতফ রাস্তায় একদিন দেখল আটোকে, তারই সমবয়সী এক ছেলের সক্ষে হাসতে-হাসতে কথা কইতেকইতে চলেছে। যেন অনেকদিনের মেশামেশি হুজনের মধ্যে। হঠাৎ বিবর্ণ হয়ে গেল ক্রিস্তফ। লুকিয়ে-লুকিয়ে তাদের অমুসরণ করতে লাগল যতক্ষণ না রাস্তার বাঁক খুরে মিলিয়ে গেল ওরা। ওরা দেখতে পায়নি তাকে। একা একা ফিরে চলল বাড়ি। যেন হর্ষের উপর দিয়ে চলে গেল একটা মেঘ। রোদের জগতে হঠাৎ অম্বকার।

পরদিন রবিবারে আবার ষথন তাদের দেখা হল ক্রিসতফ প্রথমেই কিছু বললে না। আধঘন্টা নীরবে হাঁটবার পর সে হঠাৎ রুদ্ধস্বরে বললে, "তোমাকে গত বুখবার দেখলুম ও-পাড়ায়—"

"ও়, হাা।" সংজ্ঞায় সাসচে হল অটো। "তুমি একা ছিলে না—" "না, আমার সঙ্গে একজন ছিল।"

ঢোক গিলল ক্রিসতফ। যেন কিছুই নয় এমনি হালকা হবার চেষ্টার বললে, "কে ও গ"

"সম্পর্কে আমার ভাই। ফ্রাঁজ।"

এক মুহূর্ত চুপ করে রইল ক্রিসতফ। বললে, ''কই আমাকে তার কথা বলোনি তো কোনোর্দিন!"

"বলিনি নাকি? রিন্বাশে ও থাকে।"

''প্রায়ই দেখা হয় তোমাদের ?"

"কর্থনো কথনো ও আসে এথানে, আমাদের বাড়িতে।"

"তুমিও যাও ওথানে মাঝে মাঝে? ওর সঙ্গে থাকো?"

"তা যাই মাঝে মাঝে।"

''তাই—'' একটা অক্ষুট দীৰ্ঘধাস ফেলল বুঝি ক্রিসতফ।

একটা পাথি গাছের ভালে ঠোকর মারছে—তারই দিকে আঙল দেখাল অটো। পাড়ল অন্ত কথা। আগের কথাটার মোড় ঘুরিয়ে দিলে।

মিনিট দশেক পরে ক্রিস্তফের মুখে আবার শোনা গেল সেই পুরোনো নালিশ:

"ওর সঙ্গে তোমার খুব ভাব ?"

''কার সঙ্গে ?'' জানে কার কথা বলছে তবু কথাটা এড়িয়ে খেতে চাইল অটো।

" তোমার সেই ভাইয়ের সঙ্গে ?"

''হাঁা, ভাব বৈ कि। কেন বলো তো ?"

" ना এমনি।"

সে ভাইকে অটোর বিশেষ পছন্দ নয়, কেননা সব সময় আজে-বাজে

ঠাট্টা করে সে বিরক্ত করে অটোকে। কিন্তু অন্তুত একটা তুর্দ্ধি হঠাৎ পেয়ে বসল তাকে। বললে, ''ভারি চমৎকার ছেলে ও।''

"কে ?'' মুখের দিকে তাকিযে রইল ক্রিস্তফ। কে, জানতে আর'তার বাকি নেই—তবু যেন জানেনা এমনি ভাব করল মুখের। "ফ্রাজ।"

ক্রিসতফ কি বলে তাই শোনবার জন্মে অপেক্ষা করে রইল আটো, কিন্তু ক্রিসতফ এমন ভাব করল যেন নামটা তার কানে ঢোকেনি। ছাজেল গাছ থেকে একটা ফেঁকডি কাটছে সে।

অটো বললে, ''বড মজার লোক ফ্রাজ। কত রাজ্যের গল্প যে জানে।''

অন্তমনম্বের মত শিস দিচ্ছে ক্রিস্তফ।

অটো আবার ঘা মারল: ''আর কী চালাকচোন্ত ছেলে! তা ছাডা একজন নামজাদা লোক।''

ক্রিসতফ ঘাড ঝাঁকাল। এমন একথানা ভাব—যেন, কি এসে যায় ও ছেলের থবরে। ও ছেলের থবরে তার কী মাথাবাথা।

তবু আবার থোঁচা মারবে অটো। তথন হঠাৎ ধমকে উঠল ক্রিসতফ। দূরে একটা জাযগা দেখিযে বললে, ''ও পর্যস্ত ছুটি এসো দুজনে। দেখি কে আগে ধেতে পারে—''

সমস্ত সন্ধেয় আর তারা ও-বিষয়ে কথা বললে না, সাবধান হয়ে গেল যেন ওকথায় না ছিটকে পডে। নির্জীব হয়ে পডল হজনে, একটা কৃত্রিম শিষ্টাচারের আশ্রয় নিয়ে। ক্রিসতকের পক্ষে এ ভাবটা বজায় রাথা ভীষণ কষ্টকর। গলায় তার কথা আটকে যাচ্ছে। চোথ আচ্ছন্ন হয়ে আসছে থেকে থেকে। শেষকালে আর সে সহু করতে পারল না। রাস্তার মাঝধানেই অটোর দিকে পিছন ফিরে তাকালো। এগিয়ে গিয়ে সজোরে তার হাত চেপে ধরল, আর বললে তথ আগুনের মত:

"শোনো অটো! আমি দেব না, দেব না তোমাকে ফ্রাঁজের সঙ্গে তাব করতে, কিছুতেই না। তুমি আমার একমাত্র বন্ধু, আমারকে ছাড়া আর কাউকে তুমি ভালোবাসবে, আমার চেয়ে বেশি ভালোবাসবে এ কিছুতেই বরদান্ত করতে পারব না আমি। কিছুতেই না। তুমি জানো, তুমিই আমার সর্বস্থ। তুমি পারো না, কিছুতেই পারো না আমাকে ছেড়ে থেতে। তুমি যদি আমাকে ছেড়ে চলে যাও, মৃত্যু ছাড়া আমার আর কেউই বন্ধু থাকবে না পৃথিবীতে। আমাকে যদি তুমি ছেড়ে যাও, আমি জানিনা আমি কী করব, কী করতে পারি! আমি আহাহত্যা করব, তার আগে খুন করব তোমাকে। না, অসম্ভব আমাকে মাপ করো অটো—"

ক্রিসতফের চোথ থেকে পড়তে লাগল জলের ফোঁটা।

এই শোকের সরলতায় অটোর ভিতরটা নড়ে-নড়ে উঠল, যেন একটু বা ভয় হল তার। তাড়াতাড়ি সে শপথ করে বসল জাঁ-ক্রিসতফের মত কাঁউকে সে ভালোবাসেনি, ভালোবাসবেও না জীবনে, ফ্রান্স তার কেউ নয়, কিছু নয়; আর ক্রিসতফ যদি বলে ফ্রান্সের সঙ্গে সে আর দেখা করবে না কোনোদিন।

অটোর এই সব কথা যেন মদিরার মত মনে হল ক্রিসতফের, ত্যার্তের মত সে পান করলে আকঠ। তার অসাড় হৃদয়ে যেন নবজীবনের ম্পান্দন এল। বুক ভরে সে নিশ্বাস নিল, হেসে উঠল উচ্ছসিত কল-শব্দে। প্রাণ ভরে ধল্যবাদ দিল অটোকে। এমন একটা নাটক করে বসল বলে তার লজ্জার এখন অবধি নেই, কিন্তু যাই বলো, হৃদয় থেকে। একটা প্রকাণ্ড পাথর নেমে গেছে। তৃজ্জনের মুখোমুখি দাঁড়াল তৃজ্জনে,

হাত ধরাধরি করে, তাকাল একে অন্তের চোথের দিকে। নড়ল না, সরল না, ঘুরল না—ঠায় দাঁড়িয়ে রইল তাকিয়ে। চোথে তাদের যেমন আনন্দ তেমনি হয়তো বা একটু লজ্জার ছোঁয়াচ। শুরুতার পর ফিরে পেল্ল আবার তাদের সেই পুরোনো লঘুতা, সেই পুরোনো স্ফূর্তি। আবার মিশে এক হয়ে গেল হুজনে।

কিন্তু এই শেষ আহ্বের শেষ দৃশু নয়। অটো বুঝতে পারল ক্রিসতফের উপর সে কতটা শক্তি ধরে, তার উপর তার কতটা প্রভাব। তাই সে শক্তির অভিচার করতে চাইল। সে জানত কোথায় ক্রিসতফের পায় যা, তাই তার বারে বারে লোভ হতে লাগলো সেথানে সে তার আঙুলের খোঁচা মারে। ক্রিসতফকে চটিয়ে দিয়ে তার যে বিশেষ আনন্দ তা নয়—বরং তাতে তার কটই হয় রীতিমত—কিন্তু এতে করে ক্রিসতফকে হঃথ দিয়ে সে তার শক্তির ঝাঁজটা আস্বাদ করতে চায়। এই একরকম একটা নেশা। আসলে অটো মন্দ নয়, তার প্রাণ একটি কোমলহুদ্য খুকির প্রাণ।

বতই কেননা শপথ করুক, দেখতে পাবে ফ্রাঁজের সঙ্গে বা অন্থ কোনো সঙ্গীর সঙ্গে বাছবদ্ধ হয়ে বেড়াতে চলেছে অটো। খুব হৈ-চৈ করছে তারা, হেসে-হেসে গড়িয়ে পড়ছে। আর সে হাসি তত হাসবার জভ্যে নয় যত দেখাবার জন্মে। এই নিয়ে জাঁ-ক্রিসতফ যখন তাকে তিরস্কার করতে এসেছে তখন গোড়ার দিকে মুখ টিলে হেসেছে অটো, ঠাটা করে উড়িয়ে দিতে চেয়েছে কথাটা। কিন্তু যখন দেখতে পেয়েছে চাউনি বদলে যাছে ক্রিসতফের, ঠোঁট কাঁপতে স্কুরু করেছে, তখনই ক্রান্থরে মধু আনতে হয়েছে, আবার প্রতিজ্ঞা করেছে আর সে এমন কাজ করবে না। কিন্তু পর দিনই আবার বন্ধু জুটিয়ে আবার তার সেই উচ্চ কর্পহাস্ত। ি নিদারুণ চিঠি লিখছে ক্রিসভফ:

শবিধাসঘাতক! তোমার মুখ যেন আর না দেখি। যেন তোমার কথা আর না কানে আসে। তোমাকে আমি চিনি না, জানি না, দেখিনি কোনোদিন। তোমাকে ও তোমার মত আর সুব কুকু হরর সর্বনাশ হোক।

প্রত্যান্তরে আদে অটোর একটি অশ্রুপূর্ণ কথা, কিংবা তার অমুরক্তির চিহ্নস্বরূপ একটি বা সামান্ত ফুল। অমনি অমুতাপে দগ্ধ হয়ে যায় ক্রিস্তফ, মধুরতার রুদে কল্ম সিক্ত করে আবার সে লেখে:

"হে আমার স্বর্গণ্ত, আমি নিশ্চয়ই পাগল হয়ে গিয়েছিলুম।
আমাব মুর্থতাকে মার্জনা করো। তৃমি অসাধারণ, সর্বোত্তম। তোমার
কনিষ্ঠ আঙলটির দাম গোটা একটা জাঁ ক্রিসতফের চেয়েও বেশি।
তোমার হাদয় অফুরস্ক স্বর্গ-স্নেহের ভাগুার। সজল চোথে তোমার
ফুলটিকে চুম্বন করি। সেই ফুলটির অভিষেক করি আমার হাদয়ে,
আমার হাদয়ের রক্তেন। ফুলটিকে বিদ্ধ করতে চাই আমার ধ্যনীতে,
মাতে ফুলের স্পর্শে আমার রক্তপাত হয়। যেন বৃঝি তোমার অপার
করণা, অপার মার্থ্য, আর আমার এই জ্বন্য মুর্থতা—"

কিন্তু, যে যাই বলুক, ক্রমে ক্রমে হজনে প্রান্ত হয়ে উঠতে লাগল। ছোটখাটো ঝগড়াই বলুতাকে বাঁচিয়ে রাথেঁ। অটো কেন তাকে বারেবারে এমনি মূর্থেব মত চটিয়ে দেয়, তারই জন্তে অটোর উপর রাগ ক্রিসতফের। না, অটোর দোষ কী! সে কেন অমন চটে যাবে অহ্রের মত! অটো নয়, তার ঐ আত্মরিক রাগই একমাত্র দায়ী। বলুতার পরীক্ষায় ডাক পড়েছিল তার, তার উৎত্বক ও আগক্ত হৃদয়ের, আর দাবি করেছিল তার কাছে তার অথও হৃদয়, তার সমস্ত স্তা তার অবিভক্ত ভক্তি। কিন্তু কী চমৎকার পরীক্ষাই সে দিল। বর্মেনিয়ে

এল কী চমৎকার উপহার! বন্ধুতার প্রত্যাশাই সে করে, নিঞ্চে সে দেখাতে পারল কোন বন্ধুতা!

তবু এই হয়তো ভেবেছিল ক্রিস্তফ সে যেমন বন্ধুর জন্ত আত্মতাগ করতে উৎস্কুক, বন্ধুও তেমনি করে বিসর্জন দেবে নিজেকে, নিজের সমস্ত অন্তিবকে। কিন্তু ক্রমশ সে উপলব্ধি করতে লাগল তার অনমনীয় চরিত্রের মাপেই এ পৃথিবী তৈরি হয় নি। হয়তো এমন জিনিসই সে প্রত্যাশা করেছে যা এ পৃথিবী দিতে পারে না, যা নেই আর কোনো লোকেরই তহবিলে। তথন নিজেকে মানিয়ে নিতে চাইল ক্রিস্তফ। নিজেকেই গে ধিকার দিতে লাগল, ভার মত এমন অহম্মন্ত লোক আর ছটি নেই ছ্নিয়ায়। বন্ধুর স্বাধীনতায় সে অনধিকার হস্তক্ষেপ করতে চায়, ভার সমস্ত স্নেহ সে একলাই একচেটে করে নেবে! মনে যতই কেন লাগুক না, বন্ধুকে গে ছেড়ে দেবে বন্ধন থেকে। যেখানে খুলি গে খুরে বেড়াক, যার সঙ্গে তার প্রাণ চায় সে মিশুক। অসম্মানের খুলো লাগুক তার নিজের গায়ে, সে অটোকে দস্তরমত পিড়াপিড়ি করতে লাগল যেন ফ্রাজকে সে তার কথা শুনে আর ভাছিল্য না করে। ভাকে ছেড়ে আর কারও সঙ্গে মিশে আনন্দের সন্ধান যদি সন্তিয় অটো পায়, ভাতেই ক্রিস্তফ আনন্দিত।

যেমন বললে ক্রিসতফ, তেমনি তাকে মাষ্ট্র করলে অটো। এই আশা পালনের মধ্যে ছিল কিছুটা হয়তো বিষেষের সংস্পর্শ। কেননা ষথনি সেই আজা অবিকল পালন করে অটো, ক্রিসতফ তথন অভিমান দেখিয়ে ক্লান্ত হয় না, ক্রোধে মারমুখো হয়ে ওঠে।

ষদি দরকার হত, তার পরিবর্তে অন্ত বন্ধু ধরার জ্বন্তে অটোকে অমায়াসে ক্ষমা করতে পারত ক্রিস্তফ। কিন্তু তার জ্বন্তে মিধ্যে কথা কেন ? সেই মিধ্যেটাই সহনাতীত। অটো আসলে মিধ্যাবাদী

নয়, নয় বা ভণ্ড, কিন্তু তার পক্ষে ঠিক ঠিক সত্য বলা তোতলার পক্ষে ঠিক ঠিক শব্দোচ্চারণ করার মতই ত্বরহ। যা সে বলে তা পুরোপুরি সত্যও নয়, পুরোপুরি মিধ্যেও নয় ! হয় স্বাভাবিক ভীরুতা নয় নিজের মনোভাবের অনিশ্চয়তার দক্ষন কখনো সে নির্দিষ্টক্রপে ক্লিছু বগতে পারে না। তার উত্তরগুলো ঝাপদা, অস্পষ্ট, আর তা ছাড়া, কেমন যেন সে একটা খোঁয়াটে রহস্তের পক্ষপাতী, একট বা গোপন ফিসফিসানির। এতেই বেশি করে রাগ ধরে ক্রিসতফের। যথন এমনি চালাকি করতে গিয়ে ধরা পড়ে যায় অটো, আর এগব ছলনা বন্ধতার নীতিশাল্পে দম্ভরমতো অপরাধ, তখন সরাসরি দোষ স্বীকার ना करत छेन्टि यक नव व्यायार् शह (পড़ে वरन। व्याद्यातायकान्टनत যত সব পঙ্গু ওজুহাত। একদিন ক্রিসতফ গুরুতর চটে গিয়ে সটান মেরে বসল অটোকে। ভেবেছিল এইখানেই চিরকালের মত পড়ে যাবে যবনিকা, এই ওল্কভোর আর ক্ষমা মিলবে না। কিন্তু, না, কভক্ষণ मूथ जात करत रायक चारता रामत किरत थन खिरिखिर, राम किছूरे चरतेन সংসারে। ক্রিসতফের এই আঘাতের বিনিময়ে তার বিন্দুমাত্র ক্ষোভ নেই—তাতে অসম্ভোষের স্পর্শ না থেকে বরং যেন কোথায় একট মাধুর্য লেগে আছে! তবু ভার এসৰ ছলনায় ক্রিসভফ যে কেন নিজেকে প্রবঞ্চিত মনে করবে, কিছুতেই ভেবে পায় না অটো। তার মিপ্যা তার, তাতে ক্রিসতফের কী। নিজেকে ক্রিসতফের চেয়ে তার অনেক বড মনে হয়, মনে মনে অমুকম্পা করে সে ক্রিসভফকে। আর মার খেয়ে নি:শঙ্কে কেন হজম করবে অটো, কেন উলটে প্রতিঘাত করবে না, এতে ক্রিসভফও ফণা উ চিয়ে পাকে।

সেই প্রথম দিনের দৃষ্টিতে পরস্পারকে আর ভারা দ্বেথে না আজকাল। ভাদের দোব ফ্রটি বেরিয়ে পড়েছে দিনের আলোতে।

আটোর চোথে জা-ক্রিসভফের সেই স্বাধীনতার দীপ্তিটি আর রমণীয় নয়। যথন এক সঙ্গে তারা বেড়ায়, ক্রিসতফের মত এমন ক্লান্তিকর সহচর আর দ্বিতীয় আছে বলে মনে হয় ন।। শালীনতা বা সমীচীনতার দিকে তার এতটুকু নজর নেই। সর্বত্র একটা উচ্ছুম্মলতার ভাব। (यमन शूनि (म (भाषाक भारत, कथाना ता हुँएए एकटन एम काहे, কথনো বা ওয়েফ-কোটের বোতামগুলো গুলে রাথে। কথনো বা কলারের বোতাম আটকায় না, গুটিয়ে নেয় শার্টেব হাতা, লাঠির তলায টুপি ঝুলিয়ে চলে। আর চলে হাওয়াতে বুক চিতিয়ে। যথন চলে হাত হুটো বেজায় দোলায়, শিদ দেয়, গলা ছেডে গান ধবে বলে। অসম্ভব প্রাগালভতার সারা মুখ লাল হয়ে যায়, ঘামে আর ধুলোয় একাকার হয়ে ওঠে। হাট থেকে ফিরছে কোন এক গেঁয়ো চাষা এমনি মনে হয় ক্রিসতফকে। অভিজাত অটো সারা শরীরে কুণ্ডিত হয়ে যায়—এমন জংলির কিনা সে সঙ্গী। লোকে দেখতে পেলে কি ভাবতে না জানি তাকে। একটা গাড়ি-টাড়ি আসছে দেখলে আলগোছে সে পেছিয়ে ' পড়ে—প্রায় দশ বারো পা সরে যায়—যাতে এই ধারণা হয় সে একা একা বেড়াতে চলেছে, তার কোনো সঙ্গী-সহচব নেই।

ফিরতি পথে হয় কোনো সরাই নয় কোনো ট্রেনের কামরায় যখন তারা বসে তথন অনর্গল কথা বলা চাই ক্রিসতফের। সে অবস্থাটাও কম বিরক্তিকর নয়। আর, কথা বলবেও তারস্বরে, যা মুথে আসবে তাই, যা মুথে না আসবে তাও। এমন একটা মেলামেশার ভাব দেখাবে অটোর সঙ্গে, অটো মুষড়ে পড়ে। যারা সমাজে-সংসারে নামজাদা তাদের সম্বন্ধে উচ্ছ্ অলের মতো মতামত দেবে ক্রিসতফ। এমন কি ছু-চার হাত দুরে যারা বসে আছে তাদের চেহারার স্মালোচনা করবে। নয়তো বাড়ির পেরস্তালির কথা কিহা নিজের

ব্যক্তিগত খাছের কথা পাড়বে। এত খুঁটিনাটিতে চুকবে যে মেজাজ বিষিয়ে দেবে। কতবার চোথ পাকিয়ে ঠোঁট কামড়ে শাসিয়েছে আটো, কিন্তু বুধা, ক্রিসতফকে দমানো অসম্ভব! ও সব ইশারা লক্ষ্যই করেনা ক্রিসতফ, ধর্তব্যের মধ্যেই আনে না; একা এলেও যেমনি সঙ্গে বন্ধু থাকলেও তথৈবচ। আশে-পাশের প্রতিবাসীরা হাসে আর অটোর মাটিতে মিশে যেতে ইচ্ছে করে। ধারণা করে ক্রিসতফ স্থল, বর্বর—ভেবে পায়না এ লোকের সঙ্গে-সান্নিধ্যে সে আপে-আগে আনন্দ পেত কি করে!

সব চেয়ে গুরুতর হচ্ছে কোনো বিধি-বন্ধনেরই ধার ধারে না ক্রিসতফ। বেড়াই হোক আর রেলিংই হোক, দেয়ালই হোক আর ঘেরা জায়গাই হোক, সে তা জার করে অতিক্রম করে যাবেই। কোনো নিষেধকে সে মান্ত করে না, গ্রাহ্য করে না শাসন বা জরিমানার ভয়কে। যা কিছু তার মৃক্তিকে ধর্ব করে সঙ্কৃতিত করে তারই উপর সে ধড়াইগু। যা কিছু ব্যক্তিগত সম্পত্তিকে স্বার্থপর ভোগের জাতে মর্রকিত রাধতে চায় তারই বিরুদ্ধে তার বিদ্রোহ। প্রতি মুহুর্জে অধিকতর ভবের মধ্যে গিয়ে বাসাবাধছে অটো। তার সমস্ত প্রতিবাদ ভূচ্ছ হয়ে যাছে। তার শাসন-শোধনেব দাম নেই কানাকড়ি। শুধু একটা বাহবার নেশায় এমনি ভেসে পড়েছে ক্রিসতক।

একদিন বাড়ি ফিরছে কুজনে, ক্রিসতফের পিছনে অটো, পথের পালে পড়ল কার একটা বাগান। দেয়াল দিয়ে ঘেরা, মাধায় ভাঙাকাচের টুকরো বসানো। যেহেতু তীক্ষ নিষেধ রয়েছে উ চিয়ে, সেদ্য়াল উত্তীর্ণ হতেই হবে ক্রিসতফকে। অটোকেও পার করিয়ে নিতে হবে। কিন্তু পড় ভো পড়, একেবারে বাগানের মালীর মুখোমুখি গিয়ে পড়ল। তেড়ে এল মালী, গালাগালের গোলাগুলি বর্ষণ করতে

লাগল অজ্জ । পাকড়াও করলে ওদেরকে, অটোকে রাধলে প্লিশে দেবার ভয় দেখিয়ে। তারপর, শেষ পর্যস্ত, ঘাড় ধাকা দিয়ে বার করে দিলে। এই অপমানটা অটোর কাছে খুব সন্তোগ্য বলে মনে হয়নি আগাগোড়া। তার ভয় হয়েছে, জেলই তার হয়ে পেল বুঝি, চোধ দিয়ে জল বেরিয়ে এল তার। বোকার মতন কৈফিয়ৎ দিতে লাগল, ভূল করে সে চুকে পড়েছে, কোধায় যাচছেনা জেনে অক্ষের মত অমুগরণ করেছে ক্রিসভফকে। তার কোনো দোষ নেই।

তারপর যথন নিরাপদ জায়গায় এসে পৌছল ছু'জনে, আনন্দে আয়ন্ত না হয়ে রাগে বিষিয়ে উঠল অটো। ক্রিনতফকে তর্জন করে উঠল। তোমারই জ্বন্থে আমার এই অকারণ লাঞ্না। তুমিই আমাকে শুধু শুধু এই বিপদের মধ্যে ঠেলে দিলে। ক্রিনতফ তার দিকে ক্রন্ধ কটাক্ষ করলে। বললে, "মিনিমুখো!"

চলল কথা-কাটাকাটি। যদি বাড়ি ফেরবার পথ জানা থাকত আটোর, সে সরে পড়ত সরাসরি। উপায় নেই, সঙ্গ নিতেই হবে ক্রিসতফের। কিন্তু এমন ভাবে চলতে লাগল ত্জনে, যেন কেউ কারু সঙ্গে যাড়ে না।

একটা ঝড় উঠবে মনে হচ্ছে। এতক্ষণের রাগারাগির মধ্যে হ্জনে কেউ লক্ষ্য করে নি এই ঘোরঘটা। পতক্ষের গুঞ্জনে মুধ্র হয়ে উঠেছে দিশপাশ। হঠাৎ চারদিক কেমন স্তম্ভিত হয়ে গেছে। একটা গন্তীর স্তব্ধতায় তারা সজাগ হয়ে উঠল। উপরের দিকে তাকাল চোথ তুলে। দেখল সমস্ত আকাশ কাজলের মত কালো হয়ে গেছে, তাল-তাল ভারী মেঘে সমস্ত আকাশ আচ্ছন্ন, আনম্র। নানা দিক ছুটোছুটি করছে মেঘের বাহিনী, যুদ্ধলিপ্ত সৈগুবাহিনীর মত। আকাশের কোন অদৃশ্র বিন্টি এখনো শৃষ্ঠ আছে, শুল্র আছে, তারই

দিকে যেন তাদের একাগ্র লক্ষ্য। কোথাও একটুকু শাদার আঁশ থাকতে দেওয়া হবে না, অথও আকাশকে কালোয় কালো করে তুলতে হবে। অটোর ভয় করে উঠল। কিন্তু উপায় নেই সে-ভয়ের সংবাদ জানায় ক্রিসতফকে। আর ক্রিসতফ ? সে যেন কিছুতেই লক্ষ্য করছে না। এ সব দেখে তার ভয় পাবার বা বিচলিত হবার কি হয়েছে ? তার চোথে মুখে নির্মম একটা উপেক্ষার উৎসাহ। হয়তো বা আতভায়ীর আনন্দ।

কিন্তু, কথা কেউ কিছু না বলুক, তারা অন্তাহ্য একে অন্তের কাছে সরে এল আন্তে-আন্তে। এই বিস্তীর্ণ মাঠের মধ্যে তারা ছাড়া আর কেউ নেই, নেই কোথাও আরেকটা মাছুবের ছিটেকোঁটা। অনড় জনতা চারদিকে। বাতাসে এতটুকু চাঞ্চল্য নেই, গাছের একটা কচি পাতাও কাঁপছে না মৃত্-মৃত্। জন্নতপ্ত খালরোধ করে সমস্ত প্রকৃতি যেন ধ্যানে বসেছে।

হঠাৎ ধুলো উড়িয়ে বাতাদের একটা ঘূর্ণি উঠল, হুলে উঠল গাছের ডালপালা, হেলে পড়ল হাওয়ায় চাবুক থেয়ে। কতক্ষণ পরে আবাব নামল সেই অনড় শুরুতা, প্রকৃতি আবার বসল খাসরোধ করে। আগের চেয়েও ভয়কর সেই নৈঃশক্য, ভয়কর সেই রোধ-সমাধি।

অটোর গলা কেঁপে উঠল। বললে, 'ঝড় আসছে। তাড়াতাড়ি বাড়ি ফেরা উচিত আমাদের।'

'তাই তো যাঞ্চি।' বললে ক্রিসতফ।

কিন্তু, দেরি হরে গেছে অনেক। চোধ-ধাধানো বিছ্যুৎ ঝলসে উঠল, গর্জে উঠল আকাশের সেনানীরা, গড়িরে যেতে লাগলো মেঘের তরঙ্গমালা। চকিতে নেমে এল দীর্ঘধারা তীক্ষ বৃষ্টি। প্রমৃত্ত ঝড় ঝাপিয়ে পড়ল ছ্জনের উপর, বেষ্টন করে ধরল, বিছ্যুতের কশায় চমকে-

চমকে উঠল, বজের গর্জনে চূর্ণ-বিচূর্ণ হতে লাগল। আর ঘনবর্ষণের অকার্পণ্যে ভিত্তে গেল আপাদমন্তক। একটা পরিত্যক্ত মাঠের মধ্যে পড়ে আছে তারা, নিকটতম বে বাড়ি তা তাদের থেকে আধঘণ্টার পর্থ। অন্দকার চিবে চিবে বিহ্যাতের দ্রংষ্টা, জ্বলের মধ্যে আগুনের হলকা—কুজনে অসম্ভবের আতক্ষে অভিভূত হয়ে পড়ল। চেষ্টা করল ছুটতে, কিন্তু ভিজে জামা-কাপড় গায়ের দর্ফে লেপটে রয়েছে, সহজে হাঁটবারও আর জ্বো নেই। জুতো থেকে পা হড়কে-হড়কে যাচ্ছে— জুতো তো নয় ঢোল ! সমস্ত গা বেয়ে বহু রেথায় গড়িয়ে পড়ছে জলের ধারা। নিশ্বাস নিতে পর্যন্ত কন্ত হচ্ছে। দাঁতে দাঁতে খটাখট শ্বক হয়েছে অটোর, রাগে পে তুর্বার হয়ে উঠেছে। আর, সমস্ত রাগ এই হঠকারী ক্রিসতফের উপর। দংশনের মত তীক্ষ্ব তিরস্কার করছে সে ক্রিসতফকে। বলছে, আর এগোবনা আমি। যা হবার তা হোক, এই এখানে বদে পড়লাম। এই ভাবে কি করে এগুনো যায় ? চষা মাঠের মাঝখানে ভিজে মাটির উপর দে গা ঢেলে ঘমিয়ে পড়বে। কোনো জবাব দিচ্ছে না ক্রিসভফ। সে সমানে হেঁটে চলেছে। বিহ্যাৎ আর বৃষ্টি যতই তার দৃষ্টি অন্ধ করে দিক, যতই বজ্র তাকে শাসন করুক, তবু সে বিরত হবে না কিছুতেই। কাজটা একটু কঠিন সন্দেহ নেই, কিন্ত স্বীকার করতে রাজি নয় ক্রিসভফ।

আবার, তক্ষ্নি, হঠাৎ সব শেষ হয়ে গেল। কী অপূর্ব সেই ক্ষান্তি!
যেমন আকস্মিক এসেছিল তেমনি চলে গেল আচমকা। কিন্তু ছেলে
ছুটোর দিকে তাকানো যায় না, তাদের অবস্থা এমন করুণ! আহা,
ক্রিসভফের পোশাকের আবার কী উনিশ-বিশ হবে! আগেতেও
যেমন্ ছুরছাড়া ছিল এখনো প্রায় তেমনি। কিন্তু অটো, যে কিনা এভ
ছিমছাম এত ফিটকাট, পোষাক-আসাক সম্বন্ধে যার এত খুঁত্বুত্নি,

তার বড় নাজেহাল চেহারা। যেন পোশাক-পরা অবস্থায়ই সে স্নান করে এসেছে বাধরুম থেকে। আর যতই যুরে যুরে তাকে দেখে ততই হেসে ওঠে ক্রিসতফ। হাসতে হাসতে লুটিয়ে পড়ে। কী চমৎকার ছিরি হয়েছে বন্ধুবরের!

এত ক্লান্ত অটো যে রাগ করবার তার ক্ষমতা নেই। কি হল কে জানে, ক্রিসতফের কেমন করুণা হল, ফুল্ল মনে হালকা স্থরে কথা বলা স্থ্যুক্ত করলে। চোথের দৃষ্টির ঝাঁজটা তবু মুছে দিতে পারছে না অটো। একটা ফার্মেব কাছে এসে ক্রিসতফ দাঁড করাল অটোকে। প্রকাণ্ড একটা জলস্ত চুল্লীর কাছে বসে তারা জামা-কাপড় শুকিরে নিলে, গরম মদ থেলে থানিকটা। এ চুর্দৈব ঘটনাটা ক্রিসতফের কাছে একটা মজার ব্যাপাব, হেসেই সেটাকে সে উডিয়ে দিতে চায়। কিছ্র অটোর কাছে নোটেই সেটা থেযালী হাওয়ায় উড়িয়ে দেবার মত লঘু নয়, এ সব তার ক্রচিব বাইরে। তাই সে বিষয় হয়ে রইল, রইল নিঃশম্ম হয়ে। বাকি রাজাটা শুনোট হয়ে রইল। ভার-ভার মুথে এতটুকু হাসি ফুটল না কাফ। বিদায় নেবার আগে পরস্পরের করস্পর্শ করলে না।

তারপর এক সপ্তাহের বেশি তাদের সাক্ষাৎ নেই। একে অক্টের
সম্বন্ধে ধারণা বদলাতে হল ছজনকে। কিন্তু এক রবিবারের বিচ্ছেদের
পরই তারা এত প্রান্ত হরে পড়ল যে রাগের জ্ঞালা মিলিয়ে গেল—
অক্তকে শান্তি দিতে গিয়ে দেখল যে নিজেই শান্তি নিয়েছে। যেমন
হয়ে থাকে, ক্রিসতফই আগে এগিয়ে এল। বাড়িয়ে দিল হাত। সে
হাত ধরবার জক্তে আগ্রহ দেখাল অটো। আর অমনি ফের ভাব হয়ে
গেল ছ্জনের। অবনিবনা সন্তেও, সাধ্য নেই এ ওকে ছেড়ে থাকতে
পারে। তারা ছ্জনেই সমান দোষী, ছ্জনেই তারা সমান আত্মসচেতন। কিন্তু তাদের এই সচেতনাটা সরলতারই নামান্তর—এর

মধ্যে স্বার্থবৃদ্ধির পকতা নেই। সে-সচেতনতা নিজের সম্বন্ধেই সচেতন নয়। বাইরে যতই তা প্রথর-মুধ্র হোক অস্তবে স্বচ্ছ একটি স্নেহের উন্মুখতা জাগিয়ে রাধে।

· বালিশে মুথ ঢেকে कांट्र चाटो। निष्क्रक निष्क रम शह भानाम মনে মনে। ভাবে সে একজন সাহসী বীর, আর তার উপর ক্রিসতক্ষের অথও ভক্তি, অবিচল বিশ্বাস। যেন কোনো বিপদে পড়েছে ক্রিশতফ, আর সে সাহসের সঙ্গে তেজের সঙ্গে বীর্ঘের সঙ্গে ক্রিসতফকে রক্ষা করছে, উদ্ধার করছে। যেন তার প্রতি পূজায় আর প্রশংসায় ক্রিসতফ অবনম্র। আর এদিকে জাঁ ক্রিসতফ যধনই যা কিছু স্থন্দর বা আশ্চর্য জিনিস দেখছে বা তার কণা শুনছে অমনি বলে উঠছে: "যদি এ সময় অটো এখানে পাকত।" যেন জীবনের মধ্যে অটোর মৃতি সে স্থাপন করে অহোরাত্র তাই বয়ে নিয়ে বেড়াচ্ছে, সে মৃতি এত কোমল আর মনোরম, সমস্ত রাগ আর অফুকম্পা সত্ত্বেও, তাতেই সে মশগুল হয়ে পাকছে। কবে কখন কি একটা কথা বলেছে অটো, ভাই মনের মধ্যে লেগে আছে, তাইতেই একটু কারিকুরি করছে ক্রিসভফ আর তথুনি তার বুকের ভিতরটা কেঁপে কেঁপে উঠছে। 'একে অন্তেকে অমুকরণ করছে, একে অঞ্জের কাছে প্রিয়তর হবার জ্বন্থে। জা-ক্রিস্তফের হাবভাব, অঙ্গভঙ্গি, হাতের দেখা সব নকল করছে অটো। আর ক্রিস্তফ ? অটোর মুখে নিজের কণার প্রতিধ্বনি দেখে বিরক্ত হয়ে উঠছে, কিন্তু এমন ভাবে আবার নিঞ্জের ভাব পরিবেশন করছে যা অটোরই প্রতিজ্ঞায়া। নিজে সে লক্ষ্য করছে না কি করে সে আবার चारितक नकम कतरह। (भागांक भन्नतह चारित शतरन, चारित शतरन হাঁটছে, শব্দের উচ্চারণ করছে।

একটা মোহের আবেশে আছে তারা। একে অন্তের ভিতর

সঞ্চারিত হয়ে আছে। স্নেহে আর কোমলতার উবেল হয়ে উঠেছে ফানেরের পেরালা। চারদিকে ছড়িয়ে পড়ছে ফোয়ারার মত। এ আনন্দের কারণ ক্রিসভফ, ভাবছে অটো। আর ক্রিসভফ ভাবছে এ আনন্দের স্প্তিরুর্তা অটো ছাড়া আর কে।

কেউই তারা জানে না। এ তাদের কৈশোরের প্রথম অরুণোদয়।

কাগজ-পত্র খুলে মেলে রাথে ক্রিসতফ, কেউই তাকে নিয়ে মাথা
ঘামায় না। অটোকে যে সে চিঠি লেখে তার সে নকল রাখে। সে
নকল আর অটোর উত্তরগুলো একসঙ্গে সাজিয়ে রেখেছে পর-পর।
কিন্তু তালা বন্ধ করে রাখেনি। তার এক স্থরলিপির খাতার ভাঁজে
ল্কিয়ে রেখেছিল। নিশ্চিম্ব ছিল কাক্ষ চোখ যাবে না ঐ পৃষ্ঠার
অন্তর্গালে। ভূল ভেবেছিল। তার ভাইয়েদের হিংসের কথা সে
আনেনি হিসেবে।

করেকদিন ধরেই দেবছে, ভাইয়েরা তাকে দেখে ফিসফিস করছে, হাসাহাসি করছে। এ ওকে লক্ষ্য করে বক্তৃতার মতন কি বলছে, আর অট্টহাসিতে ফেটে পড়ছে। কথাগুলো ঠিক মত ধরতে পারছে না ক্রিসতক্ষ—আর ওদের সহজে যা ওর চিরাচরিত কৌশল—সম্পূর্ণ উপেক্ষা ও অবজ্ঞা করে যাছে। কি ওরা বলে বা করে তাতে বিন্দুমাত্র কৌতূহল দেখাতেও ক্রিসতক্ষ রাজি নয়। কিন্তু হঠাৎ এমন কতগুলো কথা তার কানে লাগল যেন অত্যন্ত চেনা-চেনা মনে হল। কথাগুলো যেন তারই নির্জন মনের বাসিন্দা। ক্রিসতক্ষের আর সন্দেহ রইল না, ওরা চিঠিগুলো পড়েছে। "আমার প্রাণ", "আমার প্রিয় আত্মা",—এ বলে আর্নেন্ট আর ক্রডোলফ পরস্পরকে সন্থোধন করছে। ওসব কি বলছিস রে তোরা? আগ্রহের ভান দেখিয়ে জানতে চাইল ক্রিসতক।

ওরা মুখ খুললে না। যেন কিছুই বুঝছে না এমনি বোকার মত মুখ করে চেয়ের রইল ভাই হুটো। পরে বললে, যা খুলি আমরা এ ওকে বলে ডাকব, তোমার কী । একবার লুকিয়ে চিঠির তাড়াটা দেখে এল ক্রিস্তাইন। না, সব ঠিক আছে। তাই ও নিয়ে, আর সে মাথা বামাল না।

কিন্ত কয়েকদিন বাদেই একদিন আর্নেইকে ধবে ফেলল ক্রিসভফ। চুরি করছে আর্নেষ্ট। টেবিলের যে টানার মধ্যে লুইসা পয়সা বাবে ভাই ঘাঁটাঘাঁটি করছে। পিছন থেকে তাকে ধরে ফেলল ক্রিসভফ, কাঁধ ধরে ঝাঁকুনি দিতে লাগল। এই অ্যোগ—এইবার বল্ আমার मश्रक की তোরা জেনেছিল, कि তোরা বলাবলি করিল। আর্নেষ্টের অপরাধের ফিরিভি দিতে অরু করে ক্রিসতফ, কোথায় ও কীগে হুন্ধর্ম করেছে। সে ফিরিভি খুব ছোট নয়। এ সব কভাতি করার তার কোনো অধিকার নেই, সে নিজের চরকায় তেল দিকগে—ঘাড় ত্যাড়া करत मूथ दर्गकरत्र योखिरत्र अर्छ चार्निष्ट। छात्रभरत चामम ग्राभात्रहे। বলে ফেলে। খোলাখুলি বলে না, যা বলা উচিত নয় তাই একটা ইঙ্গিত করে বলে। আর দে ইঙ্গিত তার সঙ্গে অটোর বন্ধুত্ব নিয়ে। প্রথমটা কিছুই ঠাহর করতে পারে না ক্রিসতফ। পরে বোঝে, তাদের ঝগড়ার মধ্যে অকারণে অটোকে টেনে আনছে, অটোকে অপমান করবার জন্মে। তার মানে কী ? অটোর কথা এখানে আসে কোথেকে ? কৈফিয়ৎ দাবি করে ক্রিসতফ। মুখ টিপে হাসে আর্নেষ্ট। কিন্তু ষধন দেধল ক্রিসভফ রাগে শাদা হয়ে গেছে, তখন আর টু শক্টিও করতে চাইল না। ক্রিস্তফ বুঝল এ ভাবে **क्वारमा कथारे** ज्यामात्र कता यात्व ना । इहए पिरा वर्ग अपन क्रारत । চোথে মুথে কদর্ব খুণার ভাব ফুটিয়ে একবার তাকাল আর্নেষ্টের দিকে,

সে দৃষ্টির আঁচ লেগে আর্নেষ্টের সর্বাঙ্গ আলা করে উঠল। আবার উত্তত হয়ে উঠল, ক্রিসভফকে আহত করার উদ্দেশ্তে আৰার ত্রফ করল গালাগাল। মুখন্ত করা মন্ত্রের মত অনর্গল। আগে ঘেটা বলে পরেরটা তার চেয়েও কঠিন, তার চেয়েও জঘ্য। 🖦 হাতে লাগাম ধরে নিজেকে সংযত রেখেছে ক্রিসভফ। দেখা যাক কদ্র যায়। কিন্তু শেষ পর্যন্ত আর সে নিজেকে ধরে রাখতে পারল না। চোখের সামনে সে সর্বনাশের আগুন দেখলে। চেয়ার পেকে লাফিয়ে উঠল, ঝাঁপিয়ে পড়ল আর্নেষ্টের উপর। একটা আওয়াজ করবার পর্যন্ত সময় পেল না আর্নেষ্ট। আর্নেষ্টকে নিয়ে ক্রিসভফ তালগোল পাকিছে মেনের উপর গড়িয়ে পড়ল, তার চুলের ঝুঁটি ধরে মাথাটা সজোরে ঠকে দিতে লাগল মেঝেতে। বল, আর বলবি, মুখে আনবি ওসব क्या ? व्यागभग ही श्कात करत छे ठेन चार्स है, हुट अन न्हेंगा, हुट अन মেলশিয়র, ছুটে এল যে যেখানে ছিল যত বাড়ির লোক। সবাই হাত লাগিয়ে ছিনিয়ে নিল আর্নেষ্টকে। তবু শিকারের থেকে হাত ছাড়বে না ক্রিসতফ। সবাই তাকে বলে উঠল, বহা জানোয়ার কোথাকার। সতিাই তাই সে আজ, তাই এখন তাকে দেখতে হয়েছে অবিকল। কোটর থেকে চোথ ছটো যেন ছুটে বেরিয়ে আগছে, শোনা যাচে দাঁতে দাঁত ঘষার কর্মশ শব্দ। আবার কি করে ছুই হাতে ঝাঁপিরে পড়তে পারবে শিকারের উপর এই তখন তার একমাত্র চিন্তা। কি হয়েছে ? হল কি ? সবাই জিগগেস করতে লাগল ক্রিসভফকে। যতই সেই প্রশ্ন শোনে ততই ক্রিসতফ অলে-অলে ওঠে। বলে, আমি ওকে খুন করব। ওকে খুন না করে আমি ছাড়ব না। তথন স্বাই चार्तिष्टेरक क्षिग्रंगन करत, कूरे-रे नन ना, कि रम, क्म वरे मात्रा-माति ? चार्निष्टेख निकुष।

ক্রিসত্দের থাওয়া নেই, ঘুম নেই। জারে কাঁপছে তার সর্বাল, বিছানায় গুয়ে সে তাসছে চোথের জলে। গুধু আটো—আটোর জল্পে তার এই লাগ্রনা, এত কটা তার ভিতরে একটা বিদ্রোহ ধ্মায়িত হর্টের উঠিকছ। কি সাংঘাতিক ভাবে দাদাকে জথম করতে পেরেছে আর্নেষ্টের বিন্দুমাত্র ধারণা নেই। যা অসত্য ও অসরল, গোপন অন্ধকারে যার বাস—তারই উপর থজাহন্ত ক্রিসতফ। তার এই বিরুদ্ধতা তার মজ্জার সঙ্গে মিশে রয়েছে। তার পনেরো বছরের জীবন যেন একটা নীতির উপর ভিত গেড়ে দাঁড়িয়ে। এই পনেরো বছর বয়সেও তার বিয়য়কর সারল্য। স্বভাবের গুলতা আর বিরতিহীন পবিত্রতাই তাকে বাঁচিয়ে রেখেছে সর্বক্ষণ। কিন্তু এখন, এই আর্নেষ্টের কথায়. সে যেন চোথের সামনে একটা বিরাট কালো গহরর দেখতে পেল।

একটা নয়, অসংখ্য। নিন্দা আর সন্দেহ, কলক আর কদর্যতা। কাছে এগোতে সাহস হয় না, দূর থেকে আভাসে যেটুকু বোঝা যায় তাইতেই নিদারুণ। ভালোবেসে বা ভালোবাসা পেয়ে আর আনন্দ নেই ক্রিসতফের। ওধু অটোর সঙ্গে বরুস্বটাই নয়, বরু হবার বৃত্তিটাই যেন বিষাক্ত হয়ে গেল।

শহরের শোকগুলি যেন তার দিকে কি রকম একটা বিশ্রী কোতৃহল নিয়ে তাকাছে—কেউ কেউ বা তাকে নিয়ে যেন বিরুত ব্যক্ত-বিজ্ঞপ করতেও ছাড়ছে না। প্রত্যক্ষ কিছু বুঝতে পারছে না ক্রিস্তফ। তবু সন্দেহের থোঁচায় নিজেই বিক্ষত করছে নিজেকে। তারপর মেল-শিয়র তো সেদিন তার অটোকে নিয়ে একত্র বেড়ানোর কথাটা স্পষ্ট উল্লেখই করৈ বসল। হয়তো সে প্রশ্নের পিছনে কোনো ইন্দিত ছিল না, কিন্তু সব কিছুতেই একটা লুকানো অর্থ খুঁজে বেড়াছে ক্রিস্তফ। কেন কে জানে, নিজেকেই সে অপরাধী বলে ভাবছে। স্বাইর চোধে ও ভাষায় যেন তারই সমর্থন।

কি আশ্চর্ব, অটোও পড়েছে এমনি সঙ্গটের মধ্যে। তার দিনও এমনি মিয়মান।

গোপনে হুজঁনের দেখা হলে মন্দ হত না। দেখা হলে কি হবে, তাদের সেই পুরোনো সম্পর্কের নিরুদ্বেগ চাঞ্চল্য আর নেই। নই হয়ে গিয়েছে সেই হাসিখুলি। বাজনার তারে মর্চে ধরেছে, বেরুছে না আর সেই স্বরধ্বনি। হু হটি ছেলে এমন পরিছের স্নেহে ভালবাসত পরম্পরকে, ভাইয়ের প্রতি ভাইয়ের টানে কেউ কাউকে একটা চুমু খায়নি পর্যন্ত। আবার যে তাদের দেখা হবে, একে অন্তের স্বপ্নের যে ভাগ নিতে পারবে—তারা যে মাত্র বন্ধু, এর চেয়ে বেশি স্থুখ, বড় স্থুখ, আর নেই কোথাও সংসারে। সেই তারা আজ যেন স্পষ্ট অমুভব করল মন্দ মনের সন্দেহে তাদের সে সম্পর্কে কলঙ্কের দাগ লেগেছে। একে অল্তের দিকে তাকাছে, হাত ধরাধরি করছে—এর মধ্যেও যেন মন্দ। নিজেদেরই লক্জা হচ্ছে অলক্ষ্যে। তাদের মনেও যেন লেগেছে সেই মন্দের টোয়াচ। এমনতরো সম্পর্ক যে শহনাতীত।

কেউ কাউকে কিছু বলল না। কিন্তু তাদের দেখা করার দিনের সংখ্যা কমে আসতে লাগল। লিখতে চেষ্টা করল পরস্পরকে, কিন্তু ভাষার উপরে এসে পড়ছে গাস্তীর্থের কড়া পাহারা। কেমন যেন ঠাণ্ডা বিস্নাদ লাগছে চিঠিগুলোকে। মন ভেঙে পড়তে লাগল হুজনের। জাঁ-ক্রিসতফ লিখলে, কাজের বড়ড চাপ, ঠিক সময়ে লিখতে পারিনি চিঠি। অটো লিখলে, এত তাড়া, রাতদিন এত ছুটোছুটি করতে হচ্ছে, উত্তর দেবার সময় করতে পারছি না। আস্তে-আস্তে বন্ধ হয়ে, গেল চিঠি লেখা। কিছুদিন পরেই অটো চলে গেল বিশ্ববিতালয়ে। জীবনের

কটি মাস যে বন্ধুত্ব আলো দিয়েছিল, তাপ দিয়েছিল, জুড়োতে-জুড়োতে নিবে গেল শেষকালে।

নতুন আরেক ভালোবাসা পেয়ে বস্প ক্রিসতফকে। মনে হল এ ভালোবাস্থর কাছে জগতেব আর স্ব আলো দ্লান আর স্ব আনন্দ বিশীর্ণ।

## [ তিন]

## মীনা

ষ্টিফেন ফন কেরিশের বিধবা স্থা ক্রাউ জোসেফা বার্লিন ছেডে দেশের বাড়িতে তার মেয়েকে নিয়ে ফিরে এসেছে। এসেছে এই চার পাঁচ মাস, আর তার বাড়ি ক্রিসতফদের বাডির থেকে বেশি দূরে নয়। পুরোনো বাডি, প্রকাশু বাগান—রাইন নদীর ঢালের দিকে নেমে এসেছে। তার চিলে-ঘরের থেকে সব কিছু দেখতে পায় ক্রিসতফ, দেয়ালের উপর কেমন স্থয়ে পড়েছে গাছগুলি—ভারি ভারি শাখায় কেমন পুঞ্জ পুঞ্জ পাতা। আর ঘনায়িত পাতার ফাঁক দিয়ে কেমন দেখা যাছে লাল টাইলের ছাদের উপরে ঘরের চুড়াটি, তার গায়ে শ্রাপ্তলার আন্তরণ পর্যন্ত। বাগানের দেয়াল ঘেঁসে বাইরের দিকে একটা সক গলি চলে গেছে, সেখানে গিয়ে যদি ঐ খুঁটিটার উপর দাড়াও, তবে দেয়ালের ওপারটা দেখতে পারো স্পষ্ট। এমন একটা স্থবিধে কাজে না লাগিয়ে ছাড়বার পাত্র ক্রিসতফ নয়। সেউ চুহয়ে উৎস্কক চোথে দেখে সব চারদিক। দেখে ঘাসের রাস্তা, ঘাস ভরা ছোট-ছোট মাঠ, জড়াজড়ি করে রাজ্যের গাছ আর

শতা রয়েছে দাঁড়িয়ে আর সব কিছুর সামনে একটা বাড়ির চিত্রার্পিত চেহারা। তার সামনের জানলা-দরজার খড়থড়ি কি নির্মন্তাবে আঁটা। বছরে একবার কি হ্বার মালী দরজা-জানলা খুলে বাড়িটাকে হাওয়া খাওয়ায়। ব্যস, তারপরেই আবার বথাপূর্ব। আবার বাগান ভরে প্রকৃতির বহা দৌরাত্মা, আবার নীরক্ষ নিঃশক্তা।

সেই নীরবতাটি বড় ভালো লাগে ক্রিসতফের। প্রায়ই চোরের মত চুপি চুপি সে যায় তার খুঁটিটার কাছে, খুঁটিটা বেয়ে উঠে পড়ে দেয়ালটা ধরতে চায়, লম্বা হবার চেষ্টা করে। প্রথমে চোখ, ক্রমে নাক, শেষ পর্যস্ত মুখ এসে পৌছয় দেয়াল বরাবর-তারপর যদি পায়ের আছুলের ডগায় দাঁডাতে পারে, তবে হাত এনে রাখতে পারে দেয়ালে। यদিও এভাবে माँ फ़ारना है। त्यारहे व्यातास्य नम्न, उत् रममाल हितूक मागित्म माँ फ़िरम পাকে ক্রিসভফ-দেখে, শোনে, ছোঁয় সেই নিঃশন্দতাকে। ছোট-ছোট সোনার জলের তরঙ্গ তুলে সন্ধ্যা নেমে আসে আকাশ থেকে, পাইনের ছায়ায় স্কুক হয় নীলাভ আলোর ঝিকিমিকি। তন্ময় হয়ে কতক্ষণ যে অমনি দাঁড়িয়ে থাকত ক্রিস্তফ, যদি না গলিতে শোনা যেত কারু পায়ের শব্দ। বাগানের চারদিকে সৌরভ ছডিয়ে নেমে আসে রাত্রি. বসন্তে লিলাক, গ্রীয়ে য্যাকাশিয়া, আর শরতে মরা পাতার ভিড়। রাজপ্রাসাদ থেকে সন্ধ্যের পর যথন ফেরে ক্রিসতফ. যতই কেননা সে শ্রান্ত হোক, একবার অমনি দাঁড়ায় দেয়াল ধরে, নিখাস ভরে সেই স্থগন্ধ-স্থা একবার পান করতে—এ গন্ধ ছেড়ে তার ঘরের গন্ধে যেতে কিছতেই তার মন ওঠে না। কতদিন, যখন খেলা করত ক্রিস্তফ, কেরিশদের বাড়ির ফটকের সামনের ঘাসভরা ছোট মাঠে কত থেলে গেছে। ফটকের ছদিকে ছটো বাদাম গাছ, প্রায় একশো বছর বয়েস হবে। কভদিন ঠাকুরদা এসে হয় এটার নয় ওটার নিচে বসে পাইপ টেনে গেছে

চুপচাপ। আর, ছেলেরা বাদাম কুড়িরেছে আর বাদাম ছুঁড়ে মেরেছে থেলাছলে। •

একদিন, যাছে সে গলি দিয়ে, বেমন তার অভ্যেস, খুঁটি বেয়ে উঠে সে, মুখ বাড়াল। কি সব ভাবনায় বোঝাই ছিল মন, তাই এমনি তাকিয়েছিল অমনস্কের মত। নেমে বাছে খুঁটি থেকে অমনি কি রকম খেয়াল হল ঠিক যেন সব আগের মতন নেই, কোথায় বেন একটু নতুননতুন লাগছে। বাড়ির দিকে তাকাল সে ব্যক্ত হয়ে। জানলাগুলো খোলা। তাদের ভিতর দিয়ে স্ব তার হাত বাড়িয়ে দিয়েছে, হাতভরা অক্রপণ আনন্দ। ঘরের ভিতর কাউকে দেখা যাছে না বটে, কিম্ত পনেরো বছরের ঘুম ভেঙে জেগে উঠেছে মৃতপুরী। শুধু জেগে ওঠেনি জাগা-চোখে হাসছে অফ্রস্ত। এ কি অঘটন! মনে মনে একটা অস্বস্তি নিয়ে বাড়ি ফিরল ক্রিস্তফ।

রাতে থাবার সময় বাবা কথা পাড়ল, যা এখন পাড়ার প্রধান কথা। ক্রাউ কেরিশ আর তার মেয়ে এসেছে, আর সঙ্গে এনেছে পর্বতপ্রমাণ মাল,। বাদামতলার জমিটা রাজ্যের কুলিতে ভরে গিয়েছিল, রাশিরাশি গরুর গাড়ি থালাস করেছে। ২বর গুনে মনে মনে উপ্তেজিত হল ক্রিসতফ—তার ছোট সীমাবদ্ধ জীবনে এ একটা চমকপ্রদ ঘটনা। নিজের কাজে গেল বটে, কিন্তু বাবার থেকে শোনা গল্লের থেই ধরে কল্পনা করতে লাগল ঐ মন্ত্রমোহন বাড়ির বাসিন্দারা না জানি কী বিচিত্রতরো জীব! যতক্ষণ ডুবে ছিল কাজের মধ্যে, ভুলে ছিল সব। কিন্তু সন্ধ্যায় যথন বাড়ি ফিরে যাছে, এক পলকে সব মনে পড়ে গেল। অদম্য কোতৃহল হল খুঁট বেয়ে উপরে উঠি, আর দেখি উঁকি মেরে কী সব অদ্কৃত ঘটনাই না ঘটছে দেয়ালের ও-পিঠে। যেমন ভাবা তেমনি করা। কই, কিছুই নেই তো! সেই শান্ত ঘাসের পথ, সেই নিশ্চল গাছগুলি

ক্রেরে শেষ কিরণে স্নান করছে। চারদিকে সেই পরিচিত প্রকৃতির বিশ্রাম।

করেক মুহূর্ত পরে ভূলে গেল ক্রিসতফ কেন আর কী সে আজ দেখতে এসেছিল। ধীরে ধীরে, আগে ঘেমন করত, তেমনি,সেই শুক্তার মধুরতার কোলে নিজেকে ঢেলে দিল। একটা স্থাড়া খুটির মাথায় বিপজ্জনক ভাবে বসে স্থপ্প দেখছে সে। সেটা একটা স্থপ্প দেখবার জায়গা বটে! নোংরা ঘিঞ্জি গলি পেরিয়ে এই রোদ্রে-হাসা অপরূপ সবুজ মাঠটি স্থপ্প ছাড়া আর কি! যেন কোন বাজিকরের রচনা। কোন এক সাম্য ও শান্তির রাজ্যে তার মন চলল ডানা মেলে, তার বুকের মধ্যে স্থর বেজে উঠল। তাকে যেন কে গান গুনিয়ে ঘুম পাড়াচ্ছে, ভূলে যাছেে সে সময়, ভূলে যাছেে সে সংসার—মনে হয় কেবল কান পেতে গুনি মনের গুঞ্জরণ।

হাঁ করে থোলা চোথে স্বপ্ন দেখছে ক্রিস্তফ। কতক্ষণ থরে সে স্বপ্ন দেখছে কিছুই তার থেয়াল নেই। কেন না কিছুই আর তার স্থুলদৃষ্টিভে ধরা নেই। হঠাৎ সে আঁৎকে উঠল। তার সামনে, তারই দিকে তাকিয়ে, হুইট লারীর মুখ। একটি মহিলা আর একটি বছর পনেরোর মেয়ে। মহিলাটি দীর্ঘকায়, সম্লান্ত, পরনে কালো পোষাক, মাথায় স্থুলর চুল, ভলিটতে একটি নির্ভয় ঔদান্ত—তার দিকে হাসিভরা দয়ার্দ্র চোথে চেয়ে আছে নীরবে। আর মেয়েট, মেয়েটরও পরনে গভীর শোকের কালো পোশাক, কিন্তু তার দিকে এমন হুরস্ত কোভূহলে চেয়ে আছে যেন সে এখুনি হাসির বন্যতায় ফেটে পড়বে। মায়ের কিছুটা পিছনে সে দাঁড়ানো, তার দিকে না ভাকিয়েই মা তাকে শাস্ত থাকতে সক্ষেত করছেন। হু হাতে মুখ চেপে ধরেছে মেয়েটি, তা নইলে এখুনি সে বিদীর্ণ হয়ে পড়বে। ক্রম্ক করতে পারবে না সে হাসির উত্তালতা।

পাতলা ফুর ফুরে দেখতে মেয়েটি, তুধে আলতায় মেশানো মুথথানি টকটক করছে। ছোট নিটোল নাক,ছোট নিটোল চিবুক, ছোট নিটোল মুথথানি! নিখুঁত ছাটি ভুক্ত, জল জল করছে চোথ ছাট। মাথা বেয়ে একরাশ চুল ফুলে৯কেঁপে ঝাপিয়ে পড়েছে ঘাডের উপর। দেথা যাচ্ছে বৃঝি বা নিটোল ঘাড়ের আভাস, মহণ শুভ্র কপালটি।

ভূত দেখেছে যেন ক্রিস্তফ। পাথর হয়ে গেল এক নিমেষে। যেন নেমে যাবার শক্তি নেই, খুঁটির সঙ্গে আঠা দিয়ে কে তাকে আটকে রেখেছে। ইা হয়ে গেছে মুখ। তার দিকে দেখি এগিয়ে আসছে ভদ্রমহিলা—চোখে সেই দয়ালু বিদ্রপ—কি সর্বনাশ, তাকে ধরে ফেলবে নাকি? অমনি নিজেকে সজোরে ছিনিয়ে নিয়ে নিচে লাফ দিল ক্রিস্তফ। গলির ওদিকে পড়ল ছমড়ি থেয়ে। দেয়ালের একরাশ ভাঙা আন্তর ঝরে পড়ল তার সঙ্গে। অমনি ওনতে পেল কে যেন সঙ্গেহ কঠে বলে উঠল • 'হৃষ্টু ছেলে!' আর কে একজন যেন পাথির গানের মত সরল-তরল শব্দে হেসে উঠল। এক মুহুর্তে হকচকানির ভাব কাটিয়ে গা-হাত-পা ঝেড়ে উঠে পড়ল ক্রিস্তফ। আর তথুনি ছুট দিলে। প্রাণপণে ছুট দিলে। প্রতিক্ষণে মনে হল 'কে যেন তাকে অক্রস্রণ করছে, এখুনি ধরে ফেলবে বুঝি পিছন থেকে।

লজ্জার মরে যাচ্ছিল ক্রিসতফ। নিজের ঘরে চলে এসে সে-লজ্জার মুখোমুথি সে আর দাঁড়াতে পারছে না। ছি ছি, পরের বাড়িতে কেন সে উঁকি মারতে গিয়েছিল, কিসের প্রলোভনে! তারপরে আর তার সাহস হল না সে-গলি দিয়ে সে হাঁটে। ভয় হয়, কেউ যেন সেধানে ওৎ পেতে আছে তাকে ধরবার জন্তে। যদি কথনো যেতে হয় ও-বাড়ির কাছ দিয়ে, দেয়াল ঘেঁসে মাথা ফুইয়ে গুটিস্থাটি সে চলে যায়—আর কতদূর এগিয়েই কোনো দিকে না তাকিয়ে সোজা ছুট দেয়। তা হলেও,

আশ্চর্য, কিছুতেই ও ছটি মুখ সে ভুলতে পারে না, সর্বক্ষণ সে-ছটি মুখ মনের মধ্যে উকিরুকি মারে। থালি পায়ে নিঃশব্দে উঠে ষায় সেছাদের চিলে কোঠায়, স্কাই-লাইট দিয়ে সোজা তাকায় কেরিশদের বাড়ির দিকে, বাগানের দিকে, যদি কিছু আভাস মেলে। চোথু ক্ষম করে ফেলেওঁ কিছু দেখতে পায় না। দেখতে পায় শুধু—গাছের মাথা-গুলো আর উঁচু উঁচু চিমনি।

মাস্থানেক পরে, একদিন থিয়েটারে নিজের তৈরি কন্সার্ট বাজাচ্ছে ক্রিসতফ, এসেছে শেষ লহরের দিকে, হঠাৎ দেখতে পেল বল্লে বসে আছে ফ্রাউ আর ফ্রালিন কেরিশ। বসে আছে একেবারে তার মুখের দিকে চেয়ে। ঘুণাক্ষরেও ভাবেনি তাদেরকে এথানে দেখতে পাবে। হতভম্ব হয়ে গেল ক্রিসতফ, ভূল হয়ে গেল বুঝি স্করের শেষ চরণ। সমাপ্তি পর্যন্ত একটা যান্ত্রিক অভ্যাসের বশেই সে বাজিয়ে চলল। বাজনা শেষ হবার পর দেখল, যদিও ওদের দিকে ঠিক সে তাকায়নি, ফ্রাউ আর ফ্রালিন কেরিশ একটু অতিরিক্ত উৎসাহের সঙ্গে হাততালি দিচ্ছে—যেন ভাবধানা এই, ছুমি দেখ, কেমন হাততালি দিচ্ছি তোমাকে তারিফ করে। স্টেজ থৈকে তাডাতাডি বেরিয়ে গেল ক্রিসতফ।

থিয়েটার থেকে বেরিয়ে যাচ্ছে, শবিতে দেখল ফ্রাউ কেরিশকে। কয়েক সার লোকের পরেই দাঁড়িয়ে আছে। দাঁড়িয়ে আছে ধেন ক্রিসতফের প্রতীক্ষায়। তার দিকে এর পর না তাকানে। প্রায় অসন্তব। কিন্তু কিছুতেই তাকাবে না ক্রিসতফ। গাগ্রের ধাকা দিয়ে পথ করে ক্রত পায়ে সে বেরিয়ে গেল পাশের দরজা দিয়ে।

বেরিয়েই নিজের উপর রাগ হতে লাগল তার। কেননা সে ঠিক জানত মনে মনে ফ্রাউ কেরিশ কোনোই অনিষ্ট করত না তার। কিন্তু যাই কেননা এখন বলুক, আবার অমনি অবস্থায় পড়লে ঠিক অমনি আচরণই সে করবে। কিছুতেই ফ্রাউ কেরিশের চোথে চোথ রেখে সে কথা বলতে পারবে নাঁ। পাছে রাস্তায় তার সঙ্গে হঠাৎ দেখা হয়ে যায় এই তার হুরস্ত ভয়। তার মতন চেহারার কাউকে যদি সে রাস্তায় দেখে অদুরে অমনি সে সামনের গলিতে চুকে গা-ঢাকা দেয়।

ফ্রাউ কেরিশই একদিন নিজে চলে এল গায়ে পড়ে। খুঁজে পেতে বাড়ি বয়ে তাকে পাকড়াও করলে।

একদিন রাত্রে থেতে এসেছে ক্রিসতফ, লুইসা বললে কে একটা লোক, চাপরাশপরা থানসামা জাতীয় লোক, তার জ্বস্থে একটা চিঠি রেথে গেছে। কালো-পাডের চওড়া একটা থাম, উপরে কেরিশদের শীলমোহর আঁকা। থাম ছি ড়ে চিঠিটা খুলে ফেলল ক্রিসতফ। কাপা গলায় পডতে লাগল: "আজকে সাডে পাঁচটার সময় আমাদের বাড়িতে চায়ের মজ্লিশ। যদি দয়া করে স্থবাদক জাঁা-ক্রিসতফ ক্রাফট আসেন তবে ক্রাউ জ্বেফা ফন কেরিশ অমুগৃহীত হন।"

"আমি যাব না।" ছমকে উঠল ক্রিসতফ।

"प्त कि ?" लूडेना ठमरक উঠल: "आमि वरन निरंबिছ यावि।"

রেগে একটা কেলেঙ্কারি বাধিয়ে বসল ক্রিসতফ। মাকে বললে, যা
নিজে কিছু বোঝ না তার মধ্যে নাক ঢোকাতে আস কেন ? তোমার
কী মাথা ব্যথা ?

"চাকরটা দাঁড়িয়ে ছিল উত্তরের জক্তে। আমি বলে দিলাম আজ সন্ধ্যাটি তোমার কাকা। তোমার আজ কোনো কাজ নেই।"

বৃধাই মেজাজ দেখাছে ক্রিস্তফ। যতই সে মাতামাতি করুক সে যাবে না, ততই তার মন মেতে উঠতে চাইল। কিছুতেই নিমন্ত্রণের মোহ থেকে সে ছাড়াতে পারছে না নিজেকে। নির্দারিত সময় যথন এল তংন বাইরে সে বতই গর্জন করুক না কেন অন্তরে-ক্লম্ভরে সে এই গর্জন করার জন্মে অখুশি।

ক্রাউ ফন কেরিশের চিনতে দেরি হয়নি পিয়ানোবাদককে। ঐ সেই ছাই ছেলে যে, সেদিন তাদের বাগানের দেয়ালের উপর থেকে তাদের বাডির দিকে মুখ বাডিয়েছিল। প্রতিবেশীদের থেকে থোঁজ নিয়ে সেজানলে যা জানবার। জাঁ-ক্রিসতফদের বাডির আন্তোপান্ত ইতিহাস। আর জেনে-গুনে এই সাহসী বালকের ক্রেশময় জীবন সন্ধন্ধে তার ঔৎস্ক্য জাগ্রত হল। ইচ্ছে হল ছেলেটির সঙ্গে আলাপ করি।

কী পোশাকই পরেছে ক্রিসতক! একটা কিছুত্তিমাকার কোট চডিয়েছে গায়ে, দেখাছে যেন গাঁযের সম্রান্ত চাষা। লজ্জায় দ্রিয়মান হযে সে ঢুকল বাডিতে। মনকে এই বলে প্রবাধ দিছে, একদিন অল্পকণ একটু দেখে ফ্রাউ আর ফ্রলিন কেরিশ নিশ্চয়ই তার চেহারা মুখ্ন্ত করে রাখেনি। তা ছাডা এই পোশাকে তাকে চেনে কার সাধ্যি। পুরু কার্পেট বিছানো লম্বা একটা বাবান্দা দিয়ে তাকে পথ দেখিয়ে নিয়ে চলল চাকর। জুতোর এতটুকু একটু আওয়াজ হল না। নিয়ে গেল একটা কাঁচের দরজাওয়ালা ঘরে, বাগানের দিকে মুখ-করা। অল্পজ্ঞার রৃষ্টি হছে বাইরে, একটু বা ঠাণ্ডা পডেছে, চুল্লিতে স্থাকর আগুনের উষ্ণতা। জানলার কাছে—জানলার কাঁক দিয়ে একবার উর্ণক মেয়ে ক্রিসতক দেখে নিল বৃষ্টির ক্রাশায় ভিজ্বছে কেমন গাছগুলো—বসে আছে ভদ্রমহিলা আর তার মেয়ে। ফ্রাউ কেরিশ বুনছে আর তাকে কী পড়িয়ে শোনাছে তার মেয়ে। ক্রিসতক ঘরে ঢুকতেই মায়ে-মেয়েতে চোখ চাণ্ডয়া-চাণ্ডয়ি হল—সে দৃষ্টি বিনিময়ের মধ্যে প্রভ্লের একটু কৌতুক।

"আমাকে চিনতে পেরেছে বোধ হয়।" ভাবল ক্রিস্তফ এ মরমে মরে গেল। থপ থপ করে এগুতে লাগল সে ভয়ে ভয়ে।

ফ্রাউ ফন কেরিশ প্রফুল্লমূথে হেসে উঠল। হাত বাড়িয়ে দিল।

"ওভদিন হে প্রিয় প্রতিবেশী! তোমাকে দেখে ভারি আনন্দ হচ্ছে।
সেদিন কনসাটে তোমার বাজনা শোনা অবধি কেবল ভাবছি কথন
তোমার সঙ্গে দেখা হবে। কী স্থন্দর তুমি বাজাও! আর আমার
শোনার সেই আনন্দ কি করে জানাই তোমাকে! তাই তোমাকে চায়ে
নিমন্ত্রণ করে এনেছি। তার জন্তে কিন্তু মার্জনা চাই আমি।"

মামুলি অভার্থনার সম্ভাষণ, কিন্তু করুণা ও আন্তরিকতায় ভরা। প্রচ্ছন্ন একটু বিদ্রূপ আছে কিনা কে জানে, কিন্তু মনের গোপনে যেন নিশ্চিন্ত হল ক্রিসতফ।

"আমাকে চিনতে পারেনি বোধহয়—৷"

মেয়েকে এগিয়ে দিল ফ্রাউ কেরিশ। ফ্রালিন কেরিশ বই বন্ধ করে দাঁড়িয়েছে সোজা হয়ে। কোতুকে ও কোতৃহলে জল জল করছে ছটি চোথ।

"আমার মেয়ে মীনা, বললে ফ্রাউ কেরিশ, "তোমার সঙ্গে দেখা করার জন্মে ভারি উন্থ।"

"কিন্তু মা, এর আগে আমাদের কি দেখা হয়নি ?" বলেই মীনা হেসে উঠল উচ্চরোলে।

"সর্বনাশ! চিনতে পেরেছে আমাকে।" মন ভেঙে পড়ল ক্রিসতফের।

"সত্যি, দেখা হয়েছে বৈকি।" ফ্রাউ কেরিশও তাকালেন হাসিভরা চোখে। "যেদিন আমরা প্রথম এখানে আসি সেদিন তুমি এসেছিলে আমাদের বাড়ি।"

"বাড়ি ?" চমকে উঠল ক্রিসতফ।

"ঠিক বাড়ি নয়, বাগানের দেয়ালের উপর বসেছিলে।"

থিল থিল করে হেলে উঠল মীনা। করুণ মৃতিতে তাকিয়ে রইল ক্রিস্তফ। যতই সেই চেহারার দিকে তাকায় ততই মীনা হাসির ফুল্মুরি ছড়ায়ু। কিছুতেই হাসির বেগ রোধ করতে পারছে না। হাসতে হাসতে চোথে জল এসে যাছে। ও কি, ফ্রাউ কেরিশ বাধা দিতে চাইলেন মেয়েকে, কিন্তু নিজেই পা পিছলে পড়ে গেলেন সেই হাসির স্রোতে। যদিও কোনঠাসা হয়ে গেছে ক্রিস্তফ কিন্তু হাসি এমন চাঁয়াচে যে এত কষ্টের মধ্যে সেও হেসে উঠল। এএকটা অপ্রতিরোধ আনন্দ—এতে ক্ষুক্ত হবার আহত হবার নেই কিছু। আগাগোড়া এ একটা স্বছন্দ প্রসন্ধতা। কিন্তু হাসলেও চোথে চোখে তাকাবার মত ক্রিসতফের মুথ নেই। মীনা দম নিলে, শেষ পর্যন্ত জিগগেস করলে, কি করছিলে ঐ দেয়ালের উপর বসে থাড়েই হয়ে গেল ক্রিসতফ। সেই আড়ইতাটুকুই উপভোগ করতে চায় মীনা। বলো না কি করছিলে কি একটা বলতে চেটা করল ক্রিসতফ, হর ফুটল না। রক্ষা, করলেন ফ্রাউ কেরিশ, পেয়ালায় চা ঢালতে গুরু করলেন, ঘ্রিয়ে দিলেন কথার মোড।

তার জীবন সম্বন্ধে প্রশ্ন করলেন ফ্রাউ কেরিশ, স্থরটি সহাদয়। কিন্তু কিছুতেই যেন আশ্বন্ত হতে পারছে না ক্রিস্তক্ষ। ভাল করে বসতে পারছে না, পেয়ালাটা ধংতে পারছে না জুৎ করে, ফসকে পড়ে যাবে বুঝি এক্সুনি। আর ওরা যতই এগিয়ে দিচ্ছে জ্বল বা হুধ বা চিনি বা কেক, ক্রিস্তক্ষ ভাবছে তাড়াতাড়ি একটা ধক্তবাদ বলে সোজা বাড়ি পালাই। আর পালাবার চেহারাটাও বা কী খুবছুরৎই হবে! কলারে-টাইয়ে বাধা, ফ্রক-কোটে আঁটা—যেন খোলার মধ্যে বন্ধ আল্ড একটি কছপ—ডাইনে-বায়ে তাকাবার উপায় নেই, ঘাড় ফেরাবার উপায় নেই!

মীনা তো অন্বরত তাকে বিদ্ধ করছে চোথের খোঁচায়, আর খোঁচাগুলি পড়ছে তার চেহারার উপর, তার নড়াচড়ার উপর, তার পোশাক-আশাকের উপর। ফ্রাউ কেরিশের ব্যবহারের উঞ্চতা তাকে চালা করতে পারছৈ না, শীতে সে জমাট হয়ে যাছে মীনার চাহ্ননির তুসারে! যতই ওরা তাকে সহজ করবার চেষ্টা করে ততই সে জাটল হয়ে ওঠে, যতই তরল করতে চায় ততই আসে তার আড়ইতা। মীনার কাজলামোভরা চাউনিও তাকে দেয় না কোনো আশ্বাসের ইঞ্জিত।

প্রশ্ন করে-করে ক্লান্ত হয়ে পড়েছেন ফ্রান্ট কেরিশ। পাছেন শুধু একাক্ষর উত্তর—হাঁা, কিংবা না। এভাবে কি কথা চলে মন খুলে? তথন তিনি বললেন, তার চেয়ে একটু পিয়ানো বাজাও।

থিয়েটারে হল ভি লাকের সামনে বাজাতে তার ভয় নেই। কিন্তু
অপরিচিত হুট নারীর অভুত সঙ্গ তাকে লজায় থেন অভিভূত করে
ফেল্ছে। কুন্ঠিত হয়ে বসল সে পিয়ানোর সামনে, ঘেমে উঠল সর্বাঙ্গে।
শেষে আন্তে আন্তে একটা মোজার্টের গৎ ধরলে। তার মনের মধ্যে
একই সঙ্গে যে লজা আর আনন্দ, আশা আর বিষয়তা বেজে উঠছে তাই
যেন এই হয়েরর কোমলতা ও য়েহের সঙ্গে মিশ থেয়ে বাতাসে ভেসে
ভেসে বাঙ্ছে। যেন একটি যৌবন-ম্পন্দিত বসস্তের অবতারণা হয়েছে
চারপাশে—ছড়িয়ে পড়ছে সে-বসন্তের ইম্বজাল। বাজনা থামলে পর
উদ্ধৃসিত হয়ে উঠলেন ফ্রাউ কেরিশ, প্রশংসায় তাকে প্লাবিত করে
দিলেন। একটু বাড়াবাড়ির প্রার্থ নিশ্চয়ই আছে। তবুই মনোহর
মুথের স্থতি কী মধুর! মীনা কিছুই বলছে না, গুধু অবাক হয়ে তাকিয়ে
রয়েছে। ভাবছে জিহবায় যে এত আড়েই সে আঙুলে কি করে এত
মুধ্র হছে পারে! কথায় যে অসাড়, হয়ের সে প্রগলত, প্রচুর। এ কি

সাহস বেড়ে গেল ক্রিসতফের। বাজনার পর বাজনা চালাতে লাগল। জীবন্ত হয়ে উঠল রক্তস্রোত। হঠাৎ এক সময় মীনার দিকে ঘাড় ফিরিয়ে চোথ না ছুলে অদ্ভুত হাসি হেসে বললে, "সেদিন এই করছিলাম দেয়ামলের উপর বসে।"

তার মনে হচ্ছিল, কেন মনে হচ্ছিল কে জানে, নিভৃত বাগানের দিকে তাকিয়ে তার প্রাণে যে গান বেজে উঠত নিঃশব্দে তাই যেন আজকের স্বর্থনিতে প্রতিমূর্ত হয়ে উঠেছে। সেই শান্ত ছলটের গন্ধ এসে তার নাকে লাগছে। সেই সব পাথির কাকলী, পশুদের অক্ষৃট শব্দ, ডাল-পালা-মেলা বড় বড় গাছের সেই স্থগন্তীর ঘুম, সেই স্থান্তের বিষধতা।

শ্রোতা হটির মুথে চোথে আনন্দ ঝিলিক দিয়ে উঠল, গুনতে লাগল
তন্ময় হয়ে। বাজনার শেষে তার হই হাত আবেগে জড়িয়ে ধরলেন
ফ্রাউ কেরিশ, উত্তাল কণ্ঠে প্রশংসা করতে লাগলেন। মীনা গুধু হাতক্রালি দিয়ে উঠল, বললে, "চমৎকার! দেয়ালে বসে-বসে যদি এমনি
সব বাজনা স্প্টি ক্রতে পারো তবে দেয়াল পর্যন্ত একটা মই খাটিয়ে
দেব 'খন।"

"ওর ফাজলামোতে কান দিও না।" বললেন ফ্রাউ কেরিশ। বললেন, যথন খুশি সে যেন বেড়াতে আসে তাদের বাগানে। আর তাদেরকে যদি তার বিশেষ ভালো না লাগে, বাড়ির মধ্যে আসার কোনো দরকার নেই।

"খবরদার! আমাদের সক্ষে দেখা করবার তোমার দরকার নেই।" মীনা চোখ বড় করল। "তবু যদি তুমি না আস, দেখাব মজা।" ভয় দেখাল আঙ্ল নেড়ে।

এমন নয় যে রোজ ক্রিসভফ এসে তার সঙ্গে দেখা করুক, এমনও নয় যে তার সঙ্গে দেখা করবার জন্মে শিষ্টাচারসঙ্গত আইনকাত্মন মানবার তার প্রয়োজন আছে, তবু কেন কে জানে এমনি একটা ফোড়ন দেবার ইচ্ছে করল মীনার। মনে হল এমনি একটা কিছু বললেই বেন স্থান্দর করে বলা হল!

স্থাও ক জা পেল কিন্দৃতফ। মার কথা ঠাকুরদার কথা তুলে ফ্রাউ কেরিশ তাকে আরো কাছে টেনে মানলেন। ঠাকুরদার সঙ্গে ফ্রাউ কেরিশের নাকি আলাপ ছিল। ছোঁয়াটি ঠিক হৃদয়ে এসে লাগল কিন্দৃতফের। অন্তরের সম্পদ সব সময়েই বাইরের সম্পত্তির নিচে চাপা পড়েনারা পড়েনা। নইলে এত নাগরিক হয়েও কেমন এরা সরল, এত বড়লোক হয়েও কেমন এরা বড় মায়য় ! মন খুলে গেল কিন্দৃতফের। স্থল সারলাের সঙ্গে সে বলতে লাগল তার ভবিষ্যতের আশার কথা, তার বর্তমানের হর্দশার কথা। থেয়ালই হয় নি কতক্ষণ কেটে গেছে, হঠাও ডিনারের কথা বলতেই বিশ্বয়ে লাফিয়ে উঠল ক্রিন্সতফ। কিন্তু ক্রিম্থ হয়ে পালাবার কোনাে কারণ নেই, ফ্রাউ কেরিশ বললেন, এখানেই থেয়ে যাও আজ। তাদের মধ্যে যথন ভাব হয়ে গেল তথন আর ভাবনা কি। ক্রিন্সতফের আড়েইতা আনন্দে গলে গেল নিমেষে।

মা আর মেয়ের মাঝথানে জায়গা হল ক্রিসতফের। কিন্তু পিয়ানোতে তার যেমন প্রতিভা, হায়, তেমন প্রতিভা তার নেই টেবিলের ছুরি-কাঁটায়। সেদিকের শিক্ষাটা তার উপেক্ষিত হয়েছে বরাবর। ক্রিসতফ ভেবে পায় না, থাবার উদ্দেশ্যই হছে থাওয়া, কি-ভাবে-থাওয়া নিয়ে লোকে কেন মাথা ঘামায়। উদ্দেশ্য হছে বস্তু, পদ্ধতি নয়। কিন্তু সে কথা মানা মানতে চায় না। ঠেট ওলটাছে সে বারে-বারে, আতক্রিত হবার ভাব করছে।

সীপারের পর ক্রিসতফ চলে যাবে এই আশা করেছিল মা-মেন্নে। কিন্তু দিব্যি ওদের পিছু পিছু সে ছোট ঘরটিতে এসে ঢুকেছে, দিব্যি বসেছে চেয়ারে, গল্প স্থক করেছে দিব্যি। বাভি যাঝার নামটি নেই। ছোট ছোট হাই চাপছে মীনা, মাকে ইসারা করছে। সে সব নজরে পড়ছে না ক্রিসতক্ষের, স্থথে সে এমন অসাড়। তার কেবল মনে হছে এরা তার আপ্রনারই লোক, এক বাড়ির লোক। তাই একবার যথন বসেছে চেয়ারে চেপে, ভেবে পাছে না কি করে ওঠা যায় জায়গা ছেড়ে। চাই কি এমনি চুপচাপ বসে থাকতে পারে সে সারা রাত।

"এবার বাড়ি যাও।" ফ্রাউ কেরিশকে শেষ পর্যন্ত বলতে হল মুথ ফুটে।

চলে গেল ক্রিসতফ, কিন্তু হাদয়ে তার কোমলাভ হুটি আলো জনতে লাগল। একটি ফ্রাউ ফন কেরিশের বাদামী চোথের আলো; আরেকটি, মানার হুটি নীল নয়নের। তার হাতে নরম আঙুলের ফ্রেল সংস্পর্শ— যেন ফুলের মত, মৃহ একটি দৌরভের আন্দোলনের মত। এমন গন্ধ আর লাগেনি তার নিখাসে। এই গন্ধের আবেশে আচ্ছন্ন হয়ে সে মুজ্ভি হয়ে পড়বে বোধ হয় ?

তুদিন পরে আবার গেল একবার ক্রিস্তফ। কথা ছিল মীনাকে সে বাজাতে শেখাবে এক-আধটু, হয়তো তারই গুজুহাতে। ব্যবস্থাটা পাকাপাকি হয়ে উঠল। সপ্তাহে তুদিন সকাল বেলা তাকে বাজনা শেখাতে হবে, আর প্রায়ই বিকেলের দিকে যেতে হবে নিজে বাজাবার জন্তে, হয়তো বা এ-ও-তা কথা বলার জন্তে।

বৃদ্ধি আর সহামুভূতি হই-ই আছে ক্রাউ কেরিশের। স্বামী বধন গত হলেন তথন তাঁর বয়েস পঁয়ত্ত্রিশ। দেহে আর মনে বদিও তিনি যৌবনবতী, বিষের পর বদিও তিনি সন্তোগের পথে অনেক দ্র এগিয়েছিলেন, এখন নিজেকে ফের স্বস্থানে সরিয়ে ,নিয়ে আসতে তাঁর বেগ পেতে হঁয় নি। সহজেই গাপ থাইয়ে নিয়েছেন নিজেকে, ব্ঝেছেন জীবনে থাব-আর-পাব হুইই হতে পারে না এক সঙ্গে। স্বামীর প্রতি শ্রুদ্ধা তাঁর অক্ষুপ্ত আছে। খুব একটা প্রেমের আকর্ষণ যে অক্ষুভ্তব করেন তাঁর জন্মে তা নয়—কিন্তু একসঙ্গে অনেকদিন সহাদয়' প্রতিবেশিতায় কাটিয়ে ছিলেন হুজনে—এই স্থৃতিটুকুই যথেষ্ট।

মেয়েকে শিথিরে-পড়িয়ে মায়্র করে তোলাই তাঁর এখন একমাত্র বত। কিন্তু একমাত্র মেয়ে বলে আদর-প্রশ্রের আতিশয় দেখাতে তিনি প্রস্তুত নন। যে পরিমিতি-বোধ নিজের প্রেমকে সংযত রেখেছে, তাই আবার শাসন করছে তাঁর মাতৃমেহের অন্ধতাকে। মীনাকে তিনি ভালোবাসেন খুব, কিন্তু তাই বলে মেহবশে তাঁর বিচার-বৃদ্ধিকে আচ্ছার হতে দেন না। নিজের মনকে যেমন তিনি চোথ ঠারতে নারাজ, তেমনি মেয়ের দোষ-ক্রাটির উপরে তাঁর সজাগদৃষ্টি। রিসক আর চতুর বলে পরের গল্তি-গলদ তাঁর নজরে পড়ে সহজেই, বিশ্বেষের লেশমাত্র না রেখে দিব্যি প্রস্তুর মনে তিনি দমালোচনা করতে পারেন, এবং সেই সমালোচনা লোকে গারে না মাথলেও সেই সমালোচনা থেকে গা বাঁচাবার জন্যে সকলেই শশব্যস্ত । চিত্তের সংশোধনের সক্ষে মিশে আছে তাঁর চিত্তের প্রসাধন।

জাঁ-ক্রিসতফ যেমন স্নেছকে নাড়া দেয় তেমনি নাড়া দেয় বৃঝি সমালোচনাকে। ফ্রাউ কেরিশ বাজনা ভালোবাসেন কিন্তু নিজে বাজাতে পারেন না। বাজনাটা দেহে-মনে এমন একটা মুক্ত স্বাচ্ছন্দ্য এনে দেয়, মন দিব্যি মধুর বিষশ্বতায় ডুবে যেতে পারে। ক্রিসতফ বাজাচ্ছে, আর আগুনের ধারে একথানা বই নিয়ে বসে তিনি গুনছেন, ক্রিসতফের আঙুলগুলির ক্রত চলাফেরা দেখছেন—মুখে মৃত্ হাসি কিন্তু মন ভ্রান্তপথে কোথাঁয় কোন উদাস-বিধুর অপরিচিত দেশে চলে গিয়েছে। কোন বাং সেই ধুসর অতীতের ছায়ালোকে।

বাজনার চেয়ে বাজনদারের প্রতিই তাঁর বেশি আকর্ষণ ৷ ক্রিস্তক্ষের মোলিকতাটুকু আবিদ্ধার করবার মত দৃষ্টির স্ক্রতা তাঁর না থাকলেও তার বিশিষ্ট ক্ষমতা সম্বন্ধে তিনি সচেতন। তার ভিতরে সহসা কী দীপ্রশিখা প্রজ্ঞালিত হয়ে ওঠে তা তিনি দেখতে পান, সেটা তাঁর কাছে একটা কোতুকের মতই মনে হয়-একটা শুকনো কাঠ সহসা কেমন একটা রং-মশাল হয়ে ওঠে। তা ছাড়া তার সংগুণগুলিও তাঁর দৃষ্টি এড়ায় না। তার সারল্য তার সাহস তার দার্চ্য, তার কষ্ট-সহিষ্কৃতা-এইটুকু একটা ছেলের মধ্যে কেমন করণ লাগে। কিন্তু তাই বলে তার দোষক্রটি সম্বন্ধে তিনি উদাসীন নন। তার গ্রাম্যতা তার স্থূলতা—তার সব হাশুকর অঙ্গ-ভিল-সমস্ত তিনি টুকে নেন তাঁর হিসেবের থাতায়। এক-এক সময় তাঁর মনে হয়, সব ঠিক আছে ছেলেটার, গুণু মাথার ছু-একটা ইস্ক্রপ আলগা হয়ে পডেছে। কেমন যেন সঙ্গতি-সামঞ্জভান। কেমন যেন আধ-পাগলা। থেকে-থেকে চেঁচিয়ে ওঠে, গলার জোরে না বলে কথনো ব। গায়ের জোরে কথা কয়, এমন সব রসিকতা করার চেষ্টা করে যা ওধু অন্তত নয়, কিন্তৃত কিমাকার। লঘুভাবে বিজ্ঞাপ করেন ফ্রাউ কেরিশ, ও-সব অম্বধাবন করার ধৈর্য তার নেই, ফ্রাউ কেরিশের ম্নেছ আর দয়ায় সে ভরপুর। কেউ তাকে দয়া করেছে এই অন্তভুতিটাই তো তার কাছে অভিনব। যদি রাজপ্রাসাদের আওতায় বাইরের পৃথিবীর সঙ্গে তার সংস্পর্শ ঘটেছে, রীতি-নীতি ধরন-ধারনে সে পুরোদম্বর শিক্ষিত হয়ে উঠতে পারেনি। সে যেন এখনো কেমন বন্য ও গ্রাম্য আছে। কি করে তাকে কাজে লাগাবে এরই জন্মে রাজপ্রাসাদ ব্যস্ত, কি করে তাকে মায়ষ कद्राद (म इंटिंग नग्न । श्रामार म साग्न, भिग्नारना निरंत्र वरम, वाइनाइ, বাজনা শেষ হলে বাড়ি ফিরে আসে। মামূলি কটা প্রশংসার বুলির বাইরে কেউ তার সঙ্গে হুটো কথাও কয় না। ঠাকুরদা মারা যাবার পর

বাড়িতে বা বাইরে এমন একজনও নেই যে তাকে একটু কায়দা-হরন্ত করে দিতে পারে, শেখাতে পারে সভ্য-ভব্য হ্বার আচরণ। তার স্বভাবের এই স্থলতা তাকে পীড়িত করে, লাঞ্ছিত করে তাকে তার অজ্ঞান, অশিক্ষা। নিজে নিজে কিছুতেই সে গড়ে তুলতে পারছে না নিজেকে, অহরহ এই যম্মণায় সে হাছাকার করে। বই, কথাবার্তা, শালীনতা—সব কিছুতেই সে দীন। এই দারিদ্যের কথা বলতে পারে এমন একজন বন্ধুও তার নেই। অটোকেও বোঝাতে পারেনি তার এই হঃখ। যে-মুহুর্তে কিছু বলতে গিয়েছে অটোকে, অটো এমন একটা মত্বণ আভিজ্ঞাত্যের দৃষ্টি হেনেছে যে দেটা জলন্ত শলাকার মত বিদ্ধ হয়েছে মর্ম্যুলে।

কিন্তু ফ্রাউ কেরিশের হাতে সমস্ত কিছু সহজ হয়ে এল। নিজের থেকেই তিনি সম্নেহে সংশোধন করতে স্কুক করলেন ক্রিস্তফ্কে। এমন ভাবে অগ্রসর হলেন যাতে ক্রিস্তফের অভিমান না ক্র্ম হয়, যাতে কোনোমতেই তাকে ছোট বা অধম না দেখায়। কি করা উচিত বা কি করা উচিত নয় তাই শেখাতে লাগলেন সবিনয়ে। শেখাতে লাগলেন কি ভাবে সে পোশাক পরবে কি ভাবে থাবে চলবে কথা কইবে। যেথানেই তার ভঙ্গির বা ভাষার ক্রটি হছেে তাই দেখাতে লাগলেন চোথে আঙুল দিয়ে—কিন্তু আশ্চর্য, এতটুকু আহত হবার স্থযোগ দিলেন না ক্রিস্তফকে। এমন লঘু ও মৃত্ব, এমন মেহদ্রব তার হাতের স্পর্শ টুকু। ছেলেটার ঠুনকো অভিমান কোথাও একটুও চিড় থেলনা। ক্রমে ক্রমে তার লেথাপড়ারও ভার নিলেন ফ্রাউ কেরিশ, ঠিক প্রত্যক্ষভাবে নয়, তার লেথাপড়া শেখায় তার কি মাথাব্যথা। তার যে অবিশ্বান্থ অজ্ঞান তাতে তিনি আশ্চর্য নন মোটেই, জীবনে যে স্থবিধে পায়নি তার নিজের কী দোষ! তার পক্ষে ভ্ল-ভ্রান্তি করাটাই তো স্বাভাবিক। এই ভাবে ক্ষেত্র তিনি প্রথমে সেহসিক্ত করে রাথলেন, পরে ছড়িয়ে দিলেন বীজ। যথনই

যেখানে তার ভুলচ্ক দেখতে পেলেন গুধরে দিতে লাগলেন সাবধানে।
কঠিন শব্দের জাঁক দেখিয়ে তাকে আতঙ্কিত করে লাভ নেই—তার চেয়ে
নিজে পড়ো এই ইতিহাসের অংশটকু, কিংবা কোনো জার্মান বা বিদেশী
কবির কবিতা। জাঁ-ক্রিসতফ না পড়তে চায়, মীনা পড়ুক, ছুমি শোনো,
জাঁ-ক্রিসতফ!

জাঁ-ক্রিসতফ যেন এ বাড়িরই এক ছেলে। ফ্রাউ কেরিশেব কণ্ঠস্বরে হয়তো বা সেই অন্তরঙ্গতার আভাস—একটু বা প্রছেয় অভিভাবকদ্বের স্থার, যেটকু ধরতে পারে না ক্রিসতফ। বিশেষ করে তার পোশাকের দিকেই বেশি মনোযোগ ফ্রাউ কেরিশের, নতুন পোশাক তাকে তিনি উপহার পর্যন্ত দিয়েছেন, পশমের কক্ষণীর বুনে দিয়েছেন নিজের হাতে—দিয়েছেন ছোট-থাটো প্রসাধনের দ্রব্য—এমন ভাবে দিয়েছেন যাতে ক্রিসতফের এতটুকু না দ্বিধা হয় গ্রহণ করতে। হঠাৎ একটা অনাথ ছেলের লালন-পোষণের ভার হাতে এসে পড়লে স্নেহপ্রাণ মেয়েরা যেমন তার যত্ম নেয় তেমনি স্বতোৎসারিত হয়েই ক্রিসতফকে দেখাশোনা করেছেন ফ্রাউ কেরিশ। ক্রিসতফ ভাবছে এসব স্নেহ-যত্ম তার ব্যক্তিগত প্রাপ্য, একটা ভাবকে নয় একটা ব্যক্তিকেই তিনি ভালোবাসছেন। তাই তার ক্বতজ্বতার অস্ত নেই। এই ক্বতজ্বতার প্ররোচনায় মাঝে মাঝে সে লম্বা বক্ততা কেন্দে বসে। সে সব আবার কেমন বেস্থরো শোনায় ফ্রাউর কানে। ভাবেন শিক্ষা তার সম্পূর্ণ হতে এখনো ঢের বাকি। তবু কেন কে জ্বানে তার ও সব অশিক্ষিত বক্ততায় কোথায় যেন আবার একট্ট মধুরতা আছে।

কিন্তু মীনার সঙ্গে তার সম্পর্ক একেবারে অস্ত ধরনের। যথন প্রথম দিন মীনাকে ক্রিস তফ বাজনা শেথাতে আসে, তথনো পূর্ব সন্ধ্যার স্থাতির মদিরা তাকে আভ্রন্ন করে আছে। মীনার হৃটি নরম চোথের চাহুনি মনে রচনা করে রেথেছে অপূর্ব স্থরমাধুরী। কিন্তু কয়েকঘন্টা যেতে না যেতেই

এ কী তার বিচিত্র মূর্তি। তার দিকে মীনা ফিরেও তাকায় না, ওনতেও চায় না কী সে বলতে বা বোঝাতে চাইছে। যদি কথনো বা চোথের সক্ষে চোথ এসে মিলছে, দেখছে মীনার চোথ বরফের মত ঠাণ্ডা—তার ছোয়ায় বৃকের ভিতরটা পর্যন্ত উঠছে কনকন করে। অনেকক্ষণ ধরে নিজেকে বস্ত্রণা দিতে লাগল ক্রিসত্ক, কোথায়, কোথায় সে অপরাধ করেছে নতুন, কি ভাবে হঠাৎ আঘাত দিয়েছে মীনাকে! খুঁজে বেড়াছে অথচ ধরতে পারছে না—সে কী ভয়াবহ য়য়ণা! অনেক চেষ্টা করেও কিছু আবিদ্ধার করতে পারল না ক্রিসত্ক। না, কোনো আঘাতই দেয়নি সে মীনাকে, অপমান করবার প্রশ্নই ওঠে না। আসলে মীনা আগের দিন বেমন ছিল আজো তেমনি আছে, আজকের চেয়ে আগের দিনটিতে তার মনোভাব এমন কিছু অমুকুল ছিল না। সেদিনও যেমনি উদাসীন ছিল আজো তেমনিই নির্বিকার আছে। প্রথম দিন সে যদি একটু হেসে থাকে সেটা তার স্বাভাবিক চাপল্যের জন্ত। যে কেউই প্রথম পরিচিত হতে আসত, তার দিকেই অমনি করে তাকিয়ে হাসতো সে স্বছলেন। লোক কেন, পথহারা একটা কুকুর এলেও তাই।

প্রথম দিনের পরিচয়েই সমস্ত কোতৃহল হারিয়ে বসেছে মীনা। তীক্ষ চোধে সে পর্যবেক্ষণ করে দেখেছে ক্রিসতফকে। দেখেছে সে নেহাৎই একটা বাজে ছেলে, কুৎসিত, দরিদ্র, অশিক্ষিত। পিয়ানো একটু বাজাতে পারে বটে কিন্তু হাত হটো কী কদর্য! থাবার টেবিলে কী জ্যক্তভাবে সে কাঁটা ধরে, আর কী ভীষণ কথা, ছুরিতে করে সে মাছ ধায়! তা ছাড়া ছেলেটার মধ্যে কোনো আকর্ষণ নেই, কি রকম ঘেন ভোঁতা, নিপ্রভ! ওর কাছ থেকে যদি সে বাজনা শিথতে চেয়ে ধাকে, কুরু ওকে নিয়ে একটু মজা করবার জ্যেই। কেননা এখানে এখন ভার আর কোনো সক্ষী-সাথী নেই, আর, যদিও সে এখন বড় হয়েছে বলে ভারিক্সিনা দেখাছে, তব্ও মাঝে মাঝে ছেলেমামুষের মতই মনটা থেলাধূলায় মেতে উঠতে চায়। কিছু এ কি একটা থেলাধূলা করার মত ছেলে! যেন একটা গৃহপালিত পশু, যাকে বলে ভ্যাড়াকান্ত! যদি কথনো সে তার দিকে চেয়ে চোখ নাচিয়েও থাকে, তবে,তা সে ভুলে নাচিয়েছ—হয়তো আর কিছু ভাবছিল, হঠাৎ নাচিয়ে ফেলেছে চোখ, কিংবা যাতে অভ্যেসটা ঠিক বজায় থাকে তারি জয়ে। সেই জন্মে তার মাথাব্যথা কিসের ৪

কিন্তু সেই যে চোথ নাচিয়েছিল সেই সঙ্গে ক্রিসতকের হাদয়ও
নাচিয়েছিল মীনা। সে কি জানে সেই খবরটুকু ? দরকার নেই মীনার
সেই বাজে থবরে। সে নিজের স্বপ্ন নিয়েই মশগুল। তার এখন সেই
বয়স যে-বয়সে বিচিত্রবর্গ প্রজাপতি-স্বপ্নে কয়না-কানন আছেয় হয়ে থাকে।
দিনরাত সে প্রেমের চিস্তায় বিভোর, যে প্রেমের রেখা নেই ছায়া আছে,
সীমা নেই আছে শুধু কোমল ধূসরতা। অজ্ঞানের জত্মে নির্দোষ যে প্রেম।
আর যে প্রেমের পরিণতি বিবাহ। বিয়ে ছাডা আবার প্রেম কি, আর
বিয়ের কথা ভাবতে হলেই বরের কথা মনে আসে। কার সঙ্গে তার বিয়ে
হবে না জানি। হয়তো বা লেফটেনেন্টের সঙ্গে কিংবা কোনো কবির
সঙ্গে, শীলারের মতন যে মহান। এক কয়না এসে আরেক কয়নাকে গ্রাস
করে আর শেষের কয়নাটাকে মনে হয় প্রথম কয়নার মতই চিন্তাকর্ষক।

কিন্তু বাস্তব যংন সামনে এসে দাঁড়ায় তথন কল্পনাপ্রবণ মেয়েরা সেই বাস্তবকেই মেনে নেয়; যদিও তা সেই স্বপ্নের তুলনায় দীন—তব্ সেই-ই তো নিশ্চিত।

এই জটিল যত্র—প্রছন্নে যতটা হয়তো নয় প্রত্যক্ষে তার চেরুর বেশি জটিল—নারী-হৃদয় সম্বন্ধে জাঁ-ক্রিসতক্ষের বিন্দৃবিসর্গ জ্ঞান নেই। বন্ধদের ব্যবহারে অনেক সময় সে বিচলিত হয়েছে বটে, কিন্তু ওদের স্নেহ্ন সেকখনো অবিধাস করেনি। যদিও তঃথ পেয়েছে তাদের ব্যবহারে, ভাবতে অভাব ছিল না যে আমি যেমন ওদের ভালোবাসি তেমনি গভার ওদের ভালবাসা। মুখের একটি কথা, স্নেহপূর্ণ একটি দৃষ্টিই তাকে ভরে তুলেছে আনন্দে। কখনো কখনো বা চোখে জল নিয়ে এসেছে।

ছোট স্তব্ধ ঘরে টেবিলের ধারে বলে আছে জাঁ-ক্রিসতফ—কয়েক গজ দূরে বসে ল্যাম্পের আলোতে সেলাই করছে ফ্রাউ কেরিশ—টেবিলের অক্তদিকে বদে বই পডছে মীনা। কেউ কথা কইছে না। আধথোলা দরজার ফাঁক দিয়ে বাগানের রান্তার দিকে তাকিয়ে আছে জাঁ-ক্রিস্তফ। কাঁকরের গুঁড়োগুলো চাঁদেব আলোয় ঝকঝক করছে। নয় একটি মর্মর উঠেছে গাছের শাথায়-পাতায়। যেন কোন গভীর প্রস্থপ্রি স্থর! সহসা ক্রিসতফের বুক আনন্দে ভরে উঠল। কোনো কারণ নেই, সহসা সে চেয়ার থেকে লাফিয়ে এসে বসে পডল ফ্রাউ কেরিশের পায়ের তলায়। চেপে ধরল তাঁর ছু'হাত—হাতে ছুঁচ আছে কি নেই লক্ষ্য না করেই সে হু'হাত চ্ছন করতে লাগল, সেই হুথানি হাত নিয়ে চেপে ধরতে লাগল তার ঠোঁটে তার গালে তার চোখে, আর কাদতে লাগল অঝোরে। এত মেহ এত স্থু যেন সে আর কোথাও কোনোদিন পায়নি। কপালে চোথ তুলল মীনা, অবজ্ঞায় কাঁধ ঝাঁকাল, হয়তো বা মুথ ভেঙচাল পরোক্ষে। বড় হয়েছে ছেলে, তবু পায়েব কাছে বসে দীনতা করছে, করুণায় একটু হাস্লেন ফ্রাউ কেরিশ, হাত মুক্ত করে তার মাণায় বুলিয়ে দিতে লাগলেন ; বললেন, তাঁর সেই স্থন্দর সত্রেহ গলায়:

''এ,কুী, বুড়ো ছেলে, এ তোমার কী হল ?"

किन्न भौनात भन উधा ७ इराइक का वाता (अ) । आहा (सह स्वत, सह

ন্তকতার স্বর, সেই নিকচ্চার শান্তি, সেই ছায়াছ্ছর পরিবেশ—বেথানে চীৎকার নেই, প্রবলত। নেই, রুচতা নেই—জীবনের কক্ষ মরুভূমিতে সেই একট্ স্বুজ নিকুঞ্জ—সেই কবিতানিকেতন। সেই দেশের প্রজ্ঞলন্ত আলোয় পৃথিবীর বস্তু আর শক্তি স্বর্ণদীপ্ত হচ্ছে—সেই সংঘাজ্য গাঁ গুধু মহান কবিদের লেখা পড়েই আবিদ্ধার করা চলে। গ্যয়টে, শীলার আর শেকস্পিয়র—গাঁরা স্ব সাহস আর বেদনা আর প্রেমের প্রস্ত্রবণ গ

বইয়ের উপর ঝুঁকে পড়ে কিশোরকণ্ঠে আবৃত্তি করে মীনা, উচ্চারণের উত্তেজনায় তার মুথ ঈবং আরক্ত হয়ে ওঠে, যোদ্ধা আর রাজার ভূমিকায় সে থেন নেমেছে রক্ষমঞ্চে। কথনো কখনো বই নিজের হাতে টেনে নেম ফ্রান্ট কেরিশ, তাঁর কোমল ককণ স্বর ইতিহাসের সেই সব মহান পরাভবের উপরে একটি আধ্যাত্মিক লাবণ্য বিস্তার করে। বেশির ভাগ গুনতেই তিনি ভালোবাসেন—কোলের উপর অফুরস্ত সেলাই নিমে চেয়ারের পিঠে হেলান দিয়ে বসে থাকার ভঙ্গিটিই মনোরম। নিজের ভাবনাগুলির দিকে চেয়ে-চেয়ে হাসেন। যথনই যে কোনো বইই তিনি পড়ন না সেই ভাবনাগুলি কোখেকে হঠাৎ ভেসে-ভেসে আসে।

পড়তে চেষ্টা জাঁ-ক্রিসভফও করেছিল বারকতক, ছেডে দিতে হযেছে। তার সাধ্য নেই থে পড়ে। তো গলামি করতে থাকে, কথার উপরে হোঁচট থেয়ে পড়ে, কথনো বা যতির ছোট-ছোট শুক্ত ভাগুলোকে বাক্যস্রোতে ভাসিয়ে নিয়ে যায়, প্রকৃত বা নিহিতার্থ কিছুই বোঝে না, অথচ হঃথের জ্বায়গাগুলো পড়তে-পড়তে কথনো একেবারে নির্গজ্জের মত কেঁদে ফেলে। চকিতে বইটা ছুঁড়ে ফেলে দেয় টেবিলে, আর তাই দেখে হুই বন্ধ হাসিতে ফেটে পড়ে।

সত্যি, কত সে ভালোবাসে ওদের। স্বধানে ওদের, মনোময়ী 
মৃতি হৃটি বুকে নিয়ে ঘুরে বেড়ায়। যেন ওরা শেকস্পিয়র আর গায়টের

শরীরের সঙ্গে মিশে গিয়েছে—কারু থেকে কাউকে সে আলাদা করে নিতে পারছে না। কবিদের সেই স্থগদ্ধে-ভরা কথাগুলি হৃদয়ের গভীরতা থেকে একটা অন্ধ আতীর আবেগ উথলে তোলে। সেই স্থাসিত কথাগুলিও য়া, আর যে-ঠে ট হুখানি থেকে ঐ কথাগুলি রুটির মত ঝরে পড়ে সে ঠোঁট হুখানিও তাই। ঐ ঠোঁট হুটি ছিল বলেই তো সে জীবনে শুনতে পেল এই প্রথম কবিকলম্বর। কুড়ি বছর পরেও যথন সে কথনো এগমন্ট বা রোমিও পড়েছে বা অভিনীত হতে দেখেছে, কোনো কোনো জায়গায় মনে পড়েছে সেই কবেকার শাস্ত কটি সন্ধ্যা, সেই অস্পর্শ কটি স্থথের স্থপ্ন আর ফ্রাট ফন কেরিশ ও মীনার হুখানি প্রীতিম্বন্দর মুখ।

হজনে যথন ওরা পড়ে তথন ওদের দিকে চেয়ে-চেয়েই ঘণ্টার পর
ঘণ্টা কাটিয়ে দেয় ক্রিস্তফ। রাত্রে বিছানায় গুয়ে বোজা চোথে জেগেজেগে যথন স্বপ্ন দেখে তথন মনে পড়ে সেই মুখ; দিনের বেলা যথন
অর্কেন্ট্রায় নিজের জায়গাটিতে বসে য়য়চালিতের মত বাজনা বাজাতে
বাজাতে আধবোজা চোথে স্বপ্ন দেখে, তথনও। ওদের জল্মে মনে একটা
উৎসারিত উজ্জল কোমলতা—এই কোমলতার কী অর্থ তা সে জানে না।
ভাবে এই বোধ হয় প্রেম। একেই বোধ হয় প্রেম বলে। কিন্তু কার
সক্ষে যে প্রেম, মার সঙ্গে না মেয়ের সঙ্গে, ঠাহর করতে পারে না। খুব
গজীর হয়ে সে চিন্তা করে দেখেছে, কিন্তু কাকে ছেড়ে কাকে যে নির্বাচন
করবে কে বলে দেবে। কিন্তু, এটা স্পাই বুঝতে পারছে, যত কইই হোক
একজনকে ছাড়তে হবে, হজনকে রাখা চলবে না, কিন্তু কাকে যে ছাড়বে,
কাকে যে ধরবে মন কিন্তুতেই স্থির হয় না। মনটা একবার ক্রান্ত ফন
কেরিশের দিকে ঝুকল, সহজেই আবিদ্ধার করে ফেলল যে তাঁকেই সে
ভালোবেন্তুন্তে। ভালোবেসেছে তাঁর ক্রতে হৃটি চোখ, আধ-খেলা গোঁট
হৃটির উপর ঈষৎ-উদাসীন একটি হাসির আলহা, তাঁর স্বচ্ছস্কলর কপাল,

চুলের এক পাশে বাঁকা করে সিঁখি কাঁটা—আর কী ঘননম তাঁর ঢুল াু একটু মোটা গলার আওয়াজ, কংনো বা তাতে একটু কাশির ঝাঁজ মেশানো, তার জননী-স্থলভ বিশাল হটি করতল। তাঁর চলাফেরার সমৃদ্ধ গান্তীর্য— আর ঠার রহস্তময় অশরীরী আত্মা। ভালোবেশৈছে নিশ্চয়ই সে ভালোবেসেছে। তাঁর পাশটিতে যখন সে বসে, কখনো কখনো করুণায় তিনি তাকে বই থেকে কিছু পড়ে শোনান, ব্যাখ্যা করে মানে বুঝিয়ে দেন-অর্থ সে কিছুই বোঝে না, তবু তাঁর করুণায় তাঁর কণ্ঠমবে সে রোমাঞ্চিত হয়। কথনো তিনি তার কাঁবের উপর হাত রাখেন, তাঁর আঙুলের উষ্ণতা সে যেন স্পষ্ট অমুভব করে, জার গালের উপর তাঁর নিখাস লাগে। তাঁর গায়ের গন্ধটি তাকে আছল করে ধরে। আনন্দে বিভোর হয়ে সে শোনে, বইয়ের কথা সংসারের কথা সমস্ত ভূলে যায়, বাক্য আর অর্থ কিছুরই কোনো অর্থ থাকে না। এ ভাবটা বুঝি ধরে ফেলেন ফ্রাউ কেরিশ, বলেন,—কী বললাম বলো দিকি ? তথন কিছুই সে বলে না, কিছুই তার বলবার নেই। তখন খুব রেগেছেন এমনি ভাব দেখান ক্রাউ-কেরিশ, কিন্তু রাগের সঙ্গে সঙ্গে হাসিতেও সারা মুখ ঝলমল করে ওঠে। বই দিয়ে তার নাকে একটা টুশকি মারেন ফ্রাউ কেরিশ, তাকে গাধা বলে তিরস্কার করেন। বতক্ষণ ক্রিসতফ ফ্রাউ কেরিশের গাধা আছে ততক্ষণ তিনি তাকে বাড়ি থেকে তাড়িয়ে দিচ্ছেন না, ততক্ষণ আর কারুর সে তোয়াকা করে না সংসারে। প্রতিবাদ করার ভাব দেখান ফ্রাউ কেরিশ—বলেন, সে যদিও একটা বিশ্রী গাধা, আর অত্যন্ত বোকা, তবু তাকে তাঁর রাখতে আপত্তি নেই, এমন কি একটু ভালোবাসতেও আপত্তি নেই—বদিও সে একটি নিরেট অপদার্থ—ওধু সে বদি নিছক ভালো হয়, ভালো থাকে।

তারপর ত্মজনে তারা হাসে। ক্রমে সে-আনন্দের হ্রদে সাঁতার কাটে ক্রিস্তফ।

যখন ব্রুপ ফ্রাউ ফন কেরিশকেই সে ভালোবাসে তথন অনামাসে ছেডে দিল মীনাকে। এমনিতেই গোডা থেকেই তার কাঠিল ও উপেক্ষায় বিরক্ত ছিল ক্রিসতফ, ঘন ঘন দেখা হচ্ছে বলে তারও সাহস ক্রমেই বেড়ে যাছে—ক্রমেই বেশ সহজ ও হালকা হতে পেরেছে মীনার সামনে—এমন কি তার প্রতি যে ক্রিসতফ বিরক্ত এটুকু গোপন করবারও আর ইচ্ছে হাছে না। ক্রিসতফকে দংশন করতে সব সময়েই উন্মুখ মীনা, ক্রিসতফ্ত আজকাল ফেরাফিরতি ছল ফুটাতে পিছপা হয় না। পরম্পারকে প্রতিনিয়ভই তারা কঠিন কথা বলে যাছে। মজা পেয়ে হাসেন শুধু ফ্রাউ কেরিশ। কথা-কাটাকাটিতে ক্রিসতফ মোটেই তাক্রম, তার নেই সেই ঝাজ আর ঝাল, তাই সে-ই বেশি কুল্ল, বিধ্বস্ত হয়। এমন একটা ভাব করে যেন মীনার মত ঘুণ্য আর নেই কেউ সংসারে। নিজেকে এই বলে প্রবোধ দেয় যে ফ্রাউ কেরিশের জক্মেই তার প্র-বাড়িতে যাওয়া। নইলে ভারী তার দায় পড়েছিল।

তবু আগের মতই বাজনা শিথিয়ে চলেছে মীনাকে। সপ্তাহে তুদিন, সকাল নটা থেকে দশটা—থেয়েটার স্থর আর তাল-মানের সে তদারক করে। যে ঘরে বসে চলে এই পড়াশোনা সেটা মীনার স্ট্রভিয়ো। তার মেয়েশী মন যেমন ধামখেয়ালী, তেমনি বিশৃঞ্জ তার ঘর।

টেবিলের উপর বাজস্ত কতগুলি ধেলনা-বেড়াল—একটা গোটা আর্কেন্ট্রা-পাটি, কেউ বেছালা কেউ বা ধঞ্জনী বাজাচ্ছে, ছোট একটা পকেট-আ্যারনা, লেখবার জিনিস, প্রসাধনের টুকিটাকি। সব এলোমেলো করে সাজানো। তাকের উপরে প্রসিদ্ধ স্থরকারদের ছোট-ছোট আবক্ষ মূতি, ভুক্ক কূঁচকে আছে বীঠোফেন, মথমেলের টুপি পরা হ্বাগনার আর এদিকে একটি এপোলো বেলভিডিয়র দাঁডিয়ে। কুলুক্তির মধ্যে একটা ব্যাপ্ত পাইপ টানছে, আছে একটা কাগজের পাথা তাতে বেরুপ্ থিয়েটরের ছবি আঁকা। বইর তাকে কয়েকথানা বই—মমসেন, শীলার জুলস ভার্ন, মস্তেইন। দেয়ালে ম্যাডোনার প্রকাণ্ড ছবি, নাল আর সব্জ ফিতের বর্ডার দেয়া। সবচেয়ে বেশি যা চোথে পড়ে, চোথকে যা শীড়া দেয়, প্রহার করে, তা হচ্ছে এথানে-সেথানে কোণে-কানাচে অগুনতি ফোটো-গ্রাফ—কোথাকার কোন সরকারী কর্মচারীর, জমিদারের, পাদ্রী-সাহেবের, মেয়ে-বর্দ্ধর। এত ছবি যে লেথাজোথা নেই। সব চেয়ে যা চক্ষশ্ল তা হচ্ছে প্রত্যেকটি ছবির নিচে কি সব লেথা। আর সে-সব লেথা পত্ম, কিংবা অন্তত তাই, জার্মানীতে যাকে পথ বলে। আর সব চেয়ে যা বিরক্তিকর তা হচ্ছে পিয়ানোর উপরেই ছোট-ছোট কটা বাদর।

দেরি করে ঘরে ঢোকে মীনা, ঘ্মে চোণ ছটি ফুলোফুলো, মুখণানি ভার-ভার। জাঁ-ক্রিসতফের দিকে হাত একটু বাড়ায় কি না-বাড়ায়, গুকনো গলায় অভিবাদন করে কি না-করে। নিঃশব্দে নিটোল গন্তীর হয়ে, সম্বান্ত ভলিতে বসে এসে পিয়ানোয়। যখন মীনা একা-একা বাজায় তখন যে কোনো পর্দায় সে হরের ঝাণা বইয়ে দিতে পারে, ইক্ছে মত হরের জাল বুনে-বুনে সে গড়তে পারে স্বপ্রের নিদ্রাপুরী। কিন্তু জাঁ-ক্রিসতফ এলেই সব মাটি। ক্রিসতফ তার মনের এই খেয়ালীপনাকে প্রশ্রেষ দিতে পারেশা, সে মান্টার, সে মীনাকে বিশেষ কোনো একটা অফুনীলনে আবদ্ধ করে রাখে। রাগ হয়ে বাম্ব মীনার, কি করে প্রতিশোধ নেবে ভেবে পায় না। শেষে যা-তা করে বিশ্রী করে বাজিয়ে অক্কতকার্য হবার ভান করে। এমনিতে বাজিয়ে মন্দ নয় মীনা, কিন্তু অনেক জার্মান মেয়েদের

মতই মনে করে বাজনাটা তার পছল করা উচিত, তাই মনোযোগ দিয়ে শেখবারও তার আগ্রহ আছে—কিন্তু যেমন মান্টার একজন জুটেছে, তাকে মানতে তার মন ওঠে না। একেক সময় এমন একটা হুটু খেয়াল জাগে যে ইচ্ছে হয় রাগে অহ্ব করে দিই মান্টারকে। মীনা জানে, আর কিছু নয়, শুধু নীরব উপেক্ষা দিয়েই যথেই ক্ষিপ্ত করতে পারে সেক্রিস্তফকে। কিন্তু একেক সময় সমস্ত মতলোব ভেল্তে যায় যথন মীনা ভাবে এই স্থরের মধ্যে আত্মাকে ঢেলে দিতে হবে, কিংবা আ্থার মধ্যে অক্পপ্রবেশ করে দিতে হবে এই স্থরধনি, তথনই সব গোলমাল হয়ে যায়। তথনই তার মন কেমন শৃষ্য মনে হয়। তথনই সে ভাবাকুল হয়ে ওঠে।

তার পাশে বসে জাঁ-ক্রিস্ভফও বিশেষ শিষ্টাচার দেখায় না।
প্রথমত প্রশংসা করে না বিন্দুমাত্র—কোনো সময়ে না। তাই এমন
একটাও মন্তব্য সে করতে পারে না যার প্রত্যুত্তরে মীনা না খোঁচা মারে।
বা সে বলবে কোনোটাই মেনে নেবে না মীনা, তর্ক করবে আর যদি
কথনো মীনা ভূল করে, জোর দিয়ে বলবে, বইয়ে যেমন আছে তেমনি
বাজিয়েছে ছবছ। চটে যায় ক্রিস্তফ। তারপর স্কুরু হয় নির্দয় কথার ঢিলভোড়াছুঁডি—এ-পাশ ও-পাশ দিয়ে না গিয়ে শেষে একেবারে গায়ে এসে
লাগে। পিয়ানোর চাবির দিকে চোথ রাখলেও বাঁকা চোথে তাকিয়ে
মীনা দেখে ক্রিস্তফের রাগ, আর তার জালাটা উপভোগ করে। একঘেয়ে বিরক্তির থেকে উদ্ধার পাবার জন্তে নামারকম কোশল স্বষ্টি করে
মানা—আর কোনো উল্লেম্ডে নয়, যেন মান্টারিটা একটু ক্ষান্ত হয়, যেন
ক্রিস্তফকে ক্ষেপিয়ে দিয়ে সে একটু মজা পায় ফাঁকতালে। কখনো বা
বিষম খায় মীনা, কখনো বা কাশতে স্কুরু করে, কখনো বা ঝিকে কিএকটা জ্বন্ধরি কথা বলবার জন্তে উঠে বায় ঘর ছেড়ে। জাঁ-ক্রিস্তফ বেশ

বোঝে, ছলনা করছে মীনা আর মীনাও বেশ বোঝে তার এই ছলনাটা দিব্যি ব্যতে পেরেছে ক্রিসভফ। বেশ লাগে মীনার, কেননা ক্রিসভক্ষের মনে এখন কী হচ্ছে তা বলার সাধ্য নেই ক্রিসভক্ষের।

একদিন এমনি মজার খেলায় মেতে উঠেছে, হঠাং কমালে মুখ লুকিয়ে কাশতে লাগল মীনা। এমন ভাবে কাশতে লাগল বেন দম আটকে যাবে এক্সনি। আসলে কিন্তু চোখের কোণ থেকে দেখছে ক্রিস্তক্ষের বিরক্তির তাপটা কতদূর ওঠে! হঠাং কি এক হটু বৃদ্ধি মাথায় এল, কমালটা ফেলে দিল মেঝের উপর। এমনভাবে ফেলল যাতে ক্রিস্তক তুলে দেয় আলগোছে। দিলও তাই, কিন্তু ঘোরতর বিরক্তির সলে। "ধন্তবাদ।" খুব একটা গন্তীর ও বদান্ত ভক্তি করে বললে মীনা। ভাব দেখে বাগে ক্রিস্তক্ষ প্রায় ফেটে পডে।

এই থেলাটা এত ভালো যে পুনরারতি চলে। পরদিন আবার অমনি কমাল ফেলল মীনা। জাঁ-ক্রিসতফ এবার নডল না, এক ইঞ্জিও না, রাগে ফুটছিল তার রক্ত। এক মুহূর্ত অপেক্ষা করল মীনা, শেষে আহত ভলিতে বল্লে, "দয়া করে আমার ক্রমালটা একটু ছুলে দেবে ?"

আর নিজেকে ধরে রাথতে পারশ না ক্রিসতফ। রুক্ষকণ্ঠে চেঁচিয়ে উঠল, ''আমি তোমার চাকর নই। নিজের রুমাল নিজেই তুলে নাও।''

রাণে রুদ্ধাস হয়ে গেল মীনা। টুল থেকে ঝটকা মেরে উঠে দাঁড়াল, টুলটা ধাকা থেয়ে গড়িয়ে গেল মেঝেতে।

"অসহ।" পিয়ানোর উপর প্রবল একটা থাবা বসিয়ে রাগে বেরিয়ে গেল ঘর ছেড়ে।

অনেককণ অপেকা করণ ক্রিসতফ। ফিরল না মীনা। নিজের ব্যবহারে পজায় মরে যেতে লাগল ক্রিসতফ—একটা অসভেঙ্গা মত সে ব্যবহার করেছে। কিন্তু সঞ্জের শেষ সীমায় এসে পৌছেছে, তাকে নিয়ে মীনার এই উদ্ধৃত বিজ্ঞপের কোনো অর্থ হয় না। ভয় হতে লাগল বদি মার কাছে মীনা নালিশ করে, আর তাঁর মন থেকে ফাউ কেরিশ বৃদি তাকে মুছে ফেলেন। কি করবে ভেবে পেল না ক্রিসভক্ষ; বদিও তার এই বর্বরতার জন্মে সে হংখ প্রকাশ করতে প্রস্তুত। কিন্তু ক্ষমা চাইতে সে প্রস্তুত নয়। তাকে ক্ষমায় আনত করতে পারে এমন কোথাও কোনো শক্তি নেই পথিবীতে।

কোথাকার জল কোথায় এসে দাঁড়ায় দেখবার জন্তে পরদিন আবার এসেছে ক্রিসতফ। মীনা নিশ্চয়ই আজ পড়তে আসবে না। কিন্তু মীনা অমন ঠুনকো ছিঁচকাছনে মেয়ে নয়। সে এত গবিত যে কারুর কাছে নালিশ করে না। নালিশ করে যেচে বকুনি থেতে সে রাজি নয়। তাই সটান পড়তে এল মীনা। কিন্তু যতক্ষণ সাধারণত অপেক্ষা করে ক্রিসতফ তার চেয়ে পাঁচ মিনিট বেশি তাকে বসিয়ে রাখল। শক্ত ঋতু হয়ে পিয়ানোর কাছে বসল টুলের উপর। ঘাড়ও ফেরালনা, টু আওয়াজও করল না—যেন তার কাছে জাঁ-ক্রিসতফের অন্তিম্বের কোনোই প্রয়োজন নেই। কিন্তু শেখবার বেলায় বৃদ্ধিমানের মত ঠিক-ঠিক সব শিথে নিলে। মুথে যাই বলুক মনে-মনে মীনা জানে ওপ্তাদ বাজিয়ে জাঁ-ক্রিসতফ, যদি ভালো চায় এই বেলা সে কাজ বাগিয়ে নিক, পরের পর শিথে নিক গৎগুলো। আর তালো বাজনদার হবার সথ তার কত দিনের। সংস্কৃতির ছাপ-মারা আধুনিক কামুন-ত্রপ্ত শিক্ষিত মহিলা হবার।

কিছ কী অসম্ভব নীরস এই ছেলেটা।

মার্চ মাসের কুয়াশাচ্ছর প্রভাত—পাথির পালকের মত বরফের কুচি উড়ছে বাতাসে, ওরা ছটিতে বসেছিল স্টুডিয়োতে। দিনের আলো বলা বায় না সে-অপূর্ব অম্পষ্টতাকে। একটা ভূল আওয়াজের স্পক্ষে তর্ক করছিল মীনা। বলছিল, "লেখা আছে তেমনি।" ক্পষ্ট বুঝতে পারছে ক্রিসতফ, মিথ্যা কথা বলছে মীনা, তবু তীক্ষ চোধে বইটা দেখবার জন্মে সে ঝুঁকে পড়ল। বইয়ের র্যাকের উপর মীনার হাতখানা নিশ্চল হয়ে আছে। আর সেই হাতের কাছেই ক্রিসতফের ঠোঁট প পড়তে চেষ্টা করল ক্রিসতফ, পারল না। তার চোথ যেন আর কিছু দেখছে, দেখছে যেন সগ্রুফ্ট স্বচ্ছ স্থানর একটি ফুল! হঠাৎ—কী ভাবছিল কিছুই সে জানে না—সেই ছোট নিরীহ হাতখানির উপর তার ঠোট হুটো সে জোরে চেপে ধরল।

তজনেই হতভম হয়ে গেল মুহুর্তে। ধাকা থেয়ে পিছনে হটে এল ক্রিসতফ, এক ঝটকায় হাত সরিয়ে নিল মীনা—হজনেই লজ্জায় বিধ্বস্ত হয়ে যাচ্ছে। কেউ কারু সঙ্গে কথা কইল না, তাকাল না পরস্পরের দিকে। স্থপ্তিত স্ক্রজাটা কাটলে আবার বাজনা নিয়ে বসল মীনা— কেমন অম্বন্তি লাগছে তার, কিসের একটা ভারে তার বুক ওঠা-নামা করছে। একের পর এক ভূল চাবিতে আঙুল ফেলছে। এসব দেখেও দেখছে না ক্রিসতফ—্মীনার চেয়েও বেশি সে বিচলিত। তার কণালের শির হটো দপ দপ করছে। কোনো শন্ধই তার কানে ঢুকছে না, কী বাজাচ্ছে মীনা কে জানে। তবু এই মৌনের ভারটা হালকা করবার कर्ला थात्र (वावा भनात्र कहा मामूनि मखवा कदान ভराय-ভराय। मीनाव काष्ट्र जात्र नाम ित्रिमित्नद्र मर्जा धृमिमा९ इरा राम । तुक्ति माभ পেয়ে की य रहीए त्म करत वमन कन्नना कत्राल भारत ना। त्म की खीवन অভদ্র আর মূর্য! নিজেকেই ধিকার দিল সে শতকণ্ঠে। পড়ার ঘণ্টা শেষ হয়ে যেতেই মীনার দিকে না তাকিয়েই বিদায় নিল সে. যাবার আগে অভিনন্দনের কথাটুকুও মনে এল না। किছু মনে করেনি মীনা। জা-ক্রিসতফ যে অশিষ্ট-অভন্ত এমন কথা আর তার মনের কোণেও উঁকি

মারছে না । বাজাতে বসে একধার থেকে কত ভূল করছিল সে—তার কারণ আর কিছুই নয়, চোধের কোণের থেকে ক্রিসতফকে দেখছিল সে একদৃষ্টে—হয়তো বা ধানিকটা বিশ্বয় ও কোতৃহলের সঙ্গে, এবং—এই প্রথম, এফটু-বা সহায়ভূতির সঙ্গে।

যথন তাকে একা রেখে চলে গেল ক্রিসতফ, আর-আর দিনের মত সে মার কাছে ছুটে গেল না, ঘর বন্ধ করে সে ভাবতে বসল। ভাবতে বসল, মুহুর্তে কী একটা অসাধারণ ঘটনা ঘটে গেল তার জীবনে। ত্ব'হাতের মধ্যে মুথ রেথে আয়নার সামনে বসে আছে। তার চোথ হৃটিকে भरन इरम्ह नदम जालारा अनमन कराइ। मांज निरम ठीं। छित কোণটা একটু কামড়ে ধরে ঘটনাটা ভাবতে চেষ্টা করল একবার। আয়নাতে নিজের মুথ দেধছে আর মনে-মনে স্প্রটি করছে সেই দৃশুটুকুকে আর সঙ্গে-সঙ্গেই লজ্জায় রাঙা হচ্ছে আর হাসছে। দেখছে তার শান্ত মুখ কি করে হঠাৎ লজায় রক্তিম হয়ে উঠতে পারে ! খাবার সময় তাকে ভারি প্রফুল দেখাল, ওধু প্রফুল নয়, আনন্দ-দীপ্ত। বিকেলের থানিকটা একা-একা কাটালো ডুয়িংরুমে; হাতে কিছু স্লোই ছিল, তাই নিয়ে বসল সে অন্তমনপ্তের মত। কিন্তু দশটা ফোড দিতে একটা অন্তত ভূল इराय याष्ट्र । (हाक ना जुल, की हम्र जुल इरल। घरतत कार्य मात्र मिरक भिर्ठ करत वरम हामम स्म वाभन भरन। हर्गाए की **(ध्याम हम**, ইচ্ছে হল নিজেকে আনন্দে বিকীর্ণ করে দি, মুক্তি দি আনন্দের হাওয়ায়। हिंगे प्रतिभाग त्म नाठ ऋक करत मिन, गान धतन गना ছেড়ে। भा চমকে উঠল, ভাবল মেয়েটা হঠাৎ পাগল হয়ে গেছে বৃঝি। হাসতে हामर्क मात्र गमा अफ़िरम धरत तूरकत छेलत बालिरम लेएम मीना, ह्म् খেতে লাগল মাকে।

শন্ধ্যেয় বর্থন নিজের ঘরে ঢুকল, অনেকক্ষণ বসে রইল চুপচাপ, শুতে

গেল না। আরনায় কেবল নিজেকে দেখতে লাগল বারে-বান্ধে, ঘটনাটা মনে করবার চেষ্টা করতে লাগল—সারা দিন ঐ একই কথা ভেবে-ভেবে এখন আর কিছুই মনে করতে পারছে না। আন্তে-আন্তে কাপড় ছাড়তে লাগল—কাপড় ছাড়তে-ছাড়তে হাসতে লাগল থেকে-থেকে, মনৈ আনতে চেষ্টা করল, জাঁ-ক্রিসতফ সত্যি কেমনতরো দেখতে! যেন এক স্বপ্নের জাঁ-ক্রিসতফ, এক কুহকের জাঁ-ক্রিসতফ তার চোথের সামনে এসে দাঁড়াজে বারে-বারে। এখন আর তাকে একেবারেই কিস্তুত্কিমাকার লাগছে না। বিছানায় চুকে আলো নিভিয়ে দিল মীনা। দশ মিনিট পরে আবার সকালের সেই ঘটনার ছবিটা চোথের সামনে ভেসে উঠল, অমনি হেসে উঠল সে সম্বে। শব্দ গুনে মা জেগে পড়লেন, নীরবে এসে দরজা খুললেন, নিশ্চয়ই তার কথার অবাধ্য হয়ে বিছানায় গুয়ে বই পড়ছে মেরে। কিন্তু উকি মেরে দেখলেন চুপচাপ গুয়ে আছে মানা, অস্পষ্ট মোমের আলোয় চোথ বড় করে চেয়ে রয়েছে।

"কী হল গ হাসছিস কেন ?"

"কিছু না।" গঞ্জীর স্থরে মীনা বশলে "একটা কথা মনে পড়ছিল, মা।"

"যাক, হৃথী তুই, নিজের সঞ্চুকুই তোর এত ভালো লাগে। নে, চুপচাপ ঘুমো।"

''হাঁা, মা।' মীনা বললে বিনয়ীর মত। কিন্তু ভিতরে-ভিতরে গর্জন করছে: ''চলে বাও, তোমার পায়ে পড়ি, চলে বাও শিগগির।'' দরজা বন্ধ করে মার চলে না বাওয়া পর্যন্ত সে সেই স্বপ্লের সরোবরে ডুব দিতে পাছে না।

মধুর তহ্মার আবেশে আছের হয়ে আসছে মীনা। এইরার,চলে এসেছে সে সেই স্থঘন ঘুমের প্রান্তে। হঠাৎ সে আনন্দে লাফিয়ে উঠল: "আমাকে ও ভালোবাসে…কী আনন্দ! আমিও ওকে ভালোবাসি। কত স্থন্দর ও।…"

বালিশে চুমু খেতে লাগল মীনা, ঘুমিয়ে পড়ল।

পরদিন যথন তাদের দেখা হল কের, মীনার সৌজত্তে জাঁ-ক্রিসতফ আশ্চর্য হয়ে গেল। তাকে "গুভদিন" জানালে, গায়ে পড়ে জিগগেস করলে গলাটা তার এমন একটু বসে গেছে কেন ? পিয়ানোতে গিয়ে যখন বসল, যেন কেমন স্থলর শক্ষী মেয়েট। বেশ বিনীত ছাত্রী, বাধ্য ও বিজ্ঞ। ইমুল-মেয়ের হরন্তপনার কৃটকোশল কিছুই আর তার জানা নেই। জা-ক্রিসতফ যা বলছে তাই ওনছে ভব্তিমতী হয়ে, স্বীকার করে নিচ্ছে ক্রিসতফের কথাই সব সত্যি! যখনই কোনো ভূল করছে, ভয়ার্ড করুণ শব্দ করে উঠছে লজায়, আবার তক্ষনি গুধরে নিচ্ছে ভুলগুলো। সব ধাঁধা লাগছে ক্রিসতফের কাছে। অন্ন সময়ের মধ্যেই অবিশ্বাস্থ উন্নতি করে ফেলল মীনা। গুধু বাজনাই সে এখন ভালো বাজাচ্ছে না, বাজনার মধ্যে ভাব এনে ফেলেছে, এনে ফেলেছে তার অন্তরের আবেদন। কাউকে থোসামোদ করতে অভ্যস্ত নয় ক্রিস্তফ, তবু মীনাকে হু'একটা প্রশংসার কথা না বলে পারল না। আনন্দে অরুণ হয়ে গেল মীনা, ক্রিসতফের দিকে চেয়ে তাকে ধন্যবাদ দিলে, তার চোথের দৃষ্টিট স্বতজ্ঞতায় টল টল করছে। আজকাল বেশি করে ও বেশিক্ষণ ধরে সে প্রসাধন করে-সব ঐ ক্রিসতফের জত্তে—নানারকম রঙের রেশমী ফিতে বাঁধে, ক্রিসতফকে ছোট-ছোট হাসি ও চাউনি উপহার দেয়। এ সক ক্রিসতফের ভালো লাগে না, কেমন অম্বন্ধি আনে, কেননা এসব তার প্রাণের গভীর মূপে এসে নাড়া দেয়, বাজনা বাজায়। এখন মীনাই আগ বাড়িয়ে কথা কয়, কিন্তু তার কথার মধ্যে আর সেই অর্থহীন ছেলে-

মানসি নেই—কেমন গন্তীর হয়ে গেছে সে, খুব ভারিকি চালে কবিতা আওড়ায়। কোনো উত্তরই ক্রিসতর্মের মুখে আসে নাঁ, অন্তরে বসে ছটফট করে। এই মীনা তার কাছে সম্পূর্ণ নতুন, সম্পূর্ণ অজানা। এ তাকে গুধু বিশ্বিতই করছে না, বিচলিত করছে।

সর্বক্ষণ তাকে দেখছে মীনা। যেন কিসের জক্তে সে প্রতীক্ষা করে আছে একিসের জক্তে ? অমীনা কি জানে না সে কী চায় ? জানে, সে চায় জাঁ-ক্রিস্তফ আবার তাই করুক যা সে সেদিন করেছিল। কিন্তু বড় ছাঁসিয়ার হয়ে গেছে ক্রিস্তফ, সে বুঝেছে তার সেদিনের ব্যবহার অসভ্যের মত হয়েছিল—আর সে-চিন্তা সে মনের কোণেও স্থান দিছে না। কিন্তু মীনা চঞ্চপ, অন্তির হয়ে উঠেছে। একদিন চুপচাপ বসে আছে ক্রিস্তফ, মীনার ছোট-ছোট ধারালো থাবা থেকে সন্ত্রান্ত ব্যবধান বেণে সে বসে আছে, হঠাৎ একটা ব্যাকুলতা মীনাকে পেয়ে বসল, কী করছে না করছে কিছুই স্পষ্ট না বুঝে তার একথানি হাত ক্রিস্তফের ঠোটের কাছে মেলে ধরল। ভয়ে পিছিয়ে গেল ক্রিস্তফ, মরে গেল লক্ষায়। কিন্তু তবুও, ধরল সে সেই হাতথানি, নিবিড় আনন্দে তাকে চূখন করলে। মীনার ব্যবহারে রাগে এত অসহায় বোধ হল যে ইচ্ছে হল তক্ত্নি সেধান থেকে সরে পড়ে।

কিন্তু পারল না সরতে। ফাঁদে পড়ে গেল। ভাবনার ঘূর্ণি উঠেছে
মনের মধ্যে, তাদের দিশ-পাশ কিছুই বোঝা যাছে না। মাঠের মধ্যে
থেকে যেমন কুরাশা ওঠে তেমনি উঠছে, উড়ছে, ছড়িয়ে পড়ছে সেই স্বপ্নের
কুরাশা। ভালোবাসার সেই কুরাশার মধ্যে এথানে-ওথানে সে ঘ্রেঘ্রে বেড়াছে। কিন্তু বাই সে করুক, যেথানেই সে যাক, সমন্তক্ষণ
একটি অস্পত্ত অথচ দ্বির কেন্দ্রকে অবলম্বন করেই সে আবর্তিত হছে।
সে তার একটি অপরিচিত বাসনা, ভয়ঙ্কর অথচ মনোমোঁহন—

পতক্ষের কাছে বহিংশিখা। আদিম অন্ধ প্রকৃতির আকন্মিক স্বতঃক্ষুরণ।

• একটা প্রতীক্ষার মধ্য দিয়ে চলেছে হজনে। একে অন্তকে লক্ষ্য করছে, কামনা করছে, একে অন্তের সম্বন্ধে রয়েছে একটা আতকে। থাকছে একটা রুদ্ধখাস অস্বস্থির মধ্যে। তার জন্তে ছোটথাটো খুনগুটি বা মান-অভিমানের অভিনয় করতে তারা ছাড়ছে না, বরং তাদের মধ্যে নেই যেন আর সেই ঘনিষ্ঠতা—তারা স্তব্ধ হয়ে গেছে ভিতরে-ভিতরে। নিস্ততে তারা ধার-ধার প্রেমের মন্দির নির্মাণ করছে।

প্রেমের বিপরীত আচরণ। সামনে যেতে সে পিছনকেও টেনে নিয়ে চলে। যে-মুহুর্তে ক্রিসতফ আবিন্ধার করল মীনাকে সে ভালোবাসে, অমনি সে স্থির করলে চিরকালই তাকে সে ভালোবেসে এসেছে। গত তিনমাস ধরে প্রায় প্রত্যহ তাদের দেখাশোনা হচ্ছে, তার মধ্যে প্রেমের নাম-গন্ধও কেউ কোনোদিন টের পায়নি। কিন্তু যেদিন সত্যি-সত্যি ক্রিসতফ ভালোবাসল সেদিনই তার মনে হল, কোন আদিকাল থেকেই এমনি সে ভালোবেসে এসেছে মীনাকে। শুধু অমুভূতি নয়, প্রত্যয়। অমুমান নয়, স্থির সিদ্ধান্ত।

যাই হোক, এতদিনে যে বুঝতে পেরেছে কাকে সে সত্যি ভালোবেসেছে, তাই একটা পরম শান্তি। এত দিন সে শুধু ভালোবেসেই এসেছে, শুধু জানতে পারেনি, কাকে। যেন একটা যন্ত্রণার উপশমের মত মনে হচ্ছে! যেন একটা অম্পষ্ট রোগে সে ক্লিষ্ট হচ্ছিল, এখন যেন যন্ত্রণাটা শরীরের একটা বিশিষ্ট অংশে সীমায়িত হয়েছে। ভালোবাসবার লোক নেই অথচ ভালোবাসা—তার মত ক্লান্তিকর আর কিছু নেই। ধেন বুস্বুসে জরের মত শরীরের হাড়-মাস কুরে-কুরে ধায়। পরিচিত

যে আবেগ তা প্রাবল্যের দিকে মনকে ধাবিত করে সন্দেহ নেই, তরু বোঝা যায় কার জন্তে সেই প্রমন্ততা। সে একটা প্রাচুর্য মাত্র, বিশীর্থতা নয়। উপচে পড়া মাত্র, নয় ক্ষয় হয়ে যাওয়া। সেটা আর যাই হোক, নয় শৃক্তগর্ভ আর্তনাদ।

মীনা যদিও বৃঝতে দিয়েছে ষে সে ক্রিসতফের প্রতি উদাসীন নয়,
তবু কেন কে জানে, এই কেবল ভাবছে ক্রিসতফ, মীনা তাকে ঘণা করে।
সেই ভাবনায় নিজেকে য়য়ণা দিছে অকারণে। কারুর সম্বন্ধে কারুরই
স্পান্ত ঘারণা নেই তা ঠিক, তবু মনের এই অস্পান্ত আলোছায়ার লুকোচরিটাই বৃঝি সব চেয়ে মিথো। আলোর সঙ্গে ছায়ার বেন স্কৃতি
নেই. সব এলোমেলো হয়ে য়াছে ,য়েখানে আলো সেথানে ছায়ার লেশ
নেই, আবার য়থন ছায়৷ আসে ঘনিয়ে তথন দেথা য়য়না আলোর
উকিয়ুঁকি। এই এখন, এমন সুন্দর আর কাক হতে নেই সংসারে, আবার
তক্ষ্নি, কী বোকা, কী বাজে, কা নিরেট! য়থন দূরে-দূরে থাকে, বড়
মোহনীয় লাগে, আবার য়থন কাছাকাছি হয়, তথন মনে হয় পরস্পরের
দোসের বৃঝি অস্ত নেই।

কী যে তারা কামনা করে কিছুই জানে না। জা-ক্রিস্তক্ষের কাছে এই প্রেম—একটা সর্বগ্রাসী কোমলতার জক্তে তুঞা, একটি পরিপ্লাবী উত্তাল স্নেহের জক্তে। ছেলেবেলা থেকে এই কুখাই তাকে দগ্ধ করে মেরেছে। যা সে পরের থেকে গায়ের জোরে দাবি করতে চেয়েছে, যা বা গায়ের জোরে চাপিয়ে দিতে চেয়েছে পরের উপর। স্নেহ—কোমলতা! ইচ্ছে হয়েছে নিজেকে নিঃলেমে বিসর্জন করে দি, অক্টেও বিস্কান করেক স্বজ্ঞকো। কি একটা অজাত নুশংস কামনার ঝডে সে পাক থেয়ে বেড়াছে, যাতে সব কিছু সে উড়িয়ে দিতে পারে অনায়াসে। মীনা ওবু একটি রহস্ত-রোমাঞ্চের ভক্ত, তার করনা ও

ভাবালুতাকে তৃপ্ত করার জন্তেই তার এই বেদনা-বিলাস। তাদের প্রেমের অধিকাংশই কাব্যিক। যে সব বই তারা পড়েছে তারই উপর তারা ভাবের বনেদ গডে। যেসব অমুভব তাদের নয়, তাই আরোপ করে-নিজেদের চরিত্রে। একে অক্তেকে অধিকতর করে দেখে। হয়তো বা অধিকতর করে দেখায়।

কিন্তু এমন একটি মুহূর্ত হয়তো আসবে যথন ঐ সব ছোটখাটো
মিথ্যে ও অহন্ধার প্রেমের দিব্য জ্যোতির ছটায় বিদীন হয়ে যাবে।
হয়তো একটি দিন—একটি ঘণ্টা—কিংবা একটি মুহূর্ত—তাই শাখত হয়ে
থাকবে কালের পটপত্তো…এবং তা হয়তো আসবে আক্মিক,
অপ্রত্যাশিত ••

একদিন, সন্ধ্যের সময়, হৃটিতে বসে কথা বলছে নির্জনে। ঘর অন্ধনার হয়ে আসছে। তাদের কথাবার্তা গঞ্জীর হয়ে এসেছে ক্রমশ। তারা তথন অনন্তের কথা বলছে, জীবন আর মৃত্যুর কথা। তাদের ক্ষুদ্র আকুলতার অনুপাতে কৈরি করছে বৃহত্তর আধার, হয়তো বা মুক্ততর আকাশ। আমি খুব নিঃসঙ্গ, নালিশ করছে মীনা, আর জাঁা-ক্রিসতফ বলছে, তুমি যতটা নিজেকে একা-একা ভাবছ ততটা একলা তুমি নও।

"না।" মাথা নেডে মীনা বললে, "কথার কথা বললে গুধু একটা। সকলেই নিজের-নিজের জন্মে বাচে। তোমার জন্মে কাক কোনো আগ্রহ নেই, কেউ তোমাকে ভালোবাসে না।"

স্তৰতা...

"কিন্তু আমি ?' প্রায় আর্তনাদ করে উঠল ক্রিসতফ। আবেগে মান তার কণ্ঠ।

''তুমি ?" মীনা লাফিয়ে উঠল, চেপে ধরল ক্রিসতফের হাত।

তথুনি দরজা খুলে গেল। হজনে ছিটকে গেল হু'পালে। ঘরে ঢুকলেন ফ্রান্ট কেরিশ। জাঁ-ক্রিসতফ তাডাতাড়ি একটা বই টেনে নিম্নে তার মধ্যে ডুবে গেল, কিন্তু হায়, বই সে উল্টো করে ধরেছে। মীনা বসল তার সেলাই নিমে, কিন্তু তাডাতাডিতে চুঁচ বি'ধেছে ড্লাঙুলে ।

সে-সন্ধার বাকি সময়টা আর তারা থাকতে পেল না একসলে—
একসলে থাকতেও কেমন তয়-তয় করতে লাগল। পাশের ঘরে কি
একটা আনতে উঠে বাবেন ফ্রাউ কেরিশ, মীনা—এমনি বে কোনোদিন
বায় না—ছুটে গেল তা নিয়ে আসতে। তারপর, কোন সময় একটু
উঠে গিয়েছেন ফ্রাউ কেরিশ, সেই ফাঁকে কাউকেও গুভরাত্রি না জানিয়ে
কেটে পডল ক্রিসতফ।

পরদিন আবার দেখা হল তাদের, চেঁডা কথার খেই ধরবার জন্মে হুইজনেরই অধার ওৎস্কর। দফল হল না। কিন্তু ভাগ্য অমুকৃল ছিল, কাউ কেরিশ তাদেরকে নিয়ে বেডাতে বেরুলেন। কত কথা বলবার স্থোগ তথন তাদের। কিন্তু কেন কে জানে, কোনো কথাই মুখে আসে না ক্রিসতফের, মনে তার স্থুখ নেই এক ফোঁটা। কী কথা কইবে, থেকে-থেকে সে সরে যাছে মীনার থেকে। আর, এ অসোজ্ম্ম মীনা যেন দেখেও দেখছে না, অবচ ভেতরে-ভেতরে গোঁচা খাছে। তারপর কথন এক ফাঁকে কী-কটা কথা বলেছে ক্রিসতফ, এমন একটা কঠিন ঠাণ্ডা মুখ করে রইল মীনা, কথাটা শেষ করতে পারল না। এইবার শেষ হয়ে এল বেডানো—এইবার সরে পডতে হবে। সময় চলে যাছে, উডে যাছে। মান শীর্ণ হয়ে যাছে ক্রিসতফ—এমন একটা স্থোগের সে সদ্বাবহার করতে পারল না।

এক সপ্তাহ কেটে গেল। মনে হল একে অন্তের প্রতি অন্তভূতির আম্বাদে বোধহয় তাদের তুল হয়েছে। ঠিক হয়নি বোধহয় বর্গবিচার। সেই সন্ধ্যাটি হয়ত স্বপ্নের রঙে রাঙা—স্মার হয়ত কোনোই তার বাস্তবতা নেই। ক্রিসতফের বিরুদ্ধে চটে আছে মীনা। মীনার সম্পর্কে ভয় ধরেছে ক্রিসতফের। ক্রমশই তারা ছুড়িয়ে বাচ্ছে দিনে দিনে।

শারাদিন বৃষ্টি হচ্ছে সেদিন। বাড়ির মধ্যে বন্দী হয়ে আছে হজনে, কেউ কারু সঙ্গে কথা কইছে না। বই পড়ছে, হাই তুলছে, জানলা দিয়ে তাকাচ্ছে বাইরে—মন-মেজাজ তিক্ত-বিরক্ত হয়ে আছে। বিকেল চারটের সময় আকাশ একটু পরিষ্কার হল। বাগানে ছুটে এল হুজনে। **८म्यारम क्यूडेर**यूत ज्त्र (त्ररथ माँ जाम भागानि । नमीत मिरक ग्रजाता সমতল মাঠের দিকে তাকিয়ে রইল। মাটির থেকে ধোঁয়া উঠছে, কুয়াশা হয়ে উড়ে যাচ্ছে হর্ষের দিকে, ঘাসের ডগায় ঝগ্মল করছে টাটকা বৃষ্টির কোঁটা। ভেজা মাটির গন্ধের সঙ্গে মিশছে ফুলের গন্ধ-গুন গুন করছে সোনালী মাছির ঝাঁক। পাশাপাশি দাঁড়িয়ে, অথচ কেউ কারু দিকে · তাকাচ্ছে না এক পলক ৷ এমন স্তৰ্ধতা ভাঙতেও যেন কণ্ট হয়! বুষ্টিতে \* ভরপুর একটি ফুলের গায়ে একটা মাছি এসে ঘা মারল, কয়েক ফোঁটা জেল ঝরে পড়ল **হ্**জনের উপরে। হেসে উঠল হজনে এবং সেই মু**হু**র্তেই তাদের মনে হল একে অন্তের প্রতি বিন্দুমাত্র রাগ নেই, ক্ষোভ নেই। আবার তারা বন্ধু হয়ে গেছে সহজে। তবু, কেন কে জানে, তাকাতে পাচ্ছে না একে অন্তের দিকে। হঠাৎ, বলা-কওয়া নেই, ক্রিসতফের হাত ধরল মীনা। তার দিকে মুখ না ফিরিয়েই বললে, "এসো।"

বাগানের মাঝখানে যেথানটায় ছোট্ট একটা আঁকাবাকা পথ, সেথানে তাকে নিয়ে এল মীনা। ভেজা মাটিতে পা ফেলে-ফেলে এগুতে লাগল ছজনে, তাদের মাথার উপরে গাছগুলি তাদের রুষ্টিসিক্ত শাথা প্রসারিত করে ধরল। প্রায় শেষ প্রান্তে এসে মীনা দাঁড়াল স্তর্ধ হয়ে, বুক ভরে নিখাস নিল।

"দাঁড়াও অথানো শে নিখাস নিতে নিতে নিয়স্বরে বল্পলে মীনা।
তার দিকে তাকাল ক্রিসতফ। অনেক দ্রের দিকে তাকিয়ে আছে
মীনা, হাসছে, জোরে জোরে নিখাস ফেলছে,—ঠোঁট হটি অল একটু
কাঁক হয়ে আছে। ক্রিসতফের মুঠোর মধ্যে কাঁপছে তার হাতথানা।
তাদের যুক্ত হাতের সক্ষমে রক্ত তপ্ত হয়ে উঠেছে। তপ্ত হয়ে উঠেছে
আঙুলের প্রান্তগুলিতে। চারদিক নি:শব্দ। রৌদ্রের স্পর্শে গাছের
কচি কিশলয়গুলি কাঁপছে মৃহ্-মৃহ। পাতা থেকে ধারি-ধারে ঝরে
পড়ছে স্লিয়্ম রৃষ্টির রূপোলি শব্দ। আর আকাশ ভরে যাছে সোয়ালোর
ভাকে।

ক্রিসতফের দিকে মুথ ফেরাল মীনা—একটি বিহাৎ-ঝলকের মত। তার গলা হই হাত দিয়ে সে জড়িয়ে ধরল, তার সেই উপ্পত বাহুর মধ্যে ঝাঁপিয়ে পড়ল ক্রিস্তফ।

"मौना-मौना-डार्निः-"

"তোমাকে আমি ভালোবাসি ক্রিসতফ, ভালোবাসি।"

ভেজা একটা কাঠের বেঞ্চিতে বসল হজনে। প্রেমে তারা প্লাবিত হয়ে যাচ্ছে, য়ে প্রেম মধুর, গভীর, কিন্তু অসম্ভাব্য। আর-সব মিলিয়ে গেছে শৃষ্টে। নেই আর অহঙ্কার আর অভিমান, নেই এতটুকু গান্তীর্থ-গোপনতা। ভালোবাসা, ভালোবাসা—তাদের হটি হাসিভরা সাশ্রু চোখ গুধু তাই বলছে নীরবে। সেই চপলপক্ষ মেয়ে আর সেই গর্বোদ্ধত ছেলে সেই মুহুর্তে বৃঝতে পারল কত বড় আত্মত্যাগ করতে পারে তারা, পরস্পরের জন্তে নিজেকে বিক্ত করতে পারে, কত হুঃসহ হঃথ স্বীকার করতে পারে, মরতে পারে অকাতরে। যেন কেউ কারু সঙ্গে লিপ্ত নয় আর, পরিচিত নয় পরস্পরের কাছে। যেন সমস্ত কিছু বদলে, গিয়েছে নিমেষে—তাদের হৃদয়, তাদের মুখ, তাদের চোথ সমস্ত কিছু এক অনির্বচনীয় দয়ায় আর স্নেহে বিভাসিত হয়ে উঠেছে। পবিত্রতার মূহুর্ত, আত্মদানের মূহুর্ত—নিজেকে নিঃশেষে নিঃম্ব করে দেবার গুভক্ষণ। এ ক্ষণটি কি আর আসবে কথনো জীবনে গ

কেউ কাউকে ছাড়বে না, ভূপেও বিচ্যুত হবে না বিচ্ছেদে, তাই তারা বলতে চাইল শব্দের অক্ষুটতায়, আবেগের ফেনিলতায়। বলতে চাইল চুম্বনে, আনন্দের অসংলগ্ন উদ্ধানে। দেখল, অন্ধকার হয়ে এসেছে। ভয় পেয়ে ছৢট দিল বাড়ির দিকে। হাতে হাত ধরা। হোঁচট থেয়ে পড়ছে বুঝি মাটিতে, গাছের ধাঝা খাছে। কিন্তু কিছুই গ্রাহ্থ করছে না। আনন্দের মদিরায় তারা অন্ধ, তারা উন্মাদ।

মীনার থেকে বিদায় নিয়ে সটান বাড়ি ফিরল না ক্রিসতফ। কেননা আজ ঘ্ম আসবে না কিছুতেই। শহর ছেড়ে চলল সে মাঠের দিকে। রাতের অন্ধকারে সে ঘুরে বেড়াতে লাগল দিশেহারা। বাতাসের স্পর্শটি কা সজীব—সমস্ত মাঠঘাট অন্ধকার, জনহীন। একটা পেঁচা ডেকে গেল কর্কশ কণ্ঠে। যেন নিশিতে পেরেছে ক্রিসতফকে, তেমনি হাঁটতে লাগল উদ্প্রান্তের মত। দূরে শহরের বাতিগুলি ঝকঝক করছে, অন্ধকারে আকাশে ঝকঝক করছে তারার হীরের টুকরো। রাস্তার পাশে ছোট একটা দেয়ালের উপর সে বসল। সহসা কেঁদে ফেললে। কেন কাঁদছে কে বলবে। সে ভীষণ স্থণী—আর তার এই আনন্দের প্রাচুর্য বিষাদ আর প্রসন্ধতার সংমিশ্রণ। এ চোথের জলে আরো অনেক কিছু মিশে আছে। মিশে আছে করুণা, যারা জীবনে পায়নি এই সোভাগ্যের আস্বাদ তাদের জন্তে, মিশে আছে বা বিষয়তা, সমস্ত কিছুর ক্ষণিকতা ও ভঙ্গুরতার জন্তে, প্রাণ্ধারণের এই প্রমন্ততার জন্তে। আনন্দে কাঁদছে ক্রিস্তফ, আর সেই কান্নার মধ্যে সে ঘুমিয়ে পড়েছে। যথন জাগল, প্রভাত উ কি

মারছে পূব দিগন্তে। নদীর উপর দিয়ে, ভেসে বাচ্ছে শাদা কুয়াশা, সমস্ত শহরকে আবৃত করে ধরেছে। যে শহরের এক কোণে ক্লান্তকায়ে ঘুমিয়ে আছে মীনা, যার হৃদয়ে আঁকা আছে এই আনন্দের হাসিটি।

পরদিন সকালে এক ফাঁকে আবার তাদের দেখা হল বাগানে। আরেকবার জানাল তাদের ভালোবাসা—কিন্তু সেই দিব্য আবেশটুকু ষেন আর নেই, সেই দিব্য অচৈতন্ত। মীনা যেন সজ্ঞানে একটু অভিনয় করছে প্রেমে-পড়া মেয়ের মত, আর ক্রিসতফ, যদিও সে তুলনায় অনেক সরল ও স্বচ্ছ, সেও একটু অভিনয় করছে। জীবন তাদের কি ভাবে গড়ে উঠবে তারই আলাপ করে এখন। নিজের দারিদ্রা ও হীনাবস্থার কথা ভেবে পরিতাপ করে ক্রিস্তফ। মীনা বদান্ত হবার ভান করে, যেন উপভোগ করে তার নিজের মহামুভবতা। বলে টাকার কথা সে এতটুকুও ভাবে না, টাকার জন্মে তার মাথাব্যথা নেই। কথাটা স্ত্যি, কেননা টাকার বিষয় জানবারই তার কোনো স্রযোগ হয়নি—কাকে বলে টাকা না থাকার হঃধ ় প্রকাণ্ড একজন শিল্পী হবে সে ভবিষ্যতে, তারই সঙ্কল্প ঘোষণা করে ক্রিস্তফ, আর তার দিকে মীনা মুগ্ধনেত্রে তাকায়। যেমনটি উপক্তানে লেখে, ঠিক তেমনি। মীনা মনে করে প্রেমে-পড়া মেয়ের মত ভাবভঙ্গি করণেই তাকে ভালো মানাবে। কবিতা পড়ে মীনা, ভাবে গদগদ হয়ে ওঠে। ছোঁয়াচ লাগে ক্রিসতফের রক্তে। পোশাক-আশাক সম্বন্ধে সে সবিশেষ সতর্ক হয়ে ওঠে, কথার উপরে উল্পত পাহারা দেয় সব সময়, কৃত্রিমতায় গন্তীর হয়ে থাকে। ফ্রাউ কেরিশ তাকিয়ে তাকিয়ে তাকে দেখেন আর হাসেন, আর ভাবেন ছেলেটা দিন-দিন অমন বোকা হয়ে যাচ্ছে কেন ?

याहे वरना, काउँ हि कि ख अशृर्व कविजात आम्हर्व मृहूर्क कि। मान

দিনের বিমর্থকার মধ্যে থেকে ফুটে উঠছে কবিতা, যেমন কুয়াশার মধ্যে থেকে রোদের ঝলকানি। একটি চাউনি, একটি ভক্তি, একটি বা অর্থহান কথা—আর তারা আনন্দে অবগাহন করে উঠছে। সন্ধ্যেবেলায় সিঁ ড়ির আবছায়ায় লাঁড়িয়ে পরম্পরকে বিদায় জানানোর 'মুহুর্তটি কী অপরূপ! একের চোথ ছটিকে অক্টের চোথ ছটি দিয়ে খুঁজে বেড়ানো, সেই আধোঅন্ধকারে পরম্পরের হৃদয়ের ভাষাটুকুর মানে খুঁজে পাওয়া—তারপর অলক্ষ্যে কথন একজনের হাতের মধ্যে আরেকজনের হাতের প্রত্যাশাটি স্তন্ধ হয়ে থাকে। সে-স্তন্ধতায় সে-ম্পর্শে রোমাঞ্চ লাগে রক্তে। গলা কেঁপে যায় । অর্থহীন খুঁটিনাটি আচরণ রাত্রির নিদ্রাহীনতাকে মধ্ দিয়ে ভরে রাখে। ঘুমটা গভীরে নেমে যেতে চায় না, নেমে যেতে চায় না বিস্বৃতিতে, ঘড়ির প্রতিটি ঘন্টার বাজনা গুনতে পায়, আর সেই সক্ষে হলয়ও বেজে ওঠে: "আমাকে ভালোবাসে।" যেন একটি ঝর্ণা কুলকুল করে বেজে চলেছে সেই অমুভৃতিতে।

আহা, সমস্ত বন্ত, চারদিকের সমস্ত কিছুতেই ইক্সজাল। পাতায়
পুলে বসন্তের হাসিট কি মনোহর! আকাশ কী উজ্জ্বন, বাতাস কী
কোমল! এমনটি যেন কেউ কোনোদিন জানেনি-শোনেনি। সমস্ত
শহর—লাল রঙের ছাদ, পুরোনো দেয়াল, পাথুরে রাস্তা—সমস্ত কী
দয়ার্জ চোথে দেখছে ক্রিসতফকে—ক্রিসতফের হৃদয় হলে-হলে ওঠে।
রাতে, সবাই যথন ঘুমিয়ে পড়েছে, বিছানা থেকে উঠে মীনা জানলার
কাছে এসে দাঁড়ায়, ঘুমহারা তপ্ত চোথে বাইরে চেয়ে থাকে। তারপর
কোনো বিকেলে ক্রিসতফ যদি না আসে, তখন একা-একা দোলনায় দোল
খায় মীনা আর আধ-বোজা চোথে স্বপ্ন দেখে। হাঁটুর উপর বই পড়ে
থাকে,আপন মনে, মদির আলস্তে একটি গাঢ় তক্সার আনন্দে সে যেন
ভূবে যাছে, বসন্তের বাতাসে মন ছুটেছে পাথা মেলে। পিয়ানোতে বসে

ঘন্টার পর ঘণ্টা কাটিয়ে দেয় মীনা, তার সেই ধৈর্য—অত্যের কাছে ক্লান্তিকর হয়ে ওঠে—একই স্থর একই গৎ বারে বারে বাজিয়ে যায়। অস্তা লোক ক্লান্ত হয় বটে কিন্তু পুনরুক্তির গাঢ়তায় একটা রক্তাক্ত আবেগ মীনাকে অভিভূত করে ফেলে। যথন স্থম্যান-এর বাজনা শ্যেনে তথম চোথে জল আসে। সংসারে সমস্ত প্রাণীর উপর তার অবর্ণনীয় মায়া পড়ে। স্বাইকে ভালো লাগে, ভালোবাসতে ইচ্ছে হয়। ক্রিস্তফেরও তাই। রাস্তায় গরিব দেখলে হজনেই লুকিয়ে পয়সা দেয়—একে অত্যের সঙ্গে সেই করুণানিষিক্ত দৃষ্টিটির বিনিময় করে। তাদের এই করুণায়ও তারা খুশি।

সত্যি কথা বলতে কি, এই দয়ার ঝোঁকটা আচম্বিতে আসে। হঠাৎ
মীনা আবিন্ধার করে বসে বৃতি ক্রিদা-র এই দীন জীবনট কী করল। তার
মার ছেলেবেলা থেকে চাকরানি এই ক্রিদা। যেই এ ভাবটি পেয়ে বসল
একবার, অমনি ছুটে গিয়ে মীনা তাকে বৃকে জডিয়ে ধরল। রায়াঘরে
বসে ক্রিদা জামা সেলাই করছিল, সে তো আকাশ থেকে পড়ল। কিন্তু
তাই বলে কয়ের ঘণ্টা পরেই ঘণ্টার আওয়াজ গুনে চটপট কেন আসেনি
ক্রিদ্রা, এই কারণে তাকে ধমকাতে একটুও কয়র করল না। আর
এদিকে জাঁ-ক্রিসতফ, সমস্ত বিশ্বের প্রতি যে প্রমে ভরপুর, একটি সামান্ত
পোকাকে যে পায়ে মাড়াবে না, সে তার নিজের পরিবারের প্রতিই
উদাসীন। বরং বাইরের লোকের প্রতি তার যতটা প্রীতি, ঠিক সেই
অমুপাতেই বাড়ির লোকের প্রতি তার বিরাগ আর বিরক্তি। তাদের
কথা সে চিস্তাও করতে চায় না। কাটা-কাটা কথা কয় সবার সঙ্গে,
মুথের দিকে তাকাতে পর্যন্ত ইচ্ছে করে না। মীনা আর ক্রিসতফের
মধ্যে এই যে কয়ণার উচ্ছাস এ গুরু তাদের পরম্পরের প্রতি
স্নেহাচ্ছাসেরই রূপান্তর। আসলে তারা হুজনে যার-যার মতই

অহংমনা—মনে ওধু এক খ্যান, এক খারণা—সমস্ত কিছুই সেই রঙে রঙ-করা।

মীনার মুধ্ধানিতেই ক্রিসতফের সমস্ত ভ্বন পরিপূর্ণ হয়ে আছে।
পূরে তারু ক্রকের প্রান্ত টুকু দেধলেই বুকের রক্ত চল্কে পড়ে। থিয়েটরে
বসে যথন গুনতে পায় ওদের বক্সের দরজাটা খুলে গেল, কিংবা ফ্রান্ট
কেরিশের নাম কেউ ঘোষণা করলে অফচ্চম্বরে, তথন দেখতে না পেলেও
বেজে ওঠে সমস্ত দেহ। কানে ভেসে আসে সেই ঠাটা-মাথা মিহি গলার
ঝাজটুকু। গুধু মীনার একটু উপস্থিতির চেতনাতেই সারা দেহে রক্ত
ছুটোছুটি করতে থাকে, মনে হয় কী সব অজানা দক্ষা হঠাৎ তাকে
আক্রমণ করে বসেছে! তাকে এখুনি বুঝি পরান্ত করে ফেলবে।

কত রকম ছলাকলাই জানে সেই হুরস্ত জার্মান মেয়ে। একতাল ময়দার মধ্যে তার আংট লুকিয়ে রাথে আর ক্রিস্তফকে বলে দাঁত দিয়ে তা বের করে আনো, কিন্তু থবরদার নাক যেন শাদা না হয়! একটা বিস্কৃট গর্জ করে তার ভেতর একটা স্থতো চালিয়ে দেয়, স্থতোর এক প্রাস্ত সে দাঁত দিয়ে টেনে ধরে, আরেক প্রাস্ত ক্রিসতফকে অমনি দাঁত দিয়ে টেনে ধরতে বলে। স্থতোটাকে দাঁত দিয়ে কাটতে কাটতে এগিয়ে এসো, কে আগে বিস্কৃটের নাগাল পায়। তাদের মুথ হুটো ক্রমশ এগিয়ে আসতে থাকে, মুথের উপর একে অস্তের নিয়াস লাগে, কোথায় বিস্কৃট, এর ঠোট ওর ঠোট এমে মেশে, আর অমনি যেন কিছুই হয়নি এমনি ভাবে জাের করে হেসে ওঠে হুটতে। হাসে বটে কিন্তু হাত আর পায়ের তালু ঠাওা হয়ে যায়, বরফের মত ঠাওা। জাঁ-ক্রিসতফের ইচ্ছেহ্ম দংশন করে, আহত করে, কিন্তু কি ভেবে পিছিয়ে পড়ে এক ঝটকায় — আর তাতে আবার মীনা আরেক পশলা হাসির বুটি ঝরায়। আবার দ্রে-দ্রে সরে পড়ে হুজনে, যেন কেউ কাউকে চেনে না এমনি

উপেক্ষার ভান করে, অথচ চ্রি করে হুছু চোখে তাকায় এ ওর চোখের দিকে।

এই সব হুষ্টুমি-ভরা থেলাগুলো বিষম আকর্ষণের জিনিস। খেলতেও চায়, আবার খেলতে এসে চায় পিছিয়ে যেতে। জাঁ-ক্লিসতফের তো বেশ ভয়-ভয় করে, তারই জন্মে ফ্রাউ কেরিশের বা আর কারুর কাঠথোট্টা সারিধ্যে সে শান্তি পায়। আর কেউ উপস্থিত থাকলে তাদের এই প্রচ্ছন্ন প্রেমের পরিচ্ছন্নতাটুকু নষ্ট হবে না কিছুতেই, বরং তৃতীয় ব্যক্তির উপন্থিতির কাঠিন্সে তাদের ভালোবাসাটি আরো গভীর আরো নিবিড ভাবে আস্বাদনীয় হবে। সব কিছুরই মূল্য বেড়ে গেছে অক্সাৎ— একটি সামান্ত কথা, ঠোটের একটি ভঙ্গুর ভঙ্গি, একটি বা অকারণ চাহনি —এই যেন যথেষ্ট, তাদের সাধারণ সামান্ত জীবনকে অমূল্য সম্পদে শ্রীমন্ত করে তুলতে। আর কিছুই চাই না, গুধু এই একটু হাসা আর চেয়ে থাকা, এই একটু কথা বলা বা ঠোঁট ফুলোনো। তাদের স্বাদগন্ধহীন জীবনের বিবর্ণতার আকাশে এ কী স্থন্দর হর্ষোদয়! এ হুর্যকে, এ আনন্দময় রৌদ্রকে তারা ছাড়া আর কেউই দেখতে পায় না, তাদের গোপন বহস্তে একান্ত করে তারাই গুধু আত্মহারা। তাদের কথাবার্ডা ডুয়িং-রুমের তুক্ত সংলাপের বাইরে আর কী! তবু তারা গুনতে পায় সেই কথাবার্তাই অফুরস্ত একটি ভালোবাসার গান। থোলা বই যেমন পড়া যায় তেমনি যেন তারা পড়ে নিতে পারে কার মূথে কথন কী ছায়া रथरम याष्ट्र, गमात स्रात कथन वाष्ट्र की मरनत स्रवि ! हाथ स्थान রাথারও তাদের দরকার হয় না। চোথ বুজেই তারা একে অন্তের হৃদয়ের ঢেউ গুনতে পারে, গুনতে পারে নিজের হৃদয়ের প্রতিধানি। জীবনকে বিশ্বাস করতে সাধ হয়, বিশ্বাস আসে আনন্দের অনিবার্যতায়। নিজেদের পर्यस्त मत्त हम विश्वारम् अपराशी वर्षा । आमा मत्त इम्र अस्ट्रीनः

তারা ভালোবাসেনি গুধু, তারা ভালোবাসা পেয়েছে। তাদের স্থা গুধু
একটি শিথা, তাতে ছায়া নেই ধোঁয়া নেই। যে স্থা সন্দেহ নেই, ভাবনা
নেই ভবিদ্যতের। বসন্তের দিন কটিতে কী চমৎকার প্রসন্নতা! এক
বিন্দু মেঘনেই আকাশে। এমন একটি সজীব প্রত্যয় যা কথনোই কোনো
কিছু মলিন করতে পারবে না। এত অজম্র আনন্দ যা কথনোই কোনো
কিছু নিঃশেষ করতে পারবে না। তারা কি সত্যি বেঁচে আছে ? না কি
জেগে-জেগে স্থপ দেখছে তারা ? স্থপ্নই দেখছে নিশ্চয়। বাস্তব জীবনের
সলে তাদের এই স্থপ্নের নিশ্চয়ই কোনো মিল নেই। তবু কোথা
থেকে আসে সেই ক্ষণিক ইন্দ্রজাল, জীবনকে স্থপ্নয় করে তোলে। জীবন
স্থপ্নয় ছাড়া আর কী! প্রেমের স্পর্শে সমস্ত জীবন স্বপ্নে গলে-গলে

বেশি দিন গেল না, ফ্রাউ কেরিশ ধরতে পারলেন তাদের এই প্রেমের লুকোচুরি থেলা। তারা ভাবছে খুব ফুল ভাবে বুঝি থেলা চলছে, কিন্তু আসলে তা নয়। গোড়াগুড়ি থেকেই মীনার সন্দেহ হয়েছিল, যেদিন তাদের কথা বলার মাঝখানে মা হঠাৎ ঘরের মধ্যে এসে পড়লেন। মনে সেদিনই থটকা লেগেছিল। সেদিন ঠিক দূরে-দূরে বসে কথা বলছিল না, বরং দাঁড়িয়েছিল ঘেঁষাঘেঁষি করে, যতটা কাছাকাছি হতে পারে ততটা। খুট করে দরজার আওয়াজ গুনতেই চকিতে সরে গিয়েছিল তারা হভাগ হয়ে, কিন্তু ঘাবড়ানোর ভাবটা কিছুতেই কাটিয়ে উঠতে পারেনি। দেখেও কিছু দেখেননি এমনি ভাব করেছিলেন ফ্রাউ কেরিশ। মীনা মান হয়ে গিয়েছিল। বরং মার সঙ্গে একটা ঝগড়া করার স্থেয়াগ পেলে ভালো হত। সেটা মনে হত আরো বেশি রোমান্টিক। তেমন স্থযোগ যাতে সে না পায় এই শুধু সতর্ক দৃষ্টি ফ্রাউ কেরিশের।

এই ব্যাপারে তিনি চিন্তিত হবেন বা এই নিমে কিছু মন্তব্য করবেন এমন বোকা তিনি নন। কিন্তু মীনার সামনে ক্রিসতফ সম্বন্ধে বিজ্ঞপ করে কথা বলার একটা মারাত্মক অভ্যাস তিনি হঠাৎ আয়ত্ত করে বসলেন। নির্মণ হয়ে উঠলেন ক্রিসতফের অসংখ্য ক্রাষ্ট-বিচ্যুতির উপরে। অল্প কটি কথায় ক্ষণে-ক্ষণে ভূমিসাৎ করতে লাগলেন তাকে। ইচ্ছা করে বা চেষ্টা করে এটা তিনি করছেন না। এটা তিনি করছেন নিজের সহজাত প্রবৃত্তির ঝোঁকে। আত্মরক্ষা করতে গিয়ে বিশ্বাসহন্ত্রী মেয়েরা যেমন করে থাকে সচরাচর। এ সবে বাধা দিতে যাওয়া মীনার পক্ষে অর্থহীন। তাকে মানায় না মুখ-ভার। প্রতিবাদে রুচু হবারও তার কিছু নেই, কেননা মা যা বলছেন তার এক বর্ণও মিথ্যে নয়। কিছ মনের যেখানটাতে মমতার একটি ক্ষমতা পোষণ করছে মীনা, মা বারে-বারেই তাইতেই থোঁচা মারছেন। জাঁ-ক্রিসতফের বুট জুতো কী ভারী আর প্রকাণ্ড, কী কুৎসিত তার পোষাক-আশাক,—তার উপরে ব্রাশ-না-করা টুপি, তার কথায় প্রাদেশিক টান, তার নমন্ধার করার গ্রাম্যতা, তার চেঁচিয়ে কথা বেলার ইতরামো—যা-যা ওনলে মনে-মনে দগ্ধ হবে মীনা, কিছুই তাদের ভূলছেন না ফ্রাউ কেরিশ। এমনি কথা বলার মাঝে মাঝে এ সব সমালোচনার থোঁচা ছডিয়ে থাকে, গায়ে লাগেনা। কিন্তু এ যেন তৈরি-করা একটা ঢালা বক্তৃতা দেওয়া হচ্ছে। অবশেষে অস্থ হয়ে মীনা যথন তার উত্তর দেবার জন্মে উত্তেজিত হয়ে ওঠে তথন ক্রাউ কেরিশ আলগেছে বিষয়ান্তরে চলে বান। কিন্তু তাঁর ঘা মর্মে গিয়ে বসেছে, সেই জালায় পুড়ে মরছে মীনা।

জাঁ-ক্রিসতকের দিকে কেমন যেন একটু অকরণ চোথে তাকায়। সে-চাউনিটা যেন গায়ে খোঁচা মারে। জিগ্গেস করে ক্রিসতকঃ:

"ওরকম করে তাকাচ্চ কেন ?"

"কিছু নয়, এমনি।"

কিন্তু কিছুক্ষণ পরে, যথন ক্রিসতফের মেজাজ প্রফুল্ল দেখা যাছে, তথন হঠাৎ তাকে ঝাঁজিয়ে ধমকে ওঠে মীনা—কেন অমন উচু গলায় হাঁসছ ? লজা পায় ক্রিসতফ, ঘুণাক্ষরেও ভাবেনি মীনার সঙ্গে হাসতে গিয়ে অমন করে গলা ছাড়া যাবে না। মুহুতে সমস্ত প্রফুল্লতার উপরে কে কালি ঢেলে দিলে। হয়তো এক সময় নিজের মনে স্বছন্দে কথা বলে যাছে ক্রিসতফ, তাকে থামিয়ে দিয়ে মীনা হঠাৎ তার পোশাক সম্বন্ধে একটা কদর্য টিয়েনি কেটে বসল—হয়তো বা তার কথার মধ্যে শব্দের ছটার জন্মে। তথন আর কথা বলার অভিলায় থাকে না, স্রোতের মত তরতরে মেজাজ সহসা পঙ্কিল হয়ে ওঠে। তথন এই ব্রিয়েই মনকে সাস্থনা দেয়, তার সমস্ত ব্যাপারে, তার ভাষায়, পোশাকে, তার চাল-চলনে সমস্ত কিছুতে মীনা সর্বব্যাপী আগ্রহ নিছে। মীনাও এমনি করে বোঝায় নিজেকে, ক্রিসতফকে দন্তরমত হয়ন্ত করে তোলা চাই। নম্র হয়ে নিজেকে সংশোধন করার চেটা করে ক্রিস্তফ। কিন্তু কিছুতেই মীনার মনের মতন হয় না। কিছুতেই পারে না সে সেই চকচকে জৌলুস্ব আনতে।

কিন্তু পরোক্ষে ধীরে-ধীরে কী পরিবর্তন আসছে মীনার মধ্যে তা ক্রিসতফ দেখতে পাচ্ছে না—মীনাও নয়! ইস্টার এসে গেল। মীনা তার মায়ের সঙ্গে হ্লাইমারে বেড়াতে যাচ্ছে।

বিচ্ছেদের সপ্তাহখানেক আগে আবার তারা তাদের সেই প্রথম দিনের ঘনিষ্ঠতার এলেকায় চলে এল। পা টিপে-টিপে কথন যে চলে এল গণ্ডির বাইরে কেউ টের পেল না। মীনা স্নেচে যেন আরো দ্রব আরো আর্ভিনব। পার্কে অনেকটা বেড়াবার জন্মে বেরিয়েছে তারা—প্রায় পথ ভূলিয়ে ক্রিস্তফকে মীনা

নিয়ে গেল একটা ঝোপের পাশে। ছোট্ট একটা গন্ধ-মূখা থলে ক্রিসতফের ঘাড়ের উপর রাখল আলগোছে—সেই থলের মধ্যে মীনার ক'টি চূল। আবার তারা সেই শাখত প্রতিজ্ঞা ক'ট আবৃত্তি করলে: একদিন অন্তর একদিন পরম্পরকে চিঠি লিখবে তারা, মাথার কিবেঁ কাটলে। আকাশ থেকে নির্বাচন করলে একটা তারা, ঠিক করলে প্রতি সন্ধ্যের ঠিক একট সময়ই তারাটির দিকে তারা চেয়ে থাকবে।

এল সেই শেষ দিন। রাতে প্রায় দশ-দশবার নিজেকে প্রশ্ন করেছে ক্রিসতফ: "কাল এমন সময় ও কোথায় ?" এখন ভাবছে: "সেই শেষ দিন আজ। ভোরবেলাটিতে ও এখানে আছে, সন্ধে হলেই আর ও (ने ।" आठेठा वाकवात आराग्डे ७-वाफिर्क शिक्ष छेपछिक इन ক্রিসতফ। মীনা তথনো ওঠেনি ঘুম থেকে। পার্কে বেডাতে লাগল আপন মনে। পারল না বেডাতে। ফিরে এল। ঘরের প্যাসেজগুলো মালে-পত্রে বোঝাই, ঘরের এক কোণে বসে পড়ল। গুনতে লাগল পায়ের শব্দ, দর্জা খোলার শব্দ। শুনে পর্থ করতে লাগল কার পায়ের শব্দ কোনটা। ফ্রাউ কেরিশ চলে গেল তার সামনে দিয়ে, একট হাসল। থামল না, প্রচ্ছন্ন ব্যঙ্গ ভরা ছোট্ট একটু অভিবাদন করলে। শেষকালে মীনা এল—মুথথানি ম্লান. চোথের পাতা হুটি ফোলা-ফোলা। ক্রিসতফের মতনই রাত ভরে ঘুমোয়নি সে এক ফোঁটা। চাকরদের বাস্ত-সমস্ত হয়ে ছকুম দিয়ে ফিরছে, হঠাৎ এক সময় জাঁ-ক্রিসতফের দিকে নিজের হাত-খানি বাডিয়ে ধরল, আবার হঠাৎ কথা স্থক্ত করল ফ্রিদার সঙ্গে। ফ্রাউ কেরিশ এসে পডল সেথানে। একটা টুপির বাক্স নিয়ে কথা কাটাকাটি স্থক হল মায়ে-খেয়েতে। ক্রিসতফের দিকে মানার আর দৃষ্টি নেই— পিয়ানোর কাছে একপাশে দাঁড়িয়ে আছে ক্রিসতফ, বিশ্বত, নির্বাসিত। মার সঙ্গে ওথান থেকে চলে গেল মীনা, আবার ফিরে এল; দরজার

কাছ থেকে মাকে আবার ডাকলে। তারপর দরজাটা বন্ধ করে দিলে।
এখন তারা সম্পূর্ণ একা। মীনা ছুটে এল ক্রিসতফের কাছে, নিজের
হাতের মধ্যে ওর একথানা হাত তুলে নিল, পাশের দরজা দিয়ে ওকে
টৈনে নিয়ে গেল পাশের ছোট্ট কুঠুরিতে। সে ঘরের জানলার শাসি
আঁটা। তারপর নিজের মুথখানা ধীরে ধীরে ক্রিসতফের মুথের কাছে
তুলে ধরল—তারপর প্রবল প্রাচুর্থে ক্রিসতফকে চুমু থেল।

অশ্রুভরা চোথে বললে, "বলো বলো তুমি আমাকে চিরদিন ভালোবাসবে ?"

নীরবে কাঁদল হজনে ফুঁপিয়ে-ফুঁপিয়ে, প্রাণপণে চেন্নী করতে লাগল সেই কোঁপানিকে চেপে রাথতে, যাতে আর কেউ না গুনতে পায়। কার পায়ের শব্দ কাছাকাছি হতেই হুজনে সরে গেল বিচ্যুত হয়ে। চোথ মুছল মীনা, আবার চাকর-বাকরদের নিয়ে ব্যক্ত-সমস্ত ভাব দেখাতে লাগল, কিন্তু গলার স্বরটি ভারাতুর।

ক্ষমালটি এক সময়ে ফেলে দিয়েছে মীনা, ক্ষিপ্র হাতে তাই কুড়িয়ে নিল ক্রিসতফ। তার সেই ছোট্ট নোংরা রুমাল, চ্যোধের জলে ভেজা, কোঁচকানো।

বন্ধ-বান্ধবের সঙ্গে গাড়িতে চড়ে স্টেশনে গেল ক্রিস্তফ। মুখোমুখি বসেছে মীনা আর সে, কিন্তু একে-অন্তের দিকে তাকাতে পারছে না, পাছে কেটে পড়ে কারায়। হাতের মধ্যে হাত চলে গিয়েছে অলক্ষ্যে। সারাক্ষণ ধরে রইল, যতক্ষণ না ব্যথা করে উঠল। অভুত মজা পাছেন এমনি ভাবে তাকিয়ে-তাকিয়ে দেখলেন ফাউ কেরিশ, কিন্তু মুখে এমন একটা নির্লিপ্ত ভাব যেন কিছুই লক্ষ্য করছেন না। এল সেই নির্ধারিত সময়। ট্রেনের দরজার কাছে দাঁড়িয়ে আছে ক্রিস্তফ, ট্রেন ছেড়ে দিলে। ট্রেনের সঙ্গে-সঙ্গে সেও ছুটতে লাগল—জানে না কোথায়

কতদূর যাবে। কুলিদের সঙ্গে ধাকা লাগছে, সেদিকে দৃষ্টি নেই—তার দৃষ্টি শুধু মীনার চোথের উপর নিবদ্ধ। কিন্তু চলে গেল ট্রেন, আর দেখা গেল না। যতক্ষণ পর্যন্ত না মিলিমে গেল দৃষ্টি থেকে, সমানে ছুটল ক্রিসতফ। তারপর থামল এক সময়, ইাপাতে লাগল। চারদিকে চাইল—সব বাজে লোকের জনতা—সমস্ত কিছুই যেন অনর্থক। বাড়িফের গেল—ভাগি)স কেউ নেই এখন বাড়িতে—সারা সকালটা বসে বসে সেশান্তিতে কাদলে।

জীবনে প্রথম এই জানল ক্রিসতফ কাকে বলে বিচ্ছেদের বেদনা— ভালোবাসার অনুষদ কা হঃসহ এই দাবদাহ ! সমস্ত পৃথিবী এখন শৃত্য, হৃদয় এখন রিক্ত-সমস্ত কিছু এখন অর্থহীন। কে যেন শক্ত মুঠিতে প্রাণটাকে চেপে ধরেছে, নিশ্বাস নেওয়া যাছে না-মৃত্যুকালীন যন্ত্রণা হচ্ছে। জীবনধারণ করাই অসম্ভব—যথন চারপাশেই তোমার প্রিয়তমার সঙ্গব্দের চিক্ত রয়েছে বিকীণ হয়ে। যখন চারপাশের ছায়া থেকে গড়ে উঠছে তার সেই সোনার প্রতিমা। যখন এই পরিবেশের মধ্যেই থানিক আগে তোমরা ছটিতে বিচরণ করেছ। সেই পরিবেশে নি:সঙ্গ হয়ে নিখাস ফেলবে কি করে ? কোথায় ভোমার সেই জীবন্ত হুথ, তোমার জ্বলন্ত স্থব। মনে হচ্ছে যেন একটা বিরাট গহরর তোমার পায়ের নিচে হাঁ করে আছে, তুমি যেন ঝুঁকে পড়ে তাকে দেখছ। মাথা ঘুরে যাচ্ছে তোমার-এই তুমি পড়ে গেলে! মনে হচ্ছে একেই বলে মৃত্যুর মুখো-मूथि मं गिंजाता। हा, विष्कृतहे स्नहे मुकाब मूथ। তোমाब প্রাণের যে প্রিয়তমা সে চলে গেল তোমার হাতের কাছ দিয়ে—জীবন মুছে গেল मूट्रार्छ- ७४ वक्टी काला गस्त्र भए बहेन। भए बहेन वक्टी निल्लान मिथा, नौमाहौन मृत्र !

যন্ত্রণায় আবো সে ভুগুক—তারই জন্মে যুরে বেড়াতে লাগল সেইসব মেহসিক্ত জায়গাগুলো, যেখানে একসঙ্গে কেটেছে কিছুক্ষণ ৷ বাগানের চাবি, ফ্রাউ কেরিশ তাকে দিয়ে গেছেন দয়া করে, যাতে মাঝে-মাঝে সে একটু তদারক করতে পারে। ওদের বিদায়ের দিনটিতেই সে গেল— ষাতে সে একটু কাদতে পারে সেখানে। মনে হল যে সত্যি চলে গিয়েছে তার কিছুটা যেন সে সেখানে কুড়িয়ে পাবে। কিছু অংশ কোথায়, পেয়ে গেল যেন অনেকাংশ। সমস্ত মাঠময় তার মূর্তিটি ঘুরে বেড়াছে, বাগানের রান্তার প্রতিটি আনাচে-কানাচে যেন তার প্রসন্ন মুখটি নিখু ত করে আঁকা। জানে সে এখানে আবিভূতি হবে না সশরীরে—তবু কে জানে কোথায় কী ঘটে যাবে ইক্সজাল, এমনি অসম্ভব আশায় নিজেকে সে ক্ষতবিক্ষত করে। গুধু বাগানের পথ ধরেই সে হাঁটে না, সে প্রেমের স্মৃতিপথে ঘূরে বেড়ায়। সেই আঁকাবাকা নিরিবিলি রাস্তাটি, সেই ফুল-ঝরানো সবুজ গালচে, সেই ঝোপের পাশে বসবার জায়গাটি। "এক সপ্তাহ আগে…তিন দিন আগে… মোটে গতকাল—গতকাল ও এখানে ছিল ... কাল কেন ? আজ । আজ সকালবেলাটিতে..." ছু:খের সঙ্গে মিশল এখন রাগ, কেন সে অমূল্য সময় কত অকারণে অপব্যয় করেছে। কতগুলি মিনিট, কতগুলি ঘণ্টা—তাকে দেখেছে, নিশ্বাসে-নিশ্বাসে তাকে আত্রাণ করেছে, কুখা মিটিয়েছে তৃঞাত চক্ষুর, উপবাসী শ্রবণের। পরিধিহীন অবধিহীন আনন্দে সাতার কেটেছে। কিন্তু হায় কিছুই হয়তো উপভোগ করেনি, আম্বাদন করেনি। সমস্ত বুঝি তার বুথায় বয়ে গিয়েছে। প্রত্যেকটি মুহুতের কণায়-কণায় ষতটুকু মধু সঞ্চিত ছিল স্বটুকুই যেন সে পুরোপুরি গ্রহণ করতে পারেনি। কিন্তু এখন ? ... এখন আর সেই সময় কই ? অপরণীয় ক্ষতি হয়ে গেছে তার। ্রেক্ষতির আর হিসেব হয় না।

বাড়ি ফিরে গেল ক্রিসতফ। সমস্ত পরিবার তার কাছে ঘণার্হ মনে হল। ওদের মুথ যেন সে সৃষ্ঠ করতে পারে না, ওদের ভলি, ওদের মূর্থ কথাবার্তা। কাল যেমন বলেছে, পরও যেমন বলেছে—চিরকাল যা বলেছে, দেই কুথসিত পুনরাবৃত্তি। একই ভাবে জীবন কাটিয়ৈ চলেছে তারা—জীবনের এমন একটা ছংখ-ছর্ভাগ্যের থবরের তারা ধার ধারে না। আর এদেরই মত বাকি সমস্ত শহর, এদেরই মত বৃদ্ধিমান। প্রতিদিনের মতই হাসাহাসি করছে, প্রতিদিনের মতই ব্যস্ত-সমস্ত হয়ে গোলমাল করে চলেছে। সেই প্রতিদিনের মতই ঝিঁঝি ডাকছে, আকাশে রোদ উঠেছে। সমস্ত কিছুর প্রতি ঘণায় বিষ হয়ে আছে মন—চার দিকের এই জাগ্রত অহংমস্থতার ভাবটা তাকে পিষে ফেলছে। অহংমস্থ নিজেই বা সে কম কিসে! কিছুরই তার কাছে মূল্য নেই। কারুর প্রতি তার দয়া নেই এক বিন্দু। কাউকে সে ভালবাসে না। এ অহংমস্থতা ছাডা আর কি।

শোকাকুল ক'টা দিন কাটল ক্রিসতফের। কাজ দিয়ে নিজেকে ডুবিয়ে রাখল, কিন্তু বেঁচে থাকার জন্মে কাজের প্রতি তার আর মোহ নেই।

একদিন বাডিতে রাত্রে বসে আছে, এমন সময় পিওন এসে তার নামের একটা চিঠি দিয়ে গেল। হাতের লেখাট দেখবার আগেই বৃঝতে পেরেছে ক্রিসতফ, কে লিখেছে। আর সবাই খাছে তার সঙ্গে—চার-জোড়া চোথ একসঙ্গে তার মুখের দিকে ধাবিত হল—এ চোথগুলিতে নগ্ন ও নির্লজ্ঞ কোতৃহল। ভাবখানা, চিঠিটা এখুনি পডে ফেলুক, একটু নতুন ধরণের কথাবার্তায় তাদের এই দৈনন্দিন একঘেয়েমির কিছু লাঘব হোক। ক্রিসতফের প্লেটের পাশেই চিঠিটা পড়ে রইল, খোলবার যেন কিছু তাডা নেই; ভাবখানা, কী আছে এ চিঠিতে সমস্ত আমার মুখস্ত। কিস্তু তার ভাইরা এ ভঙ্গিটা মেনে নিত্তে প্রস্তুত্ত নয়— কেবলই

বারে-বারে উঁকি মারছে চিঠির দিকে। খাওয়া শেষ না হওয়া পর্যন্ত এ আবার এক যন্ত্রণা।

় তারপর নিজের ঘরে গিয়ে দরজা বন্ধ করল ক্রিস্তফ। তার সেই বিমর্ব স্থিমিত হৃদয় এমন লাফালাফি স্থক করে দিল যে থোলবার ব্যস্ততায় চিঠিটা সে প্রায় ছি'ড়েই ফেলল। কী আছে চিঠিতে ভাবতেও বুকটা কাঁপছে, কিন্তু প্রথম ক'টি লাইন পড়তেই বুক ভরে গোল আনন্দে।

ক'টি অনির্বচনীয় স্লেহের শব্দ। গোপনে চুরি করে এই চিঠি निश्रष्ट भीना। সংখাধন করেছে 'প্রিয় ক্রিম্ৎলিন' বলে। লিখেছে, কত কেঁদেছে তার জন্মে, রোজ সন্ধ্যায় তাকিয়েছে তারাটির দিকে। ক্রাঙ্কফার্টে গিয়েছিল, চমৎকার শহর, কত আশ্চর্য দোকান, কিন্তু সারাক্ষণ তার কথা ভেবেছে বলে কিছুই দেখেনি। চিরকাল যে সে ভালোবাসবে এই কথাট মনে করিয়ে দিয়েছে, আর যতদিন মীনা বাইরে থাকে ততদিন আর কারু সঙ্গে যেন সে না মেশে. সারাক্ষণ যেন মীনার কথাই ভাবে। যেন খুব ভাল করে কাজ করে যাতে সে যশস্বী হতে পারে, তার যশ হলে মীনারও যশ। চিঠি শেষ করবার আগে লিথেছে, চলে আসবার দিন সকালে যে ছোটঘরটিতে তাদের দেখা হয়েছিল, যেভাবে তারা পরস্পরের পেকে বিদায় নিয়েছিল, তা যেন তার মনে থাকে। চিরকালই মীনা তার চিন্তায় বাস করবে আর চিরকালই বিদায় নেবে অমনি করে। চিঠির শেষে ইতিতে সই করেছে— "তোমার চিরদিনের—" শেষে আবার একটু ষোগ করে দিয়েছে পুনশ্চ: কুচ্ছিত ফেণ্ট ছাটটি ছেড়ে সে যেন একটা স্ট্র-ছেট কেনে—সমস্ত সম্লান্ত লোকই পরে আজকাল দ্র-ছাট—বেশ একটু মোটা মজবুত টুপি, আর তার ধার ঘে ষে নীলু ফিতে।

বিষয়টা ব্ঝতে গিয়ে চার-চারবার পড়ল ক্রিসতফ। এত সে অভিভূত হয়ে পড়ল যে অমুভবটার স্বাদ মুথ কিনা ব্ঝতে পেল না। এত ক্রান্ত লাগল নিজেকে, গুয়ে পড়ল, গুয়ে গুয়ে বার হুই পড়ল আবার চিঠিটা, তারপর চুমোয়-চুমোয় তাকে ভরে দিলে।, বালিশের নিচে রাখলে, আর বারে-বারে হাত চুকিয়ে দেখতে লাগল চিঠিটা সত্যিই আছে নিটুট হয়ে। খুব একটা শান্তি আর স্বাস্থ্যের প্রসন্ধতা তার সমস্ত আত্মা পরিপূর্ণ করে দিলে। সমস্ত রাত ভরে ঘুমূল আনন্দে।

জীবনটা একটু-একটু করে সহনীয় মনে হল। মীনার সম্বন্ধে তার ধারণা ক্রমশই উঁচু হতে লাগল। চিঠিতে ক্রিসতফ তার প্রশ্নের জবাব দেয় বটে কিন্তু মন খুলে প্রশ্ন করতে পারে না। নিজের মনটিকে আরুত করে রাথে, সে যে কী ভীষণ কন্ত তা বোধ হয় অন্তর্গামী জানেন। মামুলি সামাজিক শিষ্টাচারের নিচে লুকিয়ে রাথে তার উদ্বেশ ভালোবাসা
—হায়, শিষ্টাচারটুকুও বোধহয় জানানো হয় না শিষ্টভায়ে।

চিঠিটা পাঠিয়ে দিয়ে মীনার উত্তরের প্রত্যাশায় দিন কাটাতে লাগল। কী করে ধৈর্য শিথবে তারই চেপ্তায় দীর্ঘ রাস্তা স্থক্ত করল হাঁটতে, দীর্ঘ সময় মুথে বই গুঁজে বদে রইল। কিন্তু যাই পড়ুক আর যতই হাঁটুক, সব সময়ে এক চিন্তা তাকে আচ্ছর করে আছে—দে শুধু মীনার চিন্তা। মীনা, মীনা—এই নামই সে মনে মনে আরুত্তি করে ফিরছে। মীনার পূজায় সে এত মশগুল যে যেখানে যাচ্ছে সেখানে লেসিং-এর বই নিয়ে যাচ্ছে যেহেছু লেসিং-এর বইয়ে মীনার নাম আছে। তারপর রোজ থিয়েটর থেকে ফেরবার সময় দীর্ঘ পথ ঘুরে সে সেই দোকানটার পাশ দিয়ে বাড়ি ফেরে যার সাইন বোর্ডে ঐ ছাট , অক্তর্ম লেখা আছে।

এ ভাবে সময় নই করছে বলে অন্থতাপ করে ক্রিসত্য। মনে পড়ে মীনার কথা। মীনা বলেছে খুব করে থাটো, যাতে আমি বিখ্যাত হতে পারি। এই অন্ধরাধের সারল্যটুকু স্পর্ল করে ক্রিসত্যক্তে—তার উর্পরে কতটা বিশ্বাস মীনার! তার সেই বিশ্বাসটি স্মানিত করবার জত্যে ক্রিসত্যক সংকল্প করল, সে একটা বই লিখবে, আর তা সে উৎসর্গ করবে মীনাকে। আর কোনো সময়েই সে এমনি সংকল্পে আরু ছতে পারত না। যেই ভাবটা মনে এল অমনি মাক বেধে মনের আকাশে উড়ে বেড়াতে লাগল নানা রঙের নানা ধ্বনির স্থরবিহঙ্গ। যেন একটা বন্ধ আধারের মধ্যে বল্লার জল বন্দী করে রাখা হয়েছিল, ছাড়া পেয়ে সমস্থ বাধা-বন্ধন ভেদ করে সে-জল এখন ছুটে চলেছে। এক সপ্থাহ ঘর থেকে বেকল না ক্রিসত্য । তার ঘরের দরজার পাশে লুইসা তার খাবার রেথে যায়—মাকে পর্যন্ত সে চুকতে দেয় না।

কতগুলি স্থানলি সে লিখে ফেলল। প্রথমটা একটা কবিতা, যোবনের আশা আর আকাজ্ঞা নিয়ে। শেষটা একটা প্রেমিকের ইয়ার্কি, জাঁ-ক্রিসতফের নিজের মনের উ কিয়ু কি। এ তরকটা দ্বিতীয় তরকে প্রতিহত হবার জন্তো। সেইখানে ক্রিসতফ একটি শুচিম্মিত শুল্কামল আত্মার পরিকল্পনা করেছে—আর সেইটিই মীনার মানস মুতি। কেউ তা ধরতে পারবে না, মীনা তো নয়ই—কিন্তু নিজে যে উপলব্ধি করতে পারবে এতেই তার পুরস্কার। তার প্রেম্পীর সারভূত যে সন্তা সেইটিকে সে উদ্ঘাটিত করেছে। অফুভূতির এই মায়াটি কি অপর্যপ—কি আনন্দকর। কোনো লেখাই যেন এত সহজে এত ফছন্দে সমাধা হয়নি। বিজেদে যে প্রেম সঞ্চিত হয়ে উঠেছে এ যেন তারই একটুখানি উদ্বৃত্তি। কিন্তু আবেগতপ্ত উচ্ছাসই তো আট নয়—আবেগকে স্থানর স্বাছ্র সংয়ত ও দৃঢ় একটি আকার দিতে হবে, আবেগের

উপর চাই সেই শাসন, সেই খর দৃষ্টি। সেই আর্ট তার মনে আনবে স্বাস্থ্য তার সমস্ত প্রবৃত্তি ও শক্তির মধ্যে সহজ সামঞ্জন্ত প্রায় একটা শারীরিক আহ্লাদের মত। যে আহ্লাদ পৃথিবীর সমস্ত মহৎ স্রষ্টাই উপভোগ করেছেন জীবনে। বখন সে বসেছে এই স্প্টের প্রচেটায় ওখন হংখ ও কামনার দাসত্ব থেকে মুক্তি পেয়ে নিজেই তাদের প্রভূ হয়ে বসেছে। যা কিছু তার আনন্দ আর হংখের কারণ সমস্তটাই যেন তার ইচ্ছাব খেলা। সে ইচ্ছা করলেই স্থা, ইচ্ছা করলেই সে দরিদ্র। তার সমস্ত অস্তিত্ব তার ইচ্ছা দিয়ে নিয়ন্ত্রিত। কিন্তু এ সব মুহুর্ত বড় ক্ষণস্থায়ী। স্প্টের সেই উন্মাদনাটুকু কেটে গেলেই আবার তাকে চারদিক খেকে ঘিরে ধরে বাস্তবতার লোহশৃদ্যল। যেমন কঠিন তেমনি হংখদায়ক।

নিজের কাজ নিয়ে যথন ব্যস্ত তথন মীনার থেকে তার সেই বিদায় নেওযার অপূর্ব ক্ষণটির কথাও ভুলে থাকে। আর তথন তাদের বিচ্ছেদ কোথায়! তথন তারা একসঙ্গেই বাস করছে হুজনে। মীনা তথন মীনাতে নেই, ক্রিসতফের মধ্যে চলে এসেছে। কিন্তু কাজ যথন শেষ হয়, তথন আবার সে একলাটি হযে যায়। মনে হয় এত নিঃসঙ্গ সে জীবনে যেন কথনো আর ছিল না—নিজের কাজেই সে জীর্গ, ক্লান্ত, পরাভূত। হঠাৎ মনে পডে পনেরো দিন হল সে চিঠি লিখেছে মীনাকে আর সে চিঠির এখনো উত্তর আসেনি।

আবার মীনাকে চিঠি লিপল ক্রিসতফ। কিন্তু প্রথম চিঠিতে বতটা সংযম আনতে পেরেছিল, এ-চিঠিতে তা আনা গেল না। ঠাটা করে মীনাকে প্রথমে একটু তিরস্কার করলে। কেন সে তাকে ভূলে গিয়েছে গ তার অলসতার জন্মে একটু খোঁটা দিলে, স্নেহ করে একটু বা খোঁচা মারলে। নিজের কাজের কথা বলতে গিয়ে এমন ধোঁয়াটেভাবে

निश्रान यात्व भीनात को कृश्यन উদ্রেক श्य-এमে সে দেখতে পাবে, আর ভীষণ অবাক হয়ে যাবে। কি রকম টুপি কিনেছে এবার দিলে তার খু'টিনাটি বর্ণনা। আর কে-এক তার নতুন অভিভাবক জুটেছে তার কথা অক্ষরে-অক্ষরে পালন করতে গিয়ে—বললে বিশ্বাস করবে किना জानिना-काथा वाहरत याम्रनि । यनि काथा व निमञ्जन अस्तिह, স্রেফ বলে দিয়েছে, শরীর থারাপ, যেতে পারব না। তার আদেশ काँ हो य-काँ हो य प्राप्त हा हो हो । यह मुलार्क व कथा है। व्यविश्व स्म লিখলে না, গ্র্যাণ্ড ডিউকের সঙ্গে ঝগড়া হয়ে গিয়েছে তার, আর সে-ঝগড়ার মূলেও ঐ মীনা। গ্র্যাণ্ড ডিউক রাজপ্রাসাদে তাকে নিমন্ত্রণ করেছিলেন, মীনার আদেশের মর্যাদা দিতে উৎসাহের বাড়াবাড়িতে সে-নিমন্ত্রণও সে গ্রহণ করেনি। চেপে গেল সে-কথাটা-কোনো উদ্বেগ বা ঝগড়ার কথা বলে কাজ নেই। সমস্ত চিঠিটা বাঁধনহারা আনন্দের গান—ছোটথাটো কথায় আর স্তন্ধতায় ভরপুর। সেই সব ইক্তিত আর নিঃশন্দতার রহস্তপুরীর চাবিটি মীনার হাতে লুকোনো আছে। যেখানে সে সহজ বন্ধতার কথাটি লিখেছে সেটা যে আসলে স্থতীত্র প্রেমের সম্ভাষণ এ বুঝে নিতে মীনার নিশ্চয়ই দৈরি হবে না।

চিঠি লিখে একটু যেন আরাম পেল ক্রিসতফ। চিঠির মাধ্যমে একটু যেন কথা বলে নিতে পারল মীনার সঙ্গে—আর সব চেয়ে আনন্দ এ চিঠি লিখলেই তাড়াতাড়ি মীনার উত্তর পেয়ে যাবে। ডাকের আশার তিন দিন চুপচাপ প্রতীক্ষা করল ক্রিসতফ, কিন্তু চারদিনের দিনও যথন কোনো চিঠি এল না তথন জীবন আবার কঠিন হয়ে উঠল। কোনো কিছুতে আর যেন সে উৎসাহ খ্রে পাছে না—শুধু ডাক আসবার আগে ঘণ্টাথানেকই যা সে একটু হাংশ্লন অম্ভব করে। অধৈর্যে কাঁপে সমস্ত সায়ুমগুলী। আন্তে আন্তে কেমন কুসংস্কারে পেয়ে

বসল তাকে—উন্নের একটা শব্দে বা কারু কোনো একটা কথায় সে ইঙ্গিত খুঁজে ফিরতে লাগল—এ হলে বোধ হয় চিঠি আস্বে। ডাকের আগের ঘন্টাটা চলে গেলেই আবার সে মুহ্মান হয়ে পড়ে। আর কাজকর্ম নেই, নেই আর ঘ্রে বেড়ানো। তার জীবনের এখন একমার উল্লেখ্য হচ্ছে পরের দিনের ডাকের প্রতীক্ষা করা। সমস্ত শক্তি নিয়োজিত হয় পরের দিন পর্যন্ত ধৈর্য ধরে বসে থাকায়। কিন্তু সন্ধ্যা যথন চলে যায় সমস্ত দিনের আশা ধূলিসাৎ করে, তথন যে শরীরে-মনে একেবারে ভেঙে পড়ে –মনে হয় কাল পর্যন্ত অন্তিত্বের জের আর টেনে নেওয়া যাবে না। ঘন্টার পর ঘন্টা চুপচাপ বসে থাকে টেবিলে—কথা কয় না, কিছু ভাবেও না, বিছানায়ও উঠে যাবার তার ক্ষমতা নেই। ইচ্ছাশক্তির কোন এক ভগ্নাংশ হঠাৎ এক সময় তাকে ঠেলে টেনে নিয়ে যায় বিছানায়। শুয়ে শুয়ে মূর্য যত সব স্বপ্ন দেখে, মনে হয় এ রাত্রির বুঝি আর শেষ নেই।

স্থার্থ প্রতীক্ষা একটা শারীরিক আর্তির চেহারা নিল, এনে দিল একটা মানসিক বিভী্ দিকা। সন্দেহ হতে লাগল হয় বাবা কিংবা ভাইয়েরা কেউ পিওনের থেকে চিঠি চেয়ে নিয়ে গাপ করেছে। বুকের মধ্যে যেন কে করাত চালাতে লাগল। মুহুর্তের জ্বস্তেও মীনার বিশ্বস্থতায় তার সন্দেহ হল না। যদি তাকে সে চিঠি লিখে না থাকে, তার কারণ তার নিশ্চয়ই অস্থুখ হয়েছে, মরণাপন্ন অস্থুখ, কিংবা কে জানে, এত দিনে সে মরেই গিয়েছে কিনা। এই কথা মনে হতেই তাড়াতাড়ি সে আরেকটা চিঠি লিখে বসল—তার তৃতীয় চিঠি। ক্ষেকটা হৃদয়বিদারক কান্না—তাতে বানানের দিকে লক্ষ্য নেই, নেই বা সংব্য বা শালীনতার দিকে। ডাকের সম্য চলে যাচ্ছে, তাড়াতাড়ি পৃষ্ঠাটা উলটে নিতেই চিঠিটা ধেবড়ে গেল কালিতে, ধামে পর্যন্ত কালি

শাগল। লাগুক, কোনোদিকে সে ফিরেও তাকাবে না। এ-ডাক সে খোয়াতে পারে না কিছুতেই। ছুটে গিয়ে নিজে ডাক-বাল্সে ছুঁড়ে দিয়ে এল চিঠিটা। তারপর থেকে দিয়ে চলল ফের প্রতীক্ষার মহড়া। বাব্রে স্বপ্ন দেখল মীনার অস্থ্য করেছে, তাকে ডাকছে,। চট করে উঠে পড়ল ক্রিসতফ। দরজা খুলে বেরিয়ে যাচ্ছিল সে, কিন্তু মনে পড়ল কোথায় যাবে, কোথায় গেলে মীনার দেখা পাবে সে?

চারদিনের দিন মীনার চিঠি এল—আধ পৃষ্ঠাও নয়, ঠাণ্ডা আর শুষ্ক চিঠি। রসকসংগীন চিঠি। মীনা ভেবে পাছে না এমন সব আজগুবি ভয় কি করে তাকে পেয়ে বসতে পারে। সে বেশ ভালো আছে, তার চিঠি লেখবার সময় নেই। দয়া করে সে যেন একটু শাস্ত শাকে। আর অকারণে চিঠি লেখবারই বা কী দরকার!

যেন ক্রিসতফের মুখের উপর কে ঘৃষি মারল। তবু মীনার আন্তরিকতার তার সন্দেহ নেই। নিজেকেই সে দোষী ভাবলে। তার ঐ সব উদ্ধৃত অপদার্থ চিঠি পড়ে বিরক্ত হওয়াই তো উচিত। সে একটা আকাট গোমূর্থ—নিজের কপালে নিজেই সে ঘৃষি মারতে লাগল। কিন্তু যতই নিজেকে সে সমালোচনা করুক, অন্তরে-অন্তরে বুঝতে পারছে, সে যেমন মীনাকে ভালোবাসে মীনা তাকে তেমনি ভালোবাসে না।

পরবর্তী দিনগুলি কাটল ঘ্রিয়মান শোকাচ্চন্নতায়। একটা শাদা শৃত্যের মধ্যে। জীবনে যে একটিমাত্র আশীর্বাদ ছিল, বার জত্যে জীবন বহনীয় ছিল—সেই মীনার কাছে তার পত্ত—অদৃশু হয়ে গেল। যয়ের মত চলতে লাগল শরীর, জীবনের প্রতিটি পৃষ্ঠা প্রতিটি ছত্র যেন মুখন্ত। এখন শুধু একমাত্র আকর্ষণ, শুতে যাবার আগে ক্যালেশুারের তারিথ বদলানো। তার আর মীনার মধ্যে সময়ের যে ছুর্ভেম্ব দেয়াল রয়েছে

দাঁড়িরে, তার থেকে একথানা ইট থসানো। আস্বার নির্ধারিত দিনটিও গেল চলে। অন্তত এক সপ্তাহ আগে তাদের ফেরা উচিত ছিল। মীনা বলে গিয়েছিল কবে ও কথন সে আসবে তা তাকে আগেই জানিয়ে দেবে। কবে ও কথন আবার দেখা হলে মুহুর্তেন্মুহূর্তে নানা রঙের জাল ব্নেছে ক্রিসতফ —কিন্ত কোথাও কোনো সাড়ানেই রেখা নেই। কেন যে এত দেরি হচ্ছে তাই বা কে বলবে ?

একদিন সন্ধে বেলা ফিশার এসে হাজির। ফিশার তাদের প্রতিবেশী, ঠাকুরদার বর্কু—আসবাব-পত্তের ব্যবসা করে। থাওয়া দাওয়ার পর তামাক থেতে-থেতে মেলশিয়রের সঙ্গে গল্ল করতে প্রায়ই আসে। পিওনের জন্মে বসে থেকে যন্ত্রণায় ক্লান্ত হয়ে উঠে যাচ্ছিল ক্রিসতফ, হঠাৎ একটা কথা কানে চুক্তেই থমকে দাঁড়িয়ে পড়ল।

ফিশার বলছে, কাল ভোরে উঠেই তাকে কেরিশদের বাড়ি ষেতে হবে। কাঠের পার্টিশনগুলো ঠিকমত খাটয়ে দিয়ে আসতে হবে।

"সে কি, ওর। ফিরে এসেছে নাকি ?"

"বা. কবেই তো<u>.</u>এসেছে। পণ্ড'—"

কানে আর কিছু গেল না ক্রিসতফের। ঘর ছেড়ে তক্ষুনি বেরিয়ে যেতে উদ্বত হল। লুইসা তার পরিবর্তনটা দেখছে বটে কিন্তু কিছুই বুঝতে পারছে না। এখন বেরিয়ে যেতে দেখে জিগগেস করলে ভয়ে-ভয়ে, "কোথা যাচ্ছিস ?" একটাও আওয়াজ করল না ক্রিসতফ। নিঃশব্দে বেরিয়ে গেল।

রাস্তায় এসেই ছুট দিল কেরিশদের বাড়ির দিকে। তথন রাত নটা! মা আর মেয়ে হজনেই ডুদ্নিং-রুমে বসে, তাকে দেখে একটুও আশ্চর্য হবার ভাব করল না। তারা হজনেই তাকে শান্তভাবে 'গুভসন্ধ্যা' জানালে। মীনা যেন কি লিখছে ব্যস্ত হয়ে—টেবিলের উপর দিয়ে ভদ্রতার অভ্যাসে হাত বাড়িয়ে দিলে—আবার হাত গুটিয়ে নিম্নে এসে নিজের লেখায় মন দিলে। লিখতে লিখতে জিগগেস করলে, থবর কি। ক্রিসতফ যেন তার এই অসোজন্ত মার্জনা করে, কিন্তু চিঠিটা এক্ষুনি শেষ করে না ফেললেই নয়। কি যেন তবু বলে যাছিল ক্রিসতফ, লেখায় চোথ রেখেও শোনবার ভান করছিল মীনা। পরে এক সময়ে তাকে থামিয়ে দিয়ে বললে, তোমার মার থবর কি বলো ? নিজের হুংখের কথাই জানাবার জন্তে সে তৈরি হছিল, তার অন্তুপস্থিতিতে সে তার কী অসহনীয় কন্ট—কিন্তু কথা মুখের কাছে টেনে আনতে না আনতেই ব্রুতে পেল ওসব কথা শুনতে কারুর কোনো আগ্রহই নেই—মনে হল, ও কথা বললেই কানে কেমন যেন মিথো শোনাবে!

চিঠি শেষ করে মানা সেলাই নিয়ে বসল, বসল জিসতফের থেকে বেশ থানিকটা দূরে সরে গিয়ে। বলতে লাগল তার দেশভ্রমণের কথা। কী চমৎকার দিন কেটেছে তার, ঘোড়ায় চড়েছে, গাঁ-ঘরে থেকেছে, মিশেছে আবার ফ্যাশানবেল সোসাইটির সঙ্গে। গল্প বলতে-বলতে উত্তেজিত হয়ে উঠছে মানা, এবং এমন সব ঘটনা ও লোকের প্রসঙ্গে উত্তেজনা দেগাছে যা জিসতফের কাছে সম্পূর্ণ অজানা। ও-সব দৃশ্যের কথা মনে হতেই মা-মেয়ে হাসছে আপন মনে। জিসতফ মনে করছে সে একজন বিদেশী, ভোজের আসরে অনিমন্ত্রিত। বুঝতে পাছে না কি তাবে ও কতটা সে রস গ্রহণ করবে, তবু হাসছে এক অদ্ভূত হাসি। মানার মুথ থেকে মুহুর্তের জল্মেও চোথ সরিয়ে নিছে না—চোধে মিনতি ভরে রেখেছে—দয়া করে একটু আমার দিকে তাকাও, তোমার একটি দৃষ্টিকণা আমাকে ভিক্ষে দাও। শেষে একবার যথন সে সত্যি তাকাল—মার সঙ্গে বেশি গল্প করছে বলে মার দিকেই বেশি তাকাছে—তথন জিসতফ অমুভব কুরল তার সে চাহনি তার কণ্ঠম্বরের মতই নিপ্রাণ।

भौना कि তবে তার মাকে দেখে অমন সতর্ক হয়েছে নাকি ? না, कि আর কোনো কারণ আছে ৷ একবারটি একলা কি ওদের দেখা হতে পারে না ৭ কিন্তু ফ্রাউ কেরিশ একটুগানির জ্ঞান্তে উঠে যাচ্ছেন না। কথার মোড়টা নিজের বিষয়ের দিকে ঘ্রিয়ে আনার ছেটা করল ক্রিসতফ—তার শেখার কথা, তার পরিকল্পনার কথা। ঝাপসা-ঝাপসা বুঝতে পারল, মীনা তাকে এড়িয়ে যেতে চাইছে। যতই সে এড়িয়ে যেতে চায় তত্ই ক্রিস্তফ নিজের বিষয়টাতে রঙ চডায়। বাধা হয়ে গুনতে হয় মীনাকে, কিন্তু মাঝে-মাঝে এমন সব ভীতি বা বিশ্বয়ের শব্দ করে যা স্থান বিশেষে মোটেই উপযুক্ত নয়। তা না হলেও মনে रुष्टि भोना एगन উৎসাহে **७**श्च रुप्य উঠেছে। এমনি সময় আবার यथन ক্ষীণ আশার স্ঞার হচ্ছে রক্তে মানা কথন একটু হেসে ফেলেছে তার আগের সেই মনোরম হাসি, ক্রিসতফও হাসবে-হাসবে করছে, তথুনি মীনা তার হাত তুলে তার আড়ালে ছোট্ট একটি হাই তুলল। আচম্কা থেমে পড়ল ক্রিস্তফ। মীনা বললে, খুম পাছে, বড় শ্রাস্ত সে আজ। উঠে পড়ল ক্রিসতফ। ভাবল হয়তে। ওরা এবার বলবে আরো একট্ট থেকে যেতে। কিন্তু কেউ কিছুই বললে না। বিদায় জানিয়েও একট্ট প্রতীক্ষা করন ক্রিসতফ, হয়তো বলবে, কানকে আবার এসো। কেউ किहू हे बनल ना। पत्रका भर्यस धिराय पिन ना मौना। अधु धकरे হাত বাডিয়ে দিল—উদাসীন হাত শিথিল হয়ে থসে পড়ল ক্রিসতফের ছাতে। ঘরের মধ্যখান থেকেই বিদায় নিয়ে চলে গেল ক্রিসতফ।

মনে একটা আতক নিয়ে বাড়ি ফিরল। তু' মাস আগের মীনার, তার প্রেয়সী মীনার—কিছুই আর অবশিষ্ট নেই নকী ঘটেছে? কী হয়েছে মীনার সরল কিশোর, সে পার্থিব পরিবর্তনের কথা কি জানে! সহজ সাধারণ সত্য কথাটাই যে তার কাছে নিদারুণ হয়ে বাজবে।

তবু ঝাপসা-ঝাপসা কি যেন সে একটা আন্দান্ধ করে। তথুনি নিজেকে বোঝার, না, মীনা যেমন-কে তেমনই আছে, গুধু তার যাওয়াটিই ঠিক হয়নি, সময়টি ঠিক বাছা হয়নি দেখা করবার। কাল আবার সে যাবে, আর যে করেই হোক, কথা কইবে মীনার সঙ্গে।

ঘুমুল না ক্রিসতফ। সমস্ত রাত ভরে একটার পর একটা ঘড়ির শব্দ শুনতে লাগল। ভোর হতেই ঘুরঘুর করতে লাগল কেরিশদের বাড়ির সামনে—গেট খোলা পেতেই চুকে পড়ল। মীনার সঙ্গে দেখা না হয়ে দেখা হল ফ্রাউ কেরিশের সঙ্গে। খুব ভোরে উঠে ফ্রাউ কেরিশ বারান্দায় ফুলের টবে জল দিছেন। অত ভোরে ক্রিসতফকে দেখে তিনি আঁৎকে উঠলেন।

"ও! তুমি १···যাক, এসে ভালোই করেছ। তোমার সঙ্গে আমার কথা আছে। একটু দাঁড়াও।"

ভিতরে জলের ঝারি রেখে ফ্রাউ কেরিশ এগিয়ে এলেন। হাত শুকনো করে এসেছেন, আর মুখে এনেছেন একটি নিম্পৃহ হাসি। ক্রিস্তফের মনে হচ্ছে ও হাসি সর্বনাশের স্চীপত্র।

"বাগানে এসো।" বললেন ফাউ কেরিশ: "বাগানটাই বেশ নির্জন।" এই বাগান এখনো তাদের সেই ভালোবাসার গদ্ধে ভরে আছে। সেই বাগানেই ফাউ কেরিশের পিছু-পিছু অগ্রসর হল ক্রিসতফ। কথা স্থক্ষ করবার তাড়া নেই, ছেলেটার অম্বন্তি যেন উপভোগ করছেন ফাউ কেরিশ।

"এসো এখানে বসি।" বললেন ফ্রাট কেরিশ।

এই সেই কাঠের বেঞ্চি ষেখানে তারা বসেছিল একদিন—মীনা আরু ক্রিসতফ। এইথানেই মীনা তার মুখখানি তুলে ধরেছিল ক্রিসতফের দিকে। "আসলে কি ব্যাপার তা বোধ হয় তুমি জানো।" খুব গৃন্থীর হয়ে তাকালেন ফাউ কেরিশ। "আমার ধারণা এরকম ছিলনা তোমার সম্বন্ধে। আমি তোমাকে গঙীর প্রকৃতির ছেলে বলেই মনে করেছিলাম। তোমার উপর আমার সম্পূর্ণ বিশ্বাস ছিল। আমি বুঝিনি তুমি আমার সেই বিশ্বাস ভেঙে দেবে আর তা ভেঙে দেবে আমার মেয়েকে উপলক্ষ্য করে। তার ভার তোমার হাতে আমি ছেড়ে দিয়েছিলাম। সেই বিশ্বাসের মান রাধা তোমার উচিত ছিল। মীনার মান, আমার মান, তোমার নিজের মান।"

কি রকম একটা বিদ্রূপ কথার ফাঁকে-ফাঁকে উঁকি মারছে। এই ছেলেমানসী প্রেমের ব্যাপারকে ফ্রাউ কেরিশী যেন একটুও মূল্য দিচ্ছেন না—এই রকম একটা ভাব। কিন্তু সে সম্বন্ধে সচেতন নয় ক্রিস্তৃত্য। ফ্রাউ কেরিশের তিরস্কার তার মর্মপ্রল পর্যন্ত বিদ্ধ করেছে। এ তিরস্কার যেন তার আজীবন হুর্ভাগ্যেরই অবিদ্বেদ্য পরিছেদ।

"কিন্তু, আমি—আমি" তোতলামি স্কুক্ল করল ক্রিস্তৃক : "আমি আপনার বিধাসের অপমান করিনি। একথা কথনো ভাববেন না—আমি মন্দ নই, অসৎ নই—আমি ফ্রালিন মীনাকে ভালোবাসি। সমস্ত জীবন দিয়ে, আত্মা দিয়ে ভালোবাসি। আমি তাকে বিয়ে করতে চাই।"

মুত্র-মূত্র হাসলেন ফ্রাউ কেরিশ।

সেই সদন্ম হাসিতে হক্ষ্ম একটি ঘৃণা প্রক্ষাটিত হয়ে উঠল। বললেন ফ্রাউ কেরিশ: "না, অসম্ভব। তোমাদের এটা একটা ছেলেমানসি মূর্যতা।" "কেন ? কেন ?'

ক্রাউ কেরিশের হাত ধরল ক্রিসতফ। তাঁর হাসিটির মাঝে হয়তো কোথাও রয়েছে একটি সম্লেহ সমর্থন।

তেমনি হাসলেন ফ্রাউ কেরিশ। বললেন, "কেননা-"

পিড়াপিডি করতে লাগল ক্রিস্তৃষ। কথাগুলির মধ্যে কোনো আর্থ-মূল্য আরোপ না করেই বলতে লাগলেন ফ্রাউ কেরিশ—ক্রিস্তৃষ্ণ গরিব, মানার ক্রচি তার ক্রচির থেকে আলাদা। তাতে কিছুই আসে ধায় না—প্রতিবাদ করল ক্রিস্তৃষ্ণ—কিছুদিন পরে সেও বড়লোক হবে, বশস্বী হবে। কত মান-প্রতিপত্তি অর্জন করবে, কত অর্থ, যা কিছু শীনা কামনীয় মনে করে। সন্দেহ-কুটিল চোখে তাকালেন ফ্রাউ কেরিশ, ছেলেটার আত্ম-বিশ্বাদের বহর দেখে মজা লাগল তার। গুধু নেতিবাচক ভলতে মাথা নাডতে লাগলেন। কিন্তু নিজের গোঁতে আকড়ে রইল ক্রিস্তৃষ্ণ।

"না, ক্রিসতফ, না।" <sup>®</sup>জোরের সঙ্গে বললেন ফ্রাউ কেরিশ: "তর্ক করে পাভ নেই। এ অসম্ভব। গুধু টাকার প্রশ্ন নয়। অনেক, অনেক প্রশ্ন। সামাজিক অবস্থা—"

কথাটা শেষ করবার দরকার হল না ফ্রাউ কেরিশের। ছোট তাঁব একটা ছুঁচ, ক্রিসতফের মেরুমজ্ঞা পর্যন্ত বিদ্ধ করল। তার চোথ খুলে গেল সহসা। বন্ধতার হাসির অন্তরালে কাঁ ব্যক্ত, সদয় দৃষ্টির গভীরে কাঁ নিষ্ঠুরতা, এতক্ষণে ব্রুতে পারল ক্রিসতফ। এই ভদ্রমহিলা যিনি তাকে ছেলের মত ভালোবাসেন, মার কত মেহ দিয়েছেন তাকে — ব্রুতে পারল ক্রিসতফ কোথায়, কোনখানে তার সক্ষে তার ব্যবধান। তার সমস্তটা মেহ অবজ্ঞার উপরে দাঁডিয়ে—উপেক্ষার উপরে দাঁড়িয়ে। মান হয়ে গেল ক্রিসতফ। আদরমিশ্রিত গলায় তেমনি কথা বলে যাছেন ফাউ কেরিশ, কিন্তু তার স্বরে আর সেই ধ্বনির জাছ নেই—প্রত্যেকটি কথার নিচে এই মহীয়সী মহিলার মিথ্যাচরণের ছলবেশ। একটি কথারও উত্তর দিতে পারল না ক্রিসতফ। চলে গেল। তাকে ঘিরে যেন খুরে গেল সমস্ত জগং।

ঘরে ফিরে গিয়ে বিছানায় সে টান হয়ে পড়ল—জাগ্রত রাগ আর আহত অভিমানকে সে ছাড়া দিলে—য়খন আরো অনেক ছোট ছিল সেই সব দিনের মত। বালিশ কামড়াতে লাগল, সমস্ত কমালটা পুরে দিল মুখের মধ্যে, তার কাল্লা যেন কেউ তুনতে না পায়। সুর্বাস্তঃকরণে ম্বণা করতে লাগল ফ্রাউ কেরিশকে। ম্বণা করতে লাগল তার মেয়েকে, মীনাকে। মনে হল তাকে ওরা কঠিন অপমান করেছে, সেই রাগে আর লজ্জায় পুড়তে লাগল স্বাক্ষ। এর জ্বাব দিতে হলে, একুনি একটা কিছু করা চাই ক্রিসতফের। যদি এর প্রতিশোধ নিতে না পারে তবে সে এ জীবন আর রাখবে না।

তথুনি উঠে পড়ে সে একটা হতবুদ্ধিকর চিঠি লিখে ফেললে : "মহাশয়া,

আমি জানিনা আমি আপনাকে বঞ্চনা করেছি কিনা। কিস্তু এটা আমি দ্বির জানি, আপনি আমাকে বঞ্চনা করেছেন। আমি ভেবেছিলাম আপনি আমার বান্ধব—আপনি নিজেও তাই বলেছিলেন। কিস্তু ও সমস্ত আপনার ভান। আগাগোড়া মিখ্যা। আমার প্রতি আপনার স্নেহ একটা ছলনা মাত্র। আমাকে আপনি খাটিয়ে নিয়েছেন মাত্র। আমি আপনাকে আমোদ দিয়েছি, সেই ভাবেই আমাকে ব্যবহার করেছেন। নইলে আমার বাজনা শোনানোর আর মানে কি! আমাকে আপনার চাকর ভেবেছেন। আমি কারু চাকর নই।

আপনার মেয়েকে ভালোবাসবার অধিকার আমার নেই এই আমাকে নির্মমের মত বোঝাতে চান আপনি। আমার হৃদয় যাকে ভালোবাসবে তাকে তার সেই ভালোবাসা থেকে কেউ ,বিচ্যুত করতে পারবে না। আমার যদিও আপনার মত কোলীয়া নেই,

আমি আপনারই মত মহং। একমাত্র হৃদয়ই মায়ৄয়কে মহং করে।
আমি যদিও কাউন্ট নই, তবু অনেক কাউন্টের চেয়ে আমার
হয়তো বেশি সম্মান। কাউন্টই হোক আর চাপরাশিই হোক,
'যথন আমাকে কেউ অপমান করে, তথন আমি তাকে ঘুণা করি।
আর যারা মহৎ না হয়েও মহৎ হবার ভান করে তাদেরও আমি
ঘুণা করতে ছাড়ি না।

বিদায়! আপনি আমাকে ভুল বুঝেছেন। আপনি আমাকে বঞ্চনা করেছেন। আমি আপনাকে মনে-প্রাণে ঘুণা করি।

আর' যে, আপনার বিরুদ্ধতা সংখও ফ্রালিন মীনাকে ভালোবাসে, তাকে সে আজীবন ভালোবাসবে, যেহেতু ফ্রালিন মীনা তার একার এবং কেউ তার থেকে তাকে ছিনিয়ে নিতে পারে না।"

বাক্সে চিঠিটা ফেলে দিয়েই তয় ধরল ক্রিসতফের। এ সে কী করে বসল! আর ভাবতে চেষ্টা করল না, কিন্তু কতকগুলো কথা মনের মধ্যে থোঁচা মারতে লাগল বারে-বারে। সে সব মারাত্মক কথাগুলি পড়ছেন ফ্রাউ কেরিশ একথা ভাবতেও ঘাম ছুটল ক্রিসতফের। নিজের হতাশাই নিজেকে আখাস দিছিল প্রথমে, কিন্তু পরদিন এই কথাটাই মনের মধ্যে স্পষ্ট হয়ে উঠল, বা সে করে বসেছে তার ফলে মীনার সঙ্গে তার চিরকালের জন্ম বিচ্ছেদ ঘটে যাবে। আর সেইটেই ঘোরতম হুর্ভাগ্য। আশা করল, ফ্রাউ কেরিশ জানেন তার হুর্বার স্বভাবের কথা, তারই একটা সাময়িক উদ্ধাস ভেবে হয়তো চিঠিটাকে তিনি ক্রমা করবেন। বড়জোর হয় তো ওকে একটু তিরস্কার করবেন, এবং কে জানে, হয়তো তার আবেগের আন্তরিকতায় তার মন নরম হবে। একটি মিষ্টি কথায় অমনি,ক্রিসতফ লুটিয়ে পড়বে তার পায়ের নিচে। পাঁচ দিন অপেক্ষা করল ক্রিসতফ। তারপরে সে একটা চিঠি পেল ফ্রাউ কেরিশের:

"প্রিয়,

ষেহেতু তুমি বলছ, তোমার ও আমাদের মধ্যে একটা ভ্লবোঝাবুঝি চলেছে তথন সেই সম্পর্কটা ছিল্ল করে দেওয়াই সমীচীন
হবে। যে সম্পর্কটা তোমার পক্ষে বেদনাদায়ক, সেটা জোর করে
তোমার উপর চাপিয়ে দিতে গেলে আমার হঃথ ছাড়া স্থথ নেই।
তাই এটাই অত্যন্ত স্বাভাবিক যে এখানেই আমাদের সম্পর্কের
সমাপ্তি হওয়া উচিত। আমি আশা করি, তোমার আকাজ্র্যা
পূর্ণ হবে, কালক্রমে তুমি অনেক-অনেক বন্ধু পাবে বাঁরা সহজেই
তোমার গুণগ্রাহী হবেন। তোমার ভবিদ্যুৎ সম্বন্ধে আমার সন্দেহ
নেই—দূর থেকে তোমাকে আমি দেখব, সহাম্ভূতির সক্ষে লক্ষ্য
করে যাব স্বরসাধনার ক্ষেত্রে তোমার অবার্য ক্রমোল্লতি। গুভেছ্বা
গ্রহণ কর।"

কঠিন কটু-কাটবাও এর চেয়ে ভালো ছিল। জাঁ-ক্রিসতফের মনে হল সে নিঃস্ব হয়ে গেছে। অন্যায় করে কেউ গালাগাল দেয় তার উভরে লেখা যায় হ' কলম। কিন্তু এই বিনীত অবহেলার উত্তরে কীলেখা যায় ? রাগে জলতে লাগল ক্রিসতফ। মনে হল মীনার সক্ষেতার আর দেখা হবে না জীবনে—এ সে কি করে সহু করবে ? প্রেমের কাছে সমস্ত অভিমান-অপমান অকিঞ্চিৎকর। নিজের মর্যাদা সে ভূলে গেল, কেমনতর ভীরু ভিক্তকের মত হয়ে গেল সে। আরো সে চিঠি লিখল—ক্ষমা চাইল সজল নয়নে। রাচ চিঠিটার মতই মূর্থ এই সব কাতর পত্র। কোনো সাড়া পেল না। সমস্ত কথাই তো বলা শেষ হয়েছে।

তার মরে যাবার দাখিল হল। মনে হল আত্মহত্যা করে। মনে হল খুন করে। কল্পনা করল এমনি তারও মনে হচ্ছে হয় তো। আগুন লাগিয়ে দিলে বা কেমন হয় ? এ ভাবে বেচে থাকা অসম্ভব। জানলার কাছে হাঁটুর উপর কম্মইয়ের ভর রেখে এমনি ঘণ্টার পর ঘণ্টা কাটিয়ে দেওয়ার অর্থ কী নিদাকণ। ছেলেবেলায় বেমন ভাবত যন্ত্রণার থেকে কি করে মৃক্তি পাবে, এখনো সেই চিন্তা তাকে পেয়ে বসল। চোথের সার্মনেই খোলা রয়েছে সেই পথ। এখুনি, এই মুহুর্তে। কি, কি সেই পথ ? কোথায় সে উপায় ? কে জানে. কত দিনে জানবে সে ? কত দিন কত বৎসর, কত শতাকীর পরে—কত মর্মন্ত্রদ আর্তনাদের শেষে।

লুইসা চোথের সামনে দেখতে পাছে ক্রিসতফের যন্ত্রণা। কি যে ঠিক হয়েছে পবিমাপ করতে পারে না, কিন্তু তার মনের ভিতর থেকে কে যেন বলে কি এক সর্বনাশের পূর্ব।ভাস। উচ্ছা হয় ছেলের সন্নিহিত হয়ে তার হঃথ কি, আবিকার করে, পরে তাকে সাপ্তনা দেয়। কিন্তু ছেলের সঙ্গে ঘনিষ্ঠ হয়ে কথা বলার অভ্যেস নেই লুইসার। বহু বছর ধরেই নিজের ভাবনা নিজের মধ্যে গোপন করে রেখেছে ক্রিসতফ, আর লুইসা সংসারের ধান্দায়ই সমস্ত দিন উচাটন, সময়ও হয় না ছেলের স্থ-ছ:থের থবর নেয়। কিন্তু এখন যখন ছেলের কথা জানবার জন্তে মন আকুলি-বিকুলি করছে, লুইসা ভেবেও পায় না কি করে ছেলের পাশটিতে গিয়ে বসবে। নাড়হারা পাথির মত মনটা তার্ বারে-বারে ছেলের কাছে ঘোরাফেরা করছে, যদি জানতে পারে কী তার হঃখ, নিশ্চয়ই উপযুক্ত প্রবোধ দেবার সঞ্চয় আছে তার মাতৃবক্ষে, কিন্তু কি বলে হঠাৎ বিরক্তি উৎপাদন করে বসবে, সেই ভয়েই এগুতে সাহস হয় না। এবং কে জানে তার ভাবভঞ্চি বা অকারণ উপস্থিতি দিয়ে ইতিমধ্যেই সে ছেলের বিরক্তিভাজন হয়েছে কিনা। একে অক্তেকে ভালোবাসে তারা সন্দেহ নেই। কিন্তু এইরকম হুটি মেহপ্রবণ চিত্তকেও কত স্হজে ও কত সামাগ্ত ভাবেই বিচ্ছিন্ন করে রাখা যায়। একটা ক্লঢ় কথা, একটা ক্লক দৃষ্টি, নাকের বা চোথের ছোট্ট একটুথানি কুঞ্চন,

চলা-ফেরা ওঠা-বসা বা খাওয়া বা হাসার ভক্তি—ছোট্থাট কোনো শারীরিক বাধা...হয়তো বলবে এসব কিছু নয়, সামান্তই, কিন্তু সংসারে এ সবই অনেক। এ সবই অনায়াসে মা থেকে ছেলেকে, ভাই থেকে ভাইকে, বন্ধু থেকে বন্ধুকে পরস্পরের থেকে দূরে সরিয়ে রাথতে সক্ষম।

যে বিপদের মধ্যে দিয়ে সে যাচ্ছে তাতে মার কাছ থেকে সাস্ত্রনা নিয়ে ক্রিসতফ কোনো সামর্থ্য খুঁজে পাবে না। তা ছাড়া যে আবেগের অহমিকায় সে জলছে সেথানে স্নেহসিঞ্জন কি হবে ?

এক রাতে, বাড়ির স্বাই যুমুছে, ডেস্কের কাছে চুপচাপ বসে আছে ক্রিস্তফ, মনও নড়ছে না, শরীরও নড়ছে না, রাস্তায় কতগুলো ভারী পায়ের শব্দ হল—শেষে শব্দ হল বাড়ির দরজায়। যোর কেটে গেল ক্রিস্তফের, কান থাড়া হয়ে উঠল। কতগুলো ভারী গলার আওয়াজ। মনে পড়ল বাবা এখনো বাড়ি ফেরেনি—মত্ত অবস্থায় বাবাকেই ধরাধরি করে এনে বাড়িতে কারা হয়তো পৌছে দিছে। হপ্তা হয়েক আগেও তাই হয়েছে। রাস্তায় পড়েছিল বাবা, কারা তুলে পৌছে দিয়ে গেছে দয়া করে। সমস্ত সংযম ছারেখারে দিয়েছে মেলশিয়র—শুধু দানবের মতই স্বাস্থা তাকে বাচিয়ে রেখেছে এখনো। চারজনের মত সে খায়, আর যতক্ষণ পর্যন্ত না এলিয়ে পড়ে ততক্ষণ মদ বন্ধ করে না। বরফেব্রিটতেও বাড়ির বাইরে রাত কাটায়। মাতালদের সঙ্গে মারামারিতে জথম হয় কতদিন। পরদিন স্কালে আবার বন্ত প্রফুল্লতা নিয়ে সেজেগে ওঠে, আশা করে সমস্ত পৃথিবী তার মতই প্রফুল্ল হোক।

ছুটে গিয়ে লুইসা খুলে দিল দরজা। ক্রিসতফ নড়ল না, কানে যেন মেলশিয়রের কুৎসিত চাৎকার না ঢোকে তারই আশা করতে লাগল প্রাণপণে। হঠাৎ একটা অদ্ধৃত ভন্ন তাকে চেপে ধরণ। হাতে মুখ ঢেকে কাঁপতে লাগল দে অকারণে। হঠাৎ একটা তীত্র আর্তনাদ সমস্ত শৃষ্ঠ বিদীর্ণ করলে। দরজার দিকে ছুটে গেল ক্রিসতফ।

অশ্বকার প্যাসেজে অস্পষ্ট একটা লঠন জলছে। নিমন্বরে কথা বলছে কতগুলি লোক। আর তাদেরই মধ্যে স্ট্রেচারের উপর গুয়ে আছে কে—সমস্ত গা ভেজা, জল ঝরছে পোশাক থেকে। স্ট্রেচারে করে এমনি একদিন গুয়ে ছিলেন ঠাকুরদা! লোকটা নড়ছে না। লুইসা তাকে আকড়ে ধরে কাদছে আকুল হয়ে। ও আর কেউ নয়। বাবা—
নেলেশিয়র। জলে ডুবে মরেছে।

ককিয়ে কেঁদে উঠল ক্রিস্তফ। সব কিছু অদৃগু হয়ে গেল—তার অক্সান্ত সব হু:থের লেশমাত্র অবশিষ্ট রইল না। মার পাশে বসে বাপের উপর ঝাঁপিয়ে পড়ল, হুজনে কাঁদতে লাগল পাশাপাশি।

বিছানায় এনে শোয়ানো হল মেল শিয়বকে। পাশে বসে তার এই শেষ নিদ্রাটি দেখতে লাগল ক্রিসতফ। মৃত্যুর তিমিরলিপ্ত শান্তিটি বাবার মুখে কে মেথে দিয়েছে—সেই শান্তিটি আত্মার গভীরে অন্তর্ভব করল ক্রিসতফ। তার প্রথম যৌবনের আবেগ জ্ব-ছাড়ার মত চলে গেল মিলিয়ে, মৃত্যুর শীতার্ত নিশ্বাস তা ভত্ম করে দিল। কোথায় মীনা, তার অহঙ্কার আর প্রেম—আর সে নিজে! বাস্তবের কাছে আর সব কী ক্মুদ্র—আর, একমাত্র বাস্তব হচ্ছে মৃত্যু। এত যন্ত্রণা সন্থ করা এত আকাজ্ঞা করা—তারপর এই তার পরিণতির আকৃতি!

বসে-বসে দেখতে লাগল সে বাপের ঘুম। আর অনস্ত করুণায়
- তার বুক ভরে গোল। জীবনে কবে কোথায় কতটুকু দয়া দেথিয়েছে বা
ক্ষেহ করেছে তাই খুঁজে-খুঁজে বার করতে লাগল। সমস্ত দোষ-ক্রটি
সত্তেও মেলশিয়র মন্দ ছিল না—অনেক ভালো ছিল তার মধ্যে। তার

সংসারকে সে ভালোবাসত। সং ছিল। সাহসী ছিল। যথন কোনো বিপদ এসেছে সেটা যেন কত উপভোগের ব্যাপার এমনিভাবে এগিয়েছে তার দিকে। উদ্ভূজ্ঞল ছিল—তা শুধু নিজের জন্তে নয়, পরেরও জন্তে কাউকে সে বিয়য় দেখতে চাইত না। তার বিয়াদ মোচন করবার জন্তে যা কিছু পকেটে থাকত দিয়ে দিত অকাতরে। ফেরৎ পাবার ধার ধারত না। এ সমস্ত শুণ একে-একে প্রতিভাত হতে লাগল ক্রিসতকের কাছে, কিছু কিছু বা নিজে উদ্ভাবন করলে, নিজে বা বাড়িয়ে তুললে। মনে হল বাবাকে সে এতদিন ভূল বুঝে এসেছে। তাকে যথেষ্ট ভালোবাসেনি বলে নিজেকে ধিকার দিছে এখন। অন্ধকারের মধ্য দিয়ে একটি আর্ড আক্তি বাবার কঠে ভেসে এল তার কানে:

"জা-ক্রিস্তফ, আমাকে ঘুণা করিসনে।"

অন্তাপে ভরে গেল ক্রিসতফ। বাবার মৃত মুথ সে চুম্বন করলো। সেদিনের মতই সে বললে:

"বাবা, আমি তোমাকে ঘণা করি না। আমি তোমাকে ভালোবাসি। আমাকে কমা করো।"

কিন্তু বাবার সে কাকুতি থামতে চায় না কিছুতেই। "আমাকে দ্বণা করিসনে, করিসনে।"

হঠাৎ ক্রিসতফের মনে হল বাবার পরিবর্তে সে নিজেই গুয়ে আছে বিছানায় আর নিজেই যেন বলছে, নিজের অর্থহীন অপদার্থ জীবনের ভারে ক্লিষ্ট হয়ে:

"आभारक घुगा कारता ना। घुगा कारता ना।"

মনে মনে ভয় পেল ক্রিস্তক। এই মৃত্যুর চেয়ে সব •কিছুই ্ বোধহয় ভালো। আস্ক হঃখ, আস্ক দৈন্ত, আস্ক হতাশা, তবু এমনি করে যেন মর্তে না হয় ! হায়, এই মৃত্যুর কাছাকাছিই নিজেকে টেনে নিয়ে এসেছিল সে। সামাস্ত হৃংথের থেকে ত্রাণ পাবার জন্তে মৃত্যুকেই চেয়েছিল সে বরণ করতে। মৃত্যুতে নিজেকে অপমান করার কালিমার কাছে ও-সব হৃঃথ-তো সামান্ত, লঘুভার।

জীবন হচ্ছে একটা সদ্ধিহীন দয়াহীন যুদ্ধ। যদি মান্নুষের মত বাঁচতে হয়, নির্ত্তিহীন যুদ্ধ করে যেতে হবে অদৃশু সব ভয়াবহ শক্রর বিরুদ্ধে—হিংস্র প্রকৃতির বিরুদ্ধে, কুৎসিত চিন্তা ও প্রলয়ংকর কামনার বিরুদ্ধে। সর্বনাশের ফাঁদে পা প্রায় ফেলতে যাচ্ছিল ক্রিস্তফ। স্থা আর প্রেম হচ্ছে ক্ষণিকের বৃদ্ধ, জীবনের আসল অধিপতি হচ্ছে সংগ্রাম।

পনেরে৷ বছরের ক্রিসতফ, অন্তরের মধ্যে শুনতে পেল দৈববানী:

"এগিয়ে যাও, এগিয়ে যাও, সংগ্রাম করো, বিশ্রাম কোরো না।"

"কিন্তু, হে প্রভু, কোথায় কোন দিকে আমি যাব ? যেথানেই আমি যাই, যা কিছুই আমি করি, সমস্ত কিছুর পরিণতি কি এই মৃত্যু নয় ?"

" যারা মরবে, মৃত্যু পর্যন্তই যাও। যারা হৃঃথ সহ করবে, হৃ' হাত ভরে লুটে নাও হৃঃথ। স্থী হবার জ্ঞে তোমরা বাচছ না। আমার বিধান পূর্ণ করবার জ্ঞেই তোমরা বাচছ। হৃঃথ পাও—মরো। কিন্তু যা হতে বলেছি, তাই হও। মামুষ হও।"

## **तशक्ष**िक

**জ**। ক্লিসতফ : তৃতীয় খণ্ড

পুষ্পময়ী বস্থ অনুদিত

## কটি কথা বলাব প্রয়োজন হ'য়ে পডেছে।

অমুবাদটিব মধ্যে কয়েক ক্ষেত্রে সংস্কৃত ও বাংলা উদ্ধৃতি দেখা যাবে। অন্তবাদের ক্ষেত্রে এই ধরনের পরস্ব ব্যবহারের উদাহরণ বড একটা দেখা যায় না। উদ্ধৃতিগুলিকে লেখকের ব্যবহৃত ও মূলের অংশ ব'লে ধারণা করা অস্বাভাবিক নয়। কিন্তু মূল যারা প্ডেছেন তাঁরা জানেন উদ্ধৃতি হিসেবে এগুলো লেখক কর্তৃক একেবারেই ব্যবহৃত হ্যনি। এগুলির ব্যবহার সম্পূর্ণ মন্তবাদকের এবং মূলের প্রকৃত অমুবাদ হিসেবেই। অলংকরণ অথবা অন্ত কোনও উদ্দেশ্যে নয়। কেন এ ঋণ করার প্রােজন হ'ল সে কথা বলার জন্তই এ ক্ষুদ্র ভূমিকা।

অম্বাদক মাত্রই জানেন অম্বাদ অত্যন্ত তুর্রহ কাজ। কারণ অম্বাদ শুধু অন্য ভাষার মাধ্যমে বিষয় বস্তুরই প্রতিলিপি নয়, তা লেথকেরও ছবি। এবং এ ছবি ক্যামেরায় তোলা ফোটোর ছবি না হ'রে শিল্প রচনা হ'লে, তবে লেথক ও তার লেথার প্রতি স্থবিচার করা হয়। সম্পূর্ণ ভিন্ন গোত্র, ভিন্ন পরিবেশের একটি মানসকে রূপ দান করার কাজ সহজ নয়, বিশেষ ক'রে সেই মানস যদি মহা-মনীমী রোলাঁর মত বিরাট হয়। অবশ্য অম্বাদের কাজে আমার হাতে থড়ি মাত্র। হয়ত তাই জা-ক্রিসতক্ষের মত জীবন মহা-কাব্য অম্বাদ করতে ব'সে বারে বারে কলম শুরু হয়েছে। মূল লেথায় যে-ব্যক্তমা ভাষা ও শব্দকে অতিক্রম ক'রে গেছে, তাকে ভাষায় বাঁধার তঃসাধ্য সাধনের সামনে ব'সে একটা কথা মনে হয়েছে।

জগতের মনীষীদের সম-চিন্তা-ধারার কথা স্থবিদিত। স্থতরাং অফুবাদে কোনো স্থানের মূল ভাবটির রূপান্তরের উপাদান যদি অপর কোনো ঐশ্বর্য-ভাণ্ডার থেকে আহরণ করা যায় তবে হয়ত অফুবাদ অধিকত্র সুঞ্চ এবং প্রকাশ অক্তরিম ও রসোতীণ হওয়ার সম্ভাবনা বেশী থাকে

এই বিশ্বাস নিয়েই হানে হানে বিশ্বকবিব ভাণ্ডার থেকে প্রসাদ কণিকা গ্রহণ করেছি। সংস্কৃত যে ত্টাবটে উদ্ধৃতি আছে, তারও উদ্দেশ্যও ঐ একই। সংস্কৃতকে অবগ্রহ বাংলায় তর্জমা কবা যেত। কিন্তু রস্ ও মূলের প্রকৃত মর্যাদা অব্যাহত রাথার জন্ম তা করা হয়নি।

এবারের এ অন্থবাদেব কাজে শ্রস্কেয শ্রীগোপাল হাল্দার ও কল্যাণীয়া বেলা দত্তগুপ্তের কাছে আমার ঋণ অশেষ। এ ঋণ ধন্যবাদ দিয়ে শোধ করার মত ঋণ নয়। ইতি—

কলিকাতা ৩রা অক্টোবর ১৯৫১ অমুবাদক

গৃহখানি নিথর নির্ম। মেলশিয়রের মৃত্যুর সাথে সাথে যেন সব কিছুর 'পর মৃত্যু নেমে এল। তার প্রথর কল কণ্ঠ থেমে গেল; দিবা-বাত্রিব বুকে জেগে বইল শুধু নদীর একতান কুলু কুলু ধ্বনি।

ক্রিসতফ কাজের মধ্যে ঝাঁপিয়ে পড়ল। ও স্থাইতে চায়। এবং
চাষ বলেই নিজকে ও পীড়ন করে বেশী। পীড়ন ক'রেই ওর উল্লাস। ত্র'টি
দরদের কথা বলো, করো এত টুকু সমবেদনা, ওর অভিমানের অচলায়তনে
ঠিকরে ফিরে আসবে। নীরবে রাত দিন কাজ ক'রে চলেছে। গান
শেখায় নিস্প্রাণ শিল্পাচারে। শিক্ষার্থীদের মধ্যে কেউ কেউ ওর'
ত্রঃসময়ের থবর রাথে। গুরুর এই পাথুরে ঔদান্তে তারা অবাক হয়।
কিন্তু জীবনের কঠিন পথ ভেলে ভেলে যারা প্রায় পথের শেষে এল,
ত্রঃখ দেবতার বরণ-মালা যাদের কঠে, তারাই গুধু জানল তুষার শিলার
তলায় বুকের বেদনাকৈ চাপা দিয়ে কিশোর বালকের এ ত্রঃখ-সাধন।
সমবেদনায় তাদের হৃদয় আকুল হয়, কিন্তু ও ছেলে যেন পাসাণ।
ওকে কিছুতেই স্পর্শ করে না। সন্ধীতে ওর সাপ্তনা নেই, আননদ নেই
থেলায়, কারণ থেলা ওর থেলা নয়, ক্বত্য।

আনন্দ ও সত্যি পায় না, অথবা পায়না ব'লে ওর ধারণা। ভাবে বেচে থাকার কিইবা হেড়ু! অথচ বেঁচে রয়েছে এবং থাকবে। হেড়ুকে চোথ রান্দিয়ে একেবারে পুরোপুরি অহেডুক এই ধে বেঁচে থাকা, এতে ওর থুব বড় রকমের নিষ্ঠুর উল্লাস।

মৃত্যু-পুরীর এই নিভন্ধতা থেকে পালিয়ে বেঁচেছে ওর অক্স গুই

ভাই। বোডল্ফ্ গেছে তার কাকা থিওডোরের আফিসে কাজ নিয়ে। এবং থাকে কাকারই বাড়ীতে। আরনেই হু'তিন রকম কাজ চেথে দেখার পর এখন আছে একটা জাহাজে। বাড়ী আসে টাকার দরকার হ'লে। অতএব বিরাট বাড়ীটার একছত্ত অধিবাসী ক্রিসতফ আর তার মা। বাড়ীটা বেন ওদের প্রাস ক'রে রেথেছে। পুরানো বাড়ী—নাড়ীর পাকে পাকে জড়ান। তবু একে ছেড়ে যাবার কথা ভাবতে হয়; খুঁজতে হয় সন্তার আরো ছোট আস্তানা। যেহেতু আয় কমেছে। এবং পিতার মৃত্যুর পর ঋণের যে-পাহাড় হাতে ঠেকল তা শোধ দিয়ে তলানী বিশেষ কিছু থাকল না।

ছোর্ট একটা ফ্ল্যাট পাওয়াও গেল মার্কেট-ট্রীটে। তিন তলায় ছোট্ট হু'তিনথানি কোঠা—নদী থেকে, গ্রামের আজনের চেনা আবেইন, আর প্রকৃতির শ্যাম-দাক্ষিণ্য হ তে দূরে শহরের কোলাহলময় প্রাণকেন্দ্রে। হোক—আজ ভাবালুতা নিয়ে বিলাসের দিন নয়, আজ বাস্তবের কঠিন ভূমিতে হিসেব ক'বে পা ফেলার দিন। ক্রিসতফের আত্ম-নিগ্রহ-রূপ ধর্ম-সাধনের পক্ষেও হানটা অমুকূল। এ ছাড়াও স্থবিধার কথা আছে। বৃদ্ধ অয়লার মেলশিয়রের পিতৃ-বল্ধ। এ পরিবার তার চেনা। বিরাট বাড়ীর অতল নির্জনতায় তলিয়ে য়াচ্ছিল লুইসা—তার পক্ষে এটুকুই মথেষ্ট। তারপর ওর হারানো-প্রিয়জনকে যারা ভালোবেসেছিল কোনো না কোনো দিন—ওর কাছে প্রিয়াঃ এব তে।

এখন তৈরী হবার পালা। আজন্মের আবাস চিরজ্মের মত ছেড়ে যেতে হবে। শেষের দিনগুলো বিদায়-বেদনায় ঘন হয়ে ওঠে। অগ্নি-কুণ্ডের সামনে ব'সে মা ছেলেতে তিব্ধ বেদনা আৰু গান করে। এই কুণ্ডের উষ্ণ আলিঙ্গনে জড়িয়ে "কত যে প্রাতের আশা ও রাতের গীতি কত যে স্থাথের শ্বতি ও হৃঃথের প্রীতি বিদায়-বেলায় আজিও বহিল বাকী…"

কথা হারিয়ে যায়। কন্ধ-দার চিত্তের গভীরে বেদনা উতরোল—
বাহিরে স্থির-সাগরের প্রশান্তি। প্রকাশের সাহস নেই,
ত্বলতার লজা এসে আডাল ক'রে দাঁডায। ত্জনেই ভাবে
শগভীর স্থরে গভীর কথা

গুনিযে দিতে তোরে, সাহস নাহি পাই।"

আধা-বন্ধ থাবার ঘরের আবছায়ায টেবিলে মুখোমুথি ছটি নীরব মূতি—
তাডাতাডি কোনোমতে থাওয়া সারে। কথা ত'চারটি সামান্ত — শরং
শেষেব ঝ'রে-পড়া ভীক শিউলির মত। কেউ কারো দিকে চায় না,
ভয় পাছে মনের কথা চোথের তারায় ভাষা পায়। থাওয়া শেষ হ'য়ে
গেলেই যে যার পথ ধরে। ক্রিসতক যায় নিজের কাজে। ফিরে আসে
কাজ শেষ হওয়া মাত্র। নিঃশন্দে চলে যায় নিজের ঘরে অথবা চিলে-কোঠার একান্তে। 'দরজা বন্ধ ক'রে এসে বসে কোণটিতে পুরানো
ট্রাংকটার ওপর, অথবা জানালার ধারে। মনের সমস্ত ভাবনাকে
ছ'হাতে ঠেলে দেয় চিত্তের দূর প্রত্যন্তে। পুরানো বাডীখানা সামান্ততম
আঘাতে শিউরে কেঁপে ওঠে। আর গম গম করে কি একটা অস্পট
অসংজ্ঞেয় গুল্পনে। সেই গুল্পন হিল্লোলিত হ'য়ে ব য়ে যায় ওর সন্তার
কোষে কোষে। দেহে মনে পুলক লাগে। কান পেতে শোনে ভিতর আর
বাহিরের প্রতিটি নডাচড়ার, প্রতিটি খাস-প্রখাসের শব্দ, বয়সের ভারে
শিথিল-গ্রন্থি বাড়ীখানার থেকে থেকে ককিয়ে-গুঠা, আরো এমনিতরো
কছে বিচিত্র ধরনি যা চেনা গেলেও বোঝা যায় না। শিব ক্রিসন্তক্ষের

একেবারে চেনা। ওর যেন সন্ধিং আচ্ছন্ন হয়ে যায়; চিত্ত ছেয়ে যায় অতীতের ছায়া-ছবিতে। সেইন্ট-মার্টিনের ঘড়ি বাজে চং চংচং। আবেশ ভাঙ্গে, চমুকে ওঠে—সময় হ'ল।

' ওর ঠিক নীচের ঘরে থাকে লুইসা। শোনা যায় তার লঘ্-পদসঞ্চরণের শক্ষ। তারপরই সব নিরুম। বছক্ষণ ধ'রে আর কোনো
শক্ষ নেই। ক্রিস্তফ সারা ইক্সিয় স্থির ক'রে শুনতে চেটা করে। কিছুই
শোনা যায় না। তারী অস্বস্তি বোধ হয়, যেন বড় রকম একটা হুর্ঘটনা
ঘ'টে গেল একটু আগে। নাচে নেমে আসে। মার ঘরের দরজা থূলে
কেলে দেখে, আলমারী-উজাড়-করা ছেড়া-খোঁরার রাশ মেঝে-ময় ছড়ান;
তারি মাঝখানে মায়ের ধ্যান-ময়া ম্তি—যেন নির্বাসিতা এ জগৎ হতে
বছদূরে কোনো এক বিগত জগতের নির্জন প্রান্তরে। ঝেড়ে বেছে
তুলবে ব'লে আজ এগুলো বেরিয়েছিল। কিন্তু তার পরে হাত আর
চলেনি। এই জীর্ণ, দীর্ণ, পরিত্যক্তের প্রতিটী কণা এক একটা
দীপ্তিময়ী স্মরণিকা। একটা জিনিষ হাতে তোলে—বারে বারে উল্টে
পাল্টে নেড়ে চেড়ে স্পর্শ বুলিয়ে দেখে—দেখতে দেখতে কোথায় যেন
হারিয়ে যায়। মুঠি শিথিল হয়, হাতের জিনিষ প'ড়ে যায় মাটাতে।
গভীর বিমাদের মেঘে অন্তর ছায়। অবশ দেহ চেয়ারে পড়ে এলিয়ে।
এই ভাবে কতক্ষণ কাটে কে জানে…।

বর্তমান ছেড়ে লুইসা ফিরে গেছে অতীতে, যে অতীত আনেনি আনন্দের অর্য্য; জীবনের পাত্রকে শুধুই নিরন্তর পূর্ণ ক'রে রেখেছে তীব্র বেদনায়। সংসারে ওর প্রাপ্যের হিসেবে হুঃখটাই ছিল চরম। স্কুরাং একটুথানি মিঠে কথা, এক কোঁটা দরদে ওর চোথ ছল ছল ক'রে ওঠে। ক্বতজ্ঞতায় হৃদয় যায় হুয়ে। ওর আঁধার জীবনে এই আকম্মিক আশীর্বাদের দূতেরা যে ক্ষীণ প্রদীণ জ্লেছেল তার ভীক্ষ

শিথায় এখনও সেই আঁধার দীপ্ত। স্বামীর কাছ থেকে পাওয়া লাগুনা মনে রাখেনি। কিন্তু তার দেওয়া স্থথের কণাটুকু অবধি স্মৃতির আকাশে তারা হ'রে জলছে। বিবাহিত অধ্যায়টি ওর জীবনের সব চেয়ে বড রোম্যান্সের অধ্যায়। মেলশিয়র অবশ্যি উড়ে এসেছিল থেয়ালের হাওয়ায়। এবং বাঁধা প'ড়ে পস্তাল হু'দিন না যেতে। কিন্তু লুইসার আত্ম নিবেদনে আর কিছু বাকী রইল না। ওর পরিপূর্ণ ক'রে দেয়াটাই পরিপূর্ণ ক'রে পাওয়ার আনন্দ হ'য়ে উঠল । নিজের হৃদয় দিয়েই স্বামীর হৃদয় পেয়েছে এমনি স্থির বিশ্বাসে স্বামীর কাছে প্রেমবতী প্রণতা হল ক্ৰব্জুতায়। অন্ধ হয়ে স্বামীর পরিবর্তনটা তলিয়ে দেখলে না, শিখলে না বাস্তবকে খোলা চোখে দেখতে। শিখলে কেবল নমশিরে খাঁটি হ'য়ে তাকে মেনে নিতে। অর্থাৎ আরো অনেক মেয়ের মত জীবন নিয়ে ঘর করতে গিয়ে জীবনকে চিনে নেওয়ার ওর প্রয়োজন হ'ল না। ও নিজে যা বুঝতোনা তার জন্য ছিলেন ওর ভগবান। তার হাতে নিঃশংসয়ে সব ছিল তোলা। স্বামী এবং অন্তের হাতের লাগুনাকে ঠাকুরের প্রসাদ ব'লে শিরোধার্য করেছে শ্রদ্ধায়। যতটুকু ভালো পেয়েছে স্থতে সঞ্চয় করেছে স্মৃতির ভাণ্ডারে। স্থতরাং ওর হুংথের দিন তিব্রুতায় বিস্থাদ হয়নি, গুধু ও নিজে অবসাদে থিয় হয়েছে। আজ মেলশিয়র নেই, তুই ছেলে বাড়ী ছাড়া। তৃতীয়টিও মাতৃ-ক্রোড়ের প্রয়োজনকে অতিক্রম করেছে। স্থতরাং আজ পূর্ব অবসর। হাতে কাজ নেই; ষেটুকু বা আছে তাতে প্রাণ নেই। বড় ক্লান্তি তবড় অবসাদ তেন্দ্রার ঘোর ছেয়ে আসে সমস্ত ইচ্ছাশক্তি যেন পক্ষাঘাতে অসাড় হ'য়ে যায়। যেন জোয়ার শেষের ভাটির তম্রালু পঙ্কিল স্থিতি। জীবন-ব্যাপী কাব্দের স্রোত যথন ভাটির কর্মম এসে নিঃশেষ হয়-তথন একদা-কর্ম-চঞ্চল দেহ মরা-স্রোতের মত অমনি

নেতিয়ে পড়ে; বেঁচে থাকার কোনো অর্থ খুঁজে পাওয়া যায় না।
আর কাজের বায়ু প'ড়ে এলে তখন বায়ুর কাজের পালা। লুইসার
অবস্থাটা এখন এই বায়ু-রোগ-গ্রস্ত নৈদ্ধর্মের অধ্যায়ে এসে ঠেকেছে।
ডাই আরম্ভ-করা মোজাটা শেষ হ'য়ে ওঠে না; পরিষ্কার করার জন্ত থোলা দেরাজ্ঞটা অমনি প'ড়ে থাকে; থোলা-জানালাটা ভেজান দরকার,
উঠে ঐটুকু করার মত জাের মেলে না দেহে। মেলে না, মিলবে না।
কিছু করতে পারবে না—এইখানে, এই চেয়ারে শিথিল দেহ অমনি
এলিয়ে কেবল প'ড়ে থাকতে পারবে শেলু মনে। ভাবতেও কিছু
পারে না, পারবে না—পারবে কেবল পুরানো স্মৃতি নেড়ে চেড়ে থেলা
করতে। আর কোনা শক্তি নেই।

বুঝতে পারে লুইসা, অতল অন্ধকারে তলিয়ে যাচ্ছে সে। লজা পায়। গালের গুল্রতায় তার চিহ্ন পড়ে। ছেলের কাছ থেকে লুকুতে চেষ্টা করে। কিন্তু ক্রিস্তফ তার নিজের ছ:থের থোলসের মধ্যে এমনি শম্বুক হ'য়ে আছে যে বাইরের পৃথিবী তার দৃষ্টির অগোচর। মায়ের ওই তন্ত্রালু ধরনে, সামান্তা বিনা পরিশ্রমের কাজেও অমন অসামান্তা অবদাদে বরঞ্চ ওর ধৈর্য-চ্যুতি ঘটে। কিন্তু বাইরে প্রকাশ করে না তা। মাকে চিরকাল ও দেখেছে কাজের নিরেট ইমারং। অথচ আঁজের এই মান্ত্রমটা যে আর একটা মানুষ সে থেয়াল এতদিন হয়নি।

হ'লো সেদিন। লুইসা বসেছিল তার যতো জীর্ণের আম-দরবারে।
আশে পাশে কোলে হাতে চেঁড়া-ভাঙ্গার রাশ ছড়ান। ওর ঘাড়
গোঁজা, মাথা নত, মুখ অচঞ্চল স্থির। একটি পেশীরও কুঞ্চন নেই।
ছেলের পায়ের শব্দে চম্কে উঠল। মুখ লাল হ'য়ে গেল। অজ্ঞাতসারেই
মুঠোর জিনিষটি নিয়ে হাতটি পেছনে স'রে গেল কখন। অপ্রস্তত
হাসির রেখা ফুটল মুখে। বলল: 'গুছোছি সব বাবা।'

ক্রিসতক্ষের বুকটা মোচড় দিয়ে উঠল। স্বতিকে বুকে আঁকড়ে রাথার কি আকুলতা•••কি করণ তার রূপ।

কিন্তু সর্বনেশে ব্যাধি এই শবের-পূজা। এ ব্যাধিকে আমল দেওয়া চলবে না। স্বরে ঝাঁঝ মেথে কঠিন করে তাই বলে:

'কি করছ মা! শিগ্গির ওঠ! বন্ধ ঘরে এমনি ধ্লো-ময়লার মধ্যে ব'সে আছ! আছো মানুষ ছুমি। ওঠ এক্নুণি। ছেলেমানুষী করেনা। এসব চলবেনাব'লে দিছি।'

মৃত্র আত্ম-সমর্পণের কঠে জবাব আসে: 'এই উঠছি বাবা।' তারপর দেরাজ গুছিয়ে তুলতে আরম্ভ করে। কিন্তু হাত থেকে খ'সে প'ড়ে যায় সব। ব'সে পড়ে অসহায় ভাবে।

'না না, আমি পারব না···পারব না···' কাল্লা-মথিত ভাঙ্গা ভাঙ্গা শব্দ বেরিয়ে আসে একটি একটি ক'রে।

'শেষ হবে না…হবে না…। কোনও দিন শেষ হবে না। আমি পারব না শেষ করতে…'

ভয় পেয়ে যায় ক্রিস্তফ। ঝুঁকে পড়ে মায়ের দিকে। আস্তে আস্তে কপালে হাত বুলিয়ে দেয়।

'কি হলোমা! শরীরটা থারাপ লাগছে? চলো আমি সাহায্য করছি।'

লুইসা নিম্পান্দ। থেকে থেকে চাপা কাল্লায় দেহটা কেঁপে কেঁপে উঠছে। মায়ের হাত হাতের মধ্যে নিয়ে নত-জাত্ম হ'য়ে পাশে বসে পড়ে ক্রিস্তফ।

'মা!' উদ্বিগ্ন কঠে ডাকে। লুইসার মাথা ছেলের কাথের 'পর নেমে আসে। তারপর ফুঁপিয়ে কেঁদে ওঠে। অঝোরে চোথের জ্বল ঝরে। তু'হাতে ছেলেকে জড়িয়ে ধরে শক্ত ক'রে: 'বাবা, বাবা, থোকা, বল্ তুইত আমায় ছেড়ে চলে যাবিনে··· বল, যাবিনে আমায় ফেলে !'

মমতায়, বেদনায় বুকের মধ্যে খুণী জাগে ক্রিসতফের। 'না মা বাব না। কোথায় বাব তোমায় ফেলে! কি সব পাগলের মত ভাবছ?'

'আমি যে পারছিনে. বাবা! আমার ভেতর থেয়ে যাচ্ছে। সবাই যে চ'লে গেলরে ছেড়ে…' হাতের ইসারায় দেখিয়ে দেয় সামনের ছড়ান জিনিষগুলির দিকে। ক্রিসভফ বুঝে উঠতে পারে না মার লক্ষ্য কাপড়-জামাগুলো না তাদের পুরানো অধিকারীরা। আবার বলে কাতর কঠে: 'বল্ যাবিনে তুই, কোনো দিন নয়, কক্খনও নয়! তুইও চলে গেলে কেমন ক'রে বাঁচব আমি…'

'এ সব উদ্ভুট্টে কথা তোমার মাথায় কেন আসছে বলতো! এই নাও। বলছি, যাব না, যাব না, কোনোদিন যাব না। তোমায় আমায় তুজনে থাকব চিরকাল। কেঁদনা মা, সত্যি বলছি যাব না।'

কিন্তু চোথের জল থামে না কিছুতেই। রুমাল দিয়ে চোথ মুছিয়ে দেয় ক্রিস্তফ। বলে:

'মা! মা! বলোকি হ'ল তোমার আজং কট হচ্ছে? বল, মাবল।'

'জানিনেরে আমি, জানিনে। জানিনে কি হয়েছে।' দ্বির হ'তে চেষ্টা করে। ক্ষীণ হাসির একটু রেখা জেগে ওঠে।

'জানি অব্ঝ হচ্ছি। খুব চেষ্টা করি। কিন্তু কেন যে কাঁদি ব্ঝিনে। অমনি অমনি চোথে জল আসে। এই দেখ, আবার পড়ছে! কিছু মনে করিসনে, বাবা আমার। বুড়ো হ'য়ে আমার ভীমরতি ধরেছে। কিন্তু কেন বলতো এমন হচ্ছে গ হাত পা যেন সব অবশ। সব শক্তি শুষে আমার একেবারে ছিবড়ে ক'রে রেথে গিয়েছে। আমার আর কোনো আকাজ্ঞা নাই। সব আকর্ষণ মিটে গেছে। যারা গেল তারা আমায় কেন নিয়ে গেল না!

মাকে একেবারে শিশুর মত ক'রে বুকের কাছে টেনে আনে ক্রিসতফ। বলে: 'ছি: মা কি বলছ এ সব! শাস্ত হও। তোমার যত সব বাজে ভাবনা।' ধীরে ধীরে স্থির হয় লুইসা। বলে:

'সত্যি রে আমার সব বৃদ্ধি স্থৃদ্ধি লোপ পেয়েছে। কিছু মনে করিসনে, থোকা। কিন্তু বলতো এমন কেন হচ্ছে ৮'

এতদিন প্রতিটি ক্ষণ কাজে ছিল ভ'রে। আজ সেই স্রোতটি কেমন ক'রে বন্ধ হ'লো, কেমন ক'রে সব শক্তি বাষ্প হ'য়ে উড়ে গেল—কেমন করে অঙ্গে অঙ্গে নেমে এল তন্ত্রার জড়িমা, তা ওর নিজের কাছেই রহস্ত। অবাক হয়ে যায়। ভারী অপমান বােধ হয়। ক্রিসতক্ষ যেন সত্যটা দেখেও দেখছে না। যেন কিছু হয়নি এমনি ভাবে বলে:

'কিছু হয়নি। সারা জীবন থেটেছ। একটু ক্লান্ত হ'য়ে পডেছ আর কি। তুদিনে সব ঠিক হ'য়ে যাবে দেখো।'

কিন্তু তিতরে ভিতরে ভারী উদ্বিগ্ন হ'য়ে উঠল। ছোটবেলা থেকে দেখে এসেছে ওর মা শক্তিময়ী, ভয়হীনা, আআ-নিবেদিতা, ধরিত্রীর মত নীরব বীর্যে জীবনের প্রতি পরীক্ষায় সন্মুখীনা। আজ ও অবাক হ'য়ে গেল; ভয় পেল। মেজেতে ছড়ান জিনিষগুলি ঝেডে ঝুডে মায়ের সাথে সাথে তুলতে লাগল। মা প্রতি মুহূর্তে একটা না একটা জিনিষ হাতে নিয়ে প্রভার-মৃতির মত পলক-হীন চোখে চেয়ে বসে থাকেন। ক্রিসতক অতি ধীরে সেটা হাত থেকে সরিয়ে নিয়ে যায়। বাধা দেয় না লুইসা।

ক্রিসতফ সেদিন থেকে মার কাছে আরো বেশী ক'রে থাকতে চেটা করে। কাজ শেষ হলেই মার কাছে এসে বসে। আগের মত আর নিজের নিরাশা ঘরে গিয়ে ঢোকে না, যদিও নির্জনতা আঁজও ওকে আকর্ষণ করে তেমনি ঐখর্থের ভাণ্ডার হ'রে। মার একাকীয় হৃদয় দিয়ে অমুভব করে। বোঝে যে মার সইবার ক্ষমতা একেবারে শেষ সীমায় এসে ঠেকেছে। অতএব এ অবস্থায় একলা থাকা নিরাপদ নয়।

সদ্ধ্যের সময় খোলা জানালার ধারে মায়ের পাশে এসে ব'সে থাকে রাস্তার দিকে তাকিয়ে। ধীরে ধীরে ছবি পাণ্টায় চোথের সামনে। পথ-চারীরা ঘরে ফেরে। দূরে ঘরে ঘরে আলো জ্ঞ'লে ওঠে। অজ্জ্র-বারের দেখা ছবি···কিয় আর কদিনই বা···তারপর আর কোনদিন দেখবে না।

মাঝে মাঝে টুক্রো কথা চলে—সহজ স্বক্তন্দ স্থরে। দৈনন্দিন
পুঁটিনাটি, নিজেদের আশা আকাজ্ঞার কথা। আজ তুছে নেই কিছু।
প্রতিদিনের একই অন্ধর্ত্তি, কিন্তু উৎসাহটি নৃতন। মাঝে মাঝে
অনেকক্ষণ ধরে চলে একটানা নীরবতা। কিন্তু হৃদয়ের নিবিড় সারিধ্যে
নীরবতা মুগর হ'য়ে ওঠে। কথনও বা লুইসা মনের কোণে হঠাৎ-ঝলসে
ওঠা কোনদিনের বিচ্ছিন্ন এক কাহিনী ব'লে যায়। এতদিনে ও
জেনেছে ওকে ভালোবাসে কেউ। এই বিশ্বাসে ও হয়েছে নির্ভয়।
প্রিয়জনের সাথে একাত্মতার উপলব্ধিতে হয়েছে সহজ। তাই মর্মের
কথা মথে পেয়েছে ভাষা, যে ভাষাকে এতকাল চেন্তা করেও পুঁজে
পায়নি। পরিজন প্রয়জনের কাছ থেকে দূরে আপনাকে আড়াল
ক'রে ক'রে ওর এতকাল কেটেছে। ওই ছিল ওর অভ্যন্ত জীবন।
স্বামী ছেলেদের ও দেখেছে নিজের থেকে অনেক বড় ক'রে। নিজকে
অযোগ্য ভেবে হিধায় রয়েছে দূরে। তাদের আলাপে আলাপনে যোগ
দেয়নি। ক্রিসতক্ষ যে এত ভালোবেসে এত কাছে এল, এতে ওর ভারী
অবাক লাগছে, লাগছে ভালো, বল পাছে বুকে আর ভরসায় হুদয় ভ'রে

উঠছে। কিন্তু আবার ভয়ও করে। কথা কইতে গিয়ে দিধায় থেমে ষায়। কতবার আধ্ধানা কথা আধ্ধানাই থেকে যায়। কথনও বা কিছু ব'লে ফেলে লব্জিত হয়, ভয় পায়। ছেলের মুখের দিকে চেয়ে হঠাং থেমে যায়। কিন্তু সেই মুহুর্তেই একথানি প্রিয় হাতের মূহ চাপ এসে পড়ে ভীরু হাতথানির 'পর। অভিব্যক্ত আশ্বাসে আত্মন্থ হয় লুইসা। মাহ'লেও শিগুর মত অসহায় এই মামুষটির 'পর করুণা আর ভালোবাসায় ক্রিসতফের হৃদয় কানায় কানায় ভ'রে ওঠে। শৈশবে যার বুকে ওর পরম নির্ভয়ের আশ্রয় ছিল, আজ সেই মামুষই একদার আশ্রিতের কাহে আশ্রয় থুঁজছে। হায়রে ভাগ্য! একদার সেই স্থির গম্ভীর মানুষটির এই বাল-ভাষিত কারো ভালো লাগবে না, জানে ক্রিসত্ত। জানে, ভালো লাগবে না তার নিতান্ত সাধারণ নিরানন্দ অতীতের এই অহেতুক রোমস্থন—মায়ের কাছে তা যতই বড হোক। তাই মায়ের এই অবোধ-পনায় রয়েছে ওর বিষণ্ণ স্নেহের অভার্থনা। কিন্তু তবু ভাবে—বিগতকে নিয়ে এমনিতরো ঘাঁটাঘাটতে উঠবে তো কেবল বেদনারই পাঁক। মাকে ঘুম পাভাতে চেষ্টা করে। লুইসা বুঝতে পারে। দৃষ্টিতে কৃতজ্ঞতা ঝরিয়ে বলে:

'ওরে আমার মুথ অমন ক'রে চাপিদ্নি। আমার বুক ভেক্নে যায়। একটু বলতে দে, বলতে দে। একটু হালকা হোক। আর একটু বসি চল, তারপর শুতে যাব দেখিদ।'

রাত গভীর হয়। প্রতিবেশ নিঝুম হয়ে আসে। মা ছেলে ওতে যায়—একজন ব্কের বোঝা নামিয়ে, আর একজন ন্তনতরো বেদনায় বুক ভ'রে।

আজের দিনটি মাতা। সন্ধ্যার বৈত আসর আজ দীর্ঘতর। ক্রক-ভরা অন্ধকার। তার মাঝে ভাষা-হারা হুটী মান্তব আর তাদের মন্থর হৃদ্-ম্পন্দন। থেকে থেকে লুইসার অশ্রু-উদ্বেগ কণ্ঠ: 'ওরে ঠাকুরকে মানিস, ঠাঞুরকে মানিস...।'

মায়ের মনটা উড়ছে আজ উণ্টো হাওয়ায়। দিক্-হারাকে ঘরে ফ্লেরাবার জক্ত ভারী বাস্ত হয়ে ওঠে ক্রিসতফ। কাজটা কঠিন। হাতের কাছে কিছু না পেয়ে গৃহ-বদল-সম্বন্ধীয় আগামী কালের করণীয়গুলির দিকেই আঙ্গুল দিয়ে দেখাতে হয়।

কিন্তু পছাটি তেমন কার্যকরী হ'লো না। গুতে সে যাবে না কিছুতে। অনেক কন্টে ভুলিয়ে বিছানায় নিয়ে যাওয়া গেল। তারপর ক্রিস্তফও চ'লে এল নিজের ঘরে। কিন্তু গুতে পারলে না। দাঁড়াল গিয়ে জানালার ধারে। মহুর বিনিদ্র প্রহর। জানালা দিয়ে ঝুঁকে প'ড়ে বাইরে দৃষ্টি দিলে মেলে—অল্ল দূরে প্রায় অন্ধকারে মিশে-থাকা নদীর সঞ্চরমানা ছায়া। শেষ বারের মত দেখে নেওয়া আজ। মীল্লার বাগানে উঁচু গাছগুলির পাতায় পাতায় হাওয়ার সন্সনানী—আকাশ কালায় কালো—শৃত্ত পথ। একটু পরেই রৃষ্টি গুক্ত হলো। হাওয়াখয়টা আর্তনাদ ক'রে উঠল মোচড় থেয়ে। পাশের বাড়ীতে কার যেন শিশু কেদে উঠল বাতখানি একটা বিরাট দৈত্যের ছায়ার মত ধরণীর বুকে চেপে আছে—চেপে আছে ক্রিস্তক্তের আত্মার ওপরও। থম্ থম্ করছে নিস্তর্ধতা; শান্বাধান ছাদ আর পাথুরে রাস্তার উপর পড়া বৃষ্টি-ধারার শব্দ আর নির্দিষ্ট অস্তরে নিস্ত্রাণ ওদাত্তে বেজ্নে-ওঠা প্রহর-গোনা ঘণ্টার ধ্বনিতে যেন সেই অন্ধকারের কালা মূর্ত হয়ে উঠল।

শীতে আড়ষ্ট হোলো ক্রিসতফের দেহ। হিমেল-হাওয়াটির পরশ লাগল ওর অন্তরেও। বিছানায় এল। নীচের ঘরেও জানালা বন্ধ হ'লো। ওয়ে গুয়ে ভাবতে লাগল: দরিদ্রের কোণায় অৃতীত ? কোণায় কোন্ গৃহের নিশ্চিন্ত আশ্রয়ে সে রাথবে তার স্থৃতির ধনকে! গৃহ নেই, মাটি নেই—এই বিরাট পৃথিবীর একটি কোণেও যার অধিকার নেই তার আনন্দ বেদনা, তার জীবন, তার দিবস-রজনী হাওয়ায় হাওয়ায় কোন নিফদেশে ভেসে বেড়ায়!

পরের দিন মুষল ধারে বৃষ্টি হ'ল, কিন্তু এর মধ্যুই যাত্রী গুরু । পুরানো আসবাব-ব্যবসায়ী ফিশার তার একথানি মাল-বওয়া গাড়ী দিল। সাহায্যও ক'বল নিজে এসে। ন্তন বাড়ীর ঘর খুব ছোট। সব জিনিস ধরবে না। কতগুলি খুব পুরানো আর অব্যবহার্য জিনিস ফেলে দিতে হবে। কাজটা সহজ হ'লো না। কারণ এতটুকু একটা ভালা-টুক্রোরও মূল্যটা হীন নয় মার কাছে—সমস্ত মূল্যের অতীত তার মূল্য! নড়বড়ে টেবিল, ভাঙা চেয়ার—সবার সাথেই নাড়ীর টান। জাঁ মিচেলের সাথে পুরানো বন্ধুছের অধিকারে ফিশার ক্রিসতফকে সমর্থন করে। কিন্তু তার মায়ের ব্যথাও ব্রুলো সে। তাই আখাস দিল অকেজো হ'লেও এই মহামূল্য বন্ধগুলিকে সেরাথবে স্থত্নে এবং লুইসা চাওয়া মাত্র হাজির ক'রে দেবে তার দরবারে। এই শর্তে রাজী হ'লো লুইসা।

বাসা-বদশের তারিখটা জানানো হয়েছে ত্র'ভাইকেই। আগের দিন রাতে আনে ই এসে স্থসংবাদ জানিয়ে গেল পরের দিন তার ভারী কাজ, অতএব তার আসা সম্ভব নয়। যাবার দিন ত্বপুরের দিকে রোডল্ফ দেখা দিল। ভারী ব্যস্ত ভাব। মাল বোঝাই হচ্ছে তথন। দাঁড়িয়ে দেখল থানিক। তারপর কিছু উপদেশ দিয়ে তেমনি ব্যস্তভাবে বেরিয়ে গেল।

কর্দমাক্ত পিছল রাস্থা। ক্রিসতফ তারি মধ্যে ঘোড়ার লাগাম ধ'রে বেরিয়ে পড়ল। প্রতিপদে পা হড়কে যায় ঘোড়াটার। লুইসা ছেলের পাশে পাশে হাঁটে, তার মাধায় ছাতা ধ'রে।

নিরানন্দ পথ চলা। বেদনাময় গৃহ-প্রবেশ। ভেজা স্তাঁৎ-স্তাতে ঘরগুলোর ভিতরকার অন্ধকার বাইরের মেঘান্ধকারে কৃষ্ণতর। আরো ঘন আঁধার মা-ছেলের মনে। সপরিবার গৃহস্বামীর আন্তরিক অভ্যর্থনায় তার আধার থানিকটা কাটল। সন্ধ্যা তথন গডিয়ে গেছে। গাড়ী চ'লে গেল মাল ঢেলে দিয়ে —স্তপাকৃতি হ'ের প'ড়ে রইল মেজেয় সব। লুইসা একটা বাক্সের ওপর ব'সল এসে। ছেলে বসলো একটা চট জুটিয়ে এনে। শ্রান্তিতে হুজনেই ভারী অবসর। সিঁড়িতে ছোট্ট একটু কাশির শব্দ শোনা যায়। দরজায় আঘাত পডে। বৃদ্ধ অয়লার এসেছে। অসময়ে হানা দিয়ে ভারী শব্জিত সে। ক্ষমা চাইলে বার বার ব্যপ্র মিনতিতে। সংকুচিত অমুরোধ-একত্র নৈশ-ভোজনের। উপলক্ষ্য—অতিথিদের গুভাগমনকে ঘরোয়া ভাবে একটু সম্বধনা জানানো। আজ এত বড হঃথের দিনে উৎসব ? লুইসা বেদনায় একেবারে দীর্ণ। ওর অমুভূতির যন্ত্রগুলি অবধি বিকল। আনন্দের ভার বইবার মতো ক্ষমতা অন্তরে বাহিরে নেই। নিমন্ত্রণ প্রত্যাখ্যান করতে চাইল ও। ক্রিসভফও মায়েরই মত শ্রান্ত, এই সোলাত্রের নিমন্ত্রণ প্রলুক করে না ওকে। বুদ্ধও ছাড়বে না। অবশেষে ক্রিসতফ ভাবলে এই প্রথম ঘর-ছাড়া সন্ধ্যাটির অন্ধকার নৈ:সঙ্গ মায়ের কাছে হবে হুবহ। তিনি আবার পুরাতনের পাঁক ঘাটতে বসবেন। তার চেয়ে এই ভালো ৷

গৃহস্বামী থাকেন নীচের তলায়। ঠিক এদের ঘরের নীচের ঘরখানায় সারা পরিবার একত্রিত হয়েছে। বৃদ্ধ, তার কল্পা, জামাতা, একটি নাতী ও একটি নাত্নী। এই নিম্নে সংসার। নাতী ও নাত্নী ক্রিসভফের চাইতে বয়সে ছোট। স্বাগতে সভা মুখর হয়ে উঠল,—ক্লান্ত হয়নি তো অতিথিরা? ঘর পছন্দ হয়েছে তো? দরকার আছে কিনা কোনো কিছুব ? একসাথে অনেকগুলি প্রশ্ন অনেকগুলি অতি-স্ক্রিয় কলকণ্ঠে প্রচণ্ড বড়ের মত এসে পড়ল। ক্রিস্তক ভ্যাবাচ্যাকা থৈয়ে গেল। এল স্প, স্বাই থাবার টেবিলে গিয়ে বসল—কিন্তু অতিথি সম্ভাষণের ছুকান থামল না। গৃহ-স্বামীর কল্পা এমেলিয়া স্থানীয় বাবতীয় সমাচণর লুইসার কাছে ঢেলৈ দিল এক নিশ্বাসে। আম্পাশের নানা জায়গার ভৌগোলিক সংস্থান, বাডীখানির নানা স্থবিধা, বাড়ীর লোকের জীবন-যাত্রা-প্রণালী, কথন গয়লা আসে, কথন এমেলিয়া মুম থেকে ওঠে, কি কি জিনিস পাওয়া যায়, বাজার দর কি—কিছু আর বাকী রইল না। লুইসা যেন তন্ত্রার ঘোরে। কিন্তু ভয়ানক আগ্রহ নিয়ে গুনছে এমনি ভাব জাগিয়ে রাথার চেটা করে। তবু পদে পদে সত্যটা হয় প্রকট। অথাৎ লুইসা যে কিছুই শোনেনি, যাও বা গুনেছে কানের ওপর-স্থরের হাওয়া তা উডে গেছে এই কথাটা গোপন থাকে না। এতে এমেলিয়ার যে খুশি হয়নি তাও অত্যন্ত স্পষ্ট হয়ে ওঠে তার স্বরের ঝাঁঝে। তার গুরুমশায়ী বুদ্ধিটা জেগে উঠে আবার গোড়া থেকে গুরু করে।

বৃদ্ধ অয়লাবের বৃত্তি ছিল 'কলমী'। তাই বৃত্তি হিসেবে সঙ্গীত বৃত্তি যে কত থাটো আর কত বিশুর তার অস্থবিধা, সেই কথাটাই বোঝাতে সে ব্যস্ত হয়ে ওঠে। ক্রিসতফের পাশে ব'সেছে এমেলিয়ার মেয়ে রোজা। শ্রীমতীর রসনা ওধু মুখরা নয়, কলোলিনী এবং খরবেগা। অবিরাম তার স্রোত। তাতে নিশ্বাস ফেলার ছেদ মাত্র পলকের। এবং সেই পলকটির পরই যেন বাধ-ভাঙা বেনো জল আছড়ে পড়ে। এদের মধ্যে ফোগেল লোকটি কিছু শাস্ত। সে একদিকে ব'সে রালা নিয়ে খুঁংখুঁং করছিল। ব্যাপারটা কানে খেতেই এমেলিয়া, অয়লার, রোজা সকলের বাক্য-স্রোতের মোড় মুহুর্তে খুরল ওই দিকে। উঠল সমস্তা—মুন বেশী, না কম। চলল তর্ক। জুটল সাক্ষী, আবার

ভাঙলো। এবং বছক্ষণের লড়াইয়ের পরও সমন্তাটা ঝুলে রইল বিতণ্ডারই চোহদিতে। প্রতি কঠে আপন কচি ও বৃদ্ধির জয় জয়কার ও আর সকলের বৃদ্ধির ধিক্কার। অতএব কারো মতের সাথে কারো মতের মিল হল না, স্তরাং সমন্তাটা ঘ্র-পাক থেতে লাগল যত-মত-তত-পথের রাস্তায়। অবস্থা দেথে মনে হ'ল বৃদ্ধ চলবে 'শেষ-বিচারের' দিন অবধি।

কিন্তু শেষের দিকে ঘরের আবহাওয়া বদলাল হঠাৎ প্রকৃতির আবহাওয়ার সপ্ত-প্রামী চর্চায়। আবহাওয়া-চর্চা শেম হ'তে না হ'তেই সমবেত সহর্ব-কোলাহল-ডম্বরে উঠল হর্ভাগা অতিথিদের প্রতি সমবেদনার ঝড়। হুধের বাছা ছেলেটার এমনি অদৃষ্ট! সোনার ছেলে তাই ।। সমবেদনার পরিধি জমে অতিথিদের অতিক্রম ক'রে ছড়িয়ে পড়ল আপনাতে, এবং আপনাকে ছেড়ে প্রতিবেশী, পরবাসী, দেশী, ভিনদেশী, চেনা, অচেনায়। এই ব্যাপক দৃষ্টান্ত-বিচার থেকে সব-বাদী সম্মত সিদ্ধান্ত হ'ল এই, যে ভালোরা চিরকালই দগ্ধ-ভাল। এবং মন্দের দলই সংসার-পথে চৌ-বুড়া ইাকিয়ে চলবার চিরহামী সনদ পেয়েছে। স্বতরাং জীবনে স্থ আর থাকবে কেমন ক'রে। জীবন তো নয় বাজে জ্ঞালের অভাকুড়। ভোগ করবার বন্ধ নয়, ভুগবার বন্ধ। কিন্তু ভগবানের বিধান থণ্ডাবে কে! মামুষকে হৃংথ ভোগ করাবার জ্ঞাই তিনি সংসারে পাঠিয়েছেন। অতএব বেঁচে থেকে তার ভোগ ভূগতেই হবে। ভগবানের ইচ্ছার থাতিরেই বেঁচে থাকা। নইলে এ কি আর স্থথের বাঁচা! কোনদিন তাহলে সব ধ্যের হুয়ারে•••

ক্রিসতফ দেখলে ওর দর্শন আর এ বাড়ীর দর্শনে মিল আছে। স্থত্রাং বাড়ীর মালিকের ওপর শ্রদ্ধা হল। শ্রদ্ধা ক'রেই এদের অশ্রদ্ধেয় দিকটাকে ও রেখে দিল হিসেবের বাইরে। আহার-পর্বের পর মাকে নিয়ে ওপরে বখন এল ঘরের মধ্যে তখন পুরোপুরি আসবাবের নৈরাজ্য; দেহ আর মনে অসীম অবসাদ আর বিষাদ। কিন্তু একলা-বোধের সেই তীব্রতা আর নেই। চারদিকের কোলাহল আর অতিরিক্ত শ্রান্তিতে ঘুম এল না রাতে। গুয়ে গুয়ে, গুনতে লাগল রার্ত্তির বুকের ধুক্ধুকানী—সারা বাড়ী কাঁপিয়ে রাস্তা দিয়ে ভারী ভারী গাড়ীর ছোটাছুটি, নীচের তলাকার ঘুমস্ত মামুষ-গুলির নিখাসের ভারী একটানা শব্দ…। মনে হ'ল—ন্তন প্রতিবেশীরা মামুষ ভালো; অবিশ্রি ওদের অত্যন্ত-ক্লান্তিকর বাড়াবাড়িগুলো বাদ দিয়ে। অতএব মুধ এখানে না পাওয়া গেলেও স্বস্তির অভাব হবে না নিশ্চয়ই।

কথন যেন খুম এসে গেল, আবার ভোর না হতেই গোলমালে ভাকল আচমকা। নীচে কাদের মধ্যে ঝগড়া বেঁধেছে প্রেটিড উঠান ধোয়া চলছে সশন্ধ-সমারোহে; সমান তালে তারি জল জোগাতে গিয়ে সবল হাতের প্রবল ঠেলায় পাম্পটি করুণ স্থারে উঠছে ককিয়ে—কাঁচাচ কোঁচ ্প্রাচ্কোঁচ্ পা

জাস্টস অয়লার॰ ছোট-থাট গড়নের মানুষ। চোথের দৃষ্টিতে করুণ অস্বস্তির ছায়ায়, ম্থের মেচেতা আর কপালের গভীর রেথায় রেথায় বয়স লেথা। হাতের আঙ্গুলগুলি না-ছাঁটা দাড়ির অরণ্যে সান্ধ্য-ল্রমণের স-আরাম মন্থরতায় সদা-সঞ্চরমান; স্বভাবটি ঋজু এবং সৎ; উন্নম টগবগে ঘোড়ার মক্ত। ক্রিসতক্ষের পিতামন্থের সাথে থাতির ছিল। হজনের মধ্যে মিলটি ছিল বছজন-স্বীকৃত। একই যুগে জন্ম এবং একই আদর্শে মানুষ; কিন্তু মিচেলের মত লোহার স্বাস্থ্যটি তার ছিল না; অর্থাৎ অনেক বিষয়ে হজনের আদর্শগত মিল ও মত-সাদৃশ্র ধাকলেও মূলতঃ মানুষ ছটি ছিল একেবারে আলাদা। কারণ মানুষের

আসল পারচয় তার মনোগঠনে, মনোগতে নয়। বৃদ্ধির বিচারে মাহ্নথে মাহ্নথে বাস্তব অবাস্তব যত বিভেদই থাকনা কেন, আসল ভেদটা স্বাস্ত্যে। সবদিকেই বৃদ্ধ অয়লার ছিলেন স্বাস্ত্য-বঞ্চিত। জাঁ মিচেলের মন্ত নীতি নীতি ক'রে তেমনি চীৎকার থাকলেও হু'জনের নীতি ছিল বিপরীত.। অয়লারের না ছিল ঐ লোকটার মত সর্বংসহ পাকহুলী আর জবরদস্ত ফুসফুস, না ছিল তার মত স্ফুর্তিতে উচ্ছল বলিষ্ঠতা। গোটা পরিবারটাই এবং পারিবারিক যা কিছু সবই যেন অত্যন্ত রক্ম ছোট ছাঁচে গড়া। চল্লিশ বছর সরকারী চাকুরীর পর অয়লার অবসর পেয়েছে। কিন্তু যাদের বেলাটা শেষ হয়েছে কিন্তু ভেতরটা মোটেই প্রস্তুত হয়নি এরকম লোকের ক্ষেত্রে যা হয়, কর্মহীন অবসর অয়লারের বৃক্তের ওপর চে'পে রইল স্টাৎস্টোতে বাদলা সন্ফার মত। থানিক স্থভাব-ধর্মে আর থানিকটা পেশার করুণ পরিণাম হিসেবে অয়লারের মেজাজটা ভারী থিটথিটে হ'য়ে প'ড়েছিল। সন্তানরা এ সম্পদের উত্তরাধিকারে বঞ্চিত হয়নি।

জামাই ফোগেল্ও কেরাণী, বয়স পঞ্চাশের কোঠায়; দীর্ঘ বলিষ্ঠ দেহে,
মাথা-জোড়া টাকে আর সোণার চশমায় চেহারাটি মােটের উপর মন্দ নয়।
সর্বদাই অয়থ অয়থ ভাব। মাঝে মাঝে অবশু অয়থ ওর লেগে থাকতও;
কিন্তু যে-সব অয়থ হয়েছে ব'লে ওর ধারণা ছিল অয়থ ওর তা নয়।
আসলে ব্যাধি ও নয়, ওগুলো আধি, কলম-পেশার মত অফলা পেশার
কল্যাণে মনটাই ব্যাধিগ্রাস্ত; এবং বদ্ধ ঘরে কেবল চেয়ারে-বসা কাজের
পরিণামে দেহ ভয়। তবু লোকটা পরিশ্রম করতে পারে। গুণ নেই এমন
নয়;—শিক্ষা আছে, এমন কি কালচারও কিছুটা আছে। কিন্তু তা
সাব্যেও আধুনিকতার কলে-পেষা অনাস্কিও ও। অথবা আফিসের খোঁটায়
বাঁধা, কেরাণীকুলের মত ও হাইপােকোনডিয়া রোগগ্রস্ত।

এমেলিয়া এদের কারো মত নয়। যেমনি জবরদন্ত তার দেহ, তেমনি জোরাল কণ্ঠ। সর্বদাই সে ছুটন্ত, ফুটন্ত ও ঘ্রন্ত। স্বামীর বাতিকে ও এক কডাও সহামুভূতি বাজে ধরচ করেনা; বরঞ্চ এর জ্ঞ বেচারীর প্রতি ওর তাডনাটা নির্মন—কতক বা ওটা ওর ম্বভাব ব'লে, কতক বা প্রয়োজনে। কিন্তু লক্ষ্য যিনি তিনি থাকেন নির্বিকার। কাজেই এক মুহূর্ত পরেই ব্যর্থ গর্জন অজানিতে বিগলিত হয় বর্ষণে। এবং তার পরের স্তরে, নিজের দগ্ধ অদৃষ্টকে উপলক্ষ্য ক'রে বর্ষণ পরিণত হয় সথেদ বিলাপে , কণ্ঠ ওঠে অপরাধীর কণ্ঠ ছাডিয়ে। দেখা বায়, এই প্রক্রিয়া স্বামীকে সংশোধনের পক্ষে তথু অচল হয়নি, বরঞ্জ ক্রিয়া হয়েছে বিপরীত। স্বভাবের ক্রটিগুলো অষ্ট-প্রহর কচলানোর ফলে ওর মেজাজ হযেছে তেঁতো, আর বাতিক গেছে দশগুণ বেডে। তা ছাড়া নিজের চাঁাচামেচিগুলি স্ত্রীর কণ্ঠের জোরালো প্রতিবানিতে অনেক ক্ষীত হযে যখন ফিবে এল, তার উৎকট চেহারাটা मिथ ७ ७४ (भन , এवः लाकिं। ७३ ७ एउं छात्रन। ७५ क्यारिन है নয়, এমেলিয়ার চিকিৎসায় ভাঙ্গলো আরো অনেকে। বাতিক ঘোচাতে গিয়ে বাতিক চাপলো এমেলিযার নিজের ঘাডে। ছেলে, মেয়ে, বাপ সকলেরই স্বাস্থ্য খুব ভালো কিন্তু এমেলিয়াকে অহরহ থেদ করতে দেখা যেতে লাগল। এবং বারংবার একই কথার জাবর কেটে কেটে যে শঙ্কা ছিল কল্লিত, তা দৃঢ হল বাস্তবে। একটু ঠাণ্ডা পডলে ভয়ে ওর মুখ কালো হয়ে ওঠে, রাতে ঘুম হয় না ত্রশ্চিন্তায়। এমন কি সকলে চমৎকার ভালো থাকলেও ওর ভয়টা বর্তমানের রাস্তা না পেয়ে ছোটে ভবিষ্যতের দিকে এমনি উদ্ধেগে, যেন এই ভালো থাকাটাই ভয়ানক রকম ভালো-না-থাকার পূর্ব-লক্ষণ। এমনি করে ওরা নিরন্তর ভয়ে কাঁটা হয়ে থাকে। স্বাভাবিক নিয়মে ওরা থায়, দায়, খুমোয় , জীবন- যাত্রা নির্বাহ করে স্বাভাবিক ভাবে—কিন্তু স্বাভাবিক বিশ্রামের ফাঁক নেই জীবন-যাত্রায়। ওটা একেবারে কাজের ঠাস-বুনট। কাজ এমেলিয়ার বাতিক। এমনি সাংঘাতিক বাতিক যে অহর্নিশ ওপরে নীচে ছুটোছুটি করে, নিজে থেটে অপরকে খাটিয়ে কিছুতেই ওর তৃপ্তি হয় না। ওর কাজের ঘূর্ণীতে ঘ্রপাক থেতে হয় সবাইকে এবং অবিশ্রাস্ত চলছে আস্বাবগুলোকে টেনে হি চড়ে এদিক থেকে ওদিক নেয়া আর ওদিক থেকে এদিক নেয়া, ধোয়া, মোছা, মাজা, ঘসা, পালিশ করা, আনা-গোনা, ধ্প-খাপ, সি ভির ক্যাচ কোঁচ, চ্যাচামেটী ডাকাডাকি, গোলমাল, নড়া-চড়া, ঝাঁকানি, কাঁপুনি…। ওই ঘর্ষরিত শাসন চক্রের তলায় নিরুপায় হয়ে বুক পেতে দিতে হয়েছে কচি ছেলে আর মেয়েটাকেও।

দেহ-সেছিবের দিক থেকে স্থাপনি না হ'লেও লিওনার্ডকে প্রিয়দর্শন বলা চলে। তবে তার ব্যবহার কমনীয়ও নয় নমনীয়ও নয়। রোজা প্রিয়দর্শিনী নয় কিন্তু ওর মাথা ভরা চুলের রাশটি যেন ঢেউ থেলান সোনা; আর বর্ণে এমনি উজ্জ্বল সজীবতা যে মুথধানি যেন তার আলোয় জলে। কিন্তু নাকটা আশোভন রকম বড়; মুথের মধ্যে ওটা একটা মুর্তিমান বেয়াদপী। ওটার জক্তই মুথধানাকে লাগে যেন কোন বোকা মেয়ের পান্সে ধ্যাব ড়া মুথ। বাজ্ল চিত্রশালায় দেখা শিল্পী হোলবার্ণের আঁকা কুমারী মেয়ের ছবির মত লাগে ওকে, হাত হুটি হাটুর ওপরে রেথে মাথা নীচু ক'রে তেমনি বসার ভিলিটি: কাধের ওপর থমকে থাকা তেমনি একরাশ সোণালী ঢেউ তেমনি বেমানান নাক। তবে ছবির মেয়ের মত নাকের বেয়াদপীতে রোজার দৃষ্টি এখনও বিব্রত হয়নি; তার মুথর রসনাটিও সংযত হয়নি। কণ্ঠটি মধু-ঢালা নয়। তীক্ষ কণ্ঠে অবিশ্রাস্ত কথা কয়ে চলেছে, বিষয় বন্ধর অভাব নেই, উপ্তমে ভাটি

নেই। কিছু না কিছুব বিবৃতি চলছেই, কিন্তু এমনি তার রুদ্ধখাস
তাড়া—যেন সময়টা লগুড় বাগিয়ে পেছনে সর্বদাই ধাওঁয়া করছে।
আরম্ভ করা বর্ণনা শেষ হয় না; মুখের কথা মুখে থাকে, সেদিকে কোনও
জক্ষেপ নেই—যেন অহরহ কত কি ব্যাপার ঘ'টে ঘ'টে ওরু সব কটা
ইন্দ্রিয়কে রেখেছে ক্ষেপিয়ে। মায়ের তাড়ন, বাবার শাসনে কিছু হয়
না। এমন কি মাঝে মাঝে বুড়ো অয়লারও হুংকার দিয়ে ওঠে।
নাতনীর কথার তুবড়ীর ফাঁকে একটি কথা কওয়ারও ফাঁক না পেয়ে
বুড়ো হাঁপায়।

এদের দয়া, মায়া, নিয়ম-নিষ্ঠা সব গুণই আছে বটে। নেই কেবল চুপ করে থাকার গুণটি।

ক্রিসতফের মেজাজ পঞ্চম থেকে নিখাদে নেমেছে। ও এখন সইতে পারে। অসহিত্ব জেদী সভাবটার ওপর হু:খ-দেবতা কোমল হাতটি বুলিয়ে দিয়েছেন। সমাজের তেতলার বাসিন্দাদের নির্বিকার ঔদাশ্রকেও দেখেছে, মজ্জায় মজ্জায় অমুভব ক'রেছে। আজ দেখছে একতলার বাসিন্দা সাধারণ মামুষগুলোকে। ওরা অমুন্দর, ওরা অশোভন; চিত্ত প্রসন্ন হয় না ওদের দেখলে। কিন্তু ওরা প্রোপ্রী সং—
বাকা পথ ওদের জানাই নেই। আজও জীবনটা ওদের কাছে ভারী কঠিন তপ; সেই তপশ্চরণ ওরা করে। ক্রিসতফের এতদিনকার অভিজ্ঞতার কষ্টিপাথরে এদের মূল্যের যে নিশানা পড়েছে, তা খাটি সোনার। ও বুঝেছে ওদের জীবনে আন্তর্ম্ব নেই ব'লেই ওরা বলিষ্ঠ। অতএব ক্রিসতফ নিংসংশয় হুলো— এরা শুধু ভালো নয়, অতি ভালো। এই অভি-ভালোদের ভালো লাগা ওর কর্তব্য; ওর দেহের জার্মান শোনিতৈর ধর্ম। কিন্তু জার্মান আদর্শবাদের মত ওর পর্য এত সহজ হয়ন। চোধে যা ভালো লাগল না এমন সব কিছুকে দৃষ্টির

সামনে থেকে এড়িয়ে কেবল মতবাদটিকে নিঝ'ঞ্চাটে অক্ষত-দেহে বাঁচিয়ে রেথে খুসি হয়ে থাকার মত ফাঁকির বুদ্ধি ওর ছিল না।

এবং এ জন্মই কঠোর ওর সতৈয়বণা। আর ওর নিজ্ঞান মনে রয়েছে একটা গভীর নিষ্ঠা। এ নিষ্ঠার দানেই ওর প্রিয়জনকে দেথার চোথ হুটি হয়ে উঠেছে এমন স্বচ্ছ আর বিচার হয়েছে স্মীক্ষায় কঠিন। স্ক্তরাং ওর ক্ষেত্রে জার্মান-আদর্শের ফল ফলল বিপরীত। যতই ও নূতন ত্বহাদদের ভালোবাসতে চাইলে হৃদয় দিয়ে ততই ওদের पक्षाचा मिकश्रमि खन्न हारिशन मामत्न प्लप्टे हरम छेर्र ह नागन। অল্ল-দিনেই ওদের জীবন-ধারার রুচি-হীনতা ওকে বিরস ক'রে তুলল। ওরা অত্যন্ত ধোলা-সভাবের মানুষ। নূতন মানুষের সামনেও ওরা রেথে ঢেকে চলতে পারলে না। অতএব যথা-নিয়মে এদের স্বভাবে যা ছিল অসহনীয় আর অবরণীয় তা হলো অবারিত; আর যা ছিল শ্লাঘনীয় তা হ'লো আবৃত। স্বতরাং ক্রিস্তফের অঙ্গীকার মিলাল অক্ষমতায়। মনকে চোথ রাঙ্গাল-ওরে অবিচার করলি…। এদের প্রথমকার যে-ছবি ওর মনের পটে ধরা আছে চেষ্টা ক'রলে তারও तः कितिरत्र निर्छ। পণ क'त्रल (य-ঐश्वर्यक मुख्य मन निर्ह्मापत মধ্যে চাপা দিয়ে রেথেছে অত কণ্ট করে ও তার উদ্ধার করবেই। হেয় যা তাকে প্রেয় করে তুলবে ও।

আলাপ জমাবার চেষ্টা করল অয়লারের সাথে। অয়লারও সেই আশায়ই ব'সে ছিল। লোকটার প্রতি ক্রিসতফের একটা গোপন টান আছে। ঠাকুদ'ার মুথে অনেক তারিফ গুনেছে। বন্ধু-বান্ধব সহন্ধে জ'া মিচেল যে ওর চাইতেও বেশী ঠকেছে এ তথ্যটা ক্রিসতফের কাছে ধরা পড়তে দেরী হল না অয়লারকে দেখে। মিচেলের অনেক কাহিনী শোনায় রুদ্ধ; কিন্তু চেষ্টা সত্তেও কেন জানি ওর মনে লাগে না। স্থৃতি ঘেঁটে যা সংগ্রহ করে অয়লার, তা তন্ধ হলেও তথ্য নয় । যে ছবি আঁকে তা ছবি নয় রং-চটা বাঙ্গ-চিত্র। 'আরে, তোমার ঠাকুদাকে এ আমি হামেশা বলেছি · '-র প্রতিদিনের একঘেয়ে ভূমিকা। নিজে একদা যা বলেছিল অয়লার গুনেছে তাই গুধু; চাপা প'ড়ে গৈছে যা অপর পক্ষও হয়ত একদা বা হামেশা বলেছিল।

হয়ত ওধু শ্রোতাই ছিল মিচেল। বন্ধুত্ব আত্ম-রঞ্জনীর একটা পার-ম্পরিক ব্যবস্থা মাত্র। অর্থাৎ পরম্পরের কাছে ফলাও ক'রে নিজের কথা বলার স্থবিধা। কিন্তু নিজের সম্বন্ধে কথা বলতে ভালোবাসলেও মিচেল আত্মকেন্দ্রিক হয়ে ওঠেনি। ওর মনের পরিধি ছিল ব্যাপক। কৌতৃহল ওর স্বথানে ও স্বকিছুতে। ওর' হু:খ ওর বয়েস্টা পনের ছেড়ে কেন একালর দিকে দৌড় মেরেছে, তাই তো ন্তন জগতের নৃতন আবিন্ধার, নৃতন চিন্তা ধারার সাথে কাঁধ মিলিয়ে জোর কদমে পারছে না চলতে। কিন্তু মামুষের বেঁচে থাকার মূল উৎস—সেই নিত্য-নবীন জিজ্ঞাসাটি ওর ছিল-বরসের আঘাতে বার মৃত্যু হয়নি, প্রতিদিন প্রতি প্রভাতে জন্ম নিয়েছে নৃতন আলোয়। এই ঐশ্বৰ্থকে স্প্রিময় করে তোলার প্রতিভা মিচেলের ছিল না অবশু। তবু বছ প্রতিভাবান ওকে ঈর্বা করেছে। বেশীরভাগ কেত্রেই আসল মানুষটার মৃত্যু ঘটে বিশ বা ত্রিশ বছরে; তারপরে যা বাকী থাকে তা আসলের নকল। বাকী দিনগুলো কেবল অমুকরণের। একদা সে বেঁচেছিল, সেদিন যে-গান গেয়েছিল, যে-কাজ করেছিল, বলেছিল যে-কথা, যেমন ক'রে ভালোবেসেছিল—গুধু তারি অমুকরণ অন্ধ, যান্ত্রিক।

অয়লারও বেঁচেছিল একদিন—স্থদীর্ঘকাল চ'লে গেছে তারপর। সেদিন সে ছিল নিতাস্ত সাধারণ, বৈশিষ্ট্যহীন, দীপ্তিহীন।

আজের তলানী-পড়া অয়লার তার থেকে আরো মিইয়ে গেছে।

নিজেরই একথানা ব্যঙ্গ-চিত্র বেন ও। ওর কৌতৃহল নিজের পেশা ও পরিবারের চৌছন্দীতে বাঁধা। সর্ব-বিষয়ের অভিমত ওর স্থানুর যৌবনের দিনের ছাঁচে কাটা। ওর শিল্প-ঐতি হিসেব করা; মাত্র ্কিয়েকজুন প্রথ্যাত ব্যক্তির নাম উঠেছে ওর অমুমোদিত তালিকায়। স্থােগ পেলেই তালিকাট মুখ্য বলে যায় একই বাঁধা গংএ এমনি ভঙ্গিতে যেন ওর তথ্যটার প্রামাণিকতা অবিসংবাদী। এই তালিকার বাইরে ওর জগতে আর কেউ 'ন ভূতো ন ভবিশ্যতি'। হাল আমলের কথা হলেই প্রসঙ্গান্তর এনে ওটাকে চাপা দেবার একটা উন্নাসিক চেষ্টা অয়শারের সর্বদাই থাকে। আর নিজকে সঙ্গীত-রসিক বলে সমাজে পরিচিত করার উত্তমটাও সাড্মর। ক্রিসতফকে প্রায়ই ফরমায়েশ করেন —'বাজাও দেখি বাপু, একথানা।' পিয়ানো বেজে উঠল—অমনি গুরু হল পিতা-পুত্রীর আশাপন। আশাপনের কণ্ঠ উঠল সঙ্গীতের ঝংকার ছাপিয়ে। সন্দীত যে অয়ুলারের পক্ষে মস্ত বড় প্রেরণা এতে সন্দেহ নেই। তবে তা সঙ্গীতে নয়, সঙ্গীত ছাড়া আর সব কিছুতে। স্থর यि वरणा-करवकार श्रुवारना ख्रुव हाए। ख्रुवहे, रनहे अराज हिरमव মত। এগুলোর কয়েকটা অবশ্র সত্যি উঁচু দরের। বাকীগুলোর কথানা বলাই ভালো। গুনবার মত করে অয়লার গুধু এগুলোই শোনে। প্রথম কলি বাজতেই একেবারে নেচে ওঠে। হুই চোখ ষায় জলে ভ'রে। অশ্রু আনন্দের সন্দেহ নাই। কিন্তু আনন্দের মূলটি বর্তমানের এই মুহুর্তে নেই। ওটা ইতিহাসের তথ্য। একদা কোনোধানে এই গানটি ওনে আনন্দ হয়েছিল, আজের অক্র সেইদিনের সেই স্বতিরই দলিল। ফলে বীঠোফেন-এর ম্যাডিলেড্-এর মত ত্ব' একটি সম্পীত ক্রিসতফের অত্যন্ত প্রিয় হলেও বৃদ্ধের তালিকাতে থাকাতে ও-গুলোও ওর ভয়ের বম্ব হয়ে উঠল। স্থচিপত্র গুনগুনাতে

গুনগুনাতে বৃদ্ধ ভারিক্কী চালে টিপ্পনী করে: 'গান বলো ভো এই! যতই উচ্চু দরের হোক আধুনিক সঙ্গীত মাত্রই অপাংক্তেয়…' 'আধুনিক গান আবার গান নাকি ও তো খুকুমনির ছডা!'

ফোগেলের, ক্লচি ও শিক্ষা আর একটু মার্জিত। • আধুনিক শিল্প-ধারার সাথে কিছুটা যোগ রেথেছে—সে জক্স ওর গুমর আছে। এবং গুমরটা প্রকাশ হয় তাচ্ছিল্যে। কিছু ওর ক্লচিট পেছন-মুখো। আধুনিকের স্বীকৃতি নেই ওর আধুনিকতায়। মোজার্ট, বীঠোফেন যদি জন্মাতেন একালে, ঠাই পেতেন না ফোগেলের দরবারে; আবার ওয়াগ্নার, রিচার্ড স্টুস্ যদি একশ' বছর আগে জন্মাতেন, তবে প্রতিভা বলে পেতেন ওর হাতের বরমান্য।

ফোগেলের নিজের জীবনটার তেমন সন্ধায় হয়নি। সেজগু অভ্য সবার পর ওর ঈর্বা আছে, সন্দেহও আছে। এবং ঠিক জেনে রেখেছে সংসারে সবাই ওর মত লক্ষীছাড়ার দলে। এতে যারা সন্দেহ করে তারা হয় বোকা, নয় ভণ্ড। স্থতরাং মনের ঈর্বায় কিছুতে মানতে চায়না যে-কালে কোগেল আছে ও থাকবে সে-কালে ওর চেয়ে বড় কারো থাকা সন্তব। এই বিপরীত সন্তাবনাটাও ওর বিশ্বাদ লাগে।

এ কারণেই ন্তন কোনো নামী মাফুষের প্রসক্ষ উঠলেই ওর মুখটা বাঁকা হ'মে ওঠে ব্যক্ষে। কিন্তু ক্রিসতফের সম্বন্ধে থানিকটা হুর্বলতা আছে। তার প্রথম কারণ ক্রিসতফও মাফুষকে প্রসন্ধ দৃষ্টিতে দেখত না; দ্বিতীয়তঃ, ওর মত সেও কেবল জীবনের মুখ-ভ্যাংচানীই দেখেছে; তৃতীয়তঃ, ওর প্রতিভা নেই। এই যে 'না থাকা' এই হলো ক্ষুদ্রাত্মা মাফুসের সব চেয়ে বড় নাড়ীর যোগ। ওঁদের ছঃখময় বিক্ষুক জীবনে পরস্পরের দৈক্রই ওদের সান্ধনা; এর চেয়ে দৃঢ় মিলনের হত্ত্ব আরু নেই। এই যে অস্থ, ক্ষীণ-দৃষ্টি, মুজ্জ-দেহ জীবের দল, নিজেরা স্থধী নয়

ব'লে অপরেন স্থাথের স্বীকৃতি যাদের কাছে নেই—তাদের মুখোমুখী দাঁডিয়ে বলিষ্ঠ জীবন-বোধে উজ্জীবিত হয় স্মস্ত মানব-সন্তানেরা, জীবনের পাত্রকে আনন্দ-রসে পূর্ণ করে দেবার অঙ্গীকার নিয়ে যারা পৃথিবীতে এসেছে। ক্রিসতফ এ সত্য অফুভব করেছে। এর বিপরীত বুদ্ধির সাথেও ওর অপরিচয় নেই। কিন্তু ফোগেলের মূথে সংকীর্ণ স্থরটি কেমন যেন অশোভন লাগে। চেনা জিনিষ্টাকেও অচেনা লাগে। মনটা বিরস হয়ে यात्र। এমেলিয়ার ধরণ-ধারণে ওর মনটা আরও বিদ্রোহী হয়ে ওঠে। কর্তব্য ব্যাপারে এমেলিয়া আর ক্রিসতফ একই স্কুলের ছাত্র। কিন্তু এমেলিয়ার সব কিছুই কর্তব্যের লেবেল-মারা। কর্তব্য ওর অন্থ-প্রহরের জ্পের মন্ত্র হয়ে, জীবনটা হয়েছে কর্তব্যের কংক্রীট ইমারত। সেথানে ছুটির ফাঁক নেই। নিজে বসতে জানে না ; স্বতরাং অপরকেও বসতে দিতে চায় না। ওর কর্তব্যের গলি দিয়ে নিজের স্থথের সাথে সাথে আর সকলের স্থথ স্বস্তি দৌড়মেরে পালায়। এবং বিস্তর অস্থবিধা, বিশুর অম্বন্থি আমদানী হয়ে জীবনটা হয় জঞ্জাল। ওর শাস্ত্রমতে জীবনটা যথন জঞ্জাল হয় তখনই হয় তার শোধন। গার্হস্থ্যাশ্রমই এমেলিয়ার এক মাত্র ধর্মাশ্রম। একই দিনে একই সাথে কাঠের মেজেটাকে পালিশ করা, দি ডি ধোয়া-মোছা, দরজার হাতল মাজা, গালিচা রোদে দিয়ে ঝেড়ে তোলা, চেয়ার-আলমারী টেবিল এদিক থেকে ওদিক, ওদিক থেকে এদিক করা—ইত্যাদি ওর ঐ ধর্মাচরণের প্রায় নিতা ও নৈমিত্তিক অঙ্গ। কোনও কারণে কোনো একটা रामिन कांक পড़ल (मिमिन अंत्र भरन हम्र अ (यन निर्फ कांका हरम গেল। এ যেন ওর চারিত্রিক মর্যাদার কষ্টি-পাথর। শুধু ওর নয়, মেয়ে জাতটারই অভিধানে মর্যাদার সংজ্ঞা ও তার রক্ষণ-পদ্ধতি ওই একই। ষেন কাঠের আসবাব এ-সর্বদা সহত্বে পালিশ লাগিয়ে ঝক্মকে ক'রে না রাথলেই ঘুন ধরল। অথবা অতি মৃত্যু, হিম্, কঠিন পাথরের মেজে— আন্মনা হলেই পদখলন।

গ। হ'স্যাশ্রমের অজ্জ খুঁটিনাটি ঈশ্বর নির্মণিত ধর্ম বলে পূর্ণ নিষ্ঠায় এমেলিয়া ক'বে <sup>\*</sup>যায়। কিন্তু কর্তব্য সম্পাদনে যতই নিষ্ঠাবঁতী হউন, শ্রীমতী ফোগেলের মেজাজ সেই অফুপাতে উদার নয়। ছুটির ফাঁক-থোঁজার দলকে ও ক্ষমা করে না। ওর হিসেবে ছুটিটা ফাঁক নয়—
ফাঁকি, ওটা প্রত্যবারের সামিল।

কাজ করতে করতে লুইসার হাত থেমে যায় যথন তথন—ও স্লুদুর স্থপ্রে হারিয়ে যায়। এমেলিয়া আসে পল্লবনে মত্ত-হন্তীর মত ওর স্বপ্নের জগতে। বুক ভেঙ্গে লুইসার দীর্ঘ্যাস পড়ে। লব্জিত হাসি হেসে অত্যাচার শিরোধার্য ক'রে নেয়। সৌভাগ্য বশতঃ ক্রিসতফ कारन ना अभव। कार्यन वार्यायां घरि छ विदिश्च यावाद भद्र। আর আক্রমণের লক্ষ্যও ও স্বয়ং নয়। এমেলিয়া সামনে থাকলেই ওর মনটা বিকল হয়ে যায়। দিবা-রাত্তি অশ্রান্ত কলরব ও ক্ষমা করতে পারে না। ও যেন পাগল হয়ে ওঠে। সামনের আঞ্চিনার দিকে খোলা ওর নীচু ঘরখানি: আলো-বাতাসের এক মাত্র পথ একটি জানালা। তাও বন্ধ ক'রে ঘরখানাকে নির্বাত ক'রে রাখতে হয় গোলমালের ভয়ে। কিন্তু কোথায় পরিত্রাণ ? নীচ থেকে একটুথানি শব্দ এল, তার ধান্ধায় আপনা থেকেই কান হল উচ্চকিত। চাও বা না চাও গুনতে হ'ল বাধ্য হ'য়ে। তারপর হয়তো একটি মুহুর্ত শাস্ত, পরক্ষণেই প্রথর কণ্ঠ ফাটল যেন বিক্ষোরণে; পাঁচিল ভেদ করে একেবারে ঘরের ভেতরে এসে আছড়ে পড়ঙ্গ। রাগে ওর সমস্ত শরীর কাঁপতে থাকে। ঘরের মধ্যে দাঁড়িয়েই চীৎকার করে, উদ্ভাস্তের মত মেজেতে পা আছ্ডায়: পাঁচিলে মুখ লাগিয়ে কুৎসিত গালাগালি করে।

নীচের হট্টগোলে এদিকে নজর পড়ে না কারো। স্বাই ভাবে স্থর-ভাঁজছে ক্রিনতফ। ক্রিনতফ পারলে ফোগেল-গৃহিণীকে নরকে নির্বাসন দিয়ে আসে। গুণবতীদের কণ্ঠের যদি এত গুণ তবে চুলোয় ঘাক—ও গুণ চায়ন্। চায় গুধু একটু শান্তি, একটু চুপ করে থাকা। বোকা, মূর্ধ হুশ্চরিত্র যা খুশি হোক মুখটি বুজে থাকার গুণ থাকলেই মাথায় করে রাখবে সে মেয়েকে ও।

কোলাহল-বিমুখতাই ওকে লিওুনার্ডের কাছে টেনে আনল।
নিরস্তর ফুটন্ত অবস্থার মধ্যে ওই একটি মানুষ সর্বদা শান্ত অচঞ্চল। কথা
বলে ধীর-অনুচচ কঠে, ধীর-বৃদ্ধিতে প্রতিটি শব্দ নির্বাচন ক'রে, ওজন
ক'রে, ধীর নিভূলি স্পইতায় নিজের কথা বলে, কোথাও জড়তা থাকেনা।
কোথাও কোনো তাড়া নাই। যেন অনন্ত ছুটির দেশের মানুষ। ওর
চুইয়ে পড়া কথা দাঁডিয়ে শোনবার অবকাশ বা সহিয়ুতা কাজেব মানুষ
এমেলিয়াব নেই। ওর এই মন্থরতায় পরিবারের সকলে ভারী বিরক্ত।
কিন্ত যাকে লক্ষ্য ক'রে এত ক্ষিপ্ততা সে মানুষ নির্বিকার; তার শান্তিভক্ষ হয় না; নিষ্ঠায় ফাটল ধরে না। ক্রিস্তফ শোনে ছেলেটি ধর্মযাজক
হবে: গুনে আরুই হল। পরিচয় নিতে উদ্প্রীব হল।

ধর্ম সম্বন্ধে ক্রিসতফের পরিস্থিতি নিজের কাছেই অনিশ্চিত।
স্থির হ'য়ে আত্ম-জিজ্ঞাসার সময় ওর হয় নি। য়থেই শিক্ষা নেই, আর
জীবন-সংগ্রামে এমনি ব্যতিব্যস্ত য়ে মনটাকে বিশ্লেষণ ক'রে চিন্তাগুলোকে
একটু সাজিয়ে গুছিয়ে নেবে এমন অবসর মেলে নি। ওর প্রবল
আবেগ-ধর্মী,স্বভাব ওকে কেবল এক প্রান্ত হতে আর এক প্রান্তে ঠেলে
দিয়েছে; বাস্তব থেকে নিয়ে ছুঁড়ে ফেলেছে অথও শৃন্ততায়। ছইয়ের
কোখাও বিরোধ ঘটল কিনা তা নিয়ে কথনো ভাবতে ব্সেনি,
প্রান্তন্ত হয়নি। ভালো সময়য় ভগবান আছেন কি নেই সে প্রশ্নটা

রয়েছে অনাবশুক। অন্তিইটা মেনে নিতে আপত্তি ছিল না। হৃংথের দিনে ভগবানের কথা মনে এসেছে ভগবানের অন্তিছে বিধাস করে ব'লে নয়। বিধাস করলেও মামুমের হৃংথ বেদনার এত বড় দায়িছ ভগবানের ওপর চাপাতে পারত না ও। কিন্তু সংশয় ওর যাই থাক তা সমস্থা হ'য়ে দাঁড়ায় নি। ধর্ম ওর রক্তে, অতএব বাইরে ধর্মকৈ মানা না মানা ওর ক্ষেত্রে বাছল্য। ও বস্তু তো হুর্বলের, অক্ষমের, মুয়ে-পড়া আর ভেল্কে-পড়ার হাতিয়ার। তরু-শিশুর যেমন হুর্যের প্রত্যাশা তেমনি ক্ষীণের প্রত্যাশা বাধা ভগবানের হুয়ারে। জীবন যার ক্ষ'য়ে এল, জীবনের পরে তারই লোভ। কিন্তু আত্মায় যার স্বয়ং সবিতার অধিষ্ঠান বাইরের আলোক দিয়ে সে করবে কি ?

ক্রিসতফ যদি সমাজের বাইরে একলা নিরালায় থাকত এত প্রশ্ন এসে ছুটত না। কিন্তু সামাজিক দাবী অনেক সময়েই নাবালকের অব্ঝ আন্ধারের মত অর্থহীন। অর্থহীন ব'লে গাল দিলেও সামাজিক অধিকারের এলাকাটা এত আশ্চর্য রকমের বড় যে অনিচ্ছা সহেও চলতে গেলেই হোঁচট থেতে হবে। কোনামতে পরিত্রাণ নেই। আশ্চর্য! একটা স্থস্থ বলিষ্ঠ মান্ত্য—যে প্রাণারেগে, কর্মোছ্মমে, ভালোবাসায় একটা পরিপূর্ণ স্বাভাবিক মান্ত্য—তগবান আছেন কি নেই, সে সম্বন্ধে তৈলাধার পাত্র না পাত্রাধার তৈলের মত চুলচেরা বিচার নিয়ে কেমন ক'রে সে র্থা দিন কাটাবে। ঈশ্বর আছেন কি নেই সমস্তা তা নয়; সমস্তা হচ্ছে আছেন, এই কথাটতেই বিশ্বাস নিয়ে। জীবনে বিশ্বাসের প্রয়োজন খ্ব; সে ভগবানে হোক অথবা তেত্তিশকোট দেবতার কোন একটির ওপর হোক। হোক সে অক্স কিছু। একটা বিশ্বাসের অবলম্বন চাই-ই। এ-যে কত বড় প্রয়োজন, তা বোঝান কঠিন। আজও ক্রিসতক্ষের এ প্রয়োজন ঘটেনি। গুঠান হলেও বীশুপুটের কথা মনে এসেছে কদাচিৎ। গুঠার প্রতি

ওর অমুরাগ নেই তা নয়; যথন ভাবে অমুরাগে রাক্সিয়েই ভাবে; কিন্তু
আশ্চর্য ! ভাবে আর কোথায় ! এক এক সময় নিজের ওপরে রাগ হয় কেন
যথেষ্ঠ ভাবছে না । অথচ সবাই ইন্টান ওরা । ঠাকুর্দা নিয়মিত বাইবেক্স
পড়েছেন । ও নিজেও নিয়মিত প্রাতঃকালীন উপাসনায় যায় । অর্গান
বাজায় সেথানে, এবং বাজায় নিঠা দিয়ে । কাজেই ও নিজেও তো
গির্জার অমুগত সেবক । গির্জা থেকে ফিরে আসার পর যদি জিজ্ঞাসা
কর, কি ভাবছিক ও এতক্ষণ—উত্তর খুঁজে পাবে না । বাইবেল ও পড়ে
চিস্তা-য়ারাকে মুসংহত করার জন্ত ; প'ড়ে রস পায়, আনন্দ পায় যেমন
পায় ধর্ম-গ্রন্থ ভাড়াও অন্ত যে-কোন ভালো ন্তন বইয়ে । যীও খুরের
মত বীঠোফেনও ওর চিত্তকে গভীর ভাবে স্পর্শ করে । রবিবার ও
সেইন্ট ফোরিয়ান গির্জায় অর্গান বাজাতে যায়—আকর্ষণটা উপাসনায়
নয়—সঙ্গীতে । বাজাতে বাজাতে ও একেবারে আত্ম-হারা হয়ে যায় ।
মেণ্ডেলসনের চাইতে বাখ্-এর সঙ্গীতে ওর শ্রুদ্ধা বেশী।

গির্জার কতগুলি অমুষ্ঠান ওকে অমুপ্রাণিত করে, অমুর্বচনীয় আনন্দের স্থাদ দেয়। কিন্তু কোন্ অমুরাগে ? ভগবান না সঙ্গীত ? হাসির ছলে একজন যাজক একদিন ওকে শুধিয়েছিল এ কথা! ভাবেনি যে, ক্রিস্তফ ব্যথা পাবে। অন্ত কেউ হলে এমনতরো প্রশ্ন অবহেলার হাওয়ায় উড়ে যেত, মনের 'পরে কোনো আঁচড় কাটত না [নিজের মনকে জানে না ব'লে মাথা ঘামায় কজনই বা!] কিন্তু ক্রিস্তফের সত্য হবার দায় যে বিষম। তাই ওর পদে পদে কুষ্ঠা। এবং সে কুষ্ঠার দংশন ক্ষণিক নয়; অন্তরের মধ্যে একেবারে বাসা বাধা। নিজকে পীড়ন করতে লাগল: ছলনা করেছি…ছলনা করেছি…। আচ্ছা, ভগবানকে ও মানে ? না মানে না ?' বিষম সম্প্রা। বুদ্ধি বা বন্তগত [অবুসুর আর জ্ঞানও চাই] এমন কোনও উপায় ওর হাতে নেই

বা ধারা নিজের হাতে এর সমাধান করে। কিন্তু এভাবে তো চলবে না,
সমাধান চাই। মানে ক্রিসতফ ? না মানে না ? সত্যটা ুখুঁজে বের
করতে হবেই। নইলে বলতে হবে এতবড় ব্যাপারে ও উদাসীন, আর
নয় ও কপট। না—অসত্য ও হতে পারবে না।

ইচ্ছে হয়, আশপাশের মামুষগুলিকে একবার ধাচাই ক'রে দেথে। ওপর থেকে মনে হয়, এরা চমৎকার আছে—সর্ব-বিষয়ে একেবারে নিঃসংশয়, নিশ্চিত, নিশ্চিন্ত ভূমিতে দাঁড়িয়ে। কিন্তু তারা কোথায় পেল এত নিশ্চয়তা । জানবার জন্ম ক্রিস্তফ পাগল হয়ে ওঠে। কিন্তু কোথায় এর হদিদ মিলবে । একটা স্পষ্ট উত্তর তো কেউ দেয় না। কেমন সব কাকা-কাকা ভাসা-ভাসা ধোঁয়াটে কথা ৷ কেউ ভাবে, ছেলেটা পাগল, এ-ও আবার তর্কের বস্ত। বিশ্বাসে মিলায়ে কৃষ্ণ, তর্কে বহুদুর। বড় বড পণ্ডিতেরা অবধি চিরকাল ধরে যে-কথাট নিবিচারে মেনে এসেছে, এই অর্ণাচীন ছেলেটা, যে ওদের পায়ের এক কণা ধূলোর (यात्रा) नम्न, (कान च्लर्थाम्न (हॅरक वलाइ, अमान माख! अटब इःमाइमी, চল্ না চলার পথের নিশানা ধরে! আদলে গুমর, গুমর! হুধের ছেলের এত বডো গুমর ?ু যেন 'প্রমাণ চাই' বলে ওদেরই গায়ে প'ড়ে অপমান করেছে ক্রিস্তফ। কারণ ভগবানে বিখাস করে কি করে না সে কথাটা কি ওদেরই মন জানে 🖞 আঘাতটা তাই অনিশ্চিত স্থানের তুর্বলতায় গিয়ে বাজে। কেউ আবার ঘাড় বাঁকিয়ে মৃচ্কি হেলে বলে: 'আরে মেনেই নাও না হে। ভারী দরকারী জিনিষ। খুব কাজে नागरव रमस्था।' घुनाय अध्यक्षाय हिन्छ विकृत रुख अर्छ।

একদিন প্রশ্ন নিয়ে এল এক যাজকের কাছে। কিন্তু নিরাশ হয়ে ফিরতে হল। এমন গুরুতর বিষয়টা যথেষ্ট গুরুত্ব দিয়ে আলোচনা করার স্বযোগ হ'ল না। কারণ হুই পক্ষের পদমর্যাদা অশোভন রক্লমের অসমান। ভদ্রলোক অত্যন্ত ভদ্র এবং আলাপনের ভিন্নিটি অত্যন্ত হৃদয়-প্রাহী; কিন্ত তার মধ্যে ওই কথাটা ছিল স্বত্ব ও স্কুম্পন্ত উচ্চারিত। এবং সেই হৃদয়-প্রাহী ভঙ্গীতেই বুঝিয়ে দিলেন অসমের আলোচনায় প্রেল-পক্ষ-নির্দিষ্ট সীমা-রেখা মেনে চলাই বিধি। অত্যথায় ধৃষ্টতা-দোষ ঘটে। কিন্তু হৃদয়ের গভীর ব্যাকুলতায় সীমা-রক্ষা সন্তব হয় না ক্রিসতক্ষের পক্ষে; আপন সংশয় নিবেদন করে সাহস ক'রে। পিঠচাপড়ান ভঙ্গিতে একটু হেসে কয়েকটি ল্যাটিন উদ্ধৃ তি দিয়ে প্রশ্নটার পাশ কাটিয়ে যান যাজক। এবং পরম দাক্ষিণ্যে প্রার্থনা করার উপদেশ দিয়ে আসর পরিত্যাগ করেন। ক্রিসতক্ষের মনে হল—লোকটা ওকে অপমান করে গেল। যে-শ্রেষ্ঠত্বে অভিমান নেই তা ওর শ্রদ্ধার বস্তু। আজ সেই শ্রদ্ধায় ঘা পড়ল—এবং আঘাতটি বাজল ওরই বুকে। আর কোন দিন যাবে না ও যাজকের কাছে। এই শেষ। বুদ্ধি ও পদাধিকারে ওরা ওর অনেক ওপরে এ তো জানা কথা। কিন্তু ধর্ম-জিজ্ঞাসায় ক্ষুদ্রাক্ষুদ্রের, পদ, পদবী, বয়সের ভেদ নেই। ধর্মের দ্বারে সব সমান। সেখানে ওধু 'সত্যমের জয়তে।'

সমবয়য় অথচ ভগবানে বিশ্বাস করে এমন একজনকে পেয়ে ও বেঁচে গেল। মায়য় ভগবানে বিশ্বাস করে কেন, এইটুকুই কেবল ও জানতে চায়। লিওনার্ড তো নিজে বিশ্বাস করে, স্মতরাং ভালো ক'রে যুক্তি দিয়ে নিশ্চয়ই বোঝাতে পারবে ওর বিশ্বাসের হুলটি কোথায়। ভরসা ক'রে সাগ্রহে ওএগিয়ে য়ায়। কিন্তু লিওনার্ড জবাব দেয় তার স্বাভাবিক সৌজন্মে, নিরাগ্রহ নিলিপ্তিতে। বাড়ীতে নির্বিছে আলাপ করা চলে না বেশীক্ষণ, হয় এমেলিয়া, নয় অয়লার, কেউ না কেউ বাধা দেবেই এসে। কিসতফ প্রস্তাব করে: 'চলো না, থাবার পর একদিন বেড়াতে বেড়াতে বাইরে যাওয়া যাক।' লিওনার্ড অলস মায়য়। হাঁটা, চলা, কথা কওয়া,

অর্থাৎ যাতে সামাগ্রতম পরিশ্রমও আছে, সবই ওর ভারী অপছন্দ। স্কুতরাং এড়াতে চাইলেও ভদ্রতায় বাধল, অস্বীকার করতে পারলে না।

আরম্ভ করতেই মৃদ্ধিল। কথা বেধে গেল মুখে। এটা সেটা বাজে কথা হ' চারটের পর ক্রিস্তফ ঝাঁপিয়ে পড়ল আসল বিষয়-বস্তত্বে প্রায় নির্চুর আক্ষিকতায়। প্রশ্ন ক'রে বসল লিওনার্ড কি স্তিট্য বাজক হ'তে চায়। স্তিয় ভালো লাগে এ বৃদ্ধি ? লিওনার্ড হক্চকিয়ে গেল। হুই চোখে ভারী অস্বস্তি ফুটে উঠল। ক্রিস্তক্ষের দিকে তাকিয়ে দেখল—মুখের ভাব স্বাভাবিক, কোনো বির্ন্পতা নেই—আশ্বাস্থাহে বরঞ্চ। জবাব দিল:

'নিশ্চয়ই! এ আবার জিজ্ঞাসা করতে হয়!'

'তাহলে সত্যি স্থা হয়েছ তুমি!' ক্রিসতফের স্বরে ঈর্ষার আভাস। লিওনার্ড আত্ম-প্রসাদ লাভ করে। মনটা মুহুর্তে উদার হয়ে ওঠে। আগের ঔদান্তের ভক্কিটি আগ্রাহে জীবস্ত হয়ে ওঠে:

'তা আর বলতে: স্থী হয়েছি বৈকি!' মুধে প্রসন্নতার আভা। 'কেমন করে অমন স্থী হ'লে বলতে পার?' ক্রিসতক জিজ্ঞাসা করে।

উত্তর দেবার আগে শিওনার্ড বলে: 'চলো, দেণ্ট মার্টিনের গির্জায়। সিঁডির ওপর ভালো ক'রে আরাম ক'রে বসি আগে।'

ওখান থেকে পার্কের একেশিয়া ছাওয়া কোণটি দেখা যায়। তার ওদিকে শহর আর গ্রাম সান্ধ্য কুহেলীতে আধো-ঢাকা। পাহাড়ের নীচ দিয়ে বইছে রাইন নদী। এপাশে প্রাচীন পরিত্যক্ত সমাধি ভূমিটির প্রস্থু শুক্তা। কতকালের পুরানো ভূলে-যাওয়া কবর গুলিকে বেন শ্রাম-স্বেহে আছের ক'রে ঘাস জ্বাছে উদার অজ্স্রতায়।

লিওনার্ড জবাব দিতে আরম্ভ করে, চোথে পরিতৃপ্তি জল্'জল্

করছে: 'জীবন থেকে পালিয়ে বেঁচেছি। আশ্রয়ের মত আশ্রয় খুঁজে পেয়েছি এবার। মামুষের পরম আশ্রয়—নিত্য কালের নিত্য ধাম।'

অমন একথানি আশ্রয় বিদ ক্রিস্তফ পেত, তো বেঁচে বেত। ওর ক্ষতগুলি এখনও সব কাঁচা। ঝর ঝর ক'রে রক্ত ঝরছে। থানিকক্ষণ অস্ততঃ 'ভূলে থাকতে বিদি পেত! পেত একটু বিশ্রাম—একটু আরাম! কিন্তু এই ব্যাকুলতার সাথে কোথায় একটু থাদ মিশে থাকে যেন।

'আছ্ছা এই বে সব ছেড়ে ছুড়ে এলে, এর জন্ম কোন কট্ট হয়নি ? কোনো মূল্য দিতে হয়নি ?' ক্রিসতফ বলে।

'মূল্য ? কট্ট ? কিসের ?' জবাব দেয় লিওনার্ড : 'তুঃখ, কট ছাডা সংসারে আর আছেই বা কি ভাই, ষে তাই ছেড়ে এসে তুঃথ করব !'

ক্রিসতফের দৃষ্টি লুটিয়ে পড়ে সন্ধ্যার রূপে রূপে: 'সবটাই কি হঃখ! সবটাই কি কুঞ্জী! স্থান্দরও তো আছে '

'তা আছে; কিন্তু কতটুকুই বা!'

'যতটুকুই থাকুক, তাই যে আমার ঢের !'

'কিন্তু ভাই সাধারণ বৃদ্ধি নিয়ে দেখো না। সংসারে ভালো আর কত্টুকু, মন্দই বেশী। সংসারের মধ্যে এর বেশী ফি আর পাবে? খুব বেশী হলে না হয় না-ভালো-না-মন্দর মাঝামাঝি। কিন্তু সংসারের ওপারে—অনন্ত স্থ। অতএব আর কি বলবে বল!'

একেবারে চুল-চেরা হিসেব। কিন্তু এ হিসেব ক্রিসতফের মন বুঝাল না। এমনি হিসেবে আঁটা জীবন! এ তো রুপণের জীবন! এর চাইতে বড দৈন্ত আর আছে নাকি ? 'না রে না—' চোধ রাঙ্গার নিজের মনকে: 'বুঝাছিস না— এ হিসেব নয়, এ পরমার্থ তব!'

বিদ্রপের স্থরে জিজ্ঞাসা করে: 'মুহুর্তের জন্মও তোমায় ভোগের লোভ দেখাবে এমন সম্ভাবনা রইল না—' 'নেহাৎই বোকার মত কথা ব'ললে। অনাদি অনস্ত অমৃতের জীবন ফেলে ক্ষণিক স্থধ কে চায়।'

'অনস্ত জীবন সম্বন্ধে তুমি একেবারে নিঃসংশয় দেখছি !' 'নিশ্চয়ই !'

তবু ক্রিসতফ প্রশ্নের পর প্রশ্ন তোলে। উন্মুখ আশায় প্রতীক্ষা করে হয়ত সব প্রশ্নের শেষে ওর জবাব মিলবে; লিওনার্ড বুঝিয়ে দিতে পারবে। তগবান যে আছেন তার কি প্রমাণ পেলে সে! দেবে, নিশ্চয়ই, লিওনার্ড যুক্তির আলোয় ওর সংশয়ের আঁধার দেবে ছিল্ল ক'রে। তাই যদি সে পারে তবে ক্রিসতফও সর্বান্তঃকরণে এমনি সর্বত্যাগী হয়ে লিওনার্ডের হাত ধরে পথে বেকবে পরমের সন্ধানে।

কিন্তু আশা পূর্ণ হয় না। লিওনার্ড তো গুণুই লিওনার্ড নয় এখন।
স্বয়ং ভগবং-প্রতিনিধি। সেই অহংকারেই ক্রিসতফের সমস্তা ওর কাছে
হাল্কা থেকে গেল; ভাবলে, ও তো ওপরকার জিনিষ। যুক্তির এক
আঘাতেই সংশয়ীকে নির্বাক করে দেবে। ধর্মশান্ত্র, বাইবেল থেকে
গুষ্টের অলোকিক জীবনের পরমাশ্চর্য ঘটনাবলী নিয়ে তর্কগুলোকে
শানিয়ে রাখলে। ফ্রিসতফ মন দিয়ে কয়েক মিনিট গুনলে, তারপর
ওকে থামিয়ে দিয়ে বললে: 'প্রশ্লের উত্তর দিছে পাণ্টা প্রশ্ল দিয়ে।
আমার সমস্তা কোথায় তা তো তোমার কাছে জানতে চাইনি, চেয়েছি
সমাধান।'

এমন প্রত্যাঘাতের জন্ম প্রস্তুত ছিল না। লিওনার্ডের মুথ কালো হয়ে উঠল। খুব ভালো করে ব্যুতে পারলে, বাইরে নিশানা না পড়লেও ক্রিসতফের অন্তরাকাশে চলছে যে তুফান তাকে শাস্ত্র-বাক্যের ফাঁকা নজীরে তাকে ঠাণ্ডা করা বাবে না।

ওর বুদ্ধির কষ্টিপাথরে যুক্তির নিরীথ চাই। অবহেলায় এও ভারতে

চাইলে, ছোকরা এরই মধ্যে স্বাধীন-চিন্তকের ভূমিকায় নেমেছে (এটি মানতে চাইলে না, যে তার মধ্যেও নিষ্ঠা থাকা সপ্তর)। যাই হোক উৎসাহ নিবল না। নৃতন-পড়া বিদ্যা দিয়ে স্থলে পড়া পুঁথির বিশ্বাকে শালিয়ে নিয়ে আর একবার আত্মার অমরত্ব আর ভগবানের অন্তিত্ব প্রমাণ করবার জন্ম কামর বাঁধল পূর্ণ উদ্পমে।

ক্রিসতফ বেন সমস্ত ইক্রিয় দিয়ে শোনে। কঠিন মনঃ-সংযোগের আয়াসে জ্র কৃষ্ণিত হয়ে ওঠে। এক বারে হয়না, বারে বারে ব্যাখ্যা করতে হয় লিওনার্ডকে। নিঃশব্দ উন্মথতায় ব্রতে, য়ুক্তি হাদয়শ্বম করতে চেষ্টা করে ক্রিসতফ; হঠাৎ এক সময় একেবারে বিশ্ফোরণের মত কেটে পড়ে 'ঠাটা •ঠাটা করছ! সব কাঁকী, বুজরুকী তোমাদের ধর্মের নামে। ওপর-পালিশ করা কথার বেসাতী সাজিয়ে আসল কাঁকি দিয়ে আওয়াজের চটকে মায়্রষ ভোলাবার ব্যবদা ধরেছ ভাবছ আমায়ও ভোলাবে—'

লিওনার্ড ঘাবড়ে যায়—জ্ঞানের ভাণ্ডার ওই পুঁথিগুলোতে মিথ্যে কথা! চোথে ধূলো দিয়েছেন লেথকেরা? কথনও নয়, হতে পারে না। ক্রিসতফকে বোঝাতে চেষ্টা করে শাস্ত ভাবে। ক্রিসতফ রেগে ঘাড় বাকিয়ে চীৎকার করে ওঠে:

'জালিয়াত, সব জালিয়াত—লেখা চাইনা—প্রমাণ চাই—নতুন প্রমাণ চাই—'

যারা জেগে ঘুময় তাদের যেমন জাগানো যায় না, তেমনি বুঝবে না বলে যারা পণ করেছে তাদের বোঝাবার চেষ্টা রুথা। তার চেয়ে থাক, যাঁর কাজ তিনি করুন। তাঁর যদি দয়া হয়, অবিশ্বাসীর হৃদয়ে বিশ্বাসের অমৃত আপনি ঝরবে। তাঁর ইচ্ছার বিরুদ্ধে কার সাধ্য মাথা তোলে! আর কথার মধ্যে না গিয়ে লিওনার্ড গুধু বললে: 'থাক ভাই এ পর্যস্ত। আর তো রাস্তা দেখছিনে। তুমি যখন বুঝবেই না, তোমাকে বোঝায় কার সাধ্য! তার চেয়ে ভগবানের কাছে প্রার্থনা কর। দেবার হলে তিনিই তোমায় আলো দৈবেন। প্রাণ দিয়ে ভক্তি ক'রে প্রার্থনা কর, তাঁর দয়া চাও। বলো, বিশ্বাস দাও, প্রভু, বিশ্বাস দাও। তুমি যে সত্যি বিশ্বাস করতে চাইছ, সেই ইচ্ছেটাই তাঁকে জানানো চাই যে—'

'ইচ্ছা!' বিরস মনে ভাবে ক্রিসতফ: 'আমার ইচ্ছা! আমার ইচ্ছায় হুনিয়া চলবে! ভগবানের থাকাটা আমার ইচ্ছা বলে তিনি আছেন! তবে আমার ইচ্ছে বলেই থেমে যাক মৃত্যু। দেখি একবার—'

হাররে, মিথ্যে নিয়ে খুশি হতে পারলে তো ভারী সহজ হয়ে যায় সব। আপন ইচ্ছের আলোয় পৃথিবীকে দেখতে পাওয়া বে ভারী আরামের! সাত-রঙ্গা স্বপ্নের জাল বুনে বুনে ঘুমিয়ে ঝিমিয়ে নির্ভাবনায় জীবন কাটানো—অমন অনায়াস আরামের শহ্যায় গুয়ে কাটাতে ক্রিসতফ পারবে না।

লিওনার্ডকে যেন নেশায় পেয়েছে। ও বলেই চলে। মনের মত কথা পেয়ে ও মুথর ইয়ে উঠেছে। ধর্ম নিয়ে কথা—এখানে ও নিঃশংক, আক্রমণের ভয় রাথে না। এ ওর নিরপেক্ষ ভূমি। একঘেয়ে কণ্ঠ আনন্দ আর পরিভৃপ্তিতে দানা বেঁধে ওঠে। ব্যাথ্যা ক'রে চলে ভগবদাশ্রিত জীবনের মাধুরীময় স্বরূপ। ওই পরম নিশ্চিত, পরম নিশ্চিত আশ্রয়ের আড়ালে ব'সে এই ক্লিষ্ট পৃথিবীর কোলাহল [ বলতে গিয়ে লিওনার্ডের স্বর ঘুণায় বিক্বত হয়ে ওঠে। কোলাহলকে ও ক্লিসতফের মতই ভয় করে] হুংখ, বেদনা, ক্ষণভঙ্গুরতাকে মনে হয় বছদ্র, অসম্পকিত, অপরিচিত। এই পৃথিবীটার কথাই তথন শান্ত ও শান্তি-ভরা চিত্তে ভাবা বায়।

ক্রিসতফ শোনে—দেখে, ভগবানের বেনামায় আত্ম-কেন্দ্রিকতার নগ্ন আড়দ্ব। পিওনার্ড চকিতে বুঝে নেয়। বলে: 'ভাবছ বুঝি, কুঁড়ের মত বসে বসে কেবল জাবর কাটা! না হে না—প্রার্থনা যে কত শক্তি ধরে, কত জীবস্ত তা তুমি বুঝবে না। হাতে পায়ে হৈ হৈ করে কাজ যা ক'রবে, এক প্রার্থনায় তার চেয়ে চের বেশী হবে। ওতে বিহ্যুতের তেজ। প্রার্থনা সর্ব-কল্যাণের দ্বার; প্রার্থনার হত্তেই তুমি সর্ব-ভূতের সাথে একাত্ম; প্রার্থনার মাধ্যমে মানব-জাতির পাপের প্রায়শ্চিত করছ তুমি; তার যত বোঝা সব হ'হাতে তুলে নিয়ে বুকের কাছটিতে আনছ টেনে। তোমার শক্তি, তোমার প্রতিভা প্রার্থনারই প্রভাবে বিশ্ব-কল্যাণে নিয়োজিত হচ্ছে। ওপরে ভগবান, নীচে এই ধূলোর সংসার। তুইএর মাঝখানের সেতু-বন্ধ হল প্রার্থনা।

উপচীয়মান বিরূপতা নিয়ে ক্রিস্তফ শোনে, অবাক হয়। মনে হয়, লিওনার্ড-এর এ সয়্যাসীর বেশ বিষম কাঁকি। স্বাই এমনি কাঁকির কারবারী এমন কথা ব'লে অবিচার করবে না ক্রিস্তফ। তবে খাঁটি ত্যাগী কোথায় আর! জীবন থেকে এই পলায়ন কারো কারো ক্রেতে বেঁচে থাকা কঠিন বলে; কারো কারো বা নৈরাঞ্ছে: আবার কারো বা মরণের টানে। আবেগের উন্মাদনায় [উন্মাদনা কতক্ষণ ?] যারা ঘর ছাড়ে তাদের সংখ্যা আরো কম। বেশীরভাগ মানুষই নিজকে নিয়ে এমনি ব্যস্ত, এবং স্থার্থের থোলসে এমনি হাত-পা গুটিয়ে আছে যে অপরের স্থ-ছ:থের কোনো প্রশান সেখানে পৌছোম না। কিন্তু খাঁটি মানুষও আছে, আদর্শের এ অপমানে তাদের বুক ভেক্টে যায়।

লিওনার্ড ভারী খুশি। ভগবানে আপনাকে সমর্পণ করে দিয়ে সেই
মহিমাময় উচ্চতা থেকে দেখলে পৃথিবীকে যে কত স্থলর আর কত
স্থসমঞ্জদ দেখায়—তাই ব্যাখ্যা ক'রে চলল প্রমোৎসাহে। নীচের

পৃথিবীতে কেবলই অন্ধকার, অক্সায় আর হঃও। কিন্তু সেই পৃথিবীকেই ওপর থেকে দেখো—কোথায় অন্ধকার! সবই আলোয় প্রদীপ্ত, প্রসন্ধ, স্থশংখল, স্থসমঞ্জস বিশ্বনিয়মে বাঁধা। কোনো গ্রন্থি শিথিল নেই; একেবারে ঘড়ির মৃত্ নিরেট শৃদ্ধলায় নিয়ম্ভিত।

অক্সমনস্কভাবে শোনে ক্রিস্তফ। সংশয় হয়, লিওনার্ড কি বিশ্বাস করে সত্যি? না, বিশ্বাস করে ব'লে বিশ্বাস ক'রে রেথেছে? কিন্তু তবু ভাঙ্গলো না ওর নিজস্ব বিশ্বাস, শিথিল হলোনা বিশ্বাসের জন্ম ওর আকুল আবেগ। সাধ্য কি, লিওনাডের মত সাধারণ মামুষ তার তুর্বল যুক্তি দ্বারা স্পর্শ করবে ওই মহামানস!

শহর ছেয়ে রাত্রির আঁধার নামে। ওদের চারপাশ সেই আঁধারে তুবে যায়। কালো আকাশে লক্ষ তারার দীপ জবে ওঠে। নদীর বৃক থেকে শুল্র কুহেলীর জাল অন্ধকারকে জড়িয়ে জড়িয়ে ওপরে ওঠে। সমাধি-স্থানটির গাছে গাছে ঝিঁঝিঁ পোকার একতান ঝংকার বেজে ওঠে। গির্জার ঘড়িতে প্রহর বাজে: এক তেই তিন চার পাট তেওঁ। গির্জার ঘড়িতে প্রহর বাজে: এক তেই তিন চার পাট তিত। প্রথম ধ্বনিটি স্থ-উচ্চ গন্তীর ঘোষে, যেন দোসর-হীন রাতের পাথী আকাশকে হেঁকে উঠল 'রণং দেহি।' তারই সাথে পূর্ণ সক্ষতিরেথে বাজল দিতীয়, তৃতীয় আর চতুর্থটি মৃহতর লয়ে। সর্বশেষ পঞ্চমটি গভীরতম স্থরে গভীর ক'রে যেন অন্ত ঘন্টাগুলোর ডাকের সাড়া দিলে। পাঁচটি বিভিন্ন ধ্বনি পরস্পরের সাথে মিশে এক হয়ে গেল।

গম্জগুলির নীচে উঠল এক বিরাট গুঞ্জন—যেন একটা মস্ত বড় মধ্চক্রের লাখো মৌমাছিরা চঞ্চল হয়ে এক সাথে গুনগুনিয়ে উঠল। বাতাস থরো থরো কেঁপে উঠল; ক্রিসতক্ষের বুক ছক্ষ ছক্ষ। নিশ্বাস বন্ধ করে ও শোনে··বিপুল বিশ্বের অগণিত বিচিত্র প্রাণীর বিভিন্ন বিচিত্র ধ্বনিগুলি একসাথে মিশে গেছে এক অপরূপ অসীম সঙ্গীতের পারাবারে।

বড় বড় ওপ্তাদের হাতের রচা সঙ্গীত কত তুচ্ছ এই স্থর-সমূদের কাঁছে। ্ ছাঁচে সাঁটা. মাফুষের বৃদ্ধির লেবেল-মারা, পোষ-মানা এই পৃথিবীটার পাশে সে এক উদ্ধাম, উচ্ছল, বাধা-বন্ধ-হীন, একেবারে স্বাধীন স্বচ্ছন্দ ধ্বনির-রাজ্য, অথশু. অসীম। ডুবে গেল ক্রিসতফ সে গভীরে।

গুঞ্জনটি ধীরে ধীরে থেমে গেল থেমে গেল বাতাসের শিহরণ 
ক্রিসতফের স্বপ্ন ভেলে গেল 
চম্কে উঠে চারদিকে চাইল , কিছু বুরতে পারল না কোথা দিয়ে কি ঘটে গেল। চিরদিনের চেনা পৃথিবী ষেন হারিয়ে গেছে। ওর অস্তর বাহির সব ওলট পালট হয়ে গেল এক লহমায়। চারদিকে সব কিছুর রূপাস্তর ঘটেছে ভগবান কোথাও নেই ।

জীবনে বিশ্বাস যেমন. আসে হঠাৎ-আলোর ঝলকানির মত, মহা-আকম্মিকের বিপুল আশীর্বাদের দান হয়ে, হারায়ও অনেক সময়েই তেমনি দ্বার-ভাঙা হঠাৎ-আলোর বক্সায় ভাসিয়ে দিয়ে; ক্ষতির বাহন না হয়ে তেমনি পরম লাভ তা. হঠাৎ আসে হঠাৎ চলে যায়
—পেছনে আশীর্বাদ রেখে। কোন যুক্তি-তর্ক দিয়ে তাকে ঠেকানো যায় না। মায়য় তার আপন জগতে হাসে, খেলে, কথা কয়, য়য় দেখে, বিশেষ কিছু আশা করে না। কিন্তু হঠাৎ এক টুকরো নীরবতা, ঘন্টার এতটুকু ক্ষীণ একটু ঠুন্ বা এমনিতরো অতি সামায়্য কিছু একটাই কোখা থেকে সে জগৎকে একেবারে ভ্রমিসাৎ করে দিয়ে যায়—চারধারে জমে ওঠে কেবল ধ্বংস-স্তুপ। মাঝখানে দাঁড়িয়ে সে একা, কোথাও কেউ নেই…কিছু নেই… যে-বিশ্বাসের ভ্রমিটতে দাঁড়িয়ে-ছিল, তার আর কোনো চিক্ত নেই…

ক্রিসতফ ভর পেশ 

কেবল ঘটল, কেমন করে ঘটল, কিছুই ব্রুতে পারল না

কেবল দেখলে ওর ভেতরে বান-ডাকা মরা-গাঙ

।

লিওনার্ড তখনও ব'লেই চলেছে—ঝি'ঝি' পোকার একটানা ডাকের চাইতে আরো একটানা একঘেয়ে স্থরে। ক্রিসতফ ষেন বধির পাষাণ'। রাত গভীর হল। থামল লিওনার্ড। বড় অস্বস্তি বোধ হ'তে লাগল ওর। মনে করিয়ে দিল, রাত হয়ে গেছে অনেক, ফিরতে হবে। সাড়া এল না; লিওনার্ড হাত ধরল, ক্রিসতফ কেঁপে উঠল; উদ্লান্ত বক্ত দৃষ্টিতে তাকাল ওর দিকে।

'বাড়ী চলো, ক্রিসতফ।'

'চুলোয় যাও।' ক্রিসতফ চীৎকার ক'রে ওঠল। ভয় পেল লিওনার্ড। ডাকল: 'ক্রিসতফ, ক্রিসতফ! কি হ'লো ভাই! কি অপরাধ করেছি আমি!'

জ্ঞানের রাজ্যে ফিরে এল ক্রিসতফ। অনেকটা স্থির কণ্ঠে বল্প :
'তাইতো। কি বল্ছি। না না চুলোয় নয়, চুলোয় নয়। ভগবানের
কাছে যাও, ভগবানের কাছে।'

ক্রিসতফ একা · · · বড় একা । অসহ যাতনা । ও যেন পাগল হয়েছে । ছুই হাত নিষ্ঠুরভাবে মোচড়াতে মোচড়াতে বিহবল দৃষ্টি আঁধার আকাশের দিকে মেলে দেয় । আর্ত কণ্ঠ রাত্রির বুকে আছড়ে পড়ে :

'ভগবান! ভগবান! কেন মানতে পারছিনে তুমি আছ! কেন এমন করে সমস্ত বিশ্বাস নিঃশেষে থোয়ালাম ? কেন ? কেন ? কে বলে দেবে, কেন ? একি হলো আমার…?'

ভাবতে পারা যায় লিওনার্ডের সাথে আজকের এই তর্কই ক্রিসতফের পরিবর্তনের মূল। কিন্তু ঘটনা ছটোকে তুসনা করলে বোঝা যাবে পরি-বর্তনের গভীরতা ও গুরুত্বের কাছে এ কত হুর্বল, কত তুচ্ছ। এমেলিয়ার দিনমান কোলাহলের কদর্যতা, এবং তার পারিবারিক সংকীর্গ অমার্জিত পরিবেশে থেকে ও অতথানি সংশয়ী হয়েছে একথা য়েমন বলতে পারিনে, তেমনি বলতে পারিনে ওই তুছে তর্কটাই এত বড় কাণ্ড ঘটিয়েছে। আঁসলে কারণটা আসেনি বাইরে থেকে। ওটা ছিল ভিতরেই। ওর নৈতিক জীবনে আলোড়ন একটা চলছিল ক'দিন থেকে। আজ কেবল উপলক্ষ্যগুলোকে হাতের কাছে পাওয়া গেছে। নইলে এত বড় অঘটন ঘটাবার সাধ্যি ছিল না ওই সামান্ত কথার! কদিন থেকেই টের পাওয়া যাছিল, অজানা, অচেনা কতগুলি ভয়ংকর কি যেন বুকের মধ্যে মাথা তুলছে। এই সংকটের সামনে গিয়ে বুক চিতিয়ে দাঁড়াবার মত সাহস খুঁজে পাছিল না অন্তরে। সংকট! সত্যি সংকট! সংকটকে শিয়রে নিয়ে ক্রিসতফ যেন মোহগ্রন্ত হ'য়ে রইল; কেমন একটা জড়তা, একটা প্রবল নেশা, একটা তীত্র-বেদনা ওর সর্ব সক্রায় ছেয়ে গেল। স্বাভাবিক বলিষ্ঠতা দিয়ে উঠে দাঁড়াতে চেষ্টা করল, কিয়্ব একেবারে ভেক্তে পড়ল লুটয়ে।

চেতনার দিগবালে অক্ষাৎ নব-স্বিতার উদয়-শিখার স্পর্শ লাগল।
নৃতন আলোয় চোথ মেলে দেখল ...বিপুলা পৃথিবী ...অগ্নিয়াতা ...প্রাণমদে তুর্বার ...আদি-অন্তহীনা ...স্বাং ভগবান কুক্ষিগত এ বিরাটের ...

এক নিমেষে ক্রিসতক্ষের পুরানো জীবনের ভারসাম্য বিপর্যস্ত হয়ে গেশ।

বাড়ীর মধ্যে যে মানুষটি এখনও ক্রিসতফের চোথে পড়েনি সে হচ্ছে রোজা।

রোজা স্থলবী নয়। ও বিষয়ে ক্রিসতফের ওপরও স্ষ্টিকর্তার তরফ থেকে কোনো পক্ষপাতিত্ব হয়নি। তবু অপরের রূপ স্থদ্ধে ওর বিচার ভারী কড়া। তরুণের দশ স্বভাব-ধর্মেই কুরপা মেয়েদের সম্বন্ধে সম্পূর্ণ নিবিকার, যতদিন না তাদের পুরুষের মন ভোলাবার वयम् हो। कार्छ। जथन जात्र (भारत काल नयः। (वन नामा हार्थ, শান্ত দার্শনিক দৃষ্টিতে তাকান চলে। রোজার তেমন বিশেষ কোন গুণ নেই। বুদ্ধি আছে। কিন্তু মুশকিল ওর রসনাট নিয়ে। ওই অতি সচল ক্লুদে বস্তুটিই ক্রিসতফের ভয়ের কারণ। রোজাকে জানবার চেপ্তাও কথনও করেনি ক্রিসতফ্। জানবার মত কিছু আছে বলে মনে হয়নি। কালে ভদ্রে এক আধবার চোথ ছুলে তাকিয়ে দেখেছে। ঐ পর্যন্ত। যাই হোক রোজা মেয়ে ভালো। অনেকের চাইতে ভালো। মীনার চাইতে ত্রেক ভালো। ছলা-কলা নেই, দেমাক নেই। ওর চেহারাটা যে ভালো নয় এ থেয়ালটা হয়েছে ক্রিস্তফ এ বাড়িতে আসার পর। আগে জানা থাকলেও এ নিয়ে মাথা ঘামায়নি। আত্মীয়-স্বজনদের দীর্ঘ-নিশ্বাস কখনও পড়ে থাকবে বা, কিন্তু রোজা অবহেলার হাসি হেসেছে। কথাটা প্রান্থের মধ্যে নেয়নি। হ'লই বা চেহারা ধারাপ; কুৎসিত (मार्यापत कि आद विराय हम ना ; ना जालावानात लाक जाए ना । কত বেশী কুৎসিত মেয়েরও তো কত বন্ধু আছে। শারীরিক ক্রটিকে জার্মানরা গ্রাহ্ম করে না, ওদের চোথেই পড়ে না সে সব। পড়লেও লোকসান নেই। ওরা কল্পনার চোথে প্রিয়ার মুথে রূপের সাগর দেখতে জানে—জানে কল্পনার তুলিতে স্বপ্নের বং লাগিয়ে কুরূপকে অরূপ করে তোলার যাহ। অয়লার বুড়ো অবলীলায় ব'লে ফেলতে পারে তার নাতনীর নাকটি 'জুনো পুডোভিসির' মত। তাতে অবাক হবার কিছু নেই। তবে অত মোলায়েম কথা সে বলতে জানে না এই রক্ষে। রোজা নাকের ব্যাপারে নির্বিকার। ওর এক মাত্র গুমোর, পবিত্র গাঁইস্থা

कर्छवा । निष्ठा निरम्न करत वार व विषय । अत निरम करात माधा কারো নেই। গুমোরটা খাঁটি। কারণ, এ বিষয়ে ও যা শেখে—ভব্জিতে শিরোধার্য করে। কদাচিৎ বাইরে যায়, পরিবারের স্বাইকে দেবতা র'লে মানে এবং তাদের প্রতি বিশ্বাসটা ওর অকুঠ। আপন কে ও সহজে ছড়িয়ে দিতে পারে; বিগাস করে সহজে; সহজে সন্তই; বাড়ীর নিত্য বাদলা আবহাওয়ার সাথে ওর তালটা ঠিক আছে। পারিবারিক আদর্শ ও নীতির পুরো ফিরিন্তি শ্রদ্ধা দিয়ে কণ্ঠস্থ করা। সর্বদা স্বার জক্ত ভাবে, সবাইকে খুশি করতে চেষ্টা করে, সবার হু:থে অংশ নেয়, সবার প্রয়েজন বোঝে ইঙ্গিতমাত্রে—এমনি ওর সজাগ দৃষ্টি। একাস্ত ক'রে ভালোবাসতে চায় প্রত্যাশা না রেখে। স্বভাবতঃই আত্মীয়ের দল এর স্থযোগ নিয়ে থাকেন। অবিশ্রি তাদের দরদ নেই তা নয়। কিন্তু যে-মাম্ব্র তোমার হাতের মুঠোয়, তার ভালোবাসা নিংড়ে নেবার লোভটা মাহুষের রক্তে। ওটা আদিম। আত্মীয়েরা জানে ওর ভক্তি ও সেবা প্রতিদানে ক্রতজ্ঞতার অপেক্ষা রাথে না। অতএব দেনা-পাওনার হিসেবটা হয় এক তরফা। ও যতই করুক তাদের দাবা বেডে চলে প্রায় চক্রবৃদ্ধি হারে। ওর স্বভাবটা কেমন এলোমেলো-সর্বদাই ব্যস্ত সমস্ত যেন কেট ওকে অনবরত তাড়িয়ে চলেছে। চলনটা শরীর তুলিরে ছুলিয়ে পুরুষালি চালে। মাঝে মাঝে ওর মনে অকারণ উচ্ছাস দেখা যায়—যার পরিণতি অধিকাংশ স্থলে কোনো না কেনো অঘটনে: ঝন ঝন কাঁচ ভাঙ্গলো, জগটা হাত থেকে পড়ে গেল, দরজাটাকে বন্ধ করল এমনি ধড়াগ ক'রে যে বাড়ী গুদ্ধ কেপে উঠল। বাড়ীর স্বাই মার-মুখো হয়ে ওঠে। বেচারা সর্বদাই গাল খায়, ধমকানী খায়। চূপ ক'রে এক কোণে গিয়ে কাদতে বসে। কিন্তু চোথের জল আর কতক্ষণ ?--হার্সি-কান্নায় ও যেন শরতের আকাশ। কারো ওপরে ওর রাগ থাকে না।

ক্রিসতফদের এ বাড়ীতে আসা রোজার জীবনে একটি ঐতিহাসিক ঘটনা। ক্রিসতফের খ্যাতিটা শহরে ছড়ান এবং এথানেও বছল আলোচিত। স্থতরাং রোজা ওর ক্থা বিশুর গুনেছে। বিশেষ ক'রে জাঁ মিচেল বেঁচে থাকতে নাতীর যশটা ফলাও ক'রে প্রচার করে গেছের সব চেনা-মহলে। খুদে ওস্তাদটিকে ছ'একটা জলসায় রোজাও দেখেছে। এত বড় বিখ্যাত মানুষটি এ বাড়ীর বাসিন্দা হয়ে আসছেন যথন শোনা গেল, আনন্দে নিজের বয়সের হিসেবটা ভূলে গিয়ে এমনি ত্বাত তুলে নাচল যে মা গর্জে উঠলেন। ও ঘাবড়ে গেল। ভেবেই পেল না কোনথান দিয়ে অসভ্যতা হল। অবশ্বি ভাড়াটে আসা-অত্যন্ত সাধারণ ব্যাপার। কিন্তু রোজার একঘেয়ে জীবনে সাধারণটাই অসাধারণ। শেষের কটা দিন ওর কাটল উদগ্রীব প্রতীকায় ছট্ফট্ क'रत । भारत भारत ভय ३'म, कि जानि শেষ পर्यस्त वाड़ी है। यिन अरनत অপছন্দ হয়ে যায়। প্রাণপণ-প্রদাধনে ঘরগুলোর চেহারা প্রায় অভিজাত হয়ে উঠল। ক্রিস্তফদের আস্বার দিন ভোর না হতেই এক গোছা ফুল এনে ম্যান্টেল্পীদের ওপর সাজিয়ে রাখলে স্বাগতের চিহ্ন হিসেবে, কিন্তু একবারও মনে হ'লোনা নিজের প্রসাধনের কথা। স্থতরাং প্রথম দর্শনেই ক্রিসতফের মনে হল ওর চেহারাটার মধ্যে দর্শনীয় কিছু নেই এবং বেশ-বাস্ও যা দেখল তাতে ওর পাকা ধারনা হল মেয়েটা জংলী। ও কথা রোজাও ক্রিস্তফের সম্বন্ধে বলতে পারত। কারণ সারাদিনের পরিশ্রমে ঘামে ময়লায় এবং বদলাবার সময় না হওয়ায় সকাল থেকে ওই একই পোষাক পরা ছিল। ফলতঃ ওটার যে দীন অবস্থা ক্রিসতফের কুৎসিত চেহারাটা তাতে আরও বেশী কুৎসিত হ'য়ে উঠেছিল। কিন্তু রোজার মনে অক্সের সম্বন্ধে কোনো প্রতিকৃত্ ভাবনা আসে না। স্বতরাং ক্রিসতফ সম্বন্ধে ওর আশা-ভঙ্গ হ'লো না

কোনখান দিয়ে। ওর মনে-আঁকা ছবিটিই বেন মূর্তি ৰ'রে সামনে এল এবং অভিনন্দিত হ'ল। খাবার টেবিলে ক্রিসতফের পাশে ব'সে কেমন বেন ঘাবড়ে গেল রোজা। এবং লজা ঢাকতে গেল কথা দিয়ে। র্ঝলে না কত বড় হুর্ভাগ্যকে বহন করে আনল স্বহস্তে। যে অমনি কাছে আঁসে পারত তাকে দূর' করল বাচালতা দিয়ে। কিন্তু সত্যটা ও জানতে পেল না। অতএব সন্ধ্যাটি হ'য়ে উঠল ওর কাছে অকুপম, আর স্বতির দেউলে তা বইল অনির্বাণ হয়ে জ্ব'লে।

খাবার পর সকলে ওপরে চ'লে গেল—ও নিজের ঘরে একলা ব'সে শুনতে লাগল ন্তন ভাড়াটেদের চলা-ফেরার শব্দ ; প্রতিটি শব্দ অন্তরে যেন বীণার ঝংকার হ'য়ে উঠল। মনে হ'ল বাড়ীখানায় সোনার কাঠির ছোঁয়া লেগেছে।

পরের দিন সকালে আয়নার সামনে গিয়ে দাঁড়াল। আজ এই প্রথম আপনাকে ও নিরীক্ষণ ক'রে দেখল। মনের মধ্যে একটা কাঁটা খচ্ক'রে উঠল। ওঁত-পাতা হুর্ভাগ্য দানবটা যে কত বড় চেতন মন না জানলেও অবচেতনে ধরা পড়েছে তা। মুখের প্রতিটি রেখা, প্রতি অবয়ব খুঁটিয়ে খুঁটিয়ে দেখে ভাবতে চেটা করল মুখখানা কেমন। মনটা বড় বিয়য় হ'য়ে গেল। একটা দীর্ঘসা বেরিয়ে এল এমনি করুণভাবে যেন বুকটা দীর্গ হয়ে গেল। একটা দীর্ঘসা বেরিয়ে এল এমনি করুণভাবে যেন বুকটা দীর্গ হয়ে গেল। একটা সংকটের ছায়া যেন ও দেখতে পেয়েছে। ভাবলে খুব ভালো করে প্রসাধন করবে। কিন্তু সংস্কৃত প্রসাধনেও মামূলীছের ওপর এতটুকু রং লাগল না। বরক্ষ স্বভাব-অপটুতায় প্রসাধন দাড়াল প্রহসনে; কুশ্রী চেহারাটা তার চিহ্ন বহন করে কদর্য হ'য়ে উঠল। হাল ছেড়ে দিয়ে ভাবলে, যাক্গে ছাই, চেহারা দিয়ে না হ'লো, মমতা দিয়ে ও ভরে দেবে ক্রিসতককে; ও কি জানে, ওভ ইছেটার মধ্যেও অগুভ ছিল প্রছয়!

সরল মনেই ওদের কাজে লাগতে চাইল। এবং সেই আগ্রহে রইল কাছে কাছে যাতে কাজের সময় থাকে হাতের কাছে। ওপরে নীচে ছুটোছুটি ক'রে নানান কাজ করে পরমোৎসাহে; এটা ওটা হাজার জিনিষ এনে ভূপ ক'রে কাজের বদলে অকাজ করে ; জোর করে লুইসার হাতের কাজ কেডে নেয়। আর সাথে সাথে চলে কথার ফোয়ারা, আকাশ-চমকানো হাসি আর চীৎকার। মা রাগ করে, চেঁচিয়ে ডেকে সারা হয়। মায়ের খর কানে গেলে মুহূর্তের জন্ত হয়ত থামে। ক্রিসভফ মুখ কঠিন ক'রে থাকে। ও পণ করেছে চটবে না, নয়ত হাজারবার ধৈর্যচ্যতি হত। দিন হুই কণ্টে সামলে রইল। তৃতীয় দিনে ঘরে দিল থিল এঁটে। রোজা ধাকা দিল, চেঁচামেচি করে ডাকল, তারপর ফিরে গেল হতাশ হ'য়ে। পরে এক সময় সামনা-সামনি হতে ক্রিস্তফ অজুহাত দিল— ভয়ংকর কাজ ছিল, গোলমালে লোকসান হ'ত বিশুর। রোজা নত মস্তকে বিনীত ভাবে ক্ষমা চাইলে। অতটা এগিয়ে যাবার সাহস করেছিল ও নিতান্ত সরল হাদয়ে, কোনো ছল কপটের ইশারায় নয়। কিন্তু হল -উল্টো। ক্রিসতফ দুরে সরে গেল। এখন ও আর বিরক্তি গোপন করার চেষ্টা করে না , মনেসভাবের অভিব্যক্তি প্রায় অসংযত। রোজা কণা বললে ইচ্ছে করেই শোনে না—মুখের রেখাগুলি কুঞ্চিত হয়ে ওঠে প্রকাশু ভাবেই। রোজা বুঝতে পারে, কঠিন পণ করে-আর বাচালতা কিছতেই নয়। বিকেল পর্যন্ত কাটে হয়ত ভালোভাবেই। ম্বভাবকে স্থ-ভাব দিয়ে কতক্ষণ ঠেকানো সম্ভব ? বালির বাঁধ ভালে-রোখা জল যেন আরও রুথে একেবারে হড়মুড় করে আছড়ে পড়ে, বছগুণ বেগে, বছগুণিত কলকলে। কথার ভিড় পেছনের ঠেলা থেয়ে একের পিঠে আর ছমড়ি থেয়ে পড়ে। মাঝ পথেই ক্রিসতফ মুথ ফিরিয়ে চলে যায়। রোজার রাগ হয় নিজের ওপর। এত বোকা? এত থেলো।

জ্বন্ধন পাগলের মত কাজ কেমন ক'রে করে ? জংলী, জংলী, একেবারে জংলী । ক্রিজের ক্রটিগুলো অনেকগুণ স্ফীতাকার হয়ে চোথের সামনে এসে হাজির হয়। ইচ্ছে হয়, ওগুলোকে টেনে ছিঁড়ে উপড়ে ফেলে ফুই নিছুর হাতে। হায়রে হায়, কোথায় পাবে অত শক্তি! চেষ্টা করতে খায়। কিন্তু প্রথম প্রয়াসই বার্থ হয়ে য়ায়। ভেতরটা হায় হায় ক'রে ওঠে। হবে না…হবে না নিকছুতেই পারবো না…ভেকে গেছি আমি। পরক্রণেই ভরসা ফিরে আসে নালাববো নালাববো আমি পারবো লা

এক শক্তকে না হয় পারল, কিন্তু শক্ত তো আরো আছে। ও যে কুরপ। এই শক্তকে ঠেকাবে কোন আয়ুধে ? এ শক্ত যে ওর কত বড়ো শক্ত, তা কি ও জানতো! বিনা-মেঘে বজ্র-পাতের মত সত্যটা সেদিন প্রকাশ হল আচম্বিতে। আরশীতে দেখছিল মুখ। নাকটাকে মনে হ'ল ভারী বেয়াড়া রকম বড়—গোটা মুখটা জুড়ে ওর বেদখলী ম্বত্ব একেবারে ক্মায়েমী। অবস্থি এটা ওর অতিরপ্তন। নাকটা ঠিক অত বড় নয়। শংকিত মনে জিনিষটার ছায়া প'ড়েছে আসলের দশ গুণ হয়ে। এই ছায়াটাই এখন ওর বাইরে মুখ দেখাবার পথ বন্ধ করার মত হলো। মনে হলো—মরিনে কেন ?

কিন্তু-যোবনের ঘর বাঁধা নিত্য-আশার প্রাঞ্গনে। সেথানে আলোছায়ার থেলা। তাই শেষ পর্যস্ত মনকে শাসাল চোথ লাল ক'রে—ভুল
দেথেছিস তুই। নাকটা বড় নয়। বেশ মানানসই হয়ে ঠিক
জায়গাটিতে বসে আছে। কথনও বা চোথে একটু রং লাগে, মনে হয়
নাকটার গড়নটিও বেশ। অজ্ঞান্তে কথনও শ্বতঃ-প্রেরণায় চুল আঁচড়ায়
কপাল ঢেকে; উদ্দেশ্য, মুখের অক্সান্ত অবয়বের অসামঞ্জন্তগুলোকে
আড়াল করবে। কাজটা কাঁচা হাতের হওয়ায় ফল হয় মুখ-

ভ্যাংচানোর মত। নেহাৎই ছেলেমায়রী বৃদ্ধির কাজ। পুরুষের মন ভোলাবার শিক্ষিত-পটুদ্বের নয়। কারণ পঞ্চশরের শাশ্বক তখনও লাগেনি ওর মনের আশে-পাশে। আপাততঃ ওর আকিঞ্চন সামায়— একটু সোহার্দ্য, একটু প্রীতি, দেখা হলে একটু সম্ভাষণ, দিনের শেরে প্রীতি-দ্রিশ্ধ একটু গুভ-সদ্ম্যা জ্ঞাপন; এটুকু পেলেই ও পরিতৃষ্ঠ। কিন্তু ক্রিসতফ রূপণ। এই সামায় দানেও ওর কার্পণ্য। গুধু তাই নয়—ও যেন হিম-শিলার প্রতিমা। দর্শনেই রোজা আড়েই হ'য়ে ওঠে। ক্রিসতফ ওকে কঠিন কথা বলেনি কথনও। ক্রিন্ত হায়রে কপাল! কেমন ক'রে বোঝাবে কি কঠিন, কি নির্ভূর ওই কঠিন মুখের নীরব তিরম্বার। এর চাইতে কঠিন কথা যে অনেক ভালো, অনেক কোমল।

সেদিন সন্ধ্যায় পিয়ানো বাজাজিল জিসতক। গোলমাল থেকে দূরে সরে চিলে-কোঠায় নিয়েছে আএয়। রোজা নীচে ব'সে শোনে। ওর হৃদয়ে দোলা লাগে। সঙ্গাতের ক্ষচি খুব মার্জিত না হলেও সঙ্গীত ও ভালোবাসে। যতক্ষণ মা ঘরে ছিলেন সেলাইয়ের ওপর শ্বইল ঝুঁকে। কিন্তু মন চলে গেল সেই চিলে-কোঠায়। মা যেন কোঝায় বেড়াতে বেরুলেন। সেলাই ছুঁড়ে ফেলে চলল সিঁড়ি বেয়ে। হুরু হুরু বক্ষে চিলে-কোঠার হুয়ারে এসে দাঁড়াল। নিখাস বন্ধ ক'রে কান পেতে দিলে। এমনিতে ও চলে—চলে না দৌড়য়, যেন বিশ্বের তাড়া রয়েছে ওর পেছনে। পা কোঝায় পড়ে তার হিসেব থাকে না; হু' তিন সিঁড়ি এক সাথে টপকে চলে। কিন্তু আজ্ব এসেছে আঁলুলের ডগায় ভর ক'রে আল্তো পায়ে, নিঃশকে। কিন্তু এমনি হুর্ভাগ্য, তন্মর হুয়ে ওনতে গুনতে, কথন পা গেল হুড়কে, দড়াম ক'রে মাথাটা ঠুকে গেল দরজায়। পিয়ানো ভন্ধ হুয়ে গেল। ও পালাবার পথ পেলে না। উঠতে যাছে, এমন সময়্ দরজা খুলে গেল। ক্রিন্সতক্ষ একটা অগ্নি-দৃষ্টি হেনে ছুটে

বোরয়ে গেল প্রায় ওকে থাকা দিয়ে। একটি কথা বললেনা, তুম্দাম ক'রে সেই 'যে নেমে গেল, ফিরল সেই খাবার সময়। টেবিলে এক জোড়া বেদনাভূর দৃষ্টিতে তথন নীরব মিনতি ঝরছে—'ওগো ক্ষমা করো, ক্ষমা করো মোর আয়োজনহীন পরমাদ…' নির্ভূর দেবতা ফিরে চাইলে না। ভলিটা এমন যেন হতভাগা মেরেটা যে ওখানে আছে তাও টের পায়নি। এর পর কয়েকটা সপ্তাহ পিয়ানো স্পর্শও করলে না। গোপনে নীরবে রোজার চোথে অফ্র ঝরল করেত এর তার হিসেব রাখে, আর কেই বা বোঝে! লক্ষাই করলে না কেউ ওর দিকে। তুর্ভাগা মেয়ের নীরব প্রার্থনা কেবল বাতাসে মেলে…। কিসের প্রার্থনা ও নিজেই কি তা জানে কেন আর কিসের প্রার্থনা! কিইবা ও চায়; কেবল নিজের ব্যথার বোঝা একজন কারো কাছে হালকা করে দেয়া…

আজ ও নি: সংশয় হ'লো ক্রিসভফ ওকে ঘুণা করে।

তবু আশা জেগে থাকে। যদি একটু ফিরে তাকায় সে—কিইবা এমন বেশী চার ও! সামান্ত একটু আগ্রহ—ওর কথা গুনে অমন মুখ ফিরিয়ে না নিয়ে, একটু দাঁড়িয়ে শোনা; করমর্দনের সময় হাতের ছোওয়াটি আফুটানিক না হয়ে সামান্ত একটু বিশেষ হ'য়ে ওঠা। আর… আর তো কিছু নয়! কিন্তু আত্মীয় স্বজনের মুখের কতগুলো বেকাঁস কথা রোজার কলনার পকীরাজকে উভিয়ে নিয়ে চলল উদ্ধাম হাওয়ায়।

মাত্র ষোল বছরের ছেলে। কিছু অমন স্থির গণ্ডীর, অমন কর্তব্যনিষ্ঠ ছেলের 'পর সকলেই আরুষ্ঠ হল। তারা ওকে শ্রদ্ধা করে। ওর কোপন-স্বভাব, থামথেয়ালী ধরণ, মুথ গোমরা ক'রে একলা একলা থাকা কিছুই এ বাড়ীর সাথে বেমানান হয়নি। শ্রীমতী কোগেলের মাপকাঠিতে গান গেয়ে, ছবি এঁকে বেড়ানো ওয়ালারা সব ভবদুরে হ'লেও ওকে সে কিছু বলেনা সাহস ক'রে। অস্তের ক্ষেত্রে অমন জানালার ধারে মৃতির মন্ত আকাশমুখো হ'রে সময় নষ্ট করাকে সে বরদান্ত করত নাঁ। কিছ ক্রিসতফের কথা আলাদা, কারণ বেচারা উদয়ান্ত খাটে এ থবর ওরা জানে। এই অসামান্ত দরদের গৃঢ় কারণ আরও একটা আছে যার জন্ত এ ছেলের মন জুপিরে চলা দরকার।

রোজা লক্ষ্য করেছে যধনই ও ক্রিসতফের সাথে কথা বলে, মা বাবার ব্যবহারটা অত্যন্ত রহস্তজনক হয়ে ওঠে। কি যেন কানাকানি করে তারা। প্রথমটা অত ধেয়াল হয়নি। কিন্তু ক্রমশঃই জানি কেমন কেমন লাগে। কৌতৃইল হয় জানতে, কিন্তু জিজ্ঞাসা করতে সাহস হয়না।

সেদিন বিকেল বেলা একটা বেঞ্চিতে উঠে কাপড় শুকানর দড়ি গাছ থেকে খুলছিল রোজা। নামতে গেল ক্রিসতক্ষের কাঁবে জর দিয়ে। বাবা আর দাছ ওদিকের দেয়ালে হেলান দিয়ে পাইপ টানছিলেন। চোঝে পড়ল, কি যেন ইশারা হ'লো চোথে চোঝে। কানে গেল: 'চমৎকার মানাবে ছটিতে।' দাছ বলছেন। কোগেল দেখলে মেয়ে কান পৈতেছে। চোঝের ইন্ধিতে থামিয়ে দিলে বৃহকে এবং কথা ঢাকবার জন্ম এত জোরে জোরে হঁ হঁ করতে লাগল যে গল্প বিশেক দূর থেকে ওটাই বেশী ক'রে শোনা যেতে লাগল। ক্রিসতফ পেছন ফিরে ছিল। কাজেই ও দেখতে পায়নি কিছু। কিছু রোজা এমনি অভিভূত হয়ে গেল যে নামবার কথা মনে রইল না। এবং তারপর তাড়াতাভি লাফিয়ে নামতে গিয়ে পাখানা বেকায়দায় পড়ে গেল মচুকে। ক্রিসতফ ধ'রে না ফেললে পড়েই বেতো। এই আনাড়ীপনায় ভারী রেগে গিয়ে খুব গাল দিল। চোট্টা লেগেছিল বেশ ভালো ক'রে, কিছু বিষতে দিলে না রোজা। নিজেই কি

ब्यारम ! अक्षे चारण त्याना-कथा क'छि गव हालिएस, गव वाथा ভূলিমে মনটা জুড়ে ওলটু পালটু হতে লাগল। ভেতরে এল হেঁটেই। প্রত্যেকটি পদক্ষেপে ব্যথা টন্ টন্ ক'রে উঠল। কিছ ও কঠিন হ'লো, পাষ্ট্রের ব্যথাকে মূথে ফুটতে দেবে না। সম্পূর্ণ অচেনা অপচ বড়ো মধুর এक है। च्यक्ति छेटबल ह'रा अटक विस्त्रल करत निर्देश। थार्डित शार्मत চেয়ারটার লুটিয়ে প'ড়ে বিছানার চাদরে মুথ ঢাকল। তুই গালের রক্তে আগুন জলছে, চোৰ ভরেছে জলে। ও ছেনে উঠল। ভারী লজা করতে লাগল—মাটি, দ্বিধা হও তুমি, ঢেকে দাও আমার লজ্জা তোমার অন্ধকারে 😶। ঘূর্ণি হাওয়ার ঝাপটা এনে সমস্ত চিস্তাগুলোকে যেন এলো-মেলো ক'রে ছড়িয়ে ছত্ত্রপান ক'রে দিয়ে গেল। রক্ত প্রবাহ হ'লো আখেরগিরির ফুটস্ত লাভা, পায়ে অসহু বেদনা—প্রবল জ্বর থেন খীরে ধীরে ওকে আচ্ছন্ন করতে লাগল।…রাস্তায় শিশুর দল থেলা করে. তাদের कन-काकनीর রেশ (शांत्राटि हरम कान्य चारत-- नव हानिस इहे कारनत मर्पा चात तुक कुए धनधनिरंत्र कितए नामन माइत মুখের কথা—শুধু মুখের কথা নয়, আনন্দের বাণী: ওর সভা জুড়ে তার উদ্ঘোষণা—বক্ষের দোলায়, হিল্লোলিত শোণিতে,'ঋঞ্জরিত সংবেদনে∙••

মুখে স্বিত হাসির আভা ফুটল...

আচ্ছাদনের একাস্তেও সরমের রাগে রাঙ্গা হ'রে উঠল কপোল। ভগবানের কাছে ক্বতজ্ঞতায় রোজা প্রণত হলো…

কামনায় বুক ভর্প•••

শংকার বুক ত্লল---

রোজা তালোবাসল…

মার ডাক কানে আগে। উঠতে চেষ্টা করে রোজা। তীব্র বেলনা চেতনা হরণ করতে চায়। মাথা খুরে ওঠে। ভয় হল, বুঝি আর বাঁচবে না। হোক তাই হোক্— মরণ আত্মক। না—না—মরতে পারবে না—। বাঁচবে নাবাঁচবে নাবাল আক্ষানি স্থাবিত ত্মধ্যের আশার ওকে বাঁচতে হবে না সমস্ত সন্তা আকৃতি হয়ে উধেব ওঠে না মা বরে আসেন নিজেই। এবং মৃহুর্তের মধ্যে সারা বাড়ী টগবঙ্গ ক'রে ফুটতে আরম্ভ করে। যথারীতি গালিবর্ষণ, তারপর ব্যাপ্তেক, তারপর শ্যা।

অপরপ রাত্রির নিবিড়ে বেদনা আর চিত্তের অরপ প্রানাদ মিলে যে আবেশ স্পষ্ট হলো তার বৃঝি তুলনা নেই। প্রিয় সন্ধ্যাথানির কুল স্থতি এক পৃত জ্যোতিতে ভাস্বর হয়ে চিত্ত ভরে দিল। আজ কোনো চিস্তার তরক নেই…এমন কি প্রিয়-ধ্যানও নেই…চিত্ত শুধু নিস্তরক প্রশাস্ত আনন্দ-বিশ্তার…জ্যোতিকের মত শুধু এই কথাটিই জ্বলছে সে আকাশে—আমি স্থনী।

পরের দিন ক্রিশতক এক শংবাদ নিতে। ও ভেবেছে অপরাধ ওরই। কথায় তাই মমতার স্থায়।

রোজা ভাবে, পা ভাঙ্গার ছলে এল ভগবানের আশীর্বাদ। অতবড় আশীর্বাদ যে নিয়ে এল, ধন্ত—ধন্ত সে। ধন্ত হোক হু:ধ, যদি এমনি স্থাধের মূল্য তার।

বেশ কিছু দিন ওকে ওয়ে থাকতে হ'ল। এবং এই পূর্ণ অবসর জুড়ে মাতামহের ইঙ্গিতটি অস্তরের মধ্যে তোলপাড় হ'লে থাকল। কি বেন বলেছিল বুড়ো? ওরা ছ'টিতে বেশ মানাবে? না, বেশ মানাতো? মানাবে? না মানাতো? কোনটা ঠিক? কি বলেছিলেন দাছ? হয়ত কিছুই বলেননি। না বলেছেন বই কি! নিশ্চয়ই বলেছেন। ঠিক ওনেছে ও…কিল্প...ওঁয়া তো জানেন ওঁদের মেয়ে কুৎসিত। এই কুৎসিত মুখটার দিকে ঘণায় ক্রিস্তক তাকায়ও না, একি জানে না ওয়া!…আবার আশা…আবার কুহকি…

না, কোথার তেমন কুৎসিত। নিজেরই চোথের আর মনের ভূল। '

সামনের দেয়ালে আরশী ঝোলে। উঠে বসলো তার সামনে। ছলের ? না কুৎসিত ! কি ? জানে না ক্রেডে পারছে না। চেহারা বেমনই হোক, বাবা আর দাছু তো বোকা নন, অন্ধও নন। তাঁরা ওর ধেকে ঢের ভালো বোঝেন। নিজের সম্বন্ধে নিজে কি সব ঠিক বোঝা যায়! কেউ পারে না। হায় ভগবান তেকটুথানি তেতটুকু ফলের হ'লো না কেন ? আছো, সত্যি কি ওর চেহারাটা খুব বেশী কুৎসিত ? মিথ্যে ভাবছে না তো! হয়তো যতটা ভাবছে ও ততটা বিরূপ ক্রিসতক্ষ নয়। ও ফলের হোক, কুৎসিত হোক, ক্রিসতক্ষের অবভি কিছু যায় আসে না। সে তো ওর সম্বন্ধে একবারে নির্বিকার। ও প'ড়ে যাবার পরদিনই যা একটু দরদ দেখা গিয়েছিল। কিন্তু কই, তারপর কতদিনের মধ্যে খোঁজও নিলেনা একবার। ভূলে গেছে হয়তো। না, না তেলেনি, ভূলতে পারে না। রোজা নিজেই ক্রিসতক্ষের পক্ষ সমর্থন করে। ভোলেনি। আসল কথা বেচারার সময় নেই। কথনই বা ভাববে! শিলীরা কি সাধারণ মাছুব! ওদের কতে। কাজ।

ফল-নিরপেক হয়ে ভবিতব্যের হাতে আপনাকে নিবেদন ক'রে দিয়েছে রোজা। কিন্তু তরু পথ চেয়ে থাকা, তরু সে কাছে এলে হুরু হুরু বক্ষে প্রতীক্ষা একটু সন্তাষণের একটুথানি কথার একটু তাকিয়ে দেখার । তারপর আছে রোজা, আর আছে তার বল্লা-ছেড়া কল্পনার পকীরাজ ।

প্রথমাবস্থায় প্রেম 'আপনাতে আপনি বিকশে'। তাকে পৃষ্ট করার
ক্ষম্ভ উপকরণের প্রয়োজন হয়না। আধো-নয়নে একটু বা তাকান,

চলতে চলতে একটু বা ছুঁরে যাওয়া- এমনি তার যাত্ব যে কল্পনার সাত্রকা ঘোড়াটা অমনি আকাশ-পাপারে ডানা মেলে ঝড়ের বেগে। তারি সাতরকা কোলুশের রাগ মনের মধ্যে হ'রে ওঠে অন্থরাগ; আর সামান্ত একটুকুকে উপলক্ষ্য ক'রে ডোবে আনন্দ-সাগরে। তারপর দিন যায়, যথন ধীরে ধীরে না-পাওয়ার আকৃতি মেলায় পাওয়ার পরিসমাপ্তিতে, দাবী আদায়ের মৃষ্টি হয় কঠিনতর, এবং ক্রমে সাধনার ধনটিকে পাওয়া যায় একেবারে বুকের কাছে; তথন চেষ্টা ক'রেও আর সে হিল্লোলিত আনন্দথানিকে পাওয়া যায় না।

রোজা নিজের মনের মত ক'রে তার রোম্যান্সের জ্বগৎ রচনা ক'রে নিলে। এবং কখন যে স্বার মাঝখান থেকে সরে এসে আশ্রয় নিলে তারি একান্তে, সে ধবর কেউ রাখলে না। নিভূতে বলে তুলিতে স্বপ্নের রং লাগিয়ে লাগিয়ে আঁকতে লাগল ছবি—ক্রিস্তফ ওকে ভালোবাসে; কিন্তু লজ্জায় অথবা অন্ত কোনো কারণে তা রয়েছে গোপন, অন্তরের নিভূতে। 'অন্ত কোনো কারণ'-গুলোকে ও নিজের মনে ভাঙ্গে আর গড়ে সম্ভব আর অসম্ভবের মশলায়। ওপক্ষের সমর্থনে কথনও বা কারণের নামে আংঁদ রোম্যান্সে রাঙ্গানো কতগুলো অকারণই। এতেও ওর আনন। ও জানে এ ওর খেলা, অত্যন্ত ছেলেমাছুষী খেলা। কিন্তু এই জানাটাকেই ও চোধ লাল ক'রে ংমকে মনকে চেঁচিয়ে বলতে চায় 'আমি জানিনে, জানিনে।' বাড় হেঁট ক'রে সেলাইএর ওপর স্ট চালায় আর মিধাের জাল বােনে দিনের পর দিন। তারি ব্যক্তভায় ও যেন কথা কইভেই ভূলে গেল। নদী যেন অকন্মাৎ অন্ত:সলিলা হ'ল। এবং মাটির বুকে তার প্রতিশোধের ব্যত্যম হলোনা। ওর অস্তরের অক্সম্র ভাষাহীন কথা আর নিজেরই সাথে অহনিশ অহুচ্চার আলাপন ও ছাড়া আর কেউ শুনলেনা; কেবল তার আকৃতিতে ওর ঠোঁট ছটি কেঁপে কেঁপে

নড়তে লাগল যেন কি'একটা ভালো ক'রে বুঝবার জ্বন্ত অক্ষর গুলো একটা একটা ক'রে বানান করে পড়ছে।

তারপর এক সময় স্থপ্ন মিলিয়ে গেল। স্থপ আর বিষাদের আলো-স্থান্থায় চিন্ত আলিম্পিত হল। বাস্তব জগৎটা পরিশ্রুত চোথে ধরা দিল। বুঝলে একটু আগে যে-সব ছবি এঁকেছিল তার রং কাঁচা। কিন্তু চোথের রং ঘুচলেও মনের মধ্যে তার প্রতিফলিত রেশটি ঘুচল না। এবং নিজের জীবন সম্বন্ধে আশ্বাসটা হ'লো বিশ্বাসে দৃঢ়তর।

পণ করলে ক্রিসতফের হাদয় জয় করবেই। সাধনা শুরু হলো। কিন্তু কণাটা নিজের কাছ থেকেও গোপন রাখতে চাইলে। গভীর প্রেম হ'তে যে সহজ বুদ্ধির জন্ম তাই প্রেমকে পথ দেখায়; তারি ইঙ্গিতে ও একেবারে সোজাম্বজি এসে প্রেম-পাত্তের সামনে হাজির হ'লো না। ভালো হ'মে হাঁটতে আরম্ভ করেই ও লুইসার দরবারে গিয়ে ভিডল সামাক্তম অজুহাতকে অবলম্বন ক'রে। হাজার অবকাশ জুটিয়ে এনে লুইসাকে সাহায্য করে; নিজে বাইরে গেলে নেই সাথে তার কাজও সেরে चारमः ; माकान-वाकात करत-नत्रमञ्जत कतात वक्याती (धरक नूरेगा বাঁচে; পাম্প থেকে জল ভূলে এনে ঘর পুছে দেয়, জানলা-দরজা ঝাড়-পোছ करत । लूरेमा मतरम मरत यात्र । कि मामरन थाकरन ७ घानर যায়। কাজ গোলমাল হ'য়ে যায়। রোজাকে হাজার নিবেধ করে। কিন্ত ভনবে কে ? বেশী জোর ক'রে বলতে পারে না লুইসা—ওর প্রান্ত দেহে মনে জ্বোর করার মত জ্বোর নেই। তা ছাড়া রোজাকে পেন্ধে পুইসা যেন বেঁচে গেল। বড় একলা লাগত। মনে হ'ত স্বাই যেন ওকে এক তেপান্তরের মাঠের মধ্যে একা ফেলে চলে গেছে। এই বাচাল মেয়েটির দরদ-ভরা সাহচর্য তাই ওর বড় ভাল লাগে।  গল্প-গল্পৰ করে। খুরিমে ফিরিয়ে কৌশল ক'রে ক্রিসতফের কথাকেই গল্পের মধ্যে জড়িয়ে রাথে। ক্রিসতফের নামের ধ্বনিটুকু ওর মনকে পালিত করে। হাত কেঁপে যায়। সেলাইর ওপর আরো বেশী ক'রে ঝুঁকে পড়ে। লুইসা ছেলের কথা বলতে পেয়ে যেন স্বর্গ হাতে পায়। ছেলের বৈশাবের ইতির্ভ বলতে গিয়ে মুখর হয়ে ওঠে। ছোট বড় নানা অর্থহীন খুঁটিনাটি ও এমনি আনলের উচ্ছোসে ব'লে যায় যা অন্ত লোকে শুনলে হয়তো হাসবে। আর ষেই হাত্মক লুইসা জানে রোজা হাসবেনা। তাই ও নির্ভয়।

ভনতে ভনতে কিশোর ক্রিসভফ রোজার চিন্ত-পটে প্রমৃত হ'রে ওঠে অজপ্র তৃষ্টুমি আর বিচিত্র বাল-দীলায়। নারী-জনরের সহজ্ঞ বাৎসলা আর কিশোর অম্বরাগ এক সজে মিশে গিয়ে অম্বনম হয়ে ওঠে। মধুর রস উচ্ছিতে হয় চিন্ত জুড়ে। রোজা উচ্চুসিত হ'য়ে হাসে—জল ছল ছল করে চোঝে। হাসিতে অশ্রুতে মিশে যায়। এমন আপন হ'য়ে কাছে এল রোজা, লুইসার হলয় মমতায় ভরে ওঠে। মনে হয় মেয়েটার বুকের ভিতরটা যেন ও স্পষ্ট দেখতে পাচ্ছে, কিন্তু মুখে কিছু বলেনা। এক এক সময় ভর হয়ে কেবল মুখের দিকে চায় আর ভাবে হতভাগিনীকে বুঝলোনা আর কেউ। হঠাৎ কথা বল্ধ হওয়ায় অবাক হয়ে যায় রোজা, ঝাঁপিয়ে প'ড়ে লুইসার বুকে মুখ লুকয়। কয়েক মুহুর্ত পরেই আবার চলে কাজ আর কথা যেন কিছুই হয়িন।

সন্ধ্যাবেলা মা এসে বসে ছেলের পাশে। আলাপের প্রায় সবটাই জুড়ে থাকে রোজার প্রশংসা—কতক ক্বতজ্ঞতায় বা কতক অন্ত গোপন অভিপ্রায়ে। রোজা মায়ের নৈঃসঙ্গ ঘুচিয়েছে এতে মনে মনে কৃতজ্ঞ হয় ক্রিসতফ। বন্ধবাদ দেয় রোজাকে। ভারী বিব্রত হয়ে ওঠে ও এবং ছুটে পালিয়ে যায় তা লুকবার জন্ত।

বাচাল রোভার চাইতে বাক্-সংঘতা রোজা যেন আরও ব্যক্ত হয়ে উঠল। ক্রিস্তফের এখন ওকে আগের চাইতে অনেক বেশী বৃদ্ধিতী, অনেক বেশী বৃদ্ধিবতী বলে মনে হয়। ওর দিকে তাকাতে গিয়ে দৃষ্টি এখন বিরাজ্ঞতে কুঞ্জিত হয় না। আর এখন ও ৼয় তাকায় না, নিরীক্ষণ করে: রোজার যে-সব গুল এতদিন ওর চোথে পড়েনি, এখন তারা ওয় দৃষ্টিগোচর নয়, দৃষ্টির সম্মথে দল মেলে। ভারী অবাক্ লাগে। ওর চোথে মুখে তার বাজনায় বোজা যেন খবর পায় কঠিন তুবার-শিলায় হয়্য-কিরণের পরশ লেগেছে। হালয় হলে ওঠে, বুঝি ওই তুবার গলা পথেই আসবে প্রেম। কয়নায় রম্ব উধাও হয়ে ছোটে দিক্ বিদিকে। আশার উজ্ঞান টেউ বারে বারেই যেন বুকের তটে ঘা দিয়ে ব'লে যায়—'ওরে, হবেই হবে; তোর সব-টেলে-দিয়ে-চাওয়া-মানিক তুই পাবিই পাবি।' আর কেনই বা পাবেনা! এই চাওয়ার মধ্যে অম্প্রচিত তো কিছুই দেশতে পাছেন না ও! ক্রিস্তফ বুঝবে না কি তা? আর সে ছাড়া ওর ভেতরের মাম্বটিকে কেই বা চিনবে আর ?

এনিকে ক্রিসতফ কিছু রোজার কথা মনেও আনে না। ওর শ্রদ্ধায় রোজা আছে, চিন্ধায় নেই। অবকাশও নেই ওর। বহুতর বিষয় নিয়েও ব্যাপৃত, বিব্রত। তা ছাড়া ক্রিসতফ এখন আর ক্রিসতফ নেই, একেবারে আলাদা একটি মামুষ, নিজের কাছেও সম্পূর্ণ অপরিচিত। ও আজ স্পষ্টির মহাবেদনাকে বক্ষেধারণ ক'রে আছে। ওই বেদনার সংঘাতে ঘটবে মহাপ্রলয়…সব ভেসে, ভেঙ্গে, গুড়িয়ে নিশ্চিক্ হয়ে যাবে।

বড় শ্রাস্ত ক্রিসতফ স্মানের মধ্যে অকারণ অস্বস্তি। মাধার ওপর যেন এক বিপুল পাহাড় চেপে আছে। চোধ, কান, সর্ব ইচ্ছিয় শুক্ত হুঁয়ে দাঁড়িয়ে কেবলি যেন কাঁপছে কোন মন্ততায়। চিন্ত অস্থির, বিষয় হতে বিষয়াস্তরে নিরস্তর ছুটে চলেছে এক বিচিত্র বস্থতায়। প্রবল রক্ত-শোষী জবে ওর ধমনী-জাল বিভক্ত; অস্তরে অবয়বহীন অচেনা কতগুলি ছায়া বেন ছট্ফটিয়ে মরছে। মনে হল—প্রথম বসস্তের উন্মাদনা। কিন্তু বসস্ত গেল, গেল না ছটফটানি। দিনে দিনে উপচীয়মান্ত্র প্রমন্ততার ক্রিস্তফ বিপর্যন্ত হ'তে লাগল।

কবির কাব্যিক ভাষ্যে এ হ'লো বয়:-সন্ধির ধর্ম; তক্ষণায়মান দেছে মনে পঞ্চশরের স্থান্থি হতে জাগরণে উত্তরনের অবস্থা। কিন্তু এতবড় একটা সংকট—যথন বিচূপিত মানব-সতা মৃত্যুর মধ্যে নিঃশেষ হ'য়ে গিয়ে সম্পূর্ণ নৃতন ক'বে জন্মলাভ করে; তার সর্ব বিশ্বাস, কর্ম, চিন্তা, এমন কি জীবনকে অবধি প্রচণ্ড আঘাতে সম্পূর্ণ নিশ্চিক্ত ক'বে দিয়ে আবার আনন্দ বেদনার ঘূর্ণাবর্ডের মধ্যে নৃতন ক'বে আত্মার জীবনায়নের এই যে এত বড় বিপ্লবের অধ্যায় এ কি বাল-চাপলা বলে লঘু করার বস্তু!

ক্রিসতফেব সমস্ত দেহ মন ভরংকর উত্তেজিত। সংগ্রাম-শক্তি
নিংশেষ। এখন কেবল দেখা। বিরস চিত্তে কৌতৃহল চরিতার্থ করা।
মানস ক্ষেত্রে কি যে ঘটছে তার কোনো নিশানা পায় না। দেহমনের সাথে চেতনা থেন বিচ্ছির। মোহগ্রস্ত তক্রার ঘোরে দিন কাটে।
কাজ-কর্ম হ'য়ে উঠছে অত্যাচার; রাত্রির নিক্রা খণ্ডিত, বিশ্রী ভীষণ
শ্বপ্র ও উগ্র কামনায় আবিল; ওব অভ্যন্তরে যেন একটা উন্মত্ত জাল্তবতা
দাপাদাপি করছে। নিজের এই চেহারাটা দেখে ভয়ে ও শিউরে ওঠে।
বুকটা যেন দাউ দাউ ক'রে জলে। ঘামে নেয়ে ওঠে স্বাঙ্গ। প্রাণপণ
চেষ্টা করে এই অগ্রচিতা হতে মুক্ত হ'য়ে লাত শুল হতে। অবাক
হ'য়ে ভাবে পাগল হবেনা তো।

দিনেও বর্বর চিস্তাগুলি সারাক্ষণ মনের মধ্যে কিলবিল করে।
আত্মার গভীরতম গভীরে তাকিয়ে দেখে সেখানে অতল নিক্য কীলো

चक्कात, ७ छनिएत याटक राष्ट्रे चक्ककारत। खाँकरण शरत चाब्रतका করার মত কোনো অবলম্বন নেই। অন্ততঃ মাঝপর্থেও পতন ঠেকাবার মত কোনো আশ্রয় নেই। পতনের পথ সম্পূর্ণ নির্বাধ। আজ কে রকা করবে ক্রিসভফকে ! পারলে না ভগবান, পারলে না শিল্প-সাধনা, পারলে না ওর মর্যাদা, পারলে না ওর বিবেকী মন। চার পরতের পাঁচিলে গাঁথা চুর্গটা পারলে না তার নিরাপদ আশ্রমে ওকে নিরাপদ ক'রে রাথতে। সব ভেঙ্গে পড়ল ওকে একেবারে নিরাবৃত ক'রে দিয়ে। ভগবান হারিয়ে গেল ... শিল্প, মর্যাদা, বিবেক-নিষ্ঠা-সব এক এক ক'রে চুরমার হয়ে গেল। অশক্ত দেহটা যেন উলক শৃংথলাবদ্ধ হ'য়ে পচা পোকা-পড়া গলিত শবের মত ধুলোর বুকে রইল পড়ে। থেকে থেকে বিদ্রোহের আগুন ধক ধক ক'রে জলে ওঠে ওর মনে। কোপায় গেল ওর লোহার মত ইচ্ছা-শক্তি! বুপাই পুঁজে ফেরে ও হারানো ধন। ঘুমস্ত মামুষ স্বপ্ন দেখতে বুঝতে পেরে যখন জাগার চেষ্টা করে, তখন শীসার ঢেলার মত গড়িয়ে গড়িয়ে কেবলি স্বপ্ন থেকে স্বপ্নাস্থরে গিয়ে পড়ে। এবং সেই প্রয়াসটা ক্রমশঃ যেন বুকের ওপর চেপে বলে, যেন টুটি চেপে ধরে। ক্রিসতফের শৃংধলিত আত্মারও খেন নিশ্বাস রুদ্ধ হ'য়ে এল। অসহ যাতনা। ওর মনে হল লড়াই না ক'রে হাত পা শুটিরে নিলে অস্ততঃ এত যাতনা ভোগ করতে হয় না। স্থতরাং স্থির করলে আর 'বৃদ্ধং নৈব নৈবচ'। এবার অদৃষ্টের হাতে আত্ম-সমর্পণ।

কিন্ত জীবনের প্রশাস্ত সমতা ভেকে গেছে। পা পিছলে পড়ল ভ্গভেঁর বিরাট গহবরের একেবারে অতলে, এবং নিঃশেষে হারিয়ে গেল সেই নিঃগীম তমিস্রায়। তথনই আবার বিপুল বলে এক ঝটকায় বেরিয়ে এল আলোয়। ওর দিনগুলি হল শিথিল-গ্রন্থি, পরস্পার বিজিল্প। দৈনন্দিন জীবনের মস্থা সমতলে হঠাৎ দেখা দের বিরাট ফাটল, গ্রাস করতে চার ওকে সমূলে। দর্শকের মন্ত ক্রিসতফ দূরে দাঁড়িয়ে এ দৃশ্য দেখে, এমনি নিরাসক্ত জাতব যেন ওর সাথে এ স্বের কোনো সম্বন্ধ নেই। ওর চোথে কি এক নেশার ঘোর লেগেছে। কোনো বস্তু, কোনো ব্যক্তি কাউকেই যেন চিনত্নে পারছে না; এমন কৈ নিজকেও না। কোনোকালে এদের যেন ও দেখেনি। কাল করে ম্বরং-ক্রিয় যন্ত্রের মত। ওর মনে হয় চক্র বিকল হয়েছে; জীবনের রথ যে-কোনো মৃহুর্তে থেমে যাবে। থেকে থেকে স্ব যেন একেবারে ধৃ ধৃ শৃত্যভায় হা হা ক'রে ওঠে। হয়ভো খাবার টেবিলে সকলের মাঝে রয়েছে, কিংবা রয়েছে সঙ্গীতের আসরে উচ্ছৃসিত শিরী ও শ্রোভার ভিড়ে: হঠাৎ মন্তিকের ভিতর কোথেকে নেমে আসে সেই শৃত্যভা; চারপাশের কলরব-মুথর মাছ্র্যন্তার দিকে অর্থহীন দৃষ্টিতে চেয়ে খাকে নির্বোধের মত। কিছু যেন বোধগম্য হয় না। নিজকেই শ্রেম করে:

'কি ভফাৎ এই লোকগুলার—'

বলতে চায়: 'ও আমার মধ্যে।' সাহস হয়না।

কি ক'রে বলংদ, 'আমার মধ্যে!' ও কি আছে! হয়তো আছে, হয়তো নেই। জানে না ঠিক। কথা যথন কয়, মনে হয় সে বয় ওয় নয়। নড়ে চড়ে তেও নড়া চড়াও যেন ওয় নয়। আনেক দ্রে, আনেক ওপরে, হুর্ম-হুর্ন-শিধরের হুর্মিগমা উচ্চতায় দাঁড়িয়ে ও েনা ও নয় তথারেক জন, নড়ছে না, ওই নড়াচড়া দেখছে। নিজের মুধে হাত বুলিয়ে দেখে বারে বারে ত। চোধের দৃষ্টি শূন্য, বিভ্রান্ত। না ঠেকালে মাঝে মাঝে এমনি কাজ ক'রে বসত যা বয় পাপলামির সামিল।

বিশেষ ক'রে সাবধান পাকতে হয় যথন বাইরে লোকজনের মধ্যে থাকে। হয়তো কোনো সন্ধ্যায় রাজ-বাড়ীর সন্ধীত আসর অথবা অঞ্চ

কোনো সার্বজ্ঞনীন অমুষ্ঠানে গেছে—হঠাৎ ওর হুর্দমনীয় ইচ্ছে হয় স্বাইকে মুধ ভেংচে দেবে, অথবা গালি দেবে অতি কদর্য ভাষায়; নয়তো ডিউকের নাকটা থিম্চে দেবে, আর নয়তো মহিলাদের কাউকে মারবে কু'ষে এক লাথি। আর একদিনের এক আসরে হয়ত ভিতরে ভিতরে 'ক্ষেপে উঠল, তক্ষুণি সকলের সামনে বিবন্ধ হবে। হুর্দমনীয় যান্ত্রিক ইচ্ছা। অমামুষিক শক্তি দিয়ে তাকে যত ঠেকাতে যায় ততই যেন আরো প্রবল হয়।

এ অবস্থাটা কেটে গেলে দেখা যায়, ঘেমে নেয়ে উঠেছে এবং মনের জাগতে ধৃ ধৃ করছে মরুভূমির শৃন্ততা। স্তিয় যেন পাগল হ'য়ে যায়।

অমনি ক'রে রাত দিন চলল যথন তথন অসংযত, উচ্ছুংথল উন্মাদনা, কলে কলে অতল শৃতাতায় আঁকুপাঁকু। মকভ্মিতে আঁধি ওঠে প্রেন্থর হতে ! বিকল-করা হুর্লান্ত আঁধি। ধরিত্রীর কোন অন্ধকার গহরর হতে ! কোথায় ছিল এই তীত্র কামনার দল যা হিংস্র নধরাঘাতে ওর দেহ-মনকে ছিল্ল ভিন্ন ক'রে দিলে! ও যেন কোন শক্তিধর হাতের মুঠোয় একখানা বাঁকান ধছক, ভালার সীমায় দাঁড়িয়ে—এই বুঝি ভাললো। কি উদ্দেশ্য হাতের, আর কিই বা উদ্দেশ্য অমন ক'রে ধছকখানাকে পীডন করার! কিন্তু ধছক ভাললোনা; প্রবল বেগে ছিট্কে উঠে শুক্নো দারু খতের মত মাটিতে প'ড়ে রইল। হাতখানা কার, জানে না, জানার সাহস নেই। কিন্তু এ যে হার! একেবারে হার-মানা-হার! এক বড়ো পরাজয়কে কেমন ক'রে বইবে! ক্রিস্তফ বীত-শক্তি, প্রান্ত, অবসন্ধ; ওর মেরুদণ্ডই ভেলে গেছে। সত্য-পরাশ্বধ ব'লে এতকাল যাদের ও ঘুণা করেছে, আজ তাদের ও বুথতে পারলে।

কর্মহীন অব্দুসভার মধ্যে বদে বদে মনে পড়ে সময় ওর প্রতীক্ষায় থেমে নেই। কত কাজ জন্ম জমে পাছাড় ছ'লো…ওর

ভৰিয়াৎ তারি আড়ালে অন্তগামী। তয়ে শিউরে ওঠে; ধমনীতে নামে হিম-প্রবাহ। কিন্তু ঐ পর্যন্ত। আর কোনো প্রতিক্রিয়া দেখা গেল না। ভীরুটা বর্তমানের এই শৃষ্ঠতাকে খাঁটি বস্ত বলে মরিয়া হয়ে আঁকিড়ে ধরতে যায় এবং প্রাণপণে সাফাই থোঁজে। শৃহ্যতার মধ্যেই ঝোড়ো সমুদ্রের বুকে ভাঙ্গা জাহাজের মত ভেসে থেতে কেমন বিচিত্র উল্লাস লাগে। আর ও সংগ্রাম করবে না: প্রতিরোধ করবে না। কি হবে সংগ্রাম ক'রে ? কেন শক্তিকর ? কিসের তরে ? কি আছে ? কিছু त्नरे···७७ त्नरे···च्यमत त्नरे···न्ने चत्र त्नरे···त्रे मखा । अथ চলতে চলতে হঠাৎ মনে হয় পায়ের তলা থেকে মাটি সরে গেল। চারদিকে শৃষ্ঠতা উঠল ওম্ থম্ ক'রে ... কোপাও কিছু নেই ... না মাট, না জল কা আলো কা ক্রিসতফ। কাৰা টলে পা টলে। আর দাঁডিরে পাকতে পারে না। মাথাটা কেবল সমস্ত দেহকে মাটির দিকে টানে। চেতনা বিলুপ্ত হতে চায়। শুধু চেতনা নয়, বিলুপ্ত হ'য়ে যাবে এবার ক্রিসতফ। মৃত্যু ওই বুঝি আদে, শোনা যায় বুঝি তার পায়ের ধ্বনি ••• भाना यात्र...७ वे जन चारतत कारङ... এरकवारत वरकत व्यानिकान। ক্রিসতফের মনে হ'ল এই আলিঙ্গনে ওর অবসান হয়ে গেল—ক্রিসতফের মুত্য হল।

এবার পুনর্ভবন। নৃতন স্বকোশগমের সমারোহ ক্রেনির উদয়দিগস্তে নবীন মানস-সন্তা প্রভাসমান। শৈশবের পুরানো জীর্ণ, দীর্ণ
মানস্থানি যথন ঝরে ঝরে পড়ল, তথন ও কি স্থপ্রেও ভেবেছিল ওই
ঝরে-পড়ার ডমক বাজিয়ে যে এল সে আরও নবীন,—আরও তরুণ, বীর্ষ
তার থরতর! জীবন ভরেই তো এই রং-ফেরানোর পালা। চলার
স্থরে স্থরে দেহের সাথে মানসেরও নিরস্তর রূপ হতে রূপান্তর। কিন্ত
এই রূপান্তর সর্বদাই অনেক দিন ধরে অনেক ক্রেমিক-প্রায়ের ভর

ভালতে ভালতে চলে না। কথন আচম্কা কোথা থেকে কি যে আগুন জলে ওঠে, চোথের নিমেবে আগা-গোড়া সব একেবারে নৃতন হ'রে যার। বয়:-সন্ধি পার হয়ে গেলে তবে আসে আত্মার নব-জন্মের এই শুভ লগ্ন। তার যে-রূপথানি বরে পড়ে তার আর কোনো চিছ্ন থাকে না। এমনি ভয়ংকর সংকটের সে-কাল যে মনে-হয়, সব গেলো, সব গেলো, একেবারে কিছু আর রইল না। কিন্তু আশুর্টা তাকিয়ে নেথি, 'সারা' নয় 'শুরু'। একেবারে গোড়া থেকে শুরু। একটি জীবন গেলো, কিন্তু মৃত্যুর নীল বাশীতেই বাজলো নব-জীবনের আলোর রাগ।

রাত হর্নেছে। ক্রিসতফ নিজের ঘরে একলা ডেল্কের ওপর কমুইখানি রেথে ব'সে। একটি মোমের বাতি জলছে সামনে। পিঠ রয়েছে জ্ঞানালার দিকে। অমনি বসে আছে বিনা কাজে; পারছে না কাজ করতে গত কয়েক সপ্তাহ ধরেই। মাথার মধ্যে সব কিছু যেন প্রবল ভাবে ওলট পালট হচ্ছে। ধর্ম, নীতি, শিল্প, মামুষের জীবনে যা কিছু আছে সব কিছুর চলছে বিশ্লেষণ; কিন্তু চিন্তা-ধারা স্কুল্ব, পরিশ্রুত নম—উদ্দাম, উচ্ছৃংখল। পড়ার নেশাঘ পেয়েছে। ঠাকুর্নার ছোট পাঁচমিশেলী লাইব্রেরী আর ফোগেলের ভাণ্ডার থেকে ধর্ম, দর্শন, বিজ্ঞান হাতের কাছে যা পায় টেনে নিয়ে বসে। অনধীত, অনধিগত বিষয়বস্তা ব্যুত্তে পারে না। ক'টা পাতা উল্টিয়ে উঠে পড়ে। মন ভোলাবার জন্ম নানান থেয়ালে মাতে। কিন্তু মন ভোলেও না ভরেও না। শৃক্ষতা ওঠে হা হা ক'রে; অবসাদ আসে ছেয়ে; তীব্র বেদনায় হুদয় আর্ডনাদ ক'রে ওঠে।

আৰু এই অবস্থাটা হয়েছে আরো তীব্র। প্রাস্ত দেহে তন্ত্রা এসেছে ছেনে। স্বাই সুমিয়েছে। সারা বাড়ী নিঝুম। একটি নিঃখাসেরও শব্দ আগছে না কোনোধান থেকে। জানালাটি ধোলা: আকাশে ঘন-মেঘ; ক্রিসতফের শৃষ্ণ দৃষ্টি জলম্ভ মোম-বাতিটির দিকে। জ'লে জ'লে ওটা প্রায় শেষ হ'য়ে এসেছে। মন একেবারে চিন্তাহীন, নিথর শৃষ্য। ভাববার শক্তি নেই। হঠাৎ মনে হ'ল--ওই শৃক্ততা যেন ক্রমেই ফুলে কেঁপে ছড়িয়ে পড়ছে…শৃক্ততার বিরাট গহবরটা বিপুল আকর্ষণে ক্রিসতফকে একেবারে প্রান্তে নিম্নে এ**ল।** মুখ ফেরাতে চায়, ওই ভয়ংকর হিংস্র অন্ধকারটাকে দেখবে না। কিন্তু অদৃশু হাতের টানে চোথ অন্ধকারের দিকেই ফেরে...অজ্ঞাতসারে জানালায় ঝুঁকে প'ড়ে দৃষ্টি প্রসারিত করে দেয়। দিগস্ত-বিসারী শুস্তিত তমিল্ল-পুঞ্ল· উধ্বে, নিমে, অত্যে, পশ্চাতে বন্ধন-বিহীন, সীমা-বিহীন শৃষ্ঠতা-তারি বুকে যেন নিঃশব্দ নিথর প্রশায়-তমিন্তার মধ্যে সৃষ্টির প্রথম স্পন্দন · · ভান্ধকারের বুকে অসংখ্য বিচিত্র অম্পষ্ট গুঞ্জরণ। প্রচণ্ড যাতনায় অমুভূতি নিঃসাড় হ'য়ে এল : মেরুদণ্ড ব্যাপ্ত করে তীত্র শিহরণ প্রবাহিত হ'ল ; ছকে যেন কোট-কোট হুচি-ভেদ হতে লাগল। মাথা ঘুরে উঠল—টেবিলটা ধ'রে নিল সামলে। তারপর উদগ্র, উন্মন্ত প্রতীক্ষা—কোন অজানিতের আক্সিকের, অভাবনীয়ের, অনির্বচনীয়ের, অর্লোকিকের-হয়তো বা কোনো ঐশ-আবিভাবের...

পিছনের আঞ্চিনায় আচখিতে যেন স্নু ইন্-গেট ভাঙ্গা বেনো জলের বিপুল বেগ আছড়ে পড়ল প্রচণ্ড গর্জনে। মুবল-ধারে এসেছে রৃষ্টি—বড় বড় কোঁটায়, ধারাসারে। তারি শব্দ। শুরু বাতাস কেঁপে উঠল। শুক্ন কঠিন মাটি রৃষ্টি-ধারার আঘাতে বাজতে লাগলো যেন ঝন্ ঝন্ ক'রে। প্রতথ্য মাটির বিপুল গন্ধে জন্ধর নিখাসের উঞ্চতা; গমকে গমকে উদ্ভূত হ'ল ফুলের স্থবভি, ফলের স্থবাস আর কামনা-আতুর দেহের উন্তাস রৌজ-পুলকিত ছলেনে।

তখনও সম্পূর্ণ কুহকে আবিষ্ট ক্রিসতফ · · · কেঁপে উঠল থর্ থর্ ক'রে। ষুহুর্তে ছিন্ন হলে। গুঠন…। বিহ্যবৃদ্ধানে বিদীর্ণ তমসার কাকে ক্রিসতফ পড়ল অগ্নাক্ষর। অমৃত বাণী •• ''সোহহং।" দেখল, ভগবান বহিবিখে নেই। সেই অমৃত বাণীর সাথে ক্রিসতফের সমগ্র সন্তায় প্রতি-ধ্বনিত •হ'ল 'সোহহ্ম্, সোহহ্ম্'---প্রত্যক্ষ কর্ম •আপনার 'অনাদি-মধ্যান্তং, অনন্তবীর্ষং, স্বতেজসা বিশ্বমিদং তপত্তং' বিরাট স্বরূপকে, যা कत्कत कृष्ट भतित्व विश्वल क'त्त्र, छाम विमीर्ग क'त्त्र, गृश्-(वर्ष्टमीरक চরমার ক'রে, সভার পরিসীমাকে অতিক্রম ক'রে, 'গ্রাবাপুথিবীর' অন্তরকে আর সকল দিককে আপনার এক-সতা দ্বারা পরিব্যাপ্ত করল। বিশ্ব-চরাচর পার্বত্য-বক্যার বিপুল বেগে ওই মহা-স্তার অভ্যন্তরে প্রবাহিত হ'ল। ভয়াল ঘূর্ণী বায়ুর আবর্তে প্রকৃতির সমস্ত বিধান গুরু তুণের মত উডে নিশ্চিহ্ন হয়ে গেল েনেই ঘুর্ণী বায়ুর উৎক্ষেপে ভয়ে এবং আদলে ক্রিস্তফ ছিট্রে এসে পড়ল বেগোনাদ জীবন-মদ-মন্ত, বিশ্ব প্রবাহের ধারায়। নিশ্বাস রুদ্ধ হ'য়ে এল ক্রিসতফের। সোহহন্! সোহহন ! চোথের নিমেষে ঈশ্বছে রূপায়ন ! ক্রিস্তফ স্বয়ং ঈশ্বর । তীত্র স্থরার নেশা লাগে --- ঈশ্বর --- সে এক ব্যাদিত-মুখ বিরাট গহরর ---চুম্ভর সাগর অস্থার বহিন, জীবনের প্রমত ঝঞ্চা সেই তো জীবনের রুদ্র-রূপে পাগল প্রেম ... তুর্বার, তুঃশাসন, লক্ষ্যহীন—যা সমস্ত যুক্তির উধ্বের্, সমস্ত নিয়মের উধ্বে।

মোহাবেশের অবসানে ঘুমিরে পড়ল ক্রিসতফ। গভীর সুষ্প্রি। বহুকাল এমনি গভীর নিলো হয়নি। পরের দিন ঘুম ষ্থন ভালাল, উঠতে পারলে না, মাধা ঘুরছে, সর্ব দেহে যেন তীব্র নেশা-শেষের প্রাপ্তি। কিন্তু ওর অন্তরের নিভূতে বিগত রাত্রির আঁধার-জ্ঞালান আঞ্চনের একটি শিখা তথনও জ্ঞলছে। ইচ্ছা হ'লো আজু আবার সেই আগুন জনুক, তেমনি জলদটি-শিথায়; তেমনি ক'রে আর একবার তার বিরাট রূপের আবির্ভাব হোক। কিন্তু ইচ্ছা মাথা ঠুকে মরল'—যতবার ধ'রতে গেল—সে আলো হ'য়ে উঠল আলোয়। ক্রিসতফ পাগল হ'য়ে উঠল—সর্বশক্তি দিয়ে সাধনা হল শুক। কিন্তু আত্মার এই পরম্ব অন্তুতি—সে ভোঁ অভাবনীয়ের, আক্মিকের দান—শুধু হাতছানিতেই তোমার ধারে আস্বে—সে কি সেই বস্তু!

না, তবু নিঃশেষে হারালোনা। বারে বারেই সেই অতীক্রিয় রোমাঞ্চের ক্ষণটি এল, বহুবার ইন্দ্রিয়াতীতের দ্বারও খুলে গেল। কিন্তু আনন্দ থাকলেও খুঁজে পাওয়া গেলনা তার আগুনকে, যা গুধু একটি বার কদ্র-রূপে দেখা দিয়েছিল। এখন মাঝে মাঝে গুধু ঝিলিক দেখা যায় একেবারে অপ্রত্যাশিত 'মুহুর্তে-একটি পলক মাত্র-পলকই বা কেন তার সহস্রতম ভ্রাংশ, অথবা ধরো তোমার হাতটা তুলতে যেটুকুলাগে দেটুকু সময় মাত্র, তারপর, কিছু হৃদয়দ্দম হবার আগেই সেঝিলিক মিলিয়ে গেল। অবাক হ'য়ে ক্রিসতক ভাবে 'ম্বপ্ন ফ, মায়া মু, মতিভ্রম ফু!' সেদিনকার আকাশ-জালানো আগুনের কাছে এই ঝিলিমিলি গুলো আলোক-সাত ত্রসরেগ্র নৃত্যের মত—গতির পথে ফুলিক ছিটকিয়ে যায় এমনি বেগে, যে চোথের গোচর হবার আগেই তারা চোথের আডাল হ'য়ে যায়।

যায় বটে, কিন্তু আবার আসে, বারে বারে, ফিরে ফিরে। এবং ক্রমে এই আসা যাওয়াটা এত ঘন ঘন হ'তে লাগল যে অবশেষে মনে হ'ল অজানা স্বপ্ন দিয়ে গাঁথা এক জ্যোতির্মালা নিরন্তর ওকে জডিয়ে আছে। এবং এই স্বপ্নের আগুনেই ওর আত্মা গলে রূপান্তরিত হ'য়ে চ'লল। সারাদিন ডুবে থাকে ও 'ওই আবেশে', এবং সামান্ত ব্যাঘাতেও একেবারে ক্রেপে ওঠে। কাজে মন ক্রিস নানা

চিন্তা তাই ছেড়ে দিলে। মান্থযের সক্ষ ছঃসহ হ'মে উঠল—বিশেষ ক'রে স্বজনের; কারণ, ওরা বাঁধে এবং বাঁধে দাবীর জোরে।

অতএব বাইরে বাইরেই ওর দিন কাটে। ঘরে ফেরে রাত হ'লে।
অ্রণ্য-প্রান্তরের নিরালাকে খুঁজে নিয়ে তাতেই ডুব দিলে; এবং
যে-সব বাতিকগ্রস্ত গোঁড়ার দল কেবলি ছুৎমার্গ বাঁচিয়ে আদর্শকে রাখতে
চায় সিন্দুকে পুরে, তাদের মত ও ওই নিরালা গণ্ডুষ ভরে পান করতে
লাগল।

বিশ্বপ্রকৃতির বিরাট মহিমা, উন্মৃক্ত বায়্র উদার-দক্ষিণ মাধুরী, মাটির স্থিধ স্পর্শ ওর সমস্ত উন্মততায় প্রশান্তি বুলিয়ে ওর মনের চৌদিকের প্রাচীর ভেঙ্গে একেবারে আকাশ ক'রে দিলে।

আজ বিপুলতর আনন্দ ওর অন্তরে। কিন্তু এ বিকারের প্রমন্ততা নয়—স্থু, জীবনোপলন্ধির উন্মাদনা। দেহে মনে শক্তির মদির-গন্ধে আজ ক্রিস্তফ যেন 'কল্পরী-মূগ-সম' পাগল হইয়া বনে বনে ফেরে।

যেন ন্তন শৈশব—ন্তন ক'রে পৃথিবীকে দেখা। দেখা নয়, আবিদ্ধার। যেন যাহকরের যাহ্মন্ত্র উচ্চারিত হল, "দ্বার খোলো", আর অমনি ভ্বন পশ্লিত হ'লো, বিশ্ব-প্রকৃতির নন্দিত থক্ষ থেকে 'আনন্দম্' এই ধ্বনি উধ্বে উঠল সহস্র শিখায়; হর্য উপচীত-তেজে টগ্রগ্ক'রে ফুটতে লাগল; আকাশ তরল হ'য়ে নদীর মত ধেয়ে চলল; পৃথিবী যেন মেতে উঠল, তার উচ্চুসিত আনন্দ-ধ্বনির ঝংকার উঠল দিকে দিকে। ক্রিসতফ দেখল যত বৃক্ষ-লতা, কীট-পতন্ধ, পশু-পক্ষী জীবন-বহ্নির এক একটি প্রজ্বলিত জ্যোতির্ময়ী শিখা। ভীমবেগে তারা ভর্লায়িত ছন্দে উধ্বলাকে উঠছে। প্রতি বন্ধ, প্রতি ধূলিকণা, জল স্থল আকাশ বাতাস ভ'রে গান গেয়ে উঠল। সেই উদান্ত ঐকতান আনন্দ-সন্ধীতে বিশ্ব ভ্বন হ'ল মুখ্রিত।

এ আনন্দকে লাভ করল ও একেবারে নিজের বুকের মধ্যে। শক্তি ছড়িয়ে পড়ল ওর কোষে কোষে। বুঝা এ-বিশ্ব হতে বিচ্ছিন্ন কোন পৃথক সতা ও নম্ব—বিশ্ব-সতারই একটি কণা। এ পৃথিবীর আত্মীয় নয় ওধু, এর সাথে সম্পূর্ণ একাতা। এতদিন ও সংসারকে দেখেছে একেবারে আলাদা একটি বস্তু বলে। এমন কি শৈশবের সেই অবাক হয়ে পৃথিবীকে দেখার যুগেও প্রাণীগুলিকে প্রাণী ব'লে মনে হয়নি ; মনে হ'য়েছে নিজের নিজের দেহের সীমায় ঘেরা অতি বিকট, অতি ভয়ংকর, অতি রহস্তময় এক একটি স্বয়ং-সম্পূর্ণ পুরোপুরি আলাদা এক একটা জগং—একটা পৃথক সন্তা। এই জগংগুলোর সাথে যেন ওর কোপাও কোনো যোগ নেই। তখন ভাবতো—এদের চেতনা নেই, অমুভূতি নেই—বিচিত্র যন্ত্র-বিশেষ এরা। স্কতরাং শিশুস্থলভ নিষ্ঠুরতায় ও পোকা-মাকড় ধ'রে তাদের অক-প্রত্যক ছি'ডেছে—যাতনায় কেমন ক'রে দেহগুলি মুচড়িয়ে, পাকিয়ে বাঁকা হ'য়ে গেছে—দেখভে ওর ভারী ভালো লেগেছে। কখনও মনে হয়নি হুর্ভাগাদের ব্যথা লাগে। একদিন বাধা দিয়েছিল মামা গতক্রিদ্। স্বভাবত: শান্ত স্থির প্রকৃতির মানুষ্টা সেদিন ভারী বিচলিত হ'য়েছিল। ক্রিসতফের হাত থেকে তার শিকার নিলে ছিনিয়ে। প্রথমে হাসতে চেষ্টা করল ক্রিসতফ, কিন্তু মামার মূখের রেখাগুলি যাতনায় এমনি করুণ হয়ে উঠল যে ওর চোথে জল এল। সেদিন ও বুঝলে ওরই মত এরাও ব্যথা পায়। এবং ভয় পেল, অসহায় বোবা প্রাণীগুলোর উপর এতদিন ধ'রে এত অত্যাচারে কত না জানি পাপ জমেছে। এবার অত্যাচারটা थामन वर्षे , किन्न ७३ भर्छ। ममठाशीन व्यवहना व्यात छेपारखन নেপথ্যে হতভাগ্যের। ঠেলা বইল। এমন কি যন্ত্র ছিসেবে ভিতরকার कात्रीकृती (मधात को कूरमहूकुछ तरेमना! वतक जीव-जहुत कथा

ভাবলে গাটা কেমন কাঁটা দিয়ে ওঠে—ওগুলো যেন তুঃস্বপ্ন এক একটা ! কিন্তু আবার সব বদলে গেল আগা-গোড়া ! এই অতি কুদ্র নগণ্য কুংসিত কীটামুকীট গুলিই আজু আলোর উৎস হ'য়ে উঠল।

গাছের ছায়ায় ঘাসের বুকে উপুড় হ'য়ে গুয়ে নিবিষ্ট হ'য়ে দেখে, কান পেতে দেয়—ঘাসের মধ্যে কত অসংখ্য কীটের বিশাল রাজ্য-গাছে গাছে পতক্রুলের বিচিত্র ধ্বনির অস্পষ্ট গুঞ্জন । নিবাক বিস্ময়ে দেখে— পি পড়ের দলের ত্রন্তব্যস্ত উত্তেজিত ছুটোছুটি - লম্বা-পা-ওয়ালা মাকড্সা গুলির নাচের তালে হেলে হলে চলা…গঙ্গা-ফড়িংএর দল লম্বা ঠ্যাং দিয়ে পাশ কাটিয়ে কাটিয়ে যেন ল্যাং মারতে মারতে চলেছে ... থপথপে মোটা মোটা গুবরে পোকার দল ভারিক্কী চালে আনাগোনা করছে…। এ ছাড়া আরো কত অসংখ্য রকম রং বেরং-এর পোকা…। ওই একটা, গোলাপীতে সাদায় মেশান তুলতুলে পালিশ করা গা ••• আরো কত ••• কত। স্থান্ধি পাইন গাছটার চারদিকে লুটিয়ে পড়া হুর্য-রশিকে ঘিরে ঘিরে অজানা পতক্ষের দল উন্মত্ত হয়ে নৃত্য করছে...ক্রিসতফ বাছর ওপর মাথা রেথে চিৎ হয়ে শোনে তাদের প্রমন্ত গুঞ্জনের অদেখা ঐক্য-তান সঙ্গীত · · শোনে মশার মিহি তীক্ষ স্বরের গুন্গুনানী, বোলতার অর্গ্যানের মত মিঠে গম্ভীর গান, তরু-শিরে বল্য-মৌমাছির মধুহীন ধাতব ঝংকার --- হাওয়ায় মাথা তুলিয়ে তুলিয়ে গাছেদের ফিদ্ফিসানী --- শাখায় শাখায় পাতায় পাতায় বাতাসের কালা ে হিল্লোলিত তণদলের বুক থেকে ওঠে কোমল অরূপ ভাষা—হ্রদের স্বচ্ছ বুককে তুলিয়ে-দেওয়া দখিন বাতাসের নিঃশাসের মত, হুকুল বসনের আলতো খস্থসানীর মত, পাশ-দিয়ে-চলে-গিয়ে হাওয়ায় মিলিয়ে যাওয়া প্রিয়া-পদ্ধবনির মত।

মনে হয়, এই ধ্বনি-পুঞ্জ ওরই বুকের ভাষা । কীটাফু হ'তে আরম্ভ ক'রে বিরাট-কায় মহা-প্রাণী পর্যন্ত সকলের মধ্যে একই প্রাণ-স্থোত। সেই বিশ্বব্যাপী অনর্জ প্রাণ-প্রবাহে সেকলের সাথে মিলে ক্রিসতফও সাঁভার কাটে তেও ওদের আপন জন, ওদের একজন। একই শোণিত স্রোভ বইছে দেহে তেওকই নাডীতে বাঁধা জীবন। ওর আনন্দ বেদনার বিশ্বেষ আনন্দ বেদনার প্রতিধ্বনি। সহস্র জ্বধারা যেমন নদীকে পুটু ক'রে তারই ধারায় মিশে ত্রকাত্ম হ'রে বায়, তেমনি এই প্রাণী জগৎ হ'তে উচ্ছত শক্তির প্রস্রবণ ক্রিসতফেরই প্রাণ-শক্তিকে পরিপুট ক'রে তারই কোষে কোষে মিশে আছে।

ক্রপণ হৃদয়টা জানালা ত্য়ার আঁটা বন্ধ ঘরের মধ্যে ব'সে ইাপাজ্ঞিল এতদিন। পাগল হাওয়া আগল দিলে তেঙ্গে, হাওয়ার দাপট লাগল এসে মুখে, বুকে, চোখে। হাওয়ার জ্বোরে ফুসফুস হুটো টনটনিয়ে উঠল যেন ফেটে যাবে চৌচির হ'য়ে।

এত বড কাঞ্চা ঘটল একেবারে চোখের নিমেষে।

এতদিন নিতান্ত আকিঞ্চনের মত কেবল নিজের অন্তিষ্টুকুকে ঝোলায় পুরে সামলাতে ছিল ব্যক্ত। তাই ওর চতুর্দিকটা ছিল বিষম ফাঁকা। কিন্তু ঝোলাঝুলি সব ফাঁক হ'য়ে গেল—সামলানো ধন কথন যে গ'লে গ'লে বেবাক প'ড়ে গেল তা ও টের পায়নি। আমিটাকে একেবারে ডালি দিয়ে যথন হান্তা হ'লো, দেখলে চারপাশের ফাঁকাটা বেবাক জুড়ে বিশ্ব-ভূবন দাঁড়িয়ে আছে। মনে হল—আজ ওর তমসা হ'তে জোতির্গমন, মৃত্যু হতে অমৃত্যন্তে উত্তরণ। দেখলে অসাম প্রাণন্পারাবার কুল ছাপিয়ে থৈ কৈরছে। স্বার সাথে ঝাঁপাই খেলার ডাক তার ঢেউয়ে ঢেউয়ে।

থর-স্রোতে ভেসে গিয়ে, উত্তাল তরক্ষের ঝাপটা বুকে মুখে নিয়ে, ওর মনে হ'ল আজ ওর বাঁধন থসল। কিন্তু এ যে বাঁধন-থসার ছুলে বাঁধন-আঁটা, এ কথাটা ওকে ব্ঝতে হ'লো পরে। বুঝতে হ'লো সবাই বাঁধা, কেউ মুক্ত নয় এ-সংসারে, একটি প্রাণীও নয়। বিধের বিধানও আপন নিয়মে বাঁধা। বােধ হয় কেবল মৃত্যুর বাঁশীতেই তার সে বন্ধন-মোচনের মন্ত্র।

জিসালিস তার ডানা মেলে নির্বাত অন্ধকার হ'তে আলোয় এল।
মুক্তির আনন্দে সে উঠল মেতে। নব-রূপায়িত অল-প্রতাল মেলে
দিলে, মুক্তির মদিরা পান ক'রবে সর্বান্ধ দিয়ে। ছোট কারাগার ছেড়ে
বড় যে-কারাগারটায় এল, তার আয়তন হিসেব করার সময় আজ তার
কোণায়!

সময় চলেছে এখন নৃতন ছলে। ফিরে এল শৈশবের সেই সোনা-ঝরা অন্তির, রহস্তময়, মুক্ত দিন; ধে-দিন প্রথম বিশ্বয়ে ও পৃথিবীকে দেখেছিল, প্রতিটি বস্তকে আবিষ্ণার ক'রেছিল। উদয়ান্ত-বিলম্বী, দীর্ঘ বিসারী মরীচিকার মধ্যে ও সারাদিন ঘুরে বেড়ায়। সব কাজকর্ম বিসর্জন সেই কর্তবা-নিষ্ঠ বিবেকী ছেলে—অমুস্থতার কারণেও যে কোনো দিন একটি অর্কেষ্ট্রা একটি সঙ্গীতের আসর বাদ দেয়নি, সে এখন কেবলি ছুটির ছল থোঁজে। মিধ্যাকে ভয় করে না; মিথ্যে কথা ব'লে অমুতাপ হয় না। কর্তব্য, নীতি প্রভৃতি যে-সব ওজনে-ভারী শাস্ত্রীয় বিধানকে জীবনের বিধান ব'লে খুশি হ'য়ে শিরোধার্য ক'রেছিল, আজ ওর কাছে তারা সব মিথ্যে হ'য়ে গেল। **अकृ** जित्र मारथ मःघार हुन ह'रब राम माकू रिवर मामत्त्र स्मोह-मण्ड। হুত্ব বলিষ্ঠ সংস্কার-মুক্ত নিজন্ধ প্রকৃতি, সেই তো মানুষের সত্য ধর্ম। কত বুদ্ধি দিয়ে, কত কোশলের তৈরী মান্তবের ওই মিথ্যে বিধি-নিষেধের ফাঁস। এই মিধ্যের বেসাতিকেই জগৎ সংসার নীতির রংএ সাজিয়ে জীবনের সারাৎসার ব'লে প্রচার করে। হাসি পায়, ত্ব: খও হয়। বিরাট বিশ্ব-স্থৃতির মাঝে মামুষ ক্ষুদ্র পি পড়ে; এক একটা

উঁই চিবির মত। কিন্তু জীবন দগুধারী—মাহুষের গুমর ভেক্টে তার চোথ খুলে দিয়ে তবে ছাড়বে। সে কি অমনি ছেড়ে দেবে ? জীবনের রথ আনমনে আপন পথে চ'লে যায়,—কিন্তু সব কিছু আপনি ভেসে যায় সেই পথে··।

ক্রিসতফের দেহ-মনের ত্বশৈ ছাপিয়ে ওঠে তার শক্তির ক্ষুরণ। এক এক সময় ও সর্বনাশা হ'য়ে ওঠে—সব উড়িয়ে পুড়িয়ে গুড়িয়ে, ষে-শক্তি ওর অভ্যন্তরে ডানা ঝট্পটিয়ে মরছে তাকে করালিনী করে তুলতে চায় শাসন-হীন অন্ধ প্রমন্ত পছায়। প্রতিক্রিয়া আসে তেমনি ভয়ংকর। মাটিতে আছড়ে পড়ে, কাঁদে, চুল ছেঁড়ে—কামড়ে আঁচড়ে খাব্লা খাব্লা মাটি তুলে খায়; মাটির মধ্যে নিজকে মিশিয়ে দিতে চায়। ভিদ্নাম কামনায় ওর সারা দেহ খর থর ক'রে কাঁপে।

বেড়াতে বেড়াতে একটা জন্ধলের ধারে গিয়ে পড়ল ক্রিসতফ সেদিন সন্ধ্যায়। আলোর সাগরে চক্চু ছটি যেন অবগাহন করতে লাগল, মাধা ঘুরে উঠল। যে পুলকোৎসারের রাগে ভবন রান্ধা হয়, রূপ হয় অপরূপ, সে-পুলক-হিল্লোল ক্রিসতফের চিন্তে। আর তারি সাথে এসে মিশেছে সন্ধ্যার কোমল কবোষ্ণ আলোর মায়া। তরুশীর্ষে নীলাভ সোনালী কিরণের চিত্র-লেখা। মাঠের বুকে ধোঁায়ালি আলোর শিহরিত ঝলক। কাছেই ক্ষেতে কাজ করছিল একটি কিশোরী; পরনে খাটো স্লার্ট আর ব্লাউজ। ঘাড় আর বাহু ছটি অনারত। নাতি-ক্ষুদ্র নাক, প্রশস্ত গাল, গোল মুথ, আর মাথায় বাধা রুমাল। রৌদ্র-ভাষ্রায়িত বর্ণে হুর্ঘান্তের রাগ লেগেছে। শুধু লেগেছে নয়, মুৎভাশ্তের মত দিন-শেষের ওই সোনাটুকুকে একেবারে আপনার ক'রে নিয়েছে।

ক্রিসতফ মুগ্ন হল। একটা বীচ গাছে হেলান দিয়ে তাকিয়ে রইল আবেগ-বিহবল দৃষ্টিতে। কিশোরী কাজ করতে করতে এগিয়ে আসে বনের প্রাক্তে। ওই অঙ্গনার সঞ্চারিণী মৃতি ছাড়া আর সব কিছু চোথের সমিনে লুপ্ত হ'য়ে গেল। মেয়েট ওর দিকে জক্ষেপও করল না। অতি সাবধানে অপাঙ্গে কেবল একবার দেখে নিল—আতাম মুথ, তারি মাঝে নীল কঠিন চক্ষুজোড়া। নীচু হ'য়ে খড় কুড়াড়েত কুড়াতে এদিকে এগিয়ে এ'ল মেয়েট। তাৰ জামার খোলা গলার পথে **(मधा यात्र ऋ(फोन) इ'हि कांध आद धीरत धीरत जिर्शक द्विशात्र नीरहत्र** দিকে-নেমে-বাওয়া স্থগঠিত পীঠথানির মন্থণ নিটোলতা। যে-কামনা ক্রিসভফের বুকে ছিল অমুচ্চার, নিমেষে তাই উচ্চারিত হলো উল্লাম হ'য়ে। পেছন থেকে গিয়ে জাপটে ধরল কিশোরীকে। এবং তার মাথাটা তুহাতে জোর ক'রে পেছন দিকে উণ্টে দিয়ে ঠেঁাটের ওপর নিজের জ্বলন্ত ঠোঁট ধরল চেপে। গুকনো ফাটা ঠোঁট হুথানিকে প্রবর্গ বিলম্বিত চুম্বনে আচ্ছন্ন ক'রে দাতের রাজ্যে এসে পৌছাল। কুন্ধ দশন ক্রিসতফের ঠোঁটেও সরক্ত চুম্বন এ কৈ দিল। ক্রিসতফের হাত ফিরতে লাগল ওর অনাবত বাহু আর স্বেদাক্ত ব্লাউসের ওপর। মেথেটি ষতই ঝটাপটি করে ক্রিসতফ ততই জাপটে ধরে। ইচ্ছে করে অমনি ক'রে চেপে চেপে দম বন্ধ ক'রে ওকে মেরে ফেল্বে। অবশেষে এক ঝট্কায় মুক্ত হয়ে কিশোরী ক্রিসতফকে পুথ ছিটিয়ে, গাল দিয়ে, ভয়ংকর কাও ক'রে তুলল। ক্রিসতফ দৌড়ে মাঠ পেরিয়ে পালিয়ে গেল। পেছন থেকে আসতে লাগল ঢিল আর কদর্যতর ভাষায় গালি। ওর मूथ लब्हाय लाल इरम डिर्मन-नाती अरक कि जारल, लब्हा रन जन्न नम्र। লজ্জা ওর নিজের হৃষ্টতের জন্ম। হঠাৎ এ কি ক'রে বসল। এখন করবে কি ও! প্রায়শ্চিত্ত ? নিজের ওপর বিপুল ঘূণায় ওর সমস্ত অন্তর বিষিয়ে উঠল।

আসল ক্রিসতফ কোন পক্ষে কে জানে ? একটা অন্ধ শক্তি ওকে

আছির করে। এ শক্তির আওতা থেকে পালাতে চায় ক্রিসতফ, আসলে এ পলায়ন নিজেরই কাছ থেকে। কিন্তু কোথায় যাবে পালিয়ে? আছা, কাল কি করবে মেয়েটা ওর সম্বন্ধে কি করবে ক্রিসতফ নিজে প ওঃ কতুক্ষণ লাগছে এই চয়া মাঠটা পেরুতে, এখনওঁ কতদূর রাস্তা। রাস্তা। কোনো দিন কি পোঁছবে রাস্তায়! না, থামবে এখানে ? যাবে মেয়েটির কাছে ফিরে। তারপর ? না, কোন্মথে যাবে ? হ'হাতে গলাটিপে ধরেছিল, হত্যা করতে গিয়েছিল। হত্যা! পাগল হয়ে গিয়েছিল ক্রিসতফ, পাগল হয়ে গিয়েছিল। তাহবে। সবই সম্ভব। অসম্ভব কিছু নেই। সবই সম্ভব, আর সবই সার্থক তার্থক পাপ তার্থক ।

অন্তরের এই সংগ্রামে ওর যেন নিশ্বাস কর্দ্ধ হয়ে এল। রাস্তায় পৌছে একটু হাঁফ ছাডবার জন্য দাঁডিয়ে পডল। একটু দূবে সেই কিশোরী আর একটি মেয়ের সাথে কথা কইছে দাঁডিয়ে, ওর চীৎকার শুনে এ মেয়েটি ছুটে এসেছিল। কোমরে হাত দিয়ে দাঁডিয়ে ওরা পরস্পরের দিকে তাকিয়ে জোরে জোরে হাসে।

## [ इ ह ]

## সেবাইন

ক্রিসতফ বাড়ী ফিরে একেবারে নিজের ঘরে থিল আঁটল। কদিন আর বেরুলই না। নেহাৎ বাধ্য না হলে সহরের মধ্যেও যায় না কোখাও। বাইরে, বিশেষ ক'রে মাঠের দিকে মোটেই নয়—ভয় রয়েছে সেদিনকার উনপঞ্চানী মাতাঙ্গ হাওয়াটাকে। ঝড়ের শুজতার পর দমকা হাওয়ার মত, কথন আচন্কা ওটা মাতামাতি শুক করবে আর কোন 'অনর্থ ঘৃটিয়ে বস্বে কে জানে। ভেবেছিল শহরের মধ্যে থাকলে আর কোন অঘটন ঘটবে না। কিন্তু কে জানতো, শহরের পাঁচিঙ্গ ধাওয়া, আর তার সরু ফাটলটি ধরেই শক্র আসবে।

নীচের তলায় ভাড়াটে থাকে এক বিধবা, তার ছোট মেয়েটিকে নিষে। বছর কুড়ি বয়স; নাম ফ্রাউ সেবাইন ফ্রোয়েলিথ। রাস্তার ধারে একটা দোকান-ঘর আর হুখানি থাকার ঘর এবং সাথের বাগান, এই নিয়ে ওর এলাকা। ছোট বাগানটি তারের বেড়ায় ঘেরা। বেড়ায় উঠেছে আইভী-লতা। মানুষটা প্রায় অন্তর্যম্পশা। মেয়েট সকাল-সাঝ ওই বাগানে ব'সে মাটির মিঠাই বানায়। ওই ওর খেলা। বাগান্থানি যে মালিকের স্নেহ-বঞ্চিত, সে-কথা স্পষ্ট লেখা রয়েছে তার আগাছার ভাষায়। বাগান সম্বন্ধে সৌধীন গৃহস্বামী বেদনা পান। ভাড়াটেকে ক'বার বলেছেন কথাটা। হয়তো এ কারণেই ও নেপথ্য-চারিণী হয়েছে। শ্রীযুক্তা ফ্রোয়েলিথের ছিল জামা-কাপড়ের দোকান। দোকানের সংস্থানটি বেশ অমুকুল—শহরের একেবারে বুকের ওপর বড় রাস্তার ধারে। कांकिए छेरात मञ्जावनां तिश् कम हिन ना। কিন্তু বর্তমান মালিকের উদাসীন স্বভাবের ফলে কি বাগান কি দোকান উভয় ক্ষেত্রেই নিক্ষলতা নিম্বরুণ হয়ে উঠল। সম্ভাবনা চাপা পড়ল ঘাস-জঙ্গলেই। ব্যবসা আর বাগান তো অত্যন্ত ঝঞ্চাটের কাজ আর নিত্যকর্মও নয়। কিন্তু দৈনন্দিন গৃহকর্মও শ্রীমতী স্বহস্তে করেন না। ঝি আছে, সকালে এসে ঘরের কাজ সেরে দোকানে খানিকক্ষণ বসে। সে-সময়টা শ্রীমতী হয় শয্যায় নয় প্রসাধনে। ফোগেল-

গৃহিনীর মতে এ হঃসাহসিক অনাচার। স্কতরাং তরুণী ভাড়াটের ওপর তিনি খুশি নন। তাঁর নীতিতে নিজের হাতে কাজ করাই মেরেদের আত্ম-মর্যাদার পরিচয়। বিশেষ ক'রে ফ্রোয়েলিথের মত অবস্থা যার, তার পক্ষে এইরকম পরস্মৈপদী ব্যবস্থা গুধু হেয় নয়, পাপ।

ক্রিসতফের ঘর থেকে ও ঘরথানা দেখা যায়। রাত্তিবাস পরে খালি পারে, অলস মন্তর ছন্দে ঘরের মধ্যে পায়চারী করছে ঘরের মালিক: অথবা মূতির মত ব'সে আছে আরশীর সামনে এক ভাবে স্থির হয়ে ঘন্টার পর ঘন্টা। ক্রিসতফের চোথে চোথ পড়ে বায়। কিন্তু উঠে পরদাটি টেনে দেবে আলশু-শিথিল দেহের ও মনের সে তাগিদ নেই। এ পক্ষের শালীনতা-বোধ অপেক্ষাকৃত বেশী; জানলা থেকে স'রে যায় मिक्कि, शाह्य (मराहेन लक्का शाय। किन्न अल्लाजनी मात्र नाः) লজায় লাল হ'য়ে আর একবার চকিত দৃষ্টিতে তাকায়। লতার মত পেন্ব অনাবৃত বাছ হ'খানি ধীরে ধীরে অলস ভঙ্গিতে ওপর উঠে মাধার চুলকে ঘিরে এলিয়ে পড়ে থাকে ... আঙ্গুলে আঙ্গুলে জড়ান হাত ছুটির ওপর মাথাটি পেছন দিকে এলিয়ে দিয়ে কে জানে কোন স্বপ্নে ডুবে থাকে ও মেয়ে: চম্কে ওঠে যথন অবশ হ'য়ে শিথিল হাত খদে পড়ে, অপরপ দুখু-কিন্তু ক্রিস্তফ নিজের চোথে ধূলো দেয়-অপরাধটা ইচ্ছাকৃত নয় জানালার পাশ দিয়ে যেতে যেতে দেখে ফেলেছে মাত্র। ফেল্লুই বা দেখে, কোন লোকসান তো হয়নি, সঙ্গীত-সাধনায় কোণাও স্তব কাটেনি। কিন্তু ভালো লাগে দেখতে। ভালো-লাগাটা দীমা ছাড়িয়ে ক্রমে দাঁড়ায় নেশায়; অবশেষে এমনি হয়ে দাঁড়াল যে ও-পক্ষের প্রসাধনে যে সময়টা লাগে তার চেয়ে বেশী সময় কাটে ক্রিসতক্ষের প্রসাধিকাকে দেখার নেশায়। ক্রাউ সেবাইন কোকেট নয়, এটা হলফ ্ক'রে বঁলা

চলে। আসলে, ও অলস। ঔদাভ শুধু ওর স্বভাবে নয়, দেহ-চর্চার বেলায়ও ১৪ অমনি । রোজা বা এমেলিয়ার মত কুশল-প্রসাধনের পরিশ্রম ওর অসাধ্য। ড্রেসিং-টেবিলের সামনে কাটে বটে অনেকক্ষণ—তবে তা শৃলারে নয়। একেবারে নিছক স্বপ্র দেখে অমনি বিনা কাজে গা এলিয়ে। একটা পিন গু'জেই ওদ্ন ক্লান্তি - আয়নায় প্রতিফলিত মুখখানা ক্লান্তিতে করুণ। এত ক'রেও দিনের শেষে পর্যন্ত স্বষ্ঠু ভাবে পোষাকই পরা হ'য়ে ওঠে না।

প্রায়ই ঝি যাবার আগে সেবাইন তৈরী হ'য়ে বেরুতে পারে না। দোকান থালি প'ড়ে থাকে। থদের আসে, ঘন্টা বেজে চলে। শোনে, কিন্তু চেয়ার থেকে উঠতেই পারে না। অবশেষে অতি ধীরে ধীরে ওঠে. তাডাছডো নেই। মুখের হাসিটি কুল হয় না। পা পাক'রে দোকানে আসে; তেমনি অল্স মন্থরতায় থদেরের প্রার্থিত জিনিষট থোঁজে। থানিকক্ষণ খুঁজে হয়তো থোঁজ মিলল না; হয়তো বা মিলল কিন্তু সে নাগালের বাইরে। আনতে হবে মই, চড়তে হবে ওপরে, তবে সে বস্ত হস্তগত হবে। সর্বনাশ। এত ঝঞাট। সত্যি বড় ঝঞাট, কি আছে আর কি নেই তার হিসেব রাখা, যা নেই জোগাড় ক'রে ভাণ্ডার ভ'রে রাখা—তার চাইতে ব'লে দাও, নেই। আপদ চুকে যায়। বিরক্ত इ'रा थरक्त ह'रन यात्र। याक्, कि व्यात कता यात्र! यात्र थूनि यार्व, भ'रत তো ताथा यात्र मा! आर्क्य गा-ছा जा मारूय। मूर्थ मर्वमारे मिष्टि হাসি, মিট্টি কথা। রাগ নেই, বিরাগ নেই। যে যা ইচ্ছে বলো। একটা অতি সহজ, শান্ত, স্থির ঔদাস্ত ওর মুখে। ওর বিরুদ্ধে তোমার কোনো নালিশ থাকে তো তোমার মুখের কথা মুখেই থাকবে। বলবার প্রবৃত্তি হবে না, বোকা বনে ধাবে নিজেই ৷ : বরঞ্জর হাসির উত্তরে একটু মিষ্টি হেসে ছুমি চলে বাবে নালিশ বারিজ ক'রে। তাবশ্রি ফিরবে

না আর। না-ই এল, কি আর হবে। কিছুই যায় আসেনা ওর। থদ্ধের অক্ষয় নয়, কিন্তু ওর হাসিটি অক্ষয়।

ছোটখাট ফ্লোরেন্স দেশীয় চেহারা। বাকা গভীর রেথায় আঁকা জ্র। তারি নীচে দীর্ঘ পক্ষের অস্তরালে অধোন্মীলিত তুরবগাহ ছটি. নীল চোথ। নীচের পাতা সামান্ত ভারী; ফুন্দর একটি ভাঁজ পড়েছে তার তলায়। ছোট নাকটি যেন স্ক্র তুলির টানে আকা—ডগাট একট্ ওণ্টান-মত। নাকের ঠিক নীচে আর একটি ফ্লু বাকা রেখা। শ্রাস্ত ম্লান-স্মিতে আধ-থোলা ওষ্ঠ চুটি। নীচের ওষ্ঠটি কিঞ্চিৎ পুরু এবং মুখের নীচের অংশে ফিলিপ্লি লিপির আঁকা কুমারীর ছবির গান্তীর্য। গায়ের বর্ণে মাটির আভা; চুলে সোনার রাগ—থোঁপাটি কোনো মতে আলুথালু ক'রে হাতে জড়ান। মাঝারী গড়ন। চলা-ফেরা, নডা-চডায় তন্ত্রার জড়িমা; সাজ পোষাকে অবহেলা—জামায় বোতাম নেই— জীর্ণ শ্রীহান জুতো-সর্বাক্ষে ঔদান্তের তার লেবেল। কিন্তু সমস্ত মিলিয়ে চেহারাটি স্তকুমার; কথা মধুর; ভঙ্গিতে সহজ সাদর আমন্ত্রণ। সন্ধ্যের সময় দাওয়ায় এসে যখন বসে, তরুণ পথচারীরা ফিরে ফিরে চেয়ে যায়। ওর মনে দাগ ফেলে না, কিন্তু চোখে পড়ে সব। মুখের ক্লুক্তক্তা-ভরা খুশির ভাবে তার স্বীকৃতি—নীরবে ষেন বলে, 'ধন্তবাদ, ওগো ধন্তবাদ দৃষ্টির এমনি প্রসাদ রেখে। আমার পর'।

খুশি ক'রে ওর খুশি, কিন্তু কট ক'রে খুশি করার দায় নেবার মত উন্নম নেই ওই ওর স্বভাবে।

অয়লার-ফোগেলদের মাপকাঠিতে সেবাইন মৃতিমতী অনাচার। ওর চলন ভালো না, বলন ভালো না, ওর কৃঁড়েমী, ওর বিশৃংখল গৃহস্থালী, আলুথালু পোষাক, কিছুই ভালো না। ওর ছন্ত্র-ওঁদান্তটা গুমর, মুখের রাধা হাসিটি, বিজ্ঞপান, ক্ষামীর মৃত্যুতে ঘটা ক'রে শোক

करत्रनि, भारत्रत अञ्चल (कॅर्म जानात्रनि, देमल निरंत्र मीन इरा थार्क ना, এসবই ওর বাড়াবাড়ি; দৈনন্দিন স্থুখ তু:খের মালা গাঁথা নীরব একাস্ততা ওর ধুইতা। মেয়েটার স্বভাবও বদলায় না। ওর চিতাকাশের ডানা-মেলা পাণীটাও মুথ থুবড়ে পড়েনা। এও কি কম অপরাধ! ফোগেল গৃহিনীর পক্ষে ক্ষমার অযোগ্য। সব ওর ইচ্ছে ক'রে এদের জব্দ করার—অয়লারদের আবহমান কালের ঐতিহ্যকে মুথ ভ্যাংচাবার ফন্দী। অয়লারের শুক্নো কর্তব্যে ছুটির স্বাদ নেই। তাই থাটে ওরা নিরানন্দে, স্থির হয়ে পারে না বসতে; পায়না তৃপ্তি। তাই ওরা কোলাহল করে, কলহ করে, হাসে না, খুশি হয় না। জীবন ওদের কাছে উদার আকাশ নয়—ওদের মতে কোনো সম্ভান্ত সম্মানিত মামুষ মাত্রেরই নয়—এবং না-হওয়াটাই স্বস্থ মনের লক্ষণ। অতএব জীবনটা ওদের ওড়ার জিনিষ নয়, বেত-মারা গুরু মশায়ের পাঠশালা। ওরা ক্রীতদাসের মত নীরবে ত্বংখের বোঝা বহন করে। কিন্তু ও মেয়েটা গুয়ে, বসে, দিন কাটিয়ে আর কিছু না ক'রে বোঝাটাকে হাল্কা রাথে। ওই শাস্ত ভাবটা ওর विद्याद्व अका। जु उरे विद्यादिनीरे भाष भृष्ण। এই यनि इष् আভিজাত্য—তবে ধন্যবাদ ঈশ্বরকে, যে সকলেই পাগল হয়নি। ফোগেল-গৃহিনীর মতো স্বস্থ-মন্তিকের মানুষ এখনও আছে সেইটেই ভরসার কথা। পারিবারিক ভোজন-বৈঠকীতে সাধারণতঃ সেবাইন থাকে মুখ্য আলোচ্য। ওর ওপর থাকে খড়খড়ির ফাঁকে ওদের গোপন সতর্ক পাহাডা। ক্রিস্তফ অন্তমনস্ক ভাবে শোনে। কিন্তু কান দেয় না, কারণ প্রতিবেশী-চর্চা এ বৈঠকীর দৈনন্দিকী। সেবাইন সম্বন্ধে ও জানেই বা কি। দেখেছে তো গুধু ছু'খানি খোলা বাছ আর চুটি গুলু কাঁধ। ভালো লেগেছে বটে। किञ्च हु' একটি অবয়বই তো গোটা মানুষটা नम्र। আন্ত মামুষটার ভালো-মন্দের নিরিথ তার অবয়ব নয়। তবু মমতায় মন ভরে। এবং শ্রীমতী কোগেলকে বিরূপ ক'রে চলতে যার ভয় নেই সেই নিঃশঙ্কিনীর প্রতি শ্রদ্ধা হয়।

ভিতরের আফিনায় সারাদিন রোদ ঝাঁ ঝাঁ করে। বিকেশটা আর থাকা যায় না ওথানে। রাস্তার ধারে ঘরগুলোতে তরু কিছু হাওয়া আছে। অয়লার, তার জামাই আর লুইসা প্রায়ই গিয়ে বাইরের সিঁড়িতে বসে সন্ধ্যার সময়। এমেলিয়া আর রোজা কেবল ছু' একবার উঁকি মেরে যায়। তাদের ছুটি নেই। কাজের মাথুষ। নিজেরা বসে না; বসে-থাকার দলকে ছু'টোথে দেখতে পারে না। দিন রাত্রি সপ্রমে-চড়া স্বগতোব্জিতে সেই কথাটা ব্যক্ত হ'তে আর বাকী নেই। কিন্তু তুংথের বিষয় সংসারের মানুষ যেন পাথর, এমেলিয়ার তীক্ষ কথার ধারে তাদের গায়ে আঁচড় বসে না। স্ক্তরাং ও কাজ করে সশব্দ-তাগুবে। এ বাড়ীর কুঁড়ে মানুষগুলোকে যে ও কত ছুচ্ছ করে তা জানিয়ে দেবার ওই হ'লো ওরু ভাষা। এ বিষয়ে রোজা মায়ের আদর্শ ছাত্রী।

অন্তক্ষণ পরেই খণ্ডর জামাই আবিষ্কার করেন তাদের ঠাণ্ডা লাগছে। স্থতরাং গিয়ে ঘরে ঢোঁকেন এবং শধ্যায় আশ্রয় নেন সন্ধ্যা না উতরোতে। শিগ্রির ঘুমানোটা ওদের অভ্যাস। বাঁধা অভ্যাসে এতটুকু নড়চড় হ'লে ওদের মনে হয় সর্বনাশ হ'ল।

রাত ন'টার পর বাইরে থাকে কেবল লুইসা আর ক্রিসতফ। সারা দিন লুইসার কাটে ঘরের মধ্যে নির্জন কারাবাসে। বিকেলের দিকে ক্রিসতফ চেষ্টা করে মাকে নিয়ে একটু বাইরে বসতে। একা সে বাইরে আসবে না, রাস্তার গোলমালকে ভারী ভয়। রাস্তাটাই ছেলেপুলেদের খেলার মাঠ। ওদের কোলাহল, আর খেলার উৎসাহে পাড়ার যত কুকুরের দল ভারী উৎসাহিত হয়ে ওঠে—দল বেঁধে তারা কোঁরাস

দিয়ে ঘেউ ঘেউ করে। কোথা থেকে যেন পিয়ানোর শব্দ আসে; ওদিকে কে ক্লারিওনেট্ বাজায় অমাত্রের কথা-বার্তা, আনা-গোনা-অবাড়ীর সামনে দাঁড়িয়ে জটলা। এই শব্দের হাটে একলা লুইসার মনে হয় ও বেন অথি জলে পড়েছে—মাথা ঝিম্ ঝিম্ করে, ছেলেকে পাশে নিয়ে সাহস আসে, ভয়ের বস্তু তথন ভালো লাগে। ক্রমে ক্রমে আসে রাত্তির छक्का, वानि शिलात मन पृथिता भए , कुकूत्वता कुछनी भाकिता मूथ গৌজে ... জটলা ভেলে যে যার ঘরে যায়। খীরে সব কোলাহল শান্ত, পথ-প্রতিবেশ নিঝুম হয়ে যায়। বাতাসও যেন পরিচ্ছন্ন হয়ে ওঠে। এবারে স্বভাব-কোমল স্বরে লুইসা এমেলিয়া বা তার মেয়ের কাছ ২'তে শোনা সারাদিনের টুক্রো টুক্রো থবর শোনায় ছেলেকে। এসব থবর লুইসার আগ্রহের বস্ত নয়, ছেলের সাথে যোগ-হত্ত। কোনো বিষয় হাতের কাছে মেলে না। ক্রিসতফ বোঝে অবলম্বন যতই বাজে হোক, মার প্রয়োজনের দিক থেকে এদের আসল মূল্য অনেক। কাজেই মায়ের কথা একটিও ওর কানে না গেলেও, মুখে চোথে আগ্রহ থাকে স্বত্ন-উচ্চারিত। সারাদিনকার ইতিহাস ওর চিন্তার পাকে পাকে জড়িয়ে থাকে, ও তারি মধ্যে হারিয়ে যায়।

একদিন রাতে ঠিক এমনি সময়ে, দোকান ঘরটার দরজা খুলে গেল।
নিঃশব্দে বেরিয়ে এল একটি মেয়ে; বসল ওদেরই কাছ থেকে অল্প দূরে
সব থেকে অল্পকার জায়গাটায়। ক্রিসতফ মুখ দেখতে পেল না, কিন্তু
চিনতে পারল। ওর চিন্তার জাল যেন দম্কা হাওয়ায় কৃটি কৃটি হ'য়ে
উড়ে গেল। সাথে সাথে বাতাসে লাগল মধু। লুইসা এমনি কথায় ময়,
স্বে টের পেল না কিছু। মায়ের প্রতি ক্রিসতফের মনোযোগ যেন হঠাৎ
বেড়ে গেল—নীরব-শ্রবণ মাঝে মাঝে স্বল্পভাষণে জীইয়ে উঠল কোন

অজানা প্রাণ-ম্পর্শে। ওর কথা আর কেউ শুমুক হয়তো এমনি একটা গোপন ইচ্ছা রয়েছে মনে। অদ্রের মূর্তিটি কিন্তু নিশ্চল ; ঈরৎ অসমান পা তৃ'থানি, শিথিল-ভাবে একথানি আর একথানির ওপর রাখা। হাত তৃ'থানি আড়াআড়িভাবে এলিয়ে আছে কোলের 'পর। আনমনা দৃষ্টি সামনের দিকে। লুইসার ঘুম পেয়ে গেল, সে চ'লে গেল ভেতরে। ক্রিসতফ গেল না, বসবে আর একটু।

রাত প্রায় দশটা। দোকান-পাটও বন্ধ হ'য়ে এল। জানালাগুলো খানিকক্ষণ মিট্মিট ক'রে অন্ধকার হয়ে গেল। পূর্ণ-নীরবতার বুকে রইল হটি নীরব প্রতিমা—ফেন হৃদ্পিও থেমে গেছে, দৃষ্টি গেছে পাথর হ'য়ে। কেউ কারো দিকে চায় না। কেউ যেন কারো চেনা নয়। দূর প্রান্তর হতে কাটা ফসলের গন্ধ আসে।

কাছেরই একটি বাড়ীর অলিন্দ থেকে আসে লবন্ধ-লতিকার সোঁরভ।
বাতাসে স্পন্দন নেই—মাথার ওপরে ছায়াপথের জ্যোতির্ময় বিস্তার।
দক্ষিণে চিমনীটার ঠিক ওপরে রক্তাভ জুপিটার যেন তার রথের ঈষ
বাঁকিয়ে দাঁড়িয়ে আছে। আকাশের পাণ্ডুর নীলঞ্জীর বুকে তারার দল
ডেইসী ফুলের সমারোহে ফুটে আছে। পল্লীর গির্জায় ঢং ঢং ক'রে ১১টা
বাজল—সাথে সাথে অন্থ গির্জার ঘড়িগুলোতে জাগল তার ঝংকার—
কোনটা স্ফুট স্থ-উচ্চার একক শব্দে, কোনটা চাপা গুঞ্জিতে। বাড়ীর
ঘড়িগুলিতেও কোথাও মৃহ কোমল বিলম্বিত-সন্ধীতে, কোথাও কোকিলকুছতে সময়ের সংকেত ধ্বনি জাগল।

হজনেরই যেন হঠাৎ একই সাথে তন্ত্রা ভাঙ্গল। একই সাথে চেয়ার ছেড়ে উঠল। ঘরের দরজায় পা বাড়িয়ে, অক্সাৎ নিঃশন্দ অভিবাদনের পর ক্রিসতফ চ'লে গেল তার নিজের ঘরে। সম্তর্পণে মোমবাতিটি জ্বালন, তারপর হাতের তেলােয় মাথা গুঁজে ডেস্কের সামনে বসল। শৃক্ত মনের ওপর দিয়ে স্থদীর্ঘ প্রহর ভেসে গেল। হৃদয়-মন্থন করা গভীর নিশ্বাস ফেলে বিছানায় এল গভীর রাতে।

পরের দিন ঘুম থেকে উঠেই যন্ত্র-চালিতের মত দাঁড়াল এসে জানালার ধারে। তাকাল স্বোইনের ঘরের দিকে। তার সরের পর্ণা নামানো। সারা সকাল, সারা দিন পর্দা আর উঠল না।

পরদিন সন্ধ্যাবেলা মাকে নিয়ে ক্রিসতফ আবার বাইরে এসে বসল। প্রতিদিন নিয়মিতভাবে চলল এই প্রচ্ছন্ন অভিসার। লুইসার ভালো লাগছে—খাওয়ার পরেই দরজা জানালা সেঁটে প্যাচার মত অন্ধ-ঘরে বন্দী দশার থাকা ঘুচেছে ক্রিসতফের। যথা নিয়মে, যথা-নির্দিষ্ট আধার-টিতে দেখা যায় একথানি নীরব চেনা ছায়া। ত্বিত মল্ডক-হেলনে পারস্পরিক নীরব অভিবাদন লুইসার চোথে পড়ে না। ক্রিসতফ মায়ের সাথেই কথা ব'লে চলে।

সেবাইনের মেয়ে রান্তায় থেলা করে। মা মেয়ের দিকে তাকিয়ে হাসে। ন'টা বাজলে মেয়েকে ঘুম পাড়াতে ভেতরে হায়। ঘুম পাড়িয়ে নিঃশব্দে নিজের জায়গায় আবার ফিরে আসে। ওর ফিরতে একটু দেরী হলে ক্রিসতফের ভয় হয়, আর বুঝি এল না। কান পেতে রাথে ও-ঘরে পায়ের শব্দ শোনা যায় কিনা। খুকু ঘুমায়নি—তার হুষ্টামীভরা থল থল হাসির শব্দ ভেসে আসে। তারপর পোষাকের হাল্কা মোলায়েম থসথসানীর ভাষায় বিশেষ একজন যে আসছে, তারি থবর আসে। ক্রিসতক্ষ মুথ ফিরিয়ে মায়ের সাথে ভারী মন দিয়ে কথা কইতে আরম্ভ করে। কথনও ওর মনে হয় সেবাইন ওর দিকে তাকিয়ে আছে। অনায়্রত ফেরাবে না ওই প্রসন্ন দৃষ্টির বরদান; নিজের দৃষ্টি তুলে ধরে—দৃষ্টি তো নয়, যেন দৃষ্টির অঞ্জলি; কিন্তু কথনও চার চোথ মেলে না।

সেবাইনের মেয়ে ওদের মাঝখানে সেতৃবন্ধ রচনা করেছে। পুকু অক্ত ছেলেপুলেদের সাথে রান্তায় থেলায় মাতে। থাবায় মুথ লুকানো ঘুমন্ত ভালোমানুষ কুকুরটাকে থামোখা থোঁচা দেয় স্বাই মিলে। লাল চোথ মেলে গোঁ গোঁ ক'রে, রেগে ওঠে জানোয়ারটা। মানবকের দল ভ্র পায়। ভয় পাওয়াটাই ওদের খেলা। হাততালি দিয়ে ছুটে পালায় সব এদিক ওদিক। খুকু ভয়ানক চীৎকার ক'রে ছোটে আর পেছনে ফিরে ফিরে চায়, সত্যি ষেন কুকুরটা তাড়া করেছে। তারপর কোলে ঝাঁপিয়ে পড়ে লুইসার। স্নেহে গ'লে গিয়ে লুইসা মধুর হাসে। খুকীকে কোলে নিয়ে আলাপ জমায়, সেই সূত্রে আলাপ জমে তার মায়ের সাথে। ক্রিসতফ এ আলাপে যোগ দেয় না। সেবাইনের সাথে একটি কথাও হয় না। এ পক্ষও চুপ। পরস্পরকে এই অস্বীকার ষেন ওদেরই স্বেচ্ছা-ব্যবস্থা। কিন্তু মা আর সেবাইনের মধ্যে যে কথাবার্তা হয় তার ক্ষুদ্রতম টুকরো-টুকুও ও পরম যজে খুঁটে খুঁটে আহরণ করে। মা কি তার কোনো খবর রাথে। সে ভাবে ছেলে তার অভদ্র। নৃতন পরিচিতার কাছে এজন্ম লুইসা লুজায় সংকুচিত হ'য়ে ওঠে। কিন্তু বাকে উদ্দেশ ক'রে এ লজ্জা সে স্বয়ং কি রকম বিত্রত হয়ে পড়ে। ত্ব' একটা কথা বলে কোন ছলে ভেতরে চলে এসে বাঁচে।

লুইসার হল সদি। একটি সপ্তাহ সে বাইরে এল না। রাতের নীরব সভায় সেবাইন আর ক্রিসতফ হল একান্ত। কিন্তু একান্ততা অন্তরক হয় না। কেন জানি ভয় করে। সহজ্ঞ হবার চেষ্টায় সেবাইন মেয়েকে নিয়ে পড়ল। তাকে কোলে বসিয়ে এমনি আদর করতে লাগল, যে আদরটা হলো অত্যাচার, এবং বাড়াবাড়িতে ছোট মেয়েটা অন্তির হয়ে উঠল। ক্রিসতফ অপ্রতিভ হয়ে গেল। বুঝতে পারলে না, এবার কি করবে। চোধ ফিরিয়ে থাকবে ? না যোগ দেবে ওদের সাথে!

পরম্পারের মধ্যে বাক্যালাপ না থাকলেও, পরিচয় বাকী নেই লুইসার দৌলতে। ভাবলে, কিছু না বলাটা অশোভন।

ক্ষেক বারই আরম্ভ করতে গেল। কিন্তু কথা যেন গলায় বেঁধে থাকে। মুন্ধিলের আসান করে খুকু লুকোচুরি থেলতে থেলতে ক্রিসতফের চেয়ারের পেছনে লুকয়। ক্রিসতফ ওকে ধরে কোলে তুলে নিয়ে চুমু থায়। ছোটদের যে খুব ভালোবাসে তা নয়। তবু আজ খুকুকে চুমু থেয়ে কেমন অভুত ভালো লাগে। থেলায় ব্যক্ত খুকু—কোল থেকে নামবার জন্ম তার কি ছটফটানী। ক্রিসতফ ক্ষ্যাপাবার জন্ম তাকে রেখেছে ধরে। খুকু কামড়ে দিলে ওর হাতে। ক্রিসতফ হাত ছেড়ে দিল। খুকু ধপাস করে মাটিতে প'ড়ে গেল। সেবাইন হেসে উঠল। হজনে খুকুর দিকে তাকিয়ে ছু'একটা কথা কওয়ার প্রয়াস পেল বটে, কিন্তু সে নিতান্ত বাজে, অবান্তর কথা। শত চেটা সত্ত্বও ক্রিসতফ কথার থেই টেনে রাখতে পারলে না [রাখাটা ওর কর্তব্য]। কথা নেই। সেবাইন-এর কাছ থেকেও কোন সাহান্য মিলল না। কেবল ক্রিসতফের নিজের কথার প্রতিধ্বনিই ফিরে আসে।

'চমৎকার সন্ধ্যাটি।'

'হাাঁ, সত্যি ভারী চমৎকার।'

'ভেতরের উঠোনটা ভারী গুমোট, ওখানে থাকা যায় না, দম বন্ধ হয়ে আসে।'

'সত্যি, বড় গুমোট ওথানটায়।'

তারপর আবার কথা হাতড়ান। সেবাইন হঠাৎ আবিষ্কার করে, মেয়েকে যুম পাড়াবার সময় হয়েছে। মেয়েকে নিয়ে সেই যে ভেতরে ঢুকলু আর বেরুল না।

ক্রিসতফ ভয় পায়—সেবাইন বৃঝি ওর সাথে একলা থাকতে

চার না। মা বতদিন না বের হন হয়ত সে পালিয়েই ফিরবে ছল ক'রে।
কিন্তু ওর সমস্ত আশংকার নিরসন ক'রে সেবাইন ঠিক সময়টিতে রোজকার
মত এল পরের দিন; এবং দেখা গেল আজ ওর কথা বলার তারী
উৎসাহ। কিন্তু উৎসাহটি যে খাঁটি নয় ক্বত্রিম, তা ব্রুত্তে দেরী
ছল না। স্পষ্ট বোঝা গেল সেবাইন আজ তার স্বভাবের ওপর জুলুম
করছে। কথা বললেও স্বচ্ছন্দ হ'তে পারছে না সে।
আলাপ হ'লো প্রশ্লোতর-সর্বস্থ এবং স্কুণীর্ঘ নীরবতায় খণ্ডিত। এত
দীনতা 
লিজের উপর ক্কেপে উঠল সেবাইন। অটোর সাথে
প্রথম আলাপের কথা মনে পড়ে ক্রিসতফের। তথনও কথা বলতে
পারেনি, এখন আরো পারল না। অবিশ্রি অটোর মত থৈর্ঘ নেই
সেবাইনের। থানিকক্ষণ ব্যর্থ চেষ্টা ক'রে ও হাল ছেড়ে দিলে। কথা
যোগাল না।

নিরুপায় হয়ে ক্রিসতফও চুপ করল।

তবু মৌন ভ'বল মধুর প্রশান্তিতে, রাতথানি হলো নিবিড়; হুটি তরুণ প্রাণ চিত্তের গভীরে হ'লো একান্ত। সেবাইন ব'সে ব'সে আনমনে দোলে, যেন স্বপ্র-সায়রের টেউএর দোলায়. ক্রিসতফেরও মন ডানা মেলে কোন অচিন আকাশে। কারো মুথে কথা নেই। অমনি কাটে কতক্ষণ কে জানে। তারপর ক্রিসতফ যেন নিজের সাথে আলাপ জোড়ে। গাড়ী বোঝাই ইুবেরী যায় রাস্তা দিয়ে। বাতাসে তার সৌরভ আসে ভেসে। অক্ট উল্লাসের ধ্বনি অমনি বেরিয়ে আসে ক্রিসতফের কণ্ঠ থেকে। সেবাইন হু'একটা কথা কয় জবাবে। তারপর আবার সব চুপ। এই থেকে থেকে চুপ হ'য়ে যাওয়া, আর মাঝে মাঝে টুকরো টুকরো হালকা কথার ফুলকারী, ওরা যেন অস্তর ভ'রে উপভোগ করছিল। হ'জনের মনে একই কথা নাচে, বুকে একই স্বপ্র দোলে। কিন্তু সে কথা ওরা বোঝে না, স্বপ্নের খেই পায় না। যদি বা বোঝে, সে থাকে ওদের নিজেরও অক্ষোচর গোপন মণি-কোঠায়। রাত যথন এগারটা বাজল, মিট্ট হেসে বিদায় নিলে।

পরদিন ওরা আর কথা কইবার চেষ্টা করণ না। অব্যক্ত মোনে পায় গভীরতর ভাষা। অনেকক্ষণ পরে পরে ছিটকে পড়া হু' একটা কথায় জানিয়ে দিয়ে গেল একই গানের হুর বাজে হুজনার বুকের তলায়।

(স্বাইন হাসে। বলে:

'চুপ ক'রে থাকাই ভালো। আমরা ভাবি কথা না কইলে বুঝি চলবেই না। আসলে যত বিপদ কথা কইলেই।'

স্থির বিশ্বাসের সাথে ক্রিসতফ বলে:

'যা বলেছ। কিন্তু স্বাই যদি এ স্ত্যুটা মেনে চলে—' ছজনেই হেসে ওঠে। ছজনেরই মনে পড়ে এমিলিয়ার কথা। স্বোইন বলে:

'ওরে বাপ স! ওকে দেখলেই আমার হাত-পা ঠাণ্ডা হয়ে যায়।'

'ষার কথা বলছ তার হাত-পায়ের রক্ত বোধ হয় সাত জন্ম ঠাণ্ডার
লেশও হয় না। সর্বদাই টগ্বগ্ক'রে কোটে।' মুখ্থানাকে ষ্থাসম্ভব
গঞ্জীর ক'রে বলে ক্রিসতফ।

ওর ভক্তি দেখে সেবাইনের হাসি পায়।

'ত। হাসবে বৈকি! তোমার গায়ে তো আর আঁচ লাগছে না।'

'লাগছে না-ই তো। লাগতে দিলে তো। ওই ভয়েই তো ঘরে দোর এঁটে থাকি।' অতি মৃত্, অতি মোলায়েম, অতি চিক্কণ একথানি নীরৰ হাসি সেবাইনের ওঠে সক্ষ রেথায় ফুটে উঠল। সন্ধ্যার সৌম্য প্রশান্তির পটে এই মিগ্ধ হাসিটুকু অমুপম হ'য়ে উঠল। উদার উন্মুক্ত নির্মল বাতাসে ক্রিসতফের বুক উঠল ভরে: হাত-পা ট্টান করে আড়ামোড়া ভেলে ব'লে উঠল: 'চুপ করে থাকাই ভালো।'

'ঠিক বলেছ।'

'সত্যি, কথা না কয়ে দিব্যি চলে বায়। এই তো তোমায় আমার বোঝাবুঝি হয়ে গেল, কই একটা কথাও তো কইতে হলো না।'

আবার গভীর নীরবতা। মিগ্ধ মৃহ স্মিতের আথরে সে নীরবতায় পরিপূর্ণ-হৃদয়ের প্রশান্তি লেখা। কিন্তু অন্ধকারে সে-লেখা পরম্পরের দৃষ্টির আড়াল হ'য়ে রইল।

যতক্ষণ কাছে থাকে—ছুইটি চিত্তে বাজে একই রাগিনী। কিন্তু সে-খবর কি ওরা পায়। পরস্পরকে কতটুকু জানে ওরা! সেবাইনের কোন কোতৃহল নেই, কিন্তু ক্রিসতফ জানতে চায় বৈকি। পরের দিন সন্ধ্যায় শুধায়:

'তুমি গান ভালোবাসো?'

'উঁহ', একটুও না। গানের মাথামুও বুঝিই না কিছু, ভালো লাগবে কি ছাই!' নিবিকার জ্বাব এল।

এমনি অবলীলায়, এমনি সহজে, বিনা দ্বিধায় আপনাকে খুলে ধরা !
মিথ্যে কথা গুনে গুনে ক্রিস্তফ যেন পাগল হয়ে গেছে ! জিজ্ঞাসা
করো কাউকে, 'গান ভালোবাসো—অমনি মাথা নেড়ে এমনিভাবে
বলবে 'নিশ্চয়, গুধু ভালোবাসি—গান আমার প্রাণ !' মনে হবে, কথাটা
ব্ঝি সত্যি। কিন্তু গান গুনবার সময় মুথের দিকে তাকাও, মনে হবে
কুইনিনের বড়ি গিলছে। আজ ও মৃগ্ধ হয়ে গেল। যে মানুষটা
বলতে পারলে অকপটে যে গান ভালোবাসে না, সে মহাপুরুষ।

আবার জিজ্ঞাসা করে: 'পড়তে ভালোবাসো ?' 'উঁহু', বই টই নেই।' আচ্ছা ক্রিসতফ বই এনে দেবে ওকে।

'ওরে বাবা ! পাঁঁ্যাচা-মুখো গন্তীর গন্তীর বই ?' ওর মুখে শংকার ছায়। পড়ে।

'নানা গন্তীর বই হবে কেন ? অন্ত বইই দেব—ক্বিতার বই।' 'তারই বা ওজন কম কি ?'

'আচ্ছা, উপত্যাস ?'

ঠোঁট ফুলে ওঠে সেবাইনের।

অবাক্ করলে, উপন্যাসও ভালো লাগেনা মেয়ের ?

না, তা লাগে বটে। তবে ও বইগুলো যা সাংঘাতিক বড়। শেষ করা যায় অত বড় বই কথনও? আরম্ভ তো করে। পাতা ডিলিয়ে ডিলিয়ে পড়েও যায়। কিন্তু পড়তে পড়তে এগিয়ে তো গেল—ওদিকে ততদিনে গোড়া বেশ পরিস্কার হয়ে বসে। শেষ পর্যন্ত যায় খেই হারিয়ে এবং বই ছুঁড়ে ফেলে দিয়ে উঠে পড়তে হয়। সেবাইনের পড়া ওই পর্যন্ত।

'এই বুঝি তোমার বই ভালো লাগা ?'

'ভালো লাগবে কি, সব তো মিথ্যের ঝুরি। আর বেশী ভালো লেগেই বা কি হবে ? বই ছাড়া ভালো লাগবার আরও ঢের ঢের জিনিষ আছে।

'ও, বুঝেছি—থিয়েটারে যাওয়া হয় খুব।' 'উঁচ'।'

ত্ব। 'যাওনা থিয়টারে ?'

'বাপ্স্ যে গরম আর লোক গিস্ গিস্করে! আলোর দিকে তাকিয়ে তাকিয়ে চোথ ধরে যায়। আর যারা পাট করে, যেন বছরূপী সব। তার চেয়ে বাড়ীই ভালো!' এথানে ক্রিস্তফ একমত ওর সাথে।

'কিন্তু থিয়েটারে দেখার কত জিনিষ আছে। এই নাটকটাই ধরো না!'

অন্ত মনস্কভাবে, সেবাইন জবাব দেয়: 'তা ঠিক কিন্তু আমার সময়ঁ নেই।'

'সারাটা দিন করে। কি ?'

হাসে সেবাইন।

'কত কি—'

'তা তোমার আবার দোকানটাও আছে।'

'দোকান!' নির্বিকারভাবে জবাব দেয়: 'দোকানে আর কতটুকু সময় লাগে!'

'মেয়েট রয়েছে, অনেকটা সময় তার পেছনেও যায় তো।'

'না না ভারী লক্ষী মেয়ে খুকু। নিজেই সারাদিন থেলে। আমার ধারও ধারে না i'

'তা হলে ?'

নিজের অবিবেচনায় নিজেই লজ্জা পায় ক্রিস্তফ। কিন্তু স্বোইনের বেশ মজা লাগে। বলে:

'হাজার হাজার কাজ, তার কি সেখা-জো়থা আছে।' 'কি কাজ।'

'কি কাজ গুনবে ! কত বলব ! এই ধরো এক—ওঠা, ছই—মূথ ধোষা, তিন—দাজ পোষাক পরা, চার—কি রালা হবে তার ভাবনা, তারপর, রালা করা, থাওয়া—এক খাওয়া শেষ হলে আর এক থাওয়ার কথা ভাবতে বসো, ঘর ঝাঁট দেওয়া,পরিজার করা—কত কি করা! এসব করতেই তো দিন কাবার। তারপর সারাটা দিনই বৃঝি বলদের মত

কেবল কাজের ঘানিতে ঘোরা যায়! কিচ্ছু না ক'রে অমনি বসে থাকার জন্ম সময় চাইনে বুঝি!

'তোমার বিশ্রী লাগে না ?'

'বিশ্ৰী লাগবে কেন ? একটুও লাগে না।'

'বৰ্থন একদম কোনো কাজ থাকে না, তথনও না ? ভালো লাগে হাত পা কুঁকড়ে বসে থাকতে ?'

'বারে! স্রেফ বসে থাকতেই তো সব চাইতে বেশী মজা! বা ভালোটা লাগে আমার!'

পরস্পরের দিকে চেয়ে ওরা হেসে ওঠে।

'বাঃ বাঃ চমৎকার! আয়েস আর কাকে বলে --' ক্রিসতফ বলে।
'অমন ঠুঁটো হয়ে থাকতে মোটেই পারি না আমি।'

'পার না! সত্যি! কিন্তু আমার তো মনে হয় বেশ পারো।' 'শিখছি সবে।'

'বেশ বেশ, শেখ। পারবে তুমি।'

কথা শেষ হ'য়ে গেলে ক্রিস্তফ দেখল ও 'একেবারে হান্ধা হয়ে গেছে। চমৎকার একটা স্বস্তি লাগছে। কেবল চোথের একটু দেখা, ওতেই ও এত খুলি। চিন্তা ভাবনা, অস্বস্তি, উত্তেজনা, সব যেন বাম্পের মত উড়ে যায়। যতক্ষণ কথা কইছিল সর্ব-সংশয়ের, সর্ব-ভাবনার ওপরে উঠে চিন্ত যেন ভাসছিল হান্ধা মেঘের মত। চুপ ক'রে সেবাইনের কথা ভাবলেই যেন ও লঘু হয়ে হাওয়ায় উড়তে থাকে। কিন্তু নিজের কাছেও এ কথাটা স্বীকার করতে ওর ভয়। এদিকে সেবাইন কাছে এলে এক অমুপম রসে হাদয় ওর ভরে ওঠে, আপনাকে হারিয়ে ফেলে তার গভীরে। রাতের নিদ্রা অবধি এমনি শান্ত, এমনি গভীর হ'লো, ভাবলে এতদিন কোথায় ছিল এ নিদ্রা!

কাজ থেকে ফিরে এসে দোকানে এক বার উঁকি মারে রোজ। সেবাইনের সাথে দেখা হয়; একটি দিনও ফাঁক পড়ে না। একটু মিটি হাসি, সম্ভাষণ দেয়া নেয়া। কখনও দরজায়ই দাঁড়িয়ে থাকে সেবাইন। হু'একটা কথা হয় হয় তো। দরজা খুলে খুকুকে ডেকে নিষ্টির ছোট মোড়কটি হাতে ভূলে দেয় ক্রিসতক।

একদিন ও ঠিক করলে দোকানের ভেতরটা দেখবে। ওয়েইকোটের বোতাম কেনার ছপে এসে ঢুকল দোকানে। সেবাইন খোঁজাখুঁজি শুরু করল। কিন্তু পাওয়া গেল না বোতাম। সব কিছু মিশে খিচুড়ী হয়ে আছে। তার ভেতর থেকে বেছে বের করা এক মহা ব্যাপার। শুর অগোছাল স্বভাব ক্রিস্তফ টের পেয়ে ফেলবে ভেবে সেবাইন একটু দমে যায়। ক্রিস্তফ হেসে নিজেই ভালো ক'রে খুঁজবার জন্ত ঝুঁকে পড়ে।

তুই হাতে দেরাজগুলো চাপা দিয়ে চেঁচিয়ে ওঠে সেবাইন:

'দেখো না দেখোনা, সব থিচ্ড়ী পাকিয়ে আছে—' নিজেই খোঁজে ব্যস্ত হয়ে। কিন্তু ক্রিসতফ ওকে ভ্যাবাচ্যাকা লাগিয়ে দেয়। ও রেগে গিয়ে দেরাজ বন্ধ ক'রে বলে:

'যাও যাও, নেই বোতাম এখানে। পরের গলিটায় লিসির দোকানে দেখগে যাও। ওথানে ঠিক পাবে। সব থাকে ওর দোকানে।' ব্যবসার এই অপূর্ব পদ্ধতি দেখে হেসে ওঠে ক্রিসতফ।

'এই তোমার ব্যবসা করা ? অমনি ক'রে খদ্দের ভাগিয়ে ব্যবসাঃ করো নাকি ?'

'তা—, হঁ্যা ভাগাই তো। কিন্তু তুমি আর ভাগলে কোথায় ?' আন্তরিকতার স্থর ঢেলে বলে সেবাইন। একটু লজ্জিত হয়। বলে: 'ও: গুছিরে রাখা কি যে সে ঝঞ্চাটের ব্যাপার। রোজ ভাবি গোছাব—নাঃ, ঠিক কাল যদি না গোছাই দেখো তুমি।'

'সাহায্য করব ?' ক্রিসভফ বলে।

'না লাগবে না। অবগ্রি পেলে তো ভালোই হ'ত। কিন্তু টিকটিকির দল সব হাঁ ক'বে আছে। এক্ষুণি ঢাক পেটাবে পাড়াময়। তা ছাড়া ওই তো কাজ। তার জন্ম আবার সাত পাড়ার মানুষ ডাকা। ছিঃ ছিঃ লজ্জার কথা!' আবার কথা চলে :

'বোতাম কিনবে না ?' ক্রিসতফকে বলে। 'কই যাচ্ছ না লিসির দোকানে ?'

'কক্থনও যাব না। তোমার দোকান গোছান হোক। এখান থেকেই নেবখন।'

এক্ষুণি কি যে বলল সেবাইন নিজেই ভুলে গেছে। জবাব দিল:
'প্তরে বাবা, তা হ'লেই হয়েছে! অনন্ত কাল অপেক্ষা করতে
হবে তা হ'লে!'

ওর এই সরলতায় হজনেই কোতুকে হেসে ওঠে।

ক্রিস্তফ বন্ধ দেরাজটার কাছে এগিয়ে এসে বলে:

'माख यागि (मथिছ।'

সেবাইন ছুটে এসে বাধা দেয়: 'না না, ছেড়ে দাও লক্ষীটি, আমি বলছি বোতাম নেই।'

'यमि (वत्रप्र। त्रार्था वाष्त्री।'

বোতাম তক্ষুণি পাওয়া গেল। বিজয়ের হাসি উছলে উঠল ক্রিসতফের মুখে। আরও বোতাম চাই ওর। আবার ঘাঁটতে গুরু করে। কিন্তু সেবাইন হাত থেকে বাক্সটা কেড়ে নেয় ছোঁ মেরে। ওর গর্বে ঘালাগে। নিজেই খুঁজতে সুক্ন করে। আলো নিবে এল। জানালার কাছে সরে আসে সেবাইন। ক্রিসতফ একটু দ্রে বসে আছে। খুকু ওর কোলে জাঁকিয়ে বসে কল্ কল্ করছে। ওনবার ভান করে ক্রিসতফ, এবং আনমনা ভাবে হু' একটা উত্তরও দেয়। চোথ হুটী রয়েছে সেবাইনের দিকে। অফুভব করছে সেবাইন। ও আরও ঝুঁকে পড়ে বোতামের বাক্সের উপর। ওর ঘাড় এবং গালের সামান্ত একটুই কেবল দেখতে পাছে ক্রিসতফ। তবু দৃষ্টির জোয়ায় ওর গালটা লাল হ'য়ে উঠল; ওই লালের রাগ লাগল কি ওর নিজের মুখেও!

খুকু অনর্গল কথা ব'লে চ'লেছে, জবাব না পেয়েও। সেবাইন যেন পাথর হ'য়ে গেছে। কি করছে দেখা যাচ্ছে না। ক্রিসতফ ঠিক জানে কিছু করছে নাও। হাতের বাক্সটার দিকেও ওর চোখ নেই। নিস্তর্গতা জনে ওঠে থরে থরে। খুকু অস্থির হ'য়ে ওঠে। ক্রিসতফের কোল হ'তে নেমে বলে: 'তোমরা কথা বলছনা কেন ?'

সেবাইন হঠাৎ ঘ্রে দাঁড়িয়ে ওকে কোলে ছুলে নিল। বাক্সটা হাত থেকে নীচে প'ড়ে গিয়ে বোতামগুলো ঘরময় ছড়িয়ে প'ড়ল। খুকু উল্লাসে হাততালি দিয়ে ওঠে। হামাগুড়ি দিয়ে ছোটে পলাতক বোতামের পেছন পেছন। সেবাইন আবার জানালার কাছে স'রে আসে। শার্সিতে গাল ঠেকিয়ে নিম্পন্দ দাঁড়িয়ে থাকে বাইরের দিকে তাকিয়ে, যেন বাইরের ত্নিয়ায় ও হারিয়ে গেছে।

ক্রিসতফ অম্বন্ধি বোধ করে। গুভ রাত্রি জানিয়ে চ'শে যায়। সেবাইন মুথ ফেরায় না। নীচু স্বরে ছোট্ট ক'রে প্রতি-সম্ভাষণ জানায় গুধু।

রবিবার বিকেলের দিকে কেউ থাকে না। বাড়ীর স্বাই সাম্ব্য . উপাসনায় যায়। স্বোইন যায় না। সেদিন বিকেল বেশা স্বাই চলে গেছে গির্জায়। সেবাইন দরজার ধারে তার ছোট বাগানটিতে ব'সে—
গির্জার মিঠে ঘণ্টাগুলো যেন সেবাইনকে বৃথাই ডেকে ডেকে সারা হ'ল।
গির্জায় যায়নি বলে সেবাইনকে বকার ভান করে ক্রিস্তফ। নির্বিকার
চিত্তে সেবাইন জবাব দিলে, সকালবেলাকার উপাসনায় অবগ্য স্বাইকে
যেতেই হয়। কিন্তু সন্ধ্যাবেলার কোনও বাঁধা-ধরা নিয়ম নেই। স্কতরাং
বাড়াবাড়ি না করাই ভাল। অতি-ভক্তিতে চোরের লক্ষণ। ও
নিজেকে বৃঝিয়ে রেথেছে বেশ ক'রে সন্ধ্যার উপাসনায় না যাওয়ার জন্য
ভগবান রাগ না ক'রে বরঞ্চ খুশিই হবেন।

'বাঃ বেশত, ভগবান একেবারে তোমার মংলব মাফিক তৈরী চিজ্জ. দেখছি।' ক্রিসতফ বলে।

দৃঢ় প্রত্যায়ের কণ্ঠে সেবাইন বলে: 'ওঃ! ওঁর জায়গায় হ'লে আমার তো ভয়ানক বিরক্তি ধ'রে ধেত।'

'তুমি যদি ভগবান হ'তে,' ক্রিসতফ বলে : 'তাহলে তুনিয়ার দিকে ফিরেও চাইতে না।'

'অন্ততঃ এটুকু বলার জন্তে ফিরে চাইতাম যে আমি চাই আর না চাই আমার দিকে দয়া ক'রে যেন কম চায় হুনিয়া।'

'ওঃ ভারী ব'য়ে যাবে।'

'ছি:!' সেবাইন বলে: 'বডড বাড়াবাড়ি হচ্ছে।'

'বাড়াবাড়িটা কি দেখলে। আমি তো ওধু বলেছি, ভগবান তোমার মত। এর মধ্যে অন্তায় কি আছে বলো। নিশ্চয় ভগবান গর্ব বোধ করছেন তোমার মত হয়ে।'

থানিক হেসে, থানিক রেশে সেবাইন বলে: 'চুপ করলে!' ওর ভয় হ'তে লাগল, ভগবানের অপমান হ'চ্ছে। তাড়াতাড়ি কথার মোড় ঘুরিয়ে দিলে। 'তা'ছাড়া এক রবিবারেই যা একটু বাগানে চুপ ক'রে শান্তিতে বসতে পাই।'

'যা বলেছ। তা, ওরা চলে গেছে এখন।' ক্রিসতফ ৰলে। পরস্পরের দিকে তাকায় ওরা।

'কি রকম ঠাগু। সব দেখেছ। আশ্চর্য নয়; এ বাড়ী এমন শাস্ত দেখে বড় একটা অভ্যাস তো নেই। মনে হচ্ছে অক্স কোধায় এসেছি।' আস্তে আস্তে সেবাইন বলে।

ক্রিসতফ হঠাৎ রেগে ওঠে:

'জানো ওটাকে এক এক সময় আমার গলা টিপে খুন করতে ইচ্ছে হয়।'

'ওটা' যে কে, আর ব'লে দেবার দরকার হয় না। সেবাইনের ভারী। মজা লাগে। বলে: 'আর অস্তু স্বাইকে ?'

ক্রিসতফ একটু লজা পায় : 'হুঁ, রোজা রয়েছে।'

'বেচার।!' সেবাইন বলে।

চুপ হয়ে যায় इ'জনে।

'এমনি চুপচাপ শাঁন্ত যদি সব সময় থাকত।' দার্ঘনি**খাস ফেলে** ক্রিসতফ ব**লে**।

হাসি-উদ্ধূল চোথ তু'টি ক্রিসতফের দিকে তুলেই নামিয়ে নেয় সেবাইন। ক্রিসতফ এতক্ষণে লক্ষ্য করল ও কি একটা করছে।

'কি করছ १' জিজ্ঞাসা করে।

[ আইভী-ছাওয়া বাগানের বেড়াটা রয়েছে চুজনের মাঝখানে ]

হাতের পাত্রটি দেখিয়ে সেবাইন বলে: 'দেখছ না, মটর শুটি ছাড়াজি ।' দীর্ঘনিশ্বাস বেরিয়ে আসে ব'শতে ব'লতে ।

'বেশ বেশ।' হাসতে হাসতে ক্রিসতফ বলে।

'বেশ না ছাই। রাত দিন কেবল খাওয়া খাওয়া কর রাক্ষসের মত।'

'পারলে দেখছি তুমি হাঁড়িকুঁড়ির পাট তুলে দিয়ে কেবল হাওয়া 'খেয়ে থাক।'

'থাকিই তো।' জোরের সঙ্গে বলে সেবাইন।

'আচ্ছা দাঁড়াও, আমি ছাড়িয়ে দিচ্ছি তোমার মটর।' ব'লে বেড়া ডিলিয়ে এখারে চ'লে এল ক্রিসতফ।

দরজার কাছে চেয়ারে ব'সে ছিল সেবাইন। তার পায়ের কাছে দাওয়ায় এসে বসে ক্রিস্তফ। সেবাইনের কোলের ওপর ঢালা সবুজ্ব মটরগুটির রাশ। তা থেকে মুঠো ভ'রে তুলে নিয়ে ছাড়িয়ে রেথে দেয় ওর তুই ইট্টুর মধ্যে রাথা পাত্রটিতে। যার এত কাছে এসে ব'সতে পারলে তার মুথের দিকে চাইতে পারলে না ক্রিস্তফ; চোথ রইল তার পায়ের দিকে—কালো মোজায় ঢাকা ত্থানি পা; একথানি পা জুতো থেকে খানিক বেরিয়ে আছে।

আবহাওয়া গুমট; মেঘ রয়েছে আকাশের বুক চেপে। বাতাস যেন দাঁড়িয়ে আছে থমকে। একটি পাতাও নড়ছে না। বাগানের ঘেরা-পাঁচিশের ওপারে পৃথিবী যেন নেই।

খুকুও বন্ধদের সাথে খেলতে গেছে। নিরালার এই একান্ততায়
ওরা এখন অনন্ত। কথা নেই, কিই বা বলবে। সেবাইনের কোল থেকে
মটরগুটি নিয়ে আনমনে ছাড়িয়ে চলে ক্রিসতফ। কথনও আঙ্গুলে
আঙ্গুল ছুঁয়ে যায়—পুলক-শিহরণ নিমেষে ছড়িয়ে পড়ে ওর সর্ব দেহে;
মটরগুটির গ্রামলিমায় ডোবা আর এক জোড়া হাতের আঙ্গুলগুলো যেন
বেজে ওঠে এক ন্তন রাগিনীতে। কাজ যায় থেমে। দৃষ্টিতে দৃষ্টিতে
আলিক্সন; আবার তথনি চোথ ফিরে যায়। দেহের ভান্দন থামে;

অক্ত দিকে তাকিয়ে নিশ্চল প্রতিমার মত ব'সে থাকে ছ'জন। চেয়ারে এলিয়ে পড়ে সেবাইনের শিথিল দেহ; শিথিল হাত ছ'পাশে ঝুলে পড়ে; নিখাস দ্রুত, ওঠ আধ-খোলা, দৃষ্টি স্থির।

ক্রিসতফেরও যেন নিখাস পডে না , কাঁধে হাতে লাগছে সেবাইনের পায়ের উষ্ণ স্পর্শ। মাটির শীতল স্নিগ্ধতার উপর উত্তপ্ত হাত হ'খানি চেপে ধরে। রাথে সেবাইনের অনাবৃত পা-থানির উপর। আর পারে না সরিয়ে আনতে—প্রিয়-দেহের ঘনিষ্ঠতায় হাত যেন একেবারে বাঁধা পড়ে। শিরায় শিরায় বয়ে চলে কোন্ মত্ততার হিলোল। জোয়ার জেগেছে—এ মাতাল স্রোতকে ঠেকাবে কোন বাঁধ গ কোন বিদিকে ওদের ভাসিয়ে নিয়ে যাবে কে জানে ? ছোট্ট পা-থানির চাঁপার কলির মত আঙ্গুলগুলো চেপে ধরে মুঠো ক'রে। সেবাইনের দেহ আসে অসাড় হ'য়ে, কপালে দোলে স্বেদ-বিন্দুর মালা। ওর মাথা ধীরে ধীরে নেমে আসে ক্রিসতফের দিকে ··

পরিচিত কঠের পরিচিত ধ্বনিতে চকিতে আবেশ ভেক্সে যায় টুকরো টুকরো হয়ে। চমকে ওঠে হজনে। লাফিয়ে উঠে বেড়া পার হ'য়ে যায় ক্রিসতফ। সেবাইন মটরগুলি ছুলে নিয়ে ভেতরে চ'লে যায়। ভেতর-কার উঠানে এসে ফিরে তাকায় ক্রিসতফ। সেবাইন দরজায় দাঁড়িয়ে। চার চোথের দৃষ্টি আবার মিলে যায়। গাছের পাতায় টুপ্ টাপ্ক'রে বৃষ্টি পড়ে। দরজা বন্ধ ক'রে দেয় সেবাইন। শ্রীমতী ফোগেল আর রোজা ভেতরে আসে—ক্রিসতফ চ'লে যায় নিজের ঘরে।

দিন-শেষের সোনালী আলো বৃষ্টি-ধারায় নিবে যায়। এক ছর্বার আবেগে ডেস্ক ছেড়ে উঠে পড়ে ক্রিসতফ। ছুটে যায় জানালার কাছে---আকুল বাছ হুটি ছুটে গিয়ে কাকে খোঁজে সামনের জানালায়। ঠিক সেই মুহুর্তে সমুখের বাতায়নের আধ-থোলা অবকাশে, ঘরের ভেতরকার আধো- আঁখারে ... ক্রিসতফ দেখল ... আকুল-বাছ-মেল। প্রিয় মৃতি। সত্যি ... ? না দৃষ্টি-বিভ্রম ... ?

ছুটে বেরিয়ে এল ঘর থেকে বাগানের ধারে। লাফিয়ে উঠল বেড়ার ওপর। থেয়াল নেই, চার-পাৃশে রয়েছে শাসন-কঠিন কয়েক জোড়া চোথের রক্ত চাহনি। যে-বাতায়নের আধ-থোলা পথে এই মাত্র প্রিয়-ম্তির আবির্ভাব হ'ল, আকুল সন্ধানী দৃষ্টি তাকেই থোঁজে। কিন্তু সেজানালা বন্ধ। সব নিস্তন্ধ নির্মান্য বাড়ীখানাই যেন ঘুমিয়ে প'ড়েছে। ও থমকে থেমে যায়। বৃদ্ধ অয়লার তার ঘরে যাছিল। ওকে দেখতে পেয়ে ডাকল। ফিরে এল ক্রিস্তফ। ওর মনে হল নেকি স্বপ্রের ঘোরে ছিল ও এতক্ষণ।

বেশীদিন রোজার কাছে এ ব্যাপার লুকনো রইল না। রোজা ভয় জানে না, হিংসাকে চেনেনি এখনও। ও কেবল দিতে চায়, কিছু বাকী না রেথে নিজেকে নিঃশেষ ক'রে। নাই বা পেল প্রতিদান। ক্রিসতফের ভালোবাসা ও পায়নি। এবং এই না-পাওয়াকেই ও বেদনার অর্ঘ্যে সাজিয়ে মাথায় তুলে নিয়েছে। কিন্তু ওকে ভালো নাই বাস্ত্বক, আর কোনো মেয়েকে ক্রিসতফ ভালোবাসবে এমন সন্তাবনা ওর মনে আসেনি।

সেদিন রাতে থাবার পর, হাতের এতদিনকার সেলাইটা শেষ হ'য়ে গেল বান মন খুশিতে ভ'রে উঠল। ইচ্ছে হ'ল এমনি গিয়ে ক্রিসতফের সাথে একটু গল্প করে। মা একটু আড়াল হ'লেই ও চুপ ক'রে বেরিয়ে এল ঘর থেকে, ইস্কুল-পালানো ছেলের মত পা পা ক'রে চুপি চুপি এল বাইরে। ভাবলে ক্রিসতফকে অবাক ক'রে দেবে; বলেছিল না সেলাইটা সাত জন্মে শেষ হবে না! বাইরেই ব'সে আছে ওরা, গিয়ে চাথের সামনে তুলে দেথিয়ে দেবে, সাতজন্ম কেন একটা জন্মও

লাগল না। ভারী মজা হবে। কিন্তু ভেবে দেখলে না, ও পক্ষেরও মজা লাগবে কিনা, সেধানে ওর স্থান কোথায়। ওর নিজের ভালো লাগাটাই বড় হ'য়ে রইল।

ক্রিসতফ আর সেবাইন রোজকার মতই এসে বসেছে বাইরে। ব্যোজার ভেতরটা কেমন একটু থচ ক'রে উঠল। কিন্তু তবু ও থামল না। হাজা কোতুক-ভরা স্বরে ক্রিসতফকে ডাকতে ডাকতে এসে উপস্থিত হ'ল। রাত্রির নিশুকতায় রোজার কর্কশ কণ্ঠ বড় বেস্থরো হ'য়ে বাজল ক্রিসতফের কানে। চম্কে উঠল, রাগে ওর জ কৃঞ্চিত হ'য়ে উঠল। রোজা বিজয়-গর্বে সেলাইটা ক্রিসতফের মুখের সামনে আক্ষালন করতে লাগল। ক্রিসতফ ধৈর্য হারিয়ে ধমকে উঠল। তবু রোজা দমল না।

'শেষ হয়েছে তো, কেমন বলেছিলে হবে না!'

'বেশ হয়েছে, রাজা হয়েছ, এখন যাও আর একটা ধরোগে।' রুক্ষভাবে ক্রিসতফ বলে।

রোজা এবারে দমে যায়। সমস্ত আনন্দ এক ফুঁ য়ে নিবে গেল।
ক্রিসতক ঝেঁঝেঁবলুল: 'একটা কেন একশোটা করগে না। বুড়ো
বয়সে বলতে পারবে যে ব'সে ব'সে গেলোনি, অস্তত একটা কাজ করেছ।'
রোজার চোথ ফেটে জল এল। বললে: 'এত রাগ করছ কেন
ভাই ?'

ক্রিসতফ লজ্জা পায়। তালো ক'রে কথা বলে। মিষ্টি কথায় রোজা ভূলে যায়। সাহস ফিরে আসে। আবার অভ্যাসমত চেঁচিয়ে কল কল করতে গুরু করে। চীৎকার ক'রে কথা বলা ওদের বাড়ীর রেওয়াজ, চেষ্টা করলেও ওরা গলা চাপতে পারে না। প্রথমে তিক্ত স্বরে কেবল হাঁ না ক'রে জ্বাব সারতে লাগল ক্রিসতফ,। কিন্তু শেষে আর পারলে না, একেবারে পেছন ফিরে চুপ ক'রে বসে রইল। ব'সে ব'সে ছটফট করতে আর রাগে জ্বলতে লাগল। রোজা ব্রাল ক্রিসতফ খুব চটেছে। স্থতরাং থামা দরকার। কিন্তু থামতে গিয়ে গলা উঠল আরো উঁচু পরদায়; বাক্য-স্রোত হ'ল থরতর। সেবাইন একটু, দূরে তার অভ্যন্ত অন্ধকারটিতে ব'সে শ্লেষে তাজ্ছিল্যে মিশিয়ে দৃশুটি দেখছিল। আর পারলে না, বড় প্রান্ত বোধ হ'ল—মনে হ'ল প্রিয় সন্ধ্যাটির অপমৃত্যু হ'ল। উঠে চলে গেল ভেতরে। ও চ'লে গেছে ক্রিসতফ টের পেল থানিক পরে এবং পাওয়া মাত্র বিনাং ভূমিকায় কোনোমতে একটা সংক্ষিপ্ত শুভরাত্রি জানিয়ে চ'লে গেল।

হতবৃদ্ধি হ'য়ে দাঁড়িয়ে রইল রোজা অপস্যমান মৃতির দিকে তাকিয়ে। তুই চোথ বেয়ে জল পড়তে লাগল। ছটে চ'লে এল নিজের ঘরে একেবারে নিঃশন্দে, যাতে মা টের না পান। নইলে হাজার কৈফিয়ৎ দিতে হবে। কিন্তু কথা কইতে ও পারবে না, একটিও না, কারো সাথে না। টলতে টলতে কাপড় বদলে বিছানায় লুটিয়ে পডল; বিছানায় চাদরে মুথ গুঁজে কাদতে লাগল অঝোরে। ব্যাপারটায় বিশ্লেষণ করতে মন চাইলে না ; চাইলে না জানতে ক্রিস্তফ সেবাইনকে ভালোবাসে কিনা। ও তো দেখেই এল—ক্রিস্তফ-সেবাইনের সভায় ও একেবারেই অনাহুতা, অনাদ্তা—কিন্তু সে অনাদরের পরিমাণ যে কতথানি তার হিসেব করতে চাইলে না। সব ব্যঞ্জনার উধ্বের্থ জেগে রইল আজ ও সব থোয়াল। জীবনের সব অর্থ লুটাল মাটির ধূলায়।

পরদিন আশা আবার ফিরে এশ তার নিত্যকালের কৃহক নিয়ে। গত সন্ধ্যার কথা মনে প'ড়ে ভাবল, কাল বড় বাড়াবাড়ি ক'রে ফেলেছে। অতথানি পাগলামো করার কিই বা ছিল! ক্রিসতফ যে ওকে ভালোবাসে না এ তো ও জানেই, এবং মেনেও নিয়েছে! কিন্তু...কিন্তু...তবু আশায়, পথ চাওয়ার শেষ কই! ভালোবাসঃ

দিয়ে ক্রিসতফকে জয় করবেই একদিন না একদিন—এই ভরসায় বুক বেঁধে থাকবে। কিন্তু নিজের কাছেও স্বীকার করতে চায়না কথাটা। আছো, ক্রিসতফ ওকে ভালে। হয় তো বাসেনা কিন্তু সেবাইনকে ভালোবাসে এ বিসদৃশ ধারণা কোখেকে এল ! কোথায় সে, আর কোথায় এই মেয়ে ! ওই মাজিত-বৃদ্ধি, দীপ্তিমান ছেলে, সে কেমন ক'রে সেবাইনের মত এই অতি-সাধারণ বাজে মেয়েকে ভালোবাসতে পারে ! কথাটা ভেবে খানিকটা যেন আম্বন্ত হয় নিজের মনেই। কিন্তু তবু ওর সন্ধানী দৃষ্টি টিকটিকির মত সারাক্ষণ ক্রিসতফের সাথে সাথে ফিরতে লাগল ছায়ার মত। এই অশোভন ব্যবহারে ক্রিসতফ গেল খেপে। কিন্তু এর পর যে-ব্যবহার করল রোজা, তার ফল হ'ল সম্পূর্ণ বিপরীত। ক্রিসতফ-সেবাইনের সাদ্ধ্য আসরে পরের দিনও এসে হাজির হ'ল। এবং আসতে লাগল নিয়মিত। আগের দিনের মত আজও রোজার কোলাহলে সন্ধ্যাটির অপমৃত্যু ঘটল: আজও নিঃশব্দে সেবাইন কথন উঠে গেল এবং তার পরেই আসর শৃন্ত ক'রে চ'লে গেল ক্রিসতকও। এতগুলো প্রমাণে ওর চোথ খুলে গেল; বুঝলে ও অনাদৃতা, ওকে কেউ চায়না। কিন্তু বুঝেও ঠিক বুঝলে না, থোলা চোথে তাকিয়ে দেখলে না নিজের অমার্জিত হাত দিয়ে ও নিজের কপাল ভাকছে।

পরের দিন সেবাইন আর এলই না। রোজার পাশে ব'মে ক্রিস্তক্ষ ওর আসার পথ চেয়ে রইল।

তার পরের দিন ক্রিসতফকেও দেখা গেল না। ভালা হাটে রোজ্ঞা এসে দাড়াল একা। রণালন হ'তে ত্জনেই স'রে দাঁড়িয়েছে। অভিসার-সন্ধ্যাটিকে খুইয়ে ক্রিসতফ আগুন হ'য়ে উঠল। এবং যত রাগ গিয়ে পড়ল নির্বোধ মেয়েটার ওপর। ক্রিসতফ নিষ্ঠুর হ'য়ে উঠল। এত বড় অপরাধ ও ক্ষমা ক'রবে না। হায়রে অদৃষ্ট! নিজের ভাবনায় ডুবে হুর্ভাগা মেয়েটার হৃদয়খানাকে একবার ও দেখলে না!

কিন্তু দেখল দেবাইন। ফাঁকি চল্ল না ওথানে। বেশ কিছুদিন আগেই ও বুঝতে পেরেছে। নিজের মনের থবর পাবার আগেই রোজা যে ওর প্রতিশ্বদী এ কথা ও বুঝে নিয়েছে। কিন্তু চুপ ক'রে রইল। ও জানে জয়মাল্য ওরই গলায় হলছে। অতএব স্থন্দরী মেয়েদের স্বভাবসিদ্ধ নিষ্ঠুরতায় ও নিঃশব্দে দূরে দাঁডিয়ে পরাজিতা প্রতিশ্বদীর বার্থ প্রমাস দেখতে লাগল।

ভূল চালের শোচনীয় পরিণাম রোজা করুণ চোথে দেখতে লাগল রণান্ধনে একা দাঁড়িয়ে। এখনও পথ ছেড়ে সরে দাঁড়াতে পারলে ভাল হ'ত, অন্ততঃ কিছুকালের জন্ম। কিন্তু ওর বুদ্ধি বিপরীত; বরাবরের মত আজ্বও ধরল উল্টো পথ। এবং মারাত্মক ভূল ক'রে বসল।

ভাবলে সেবাইনের কথা তুলে একটু পরথ করে দেখিই না কেন ? দ্বক্ষ হক্ষ বক্ষে সেবাইনের প্রসক্ষ তুলল—বলল সেবাইন স্থলরী। কাটা একটি জবাব দিলে ক্রিসতফ, শুধু কি স্থলরী, পরমা স্থলরী। কি উত্তর আসবে রোজার জানা ছিল, তবু উত্তরটা যথন এল, বুকে প'ড়ল হাতুড়ীর ঘা। রোজা জানে সেবাইন স্থলরী। কিন্তু তেমন ক'রে দেখেনি। আজ প্রথমবার নিরীক্ষণ ক'রে দেখল, এবং দেখল ক্রিসতক্ষের চোথ দিয়ে। প্রত্যেকটি অবয়ব স্থকুমার, ছোট নাকটি, শুল্ল রেখায় টানা ছটি ঠোঁট; তহু দেহটির চলা-ফেরা ছল্ফে-গাঁথা…। ভূগবান স্পর্বন্ধের মূল্যেও যদি ওই দেহখানি পেত! ওই স্থক্মার দেহের আথারে নিজের হৃদয়খানিকে নিয়ে ও বাঁচতো! কিন্তু কেন ? কেন এই অমুচিত কামনা। থাক আজ সে বিচার। ওর নিজের দেহ!

পরম কুৎসিত মনে হ'ল ও বস্তুটাকে। স্থাকার আসতে লাগল। কিন্তু কোন পাপে এই কুরূপ দেহ ও পেল! দেহটা তুর্বহ বোঝা হ'য়ে উঠল আজ। এক মরণ ছাড়া এ থেকে মুক্তি নেই! ... কিছুতেই নেই! ভালোবাসা পায়নি। কিন্তু তা নিয়ে ও নালিশ করতে পারেনিণ গর্বে বেখেছে। নাশিশ করবে না ; করার ওর অধিকার নেই। নিজেকে মাটির ধূলোয় মিশিয়ে দিতে চাইল।—কিন্তু সহজাত বুদ্ধি মাথা তুলে দাঁড়ায়…এ অন্তায়…ঘোর অবিচার। রোজা কেন কুৎসিত হ'ল ৷ কেন হ'লনা সেবাইন 

কেন সেবাইন পেল ভালবাসা, কেনই বা পেল না ও ? কেন ... কেন ... কোন পাপে ? ... বিশ্বেষে বিষিয়ে উঠল রোজার সারা অন্তর। কোন গুণে ক্রিসতফ ওকে ভালোবাসল! মেয়ের কোন গুল আছে ? কুঁড়ের একশেষ, অহংকারী—মাটিতে পা পডেনা : না দেখে ঘর সংসার, না দেখে নিজের মেয়েটাকে: সংসারের কুটোটি অবধি নাড়েনা; সংসার তো নয় আঁন্তাকুঁড়! সারাদিন গায়ে ফুঁ দিয়ে বেড়ায় আর নয়তো বিছানায় গড়ায়। নিজের ছাড়া কোনো দিকে তাকায় না পর্যস্ত ! ... এই স্প্রষ্টিছাড়া জীবটাকেই কিনা ক্রিসতফের ভালো লাগলো! সেই ক্রিসতফ, যে এত কঠিন, এত কঠোর...এত যার হক্ষ বিচার, খুৎখুতে মন! সেই জিসতফ, ষে রোজার সব থেকে বড় শ্রদ্ধার বস্তু, আদরের পাত্র : কেমন করে অমন হ'ল ক্রিসতফ! কথনও কথনও অতকিতে ক্রিসতফকে গুনিয়ে গুনিয়ে ্সেবাইনকে গালি দিয়ে ফেলে ইচ্ছার বিরুদ্ধে। কেমন ক'রে যেন বেরিয়ে যায়-কে যেন ঠেলে দেয় ভেতর থেকে-পরক্ষণেই মরমে ম'রে যায় —লজ্জায় বেদনায় সারাটা দিন ও কৃকড়ে এতটুকু হয়ে থাকে। মন তো ওর কঠোর নয়, কারো নিন্দা-চর্চা করতে ওর রুচিতে বাধে, কিন্তু কেমন ক'রে কোথা দিয়ে কি হ'য়ে যায় নিজেই বুঝতে পারে না। ক্রিসতফের

কাছ থেকে জবাব আসে অত্যন্ত পরুষ ভাষায়; ভদ্রতা ক'রেও পালিশ দিয়ে কথ! বলে না। ওর হাদ্পিগুকে যেন শতথান ক'রে ভেক্তে দিয়ে যায়। নিজের ভালোবাসার ক্ষেত্রে আঘাত পেয়েছে ক্রিস্তফ। এখন সেই আঘাত ও কঠিন হাতে ফিরিয়ে দেবে। এবং দেয়। বোজা কোনো জবাব করেনা; মাথা নীচু করে ঠোঁট কামড়ে কাল্লা চেপে আস্তে অব্তির বেরিয়ে যায়। আমারি অপরাধ! আমারি অপরাধ! ক্রিস্তফের প্রেমের পাত্রকে আঘাত দিয়েছি, এ আঘাত তো ওরই বুকে বেজেছে অতএব এ শান্তি আমার প্রাণ্য—আমার

কিন্তু অত সংযম এমেলিয়ার নেই। এবং ওই স্ব-দর্শী তীক্ষ দৃষ্টির সামনে তরুণী প্রতিবেশীর সাথে ক্রিসতফের ঘনিষ্ঠতার থবর চাপা রইল না। অয়লারের চোথেও প'ড়ল। ওদের মধ্যেকার সম্পর্কটা আন্দাজ ক'রে নিতে একটুও দেরী হ'লনা। ক্লুদে ওস্তাদটিকে একদা জামাই পদে বরণ, করার গোপন মংলব গোড়ায়ই বানচাল হ'তে দেখে ওরা ক্রিপ্ত হ'য়ে উঠল। ক্রিসতফের ব্যবহার ব্যক্তিগত অপমান হ'য়ে ওদের গায়ে বাজল। অথচ বেচারা ক্রিসতফ ঘৃণাক্ররেও জানেনা, ওর ভাগ্য-নির্ণয় হ'য়ে গেছে। এবং ওর সম্মতি নেবার প্রয়োজন হয়নি। এমেলিয়ার রাজ্তে প্রতিবাদ অচল: স্কতরাং নানাভাবে সেবাইন সম্বন্ধে যে-প্রতিক্ল মত এমেলিয়ার তরফ থেকে ব্যক্ত হ'য়েছে, তা যে ক্রিসতফ গ্রাহ্ করে নি এটা ওর মনে হ'ল অক্রমণীয় স্পর্ধা।

ক্রিসতফ গ্রাহ্থ না করলে হবে কি ? ক্রিসতফের ভালোর জন্ত এমেলিয়া স্থযোগ পেলেই সেবাইনের কুৎসা শোনায়; খুঁজে বেছে এমনি সব কথা বের করে যাতে ক্রিসতফের বুকে আঘাত লাগে এবং সেবাইনের প্রতি ওর মন ভেকে যায়। ক্রিসতক কাছে থাকলেই কোনো নাঃ কোনো ছলে সেবাইনের প্রসঙ্গ তোলে। মনের হিংসায় ভাষার সংষম থাকে না, এবং প্রসঙ্গটা হয়ে ওঠে পাঁক। মেয়েদের হিংসা পুরুষের চাইতে অনেক গুণ বেশী ভয়ংকর। হিত ও অহিত হই ই পুরুষের চাইতে ওরা অনেক বেশী করতে পারে এবং মেয়েরা অনেক বেশী কুশলী এ বিষয়ে। এমেলিয়াও এখন নৃতন পথ ধরল। সেবাইনের ব্যক্তিগত চরিত্র নিয়ে ঘাটাবাটি ছেড়ে দিয়ে আটপোরে মামুষটাকে নিয়ে প'ড়ল। ও যে অত্যন্ত নোংরা সেই কথাটাই ক্রিসতফের সামনে প্রমাণ করার জন্ম উঠে প'ড়ে লাগল। সেবাইনের প্রসাধন-কালীন গোপন পর্বটিকে এমেলিয়া জানালার ফাঁকে চোরের মত দেখেছে। অত্যন্ত নির্বিকার স্থলত্বে তার যে-বর্ণনা এখন দিতে লাগল তা অত্যন্ত বীভৎস রকম নয়। এ পরেও অনেক কিছুই নাকি ব'লতে পারলে না লজ্জায়; অতএব যা বাকী, রইল তা ইক্লিতে এবং আরও নয় চেহারায়।

রাগে লজ্জায় ক্রিস্তফ বিবর্ণ হ'য়ে যায়। ঠোঁট ছটো সাদা কাগজের মত হ'য়ে থর থর করে কাঁপতে থাকে। রোজা যেন আগে থেকেই বুঝতে পারে। স্থতরাং সে মার মুখ চেপে ধরে, এমন কি সেবাইনের পক্ষও নেয় সময় সময়। কিন্তু এমেলিয়া থামবার মেয়ে নয়, সে আরও হিংস্র হ'য়ে ওঠে।

হঠাৎ এক সময়ে ক্রিসভফ লাফিয়ে ওঠে চেয়ার থেকে। টেবিক্স চাপড়িয়ে চীৎকার ক'বে বলে, মেয়েমাস্থ্যের পেছনে টিকটিকির মত লেগে থাকা আর তার কুৎসা রটান, এর মত ঘেরার কাজ আর নেই। বেচারী সেবাইন নেহাৎ শাস্ত শিষ্ট, একধারে প'ড়ে আছে, কারো সাতেও নেই পাঁচেও নেই; তার গায়ে কেন কাদা ছিটোন! যারা ছিটোয় তারঃ মাত্রষ নয়। কিন্তু স্বাই মনে যেন রাখে ও মেয়ের একগাছি চুলও ছুঁতে পারবে না কেউ।

স্থতরাং এমেলিয়ার অভিষ্ট সিদ্ধ হ'লনা। ক্রিসতফের মনের আকাশে সেবাইন আরো উজ্জ্বল হ'য়ে ওঠল।

এমেলিয়া বোঝে বাড়াবাড়ি হ'য়ে গেছে। বুকে যেন কাঁটা বেঁধে।

রণ-কোশল একটু বদলে নিয়ে বলে—ভালমামুষ বললেই হ'ল। বলতে তো আর ট্যাক্স লাগে না। ভালোমামুষ না হাতী। কারো কিছু সাত জন্মে ক'রলে না উঁকি মেরে দেখলে না কাউকে, না হয় বাপু নিজেরটাই কর ভালো ক'রে! তাও নয়। এমনি বেদ্দ কুড়ে! এই নাকি ভালো মামুষ!

ক্রিসতফ মুখ ঘুরিয়ে জবাব দেয়—ও: কাজ! দেখা গেছে কাজের নমুনা। বাপস! কাজ তো নয় হাড়-জালান! কর্তব্যের ঠেলায় জান শেষ। যদি আনন্দই দিতে না পারা যায়, তবে আর কর্তব্য কর্তব্য করে টেচিয়ে কি হবে ? কর্তব্য মানে কি কেবল অক্সের হাঁড়ির ভাত গোনা ? রক্ষে করুন ভগবান. সাত জন্মে যেন অমন কর্তব্য থেকে আর কর্তব্য করনে-ওয়ালাদের হাত থেকে।

তিব্ধতা বেড়েই চলে। এমেলিয়ারও তেজ কমে না, ক্রিসতফও এক চুল নামে না। ক্রিসতফ জেদ ক'রে দেখিয়ে দেখিয়ে সেবাইনের সলে সলে থাকে। যথন তথন গিয়ে ওর দরজায় ধাকা দেয়, গল্প করে তথন মিশে ঢলাঢলি করে রোজা আর এমেলিয়াকে দেখিয়ে দেখিয়ে। এমেলিয়া বেছে বেছে চাখা চোখা গাল দিয়ে গায়ের ঝাল মেটায়। কিন্তু বেচারী রোজা—এমন স্ক্র চিকন নিষ্ঠুরতায় ওর নিরপরাধ সরল হাদয়থানা ভেকে খান খান হ'য়ে যায়;

ও ব্ঝতে পারলে ওরা চায়না ওকে, ও কেবল ওদের ঘণা কুড়িয়ে বেড়াছে। অঝোরে ও ব্ক ভাঙ্গা কালা কাঁদে।

ক্রিসতফ শিথেছে, অস্থায়ের মার থেয়ে থেরে এখন অস্থায় ক'রে মার দিতে শিথেছে।

কিছুদিন পরে এল সেবাইনের ভাই। ময়দার কল আছে। লেনডেগে থাকে। তার ছেলের নামকরণোৎসব। এসেছে সেবাইনকে নিতে, সেবাইন শিশুর গড্-মাদার হবে। ক্রিসতফকেও নিমন্ত্রণ ক'রলে। এসব হৈ হলা ক্রিসতফের ভালো লাগে না, তবু যেতে রাজী হ'ল—সেবাইনের সঙ্গও পাবে আর ফোগেলদেরও একটু চোথ টাটাবে।

সেবাইন, রোজা আর এমেলিয়াকেও নিমন্ত্রণ ক'রল; জানতো তারা ছুঁড়ে ফেলে দেবে ওর নিমন্ত্রণ। সত্যি সত্যি তাই হ'ল। তারী হিংস্ত্র তৃপ্তির স্বাদ পেলে এমেলিয়া। রোজার ভারী ইচ্ছে ছিল, নিমন্ত্রণ এহণ করে। সেবাইনকে ওর অপছন্দ ছিল না। বরঞ্চ ক্রিসতফ ওকে ভালোবাসে ব'লে মাঝে মাঝে ওর প্রতি রোজার অস্তর মমতায় ভ'রে উঠে। ইচ্ছে হয়, হৃদয় খুলে দেথিয়ে দেয় সেবাইনকে, তুই হাতে ওর গলা জড়িয়ে ধরে। কিন্তু রয়েছে মা—আর মায়ের আদর্শ।

রোজার অভিষান মাথা তুলল, ও শক্ত ক'বল নিজেকে; ব'লে দিলে যাবে না। ওরা চ'লে গেলে—ওর চোধের সামনে কেবল ভেসে বেড়াতে লাগল ছটি স্থনী নর-নারীর ছবি; জুলাইয়ের সরস দিন এগাঁয়ের অবারিত দাক্ষিণ্যে এক সাথে ঘুরে বেড়িয়ে, স্রোতের মুখে নোকা ভাসিয়ে, প্রিয়-সায়িধ্যে ছটি মামুষ খুশি হ'য়ে উঠেছে। আর ওর ভাগ্যে রইল সংকীর্ণ ঘরের ঘুপচিতে ব'সে বক্বকানী শোনা। দম বৃদ্ধ হয়ে যাবে বৃদ্ধি ওর! রাগ হল…হায়রে অহংকার, একি মরবে না! শেদি

আর একটুসময় থাকত ! কিন্তু কি হ'ত থাকলে ! এ ছাড়া আর কিই বা করত !

মিলার, ক্রিসভফ আর সেবাইনকে আনার জম্ম তার ছোট্ট গাড়ীটা পাঁঠিয়ে দিল। যাওয়ার পথে শহর থেকে আরো কয়েকজন নিমন্ত্রিতকে রাস্তার পাশে বাদামী রক্তের গাছে গাছে থোলো থোলো লাল · (চরী, মাঠে মাঠে বুনো চেরীর গাছ, সবই যেন ঝল্মল্ ক'রছে। সেবাইনের মুখ হাসিতে উদ্ভাসিত। কড়া হাওয়া লেগে ওর স্বভাব-পাণ্ডর মুখখানা লাল হ'য়ে উঠেছে। ওর মেয়েটি ক্রিসতফের কোলে। পরস্পরের সাথে ওরা একটিও কথা কইলেনা। কিন্তু সাধারণ আলাপ পরিচয় হাসি-হুলোড়ে যোগ দিলে পুরোপুরি। প্রিয় কণ্ঠটি কানে আসে, আর হুথানি বুক হলে হলে ওঠে। একই গাড়ীতে চলেছে—गाডीর দোলায় এক সাথে চলার আনন্দ দোলে; ঘর-বাড়ী, মানুষ, গাছ যা দেখে শিশুর মত আনন্দে ওঠে নেচে; দেখায় পরস্পরকে যেন নৃতন আবিষ্কার; চোথে চোথ মিলে যায় · · · সহান্ধ খুশিতে হেসে ওঠে হুজনে। সেবাইন গ্রাম ভালোবাসে, কিন্তু বড় একটা যায়নি গ্রামে। ম্বভাবের হুর্জয় আলস্তে এমনি বেড়াতেও যায়নি। স্থতরাং নগণ্য জিনিষও আজ অপূর্ব লাগছে। ক্রিসতফের অভ্যন্ত চোখে অবগ্র এগুলো নৃতন ৰয়।

প্রেমিকের সহজ-ধর্মে সেবাইনের চোথ দিয়ে পুরানো পৃথিবীকে আবার নৃতন ক'রে দেখল ক্রিসতফ নৃতন রক্ষে। সেবাইনের অঞ্ভৃতি আনন্দ হ'য়ে ওর হৃদয়কে দোলাল, সেবাইনএর চিত্তের ভাবের মৃকুল ওর হৃদয়ে ফুল হয়ে দল মেলল। ক্রিসতফ প্রিয়ার মধ্যে আপনাকে নিঃশেষে তেলে দিলে।

পৌছে দেখা গেল আন্ধিনা-ভবা মাসুষ। উল্লাসের উচ্চ রোলে আকাশ কাঁপিয়ে ওদের স্থাগত জানাল তারা। হাঁস, মুরগী, কুকুরের দলও সে স্থাগত-সম্ভাষণে যোগ দেয়। সেবাইন তোছোটখাট, কিন্তু দ্যাদাটি আকারে দৈত্য বিশেষ; লম্বা চওড়া ক্লবরদপ্ত জোয়ান, স্থলর এক মাথা চুল। বোনকে ধরলে বুকে জড়িয়ে, এবং তারপর এমনি আলতো হাতে ছেড়ে দিলে যেন অতি পন্ধা জিনিষ, এখনি ভেলে যাবে। ক্রিসতক্ষ দেখে অবাক হয় ছোট্ট বোনটি বিরাট দাদাটিকে নিয়ে যা খুশি তাই করছে: দাদাটিও তাকে এটা সেটা নিয়ে থেপিয়ে অস্থির করে তুলছে। বিপুল-কায় লোকটা যেন ঐ এক কোঁটো মেয়ের পায়ের ভত্য। খুদে মালিকটির ছক্মের জন্ত সে যেন পথ চেয়ে আছে। হুটি ভাই বোনের অত্যন্ত সহজ সম্পর্ক। ভালোবাসা পাবার কোনো প্রয়াস সেবাইনের নেই; স্বাই ওকে ভালোবাসবে, এইটেই যেন ওর স্থত:সিদ্ধ অধিকার। ভালোবাসা নাই পায় যদি, না পেলো, তাতেও ওর আক্ষেপ নেই। এই কারণেই ভালোবাসা পায়ও সকলের কাছ থেকেই।

একটা জিনিষ ক্রিসতফের মনঃপুত হল না। নামকরণের জন্ত 'গড-মাদারের' সাথে একজন গড-ফাদারেরও প্রয়োজন। প্রচলিত রীতি অমুসারে এই সম্পর্কের মধ্যে শ্রীমান শ্রীমতীর ওপর কিছু অধিকার লাভ করেন। শ্রীমতী তরুণী হ'লে সে-অধিকার শ্রীমান প্রায়ই ছাড়েন না। এটা আগে জানতো না ক্রিসতফ। হঠাৎ দেখলে একজন রুষক, মাধায় একরাশ স্থান্দর কোঁকড়া চুল, কানে আংটা, হাসতে হাসতে সেবাইনের কাছে এসে ওর হুই গালে চুমু থেলে।

ক্রিসতফ চটে গেল সেবাইন-এর ওপর। যেন ওই লোভ দেখিরে কাঁদে ফেলেছে ছেলেটাকে। ও ভূলে গেল যে এটা সামাজিক নিয়ম। বোকার মত রাগ করা। অমুষ্ঠানের সময় ওকে আলাদা থাকতে হ'ল। এতে ও আরো চটে গেল। শোভাষাত্রা মাঠের মধ্য দিয়ে যাবার সময় সেবাইন বার বার প্রীতি-ল্লিগ্ধ দৃষ্টিতে ক্রিসতফের দিকে তাকিয়ে দেখছিল। ক্রিসতফ যেন দেখছে না কিছুই। সেবাইন ব্রুতে পারে ক্রিসতফ চটেছে। এবং কেন যে তাও ব্রুতে বাকী রইল না। ভারী মজা লাগে সেবাইন-এর। কারো সাথে সত্যি সতিয় ঝগড়া হ'লে এবং তাতে ওর কই হ'লেও বিবাদের কারণ বা ভূল-বোঝাব্ঝি দূর করতে কথনও চেষ্টা করে না। কে করে অত ঝঞ্চাট ং চুপ ক'রে থাকলে আপনিই সব ঠিক হ'য়ে যাবে।

খাবার সময় ক্রিসতফ ব'সল সেবাইনের বেদি আর একটি মোটা মেয়ের মাঝখানে। এই মেয়েটিকে ও প্রার্থনায় নিয়ে গিয়েছিল, কিন্তু তাকিয়ে দেখেনি। এখন একবার তাকিয়ে দেখতে ইচ্ছে হ'ল। মেয়েটি মন্দ নয় দেখতে। প্রতিশোধ নেবার জক্ম ও মরিয়া হ'য়ে মেয়েটের সাথে ফার্ট করতে আরপ্ত ক'রল সেবাইনকে দেখিয়ে দেখিয়ে। উদ্দেশ্ম সফল হ'ল বটে, সেবাইন দেখল; তবে হিংসা ক'রল না, কারণ হিংসে করবার মেয়ে ও নয়। যতক্রণ নিজের পাওনা ঠিক পাচ্ছে ততক্রণ ওর প্রেমিক হাজার জনকে প্রেম নিবেদন করলেও ওর আপত্তি নেই। বরঞ্চ ক্রিসতফ মুখ ভার ক'য়ে না থেকে ক্র্তি ক'রছে এতে ওর আরো ভালো লাগল। টেবিলের অপর প্রান্ত থেকে ওর দিকে তাকিয়ে খ্ব মিটি ক'য়ে হাসল সেবাইন। ক্রিসতফের সমস্ত উৎসাহ নিভে গেল। সেবাইন তা হ'লে নিবিকার, ওর প্রতি সে উদাসীন। আবার মেঘের ঘন ছায়া নেমে এল ওর মুখের 'পর। আর কিছুতে সে মেঘ কাটল না; পাশ্বর্বতিনীর কোমল আথির নিমন্ত্রণেও নয়, আকণ্ঠ তীত্র হ্রার নেশায়ও নয়।

বিমুতে লাগল ব'সে ব'সে। নিজের উপরেই রাগ হ'লো কেন
এই বিশ্রী হৈ চৈ-এর মধ্যে ও এল। হলা যেন আজ আর শেষ
হবে না। সেবাইন-এর দাদা প্রস্তাব ক'রল—কয়েকজন অতিথিকে বাড়ী
পৌছে দিতে নৌকা বাবে, সেই সাথে সবাই মিলে একটু বেড়িরে আসা
যাক। ক্রিসতক্ষের কানে গেল না সে কথা। সেবাইন যে ওকে ওর
সাথে এক নৌকায় যাবার জয়্ম ডাকছে তাও দেখতে পেল না ব
থেয়াল হ'তে হ'তে সেবাইন-এর নৌকা ভরে গেছে; স্করাং ওকে
যেতে হ'ল অয়্ম নৌকায়। এই নৃতন হুর্বিপাকে ওর মন আরও বিচড়ে
গেল। কিন্তু যাত্রীরা প্রায় সবাই খানিকক্ষণের মধ্যে নেবে যাবে
জেনে ও খুশি হ'য়ে উঠল। বিকেলখানি চমৎকার, জলের
ওপর তার অপূর্ব লীলা আর নৌকা-বাওয়ার মাতামাতি।
সরল দিল-থোলা মায়ুষ গুলির জোয়ার-জাগা খুশির সাথে
ও মেতে উঠল। সেবাইন অয়্ম নৌকায়. স্করাং ওর কোন সংকোচ
বা বাধা রইল না। আগল খুলে দিয়ে সকলের সাথে ও মিশে গেল।

ছ'জনে হ' নৌকায়। থুব গা ঘেঁষে যাচ্ছিল নৌকাগুলো প্রতি মুহর্তে, এগিয়ে যাওয়ার প্রতিযোগিতায়। এগিয়ে যাবার সময় হাসতে হাসতে পরম্পরকে টিটকারী দিয়ে যায়। কথনও নৌকায় নৌকায় ধাকা লাগে—ক্রিসতফ দেখে সেবাইন হাসছে—ও ও হেসে ফেলে। মনের মেঘ কৈটে গেছে ছজনের। ক্রিসতক্ষের মন বলে, এবারে ওরা এক সঙ্গেই ফিরবে।

গান হাক হল। টুকরো টুকরো গান—এক এক জন পালা ক'রে একটি লাইন গায়—বাকীরা তার ধ্যা ধরে। অক্স অক্স নৌকাগুলি পরস্পরের কাছ হ'তে একটু দূরে দূরে রয়েছে—তাদের আরোহীরাও গুনে গুনে তান ধরে। জলের বুকে ছোট ছোট পার্থীর মতি সুবী দুক্ ক'রে উড়ে বেড়ায় স্থর। এক একজনের বাড়ীর ঘাট এলে, নোকা তীরে লাগে—যাত্রীরা নামে—নোকা বাঁধন খুলে স্রোতে ভাসে—বতক্ষণ না চোথের আড়াল হয় পাড়ে দাঁড়িয়ে যাত্রীরা হাত নেড়ে নেড়ে বিদায় 'সম্ভাষণ জানায়। একে একে স্বাই নেমে যায়। কোরাস থেকে একটি একটি ক'রে কণ্ঠ খ'সে পড়ে। অবশেষে রইল খালি স্বোইন, তার দাদা আর ক্রিস্তক।

এক নৌকায় ফিরল তিনজন। ভাটির স্রোতে আন্তে আন্তে চলছে নৌকা। হাল ধরেছে বারটোল্ড আর ক্রিসতফ; সেবাইন বসেছে গলুইর ওপর ক্রিসতফের সামনা-সামনি—দাদার সাথে কথা বলছে কিন্তু চোখ রয়েছে ক্রিসতফের দিকে। কথা বলার আড়ালে চোথে চোখ বেধে রাখা সন্তব হয়েছে—কথা থামলে দৃষ্টির স্থর কেটে যাবে। কথা বলছে, তোমায় দেখছি না, তোমায় দেখছি না তো। চোখ বলছে: কে তুমি গো? কে তুমি? আমার প্রিয়া তুমি? তাই গো তাই, যেই হও তুমি, তোমায় আমি ভালোবাসি।

আকাশে মেঘ নাঠের বৃক থেকে উঠছে কুয়াসার জাল;
নদীর বৃক থেকে বাম্পের কুওলী উঠছে; স্থ মেঘের আঁচল
টেনে দিয়েছে মুখে। সেবাইন কালো শালখানা গায়ে মাথায় মুড়ি
দিয়েও শীতে কাঁপছে। চোথে মুথে ক্লান্তির ছাপ। তীর ঘেঁষে
নোকাখানি চলেছে উইলো গাছের দূর-বিসারী শাখা-জালের নীচ দিয়ে।
যেতে যেতে সেবাইন-এর চোথ বন্ধ হ'য়ে আসে, মুখ খানা হ'য়ে আসে
পাণ্ডর; ওঠের কেশায় রেখায় বেদনা ঘন হয়ে ওঠে; ম্পন্দন-হীনা
বাক্য-হীনা সেবাইনের ভেতরে যেন কি এক তীর যাতনা—সমন্ত
কুম কালো হ'য়ে উঠেছে। সেবাইন বেন মৃত দেহ। কিসতফের
কুকে বেদনা যোচড় দিয়ে ওঠে। ও এককুটু কুকে পড়ে ওর দিকে।

সেবাইন চোধ ছুলে দেখে, ক্রিসতক্ষের বেদনা-ঘন চোধের দৃষ্টি ওকে আছে ক'রে আছে। মৃত্ হাসি কুটে ওঠে ওর চোখে। ক্রিসতফের মনে হলো মেঘের কাঁকে এক ঝলক হর্ষের আলো উছলে উঠল । আছে আছে বলে:

'তোমার অস্থ করেছে ?'

মাথা নেড়ে জৰাব দেয় সেবাইন: 'না শীত করছে।'

পুরুষের। তাদের ওভার-কোট খুলে ছোট শিশুর মত ক'রে ওর গায়ে মাথায় পায়ে জড়িয়ে দেয়। ও বাধা দেয় না, দৃষ্টিতে কৃতজ্ঞতা ঝ'ড়ে পড়ে। হক্ষ ধারায় রৃষ্টি পড়ছিল। নিঃশব্দে বৈঠা হাতে নিয়ে বাড়ীর পথ ধরে সবাই। আকাশ থমথমে, নদী নিকষ কালো। মাঠের মধ্যে ছড়ান গৃহস্থ বাড়ীর মিটমিটে প্রদীপ-জ্ঞলা-জানালাগুলি যেন আলোর ফুলকি। বাড়ীর কাছে আসতেই মৃসল ধারে রৃষ্টি, এল—সেবাইনের দেহ হিমে একেবারে অসাড়।

রান্না ঘরে বড় ক'রে আগুন জেলে তার চারিদিকে বসে বৃষ্টি ধরবার অপেকা ক'রতে লাগল সবাই। কিন্তু বৃষ্টির বেগ ক্রমশঃ বেড়ে চলল। সাথে সাথে চলল ঝোড়ো হাওয়়া। শহর তিন মাইলের পথ। এই ঝড়-বাদলে সেবাইনকে কিছুতেই যেতে দেবে না তার দাদা। বরঞ্চ গুজনেই রাতটা থাকুক। ক্রিসতক্ষের তেমন ইচ্ছে ছিল না থাকার। সেবাইনের দিকে তাকাল তার মতামত জানার আশায়। কিন্তু সে তাকিয়ে ছিল অগ্নিকুণ্ডের দিকে, হয়ত ক্রিসতক্ষ যেন কোনমতে প্রভাবান্নিত না হয়, এই ও চাইছিল, তাই, ইচ্ছে ক'রে অক্ত দিকে তাকিয়ে ছিল ও। ক্রিসতক্ষ জানাল সে থাকতে রাজী আছে—সেবাইনের মুখ লাল হয়ে উঠল হয় তো আগুনের আভাই পড়েছে—সেবাইনের মুখ লাল হয়ে উঠল হয় তো আগুনের আভাই পড়েছে—ক্রিসতক্ষ দেশল ওর চোধে মুধে খুলির আলো ক্রলছে—।

সন্ধ্যেটা বড় চমৎকার। বাইরে বর্ষার দাপট। ভেতরে ধোঁয়ায়-কালো। চিমনী থেকে সোনালী ক্ষুলিকের ফুলঝুরি ওড়ে। তাদের অদ্ভূত অদ্ভূত চেহারার ভূতুড়ে ছায়ার দল উড়ে বেড়ায় পাঁচিলে। বার-টোলড তার ক্ষুদে ভায়ীকে হাত দিয়ে ছায়াবাজী ,থেলতে শেখায়। অপটু হাতের শিব গড়তে গিয়ে বাদর গড়া দেখে আপনি হেসে কুটিপাটি খুকী। সেবাইন ঝুঁকে প ড়ে একটা ভারী চিমটে দিয়ে আগুন উসকে দেয়। বড় ক্লান্ত দেখাছে ওকে। ত্রাতৃজায়া অনর্গল সাংসারিক খুঁটিনাটি ব'লে যায়। সেবাইন না গুনেই ছাঁছা করে। ক্রিসতক বারটোলড-এর আড়ালে ব'সে সেবাইনকে দেখে। ও প'ড়ে নিয়েছে সেবাইনের হাসিতে অভিনন্দনের যে-বাণী লেখা। সারা সন্ধা। একবারটাও একান্তে প্রিয়-সায়িধাের বা সামান্ত দৃষ্টি-বিনিময়ের একটু স্ক্রোগ পেলে না ওরা। খুঁজলেও না।

একটু তাড়াতাড়িই স্বাই শুতে গেল যে যার ঘরে। সেবাইন আর ক্রিসতফের ঘর পাশাপাশি। ক্রিসতফ প্রীক্ষা ক'রে দেখল খিল সেবাইনের দিকে। ও বিছানার গিয়ে ঘুমুতে চেটা করে। জানালার বৃষ্টির কোঁটা পড়ার শব্দ। চিমনির মধ্য দিয়ে বাতাস বইছে সোঁ। ক'রে। ঠিক ওপরের ঘরটায় একটা জানালা কেবলি বাতাসে ধড়াস ধড়াস ক'রে খুলছে আর বন্ধ হচ্ছে। ঝড়ের দাপটে একটা পপলার গাছ বেঁকে বেঁকে মাটতে শুরে পড়েছে যেন গোক্লাছে। ক্রিসতফের চোখে ঘুম নেই। কেমন ক'রে থাকবে! আজ একই গৃছে একই আবেষ্টনীতে প্রিয়ের অত ঘনিষ্ট সালিধ্য। মাঝখানে কেবল একটি পাঁচিলের ব্যবধান। সেবাইনের ঘর থেকে কোনো শব্দ। আসছে নাঃ কিন্তু ক্রিসতফ যেন ওকে দেখতে পাছে। বিছানায় উঠে

ৰসে। দেয়ালে মুখ রেখে ডাকে সেবাইনকে—অতি ধীরে, অতি কোমল আবেগ-বিহবল কঠে; আকৃল বাছ হ'ধানি শ্ন্তে কাকে ধেন ধ'রতে যায়; ওর মনে হয় প্রাচীরের অপর পারে এমনি আকুল বাহু অন্ধকার শৃন্মতায় ওকে খুঁব্বে ফিরছে…। ১ওর অন্তরের প্রতি তারে তারে বেজে চলন ওর আহ্বানে প্রিয়ার কল্পিত সাড়া—ওরই বুকের ভাষায়, ওরই ডাকা নাম ধ'রে—ধীর কোমল স্বরে। সাড়া কি ও নিজেই দিল ৷ কার কণ্ঠ বাজছে ওর বুকের তলায় ৷ না ওর ডাকে স্ত্রি প্রিয়া জাগল । প্রেমের মন্ত্রে প্রাণ পেয়ে প্রিয়া ডাক मिल! তात प्रतहे कि ছिড়िए (গল ওর চিতাকাশে? कल्लनात नग्न, ওর মানুষী প্রিয়ারই কণ্ঠ ? ক্রমশ: যেন সেই আহ্বান উচ্চ হ'তে উচ্চে উঠে অন্ধকারকে আলোডিত ক'রে, শৃষ্ঠতাকে ভ'রে দিয়ে গুৰুতার বুকে ঘুর্ণি জাগিয়ে ওর মর্মের ভটে আছড়ে পড়ে। ছুর্বার, পা**গল-করা** আহ্বান—কে ঠেকাবে এই ঝড় ? লাফিয়ে উঠে পড়ে ক্রিসভফ শ্ব্যা ছেড়ে। অন্ধকারে হাততে হাতড়ে পৌছয় দরজার কাছে। কিন্তু না, पत्रका थूनरव ना <u>छ।</u> पत्रका वक्ष-- ভालाहे हरग्रहा। अत रयन ঘাম দিয়ে জার ছাড়ল। আর একবার দরজার হাতলের ওপর হাত ताथल—थीरत थीरत थूरल वारऋ ऋक बात—७ रयन भाषत ह'रम्र राजल। সাবধানে বন্ধ ক'রে দিল—আবার খুলল—আবার বন্ধ করল— সংশয় জাগে এই মাত্র না বন্ধ ছিল দরজা ?--ছিল : ছিল : বন্ধ ছিল নিশ্চয়ই বন্ধ ছিল েকিন্ত কে খুলল ? ১০০ পর হাদপিতে যেন ভূমিকম্প ছতে লাগল··· निःश्वाम तक्क ह'रत्र এল। বিছানার ওপর উপুড় ह'रत्र পড়ল নিশ্বাস নেবার জন্ম। আবেগের ঢল: নেমেছে—ভাসিয়ে নিয়ে চলেছে ক্রিসতফকে ওর সমস্ত ইন্সিয়কে আচ্ছন্ন ক'রে দিয়েছে,; ও দেখতে পাচ্ছে না অনতে। সমস্ত শক্তি নিঃশেষিত...

নিশ্চল পাবাণীভূত ক্রিস্তফ। কেমন যেন ভয়—দিন পহর নাস— এই আচনা পরম আনন্দ থানির জন্ম ওর ছিল কামনা-ঘন প্রতীক্ষা— আজ সেই আনন্দ যথন পরম অতিথির মত ধারে এল—কেবল ধারে নয়, একেবারে বুকের কাছ থানটিতে—হাত বাড়ালেই পাবে একেবারে মুঠোর মধ্যে—তথনই এই ভয়! দেহ ভূমিকম্পের মত কাঁপছে থর থর ক'রে। দামাল ছেলেটার বুকে ভালোবাসার পাগলা-ঝোরা; কিন্তু তবু নভূন-চেনা কামনা গুলোর ভয়ে আঁথকে উঠল; হঠাৎ গভীর যন্ত্রণায় স'রে এল দূরে। লজ্জা পেল; এই মুহুর্তেই ও এ-কি করতে বাচ্ছিল! আপন প্রবৃত্তির সেই অনাবৃত রূপ দেখে ও যেন মরমে ম'রে গেল। বিপুল ভালোবাসায় ভালোবাসার বন্ধকে ও ভোগের বন্ধ ক'রে তুলতে পারলে না—ভোগের এই সাংঘাতিক স্থুখ থেকে অব্যাহতি পাবার জন্ম আজ্ব ও সব দিতে পারে—ভালোবাসার বন্ধকে ভোগে অগুচি ক'রে ভালোবাসা যে যায় না— যায় না—।

ভয়ে ভালোবাসার বিক্লব্ধ ক্রিসতফ আবার গেল দরজার কাছে... থিলের ওপর হাত রাথল...কিন্তু দরজা খুলতে হাত সরল না— শিথিল হ'য়ে খ'সে পড়ল।

শ্বারের ওদিকে আর একজন—হিম-কঠিন মেজের ওপর থালি পারে দাঁড়িয়ে কাঁপছে সেবাইন।

সময়ের স্রোত ব'য়ে চলে—রুদ্ধ দ্বারের হুই প্রান্তে ছুইজন দাঁড়িয়ে কতক্ষণ কে জানে কতক্ষণ কিনিট নয়, ঘন্টা নয় কোনে অসীম অনস্ত কাল কা পান কালের হিসেব অবলুগু হয়ে গেছে, তবু মর্ম দিয়ে চেনা প্রিয়-সান্নিধ্য-ঘন এই স্থান, আবেগ-উদ্বেল এই মুহুর্তপানি—সে পরিচয়কে অক্ষে মেথে চারখানি বাহু সন্মুথে প্রসারিত। কিন্তু এত গভীর এত বিশাল ক্রিসতফের প্রেম, শ্বারের বাধা সরিয়ে প্রিয়াকে স্পর্শের সীমায়

আনতে কিছুতেই পারলে না—সেবাইনের আমন্ত্রণ, আবেগ-ভরা প্রতীক্ষা
—তার সাথে মেশা ভয় পাছে প্রিয় মান্তরটি আসে স্পর্শের পরিসীমায়•••
অবশেষে ক্রিস্তফ পণ করলে ও বারের বেড়া ভাঙ্গবে•••সেই মৃহুর্তে
সেবাইন তার মন বাঁশলে। আগল পড়ল দরজায়।

মৃথ'! মৃথ'! ক্রিসতফ তুমি মৃথ'। সমস্ত দেহের তার চাপিশ্রে দেয় বন্ধ দরজার পর। থিলের ওপর ওঠ রেথে মিনতি করে:

'সেবাইন, দরজা খোল।'

ওর উত্তপ্ত নিংখাস, আকৃল আহ্বান শোনে সেবাইন দেরজার কাছে পাষাণ-প্রতিমার মত থাকে দাঁড়িয়ে; ও যেন জমে গেছে দিম-শিলা দাঁতে দাঁতে খট খট ক'রে বাজছে শেষমনী থেকে সমস্ত শক্তি নিংস্ত; দরজা খুলবার বা শ্যায় যাবার এতটুকু শক্তি অবশিষ্ট নাই…

হুরন্ত তুফানে বাইরে গাছ ভাকছে মড় মড় ক'রে; দরজা জানালা।
আছড়ে প'ডছে প্রচণ্ড শব্দে। অবসর দেহ, আছুর হৃদয় নিয়ে ল্টিয়ে
পড়ল ওরা শ্যাায়। ভাকা মোটা গলায় মোরগ ভোরের ধবর হাঁকল;
জল-সিক্ত জানালার পুথে রাত্তিশেষের প্রথম আলোর চরণরেধা পড়ল;
বর্গহীন ফ্যাকাসে সকাল, তথনও বৃষ্টি পড়ছে ঝির ঝির ক'রে; বৃষ্টিভেজা, রং-চটা গোমরা-মুখ সকাল•••

তাড়া-হুড়ো ক'রে বিছানা ছেড়ে ওঠে ক্রিসতফ। রান্নাঘরে গিয়ে সকলের সাথে গল্প জাড়ে। তাড়াতাড়ি এখান থেকে পালাবার জক্ষ অধীর হ'য়ে উঠেছে ও। সেবাইনের একলা-সান্নিধ্যকে ওর ভয় করছে। যদি সেবাইনকে আবার একলা পাওয়া যায়, কথনও পারবে না সে ঘনিষ্ঠ একান্ততা সইতে। বারটোলড্-গৃহিনী যথন এসে বললে সেবাইনের ঠাণ্ডা লেগে সদি হয়েছে ও সকালে যাবেনা, ক্রিসতফ হাঁফ ছেড়ে বাঁচল।

ি নিরানন্দ ঘর-ফেরা। পীতাভ কুয়াশার জালে, মাঠ, ঘাট, গাছ, ঘর-বাড়ী, আকাশ সব কিছু ছাওয়। কুয়াশার আধা-ম্পষ্ট আড়ালে গাছ-ঘর-বাড়ি সব যেন প্রেতের মত দাঁড়িয়ে আছে। আলো নিবে গেছে—মরে গেছে পৃথিবী—কাফন দিয়ে ঢাকা তার শব। সপসপে মাঠের পথে, প্রভায়িত পৃথিবীর বুকের ওপর দিয়ে, কুয়াশার জালের মধ্য দিয়ে চলেছে ক্রিসতফ—ক্রিসতফ নয়, ক্রিসতফের প্রেত। পৃথিবীর বুক হতে আজ আলো মছে গেছে—ক্রিসতফের আজ জীবন-খানিও মছে গেল—নিঃশেষে। মামুষ নেই আর ক্রিসতফ, এ ক্রিসতফ তার প্রেত।

বাড়ী এসে দেখে স্বার মুথ রাগে থম্থমে। হতভাগা লক্ষীছাড়া ছেলেটা ওই মেয়েটার সাথে কোথায় রাত কাটিয়ে এল কে জানে!

কলঙ্ক! কলঙ্ক! সকলের মুথের ভাবে যেন একটা শুক চীৎকার—কলঙ্ক। কলঙ্ক! ঘর থেকে বেরুল না আর ক্রিস্তফ—থিল এঁটে বসে নিজের কাজ করে। সেবাইন ফিরল পরের দিন। তার ঘরেও থিল পড়ল—পাছে পরস্পরের সাথে দেখা হ'য়ে যায়। তথনও ঠাণ্ডা যায়নি, দিনগুলো সঁযাৎসেতে। ঘর থেকে কেউ বেরয় না ওরা। কেবল বন্ধ জানালার ফাঁক দিয়ে কথনও কখনও দেখে পরস্পরকে। সেবাইনের বুকে প্রেমের আগুন জলেছে। সেই জ্যোতির্বসন অঙ্গে প'রেও যেন ধ্যান-মগ্ন হয়েছে। ক্রিস্তফ তার কাগজ-পত্রের মধ্যে ডুব দিল। দেখা হ'লে সংক্রিপ্ত সপ্তামণ জানায় বটে—কিন্তু তার গুপর যেন বরফের খোলস। সন্তামণ জানিয়েই মুথ ফেরায়—যেন আবার ছারিয়ে গেছে। মনের মধ্যে কোন ভাবের জোয়ায় ভাটা থেলছে, কে তার হিসেব রাখে। পরস্পরের ওপর, নিজের ওপর, সব কিছুর ওপর ওদের ভারী রাগ হ'য়েছে। গ্রামাস্তরের সেই

রাত্রিথানি ওরা স্বতি থেকে সম্পূর্ণ নির্বাসন দিয়েছে—বড় লব্জা। কিন্তু এ লব্জা যে কিদের জানেনা ওরা ... একখানি রজনীর তমিস্রায় ওদের বুকে তুফান উঠল, রক্তে জাগল জোয়ার—লজ্জা কি তারি গ না সে জোয়ারে ঝাপিয়ে পড়েনি ব'লে। কেন লজা ? কেন অমন পুকিয়ে থাকা, কেন পরস্পারের কাছ থেকে পালিয়ে ফেরা। ওরা भानिएस एकरत (वमना (थरक वैांघरव वर्टन । या जुनर क हास्र, या (थरक পালিয়ে বাচতে চায়, প্রিয়-সালিধ্যে তারাই আসে গভীর বেদনার রূপ ধ'রে। কেবল দর্শনও আজ বেদনা ব'য়ে আনে। তাই, চার-দেয়ালের মধ্যেকার এই স্বেচ্ছা-নির্বাসন যেন পরম্পরকে ভুলবার জ্ঞ্ঞ ওদের যৌথ ব্যবস্থা। কিন্তু ভোলাই কি সন্তব ? কি এক রূপহীন বৈরিতা ` মনের মধ্যে পাক দিয়ে ওঠে। ভেতর কুরে কুরে থায়••• পাজরগুলো মুচড়ে মৃচড়ে ভাকে। ক্রিসতফ দেথেছে সেবাইনের হিম-কঠিন চোথের দৃষ্টি — দেখেছে সেই তুহিন-শিশায় গভীর তিজ্জ-ঘুণার কিলবিলানি। দেখেনি কি সেবাইনও ? ওর বুকেও জলছে আগুন। তুহাতে তাকে চাপতে চায়—না দেবেনা জলতে—মানবে না, মানবে না —এ আগুনকে ও স্বীকার করবে না। কিন্তু সব চেষ্টা ভেসে যায়—ও আগুন থেকে ওর মৃক্তি নাই। নাহ ওর শিরায় শিরায় ছড়িয়ে পড়ে— লজ্জা তার শিথায় শিথায় জ্ব'লে ওঠে। ওর বুকের তলায় যে-তুফান উঠেছে—বুঝিবা ক্রিসতফ তার হাওয়ার দাপট দেখেছে। প্রিয়ের काइ धता ना पिरले ७ एवं जाभनारक निर्वेषन करत्रिक्त स्मर्टे अएपत রাতের রুদ্র-লগ্নে, সে-থবরও বুঝি ওর অগোচর নয়। লোকটার কাছে বেমালুম সব ফাঁস হ'য়ে গেছে৷ এ লজা রাথবে কোথায় সেবাইন পু কিসে যাবে ওর দাহ গ

এমনি সময় এল কলোন আর ডিউসেলডরফ থেকে ক্রিসতফের

কনসাটের নিমন্ত্রণ। লুফে নিল ও এ-স্থােগ। তু-তিনটে সপ্তাহ অস্তঃ বাড়ীর বাইরে থাকা যাবে। কনসাটের জন্ম নৃতন স্থর রচনা আর তার প্রস্তুতিতে ক'টা দিন একেবারে ভরে রইল—যে-সব স্থৃতি চিন্তকে শোষণ করেছে অহনিশ তারা আর এ-কয়দিন ঠাই পেলেনা। সেবাইনের মনের মেঘও কোন হাওয়ায় উড়ে গেল—আবার স্ক্রহণা তার প্রতিদিনকার প্রোতে তন্ত্রালু ভেসে যাওয়া। পরস্পরের প্রতি এল কেমন ওদান্ত। সত্যি কি ভালোবেসেছিল ওরা ? আজ সংশয় হয়।

হয়ত ক্রিসতফ সেবাইনের কাছে বিদায় না নিয়েই চলে যেত। কিন্তু যাবার আগের দিন সন্ধ্যেবেলা কোন এক অদুশু শক্তির টানে মুখোমুখি এসে দাঁডালো ওরা। সে-দিন রবিবার—বিকেলে স্বাই গেছে গিজায়। গোছাবার কিছু কাজ বাকা ছিল—ক্রিদতফ গিয়েছিল বাইরে কেনা কাটা করতে। পড়স্ত রোদে পিঠ দিয়ে সেবাইন বসেছিল তার বাগানে। এমন সময়, ক্রিসতফ ফিরে এল। দেখল ওকে। ইচ্ছেছিল ছোট্ট একটুথানি আনুষ্ঠানিক সন্তাষণ জানিয়ে ও চলে যাবে। কিন্তু থাম্ল কিসের টানে। সেবাইনের মুখখানা যেন বড় ফ্যাকাশে— না থেমে পারলে না ক্রিসতফ! অনুতাপ ? ভয় ? না কোন অচেনা হাওয়া উঠল ওর হৃদয়ের দিগন্তে! দাঁড়াল থম্কে, সেবাইনের দিকে ফিরে—বেড়ার ওপর ঝুঁকে ওভ-সদ্ধ্যা জানাল। প্রতি-সন্তায়ণ না জানিরে, হাত বাড়িয়ে দিল সেবাইন। হাসল মৃত্র মন্বর হাসি। ওতো গুধু হাসি নয়-প্রসন্ধ স্থাকাশ! আলোর ভাষায় ডাক পাঠাছে: ওগো স্থভাদ, আৰু রোম রেখোনা। এবারে হাত মেলাও। সেবাইনের এত বড দক্ষিণ-ক্লপ ক্রিসভফ আর দেখেনি। বেড়ার ওপর দিয়ে হাত বাড়িয়ে হাতথান। হাতে নিয়ে নীচু হয়ে চুমু খেল। হাত টেনে নিল না দেবাইন। ক্রিসতফের ইচ্ছে হ'ল নতজামু হ'য়ে বল্লে 'আমি তোমায় ভালোবাসি ।' কিন্তু নীরব চাহনির মৃক ভাষা সব ব্যর্থতার উধের্ব উঠল। কোনো কৈফিয়ৎ পর্যন্ত দিলেনা এ কমদিন কেন পালিয়ে বেড়িয়েছে। কয়েকটি মৃহুত — তারপর সেবাইন হাত ছাড়িয়ে মৃধ ঘুরিয়ে নিলে। ক্রিসতফও মৃধ ফেরাল—পাছে হাদয়ের চঞ্চলতা ধরা পড়ে। তারপর শান্ত স্থিক আনাহত দৃষ্টিতে আবার চার চোথের দৃষ্টি বিনিময়। হর্ষ চলাল অন্ত-দিগস্তে। বেগুনী, জরদ, মভ রং-এর হল্ম শিথা রালা পাথীর মত মেঘ-মৃক্ত হিম আকাশের বৃক্তে উড়ে বেড়াতে লাগল। শীতের একটা কাঁপন থেলে গেল সেবাইনের দেহময়। অভ্যন্ত ভলিতে আলোয়ানথানা ভালো ক'রে গায়ে জড়িয়ে নিল। ক্রিসতফ জিজ্ঞানা করল:

'কেমন আছ ?'

মুখটা সামান্ত একটুথানি বেকে গেল শুধু, উত্তর দেবার মত প্রশ্নই নয়। তারপর আবার বাক্য-হীন চেয়ে থাকা। ওরা যেন পরস্পরকে খুইয়ে ব'সে ছিল, এইমাত্র আবার পেলো, তারি হুখ মৌন-দৃষ্টিতে শুরু আকাশে তারার মত তলতে লাগল।

নীরবতা ভাক্সলে ক্রিসতক:

'কাল চ'লে যাচ্ছি আমি।'

সেবাইনের চোঝে মুখে ভয় উঠল কালো হ'য়ে: 'যাচ্ছ—?'

তাড়াতাড়ি ব'লে উঠল ক্রিসতফ: 'হু'তিন সপ্তাহের জক্ত মাত্র।'

'হু'তিন সপ্তাহ—?' নৈরাশ্র ঘন হয়ে ওঠে সেবাইনের স্বরে।

বুঝিয়ে বলে ক্রিসতফ, চুক্তিটা হু'তিন সপ্তাহের জক্ত হ'য়ে গেছে।

এবার ফিরলে সারা শীত আর কোথাও এক পা নড়বেনা ও।

'শীত কা-আ-লে— সে তো বহুত দেরী!'

'কোপায় দেরী, কে বললে, এই তো এলো ব'লে—'

কেমন বিষয় হ'য়ে ওঠে সেবাইন। চোথ নামিয়ে নেয়। কয়েক মুহূত চুপ ক'রে থেকে জিজ্ঞাসা করে: 'আবার কবে দেখা হবে १'

প্রশ্নটা ব্রালেনা ক্রিসতফ, কেননা উত্তর তো দিয়েই রেখেছে। বলে:

'কেন ? এই যে বললাম, দিন পনের কৃড়ি হবে; খুব বেশী হ'লে হপ্তা
তিন। এ আর এমন বেশী কি ?'

তবু চোথে বেদনার ছায়া নেমে আসে। ক্রিস হফ ওকে ক্যাপাতে চেষ্টা করে:

'দেরী হলেই বা কি। দেরী বা শিগ্যির তুমি বুঝবেই বা কি করে ? খুমিয়েই তো মেরে দেবে।'

'হবে।' সেবাইন উত্তর দেয়। মাথা নীচু হ'য়ে বায়। হাসতে চেষ্টা করে, কিন্তু চোথের দৃষ্টিথানি যেন শির্ শির্ ক'রে কাঁপে। হঠাৎ মুথ ফিরিয়ে ডাকে, 'ক্রিসতফ !' কেমন ক্লিষ্ট আত স্বর, যেন বলতে চায়: 'বেওনা ভুমি, থাকো—'

ক্রিসতফ ওর হাতথানি নিজের হাতে তুলে নেয়—বোঝেনা, ওর এই পনেরো দিনের অমুপস্থিতি সেবাইনের কাছে কি এমন বড় লোকসান হ'য়ে উঠল। কেন অমন করছে ও! 'যাবনা, যাবনা, আমি—' আকৃলি বিকৃলি করে ওর কঠে, বুকে। কেবল বুঝি সেবাইনের কাছ থেকে একটু ইন্ধিতের প্রতীক্ষা। সেবাইন যদি একটিবার বলে, ষেওনা তুমি!

সেবাইন কি বলতে গেল. অমনি সামনের দরজা থুলে গেল, এল রোজা। হাত ছাড়িয়ে নিয়ে তাড়াতাড়ি ভেতরে চলে গেল সেবাইন। হুয়ার পর্যন্ত গিয়ে আর একবার পেছন ফিরে ক্রিসতফের দিকে তাকিয়ে দরজা বন্ধ ক'বে দিল। ক্রিসতক্ষ ভেবেছিল, সন্ধার দিকে আর একবার অন্ততঃ দেখা হবে। কিন্তু কোগেলদের চোথের প্রহরা রইল সারাক্ষণ, এবং মাও রইলেন সাথে সাথে; আর ষা ওর স্বভাব, গোছান কিছুতেই হ'য়ে উঠে না; অতএব শেষ মুহুর্তে আর সময় পেলেনা যে গিয়ে বিদায়টুকু নিয়ে আসবে।

পরের দিন খুব ভোরেই ওকে বেরিয়ে পড়তে হ'ল। সেবাইনের ছয়ারের সামনে দিয়ে পথ—ইচ্ছে হল, একটিবার জানালায় আছে ক'রে টোকা মেরে বিদায়-সম্ভাষণ জানিয়ে বায়। অমনি অমনি চ'লে যেতে মন কিছুতেই সরছিল না। বিদায় নেওয়া হয়নি সজ্জো-বেলা রোজা এসে পড়ায়। কিস্তু শেষে ভাবলে হয়ত ও ঘুমিয়ে আছে, জাগালে অসম্ভত্ত হবে। আর জাগিয়ে বলবেই বা কি ? তাছাড়া যদি যেতে দিতে না চায়! না গেলে তো চলবে না! ব্যবহা বছদ্র এগিয়ে গেছে। সেবাইনের ওপর জোর খাটাতে এবং দরকার হ'লে একটু আর্যটু কন্ত দিতেও ক্রিসতফের বাধবে না—যেন দাবী হিসেবেই। কিস্তু নিজের কাছেও কথাটা স্বীকার করবে না ও। ওর অম্পন্থিতিতে সেবাইনের সম্ভাবিত-তুঃখটাকে ও তেমন আমল দিলেনা। ভাবলে, সেবাইনের মনের কোণে ওর জন্ম যদি মমতা থাকে, এই সাময়িক ব্যবধানে তা আরও গভীর হবে।

ষ্টেশনে গেল উধর্থাসে ছুটে। মনের কোণে একটু খচ খচ করতে থাকল। কিন্তু ট্রেন চলতে আরম্ভ করার সাথে সাথে সব ভুলে গেল। উদ্দাম যৌবন, হৃদয় যেন ভাদ্রের নদী। প্রথম স্থেরর রক্ত-রাগে রাঙ্গা পুরানো শহরটির দিকে তাকিয়ে যৌবনোদ্দীপ্ত মন আনন্দে হিল্লোলিত হ'য়ে উঠল। আনন্দে প্রণাম করল সেই আশ্চর্য রূপকে। আগে চলার হালকা স্থরে পেছনে-খাকার দলকে জানালে বিদায়। এবং তার পরে সকলের কথা গেল মন থেকে মুছে।

ডিউসেল্ডরফ ও কলোনে বতদিন ছিল, তার মধ্যে সেবাইনের কথা ওর মনে হ'য়েছে মাত্র এক দিন। দিন রাত জলসা, সভা, সমিতি, ডিনার, বন্ধু-বান্ধবের আপ্যায়নের ঝোড়ো হাওয়ায় বেড়াল 'উড়ে; সফল-প্রয়াসের আনন্দ আর গর্বে রইল বুক ভরে; পেছনের স্থৃতির না হ'লে। ঠাই না হ'লো অবকাশ। আসবার দিন পাঁচ পরে একদিন কেবল রাত্রিতে ওকে স্বপ্ন দেখে ধড়মড়িয়ে উঠে বসল; বুঝল, ঘুমের ঘোরে সেবাইনের কথাই ভাবছিল এবং হঠাৎ ঘুম ভেকে যাবার কারণও ওই। কিন্তু কি ভাবছিল, তা আর কিছুতেই মনে করতে পারল না। মনটা অম্বন্থিতে ভবে রইল, শরীরটাও অস্ত্রপ্রাধ হ'ল। অবশ্রি অস্বাভাবিক বা অবাক হবার কিছু নয়। কারণ সন্ধ্যেবেলায় একটা জলসার পর এক নেমন্তরে ওকে টেনে নিয়ে ষায় সবাই। সেখানে খ্যাম্পেনের মাত্রা কিছু বেশী হয়ে পড়ে। ফলতঃ রাতে ঘুম হ'লোনা, উঠে পড়ল। একটা নৃতন স্থরের ছক ওর মনের মধ্যে আনাগোনা করছিল; মনকে বোঝাতে চাইল, ওই জগুই ঘুম ভেঙেছে। তথুনি লিখে রাখলে ম্বর-লিপি। লেখার সময় মনে কোন মেঘ ছিল না; থাকলেও তা ছিল ওর অজ্ঞাত। কিন্তু লেখা সঙ্গাতটা পড়ে দেখলে, যেন ব্যথার একথানা নদী। অবাক হ'ল না, কারণ এমন তো কতবারই হয়েছে।

খুব বেদনা-ভারাক্রাস্ত মন নিয়ে বধন স্থর রচনা করেছে, চেষ্টা সত্ত্বেও ছংথের স্থর বেরয়নি। বেরিয়েছে এমনি হান্ধা খুশির স্থর, যা ওর নিজের মনের স্বাভাবিক স্থরটির একেবারে বিপরীত। স্তরাং আর বিশেষ ভাবলে না এ কথা। চিত্তের বিপুল জগতে এমনি কত আশ্চর্য ব্যাপারই তো ঘটছে, যা চিরকাল ওর অবোধ্য রয়ে গেল। তক্ষুণি আবার ঘুমিয়ে পড়ল এবং ঘুমুল একটানা সকাল পর্যন্ত ।

তিন চার দিন আরো বেশী থাকতে হ'ল। যাওয়া পিছিয়ে যাওয়ার ওর বেশ ভালোই লাগল। যেতে তো ইচ্ছে করলেই পারে; আর তাডাই বা কি এমন যাবার। ফেরার পথে ট্রেনে ব'লে সেবাইনের কথা মনে এল। চিঠিও লেখেনি একখানা বেচারাকে। এমন কি চিঠি পঞ কিছু এল কি না, সে খবর নেবার কথাও মনে ছিল না। কাউকে চিঠি পত্র না লিখে যে ও এমনি চপ ক'রে আছে, এতে মনে মনে বেশ আত্ম-প্রসাদ লাভ করল। বাজীতে ওর একটা স্থান আছে, পথ চেয়ে থাকার. ভালোবাসার লোক আছে এ সম্বন্ধে ও সচেতন। ভালোবাসা ? কে ভালোবাদে ? কই ভালোবাসার কথা তো কেউ কাউকে কথনও বলেনি ওরা। বলার দরকার হয়নি। ও তো অমনি জানা ছিল! কিন্তু অমনি-জানা সত্যকেও পাকা করে নেওয়ার দরকার। কেন করেনি ওরা এতদিন 

কেন, কিসের এই স্থদীর্ঘ প্রতীক্ষা 

বলতে গেছেও ক'বার ; প্রতিবার হয় লজা এসে কণ্ঠ চেপেছে, নয় কুণ্ঠায় বুদ্ধি হয়েছে ঘোলাটে। নয় অন্ত কোনো আকস্মিক বাধা ঘটেছে। প্রতিবার কিছু না কিছু বাধা ঘটেছে। কত দীর্ঘ সময় বুথায় চলে গেল অবহেলায়। কেন গেল ? এমনি ক'রে কেন হারালো অমূল্য সময় ? প্রিয়ার মুখ থেকে প্রিয় কথা ক'টি গুনবার জন্ম, প্রিয়ার কানে কানে প্রিয় কথা কটি বলবার জন্ম আকুল হয়ে ওঠে ক্রিসভফ। ট্রেনের শৃক্ত কক্ষে চীৎকার ক'রে व'ल উঠन-'अर्गा ভালোবাসি, ভালোবাসি।' भहरत्र वर कार्ছ এলো. ততই বেশী অধীর হ'য়ে উঠল। যন্ত্রণার, বেদনায় শতধা হ'য়ে গেল। ওগো ট্রেন, চলো আরো জোরে চলো, আরো জোরে চলো। আর মাত্র এক ঘণ্টার মধ্যে ও দেখতে পাবে তাকে—আর একটি ঘণ্টা মাতা! কি আনন্দ ..

ভোর সাড়ে ছ'টায় এসে পৌছুল বাড়ী। তথনও কেউ ওঠেনি।
সেবাইনের জানালা বন্ধ। পাটপে টিপে ভেতরের উঠনে এল যাতে
সে গুনতে না পায়। অবাক ক'রে দেবে ওকে। ভেবে উল্পানিত হ'য়ে
উঠল। নিজের ঘরের কাছে গেল আন্তে আন্তে। মা তথনও ঘুমিয়ে।
নিঃশন্দে সান ক'রে চুল আঁচড়ে নিল। কিলেদে পেয়েছে ভয়ানক।
রাল্লাঘরে গিয়ে খুঁজে আসা যায়, কি আছে না আছে। কিল্ত মায়ের
ঘুম যদি ভেঙে যায়। আদিনায় কার পায়ের শন্দ শোনা গেল।
জানালা খুলে দেখল, রোজা উঠে ঝাঁট দিছে। রোজকার মতই ও
সকলের আগে উঠেছে। খুব চাপা স্বরে রোজাকে ডাকলে। রোজা
চন্কে উঠল। ক্রিসতফকে দেখে বিশ্মিত পুলকে ওর চোথ ঝলমল ক'রে
উঠল, তারপর অক্সাৎ ও গন্তীর হয়ে গেল। ক্রিসতফ ভাবলে ওর
রাগ এথনও পড়েনি। ও আজ ভারী থোস-মেজাজ। এগিয়ে গিয়ে

'শিগ্য থিতে দাও, রোজা। এমনি সাংঘাতিক ক্লিদে পেয়েছে যে এক্লনি থেতে না পেলে তোমাকে ধরে থাব।'

রোজা একটু হেসে ওকে নীচের তলায় রালা ঘরে নিয়ে গেল। এক বাটি হুধ এনে দিয়ে সামনে বসল! ও কোথায় ছিল, কেমন ছিল, কেমন হল গান ইত্যাদি হাজার প্রশ্ন ক'রে গেল এক নিঃখাসে। বাড়ী ফেরার আনন্দে রোজার বক্বকানী শুনতে এবং তার জবাব দিতেও ওর ভালো লাগছিল আজ। কিন্তু প্রশ্নের ঝড়ের মাঝধানে রোজা হঠাৎ থেমে গিয়ে মুখ ফিরিয়ে নিল। মুখখানা হঠাৎ কি এক অব্যক্ত বিষাদে কালো হয়ে উঠল। একটু পরেই আবার স্বাভাবিক হয়ে কথা আরম্ভ করল। আবার থামল…। এবারে লক্ষ্য করল ক্রিসতফ।

'कि इला (बाजा ? बाग यात्रनि वृत्रि ?'

থুব জোরে জোরে নেতিবাচক মাথা নাড়ল রোজা। তারপর ওর অভ্যন্ত আকমিকতায় হঠাৎ ক্রিসতফের হাতথানা ধ'রে ব'লে উঠল:

'উঃ ক্রিসতফ—'

ভয় পেয়ে গেল ক্রিসতফ। হাত থেকে থাবার পড়ে গেল। মূথ দিয়ে ভাঙ্গা ভাঙ্গা.কথা বেরুল: 'কি, কি হয়েছে! বলো শিগগির—'

'কি হবে, ক্রিস্তফ? সাংঘাতিক থবর—।'

ঝট্কা মেরে টেবিল ছেড়ে উঠে পড়ে ক্রিসতফ। জিজ্ঞাসা করে: 'এ—এ—থানে ?'

ওদিকের ঘরথানার দিকে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেয় রোজা। ক্রিসতফ চীৎকার ক'রে ওঠে:

'কি সেবাইন ? কি হয়েছে ?'

কেঁদে ওঠে রোজা:

'নেই, সে নেই—'

ক্রিসতফের চোধের সামনে নিকষ কালো আঁধার নেমে এল। উঠে দাঁড়াল, টলতে লাগল; টেবিল ধরে সামলে নিল। ধাকা লেগ্রে টেবিলের ওপরকার জিনিষপত্র ছত্রথান হ'য়ে পড়ে গেল। চীৎকার করে কাঁদতে চাইল। ভেতরে ঘেন একটা ভয়াল আগুন পাক থেমে থেয়ে উঠছে। ও যেন উন্মাদ হয়ে উঠল।

রোজা তাড়াতাড়ি এসে পাশে দাঁড়াল ভয় পেয়ে। ক্রিসতফের মাথাটা ধরে দাঁড়িয়ে রইল ও; চোথ ছাপিয়ে জল পড়ছে অঝোরে। একটু সামলে নিয়ে ক্রিসতফ বলে:

'মিথ্যে, মিথ্যে, মিথ্যে কথা।' কিন্তু জানে ও এত বড় সত্যি মিথ্যে হতে পারে না। তবু মানবে না, মানবে না ও, মানতে পারবে না। নিজেকে মিথ্যে বোঝাতে চাইল, হতে পারে না, কিছুতেই এত বড় অঘটন ঘটতে পারে না। রোজার অশ্রু-ভেজা মুখের লেখা প'ড়ে সংশয়ের অবকাশ রইল না আর। ফুঁফিয়ে কেঁদে উঠল ক্রিসতফ।

রোজা মাথা তুলে ডাকে: 'ক্রিসতক!'

ক্রিসতফ হই হাতে মুখ ঢাকে ! রোজা ঝুঁকে পড়ে : 'ক্রিসতফ, -মা আসছেন!' ক্রিসভফ উঠে পড়ে: 'আমায় যেন দেখতে না পান---' ওর হাত ধ'বে ওদিককার জালানী কাঠ রাণার গুদাম ঘরটায় নিয়ে যায় রোজা। ছই চোথ জলে ঝাপসা, পথ দেখতে পায় না किमजरु। (राँठि (१८४ हेल हेल हेल हेल। हानात मर्था ७८क ঢুকিয়ে দরজা বন্ধ ক'রে দেয় রোজা। ঘুরঘুট্ট অন্ধকার, একটা কাঠের ওপর ব'সে পড়েও। রোজা বসে জালানি কাঠের স্তুপের উপর। বাইরের শব্দ সামাপ্ত শোনা যায় এথানে। ই্যা, এথানে ও কাঁদতে পারবে প্রাণ ভরে। বাইরে থেকে শোনা যাবার ভয় নেই। বাধ ভেকেও গেল। কারার বন্ধা ছুটল—তটভালা, দিক-হারা বন্ধা। ক্রিসতফের চোথের জল দেখেনি রোজা এর আগে। নিজের বালিকা-স্থলত সহজ-অশ্রর সাথেই ওর ছিল পরিচয়। বেদনার এমন বিপুল রূপ, আর' তা পুরুষের, দেখে ভয়ে বেদনায় ও বিহবল হয়ে গেল। ক্রিসতফের প্রতি নিবিড় গভীর ভালোবাসায় ওর হৃদয় উথলে উঠল— এ ভালোবাসায় কোনও স্বার্থ-বৃদ্ধির জটিশতা নেই, একেবারে ওচি, গুল্ল, পরিপূর্ণ, ত্যাগ আর মাশ্বের মত আপনাকে নিঃশেষে বিলিয়ে দেবার উনুথতায় মহিমায়িত। রোজা ওর জন্ম হঃসহ হঃথ-ভাগী হ'তে পারলে যেন বাঁচে। ওর সম্ভ হু:থের হলাহলকে নি:শেষে পান ক'রে श्वयः नीम-कर्श्र ह'एक ठाया। इन्हें हाएक शमा अफ़्रिय थ'रव वरन : 'रकॅमना

ক্রিসতফ হাত সরিয়ে দেয়: 'না আমি বাঁচতে চাইনা, চাইনা—'

ক্রিসতফ, কেঁদনা।'

'ना, नं; अक्था रालाना, रालाना।'

'পারব না—এমনি ক'রে পারব না—কি হবে বেঁচে থেকে ?' •

'ক্রিসতফ, ক্রিসতফ, একা নও তুমি, ক্রিসতফ—তোমারও ভালোবাসার মান্তব আছে—'

'চাইনে আমি। 'কিছু চাইনে—কারে। ভালোবাসা চাইনে—কীউকে ভালোবাসিনে—কাউকে নয়। আমি গুধু ওকেই ভালোবাসতাম—।'

হুই হাতে মুখ গুঁজে অঝোরে কাদে ক্রিস্তফ। ক্রন্সনের বেগ বেড়ে চলে। রোজা কোনও সাধানার ভাষা পায় না। কিন্তু ক্রিস্তফের আত্ম-কেন্দ্রিকতা ওর বুকে তীরের ফলার মত এসে বিঁধল। ক্রিস্তফ ভাবছে কেবল তার নিচ্ছের হুংথের কথা। যে-মুহুর্তে রোজা নিজেকে ভাবলে ক্রিস্তফের নিক্ট্রম একান্ততম আত্মীয়, ঠিক সেই মুহুর্তেই নিঠুর আঘাতে ভাঙ্গলো ওর স্বপ্ন। দেখলে ওর চারদিকে ধৃ ধৃ করছে জনহীন তেপান্তরের মাঠ তিওধু বাইরে নয়, ওর বুকের মধ্যেও তালাক ওদের হাতে রাখী বাধতে পারলে না, ছুঁডে ফেললে হুন্তর সাগরের হুই পাড়ে। রোজা বুক-ভালা কানায় লুটিয়ে পড়ল।

কিছুক্ষণ পরে চোথের জল মুছে ক্রিসতফ কি জিজ্ঞাস। করতে গেল। ভাঙ্গা ভাঙ্গা ক'টা শব্দ বেরুল মাত্র: 'কি করে—কি করে— ?'

রোজা ব্ঝল, বলল: 'যেদিন তুমি গেলে ঠিক সেদিনই হলো ইনফুয়েন্জা, দেখতে দেখতে ছ হু ক'রে বেড়ে গেল—'

পাঁজরা ভাকা একটা আর্জনাদ বেরিয়ে এক: 'ওঃ খবর দিলে না কেন একটা ?'

'লিখেছিলাম তো চিঠি। কিন্তু ঠিকানা কি ছাই কাউকে দিয়ে গেছ? ই থিয়েটারের আফিসে গিয়ে খোঁজ নিলাম, কেউ জানে না তোমার ঠিকানা।' ক্রিসতফ জানে কত ভীরু রোজা, এবং কি কট্ট না ওকে করতে হয়েছে। বললে :

'চিঠি লিখতে কি—ও কি—ও কি—বলেছিল ?' মাথা নাড়ে রোজা,…

'না বলেনি কেউ, আমি নিজেই ভাবলাম—'

রোজার হৃদয় হলে ওঠে; ক্রিসতফের দৃষ্টিতে কৃতজ্ঞতা ফুটে ওঠে। হুই হাতে ওর গলা জড়িয়ে চোথের জলে ওর মাথা ভিজিয়ে দেয়। এই শুচি শুভ্র স্নেহের মহিমা মর্মে মর্মে ব্রাল ক্রিসতফ। একটু সাস্থনার ওর বড় প্রয়োজন আজ। চুমুখায় রোজাকে। বলে:

'রোজা এত ভালো তুমি ? ওকে তুমিও ভালোবাসতে ?'

বাছর বন্ধনে ছেড়ে দিলে রোজা। মুথে কোনো ভাষা ফুটল না।
কেবল চেয়ে রইল আবেগ-গভীর দৃষ্টিতে। সে তো দৃষ্টি নয়, উদ্ঘাটন!
'ভালো যাকে বেসেছি সে-মামুস সে নয়, সে নয়—' এই অনভিব্যক্ত
শ্বীকৃতিরই যেন দৃষ্টি-ময়ী উদ্ঘোষণা। ক্রিস্তফ নৃত্ন আলো দেখল।
যে সত্যকে এতদিন চোধ মেলেও দেখেনি, দেখতে চায়নি, আজ তা
পূর্ণ রূপে একেবারে চোখের সামনে এসে দাড়াল। ক্রিস্ত্রু জানল
রোজা ওকে ভালোবাসে।

এমেলিয়ার ডাক শোনা গেল। রোজা ফিন্ ফিন্ ক'রে বলল:
'শ্শ্শ, দাঁড়াও, মা ডাকছে আমাকে। ভেতরে যাবে এখন ?'
'না না যাব না, পারব না কারো সাথে কথা কইতে। মায়ের
সাথেও না। আর একট্থানি একা থাকতে দাও আমায়।'

'আছা তাই থাকো, আমি এই এলাম ব'লে।'

গুদামের নির্জন অন্ধকারে একা রইল ক্রিসতফ। মাকড়সার 'জাল-ছাওয়া ছোট্ট একটা খুলখুলির কাঁকে সরু একটি আলোর রেধা এসে পড়েছে

রাস্তায় ফেরিওয়ালা হেঁকে যাছে: দেয়ালের ওধারের আস্তাবল থেকে একটা ঘোড়ার মাটিতে পা ঠোকার শব্দ আসছে তার নাকের ঘোঁৎ ঘেঁাৎ-এর সাথে মিশে। ক্রিসতফ ভাবছে, যে-মধুর সত্যটা এই মাত্র ওর কাছে উদ্যাটিত হ'ল কই তাতে বুক হলল কই ? না হলুক, মুহুর্তের. জন্ম ওর সমস্ত চিন্তার জগৎ অধিকার ক'রে রইল-এতদিন যা বোঁঝেনি আজ তা বেবাক দিনের আলোর মত স্বচ্ছ হয়ে গেল; তুচ্ছ বলে অবহেলায় যে সব জিনিষ এক পাশে সরিয়ে রেখেছিল, আজ তাদের অর্থ একেবারে হাতের কাছে এসে ধরা দিল। অবাক হয়ে যায়, কার কথা ভাবছে ও ? অত বড় বেদনাকে ভুলে মন কেমন ক'রে অমন পলাতক হ'ল ? লজ্জায় ও এতটুকু হ'য়ে গেল। কিন্তু এত নিদাক্ষণ তুঃসহ, এত ভয়ংকর সে-বেদনা, যে ওর ভয় হল, আর রক্ষা নেই। সেই ভয় ওর সমস্ত ইঞ্চা-শক্তি, বুকের হর্জয় সাহস, ওর প্রেমকে অতিক্রম क'रत्र জात क'रत 'अरक अडे अक्षकात श्रांक हिंदन मतिरम आनत्म। জলে ডুবে আত্ম-হত্যা করতে গিয়ে মাত্মষ যেমন নিজের ইচ্ছার বিরুদ্ধেই হাতের কাছে কুটোটুকু পেলেও আঁকড়ে ধরে, যাতে মৃত্যুকে ঠেকান সম্ভব না. হলেও অন্ততঃ থানিকক্ষণ ভেসে থাকা চলে, বাঁচবার জৈব প্রেরণায় রোজার কথা ক্রিসতফের কাছে তেমনি অবলম্বন হয়ে উঠল।

যে মাকুষটা ওরই জন্ত হৃঃথ পাচ্ছে তার হৃঃথটা পরিপূর্ণ ভাবে অকুভব করে নিলে নিজের বেদনায়। যাকে ও কাদিয়েছে, তার কালার ভাষাটা ও পড়ে নিলে। রোজার জন্ত একটা মমতা উর্বেল হয়ে উঠল। মমতা, কিন্তু ভালোবাসা কোথায় ? কঠিন! কঠিন! আরো কত কঠিন হবে! রোজাকে ও ভালোবাসতে পারলে না। তবে রোজা কেন ভালোবাসছে ওকে! কোন লাভে, কোন প্রতিদানের আশায় ? বেচারা! না, খুব ভালো মেয়ে রোজা; এই মাত্র ক্রিস্তক্ষ প্রমাণ

পেল না কি তার! কিন্তু হোক রোজা ভালো মেয়ে, তাতে ওর কি! রোজার জীবনের কতথানি দাম ওর কাছে ?

ক্রিসতফ ভাবে—

'ষে নেই আর যে আছে তার মধ্যে ঠাঁই-বদল হল না কেন ? বে আছে, সে না হয় নাই থাকতো! যে নেই সেই কেন থাকল না ?'

ভাবনা এগিয়ে চলে:

'রইল যে-মামুষ, সে আমায় ভালোবাসে; আজ—কাল—সারা জীবন ধরে সে আমায় শোনাতে পারে তার ভালোবাসার কথা। কিন্তু যাকে হৃদয় দিয়ে আমি ভালোবাসলাম তাকে হরণ করল মৃত্যু। তার বুকের ভাষা মুখের কথায় ফুটবার সময় হলো না, না হলো আমার। যা ছিল পরম ক'রে ওনবার ও শোনাবার, চরম দিনের প্রত্যন্তে এসে তা অব্যক্ততায় ঠেকে রইল। শোনাও হবে না, শোনানও হবে না আর কোনও দিন—'

শেষ সন্ধ্যাটি হঠাৎ মনে প'ড়ে যায়। রোজা এসে গেল—বলতে-যাওয়া-কথা বলা হয়নি—

রোজার ওপর বড় রাগ হয়, ঘুণা হয়।

গুদামের দরজা খুলে যায়। খুব নীচু কোমল স্বরে ডাকতে ডাকতে অন্ধকারে হাতড়ে রোজা এগিয়ে এসে ওর হাত ধরে। ক্রিসতক্ষের গাটা শির্ শির্ ক'রে ওঠে ঘুণায়। এই অন্নচিত মনোভাবের জক্ত ক্রিসতফ নিজেকে তিরস্কার করে। কিন্তু মন শাসন মানেনা।

রোজা নির্বাক। ভালোবাসা ওকে নীরব হ'তে শিথিয়েছে। ক্রিসতফ বাঁচল, ওর ঘা কাঁচা, এর ওপর রোজার বাজে বক্বকানীর জালা সইত না। ক্বতজ্ঞ হয়ে উঠল ওর ওপর। তবু জানতে ইচ্ছে করে। রোজাই একমাত্র মানুষ যে তার কথা ওকে শোনাতে পারে। ফিনু ফিনু ক'রে জিজ্ঞানা করে:

'কবে— ?' মারা গেছে কথাটা মুখ দিয়ে বেরুল না। সাহস হলোনা।

জবাব দেয় রোজা:

'গত শনিবারের আগের শনিবার।'

(धाँबात गउँ कि रयन गरन भ'रफ़ यात्र। वरन : 'तार्छ ?'

রোজা অবাক হ'য়ে তাকায়: 'হঁঁয়া রাত হুটো থেকে তিনটের মধ্যে।' সে-দিনের সেই স্থরটা মনে পড়ে যায়। কি গভীর কালার স্থর! শুধায়: 'খুব কষ্ট পেয়েছে কি •ৃ'

'না, না। কপাল ভালো, ভোগেইনি বলতে গেলে। তুর্বল ছিল ভয়ানক। কাজেই বিশেষ লড়তে হয়নি। টুক ক'রে ধেন খসে পড়ল।' 'সে—সে কি বৃঝতে পেরেছিল ?'

'জানিনা—আমার মনে হয়···'

'কিছু ব'লে গেছে কি ?'

'না, কিছু বলেনি। ছেলেমামুষের মত শেষ পর্যন্ত নিজের জক্তই ভারী ব্যস্ত ছিল।'

'তুমি ছিলে কাছে ?'

'হাঁ। প্রথম হ'দিন আমি একাই ছিলাম, তারপর ওর দাদা এলেন।' রোজার হাত হুখানিতে কৃতজ্ঞতা-ভরা একটি চাপ পড়ে। 'ধক্সবাদ রোজা, ধক্সবাদ।' রোজার মুথ লাল হয়ে পূঠে। ধমনীর উষ্ণ রক্তের ধারাটি ধেন ছডিয়ে পড়ে ওর মুখের 'পরে।

কয়েক মূহুর্তের নিশুকতা। ক্রিসতফের ঠোঁট ছথানি কাঁপতে থাকে। ্ একটা প্রশ্ন গলার কাছে ডানা ঝট্পট্ করছিল এতক্ষণ। কাঁপা ঠোটের ভিতর দিয়ে ছিট্কে একটুখানি কেবল বেরিয়ে আসে:

'কিছু—কিছু—আমায় কি কিছু বলে গেছে?'

বিষয় ভাবে রোজা নিষেধ করে মাথা নেড়ে। যে-জবাব শোনবার জন্ত ক্রিস্তক্ষের সমগ্র ইন্দ্রিয় উন্মুখ হয়ে প্রতীক্ষা করছিল, সে জবাবখানি যদি দিতে পারত রোজা! যদি সব দিয়েও পারত! মিথ্যা কথা এল না ওর মুখে। সাস্ত্রনা দিতে চেষ্টা করলে:

'জ্ঞান ছিলনা কিনা।'

'কথা বলছিল তো !'

'হাঁা, কিন্তু এত আন্তে যে কিছু বোঝা যায় নি।'

'বাচ্চাটি কোথায় ?'

'মামা নিয়ে গেছে।'

'আর তার – ?'

'গত সোমবারের আগের সোমবার তাকেও নিয়ে যাওয়া হয়েছে।' আবার চোথ দিয়ে জল পড়ে।

এমেলিয়ার কঠ শোনা ধায়। রোজার থোঁজ পড়েছে। ক্রিস্তফ আবার একা—

মৃত্যুর সেই রাতখানি, মরণের প্রস্তৃতির দিনগুলি যেন বাস্তব হ'য়ে ফিরে আসে—ওরই অসহায় দৃষ্টির সামনে দিয়ে মৃত্যু এসেছে অভিসারে—। একটিমাত্র সপ্তাহ—মাস নয়, বছর নয়, দিন—সাতটি দিন—। বলো ঠাকুর, বলো ! বলো ! এরই মধ্যে কোথায় মিলিয়ে গেল সে। এই তো সেদিন—ঝম্ ঝম্ ক'রে আকাশ ভেকে রুষ্টি পড়ছিল—র্ষ্টির সাথে তাল মিলিয়ে হাসছিল ক্রিসত্ত্য। কত বড় স্থুথ সেদিন এসেছিল হাতের কাছে!

পকেটে একথানি কাগজে জড়ান নরম ছোট একটা মোড়ক হাতে এসে ঠেকে। এক জোড়া রূপোর বক্লশ। সেবাইনের জুতাৈর জস্ত এনেছিল। এই এতটুকু ছিল পা ছথানি। মনে পড়ে বায় শেষ সন্ধ্যাটি। মোজায়-ঢাকা ছোট পা ছথানি নিয়েছিল মুঠোয় ভরে। কি স্থানর পা । কি উষ্ণ, কি স্থানর পাশা। কোথায় চলে গেল ? ঠাণ্ডা বরফের মত জমে আছে বোধহয় ! ক্ষণিকের ওই উষ্ণ স্পর্শাটুকুই প্রিয়া-স্পর্শের একমাত্র পরিচয় হয়ে রইল। তাকে ও ছোঁয়নি সাহস করে; বাঁধেনি বাছ-বন্ধনে; নেয়নি বক্ষের আলিক্ষনে। শেষ হ'য়ে গেল। সব নিঃশেষ। চিরদিনের মত ফুরিয়ে গেল।

পরিচয় হ'ল না—না দেহের সাথে, না আত্মার সাথে।
কেমন ছিল দেহথানি ? কিছুই মনে করতে পারছে না
দেহটার ভেতরে যে মানুসটা ছিল, সেই বা কেমন ছিল ?
কোনো পরিচয় উদ্যাটিত হয়নি।

স্বৃতির পটে কোনো চিহ্ন খুঁজে পাওয়া যায় না—না ওর, না ওর ভালোবাসার।

ভালোবাসা ? ভালোবেসেছিল না কি সে ? কেমন ক'রে জানলে ক্রিসতফ ? কোথায় প্রমাণ! একথানি পত্র নয়, এতটুকু কোনও চিহ্ন নয়… কিছু নেই, কিছু নেই।

কোথায় খুঁজবে ? কোথা থেকে আহরণ করে আনবে স্বৃতির কণিকা ! হারানো প্রিয়-স্বৃতিকে রাখবে অন্তরের নিভতে; নয় বাইরেই রচনা করবে তার দেউল। কিন্তু হায়রে কপাল ! সামান্ততম অভিজ্ঞানও সে রেথে যায়নি। একেবারে নিরবশেষ সমাপ্তি। আছে ওধু ওর প্রেম— ধে-প্রেম দিয়ে অর্ঘ্য রচনা করেছিল ক্রিস্তফ আর আছে ক্রিস্তফ নিজে—দেউলে দেবতা নেই, পূজারী নিক্ষল অর্ঘ্য সামনে নিয়ে পূজা বেদী আগ্লায়।

সব প্রয়াস সংবাধ ওর রাশ ছিঁড়তে চায়। ও মরিয়া হ'য়ে ওঠে:

অমন নিঃশেষে মুছে বেতে দেবে না প্রিয়াকে। সর্বনাশের মৃঠি থেকে ও

ছিনিয়ে আনবে তাকে—মৃত্যুকে করবে অস্বীকার। যে-টুকু পেছনে ফেলে

গেছে ওর দেহান্তরী প্রিয়া সে-টুকু বজ্রমুষ্টিতে আঁকড়ে রইল অন্ধ গভীর

বিশ্বাসে। ও জানে, ক্ষয় নাই প্রেমের—ক্ষয় নাই প্রেমের অমৃত নিষেকে

অভিষিক্ত হয়েছে যা—

"আমার মৃত্যু হয় নাই; কেবল পুরাতন গৃহ ছাড়িয়া গৃহান্তরে আসিয়াছি আমি। কিন্তু আমি এখনও তোমার মধ্যে বাঁচিয়া আছি, কারণ তুমি আমার প্রতি বিশ্বস্ত রহিয়াছ। প্রিয়ের আত্মা প্রেমিকের আত্মার সাথে মিশিয়া এক হইয়া যায়।"

এ তো ওর পুঁথির পড়া-কথা নয়, ক্রিসতফের মনের কথা। আত্মার বাণী। আমরা স্বাই কাঙ্গের ক্যান্তেরী \* চূড়ায় এক দিন না এক দিন আসি।

শাখত কালের সেই বেদনাই নৃতন ক'রে বুকের আগুন জালায়; শাখত কালের ব্যর্থতা আর মৃত্যুঞ্জয়ী আশা নৃতন করে হক্তে জাগায় দোলা। শাখত কালের বাধা পথেই আবার নৃতন ক'রে আমাদের চলা—যারা আমাদের আগে এই পৃথিবীতে এসেছিল, বেঁচেছিল, ভালোবেসেছিল, মৃত্যুর সাথে লড়েছিল, মৃত্যুকে অস্বীকার ক'রে এই পৃথিবী হ'তে চ'লে গেছে—তাদের পদ-চিক্রের পালে পাশেই আমাদের পায়ের চিহ্ন পড়ে।

নিজের ঘরে বন্দী ক্রিসতফ। জানালা দিয়েছে সেঁটে, যাতে সামনের ঘরের জানালাটা না চোখে পড়ে। ফোগেলদের এড়িয়ে চলে—ওদের

যে পাহাড়ের ওপব যী শুর্টকে ক্র শ-বিদ্ধ করা হয়েছিল তার নাম।

দেখলেই কেমন ওর শুকার আসে। যদিও এ ব্যাপারে তাদের বিরুদ্ধে ওর কোন নালিশ নেই। মনে মনে যত বড় শক্তই হোক না কেন, এক হিসেবে এত সাধু প্রকৃতির ও ধর্ম-ভীরু এরা, যে শক্ততা দিয়ে মৃত্যুকে বিড়ম্বিত করেনি। এবং ক্রিসতফের ব্যথা ওরা ব্ঝেছে এবং সম্মান ক'রেছে। কিন্তু সেবাইন বেঁচে থাকতে এরা স্কুদের ব্যবহার করেনি; এই কথাটা স্মরণ ক'রে তার অবর্তমানে এখন ও কিছুতে সদয় হ'তে পারলে না।

সাময়িক হ'লেও ক্রিসতফের জন্ম ওদের সহামুভূতিটুকু খাঁটিই। কিন্তু বাড়ীর সেই অই-প্রহরের মেছো-হাটায় মন্দা পড়ল না, তাই মনে হ'ল ফাঁকি না থাকলেও এরা ফাঁপা; এত বড় শোকাবছ ঘটনা ওদের হৃদয়কে স্পর্শ করেনি [ খুবই স্বাভাবিক হয়ত এটা ]। হয়তো বা গোপনে ওরা স্বস্তির নিধাস ফেলেছে। অন্ততঃ ক্রিসতফের ধারণা তাই। ওর সম্বন্ধে ফোগেলদের অভিপ্রায়ট। বুঝতে পারার পর এ ধারণাটা আরও পাকা হ'ল। আসলে বাড়াবাড়ি ওরই; কোগেলর। ওকে নিয়ে মোটেই মাথা ঘামায় না। কিন্তু না ঘামালেও রোজার পথ নিক্ষক হ'ল ব'লে এবারে ওরা নিশ্চিন্ত হল নিশ্চয়ই! আক্রোশটা পড়ল গিয়ে রোজার ওপর। এবং ওর সম্বন্ধে এদের [ ফোগেলরা লুইসা, রোজা পর্যন্ত ] এই স্পধিতি অনধিকার চর্চার শান্তিটা ওই নিরপরাধ মেয়েটাকেই মাথা পেতে নিতে হল। ক্রিসতফ একেবারে মমতা-হীন কঠিন হয়ে উঠিশ। ওর স্বাধীনতাম্ব হাত দেবার এতবড় সাহস! ভাবতেই ও আগুন হয়ে ওঠে। ভাবে, এতদিন তবু ওর একার প্রশ্ন ছিল। কিস্তু অনধিকারীরা ওর মৃতা প্রিয়ার অধিকারেও থাবা বসাতে চায়। এত বড় ত্ঃসাহস ৷ কান্ননিক আশংকায় সে-অধিকারকে রক্ষা করতে ও বুক দিয়ে পড়ে। ওর এখন সন্দেহ হয় রোজাও ফাঁকি দিয়েছে। কিন্তু জানেনা ও ওর

বেদনাকে নীরবে সে-মেয়ে অস্তরে বহন করে। বারে বারে আসে, মিঠে ক'রে হ'টো সাস্থনার কথা ব'লে যায়; সেবাইন-এর সম্বন্ধে আলাপ করে। রোজাকে তাড়িয়ে দেয় না ক্রিসতফ; সেবাইনের কথা বলার লোক চাই—এমনি লোক, যে তাকে জানে। অস্তথের সময়কার, মৃত্যুর সময়কার প্রতিটি খুঁটিনাটি জানবার জন্ম ও আকুল হয়ে থাকে। কিন্তু তবু সদয় হয় না ওর মন; আরো বেশী সন্দিগ্ধ হয়ে ওঠে। অভিসন্ধি না থাকলে, রোজা অমন ক'রে এতবার ক'রে ওর ঘরে আসে যায়, এতক্ষণ থাকে, গল্প করে ঘণ্টার পর ঘণ্টা, কেন! অস্ততঃ এমেলিয়া তো কথনও বরদান্ত ক'রত না। পরিবারের এই চক্রান্তের মধ্যে রোজাও কি নেই! নিশ্চয়ই আছে। কিছতেই রোজার দরদকে ও নির্ভেজাল ব'লে বিখাস করতে পারল না।

কিন্ত ক্রিস্তফ জানেনা এ কত বড় মিণ্যা। জানেনা রোজার সমবেদনায় হৃদয়ের অমৃত উজাড় করে দেয়া। ক্রিস্তফের চোথে চোথ মিলিয়ে ও সেবাইনকে দেখতে চায়, ভালোবাসতে চায় তাকে ক্রিস্তফের হৃদয়ে হৃদয়ে হৃদয়ে ক্রিম মিলিয়ে। ক্ষণিকের জন্মও যদি কথনও ওর বিক্রজ-চিন্তা ক'রে থাকে সে জন্ম আত্ম-ধিক্রারে আজ ওর অন্তর ক্ষত বিক্রত; রাতের প্রার্থনায় লুটয়ের প'ড়ে আকুল হৃদয়ে মৃতার কাছে ক্রমা চায়। কিন্তু,ভূলতে কি পারে ও নিজে মরে নাই, বেঁচে আছে; দিনের প্রতিটি মুহুর্ত ক্রিস্তক রয়েছে ওর দৃষ্টির সামনে একেবারে প্রত্যক্ষ হ'য়ে; দিনে দিনে পলে পলে সে প্রত্যক্ষ-দেবতার অভিষেক হচ্ছে ওর প্রেমে: পরোক্রের মান্থবটাকে আজ আর ওর ভয় নেই—সে তো ফুরিয়েই গেছে; তার স্মৃতিটিও দিনে দিনে ক্রমে আসবে চন্দ্র-কলার মত, তা নিঃশেষ হবে একদিন। তারপর রোজাই তো থাকবে অন্বিতীয়া হয়ে—তারপর—তারপর—হয়ত একদিন—! নিজের ব্যথা, পাশের বন্ধুর ব্যথা—যে ব্যথা ওর আরও আপন, তা সত্তে নাম-না-জানা একটা খুলির দোলানী যেন রক্তে লাগে। একটা

অবুঝ হু:সাহসী আশা মাথা তুলতে চায়। আরো রাগ হয় নিজের 'পরে।
কিন্তু কতক্ষণ বা সে আশা! ঝিলিক মাত্র। ক্রিসতফের চোথ এড়ায়
না। যে-দৃষ্টি দিয়ে ও চায় তাতে রোজার বুকের রক্ত জমে যায়।
ক্রিন অক্ষরে ঘুণা লেখা সে-দৃষ্টিতে—নিভূলি স্পষ্টতায় রোজা পড়ে
সে-লেখা, বোঝে, একজন যথন গেল, ওর বেচে থাকা ক্রমাহীন
অপরাধ।

সেবাইনের জিনিষ পত্র নিয়ে যাবার জক্ম গাড়ী নিয়ে এল তার ভাই। কোপায় গান শেখাতে গিয়েছিল ক্রিসতফ, ফিরে এসে দেথে ছয়ারের কাছে ভূপীকৃত খাট, আলমারী, চেয়ার, গদী, কাপড়-চোপড়—চলে-যাওয়া সেবাইনের ইহ-সংসারে ফেলে-যাওয়া যত কিছু। প্রচণ্ড এক হাতুড়ীর ঘায়ে ওর পাঁজরের হাড়গুলো যেন চ্রমার হ'য়ে গেল। ছুটে চলে গেল—দেখতে পারলেনা; যাবার সময় ধাক্কা থেল বারটোলডএর সাথে। থামালে সে। জোরে হাতটায় ঝাঁকুনি দিয়ে মস্ত বড় দীঘালাস ফেলে বললে:

'কি হ'রে গেল, বলতো ভাই! কটা দিনের কথাই বা—কেমন আনন্দে কাটল সবাই মিলে। কে ভেবেছিল বলতো, বিনা মেঘে এমনি বাজ পড়বে। ফুর্তি তো ক'রেছিলাম, সেই ফুর্তিই হ'ল ওর কাল। নোকাতেই ঠাণ্ডা লাগল। আর তাইতে শেস হ'রে গেল। উঃ। কিন্তু কেঁদে হবেই বা কি ? আজ ও গেল, কাল আমি যাব। এই তো সংসার, আর এই তো জীবন। যাক্, তুমি কেমন আছ ভাই ? ঈথরের ইচ্ছায় আমরা সব ভালোই আছি।'

বারটোলডের মূথ লাল, ঘাম ঝরছে দরদর ক'রে, তার সাথে মিশে আসছে মদের গন্ধ। এই লোকটা ওর বিগতা-প্রিয়ার সহোদর! সেই হত্তে তার বাবতীয় স্বৃতির ওপর ওর পূর্ণ অধিকার, এই কথাটাই

ক্রিসতফের কাছে লাগল অস্হ। ওর মুখে সেবাইনের নামোচ্চারণও खत ভाला नागन ना; मत्न इन এ खत न्नर्था। कार्र श्रत माँ फिरा পাকে ক্রিসভফ। অথচ ওর এই হিম-কঠিন চেহারাটা ধরাই পড়লনা বারটোল্ড এর চোখে। হারানো বোনের কথা বলার মানুষ পেয়েছে, সেই খুর্শিতেই দৃষ্টি ওর ঝাপসা হয়েছে। নইলে দেখতে পেত ওকে দেশে আগুন জ্বলে উঠেছে ওই পাথরের বুকে। গাঁয়ের বাড়ীর ছদিনের সেই আনন্দ-মেলার স্বতিটাকে বারটোলড হঠাৎ যেন টান মেরে मार्टिक बाइएए रक्नम निकास ब्यवस्माय; कथा बनक वनक অবলীলায় ও নিবিকার ভাবে সামনে ছড়ান জিনিষগুলো পা দিয়ে দিয়ে ছড়ায়। ক্রিসতফের আত্মা একেবারে ভূমি-মূল অবধি যেন ভূমিকম্পে কেঁপে উঠল। কালা উত্তাল হ'য়ে উঠল। ঠেকাতে চাইল কিন্তু বাঁধ গেল ভেসে। পেছন ফিরে সি'ডির দিকে পা বাডাল। কিন্তু বারটোলড ছিনে জোঁকের মত রইল আঁকডে। এগিয়ে চলল সেবাইনের অস্থথের কথা বলতে বলতে। প্রতিটি বেদনা-দায়ক থুঁটি-নাটর সবিস্তার বর্ণনা---বলার ভলিতে অন্তত সোলাস উৎসাহ। অনেকেরই, বিশেষ ক'রে সাধারণ মাহুষের এইই ব্লীতি'। ক্রিস্তফ আর महेल भारतमा, किन्न कठिन क'रत दाधल निष्करक, रयन हारधद कल्वद वैष ना ভाष्ट्र। इठा९ माय পথে शामिष्य पिष्य वल वनन :

'মাপ করবেন, আমায় যেতে হবে এখন।' স্বর এমনি কঠিন, যেন ছটো বরফের পাহাড় ঠোকাঠুকি লেগে খট ক'রে বেজে উঠল।

আর একটি কথা উচ্চারণ না ক'রে চলে গেল।

অত্যন্ত আশোভন ব্যবহার। ভারী বিশ্রী ঠেকল বারটোলডের। ও ভেবৈছিল ক্রিসতফ ওর বোনকে ভালোবাসে। কিন্তু এই কুৎসিত নির্বিকার ব্যবহার ওর বেন অমাফুষিক মনে হল। সিদ্ধান্ত করল ক্রিসতফ হাদয়-হীন।

ক্রিস্তফ একেবারে পালিয়ে এল নিজের ঘরে। ওর বুকের ওপর বেন পাথরের বোঝা; নিখাস বন্ধ হয়ে আসছে। জিনিষ-পত্ত সরানোর পালা একেবারে চুক্কার আগে দরজা খুললেনা। পণ করেছিল তাকাবে না ঐ দিকে—কিন্তু অদৃশ্য আকর্ষণ ওকে টেনে নিয়ে গেল; কোণায় मां फिरा अवनात कां रक रनशर नागन-विरमशै श्रियात थे हिक को वरनत সহচরদের বিদায়ের শোভাযাতা । । ধীরে ধীরে পথের বাঁকে অদুগু হয়ে গেল ... একটা অব্যক্ত রোদন পাক থেয়ে থেয়ে উঠল ওর অন্তঃহল হতে। একটা প্রবল ক্রর প্রভঞ্জন খেন ওকে উড়িয়ে নিয়ে ছুঁড়ে ফেলে দিলে এক মরুভূমির ধৃ-ধৃ-করা শৃক্ততার মধ্যে। ও পাগল হয়ে উঠল। মরিয়া হয়ে ছুটে গিয়ে আছড়ে পড়তে চাইল ওই পথের ধূলোয়, বলতে চাইল চীৎকার क'रत: अर्गा, निअना निअना, निक्न रयअना: आभात धन निरत्न याअ আমায়। দানবীয় শক্তিতে ধরে রাধলে নিজেকে। নেবে তো, সব কেন! অন্ততঃ একট, সামান্ত একটু কিছু চিহ্ন রেথে যাক। ইচ্ছে হল মিনতি ক'রে ভিক্ষে ক'রে আনে ওর ছোয়া-লাগা একটি কণা—অস্ততঃ, তবু তো একটু থাকঁবে, একেবারে নিঃশেষে হারাবে না। প্রত্যক্ষ গেলেও প্রতীকে (म थाकरव (वँरि । किन्न ठांश्रेर क्मन क'रत १ वात्र होन क नाम (मरव তার 
 যার জানবার সেই যখন জানলেনা আসল খবরটা, তখন নাই বা জানলে আর কেউ! আর জানান তো নয়, ওধু হৃদয়কে নিরাব্বত করা। তারপর হয়ত বলতে গিয়ে ডুকরে কেঁদেই উঠবে।…না না, থাক … কিছু वन्द ना, ... এक है कथा नम् । क्वन अप्रशाम निर्वाक किएम थाकरा... अहे जव-शावात्नाव िम्हिल शीरत शीरत भिलिख यात निः (भव हत्य ওর দৃষ্টির অপ্তরাশে, ওর অধিকারকে অস্বীকার ক'রে ··

সব শেষ হ'য়ে গেল। শৃত গৃহখানি দীনের 'মত প'ড়ে রইল। গেট বন্ধ হ'ল। ঘর ত্যার কাঁপিয়ে গাড়ীর চাকান'ড়ে উঠল। জানিয়ে দিলে এবার যাত্রা হ'ল শুরু। অপস্যুমান গাড়ীর ঘর্ষর ক্রমে অস্পষ্ট ,হ'য়ে এল।

তারপর নিথর নিস্তন্ধতা।

সেই শুরুতার ভাষায় জানা গেল…সব শেষ, একেবারে শেষ…।

ও আছড়ে প'ড়ল মাটিতে। এক ফোঁটা জল নেই চোথে এ ঘেন সাহারার বৃক—অহভৃতি নেই, বেদনা নেই, ঘেন সাহারারই শৃক্ততা। সংগ্রাম নেই, নেই প্রতিঘাত তে যেন মৃতদেহ।

দরজায় মৃত্ আঘাত পড়ে। নিশ্চল ক্রিসতফ। আবার। দরজায় বিল দিতে ভুলে গিয়েছিল। এল রোজা। ওকে মাটিতে লোটান দেথে প্রথমে অফ ুট চীৎকার ক'রে উঠল; তারপর ভয়ে থমকে গেল। রেগে উঠল ক্রিসতফ:

'কি, কি চাই ? বেরিয়ে যাও, একুণি বেরিয়ে যাও বলছি। আমায় একা থাকতে দাও।'

রোজা যায় না। কুঠিত হ'য়ে, দরজায় হেলান দিয়ে দাঁভিয়ে থাকে। ভারী দীন দেখায় ওকে। দিধা-জড়িত স্বরে ডাকে: 'ক্রিসতফ·····'

নিঃশব্দে উঠে দাঁড়ায় ক্রিসতফ। তুর্বলতা দেখে ফেলেছে রোজা। লজ্জায় যেন মরে গেল ও। হাত দিয়ে গায়ের ধূলো ঝেড়ে পক্ষৰ কর্মে বলে:

'कि ठाई अशास ?'

সংকোচে দিধায় এত টুকু হ'রে যায় রোজা। বলে: 'রাগ ক'রোনা ভাই! অপরাধ হ'য়ে গেছে। কিন্তু আমি এসেছিলাম…এই একটা জিনিষ নিয়ে…' হাতের মুঠোয় কি রয়েছে।

হাত বাজিয়ে দেয়, বারটোলজ্এর কাছে চেয়ে এনেছি...একটা চিহ্ন। ভাবলাম ভোমার ভালে! লাগবে...'

ছোট্ট একটা রূপোর পকেট আয়না। এটার দিকেই চেয়ে ব'দে থাকত ও ঘণ্টার পর ঘণ্টা।

রূপ দেখত না, শুধু সময় কাটাত।

ক্রিসতফ হাত বাড়িয়ে আরশীখানা নিলে, সাথে সাথে গ্রহণ ক'রল আরশী-ধরা হাতথানাও।

'বোজা…বোজা…'

রোজার ত্নেহে ও যেন গলে যায়। ওর প্রতি যে অক্সায় করেছে তা বুঝে লজ্জা পায়। উচ্চুসিত আবেগে নতকাহ হ'য়ে ব'সে প'ড়ে ধরা হাতথানিতে চুমু থায়। বলে:

'क्रमा केरवा...क्रमा करवा.. '

প্রথমে কেমন হক্চকিয়ে যায় রোজা। তারপর ব্যাতে পারে, অস্পাই স্পাই হ'য়ে যায়। মৃথ লাল হ'য়ে ওঠে, সারা দেহ ওঠে কেঁপে, চোথে অশ্রু নামে। কিসের ক্ষমা চেয়েছে ক্রিততক ? সে তোরোজার ব্যাতে বাকী নেই!

'ক্ষমা করো···অফায় যদি ক'রে থাকি, ক্ষমা করো···'ভালো যদি নাহি বাসি···ক্ষম মোর সেই অপরাধ···" এই তো! ভধুই কি 'নাহি বাসি ?' বরঞ্চ বল, যদি না বাসিতে পারি কোনো কালে, ভবে ক্ষম ক্ষম মোর অপরাধ···: এই ভো বলতে চাও ক্রিস্তফ!'

হাত টেনে নেয় না রোজা—ও জানে ক্রিসতফ যাকে চুম্বন ক'রেছে সেও নয়। ক্রিসতফও ব্রছে সতা ধরা প'ড়েছে। রোজার অহুভূতির স্ক্রতারে বাজছে ক্রিসতফের হৃৎকম্পান। বেচারাকে ও কোনোঁমতে এতটুকু ভালোবাসা দিতে পারছে না, কেবল ত্থা দিয়ে মারছে আর মারছে; সেই লজ্জায়, রাগে, আর বিক্ষোভে ষেন ও অর্জরিত হ'য়ে উঠছে —আর সেই যাতনা অঞ্চ হ'য়ে গলে গলে ঝরছে অনাদৃতার হাত বেয়ে। অনেকক্ষণ অমনি গেল। ঘরের অস্পাষ্ট আলোয়—ত্জনেই কেঁদে চলেছে।

তারপর হাত টেনে নেয় রোজা। ক্রিসতফের ঠোঁটের ফাঁকে গুন গুনানির মত বেরয় 'ক্ষমা কবো!'

কোমলভাবে ওর হাতের ওপর হাত রাথে রোজা। উঠে দাঁড়ায় ক্রিসতফ। নীরবে চুম্বন করে—ওঠের ওপর অঞ্চর ক্লিষ্ট স্থাদ…। ক্রিসতফ বলে কোমলভাবে:

'আমাদের বন্ধুত্ব কথনও ভাঙ্গবে না, রোজা—কথনও না।' আন্তে মাধা নীচু ক'রে নীরব সন্তামণ জানিয়ে বেরিয়ে আসে রোজা—গুরু ভারে ওর বেদনা আজ ভাষা হারা।

তুজনেই ভাবে বেতালা পৃথিবীটা কোন পাগলের অনাস্টি। যে ভালোবাসল সে ভালোবাসা পেল না; যে পেল সে ভালোবাসল না। আবার যে-প্রেমিক প্রেম পেয়ে ধয় হ'ল, প্রিয়-বিচ্ছেদের হাহাকারে হু'দিন না যেতে তার ধয় আকাশ কালো হ'য়ে উঠল।…কেবলি বেদনা …দিকে দিকে বেদনাব আবাহন। তু:খ-ভাগী মানুষ—কিছ সব-চেয়ে বড়ত্র্ভাগাহলেই যেসব চেয়ে বড়ত্র্ভাগাহলে, তার কোন অর্থ নেই।

ঘর সহা হয়না। বাইরে শাস্তি খুঁজে ফেরে। পর্দাহীন জানালা আবার শৃতা ঘর তীরের ফলার মত মর্মে বেঁধে।

কিন্তু আরও বড় তুঃধ ওর কপালে লেখা ছিল। থালি ঘরে নৃতন ভাড়াটে বসালে অয়লার। সেবাইনের ঘরে দেখা গেল নৃতন মুধ। পুরাতনকে নিশ্চিহ্ন ক'রে দিলে নৃতন। আর থাকতে পারল না। সারাদিন কাটে বাইরে। রাতে সব
আন্ধকার হ'য়ে গেলে, কিছু আর দেখা যায় না যখন তখন ঘরে ফেরে
ক্রিসতফ। আবার শুরু হয় গ্রামে মাঠে পথে প্রান্তরে ভবঘুরের
জীবন। কিসের হুর্বার টানে একদিন গিয়ে উঠল বারটোলভের
খামারে। ভেতরে গেল না, সাহস হ'ল না। ঘুরে বেড়াল আশে
পাশে। খুঁজে বের ক'রল একটা জায়গা—ছোট্র পাহাড়। তার
ওপর থেকে দেখা যায় বারটোলভ্এর বাড়ী, থেত, আর নদীটি।
তারপর থেকে, পা অজাস্থে এখানে চ'লে আসে প্রায়ই। দৃষ্টি
এগিয়ে চলে নদীর আঁকা বাকা পথ ধ'রে ধ'রে সেই উইলো কুল্লের
নিবিড়ে।

ক্রিসতফ দেখেছিল সেদিন সেই রহস্ত-ভরা আলো-আঁখারে কেমন করে ধীরে অতি চুপি চুপি মৃত্যুর ছায়া নেমে এসেছিল সেবাইনের মৃথে। এখান থেকেই দেখা যায় বাতায়ন ঘৃটি, অত দ্র থেকেও চেনা যায় তাদের —এক মহা-পরিচয়ে অন্তরক ছই-কক্ষের ছ'থানি বাতায়ন—ছর্যোগনয়ী রাত্রির গভীরে এই কক্ষেরই তমোময়ী শৃস্তায় ওরা সেদিন এসে দাঁড়িয়েছিল বড় কাছাকাছি—মাঝখানে ছিল একটিমাত্র ক্ষম্ব দারের ব্যবধান…। সেই ক্ষম্ব-দারের হুই প্রান্তে দাঁড়িয়ে বাইরের ঝরের আবেগে উদ্বেল হ'য়ে উঠেছিল মৃজন কি উদগ্র উদ্বিশ উন্নত্ত প্রতীক্ষা কিত কাছে কিব্লুক দ্বেন ক্ষ্মুক্ত ক্ষম্ব-দারের বাধা কিব্লুক প্রতীক্ষা ক্ষম্বন্থ কিব্লুক দ্বেন ক্ষম্ব ক্ষম্ব-দারের বাধা কিব্লুক প্রতীক্ষা ক্ষম্বন্থ কিব্লুক দ্বেন ক্ষম্ব ক্ষম্ব ক্ষমেন বাধা কিব্লুক ক্ষমিন আমি ক্ষম্ব ক্ষমিন ক্ষমিন ক্ষমিন ক্ষম্ব ক্ষমিন ক্যমিন ক্ষমিন ক্যমিন ক্ষমিন ক্ষমি

সমাধিস্থান দেখা শায়…হয়ত এখানেই…

বিকৃতি আর ক্ষয়ের জগৎ।

ছেলেবেলা থেকে সমাধিস্থানে যেতে ওর ভয় করে। গ'লে গ'লে বসে ধদে পড়া, বিক্তিময় এই কয়ের সাথে য়ৃক্ত করে প্রিয়জনের কথা। ও ভাবতে পারে না। কিন্তু এতদ্র থেকে তত ভয়ানক দেখায় না। নাতি-বৃহৎ সমাধি-ভূমিটি; শাস্ত-সমাহিত ঘুমস্ত রোদের সাথে বেল ঘুমিয়ে আঁছে।

च्या । ব্র টি-ওয়ালা । ব্রা । ব্রা । ব্রা । ব্রা । ব্রা । ব্রা টি-ওয়ালা । বার গারেক ওঠে মাঠের কোন পারে । আবেক পার থেকে আসছে তার সাড়া । গৃহত্বের বাড়ী হ'তে আসছে গম-ভালা কলের ঘর্ষর, শিশুর কলকাকলী, ম্রগীদেব কলগুঞ্জন । ঐ তে। দেখা যাছে— সেবইেনের মেয়েটিকে । ভুটোছুটি ক'রে থেলায় মেতেছে । ওর হাসিখানিও চিনে নিতে পারছে অবলীলায় । খামারের যেদিকটায় বান্ডাটা নেমে গিয়ে বাক নিয়েছে, সেদিকেব গেটের পাশে একদিন ও লুকিয়ে রইল— থেলতে থেলতে এদিকটায় এসে প'ডল খুকু—ও কোলে নিয়ে চুমো থেল একটি ।

খুকু ভয় পেয়ে কাঁদতে শুরু ক'রে দিল। এর মধ্যেই ওকে ভূলে গিয়েছে খুকু। ও জিজ্ঞাসা করে:

'এথানে ভালো লাগছে ভোমার ?'
'ছঁ, খু-উ-ব। ভাবী মজা এথানে।'
'যাবে না ওথানে আর ?'
'উঁহ।'

ছেড়ে দিলে। ভোলা শিশুর এই ভোলার লীলায় ওর বৃক ভেক্তে

যায়। তবু— সেবাইনই তো ওই মেয়ে তারই আত্মজা 
সেবাইনেরই দেহ-সম্ভবা। কত ছোট এখনও। চেহারায় মায়ের

আদল নেই একটুও। কিন্তু ওই সন্তার গভীরেই ও মিশে ছিল; তারপর

সেই মিলিত সত্তা থেকে কেমন ক'রে একদিন ও বেরিয়ে এল শিশুরূপে

—বেও রহস্ত-ভরা হয়তো বা আসার পথে মায়ের সব্টুকুই ফেলে

এদেছে; হয়তো বা ক্ষীণ একটু দৌগন্ধ লেগে আছে এখনও; হুয়তো বা তাও নেই। আর আছে কঠে দেই স্বরের একটুখানি মৃচ্ছনা, দেই ওঠের কুঞ্চন; ঘাড বাঁকানোর দেই ভঙ্গিটি। আর কিছু নয়। একই সন্তা-সন্তব, তবু এক নয়, একেবারে আলাদা। দেই মাও চ'লে, গেল। একই সন্তা। হারানো-মা আর এই মেয়ে—এক সাথে মেশামিশি হয়েছিল, একেবারে এক হয়ে। আজ ভাবতেও ব্যথা লাগে ক্রিস্তক্ষের। মনটা বিরূপ হ'য়ে ওঠে। কিন্তু মাথা উচু ক'রে নিজেকে কেবলি চোধ রাকায়—না, না, না, বিরূপ হয়নি ওর মন।

বাইরে কোথাও নয়, একমাত্র ওর অন্তরেই তার আসন পাতা। সন্ধান মেলে এথানেই। ছায়ার মত সে সদাই আছে সাথে, উধেব আছে আকাশ হ'য়ে। এই নিবস্তব-সৃত্তীকে সত্য ক'রে পাছ ও নিরালায় বিশেষ ক'রে সেই পাহাড়ের ওপরকার ওর নির্জন আশ্রয়ে, অবিশাসী মামুষের দৃষ্টির বাইরে, ধেখানে প্রকৃতির অবাধ-উন্মৃক্তির মাঝে সম্পৃক্ত হ'য়ে আছে সেই প্রিয়-স্বৃতিখানি। এই সন্ধৃতৃ পাবার জন্ম ও মাইলের পর মাইল ভেকে দৌড়ে আসে, উপ্র খাসে পাহাড়ের ওপর ওঠে ত্রু ত্রু বক্ষে—থেন সভািই চ'লেছে প্রিয়-অভিসাবে। যে-মাটতে শয়ন রচনা করেছে বিশেষ মাত্রটি, তারই বুকে সর্বাঙ্গ দেয় লুটিয়ে। অদৃশ্য পদ-मकारत जारम रमडे विरमध—रमथा यायना जात मूथ, रमाना याय-না তার কঠ, প্রয়োজনও নাই--দে আদে- অন্তরের খোলা সিংহয়ারের পথ আপনি নেয় চিনে, তার আসন পড়ে ওর আত্মার গভীরে সর্ব-সন্তা জুড়ে। একেবারে নিঃশেষে ও পায় আপন পূর্ণ-অধিকারে, আত্মীভূত ক'রে। পাওয়ার বিপুলতায় ও আচ্ছন্ন হ'য়ে যায়; আবেগোন্তাল স্বপ্নের তরক্ষে তরক্ষে ও ভেসে চলে। বিবশ-চিত্ত, চতু:-পার্খের বস্তময়ী পৃথিবী হ'য়ে আসে অবলুপ্ত…মহা-শৃক্ততার বৃকে

সর্ব-চেতনাকে ব্যপ্ত ক'রে জেগে থাকে শুধু প্রিয়-সান্নিধ্যেক অমুভৃতি।

একটি দিনের শ্বয়ায়ু একটি ক্ষণ, আর তার ক্ষণিক শ্বপ্ন-মিলন।
পরের দিন থেকেই কত ব্যর্থ সাধনা, কত বিফল প্রতীক্ষা—কিন্তু শ্বপ্ন
কোনো মত্ত্রে আর উজ্জীবিত হ'লোনা—সেই মহা-মৃহুর্তের মহা-শ্বপ্ন। এর
আাগে সেবাইনের মূর্তি ছিলনা ওর ধ্যানের বস্তা; আজ সেই মৃথ সেই
তম্ব-দেহের প্রতিমাকে শ্বরণের দীপে আলোকিত ক'রে তুলতে চায়
বারে বারে। কিন্তু তম্কা অতম্ব হ'য়ে লুকিয়ে ফেবে। স্বদ্র-বিসাবী
ঘন-তমিশ্রার মধ্যে স্বদীর্ঘ প্রতীক্ষার পর বিহাৎ ক্রুরনের মত হয়ত
চকিত্রের উদ্ভাস। প্রদীপ্র, উদ্দীপ্র হ'য়ে ওঠে ক্রিস্তফ।

ভাবে, হায় দেবাইন! সবাই ভূলে গেল তোমায়। ভূলুক, ভূলুক! আমি আছি, আমি আছি। আমার প্রেমেব কনক-দীপ তোমার দেউলে অক্ষয় হবে। ওগো দেবি, ওগো বাণী আমাব, তুমি আমার শাখত কালের—তুমি হারাওনি—হারাবেনা। এই তো তোমায় আমি পেয়েছি, আমার মর্মে, আমার আলিঙ্গনে। এই আলিঙ্গনে বাঁধা থাকবে তুমি অনস্তকাল!

কিন্তু সেবাইনের শ্বৃতি তথন অন্তাচলের পথে, আঙ্গুলের ফাঁক দিয়ে চুঁইয়ে পড়া জলের মত নিংশেষের দিকে। ফাঁকাকে তাই স্তুতির ফাঁকি দিয়ে আড়াল করার প্রীয়োজন। অন্তরাগে তাই বারে বারে অঞ্চীকারের সীল-মোহর পড়ে। প্রিয়ার ধ্যানে ডুবে থাকতে চায় ক্রিস্তফ। চোখ বন্ধ করে বেশ আড়ম্বরে কাজটা শুরু হয়। আধ-ঘণ্টা গেল, এক ঘণ্টা গেল, তু ঘণ্টা গেল চোখ খুলে দেখা গেল—কোথায় বা কি, সব ফাঁকা ধু ধু শ্লুতা চোখ বুজে অমনি বসেছিল অতক্ষণ। ওর চিন্তাগুলো যেন স্পঞ্জএর মত নবম আর শোষণ-ধর্মী। বাতাসের গর্জন; পাহাড়ের গায়ে

নৃত্যপর ছাগল-ছানার গলাব ঘণ্টার মিষ্টি বিনি-ধিনি; যে তম্থ-দেহ-গাছটির তলায় ও শুয়ে, তাব পাতায়-পাতায় হাওয়ার কানা-কানি—প্রকৃতির বৃকের এমনি অক্তর্ম ধ্বনি-প্রবাহকে তারা শোষণ ক'বে, আত্মীভূত করে। ক্রিসতফের ভয়ানক রাগ হয় কেন এ চিন্ত-বিলাস ? কিন্তু পলাতক ছায়াটাকে আঁকডে ধ'রে বাখতে চেয়েছিল জীবন-সর্বস্থ ক'রে—তারি পেছনে পাগল হ'য়ে ছুটে ছুটে সর্ব সন্তা ছেয়ে, ক্লান্তি এল ও থেমে গেল আরামের নিঃখাস ফেলে। অম্ভৃতি-বৈচিত্যের অনস্ত প্রবাহে ও ভেসে চলল।

তন্ত্রার জডিমা ঝেডে ফেলে জেগে ওঠে ক্রিসতফ। পাতিপাতি কবে আকাশ পাতাল খুঁজে বেডায়, কোথায় সেবাইন যে-মুকুরে একদিন তাব ছায়া প'ডেছিল—থোঁজে আজাে বুঝি সেই ছবি সেথানেই বাঁধা আছে। নদীব ধারে জলের দিকে চেয়ে ব'সে থাকে—এই জলেই ভা একদিন হাতথানি ভ্বিহেছিল সে—সে-হাতের ছোঁয়া আজ কি একটুও বাকী নেই? মুকুবেব বুকে আর জলের বুকে নিজেবই ছায়া পড়ে। অজল্র ঘুবে বেডাবার উন্মাদনা, আর অজল্র নির্মল বায়ুর প্রসাদে ওর দেহের স্বাস্থাবান সতেজ বক্ত তরকায়িত। সেই তরজের কলােচ্ছাকে ওব চিত্তাকাশের দিক্-দিগস্ত গুঞ্জারিত। ওর আবেশ কাটে।

পুবাতনে ক্লান্তি জাগে।

চিত্ত হয় নৃতনের অভিসারী।

मीर्घ निश्राप्त পডে : '(प्रवाहेन··· (प्रवाहेन··· )

সঙ্গীত রচনা কবে উৎদর্গ কবে দেবাইনের উদ্দেশ্তে।

সঙ্গীত, প্রেম, কোন মন্ত্রে সেবাইনের উজ্জীবন হবে, হবে অভিষেক ! কোথায় সেই মন্ত্র? জীবনে প্রেম এসেছে, এসেছে তু:থ—কিন্তু সেবাইন ? কোথায় সেবাইন ভার মধ্যে ? বেদনা আর প্রেমের অভিযাত্রা ভাবীকালের পথে, অতীতের পাঁকে মুথ গুঁজে প'ড়ে থাকা তার ধর্ম ন্য। অভিযাত্রী যৌবনকে রুখবে কে ? কভটুকু ক্ষমতা ক্রিসতফের? ওর প্রাণ-বক্তায় পাহাড়ী ঢল নামে। তু:থ-শোক, বেদনা, ব্যর্থতা—অগ্নিগর্জ-ক্রিসতফের প্রাণ-বহ্নিকে জালিয়ে তোলে महत्र मिथाय। (वनना-निधिक ज्ञनएयत्र म्थन्नरन প्राग-वज्ञात एउडे नार्थ। উচ্ছুসিত হয়ে গান গায়—সে ভো গান নয়, যেন পাগলা-ঝোরার নৃত্য-মাতাল ছন্দ। ওর ষা কিছু, সত্তার প্রতিটি কোষ অবধি যেন প্রাণ-मशी एक त्नरह जात त्मरक छेठेन; त्मारक छ नामन छ ९ मरवत तः। ক্রিসতফের ঋজু স্বভাব, তাতে ছলনা থাকবে কতক্ষণ ! নিজের ওপর ও বিরূপ হ'য়ে ওঠে। কিন্তু জীবন তার তুর্বার স্রোতে ওকে বিবশ ক'রে ভাদিয়ে নিয়ে গেল। হাদয় তথনও শোকে আঁাধার; কিছা অঙ্গে অঙ্গে নেচে উঠল প্রাণের হিন্দোল; সত্তার অভ্যন্তরে অভ্যাদয় হ'ল ৰুতন মহা-শক্তি-পুঞ্জের। সেই শক্তির কাছে ও আপনাকে সমর্পণ करत्र मिरन; भा रहरन मिरन रवैरह-थाकात विहित्र, अञ्चलम आनन-রস-প্রবাহে—যে-প্রবাহের জন্ম শুধু বলিষ্ঠের বুকে—চরম-হারানোর दिवननाम, वक्ष-अता (गानिष्ट-- इःथ, (गाक, नितामा, मृजुा। क्रम আঘাতে আঘাতে পাঁজর-জালানো আগুনে; আর ওই আগুনের নুত্যপরা শিখার তালে তালে যার তরঙ্গ-ভঙ্গ।

ক্রিসতফ জানে, ওর আত্মার গভীরতম গভীরে—তুর্গম হুর্ভেন্ত গোপন দেউলে রয়েছে সেবাইনের ছায়াময়ী প্রতিমা। উদ্বেলিত এই প্রাণ-বল্লায় সে-দেউল ভেসে যাবেনা—যায় না কারো। প্রত্যেক মাহ্ন্যেরই আত্মার অভ্যস্তরে রচিত রয়েছে বিগত প্রিয়ের সমাধি-শ্যা— যেথানে অনম্ভ কাল পরম শাস্তিতে ঘুমায় তারা। তারপর এক দিন জাবরণ ধ্ব'লে পড়ে—সমাধি-শ্যা ছেড়ে বেরিয়ে আলে মুতের দল। মে-প্রেমিকের প্রেম পেয়ে, যে-প্রিয়কে প্রেম দিয়ে তারা জীবনে ধয় হ'য়েছিল, তাদের দিকে তাকিয়ে ওদের বিবর্ণশীর্ণ শুক্ষ ওঠে জাগে ক্ষেহাতুর হাসি। তাকিয়ে দেখে মায়ের গর্ভে শিশুর মত ওই বক্ষের তলায় ঘুমস্ত তাদের শ্বতি।

## তি ন

## য়্যাড়া

গ্রীত্মের গুমটেব পর একেবারে সোনা-ঢালা শরং। বাগানে ফলের গাছে গাছে যেন মহোৎসব। লাল টুকটুকে আপেলগুলি দেখাছে বিলিয়ার্ড-বলের মত। বছব-শেষের উৎসবেব লাজ লেগেছে গাছে,— কোনটা অগ্নিবরণ, কোনটা পাকা তরমুজের মত, কোনটা কমলা-লেবুর রং, কোনোটায় ভাজা জিনিষের উচ্জল বাদামী। বনে বনে আবছা আলোর নাচ ··· মাঠে মাঠে জাক্রান ফুলের গোলাণী শিখা।

রবিবারের বিকেল। পাহাডের গা বেয়ে দৌড়ে দৌড়ে নামছিল কিসতফ—শুনগুনিয়ে গান গাইতে গাইতে। সমস্ত বিকেল ওই স্বরটি ওর বুকের মধ্যে আকুলি-বিকুলি করেছে। মুখ হয়েছে লাল, চুলগুলি এলোমেলো; ত্ই হাত প্রবল ভাবে ত্লছে চলার সাথে সাথে; পাগলের মন্ত ঘুরছে ত্ই লাল চোখ। মোড়ের মাথায় এসেই এক কাশু। এক পাঁচিলের ওপর এক রূপনী মেয়ে। প্রাণপণ বলে প্লাম গাছের ডালটিকে টেনে সুইয়ে পাকা পাকা প্লাম ছিড়ছে আর মুঠো স্ঠো ফেলছে মুখে পেটুকের মত। ত্জনেই ত্জনকে দেখে অবাক হ'য়ে

গেল। মেয়য়টির ম্থ-ভরা প্লাম, বড় বড় চোথে তাকিয়ে রইল ক্রিসতফের দিকে। তারপরে হেসে উঠল একেবারে আকাশ-মাতান হাসি। ক্রিসতফও হেসে উঠল। মেয়েট দেখতে চমৎকার না হ'লেও র্ম্বন্ধর—্গাল ম্থ রোদের ঝিক্মিকে-পাড়-দেওয়া মেঘের দলের মত একরাশ কোঁকড়া চুলে ঘেরা; নিটোল তুই গোলাপী গাল; বড় বড় নীল গভীর চোথ—ঈয়ৎ বড়, ওপর দিকে ওল্টান নাক, ফুলকুঁড়ির মত ছোট টুক্টুকে ছটি ঠোটের ঈয়ৎ ফাকে দাঁতের ভ্রম্ম সেখা; ঈয়ৎ বেরিয়ে থাকা ক্ষ্ম বলিষ্ঠ ছেদকটির একট্ ঝিলিক; পুর্ণ-গঠিত নিটোল অবয়ব; আঁটেসাট বলিষ্ঠ, বৃহৎ পরিপূর্ণ দেহ। ক্রিসতফ য়েতে যেতে বলল:

'বাঃ চমৎকার! বেডে চালাচছ!' অমনি মেয়েটি উঠল চীৎকার ক'রে:

'শুনছেন, শুনছেন, যাবেন না, আমি নামতে পারছি না, একটু ধরুন না…'

ক্রিসতফ ফিরে জিজ্ঞাসাক'রল: 'নামতে তে্। পারছ না, উঠলে কেমন ক'রে ?'

'কেন? হাত আর পা দিয়ে! একদম সহজ • '

'তা তো হবেই ... পাকা পাকা প্লামের টানটি তো সহজ নয়!'

'নিশ্চয়ই! কিন্তু খাওয়া শেষ হ'লে যে আর সাহস থাকেনা! নামতে গেলে পা ঠক ঠক করে…'

किमज्य প्राচीत-अधिष्ठांजी जीवन्त (मरीपित मिरक जाकिरय वनन :

'কেন, বেশ তো জাঁকিয়ে ব'সে আছ! লক্ষা মেয়েটি হ'য়ে শাস্ত হ'য়ে থাক দিকিন। কাল সকালে আসব'খন। আসি এখন তাহ'লে।' কিন্তু গেলনা, দাঁড়িয়েই রইল। মেয়েটির ভাবখানা যেন ভারী ভয় পেয়েছে। পিট পিট ক'বে তাকিয়ে তাকিয়ে হাত জ্বোড় করতে
লাগল ক্রিসতফ ওকে ফেলে যেন না পালায়। ত্জনেই হেসে গড়িয়ে
পড়ে। মেয়েট টুন্টুসে ফল-ভরা ডালটি দেখিয়ে বলল: খাবে ?'

অটোর সাথে ত্:সাহসিক অভিযানগুলোর ফলে ক্রিসতফের পরস্রীয় তাজা-বৃদ্ধির ঔদার্ঘ এখনও ঘোচেনি। স্থতরাং গাছটী পরকীয় হ'লেও স্থাছন্দে সে নিমন্ত্রণ গ্রহণ করল। কথা শেষ না হতেই ওপর থেকে ফল পড়তে লাগল ওর গায়ে মাথায়। অভিথিকে পরিতৃপ্ত ক'রে, শ্রীমতী জিজ্ঞাসা করল:

'এখন…?'

মেয়েটাকে পাঁচিলের ওপর বসিয়ে রেপে ভারী মজা লাগছিল। ওদিকে ওপক অস্থির হ'য়ে উঠেছে। অবশেষে করুণা হ'ল: 'আচ্ছা, ' এসো দেখি', ব'লে হাত বাড়িয়ে দিলে। ও নামবার জন্ম পা বাড়িয়েই ব'লে উঠল:

'দাড়াও, কিছু সম্বল জোগাড় ক'রে নি।'

বেছে বেছে ভালো দেখে এক কোচর প্লাম পেড়ে নিয়ে উদ্ধার-কর্তাকৈ ছশিয়ার ক'রে দিলে:

'(मरथा वाश्र. ष्यावात रहर्ले मिखना रगन भव।'

নিষিদ্ধ কাজ করার লোভ সর্বদাই ত্বার। শ্রীমতী ঝুঁকে প'ড়ে ক্রিসতফের বাড়ান হাত লক্ষ্য ক'রে ঝাঁপিয়ে পড়ল। ক্রিসতফ জোয়ান হ'লেও, বোঝাটি ভো হাল্কা নয়। প্রায় মুথ থ্বড়ে পড়ল ও। কোনো মতে টেনে নামাল শ্রীমতীকে। তৃজনে লম্বায় সমান, স্বতরাং তৃটি মুথ এল একেবারে সামনা-সামনি। ক্রিসতফের প্লাম-রস-মধ্র ওঠ-জোড়া সহজ ভাবে নেমে এল সঙ্গিণীর ওঠে। সহজ সারল্যেই প্রতিদান এল।

'কোনদিকে যাবে ?' ক্রিসতফ জিজ্ঞাসা করে । 'জানিনে বাপু ।'

'একাই বেরিয়েছ ? সাথে নেই কেউ আর ?'

'থাকব্বনা কেন! বন্ধুরা আছে। কিন্তু কোথায় যে গেল সব খুঁজে পাচ্ছিনে।' ব'লেই হঠাৎ 'তোমরা কোথায় ?' ব'লে তার-স্বরে চীৎকার ক'রে উঠল।

কোনো সাড়া এল না। ও-ও আর বিশেষ ব্যস্ত না হ'য়ে ক্রিসতফের সক্ষেই চলতে আরম্ভ করল। কিন্তু চলাটা আপাততঃ হল নিরুদেশ।

'আর তুমি ? তুমি যাচছ কোন দিকে ?'

'আমিও জানিনে।' ক্রিসতফ জবাব দিল।

'বেশ ভালো হ'ল, চল এক সাথেই যাওয়া যাক।' জামার ভেতর থেকে প্লাম বের ক'রে থেতে থেতে চলল।

'এত থেওনা বাপু, অস্থ করবে।' ক্রিসতফ বলে।

'হুঁ: অস্থ হবে না, কচু হবে। সারাদিন তে। খাই, কই অস্থ।' জবাব আসে।

প্রামে ফাঁপা ব্লাউদের ফাঁক দিয়ে সাদা শেমিজটি দেপা যায়। মেয়েটি বলে: 'প্লামগুলি দব গ্রম হ'য়ে গেছে।'

'দেখি তো!'

হাসতে হাসতে হাত বাড়িয়ে একট। ক্রিসতফকে দিল এবং নিজে ছেলে-মাসুষের মত আরেকটা চ্যতে চ্যতে অপাঙ্গে ক্রিসতফের থাওয়া দেখতে লাগল। কে জানে আজের এই অভিযানের শেস কোথায় ঠেকবে গিয়ে। অস্ততঃ ক্রিসতফের জানানেই। হয়তো জানে ওই মেয়ে।

এক ঝাঁক মেয়েলী কণ্ঠের আওয়াজ আদে: 'কু…উ…উ…

কুউ...উ...।' '.. কু-উ.. উ...উ...' প্রত্যুত্তর ষায় এ প্রক্ষ থেকে।
ক্রিসভফকে বলে: 'ঐ যে ওরা সব। বেশ হ'লো, থাক বাবা, ভোমায়
আর কট্ট কবতে হবে না।' মুখে বললে বটে কিন্তু বলতে পারলে,না
ওর মন। মনে হ'ল এ বেশটা না হ'লেই ছিল ভালো। কিন্তু
মেয়েদের বুক ফাটলেও মুখ ফোটে না। ভালোই হয়েছে। নইলে
সংসারে সর্বনাশ হ'য়ে যেত।

স্বরগুলি যেন আরো অনেকটা কাছে এল। রান্তার কাছে এসে পড়েছে প্রায়। তাডাতাড়ি লাফিয়ে পাশের খাদটা পার হ'য়ে বেড়ার ওপর চ'ড়ে ব'সে চোথের পলকে মেয়ে গাছের আড়ালে উধাও। ক্রিসভফ অবাক হ'য়ে চেয়ে রইল। শ্রীমতী হাত নেড়ে আদেশের ভিন্নিতে ওকে কাছে আসতে ইশারা ক'রল। ও ইন্দিত অফুসারে এগিয়ে গেল। তৃজনে জঙ্গলের মধ্যে গিয়ে চুকল। কিছুটা দ্র গিয়ে 'কু…উ…উ…ক'রে চীৎকার ক'রে উঠল ও। বলল: 'ওবা খুঁজবে আমাকে দেখো।'

ওর বন্ধুরা রাস্তায় দাঁড়িয়ে প'ড়ে শুনতে চেষ্টা করে কোনদিক থেকে আসছে শব্দটা। পুনের সাড়া ওঠে ক্ কে কি লা । কিছু সিদনী ধরা দিল না। সে ডাইনে বাঁয়ে এঁকে বেঁকে কেবলি পালায়। ওরা ডাকে —ঠিক উল্টো দিক থেকে আসে কু ... উ ... । যেন এক শব্দময়ী আলেয়ার লীলা। বন্ধুরা দেখলে পলাতকাকে খুঁজে পাওয়ার একমাত্র উপায় হচ্ছে না থোঁজা। অভ এব উচ্চ কণ্ঠে বিদায় ঘোষণা ক'রে গান গাইতে গাইতে চ'লে গেল।

ভয়ংকর রেগে গেল ও এই অবহেলায়। ও ওদের কাছ থেকে পালাতে চেয়েছিল বটে, কিছুভাবেনি সন্ধিনীয়া এমন সহজে ওকে ছেড়ে দেবে। ক্রিসতফের কেমন অপ্রস্তুত মনে হ'তে লাগল। কোথাকার এক অজানা মেয়ের সাথে এমনি ক'রে লুকুচুরী থেলায় রস পাচ্ছিলনা

ও ; না পাছিল উৎসাহ। এরকম একলা তরুণ বন্ধুর সঙ্গ উপভোগ করার চিস্তা মনে আসেনি তুজনের একজনেরও। বরঞ আশা-ভঙ্গ হুওুয়ায় ক্রিসতফের অন্তিত্ব পর্যন্ত ভূলে গিয়েছিল। ছটি কঠিন মুঠি
আমাকাশে আফোলন ক'রে রাগে ও চীৎকার ক'রে উঠল:

'বজ্জ বাড় বেড়েছে! ফেলে চ'লে যাওয়া হল।'
'তুমিই তো ভাড়াতে চাইলে ওদের।' ক্রিসভফ বলল।
'মোটুটেই না—'

'निक्त्र! भागान (क তবে मोर्फ़?'

'আমি পালিয়েছি তা ওদের কি ! ওরা থুঁজবে না তাই ব'লে? যদি হারিয়ে যেতাম ?'

সম্ভাবিত ছন্চিস্তায় যেন ভারী উদ্বিগ্ন হ'য়ে উঠল।

'দাড়াও না দেখাচিছ ওদেব মজাটা…' লম্বা লম্বা পা ফেলে চলতে আয়েন্ত ক'রল।

বেতে বেতে মনে প'ড়ে গেল পাশের লোকটার কথা। তার দিকে তাকিয়ে হেদে উঠল। একটু আগে যে কুদে দানবটি মনের মধ্যে দাপাদাপি করছিল সেটি নেই। কিন্তু কি যেন মনে হ'ল, ও আনমনা হয়ে নিকং স্ক দৃষ্টিতে ক্রিসতফের দিকে চেয়ে রইল। হঠাৎ চেতনা হল, থিদে পেয়েছে। থাবাব সময় হয়েছে এ কথা পেটই জানিয়ে দিল। অতএব স্বাইধানায় গিয়ে তাডাতাড়ি বয়ুদের সাথে জোটা দরকার। ক্রিসতফেব বাছটি বপ্ল-দাবা ক'রে তার ওপর নিজের সমস্ত দেহভার ছেড়ে দিয়ে ককাতে লাগল,—ওঃ ভীষণ ক্রান্ত, আর চলতে পারছে না—কিন্তু এদিকে যেই একটা ঢালু জায়গা এল ক্রিসভ্রফকে হিড় হিড় ক'রে টেনে নিয়ে পাগলের মত চীৎকার করতে করতে ছুটল।

বেতে বেতে ওরা কথা বলতে লাগল। এতক্ষণে পরিচয় হল।
কিলতফ সলীতকার, ভনে ওর তেমন আগ্রহ দেখা গেল না। ও নিজে
কাইজারট্রাস-এ [ সহরের মধ্যে সব চেয়ে ফ্যাশান-ত্রন্ত পাড়া ]
এক পোষাকের দেকোনে কাজ করে। নাম য়্যাডেলহিড ; রক্ষুমহলে
নামটা সংক্ষিপ্ত হ'য়ে হয়েছে 'য়্যাড়া'। আজের দলে আছে ওরই একজন
সহকর্মিনী, আর তৃটি যুবক। একজন একটা ব্যাংকের কেরাণী আর
একজন একটা কাপড়ের দোকানে কাজ করে। আজ রবিবার ছুটির
দিন; একটু ফুর্তি ক'রতে বেরিয়েছে স্বাই। ঠিক হয়েছিল কাছের
স্রাইখানায় ওরা থেয়ে নেবে। ওখান থেকে রাইন নদীর ভারী
চমৎকার দৃষ্ট দেখা য়য়। নৌকো ক'রে বাড়ী ফিরবে তারপর
স্বাই।

য্যাডা আর ক্রিসতফ সরাইখানায় পৌছে দেখল দলের আর সবাই পৌছে গুছিয়ে বসেছে। য্যাডা এনেই ঝাঁপিয়ে পড়ল বন্ধুদের ওপর, কেন তারা কাপুরুষের মত তাকে ফেলে পালিয়েছে। ভাগ্যে ক্রিসতফ ছিল, তাই রক্ষা। ওর কথায় কান দিলে না কেউ। ক্রিসতফকে ওরা চিনতে পারল। ব্যাংকের কেরাণীটী ওর ফশ শুনেছে বিশুর, আর তার বন্ধু ক্রিসতফের গানও শুনেছে [শোনা গানের কলি গুনগুনাতে আরম্ভ করে দিল তথনি]। সবাই মিলে যে রকম থাতির ক'রলে ক্রিসতফকে দেখে য্যাডা মৃশ্ব হ'য়ে গেল। সন্ধিনী মীরা আসল নাম হাসি আর জ্যোভা মৃশ্ব হল আরো বেশী। মেয়েটি শ্রামলা, চোথ ভূটি মিট মিট করে সর্বদাই, কপাল উঁচু, চুল পেছন দিকে টেনে বাঁধা, মৃথ চীনা ধাঁচের; একটু বেশী চঞ্চল, কিন্ধু বৃদ্ধি প্রথর। মাথাটা অ্লাক্কৃতি এবং দেহের রংটি ভৈল-মন্থ পাকা সোনার হ'লেও লাবণ্যের অভাব নেই। পরিচয় হওয়া মাত্রই মীরা গদগদ হ'য়ে উঠল। কত বড় সম্মানিত অভিথি

ক্রিসতফ। অত্যস্ত আগ্রহের সাথে সবাই ওকে আহারের নিমন্ত্রণ করল।

এমন রাজ-সম্মান ক্রিস্তফ আর কথনও পায়নি। ও যেন ব্যতিব্যস্ত হ'মে উঠন। তুই সধীর মধ্যে ওকে নিয়ে রীতিমত কাডাকাড়ি প'ডে গেল। তুজনেই ছলায়-কলায় প্রেম নিবেদন করতে আবস্ত করল। মীরা ঘনিষ্ঠতা দেখাতে গিয়ে টেবিলেব তলা দিয়ে গোপনে ওর পায়ে পা ঘদে, আর গোপন অপাক দৃষ্টিতে চায়। বাইরের আচরণটা পুরোদস্তর আফুষ্ঠানিক। য়্যাডা কোনো ঢাকা-ঢাকির ধার ধারে না; একেবারে থোলাখুলি ভাবে তার দৃষ্টি হ'য়ে ওঠে মোহিনী, স্থন্দর ওষ্ঠ তুটির ভক্তি আদে মায়।; আরও যত অন্ত্র ছিল ওর ভাণ্ডারে সব এক এক ক'রে প্রয়োগ করতে লাগল মরীয়া হ'য়ে। ওদেব হাব-ভাব এমনি নগ্নভাবে স্থুল, ক্রিসতফের ভারী অস্বন্তি বোধ হতে লাগল, রুচিতে বাধল। কিন্তু তবুও ওর কেবল গোমরা-মুখ-দেখা চোখ যেন নৃতন স্বাদ পেল এই বেপরোয়া প্রগলভতায়। মীরাকে ওর বেশ লাগল। মনে হ'ল ম্যাভার চাইতেও যেন বেশী দীপ্তিমতী। কিন্তু ওর দাস্ত-ভরা হাব-ভাব আর বহস্তময় হাসি অত্যন্ত কুৎসিত লাগলেও ওকে আকর্ষণ ক'রল। কিন্তু আমোদোচ্ছুলা য়্যাডা যেন প্রদীপ্ত প্রাণ-শিখা। তার কাছে মীরা একেবাবে গুমিত। সে কথা মীরা জানে। স্থতরাং প্রতিযোগিতায় হেরে গিয়ে মুখ গোমরা করলে না। আপাততঃ পৃষ্ঠ-ভঙ্গ দিয়ে হাসি-মুখে স'রে এল। এবং ধৈর্য ধ'রে প্রতীক্ষা করতে লাগল কবে ওর শুভক্ষণ আসবে। য্যাডা দেখলে. এখন ও অদ্বিতীয়া; অতএব ষে-সৌভাগ্য ওর হাতের কাছে আপনি এগ্রিয়ে এসেছে, তাকে আর হাত বাডিয়ে ধ'রতে চেষ্টা ক'রলে না। ষেটুকু ও করেছে সে কেবল স্থীর বুকে হিংসা জাগাবার জন্ম।

উদ্বেশ্রটা যথন সফল হল, তৃপ্ত-চিত্তে ডানা গুটিয়েও নিজের জালেই বাঁধা পড়ল নিজে। ক্রিসতফের চোথের দিকে চেয়ে দেখল—ওরই হাতের জালানো কামনার আগুনের লক্লকে শিথা ওই দৃষ্টিতে। নিজের দিকে তাকিয়ে দেখল, ও-আগুনের ঝলক লেগেছে ওর ব্কেও। গুরু হ'মে গেল। এডক্ষণের ছল-করা ইভরামী বাষ্প হ'য়ে উড়ে গেল। মৌন-দৃষ্টিতে পরস্পরের স্বাগত হল উচ্চারিত। কিছুক্ষণ আগের চৃষ্ণটি মেন ন্তন ক'য়ে ন্তন রসে ও অধরে অন্তব করল। মাঝে মাঝে অন্তদের হাসি-তামাসার কলোচছাসে ওরাও যোগ দিয়ে চলল সমান তালে।

किছুক্ষণ পরে সব একেবাবে শুর-মাঝে মাঝে কেবল অপাঙ্গে (**हि**र्य (**मरिथ । व्यवस्मरिय व्याव हाईरिक माइम इ'म ना. भारह भरनद्र** নিজের মধো ডুব দিয়ে দেখতে লাগল ভাব ধবা পড়ে। মনের দিগ্বালে নৃতন রং-এর থেলা। খাওয়ার পরে ঘাবার জন্ত তৈরী হল স্বাই। অঙ্গলের মধ্য দিয়ে প্রায় দেড মাইল রান্তা---তারপর ঘাট। ম্যাভা উঠল প্রথমে, তারপর উঠল ক্রিসতফ। সিঁড়ির ওপরে দাড়িয়ে রইল আঁাব সকলের প্রতীক্ষায়—নীরবে, পাশাপাশি। ঘন কোয়াশার আবছায়া; সরাইখানার একটি মাত্র ল্যাম্পের ক্ষীণ আলোয় সে আবছায়া ঘনতর। মীর। তথনও আরশীর সামনে দাঁডিয়ে গা এলিয়ে প্রদাধন করছে। য়াাডা ক্রিসতফের হাত ধ'রে এগিয়ে গেল वाशात्मत पिरक। जात्मात हाउँ (नहें अथात्म। अक्टि ज्यानम (थरक নেমে এসেছে জাকা-লতীর ঘন জাল। তারি আডালে গিয়ে দাঁড়াল ওরা। চারদিকে জমাট-বাঁধা এমনি অন্ধকার, যে এত কাছে থেকেও পরস্পরকে যেন দেখা যায় না। পাইন-শীর্ষে বাতাসের শিহরণ; ক্রিসতফের হাতের আৰু লগুলিকে জড়িয়ে জড়িয়ে য়ান্ডার কোঁমল

আকুলের উষ্ণ আসক; আর ওর বুকে গোঁজা হেলিওটোপ ফুলটির মধুর স্বাস।

ইঠাৎ য্যাড়া টেনে কাছে নিয়ে এল ক্রিসভফকে। ক্রিসভফের অধরে শাগল য্যাড়ার শিশিব-ভেজা চুলের স্লিগ্ধ স্পর্শ, চোখে, তুই ক্রতে, নাকে, গালে, ওঠের কোণে সন্ধানী পরশ ব্লিয়ে ব্লিয়ে য্যাড়া ক্রিসভফেব অধরে বিলম্বিভ চুম্বন একে দিল।

সা্থীরা চ'লে যায়। ওদের আহ্বান আসে 'য়াডা।' ওরা নডে লা…নিখাসও বৃঝি পড়ে না… অধবে অধর পিষ্ট'; ওরা যেন এক-দেহ প্রতিমা।

মীরার গলা শোনা যায়: 'ওরা এগিয়ে গেছে।'

রাত্রির বৃকে সাধীদের পদধ্বনি মিলিয়ে যায়। আলিকন নিবিড়তর হয়…গভীরতর শুরুতা—ওঠের প্রান্তে অমূচ্চার আবেগের কম্পন—

দ্বে গ্রামেব ঘড়িতে প্রহব বাজে। বিচ্ছিন্ন হ'য়ে ওরা ছুটল থেয়াঘাটের দিকে: নির্বাক, বাহুতে বাহু, হাতে হাত স্চৃত, ক্রুত সমতালে
পড়ছে পা । বাস্তা নিথর শৃত্ত জন-প্রাণী-হীন। এত অন্ধকার,
সামাত্ত দ্রেবও কিছু দেখা যায় না। পরিপূর্ণ অচঞ্চল প্রশান্তিতে,
স্থির বিশ্বাদে, সৌম্য প্রিয় বাত্রির বৃক বেয়ে ওরা চলে দৃঢ় অস্থানিত
পদে। দেরী হ'য়ে গিয়েছে—একটা সংক্রিপ্ত রাস্তা ধরে। কিছুদ্র
পর্যন্ত একটা আকুর-থেতের মধ্য দিয়ে গেছে বাস্তাটা; তারপর উঠেছে
একটা পাহাড়ের গা বেয়ে বেয়ে ওপরের দিকে। কুহেলীর জালায়নের
ভেতর দিয়ে শোন্য ধায় নদীর কলাচ্ছাদ আর অগ্রদরমান জাহাজের
ভারী চাকার শন্তা। রাস্তা ছেডে থেতের মধ্য দিয়ে দৌডুতে লাগল
এবার। এদে পৌছুল নদীর পাবে। কিছু থেয়া-ঘাট তথনও বহু
দ্রঃ ওদের প্রশান্ত চিত্ত অন্ত হ'লো না। য়্যাভার সন্ধ্যা-বেলাকার

শ্রান্তির লেশও আর নেই। বায়ুমণ্ডল কোয়াশায় পরিব্যাপ্ত। ভেজা ভেজা কোয়াশায় রাইন-এর বৃক যেন চন্দ্রিকা-ছানা একথানি অপরূপ ভন্তা। ছজনেরই মনে হ'ল, এই মৌন ছণ-বিস্তার, এই কুহেলী জালের মধ্য দিয়ে সারা ্রাভ এমনি চলভে পারা যায় অবিরাম। ষ্টামারের বাঁশী বেজে উঠল; অদৃশ্য দানবটা দ্র হ'তে দ্রে মিলিয়ে গেল। হাসভে হাসতে বলল য়াভা:

'হাক্রো। পরেরটায় যাব।'

জ্বরে ধারে চেউ-ভাঙ্গার কোমল ভীক ছলছলানী। নামবার ঠিক ম্থে কে একজন বললে বে-ষ্টামারটা এই মাত্র গেল, ওটাই সে-দিনের শেষষ্টামার। ক্রিসতফের বৃক কেঁপে উঠল। ম্যাভার হাত ওর বাছর ওপরে আরো চেপে বসল। বলল:

'গেছে যাকগে, কাল তো পাব জাহাজ।'

কয়েক গজ দ্বে নদীর ধারে খুঁটিতে ঝোলান একটা ল্যাম্পের মিট-মিটে আলো দেথা যায় কোয়াশার মধ্য দিয়ে। আরো দ্বে কভগুলি আলোকিত জানালা। বুঝতে পারল সরাইখানা কাছে।

ছোট্ট একটা বাগান সামনে। বালি ভেলে বাগানে এল; অন্ধকারে হাতড়ে সিঁডি খুঁজে বখন সরাইখানার ভেতরে এল ওরা, তখন আলো নিবছে। রাতের মত ঘব জোগাড় হ'ল একখানা। বাগানের ঠিক সামনেই ঘরখানা; দরজা খুললেই তার অবারিত অন্তরকভা। জানালা দিয়ে ঝুঁকে পড়ল ক্রিসতফ—বাইরের অহপ্রভ জল-বিন্তারের দিকে তাকিয়ে দাঁড়িয়ে রইল। বাতিটার কাঁচের গায়ে বড় বড় ডানাওয়ালা মশার দল আছড়ে মরছে। দরজা বন্ধ। য়াডা বিছানার পাশে দাঁড়িয়ে হাসছে। ওর চোখে চোখে চাইবার সাহস হ'ল নাক্রিসতফের। য়াডার দৃষ্টিও অন্তদিকে, কিন্তু দীর্ঘ পক্ষজালের ফাঁক

দিয়ে ও দেখছে ক্রিসতফের প্রতিটী নড়া চডা। প্রতি পদক্ষেপে মেজেতে মচ্মচ্শক হয়। সারা বাড়ীটায় এ ছাড়া আর কোন শব্দ নেই । নীরবে ওরা বসল এসে বিছানায়—নীরব নিবিড আলিন্সনে।

বাগানের ভীরু থরে। থরে। কম্পিত আলোটি নিবে গেছে…মৃত্যু হয়েছে তার…মৃত্যু হয়েছে সব কিছুর…।

রাত্রি রাত্রি বিরাট অভল গহবর । আলোক-হীন । তারি মধ্যে অভন্র জৈব-সন্তা । তারি মধ্যে অভন্র জৈব-সন্তা । আভন্র বিচিত্র-রূপ সর্বগ্রাসী ক্ষ্ধা । অভন্র তার আনন্দ । সব-ভাসানো, পাগল-করা—যে আনন্দ শৃত্যতা ঘেমন পাথরকে গ্রাস করে, তেমনি ক'রে ভোমায় গ্রাস ক'রবে নিংশেষে । অভন্র তার ক'রবে কঠিন আঘাতে । অভন্র তার সর্ব-চিন্তা গ্রাসী নবোদ্ভিন্ন কামনার অন্তর । আলার রন্ধনী চারী জীব-লোকের বাধা-বন্ধ-হীন, নিয়ম-হীন, শাসন-হীন উদ্দাম লীলা-মধুর প্রমন্ততা । ।

·····বেন একথানি রাত নয়, অসংখ্য রাত্রি ঘনীভূত ওই একথানি রাতে ···একটি প্রহরে কত শতান্ধীর সঞ্চয় ···কত মৃত্যুর ইতিহাস ···প্রিয়-জনকে পাশে নিয়ে কত স্বপ্ন দেখা ···নিমীলিত চোধে কত কথা, কত হাসি, কত অশ্রুব স্থৃতি ···। যুগ যুগ ধ'রে রাত্রির বিবিক্ত বাসরে কত কণ্ঠ প্রেমে বিহরল হয়েছে ···কত নিস্রার শৃক্ততা প্রিয়-সান্নিধ্যে হয়েছে প্রকৃতি ···

···মন্তিক্ষের মধ্যে জ্রুত-প্রবাহিত কত ছায়ার স্রোত ···কত গর্জমান রঞ্জনীর মায়া···গৃহের পাশ দিয়ে ক্ষুত্র একটি উপশাধায় প্রবাহিত রাইন ···দূরে বাঁধের ওপর দিয়ে তার জল পড়ছে উপচে—বালির ওপর ঝিরঝিরে রৃষ্টি-পড়ার কোমল শব্দে ···জ্বের আঘাতে আঘাতে নৌকাটা যেন ককিষে উঠছে ... নৌকা-বাঁধা মরচে-ধরা শিকলটা একবার ঢিলে পরক্ষণেই টান প'ড়ে ঝনঝনিয়ে উঠছে ... নদীর বুক থেকে উঠছে তার উদান্ত আহ্বান ... ঘর ভ'রে গেল সে আহ্বান ...। ওদের বিছানা যেন নৌকা ... ঘূর্ণি স্রোতে ভেসে চলেছে পাশাপা শি .. উড় গ্রীর মত শৃষ্টে রয়েছে ঝুলে। আ্বাধার যেন আরো গভীর কালো হ'য়ে উঠল ... শৃত্ততা হ'ল শৃত্ততার। য়াডার চোখ দিয়ে জল ঝরতে লাগল ... সম্বিত হারাল ক্রিসতফ .. রাত্রির ছ্বার কৃষ্ণ প্রবাহে যেন ওরা ভেসে চলেছে নিক্দেশে ।

রাত্রি ন্মৃত্যু নেকেন আবার জীবনে উত্তরণ ?

শিশির-লেপা শার্শির মধ্য দিয়ে দেখা দিল প্রভাতী আলো। ওদের আলস দেহে জীবনের ক্লিঙ্গ উঠল ঝল্মল ক'রে। ক্রিসভফ জাগল। য্যাডা স্থির দৃষ্টিতে ক্রিসতফের দিকে চেয়ে আছে। একটা সংক্ষিপ্ত মূহুর্তে একটা গোটা জীবন, তার যত পাপ-পুণ্য, শাস্তি-অশাস্তি, ক্ষুত্রতা মহিমার ইতিহাস…

আমি কি আছি? আমি একানা দোসর ? আমি আছি এখনও বেঁচে? কই, আমি যে আছি সে তো আর ব্রতে পারছিনে! অসীম—আমি অসীম—আমার চৃতৃঃপার্ষে দুটায় অসীম বিশ্ব। আমি এক পাণরের প্রতিমা আয়ত, প্রশান্ত, শান্তির পারাবার তৃই চোধ ওই প্রতিমার

আবার স্থাপি। প্রভাতের অতি-চেনা শব্দগুলি, দ্রের ঘণ্টার ধ্বনি তেলতি নৌকার দাঁডের ছপছপানী, রাস্তায় পথিকের পদধ্বনি স্থা-স্থির মধ্যেই আদরের স্পর্শ বুলিয়ে দিয়ে যায় জানিয়ে দিয়ে যায় গুরা বেঁচে আছে তেখুণী চিত্তে লহর তোলে আনন্দের ত

জানালার অদ্বে দাঁড়িয়ে খাহাজটা সশব্দে ধোঁয়া উদগীরণ করছে…

তন্ত্রা ছুটে ুযায় ক্রিসতফের। ওরা ঠিক করেছিল সাতটার জাহাজেই ফিরবে, যাতে আজের কাজ নষ্ট না হয়।

কানে কানে বলে ক্রিসভফ: 'ভনছ?'

চোগ পোলে না য্যাভা; শুধু একটু হাসে। ক্রিসতফকে চুমু থেতে যায়; একটু উঠে সাথীর কাঁথেই মাথাটি এলিয়ে দিল কাঁচের জানালা দিয়ে দেখা যায় জাহাজের চোলটি আকাশেব গায়ে যেন আঁকা । দেখা যায় শৃক্ত ভেক আর পোঁয়ার জাল। আবার যেন স্থপ্নের আবেশে ভূবে যায় ।

কোথা দিয়ে অজাত্তে একটি ঘণ্টা চ'লে গেল। ঘডির শব্দে উঠল চমকে।

আত্তে কানের কাছে মুথ নিয়ে ডাকল: 'য়্যাডা!'

আবার ভাকে: 'য়াভা, শুনছ! আটটা বাজল যে।'

তবু চোথ থোলেনা য্যাভার। কেবল জ কুঁচকে, ঠোঁট ফোলায় আব্দারের ভব্দিতে:

'বাবা: ঘুমুতে দাও একটু--'

ক্লান্ত দীর্ঘখাস বেরিয়ে আসে। ক্রিস্তফেব দিকে পিছন ফিরে আবার ঘুময়।

ক্রিসভফ আবাব স্থপ্নর প্রবাহে ভাসে। ওর শিরায় শিবায় রক্তধারা বইছে—প্রশান্ত, বলিষ্ঠ। ওব স্বচ্ছ জ্ঞানেন্দ্রিয়ে ক্ষুত্রতম অমুভৃতিবও
রেখা পড়ছে অতি সহজ অভ্যর্থনায়। যৌবনের তেজে ও যেন দীপ্ত
হ'য়ে উঠল। পৌরুষের গর্বে বৃকটা ফুলে উঠল অজ্ঞান্তে। স্থের স্মিতে মুথে আলো জলে উঠল। তবু বড একা লাগে—এমনি
একলাই ভো ওর কাটে; আজ যেন আরো বেশী একলা আকাশ ০০০
ছংথের ভার তো নেই, ছায়ানেই—এ ষেন স্থর্গের একলা আকাশ ০০০ আত্মার ওই প্রশাস্ত আকাশ এখন প্রকৃতির বিচিত্র রূপ-রেখায় আলিম্পিত হ'তে পারে। জানালার দিকে মৃথ ক'রে চিৎ হ'য়ে শুয়ে ও আকাশ দেখে; ওর মৃথ খুশিতে উজ্জ্বল হ'য়ে ওঠে।

'জীবন এত স্থন্দর।'

বেঁচে থাকা ... একটা নৌকা চ'লে গেল .. হঠাৎ মনে হয় আজ যারা (वैंटि नार्टे जारमे कथां ... ध्रमि चारतकथानि तोका (अरमिइन ... **मिन 'এক-ভরীতে ছিলেম তুমি আমি।' দে নৌকোও আজ নেই**… काथाय (जरह । हावित्य (शह तमहे श्रिया । तमहे मामाना व्रम्णे. প্রেমে অসামান্তা—মৃত্যু তাকে হরণ করেছে। আছ্রা এ কে? এ কি সেই ? এ কেমন ক'রে এল এখানে ? কেমন ক'রে এল, ওরা তৃজন ? তাকাল ওর দিকে। কে এই মেয়ে ? ক্রিসভফ ওকে চেনেনা, চেনেনি। কে এই নৃতন পথিক? কাল তো ছিলনা ও ক্রিসভফের পথে! ক্রিসতফ, তোমার কাছে কি ওব পবিচয় ? পরিচয়। সামান্তা মেয়ে—নয় চতুব, नम्र ভाলো, निजाम काला निल्लान प्रथाना स्मार्टहे रुक्रण नम्र, নীচু কপাল, শুকনো ঠোঁট জোডা ফুলিয়ে ফুলিয়ে মাছের মত হা করে নিশাস নিচ্ছে। ক্রিসভফ ভালোবাসেনা ওই মেয়েকে। অথচ প্রথম নৈকটোই নিতান্ত অপরিচিত ওই অধরে ও চুম্বন করেছে—প্রথম রক্সনীতেই পরম ঘনিষ্ঠতায় গ্রহণ ক'রেছে এই শোভন দেহকে, যার 'পর ওর কোন মমতা নেই। বিক্ষুর হ'য়ে উঠল বেদনায়। অপচ যে-नांती अत त्थारमत व्यर्गा (भन रम तहेन नित्रक्षन ह'रम-अं (करन मृत्त मां फिर्म जारक (मथन--(मथन कीवरन, (मथन मत्रा)। क्लान्त्र त्रोगएक व्यथत्त्र व्यर्भिकृ व्यविध वृत्तिरः त्मः वि—व्यानता ना कात्नामिन সেই বরণীয় সন্তার স্থরভিখানি কেমন। আজ সব নিঃশেষ। মাটি ওর সর্বস্থ-ধনকে ওর বুক থেকে ছরণ করে লুকিয়ে / রেখেছে আপন

বক্ষে। আপন অধিকারের বিত্তকে না করল দাবী, নাকরল তার রক্ষণ।

বুঁকে পড়ল নিরপরাধ ঘুমন্ত মুখখানার 'পর; বিরস পরুষ দৃষ্টি দিয়ে নিরীক্ষণ, ক'রে দেখতে লাগল মুখখানা। নিদ্রিতার অমুভূতিতে ছায়া প'ড়ল। সন্ধানী দৃষ্টির সামনে বড় সংকুচিত হ'য়ে প'ড়ল য়্যাডা—প্রাণপণ চেষ্টা করতে লাগল ভারী চোঝের পাতা টেনে খুলতে। 'তাকিয়োনা বাপু, অমন ক'রে। আমার চেহারাটা পরীর মত নয় আমি জানি।' গভীর ঘুম হ'তে জাগন্ত শিশুর মত তুতলে তুতলে বলে। আবার ঘুমে এলিয়ে পড়ে। হেসে বলে গুনগুনিয়ে:

'ওঃ বড্ড ঘুম পেয়েছে—' ব'লেই ঘুমে ঢ'লে পড়ল আবার।

হেসে ফেলল ক্রিসতক। আরো কোমল ভাবে কচি ঠোঁট ত্থানিতে চুম্ থেল। থানিককণ তাকিয়ে রইল ঘুমস্ত ম্থথানার দিকে, জারপর উঠে দাঁডাল অতি সম্তর্পণে। ভারী একটা আরামের নিশাস ফেলল য়াডা ও চ'লে গেলে। অতি সম্তর্পণে পোষাক পরল ক্রিসতক যাতে য়াডা জেগে না যায়। [ যদিও সে ভ্যের কারণ ছিলনা ] তারপর চেয়ারথানা টেনে নিয়ে বসল গিয়ে জানালার ধারে—তাকিয়ে রইল নদীর দিকে অবাপ্পায়িত নদী অনে হয় ও জল নয়, তৃহিন প্রবাহ। ওর মনে হ'ল যেন গেরুয়া বরণ এক তেপাস্তরের মাঠে এসে পড়েছে—-যেথানে আকাশ ভ'রে চঞ্চল হ'য়ে উঠেছে বিষয় এক মেঠো স্কর।

মাঝে মাঝে চোথ থোলে য়াঙা। ক্রিসতফের দিকে একটু ভাকায়, একটু হাসে, ভারপর এক স্থপ্তি থেকে আর এক স্থপ্তিতে যেন ছিট্কে পড়ে। জিজ্ঞাসা করে: 'কটা বেজেছে?'

'(भोरन न'हाभ'

ঘুম জড়ান চোথে ভাবতে বদল: 'পৌনে ন'টা! এরই মধ্যে পৌনে ন'টা কি ক'রে হ'ল ?'

সাডে ন'টার সময় আড়া-মোড়া ভেকে, দীর্ঘ-নিশাস ফেলে বলল:

'এবারে উঠব।'

উঠতে উঠতে হ'ল দশটা। ওর মেজাজ বিগড়ে গেল। 'আবার বাজছে! নিশ্চম ঘড়িটা দৌড়ে চলছে!' ক্রিণতফ হাসল। বিছানায় ওর পাশে ব'সল এসে। ত্হাতে ক্রিণতফের গলা জড়িয়ে কি স্বপ্ন দেখেছে তাই শোনাতে লাগল য়াভা। ক্রিণতফ আধা-আনমনা—মন দিয়ে শুনছে না। মাঝে মাঝে ত্টো একটা ভালোবাসার কথা ব'লে য়াভার কথায় বাধা দিছে।

ধমক দিয়ে থামিয়ে গ্জীর স্থারে বলে গায় ধেন খুব জরুরী কথা বলছে:

'বৃঝলে, চলছে ডিনার। ও ছিল, গ্রাণ্ড ডিউক ছিলেন। একটা
নিউ-ফাউওলাও কুকুর…নানা এই ইয়া একটা লোমওলা ভেড়া…কে
জান? মীরা, মীরা। পরিবেশন করছিল মীরা! আর য়াডা,
য়াডা কি ক'রছিল জান?…… শ্রেফ শৃষ্ণে, কথনও হাঁটছিল,
কথনও নাচছিল, লম্বা হ'য়ে ওয়ে ছিল কথনও…কি ক'রে কার কাছে
শিপেছিল । আহা, কি করে । ওঃ, ভারী মৃষ্কিল কিনা! কিস্ক্না,
কিস্ক্না…এই দেখো, এমনি……ব্ঝলে! তারপর এমনি…বাস্
আর কি । '

ক্রিসতফ হেসে ওঠে। য্যাডাও হাসল বটে কিন্তু ওর হাসিতে একটু অপ্রস্তুত হ'য়ে গেল। কাঁধ ঝাঁকিয়ে বলল:

'ছাই বুঝেছ তুমি…!'

বিছানায় ব'লে একই প্লেটে, একই পেয়ালায়. একই চামচে ওরা প্রাতরাশ থেল।

ভার পরে গা ঝাড়া দিয়ে উঠল বিছানা থেকে, আবার বসে পড়ল। আর দেরী করা চলে না; হাতের ইশারায় ক্রিসতককে বাইরে থেতে বলল। কিছু ক্রিসতফ গড়িমসি করে। ভাই নিজে উঠে একেবারে গলা-ধাকা দিয়ে ওকে বের ক'রে দরজা দিলে বছু করে।

তারপর আবোধানিকক্ষণ আবেশে গা এলিয়ে গড়িয়ে, দাঁডাল উঠে।
প্রতিটি স্কুমার অক-প্রত্যক্ষকে মৃধ-চোধে নিরীক্ষণ ক'রে ক'রে দেশল।
হাত মৃথ ধুতে ধুতে গাইতে লাগল ভালোবাসার গান; ক্রিসতফ
জানালায় ব'সে তাল দিছিল, দিলে তার গায় জল ছিটিয়ে। যাবার
সময় শেষ গোলাপটি তুলে নিয়ে গিয়ে ব'সল জাহাজে। কোয়াশা কাটেনি
তথনও। স্থের আলোব উৎসব লেগে গেছে দিকে দিকে। তুলতুলে নরম
গোলাপী আলোর সাগর যেন কোয়াশার দলভেসে চলেছে নিক্লেদেশ।
ক্রিসতফকে নিয়ে সামনের দিকে গিয়ে ব'সল য়্যাডা। ওর চোথে তথনও
ঘুমের ঘোর, তাই মেজাজটি ছিল গুমরে। চোথে স্থালো লাগায় বিরক্ত
হয়ে বক্ করতে লাগল: 'বোদ লাগল আব কি ? সারাদিন মাথাটি
ধ'রে থাকবে।' ক্রিসতফ তেমন আমল দিল না। য়্যাডা গুম হয়ে
বসে রইল। সন্ত-ঘুম-ভালা শিশুর গান্তীর্ঘ-মাথা চোথ তৃটিকে রাথলে
বন্ধ ক'রে।

পরের ঘাটে উঠলেন এক মহিলা। ইয়া জাঁদরেল চেহারা। বসল এদের কাছে ঘেদে। সাথে সাথেই য্যাডা ঝলমল টগবগ ক'রে উঠল। ক্রিসতফের সাথে উচ্চুদিত হয়ে আলাপ জুডে দিল বড় বড বিষয়ে। আবার আগের মত কেতা-ত্রস্ত 'আপনি' শুক্র ক'রে দিলে এবার। ক্রিসতফ ভাবছিল আক্র য্যাডা দেরীর জন্ম ডার মালিকের কাছে গিয়ে বলবে কি। কিন্তু যার মাথা, তার বাুুুথা ছিল নাঃ

'বাবে, আর যেন কোন দিন দেরী হয়নি।'
'মানে ?'

'মানে আর কি, ও তো সাত সতের বাব হচ্ছে।' ক্রিসতফের প্রশ্নে একটু যেন দমে গেল। দেরীর কারণ জিজ্ঞাসা করার সাহস হ'লো না ক্রিসতফের।

'कि वलदव शिरम ?'.

'বলব মায়ের অস্থ ছিল নয়ত বলে দেব মা মরে গেছেন নেই তিরী করে নেব কিছু একটা। তথন কি মুখে আসবে তা এখন থেকে কি করে বলব।'

এই খেলো ধবণ ক্রিসভফকে আঘাত দেয়।

'কি % তুমি মিণ্যে কথা বল, এ আমি চাইনে।'

(वरत উठेन ग्रांडा:

'প্রথম কথা, আমি মিথ্যে কথা বলিনে। কিছু তাই বলে আজের কথাটা মালিককে বলব কি ক'রে…'

'কেন বলা যায় না, শুনি !' ক্রিসতফ বলে, কতকটা হালা স্থার, আমার কতকটা সভিয় কৌতৃহলে।

য়াডা হাসল। মৃথভলি ক'বে বলল: 'ভারী অভদ্র তো আপনি। আপনাকে ভো বলেছি, তুমি টুমি ব'লে গায়ে পড়া আমার ভালোঃ লাগেনা।'

'দে অধিকার কি আমার নেই !'

'নিশ্চয়ই নয়।'

'কাল রাতের পরেও নয়!'

'কাল রাত! ওঃ, ভারী তো মহাভারত হয়েছে কাল রাতে!'
ক্রিসতফের দিকে তাকিয়ে হাসল য়াতা জেদী ছেলের গোঁ-ধরা
ভলিতে। ও নেহাৎ হাজা হারে কথাগুলো বলেছে বটে, কিন্তু
ক্রিসতফের মন ভয়ংকর মোচড় দিয়ে উঠল…এখন ঠাট্টা কবছে বটে,
কিন্তু সভিয় ক'রে কথাটা বলতে ব্ঝি ওর একট্প বাজবে না।
ততক্ষণে ভারী একটা মজার কথা টগবগিয়ে উঠছে য়াভার মনে—
থিল থিল কবে হেসে উঠে ক্রিসতফের ওপর গড়িয়ে প'ড়ে ওকে চুম্
থেল সশক্ষে—চারপাশে যে লোকজন আছে ভাতে এতটুকু জ্রক্ষেপ
নেই। অবিশ্রি অবাক হলোনা কেউ।

এখন থেকে ক্রিসতফ ঘ্বে বেডায় দোকানী-মেয়ে আর কেবাণী-মেয়েদেব দল নিয়ে। ওদেব রুচির স্থুলতা ওকে পীড়া দেয়; ও এড়াতে চায়। কিছু য্যাড়ার প্রকৃতি আলাদা। আজকাল বনে জঙ্গলে ঘ্রে বেড়াতে আর তার ভালো লাগে না। বৃষ্টি অথবা অন্য কোনো কারণে শহরের বাইরে যাওয়া সম্ভব না হ'লে ক্রিস্তফ য়্যাড়াকে নিয়ে থিয়েটরে, যাত্ঘর বা এমনি কোন জায়গায় যায়। ওর ভারী ইচ্ছে করে ক্রিসতফের সাথে ওকে স্বাই দেখুক। এমন কি গির্জায় যাবার সময়ও ওকে ধরে রাখার চেষ্টা করে। কিছু এইখানে ক্রিস্তফ একেবারে খাঁটি সোনা। ওর বিখাস, ভগবানে বিখাস হারানোর ফলে ও গির্জায় যাবার সনদ হারিষেছে। তাই একটা অজুহাত দেখিয়ে ওখানকার কাজও ও ছেড়ে দিয়েছে বিভারত ওর রক্তে জন্ম-নিয়েছে। তাই য্যাড়ার ইক্রিত ওর কাছে অত্যন্ত কলুষিত, পদ্ধিল ব'লে মনে হয়।

সন্ধ্যেটা কাটে য্যাভার আন্থানায়। মীরাও থাকে-কারণ একই

বাড়ীর বাদিলা ছজন। ক্রিনতফের ওপরে মীরার রাগ নেই। এলেই পরম সমাদরে কোমল হাতথানি বাড়িয়ে দেয়। তারপর গুট কয় আজে বাজে কথা বলে ঘর থেকে বেরিয়ে যায় বৃদ্ধি ক'রে।মীরার কাছে য়্যাডা অবারিত, নি:দক্ষোচ। য়্যাডা প্রাণ ঢেলে বলে, মীরা প্রাণ দিয়ে শোনে। ছজনে সমান খুশি। বন্ধুজ্টা ওদের এমনি ঘনিষ্ঠ পর্যায়ে। আশ্চর্ষ। যথন ওদের মুধ ফিরিয়ে নেবার কথা ছিল, আদলে তথন থেকেই ওরা দাঁডাল এদে আরো কাছাকাছি।

ওরা হজন সঙ্গে থাকলে ক্রিসতফের কেমন অস্বত্তি লাগে। ওদের ঘনিষ্ঠতা, বিচিত্র কথাবার্তা, বে-আক্র চাল-চলন, বিশেষ ক'রে মীরার ভাঁড়ামো [ অবশ্রি ওর সামনে মীরা বিশেষ কিছু বলে না; কিছু মীরা চলে গেলে য়াডা আবাব সবিস্থারে বর্ণনা করতে বসে সব ]; ওদের আশোডন কৌতৃহল—বিশেষ ক'রে যত বস্তা-পচা কুৎসিত ইন্দিয়-ঘটিত ব্যাপারে নৃতন অভিজ্ঞতা ওর, অভ্এব কিছুটা কৌতৃহল থাকলেও, এই নোংরা আবহাওয়ায় ক্রিসতফ হাঁপিয়ে ওঠে। ওদের রহস্ত-জনক ইশারাব কথা ও কিছু বৃশ্বতে পারে না।

তৃষ্ঠ বন্ধুতে এক সাথে হলেই চলে কেবল সাজ পোষাকের আলোচনা, আর ইতরামো। হেসে লুটিয়ে পড়ে কথা বলতে বলতে। চোথে মৃথে বিত্যুৎ থেলে। মীরা চলে গেলে জিসতফ আরাম পায়, নইলে ওর মনে হয় অচিন দেশে এসেছে, য়ে দেশের ভাষা ও বোঝেনা, আর ওর ভাষাও কেউ ব্ঝতে পারে না। ওর কথা ওরা শোনেও না, বরঞ্জ আনাড়ী ব'লে ঠাট্টা করে।

কিন্তু একা থাকলে য্যাড়। ক্রিসতফ মৃথর হয়—হয়তো ওদের ভাষা ভিন্ন, কিন্তু পরস্পরকে ব্ঝে নেবার চেষ্টা অত্যন্ত আন্তরিক। অথচ ষতই ব্যাতে যায়, না-বোঝাটা ততই বড় হ'য়ে ওঠে। এই মেয়েই ওর জীবনে প্রথম নারী। সেবাইনও নারী হ'মেই ওর জীবনে এসেছিল। কিছ তার কতটুকুই আঁর ও জেনেছে! স্বপ্রের মায়া হয়েই সে রইল। বে-কাল বৃথা গেছে, তার ক্ষতিপুরণের ভার এখন য়াডার হাতে। আর নারীর রহস্ত ভেদ করার কাজ রইল ওর—আসলে এ তো রহ্স্থ নয়, য়াবা অর্থ থোঁজে, তাদের কাছেই নারী রহস্থময়ী।

য়্যাডা আর যাই হোক খুব বৃদ্ধিনতী নয়। তাব জন্ম ওব আফশোষ তো নেই বরঞ্চ উল্টো-পাণ্ডিভারে, উগ্রবক্ষ অভিমান রয়েছে। সব বিষয়ে মতামত প্রকাশ করে জোরের সাথে সঙ্গীত সম্বন্ধেও ওব কথা বলতে ভয় নেই—এমন কি ক্রিসতফেব সঙ্গেও তর্ক ক'বতে বসে, এবং রায় দেয় এমনি নিশ্চয়তায়, যেন তা অভ্রাস্ত সত্য। সব বিষয়ে ওর অহংকার, আর একটুতেই ছোঁয়া লাগে। ও চলে চালেব ওপরে, কাফ কথায় নোয়ায় না, কিছু বোঝে না, ব্ঝতে পারে না। ক্রিসতফ অবাক হয়। য়্যাডা যে বোঝে না, তা ও মানে না কেন? ও যথন গুমর ছেড়ে, ভান ছেড়ে, ভালোয় মন্দয় মেশান ঠিক খাঁটি য্যাডাটি হ'য়ে ওঠে, তথন ওকে ওব বেশী ভালো লাগে।

আসলে য়্যাডার ভাববাব ক্ষমতা নেই। থেয়ে-দেয়ে, নেচে গেয়ে, হেসে-থেলে, ঘুমিয়েই ও খুশি। ও হ্বথী হ'তে চায়, এবং হ'তে পারলে ভালোই হত। হ্বথী হবার মত গুণ ওর নেই তা নয়—কিন্তু ওর লোভ প্রচণ্ড। কৈব-ক্ষাটা বিশ্রী রকম উগ্র, স্বভাব অলস, এবং এমনি বে-আরভাবে আত্মকেন্দ্রিক যে ক্রিসতফের মন বিদ্রোহী হ'য়ে উঠতে চায়… আবার কৌতৃকও হয়। আসলে ওর স্বভাব-ধর্মে এমন কিছুবই অভাব ছিল না, যাতে জীবন অপরের পক্ষে না হলেও [হ্বথী মান্থবের ম্থ—তা থদি আবার হৃদর্শন হয়, দেখলে সকলেব প্রাণে হ্বথ হয়] নিজের পক্ষে উপভোঁগ্য হ'য়ে ওঠে। পবিত্থি পাবার মত উপাদান ওর জীবনে

ছিল বিভার, কিন্তু পরিতৃথ হবার বুদ্ধি ছিল না। মজবুত বলিষ্ঠ কাঠামোন্ন স্বাস্থ্যের দীপ্তিতে ঝলমল চেহারা, তাজা সরস মন, উচ্ছসিত कीवरनत প্রাচ্ধ,--विषष्ठ कृथा-- किन्ह चान्। निरंग ভाরী উৎবंগ। চার-জনের থাবার এক সাথে থেয়েও শারীরিক দৌর্বলা নিয়ে ওর ভারী থেদ; সর্বদাই খুঁৎ খুঁৎ করে, চলতে কষ্ট হয়, নিশাস নিতে কষ্ট हम्, माथा-धत्रा, माँ छ-वाथा, ८ वाथा, ८ भ के वाथा--- बामरम वाथा अत्र . মনে। সব কিছুতেই ওর ভয় আর উগ্র সংস্কার; থাবার সময় টেবিলে কাঁটা-চামচ আড়াআড়ি রাধায়, অতিথিদের সংখ্যার কোন বিশেষ অংকে. মুনের পাত্রটা উল্টে যদি মুন প'ড়ে গেল-সব কিছুতে অমকলের চেহারা দেখে। এবং ভার পর লম্বা স্বস্তায়নের পালা। বাইরে বেক্লে কাক গুণবে এবং তারা কোন পাশ দিয়ে উড়ে গেল তার হিসেব ক'রে পা ফেলবে। চলতে গিয়ে চোথ থাকে রান্তার ওপর-যদি সকালবেলায় মাকড়দা দামনে পড়লে চীৎকার ক'রে উঠে বাড়ীর দিকে ছুটবে। তথন ভাকে বোঝাও যে সকাল নয়, বেলা বারোটা বেজে গেছে, এবং বারোটার পর মাকড়সা পড়া থারাপ তো নয়ই বরঞ শুভ-লক্ষণ, তেবে সে ফিরবে। স্বপ্ন দেখে ওর ভারী ভয়। এবং যত স্বপ্ন দেখুক-স্বিন্তারে ক্রিসতফের কাছে বর্ণনা করবে, একটি শব্দও বাদ যাবে না। এক এক সময় ছোট এতটকু একটা ব্যাপার মনে করতে ঘণ্টার পর ঘণ্টা কাটিয়ে দেয়। তা ছাড়াও, কে মরল, কার অসামাজিক বিয়ে হল, দরজির মজুরী, এমনি আজে বাজে, নোংরা জিনিষ ক্রিসতফকে ধৈর্য ধরে শুনতে হয়, পরামর্শ দিতে হয়। কোন কোন দিন হয়ত সারাটা দিনই য্যাভার এ সব নিয়ে মাথা থারাপ হ'য়ে থাকবে। তথন ওর জীবন মনে হবে যাচ্ছে-ডাই. माष्ट्रयक्षरमारक मत्न इरव शास्त्र-छाई, जात छात्र एकत अरम अफरव বেচারা ক্রিসতফের ওপর।

কিন্তু গুমট কেটে রোদ ওঠেও মুহুর্তে। হঠাৎ খুলিতে উঠল ছল-ছলিয়ে ,চলন বলন আবার তেমনি টগবগ করতে লাগল। অকারণে হাসতে হাসতে পড়ল লুটিয়ে, কিছুতে থামতে চায় না হাসি; ছুটল मार्टित मरश्र. (इरन मासूरयत मरू मम्ना कामा (घर्टे, (शाका-माक् कर्-জানোয়ার পুঁচিয়ে মেরে সে এক তাণ্ডব ভক ক'রে দিল 

বেড়ালের মুখের সামনে নিয়ে এল পাখী, মুরগীর সামনে পোকা, ডেঁয়ে পিণড়েকে এনে দিল মাক্ড্সা···দাভিয়ে দাঁড়িয়ে দেখতে লাগল হিংসার বীভৎসতা। উদ্দেশ্যটা হিংসামূলক নয়। নিছক কৌতৃহল ও কৌতুক। ९ छ। अत्र च छारवत्र हे ७७ छ। मण्पूर्व निक्कारनत त्रापित चाड़ान-कता। 🔻 অথবা সময় কাটাবার এর থেকে ভালো অবলম্বনের অভাব। বোকার মত কণা আর বাজে কথাকে ঘুরিয়ে ফিরিয়ে বারংবার বলায় ওর পরমোৎসাহ। ক্রিসতফের ধৈর্য চ্যুতি ঘটে—স্নায়ু যেন ছি ডে থেতে চায়। যে কেউ হোক সামনে এলে ওর লাশু-লীলার উৎসাহটা বাড়ে⋯ কল-কলিয়ে কথা কয়ে, উচ্চগ্রামে হেসে, মুথ বাজিয়ে স্বার দৃষ্টি আকর্ষণ করার প্রয়াস উৎকট রকম স্পষ্ট হয়ে ওঠে। ক্রিসভফ ভয় পায় কি কথা শুরু ক'রে বসে মেয়ে। আর সত্যি, য়াড়া "করেও ভাই। কথা কইতে গিয়ে ওর ঢলানো ভাব প্রায় অল্লীলভার মত। ক্রিসতফের ইচ্ছে হয় তথন ওকে চাবকাতে। ওর ভেতরের মিথোটাকে ও কিছুতেই ক্ষমা করতে পারে না। ধী আর রূপ যেমন সব মাসুষের নেই, তেমনি ইচ্ছে করলেই সভ্য মেলে না সকলের মধ্যে, এ ক্রিসভফ আজও বোঝে না। মিথ্যা ওর অসহ, আর য়্যাডার কাছে ও যা পায়, তার বোল আনা মিথো। বিপরীত প্রমাণের মুখে দাঁড়িল্লে অতি অবলীলায় নির্বিকার ভাবে ও মিথ্যে কথা বলে। বে-স্ব মেয়েরা কেবল বর্তমান নিমেই বেঁচে থাকে, তাদের মত প্রিম্ব অপ্রিয় সব কিছুকে স্থবিধে মত ভুলবার ক্ষমতা ওর অসোধারণ।

কিন্তু তবু পরস্পরের প্রতি ভালোবাসা ওদের হৃদয়-ঢালা। য্যাডার আন্তরিকতা ক্রিসতফের চাইতে কম নয়। ওদের আকর্ষণটা ভাব-সাধর্ম্যের আমন্ত্রণে না হলেও, প্রেম ছিল থাটি। এবং ওধুই নীচ-প্রবৃত্তির ছট্ফটানী ছিল না।

এ প্রেম যৌবনেব অপরপ প্রেম। দেহ-ধর্মী হ'লেও স্থুল নয়। তরুণ বুকের শিশু-প্রেম—অরুণ আলোর মত সহজ, শুচি,—সঙ্গ-সুথ লাভের আকুল-লীলায় পরিশুদ্ধ, স্থন্দর। ক্রিসতফের মত য়্যাড়া অত সরল না হলেও, ওর ভারী একটি স্থবিধা ছিল। এবং এ স্থবিধাটি ঈশব-দত্ত। ওর দেহ মন ছিল একেবারে তালা সবুজ; অমুভৃতিগুলি স্রোত্রিনী ঝর্ণার মত স্বচ্ছ, স্পষ্ট; বুঝি কোনো মালিজ্যের স্পর্শ আজ্ঞ লাগেনি। এ মেয়েরা বিধির বিধানে অনম্ভ-যৌবনা। য়্যাভা নিতান্ত माधारन स्टरतत त्यरमः, आचारकिक्तक, रेमनिमन स्नीवरन निर्स्टरतत व्यरमागा। কিন্তু প্রেম ওকে একেবারে বদলে দিলে। ওর মধ্যেকার ফাঁক ফাঁকি বেবাক উড়ে গেল। নিরেট ভালো মেয়ে হ'য়ে উঠল ও। ভালোবেদে ও বুঝেছে আপনাকে বিলিয়ে দেওয়ার স্থ। ক্রিসতফের বুক আনন্দে উথলে ওঠে; ও বুঝি এ মেয়ের জ্বন্ত প্রাণ দিতে পারে। প্রেমিকের কাছে প্রেম যে কত মধুর ছলনা নিয়ে আদে, ভার হিসেব কে রাথে। শিল্পী ক্রিসতফের চোথের রং-এ প্রেমিক ক্রিসতফের হৃদয়ের রাগ এসে মিশল। য্যাভার মৃত্ হাসিতে ও গভীর অর্থ খুঁজে পায়; মুখের একটি মিঠে কথায় দেখে ওর গভীর হৃদয়ের মহিমা। ক্রিসক্তফের মুগ্ধ চোথের সামনে য্যাভা বিশের ঐশর্ধ নিয়ে যেন সহস্র দল মেলে বিকশিত হ'য়ে ওঠে। স্থাভা ওর একান্ত আপনার, ওর আতা;

'অ্মসি মুম জীবনম্'। সন্মিলিত অঞ্চতে ওদের প্রেমেব রাধী বন্ধন হয়। ওদের সম্পর্কটা কেবলি সম্ভোগের নয়। এ যেন একটা কবিতা-অরূপ, অনির্বচনীয়—অজস্র স্বৃতি, অজস্র স্বপ্ন দিয়ে গাঁথা—নিজেরই 'স্বপ্ন ?—না, যুগে যুগে যত নারী যত পুরুষ এই পৃথিবীৰ বুকে এসেছিল,

ভালোবেসেছিল—শাখত কালের সেই প্রেমের স্মৃতি অমর হয়ে আছে अलब वृत्कब जनाम, क्रम्रम, त्नानिर्छ १ नीवर्य সংগোপনে মর্মের তলাম জ্যোতিক্ষের মত অনির্বান হ'য়ে জ্বন্ছে বনের প্রান্তে সেই প্রথম দেধার বিচিত্ত মুহূর্তথানি; রোমাঞ্চিত সেই প্রথম দিবস:-পরম-সারিধ্যের প্রথম वार्विथानि-एर-पिन একেবারে निর্ভাবনায়, গভার ভালোবাসায় নীরব আনন্দের সাগরে ভাসতে ভাসতে ওরা পরষ্পরের বুকে ঘুমিয়ে প'ডেছিল। অজস্র কল্পনা, স্বপ্ন, অজস্র মৃক ভাবনা বিহ্যুতের মত ঝলসে ওঠে…তীব্র কামনায় ওরা যেন বিবশ হয়ে পড়ে জেদ্ধ বাণী মৌমাছির মত গুনগুনিয়ে ওঠে—দীপ্ত হ'য়ে ওঠে কোমল হক্ষ জ্যোতির রেথায় রেথায়।

উৎসারিত মাধুরীর প্লাবনে ভেসে যেতে যেতে উত্তল হৃদয়ের স্পন্দন যেন থেমে যায়। বসন্তের প্রথম আন্সোর স্পর্লে বিবশা, বাক্যহারা, প্রমন্তা পৃথিবীর রহস্তময় হাসিখানি কাঁপতে থাকে ওদের দৃষ্টিতে।

তরুণ হৃদয়ের এই সতেজ ভালোবাসা বসন্তের প্রথম প্রভাতের মত ঝলমলিয়ে ওঠে, বসন্তেরই মত ছদিনে আবার হারিয়ে যায় । প্রথম প্রভাতের আলোর উৎসবের মত সে-তারুণ্য আকাশ রাঙ্গায় ক্ষণিক শীলায়। শোক-নিন্দাই ক্রিসতফকে ম্যাডার কাছে টেনে নিয়ে এল।

ওদের দেখা হবার পরের দিনই কথাটা সারা শহর রাষ্ট্র হ'য়ে গেল ডাল-পালা ছড়িয়ে। ग्रांछा लब्बा তো পেলেই না, বরঞ আরও রং ফলিয়ে নিজের বিজয়-বার্তা প্রচার করতে লাগল। ক্রিসভম্ব অবগু অত বোকামো করলে না। কিন্তু যধন দেখলে সহস্ৰ কুতৃহলী দৃষ্টি

ওরই দিকে তাকিয়ে রয়েছৈ তথন না পালিয়ে, ধর্ম মনে ক'রে ম্যাডার পাশে গিয়ে দাঁড়াল। ওদের নিন্দেয় ছোট শহর গুঞ্জরিত হ'য়ে উঠল। ওর অর্কেপ্টার সহক্ষীরা মিঠে মিঠে টিপন্নী কাটে : ও জবাব দেয় না : কারণ ব্যাপারটা সম্পূর্ণ ওর ব্যক্তিগত। এখানে কারো হস্তক্ষেপ ও সইবে না। শহরের সম্রান্তদের জ্র কঠিন ও বাঁকো হ'য়ে উঠল। অনেক বাডীর পরজা বন্ধ হ'ল: যে-সব জায়গার কাজগুলো টিকে গেল কপাল-গুণে, সে-সব জায়গায়ও ছাত্রীরা গুরুর সামনে আসে মা বা দিদির সতর্ক পাহারায়। ছাত্রীদের জানবার কথা না হ'লেও তারা সবই জানলে এবং মাষ্টার মশায়ের এই বিক্বত রুচির পরিচয় পেয়ে ওরা থুশি হ'ল না, তা বলাই বাহুল্য। বাইরে অবহেলার ভান করলেও ব্যাপারটাকে ভালো ক'রে জানবার জন্ম চোথ কান রইল থাড়া হ'মে। কেবল বাবসামী আর দোকানদার भरटल अत्र शान है। व्यक्त तरहेगा किन्न वापा किन व পারল না। সম্রান্তদের উন্নাসিকতা আর এ পক্ষের সমর্থন চুটোই ওর কাছে বিষের মত মনে হ'ল। কিন্তু ও-পক্ষ প্রবল স্কুতরাং সেখানে ও অক্ষ। অতএব রাগে নিন্দা স্ততি হুইই ও পরিহার ক'রল। দেশগুর লোকের অন্ধিকার-চর্চায় ও প্রায় ক্ষেপে উঠল।

ওর ওঁপর সব থেকে বেশী চটল বাড়ীওলা ও তার পরিজন।
ব্যাপারটা যেন ওদেরই ব্যক্তিগত অপমান। অপরাধীর প্রতি কোনো
শান্তিমূলক ব্যবহা ক'রতে পারলে না ব'লে থাম-থেয়ালী শিল্পীগুলোর
ওপর হাড়ে হাড়ে জ্ব'লতে লাগল ওরা—বিশেষ ক'রে ফোগেল-গৃহিনী।
অসপ্তই-সভাবের ধর্মে জীবনটা ওদের হুর্ভাগ্য দেবতার চিরস্থায়ী জুকুট।
স্থতরাং রোজার সাথে ক্রিসতফের বিবাহকে স্বতঃসিদ্ধ ব'লে ধ'রে নেবার
পর এই উল্টো বিপাককে অদৃষ্টের আর একটা জুকুট ব'লে সান্থনা পেলে।
কিন্তু ক্রিস্তফ রেহাই পেল না। দার ওকেই নিতে হ'ল। এবং

প্রমাণ হ'য়ে গেল যে ফোগেলদের অপমান করবার জন্মে ইচ্ছে করেই অপকর্মটা করেছে ও। এই পরম-ধার্মিক, পরম নীতি-বাগীশ আদর্শ গৃহস্থদের মতে চরিত্র বলতে দেহ-ঘটিত খালন। এবং হেয়তম ও সব চেয়ে বড লজ্জাকর খালন। সব চেয়ে কেন, বলতে গেলে একমাত্র ও অতি ভয়ংকর পাপ [কারণ সম্ভ্রান্ত লোকেরা চ্রিও করবে না, মান্ত্রও খুন করবে না]। স্থতরাং ক্রিস্তফ অতি বড লম্পট, চরিত্রহীন। অতএব ওকে দেখলে ওরা মুখ ফিরিয়ে পাশ কাটায়। ক্রিস্তফ বেপরোয়া— ওর মুখটা তাচ্ছিল্যে বেকে ওঠে। এমেলিয়া ভাব দেখাম যেন ওর মুখ দেখতেই চান না, কিস্তু মনে মনে ইচ্ছে ক্রিস্ত্রুত্ব আস্ক্রক, সামনা-সামনি দাঁডাক, মনের স্থাণে একবার আচ্ছা ক'রে গাল দিয়ে নেবে। কিস্তু কাকস্তুপরিবেদনা।

রোজার ব্যবহার ক্রিসতফকে ঘা দিল। এ মেযের মুধ কঠিন হ'যেছে সব চেয়ে বেশী, চোথে কি কঠিন ঘুণা। শেষ আশা-ভঙ্গের প্রতিক্রিয়ায যে এমন হ'ল তা নয়; আশা ও ছেডেছে বহু আগেই। [ও তো ছাডল, কিন্তু আশা ওকে ছাডে কই ?] কিন্তু ক্রিসতফকে একেবারে দেবতার আসনে বসিয়েরে'থেছিল। গোল বাধল এথানে।

রোজা মান্তব হবেছে কডা রকম গোঁডোমীর মধ্যে, হৃদ্বের সমস্ত আবেগ দিয়ে ও এই আদর্শকে অন্তবে গ্রহণ করেছে। ক্রিনতকের সম্বন্ধে বিশিষ্ট সমাচারটি গুধু ওর কানেই এল না বুকে বাজল—বুক খানা ভালল, আর ভালল ওর দেউলের প্রতিমা। ভেলে চুরমার হ'য়ে গেল। এ বেদনার আর পার রইল না। ওর গুচি গুল্ল হৃদ্যে এ বেদনা একেবারে রক্তের অক্ষরে লেখা হ'ল। ক্রিনতক সেবাইনের প্রেমে পড়াতে ও অন্তরে পীড়িত হ্যেছিল। কিন্তু এই সাধারণ মেবেকে থেমে পড়াতে ও অন্তরে সীড়িত হ্যেছিল। কিন্তু এই সাধারণ মেবেকে

কোনও কুল কিনারা পে'ল না। কাজটা ওর অত্যন্ত গৃহিত মনে হ'ল। সেবাইনের ব্যাপারে ওর সাম্বনা ছিল যে ক্রিসতফের প্রেম ছিল শুদ্ধ-সেবাইনও পাত্ৰী অযোগ্য ছিল না। সে তো ষাহোক চুকে গেছে। মৃত্যু সে-অধ্যায়ের ওপর ধবনিকা টেনে দিয়েছে, সে-প্রেমকে দিয়েছে . মহিমা। কিন্তু-ছু'দিনও গেল না, কোথায় গেল সে প্রেম ...এরই মধ্যে ঐ মান্ত্রই আর এক মেয়ের প্রেমে প'ড়ল—আর য্যাডার মত মেয়ে! সমস্ত জিনিষটাই ওর ভারী কুৎসিত, অশ্লীল মনে হ'ল। মনে হ'ল সেবাইনের বড অপমান হয়েছে। এ অপমান থেকে রক্ষা করবার জন্ত মতা হুর্ভাগিনীর পাশে গিয়ে দাঁডাল রোজা - ক্রিসতফের এত শিগ্রির এমনি ক'রে ভূলে যাওয়ার অপরাধ ও ক্ষমা করতে পারলেনা। কিছ রোজা কেমন ক'রে জানবে, ক্রিসতফের সারা চিত্ত জুড়ে জেগে আছে হারানো মান্ত্রহা। ভাবতে পারে না রোজা কেমন ক'রে হ'জনকে একই সময়ে ভালবাসা যায়। একের বিসর্জন বিনা অপরের প্রতিষ্ঠা কেমন ক'রে সম্ভব! নিরুত্তাপ পাথুরে পবিত্রতার খোলসের মধ্যে ব'সে না চিনলে ও জীবনকে, না চিনলে ক্রিসতফকে: ও নিজেকে রেখেছিল ধোপ-হরস্থ ক'রে, ছকে এ টৈ, কর্তব্যের যুপকার্চে মাথা গলিয়ে। জীবন ও ওর কাছে তাই। ওর সংকীর্ণ দৃষ্টি-ভব্দিতে একমার্ত্র গোরবের বন্ধ-পবিত্রতা; নিজের কাছে, অক্সের কাছে ঐ ওর চরমতম দাবী। স্থতরাং যে-মাত্মুস গায়ে কাদা মেথেছে তাকে ও কেমন ক'রে ক্ষমা ক'রবে।

ক্রিসতফ ওর সাথে কথা কইতে চেটা করে— নিজের সাফাই গাইবার উদ্দেশ্যে নয়; [কিইবা বলবে ? অমন গোঁড়া ভালোমান্ত্রকে কি আর বলা যায়!]; হয়তো জানাতে চায় রোজার সাথে ওর প্রতির বন্ধন ক্ষুণ্ণ হয়নি—রোজার শ্রন্ধা চায় ও, তার পরে ওর দাবী

এখন ও ব্রেছে। রোজা ওর কাছ থেকে দূরে স'রে যাছে—ছু হাতে এই ত্র্যোগকে ঠেকাতে চায় ও। কিন্তু কঠোর নীরবতায় রোজা। ওকে এড়িয়ে চলে; ও বুঝতে পারে কতথানি ঘুণা করছে রোজা।

হু থ হয়, রাগও হয়; এত উপেক্ষা নিশ্চয়ই ওর প্রাপ্য নয়। কিন্তু হার মানতে হয়, মানতে হয় অপরাধ। সেবাইনের কথা মনে পড়ে— চারদিকে যত তিরস্কার জমে উঠেছে, সব ছাপিয়ে ওঠে আত্ম-তিরস্কার। সত্যি মহাপাপ করেছে ও। আত্ম-নিগ্রহ ক'রে প্রায়শ্চিত গুরু করে।

একি হ'ল ভগবান···! কেমন ক'রে এ সম্ভব হ'ল · এ আমার কোন পরিণতি ০

কিন্তু যে-উদ্দাম স্রোতে ভেসেছে তাকে ঠেকাতে পারল না সর্বশক্তি দিয়েও। ভাবল জীবনটাই মস্ত বড় অপরাধ। কিন্তু
বাঁচতে ওকে হবেই—হুবার প্রয়োজন ওর বাঁচার। তাই চোথ বুজলে—
বাঁচতে যথন হবেই, জীবনের দিকে না তাকিয়েই ও বাঁচবে। বাঁচবে,
ফুণী হবে, তালোবাসবে, বিশ্বাস করবে! তালোবাসা। না তালোবাসায়
হেয় নেই কিছু, অপ্রজেয় নেই কিছু। ও জানে য়ৢয়ভার মত মেয়েক
ভালোবাসার মধ্যে খুব বুদ্ধি বা বৈদ্ধ্যের পরিচয় নেই। থাকা শন্তব নয়।
হয়তো খুব একটা স্থেও মিলবে না। কিন্তু তাই ব'লে তালোবাসা
অক্তম্ধ হ'য়ে যাবে ! ধরো—[জোর করে নিজকে বোঝাতে চাইল] য়য়ভা
তেমন চরিত্রবতী মেয়ে নয়—নাই হ'ল! ওর তালোবাসাও
অপবিত্র হ'য়ে যাবে, তাই বা কেমন য়ুক্তি ! প্রেম প্রেমিকের হৃদয়ের
ধন, আধার-নিরপেক্ষ। সব কিছুই প্রেমের যোগ্যা, প্রেমিকের
শ্রমার বন্তু। অন্তরে যে ওচি তার কাছে সব গুচি। স্রন্তু বলিষ্ঠ
অন্তরের কাছে অগুটি কিছু নাই। জীবজগতে দেখো—কোন কোন
পাখীর দেহে যে বর্গ-বিক্তাস, তার মূলে প্রেম। আত্মার গভীর হ'তে

শ্রেজয়তমের, মহন্তমের উদ্বাচন প্রেমে এবং ওই শ্রেজয়তম, মহন্তমই প্রিয়জনকে নিবেদন করতে চায় মায়য়। প্রেমের প্রতিমার সাথে বাক-মনকর্মের অমুপম স্থরটকৈ মিলিয়ে রাধার সাধনারই পরিচয় সে আগ্রহে। তারুণ্যের যে-মন্দাকিনীতে আত্মা অবগাহী, তার শক্তি ও আনন্দের উজ্জ্বল দীপ্তি, তা অমুপম—অপরূপ তার রূপ—তা স্বাস্থ্য আনে, হাদয়কে করে তোলে উদার আকাশ।

বন্ধুরাও ওকে ভূল ব্ঝেছে—ওর মনটা তিক্ত হ'য়ে উঠল। আবার মায়েরও ভাবান্তর হয়েছে। দেখা গেল আঘাত বেজেছে তাঁরও; ক্রিসতফের সব চেয়ে বেশী মুদ্ধিল হ'ল এখানে ই।

মা ভালো মান্ত্য। ফোগেলদের সংকীর্ণতা তাঁকে ম্পর্শ ক'রতে পারেনি। সত্যিকারের হুংথকে তিনি দেখেছেন, এবং এক ভালো ক'রে মর্ম দিয়ে দেখেছেন যে কাল্লনিক হুংথ স্প্টি করে বিলাস করার মত ক্ষমতা বা প্রবৃত্তি তাঁর আর নেই। জীবনে পেয়েছেন কম, চেয়েছেন আরো কম। কোনো প্রশ্ন না করে, এমন কি বোঝবার চেপ্টাও না করে, যা কিছু এসেছে নম্র-শিরে তা স্বীকার করে গিয়েছেন। আজ জীবনের ভাঙা হাটের হাঁড়ি-কুঁড়ি-নিয়ে সবার পেছনে ধূলোয় পেতেছেন আসন। অপরের কাজের বিচার ভলেও করেন নি; জানেন ওটা অনধিকার-চর্চা। ছনিয়াকে যারা ওর চোথ দিয়ে দেখলনা তাদের সাথেও ওর বিরোধ নেই; বলেন না, কারো অক্সায় হ'ল। বিনয়ে সরে থেকে ভাবেন, অত বৃদ্ধি কোথায় পাব ? নিজের বিশ্বাস অপরের ওপর চাপাবার বৃদ্ধিকে মনে করেন ছবুঁদ্ধি, মহা লজ্জার ব্যাপার। তা ছাড়া লুইসার বিশ্বাস আর নীতি-নিষ্ঠা ছিল সম্পূর্ণ সহজাত। ধর্ম ওর নিখাস-বায়ু; সমস্ত চেতানা জুড়ে রয়েছে তা। নিজে রয়েছে সমস্ত মালিন্যের উধ্বেণ। সম্পূর্ণ ভাবে অপরের চরিত্র সমন্ত মালেন্যের উধ্বেণ।

খণ্ডবের বহু অভিষোগের মধ্যে সব চেয়ে বড অভিযোগ ছিল, লুইসার ভালো মন্দের বিচার নেই। সে অভিজাতদের শাস্ত্র-বিধি ভূলে, রাস্তায়-ঘাটে দাঁডিয়ে আলাপ করেছে কুথ্যাত পল্লীর মেষেদের সাথে অবলীলায়। এতটুকু বাধেনি ওর। ভেবেছে ভালো-মন্দ উচ্-নীচুর বিচার বাকনা হনিয়ার মালিকের হাতে—শাস্তি দিন বা ক্রমা ককন মালিকই করবেন। মামুয়ের কাছে ওর গুধু সামাম্য একটু দরদের, হুটো মিষ্টি কথার আকিঞ্চন; নইলে বাঁচবে কেমন করে গ

কিন্তু ফোগেলদের সঙ্গে থেকে থেকে সেই লুইসাও কেমন বদলে গেল। ওর ভাঙা দেহমনে প্রতিরোধের শক্তি ছিলনা—তাই ফোগেলদের মুঠোর মধ্যে এসে প'ডল সহজেই। এমেলিয়া ওব তুবলতাব স্থযোগ নিলে। রাতদিন একসাথেই বস-বাস, ঘর-কল্লা। কাজ করে হজনে, কিন্তু কথা বলার কাজটা করে এমেলিযা একা। ভেঙ্গে-পড়া, উন্নহীন লুইসা নিজের অজ্ঞাতে ওর সাথে সাথে পর-চর্চায যোগ দেয়। ক্রিসতফের व्याभाविष्ठा होका हिन्नमी मिर्य अकिन मानश्कार खिनरय मिरन এমেলিযা। লুইসার শান্ত ভাবে জলে ওঠে ও। ওর মতে ছেলের অধংপতনে নিবিকার থাকতে পারে যে-মা, তারও চরিত্রেই। স্থতরাং কানের কাছে অনবরত বিষ ঢেলে ঢেলে লুইসাকে পাগল ক'রে তোলে। ক্রিসতফের চোথ এডায় না। লুইসা ছেলেকে তিরস্কার করল না, ভীক দ্বিধায়, ক্ষীণ স্বরে প্রতিবাদ করে রোজা। ক্রিস্তফ ধৈৰ্য হারিয়ে ছু'একটা কডা কথা ব'লে বসে কোনো কোনো দিন-লুইসা চুপ ক'রে যায়, কিন্তু চোথের দৃষ্টি আতুর হ'রে ওঠে। বাডী ফিরে ক্রিদতফ কথনও দেখতে পায় মায়ের চোখ ভেজা: এতক্ষণ ব সে ব'সে মা তা হলে কেবলি কেঁদেছেন। ও-মানুষকে ভালো ক'রে চেনে ক্রিসতফ, জানে এ কালার উৎসটি বাইরে নয়, অন্তরে।

ক্রিসতক ঠিক করলে এ অবস্থা আর চলতে দেবে না।

সেদিন সন্ধ্যে বেলায় লুইসা চোথের জল ঠেকাতে পারলে না।
থেতে থেতে মাঝপথে টেবিল ছেড়ে উঠে গেল। ক্রিসতফ ব্ঝতে
পারলে না কি হ'ল। চার চার সিঁড়ি টপকে লাফিয়ে নেমে এল নীচে
একেবারে ফোগেলদের ঘরের সামনে। রাগে ও তথন টগর্ব করে
ফুটছে। আজ বোঝাপড়া ক'রবে এমেলিয়ার সাথে। কেবল মায়ের
সাথেই নিষ্ঠুরের মত ব্যবহার করেছে তা নয়, রোজার হল মন ভালিয়েছে;
সেবাইন এর বিরুদ্ধে কুৎসা রটিয়েছে। এত কাল, এত মাস ধ'রে বছ
অত্যাচাব সয়েছে, আজ সব কিছুর শোধ দেবে হলে আসলে।
এতকালেব চাপা আগুন আজ ঠিকরে বেরুল।

একবোবে বোমার মত কেটে প'ডল। তুর্দমনীয় চেষ্টা সংক্ত কোধে গলার স্বর কাপতে লাগল। এমেলিয়ার কৈফিয়ৎ চেয়ে ব'সল, কেন মা না থেয়ে উঠে গেল।

এমেলিয়। জলে উঠল। জানিয়ে দিল, যা খুশি ব'লেছে, তার জন্ত কারো কাছে জবাবদিহি ক'রতে ও বাধ্য নয়। বিশেষ ক'রে ক্রিসতফের মত লম্পুটের কাছে। এখানেই প্রতাক্ষিত স্থযোগটিকে ছেড়ে দিলেনা; আনেক ক'রে এতদিন ধরে জিভে শান দিয়ে রেখেছে। সেই তীক্ষ ধার দিয়ে গুনিয়ে দিলে, দেশগুদ্ধ মামুসের মুখে চুনকালি দিয়ে এখন মা কেন খেলে না ব'লে আদিখ্যেতা না ক'রে নিজের কালো মুখটাই বরঞ্চ আয়নায় দেখুক গিয়ে।

ক্রিসত্মও আক্রমণের জন্ম প্রস্তুত ছিল। চীৎকার ক'রে উঠল
—ও যা থূশি করেছে, সে ওর ব্যক্তিগত ব্যাপার। তাতে অন্তের
মাথা ব্যথা কেন ? আর বেশ ত, বলতে হয় ওকে বলুক যা খূশি; ওই
শোকী হুঃধী বুডো মাছুষটাকে টানা কেন ?

এমেলিয়ার মুখের ওপর কথা শোনাবার স্পর্ধা কারো হয়নি এ পর্যস্ত । চীৎকার ক'রে উঠল বাড়ী ফাটিয়ে । নিজের বাড়ীতে ব'সে একটা চরিত্রহীন দস্কার বক্তৃতা সে গুনবে কেন । মধুর কণ্ঠের অল্লীল গালাগালি গুনে ক্রিস্তফ যেন পালাবার পথ পায় না ।

গোলীমাল শুনে লোকজন এল ছুটে। শুধু ফোগেল এলনা স্বাহ্য-ভক্ষের ভয়ে। গোলমাল শুনলেই ও পালায়। এমেলিয়া অয়লারকে সাক্ষী মানলে। কড়া ভাষায় ক্রিসতফকে শাসিয়ে দিলে আর যেন সে এ-মুখো না হয়। ক্রিসতফও পাণ্টা শুনিয়ে রাখলে কারো মুফত উপদেশের ধার সে ধারেনা, এমেলিয়া বরঞ্চ নিজের চরকায় তেল দিক ভালো ক'রে।

জোর গলায় জানিয়ে দিল, চ'লে যাবে সে, এবং আর কোনো দিন এ নরকে আর পা দেবেনা।

কিন্তু তক্ষণি গেলনা, যেতে পারলে না; আরো কিছু কঠিন সত্য শোনবার বাকী ছিল—বাকী ছিল ওদের কর্তব্যের মুখোসটা খুলে দেওয়ার। ক্রিসতকের সব থেকে বড় শক্র ওদের ওই কর্তব্য। জেনে রাখুক এমেলিয়া, চরিত্র্যদি হারিয়েই থাকে ক্রিসতক,তার জন্মে দায়ী কে ? জেনে রাখুক,ওই কর্তব্যের ঠেলায় বাধ্য হয়ে ও অস্তায়ের পেছনে ছুটেছে! এমেলিয়ার মত জীবেরা পৃথিবীর সব কিছু ভালো থেকে আনন্দ নিংড়ে নিয়ে ছিবড়ে ক'রে রাথে ব'লেই, ভালোকে মায়্রষ ভয় করে, এবং শ্রদ্ধা হারায় ভালোর ওপর। অন্ধকারের মধ্যে হাঁপিয়ে হাঁপিয়ে যেথানে একটুথানি হাসি, একটু আনন্দের ঝিলিক দেথে—যেথানে একটু হাসতে পায়, একটু প্রাণ ভরে নিয়াস নিতে পায়—হোক না তা 'মন্দ' লোকের আড্ডায়—সেথানেই তারা ছোটে। ছুটবে বই কি! উপোসীর তো আর থাদ্যের জাত-বিচার চলে না! কেঠো গোড়ামীতে যা-তা কে কর্তব্য ব'লে চালিয়ে, পাশ-গাঁদার জঞ্জালকেও কর্তব্যের লেবেল মেরে রাখে। এতে কত ব্যের ঘোর অপমান। এর বাড়া পাপ নেই। লাভটা কি হয় ? জীবনে কেবল বিষই জমে। রয়ে সয়ে, বিচার-বৃদ্ধি দিয়ে কথাটা ব্যবহার করা উচিত। কত ব্য অতি হুর্লভ বস্তু। যেথানে সৃত্যিকারের ত্যাগ. কত ব্য গুধু সেথানেই। ওটা নাক শিকৈয় তুলে মামুষকে মুখ ভ্যাংচাবার জিনিষ নয়। এমেলিয়াদের মগজে কানা কড়ির বৃদ্ধি থাকলে এমনভাবে তঃথ নিয়ে বিলাস করত না। নিজেরা এঁদো গলিতে মুখ থুবড়ে অনন্তকাল প'ড়ে থাকুক, তৃনিয়ার লোককে টানা কেন গওরা নিজেরা নরকের পোকা ব'লে স্বাইকে তাই হ'তে হবে, এমন জোরই বা কেন গ জীবনের সব চেয়ে বড় ধর্ম আনন্দ—এই হ'ল মূল ময়। দশের ভালো ক'রবে—কর। কিন্তু আনন্দ পাওয়া চাই তাতে। আনন্দ না পেলে চলবে কেন গ

কিন্তু ওদের কর্তবার বিদ্যুটে, হঠাৎ-বড়লোকের মত কপালকোঁচকান চেহারা; পাঠশালার গুক্-মশায়ের মত জীবনকে যেন বেত
মেরে মেরে পড়া শেখায়। থিটথিটে খুঁৎখুতে মেজাজ ওদের;
ওবা নিক্ষল কথার পাঁক ঘাটে: তর্কের ধূয়-জালে জীবনকে হেঁয়ালী
ক'রে রাথে; ওদের রূপ রস-গন্ধ-দীপ্তিহীন অন্ধরুপের জীবন—
যেখানে সামান্ত শিপ্তাচারটুকু অবধি নেই; আছে কেবলি কোলাহল আর
কল্হ; সংকীর্ণ দৃষ্টি নিম্নে সংকীর্ণ হৃংখের বিলাস। জীবনকে দীন ক'রে
তোলার যত উপকরণ পায় খুটে খুঁটে তাই দিয়ে মুলি ভরে ওরা; যে ধী
দিয়ে মান্থ্যের অন্তরে প্রবেশ করা যায় সে ধী ওদের নেই—মিথ্যে অহমিকায় তাই ওরা মান্থ্যকে বোঝে না, বুঝতে চায় না; অত পরিশ্রম
করার চাইতে মান্থ্যকে ঘণা করা বরঞ্চ সহজ; তাই ওরা ঘণা করে।
এই হ'লো মধ্যবিত্ত সমাজের চেহারা আর তার নীতিই বলোং আর ধর্মই

বলো সব। এর মধ্যে না আছে কল্যাণ, না আছে মর্বাদা, না আছে দাক্ষিণ্য। 'শ্রী নেই, স্থানেই, সৌন্দর্য নেই; একটা সর্বনেশে বিক্বত বীভংসতা।

এই হলো ক্রিসতফের ধারণা। কিন্তু ওকে যারা আঘাত দিয়েছে, পাণ্টে তাদৈর আঘাত করতে গিয়ে ওর ব্যবহারটাও যে ঐ লোক .গুলোর মত্ট হ'ল, সে ধেয়াল নেই ওর।

ছবিটা এঁকেছে নিখুঁত ক'রে, সন্দেহ নেই; থোলা চোথে দেখেছে ওদের খাঁটি চেহারাই, কিন্তু অপরাধ ওদের নয়; ওরা জীবনের বাজপথের পথিক হ'তে, পারেনি—ওরা তার অন্ধ-গলির ধারেব বাসিন্দা। তাই ওদের বাক-মন-ক্রিয়ার সমস্ত রস শুকিযে গেছে— হুংথের মাব থেয়ে খেযে চেহারাটা অবধি গেকে চ্বে কিন্তু কিমাকাব হ'যে গেছে! কিন্তু ধেহংথেব মার এবাংথায়, সে তুঃখ-দেবতা নয়, যিনি হঠাৎ নেমে আসেন ক্রম-তাওবে—আঘাত দিয়ে হয় একেবারে মারেন, নয় খুলে দেন নব-জীবনের স্বণ-সিংহ্রার। এ অতি ক্র্দ্র তুঃখ:

'গুধু দিন যাপনের গুধু প্রাণ-ধারণেব গ্লানি, সরমের ডালি,

নিশি নিশি রুদ্ধ ঘরে ক্ষুদ্র শিখা স্থিমিত দীপেব ধুমায়িত কালী,

লাভ ক্ষতি টানাটানি, অতি হক্ষা ভগ্ন অংশ ভাগ, কলহ সংশয়,'

একটু একটু করে কোঁটা কোঁটা ক'রে জীবনের রস গুসে নিয়ে চুঁইয়ে চুঁইয়ে পড়ে এ হংথ জীবনের প্রথম দিন হ'তে শেষ দিন পর্বন্ত। কি করুণ পরিহাস! কিন্তু তবু হতভাগাদের বাইরের কর্কশ থোলসটার তলায় খুঁজলে দেখতে পাবে হৃদয় আর মানসের কি বিপুল ঐশ্রের ভাগুার;

চরিত্রের অতুল বৈভব—প্রাণের নীরব বীর্য। ওথানেই তো উত্তরকালের পৃথিবীর শক্তির উৎস, জীবনের বীজ-মন্ত্র।

'কর্তব্য'কে অসামান্ত জেনে ভুল করেনি ক্রিস্তফ। অসামান্ত—
থ্রেম, স্বই অসামান্ত। কিন্তু এত বড় মূল্যের কত বড় হত্যা অহরহ—
আকস্মিক বিপর্যয়ে নয়, হুনীতির বিষে নয—[ হুনীতির ও মূল্য আছে]
কেবল প্রাত্যহিক অভ্যাসে।

য্যাডারও শ্রান্তি এল। ক্রিসতফের মত বিপুল প্রাণ-প্রবাহে অবগাহন ক'রে প্রেমের নিত্য নবীন রসটিকে ও আহরণ ক'রতে পারলে না। কারণ ওর চরিত্রে স্বাস্থ্য নেই। ও কেবল সন্তোগ করেছে। সর্ব ইন্সির দিয়ে প্রেমকে স্বপ্রকারে শোষণ করে ক্র্তি লুটেছে। এখন বাকী আছে ভেঙ্গে ভেঙ্গে ক্রিকরা।

য্যাডার মত বহু বৃদ্ধিমতী দীপ্তিমতী মেয়ে, বহু চচুর দীপ্তিমান ছেলে কি জানি কেন জীবনের প্রতি স্টের ক্ষেত্রে—শিল্পে বল, কর্মক্ষেত্রে বল, সন্তান-স্টে বল, কোথাও কোনো ফল ফলাতে পারে না। হয় তারা স্টে-বিমুধ, নয় শক্তিই বন্ধ্যা। কিন্তু প্রাণ শক্তির প্রাচুর্যে এ দৈলুকে অন্তরে মেনে, নেওয়াও সপ্তব হয় না। তাই বিক্ষোভ আসে এবং সেই বিক্ষোভের প্রকাশ অধিকাংশ ক্ষেত্রেই ধ্বংস-মধী হয়।

ধ্বংসাত্মিকা বৃদ্ধিটা সহজ বৃদ্ধির মধ্যে থাকে প্রচ্ছন। এবং সেই বৃদ্ধিতেই ওরা চায় তুনিয়ার স্বাই ওদের মত নিক্ষণা হোক এবং ওই বৃদ্ধির দৌলতেই ওরা স্বাইকে নিজের শুরে নামিয়ে আনতে চায় যেমন. ক'রেই হোক। সব সময় যে জেনে গুনে ইচ্ছে ক'রে করে তা নয়; আজান্তে ইচ্ছার বিরুদ্ধেও করে। এবং সচেতন মনে এই অপচিকীর্ঘা টের পাওয়া মাত্রই ঘূণায় পিছিয়ে যায়। কিন্তু প্রায়ই এ ইচ্ছেটাকে ওরা লালন করে এবং কেউবা নিতান্ত কাছের মামুষের ওপর অথবা বৃহত্তর ক্ষেত্রে

নিজের শক্তি অনুসারে প্রয়োগ করে। যেখানেই ওরা জীবনকে জীবস্ত দেখে—জীবনের প্রতি ভালোবাসা দেখে—বেখানেই জীবনের এতটুকু কণা খুঁটে পায়—সব কিছুকে ধ্বংস করে। যে-মাছুষ তর্কের খাতিরে মহিমাকে ধর্ব করে, বৃহৎকে হীন করে, আর যে-মেয়ে প্রমোদের জন্ম প্রেমিককে নামায় মাটির ধূলোয়—হুইই এক গোত্রের জীব এবং সমান ভয়ংকর। তুলনা করে মনে হয়, দ্বিতীয় প্র্যায়ের জীবেদের দাত নথে বিষ কিছু কম।

য়্যাডা পারশে ক্রিসতফকে টেনে নীচে নামাত কিন্তু ও কাজ চুর্বলের নয়। অত শক্তি ওর ছিল না। মাছ্যকে নামাতে হ'লেও কিছুটা অস্ততঃ বৃদ্ধির প্রয়োজন। তাও যে নেই এতটুকু য়্যাডা পরথ ক'রে দেখেছে।

য়্যাভা তেমন হিংল্র নয় ব'লেই যে ওর ভালোবাসায় ক্রিসতফের কোনো ক্ষতি হয় নি তা নয়। হয়নি, ওর ক্ষতি করার ক্ষমতা নেই বলে। ওর মনের মধ্যে যে কোনো অপচিন্তা আছে, তা য়্যাভা নিজের কাছেও স্বীকার করে না। সন্তবত ক্ষমতা থাকলে ক্ষতি ও করত না। কিন্তু সে-সাধ্য নেই বলেই ও আরো ক্ষেপে ওঠে। প্রত্যেক মেয়েই চায় যাকে সে ভালোবাসছে তার ওপর সব ক্ষমতা থাটানো য়াবে—ক্ষমতা প্রলংকরীই হোক আর ওভংকরীই হোক। হয়ত এটা মোহ। কিন্তু এ মোহ তার পক্ষে একান্ত প্রয়োজন। এবং এ মোহের স্থ্যোগও তাকে দিতে হবে। নইলে প্রেম বাচবে না। নিজের ক্ষমতা ওরা যাচাই ক'রে দেখবে নিক্তি ধ'রে।

কিন্তু ক্রিসতফ ওকে কোনো প্রশ্রম দিল না। হাসতে হাসতে ম্যাডা জিজ্ঞাসা করে 'আমার জন্ম তুমি তোমার সঙ্গীত-চর্চা ছেড়ে দিতে পার ?' (সভ্যি যে য্যাড়া এ চায় তা নয়)

অকপটে জবাব দেয় ক্রিসতফ:

'উঁহু! তুমি কেন, কারো জক্তই পারিনে। গান আমি ছাড়তে পারিনে।'

ষ্যাডা যেন নিবে যায়। 'এই তোমার ভালোবাসা?'

সঙ্গতি বোঝেনা ব'লেই ও বস্ত ওর আরো অস্থ। অথচ মুখোমুধি হ'রে ক্রিসতক্ষের সঙ্গীত-শ্রীতিকে আঘাত দিয়ে ভাঙ্গবে, এমন কোনই সম্ভাবনা দেখতে পায় না। ছ' এক সময় ক্রিসতক্ষের রচনার বিরূপ সমালোচনা যদি বা করে, ক্রিসতক্ষ হেসে গড়িয়ে পড়ে। ভেতরে ভেতরে রাগে জ'লে যায় য়্যাডা, তব্ চুপ ক'রে যেতে হয়, বুঝতে পায়ে নিজকে থেলো করছে।

এদিকে কিছু স্থবিধে হয় না। কিন্তু আর একটা ফাঁক আছে।
নীতির প্রতি ক্রিসতফের যে অটুট নিষ্ঠা, য্যাডা ব্রুলে এই সব চেরে
ছর্বল ছান। ফোগেলদের সাথে ঝগড়া সরেও, বয়ঃ-সন্ধির মাদকতা
সরেও ওর চরিত্রে একটা অপূর্ব সংযম আছে, এবং আছে গুচিতার জক্ত একটা গ্লভীর পিপীসাঁ। এ সংযম ওর সহজাত, এবং এ পিপাসা ওর
সম্পূর্ণ সজ্ঞান স্কন্থ চিত্তের পিপাসা। য্যাডার মন বাঁধা পড়েছিল এ
নিষ্ঠার টানেই। কিন্তু আরেক বিপরীত প্রবৃত্তির টানে সেদিনের মাধুরীর উৎস আজ ঘুণায় বিষিয়ে উঠল। মুখোম্থি আক্রমণ ক'রলেনা—ওটা
চোরা পথে এল।

'তুমি আমায় ভালোবাসো?'

'নিশ্চয়ই।'

'কতথানি ?'

'ষতটা ভালোবাসা যায়।'

'সে আর কতটুকু—! আছো বেশ, পরীক্ষা দাও। বল কি করতে পার আমাব জন্ম।'

'যা বলো।'

'থারাপ কাজ কিছু করতে পার ?'

'বাঃ চমংকার পরীক্ষা তো।'

'করতেই যে বলছি তা তো নয়। জিজ্ঞাসা করছি পারো কিনা।' 'এ অদ্ভূত প্রশ্নের কোনো দরকার আছে ব'লে তো মনে হয না।' 'यि आिया ठाडे १'

'অক্সায় করবে।'

'হবে-। কিন্তু জবাব দাও করবে কিনা তুমি।'

ক্রিসতফ ওকে চুমু থেতে এগিয়ে এল, কিন্তু ঠেলে সরিযে দিল য়া'ডা।

'वरना कंद्ररा कि ना, राँग वा ना अकठा कवाव माछ।'

'নাগোনা, আমার রাণী! না।'

ভীষণ রেগে মুথ ফিবিয়ে ব'সল য়াভা।

'ছাই ভালোবাসো। ভালোবাসা কাকে বলে জানেট না।'

সবল ভাবে হাসতে হাসতে বলে ক্রিস্তফ:

'তা হবে।' জানে আরো দশ জনের মত কিস্তুক ঝোঁকের মুখেও অবিবেচনার কাজ, অফ্ঠায কাজ, এমন কি তার চাইতে আরো সাংঘাতিক কিছুও করে ফেলতে পারে। কিন্তু স্বাভাবিক অবস্থায় স্থির বিচার নিয়ে 'আলবং পারি ব'লে' যদি কোমর ক্ষেত্র ক্জার সীমা থাকবে না। কিন্তু য়াডার কাছে এ লজা প্রকাশ হ'লে অনর্থ ঘটবে—ওর সহজাত সংস্কারই ওকে সাবধান করে দিল। আবার জিজাসা করে য্যাডা:

'আছা তুমি আমায় ভালোবাসছ কি ভালোবাসার জন্মই, না আমি বাসছি তাই °'

'ভালোবাসি তাই বাসছি।'

'তা হ'লে আমি যদি তোমায় ভালো না বাসি, তা হ'লেও তুমি আমায় ভালোবাসবে; কেমন গ'

'নিশ্চয়ই।'

'আচ্ছা, যদি আর কাউকে ভালোবাসি তা হ'লেও ?'

'সে আমি জানিনে—বোধ হয় না—। বোধ হয় তোমার পরে ভালোবাসি আর কাউকে ব'লতে পারব না;'

'এ পরিবর্তন—৽'

'অনেক কিছুই তো বদলায়, বদলাবে। আমিও হয়ত বদলাব। ছুমি তো নিশ্চয়ই।'

'মাচ্ছা আমি যদি বদলাই, কি হবে তা হলে ?'

'কি হবে ? সব কিছু ওলট-পালট হ'য়ে যাবে। তোমায় ভালো-বাসি সে তুমি ব'লে। তুমি যথন অক্ত কেউ হ'য়ে যাবে, তথন তাকেও ভালোবাসুব এমন কথা হলপ ক'রে বলি কেমন ক'রে ?'

'ছাই ভালোবাসো, ছাই ভালোবাসো। সাত সতের কথা ব'লে লাভ কি। ব'য়েই গেল ভালোবাসো আর না বাসো। যদি ভালো-বেসেই থাকো তবে আমি যাই করি না কেন চিরকাল এক ভাবে ভালোবাসবে।

'সে তো জানোয়ারের ভালোবাসা।'

'জানোয়ারের ভালোবাসাই আমার ভালো।'

হাসতে হাসতে ঠাট্টা করে ক্রিদতক :

'তাহ'লে ভূল করেছ। আমি তোমার অবোগ্য। যে-মানুষ

তোমায় ভালোবাসতে পারবে সে আমি নই। হ'তে পারলে ভালো হ'ত। তবে তা পারবো না, হবোনা।'

'ভারী গুমর তো! আমার চাইতে নিজের ওপরে তোমার টান বেশী দেখছি।'

'কিন্তু পাগলী। আমি যে সত্যি তোমায় ভালোবাসি, তুমি নিজকে যা ভালোবাসো তার চাইতে বেশী। তুমি যত বেশী ভালো হও, সুন্দুর হও, ততই তোমায় বেশী ক'রে ভালোবাসবো।'

'একেবারে ইম্বল-মাষ্টারী বুলি,' শ্লেষের হুরে বলে য্যাডা।

'আচ্ছা তোমার মনের কথাটাই গুনি। আমাব তো স্থন্দর জিনিষই ভালো লাগে। কোনো কিছু কুৎসিত দে'থলেই আমার মন বিগডে যায়।'

'আমার বেলায়ও তাই ?'

'নিশ্চরই! তোমার বেলায় তো আরো বেশী।' রাগে পা মাটিতে ঠকতে থাকে য্যাডা। বলে:

'আমি চাইনে কেউ আমার বিচার করে।'

"বেশ তো! থাক-না বিচার, নালিশই করনা। আমি তোমায় কি চোথে দেখি এবং তোমার মধ্যে আমি কি ভালোবাসি, তাই নিয়ে দাওনা ঠুকে একটা।' ওকে শান্ত করবার উদ্দেশ্যে কোমল স্বরে বলে ক্রিসতফ। হুই হাতে ওকে বুকে জড়িয়ে ধরে চুমু ধায়। য়্যাডা মৃহ হাসে। ক্রিসতফ আস্বস্ত হয়, য়্যাডা সব ভূলে গেছে। কিন্তু ঠিক সেই মুহুর্তেই ও জিজ্ঞাসা ক'রে বসল:

'আচ্ছা, আমার মধ্যে কি কি খারাপ আছে বলতো।'

এত বড় হঃসাহসের কথা কি ক'রে বলবে ক্রিসতফ ? ভীরুর মত জবাব দেয় . 'কই, এমন কি আর ?'

একটু চিন্তা क'त्र हिटन वरन ग्रांडा :

'দাঁড়াও ক্রিন্টলী: 'মিথ্যা কথা না তুমি বলনা' ?

'বলি নাই তো। মিথ্যা কথা আমি ঘেলা করি।'

'ঠিক ব'লেছ। আমারও ঘেলা ধ'রে গেছে। আমারও বিবেক আছে। মিথ্যে কথা আমিও বলিনে।'

ক্যালক্যাল ক'রে ওর দিকে তাকিয়ে থাকে ক্রিস্তফ। ভাবে সত্যি কথাই বলছে ম্যাডা থাঁটি হ'য়ে। এ সরলতাম নিরস্ত হ'য়ে যাম ও।

হুহাতে গলা জড়িয়ে ধ'রে য্যাডা বলে: 'এখন বলতো আমি যদি অক্তকে ভালোবাসি আর তুমি সে কথা জানতে পার, তবে কি তুমি রাগ করবে ?'

'চটিও না বলছি।'

'চটাচ্ছে কে ? আমি সত্যি সত্যি যেন কারো প্রেমে প'ড়ে গেছি। না গো না, পড়িনি, পড়িনি। বলছিলাম, যদি প'ড়েই যাই কোনো দিন তবে…!'

'ওসই কথা ছাডো এখন।'

'কিন্তু আমি যে গুনতে চাই···। বল, রাগ করবে না ? পারবেই না রাগ ক'রতে, তাই না ?'

'না রাগ ক'রবো না, তবে বিদায় নেব। বস্।'
'সে কি ? কেন ? আমি ভালোবাসলেও!'
'ভালোবাসবে ? কি ক'রে ? হজনকে এক সাথে ?'
'নিশ্চয়ই, তা ধেন হয়না!'
'হতে পারে। তবে এ ক্ষেত্রে হবে না।'
'কেন ?'

'যেহেতু, যে-মুহূর্তে আর কেউ তোমার আমার মাঝথানে এসে দাঁড়াবে, দে-মুহূর্ত থেকে আর আমায় খুঁজে পাবেনা। কোনো দিন না…।'

'किश्व এक्कृनि एव वल्ला;

'তাঁহ'লে প্রমাণ হ'ল তো যে আমায় মোটেই ভালোবাসো না।' 'ভালোই তো হ'ল তোমার।'

'কারণ---৽'

'কারণ তুমি অন্তকে ভালোবাসলেও যদি আমি তোমায় ভালো-বাসি, তাহ'লে কে জানে তোমার আমার আর সেই ব্যক্তির পক্ষে মঙ্গল নাও হতে পারে।'

'পাগল হ'লে ? তুমি বলতে চাও, সারা জীবন ধ'রে তোমার সাথেই আমাকে গাঁঠ-ছড়া বেধে থাকতে হবে ?'

'না। ভয় পেয়ো না। তা হবে না। তুমি মুক্ত, কোনো দায় নেই তোমার, যে দিন ইচ্ছে হয় চ'লে যেও, দার থোলা রইল। তবে যাওই যদি, অমনি যাওয়া চলবেনা, একেবারে শেষ বিদায়ের পালা চুকিয়ে, চল্ল ম ব'লে যাবে।'

'কিন্তু আমি যদি তথনও তোমায় ভালোবাসি!'

'দেখ, ভালোবাসা মানে পরস্পরের কাছে নিজকে একেবারে বিলিয়ে দেওয়া। ওথানে বাকীর কারবার চলে না।'

'বেশতো…দাও না দেখি তুমিই।'

না হেসে থাকতে পারশেনা ক্রিসতফ ওর আত্ম-কেব্রিকতাশ। য্যাডাও হাসে।

'একতরকা **?'** ক্রিসতফ বলে। তার মানে ভালোবাসাটাও একতরকা।' 'মোটেই নয়। তার মানে ভালোবাসা ছুই তরফা। কিন্তু সে যাই হোক, তুমি যদি আমার হাতে নিজকে ছেড়ে দিতে না পারো, তবে আমার ভালোবাসা বেশী দিন আশা ক'রোনা। ক্রিষ্টা, একবার ভাবো, যদি তাই পারো, তোমার ভালোবাসা তবে কত বেড়ে যাবে— কত আনন্দ পাবে তুমি।'

মেঘ উড়ে গেল, হজনে উঠল হেসে।

হেসে য়াাডার দিকে তাকাল ক্রিসতফ। ক্রিসতফকে ছেড়ে যাবার কথা য়্যাড়া মুখে অবশ্ৰ বলেছে, কিন্তু সত্যি ছেড়ে যাবার কথা ও ভাবতে পারে না। বিরক্তি আসে, ক্লান্তি আসে, কিন্তু অমন পরিগুচি গভীর নিষ্ঠার দাম ও বোঝে। তা ছাডা এখনও ওর জীবনে আর কেউ আসেনি। এতক্ষণ শুধু থেলা করছিল; কতকটা ক্রিসতফকে চটাবার জক্তও বটে। জানে এ ধরণের কথায় ও চটে। অক্ত কারণও ছিল। ছোট ছেলেরা নােংরা জল ঘেঁটে ঘেটে থেলতে যেমন ভালোবাসে, নােংরা কথা, নোংৱা চিন্তা নিয়ে খাটাঘাটিতে ওরও কতকটা তেমনি আকর্ষণ আছে। ক্রিস্তফ এ জানে। কাজেই ও বিশেষ কিছু মনে করেনা। কিন্তু বড় প্রান্তিকর এই পাঁকে মুখ গুঁজে প'ড়ে থাকা, আর এই নিরন্তর সংশয়ের দোলা। ও ভালোবাসে এই মেয়েকে আর সম্ভবতঃ ওদের ভালোবাসাটা পারস্পরিক; অথচ এই অনিশ্চয়তা। এক এক সময় যেন একেবারে তেকে পড়ে য্যাডাকে নিয়ে আত্ম-ছলনা করতে করতে। চোথে জল আসতে চায়। ভাবে, কেন জ্যাড়া অম্বন ? সংসারের মানুষ্ঠ বা এমন কেন ? জীবন এত বিড়ম্বনার ? কিন্তু যেই ফুলর মুখখানা চোখে পড়ে, স্থনীল গভীর ছটি চোখ, কুস্লম-স্লুকুমার বর্ণ, হাসির হ্যাতি-ঝরা মুধর এক জোড়া ঈ্টমং-কাঁক ঠোঁট, সেই আধ-থোলা পথে গুল্ল-দস্ত-ক্ষৃচির হল্ম রেণাট, আর উজ্জ্বল জিভথানির একটু ঝিলিক, ওর মুখ হাসিতে উদ্ভাসিত হ'য়ে ওঠে; হাসি অব্দ্রুতে মিশে বায়। তুই জোড়া ওঠ অতি অন্তরঙ্গ হ'য়ে ওঠে; ক্রিস্তৃফ ওর দিকে তাকায় যেন বহু বহু দূরের আর এক জগং হ'তে। ওর মনে হয়, ক্রুমশ যেন দূর হতে দূরে স'রে যায় মুখথানি, অদৃশু হ'য়ে যায় কুয়াশার যবনিকার আড়ালে—এবং তার পর দৃষ্টির সন্ম্থ্রেকে একেবারে হারিয়ে যায়। ওর কথা অবধি কানে আসেনা—যেন এক স্থ্রখময় বিশ্বতির জগং। ওই বিশ্বতির জগতে একা জাগে স্থর্নালী ক্রিস্তৃফ—তার চেত্রনার আকাশ জুড়ে স্থদ্রের স্বপ্প—এ ক্রিস্তৃফ, এ স্বপ্রের সাথে য়্যাডার কোনো পরিচয়, কোনো সংযোগ নেই। আঃ—সঙ্গীত আপর্মণ ! ক্রন্দ্রনী পৃথিবীর বুকের কায়া— একমাত্র দরদী, মরমী বন্ধ। আর স্ব মিথ্যে—একমাত্র এই স্ত্য।

য়্যাড। ওর হাত ধ'রে ঝাঁকানি দেয়। অপরিচয়ের স্বরে চীৎকার করে ওঠে:

'কি হয়েছে তোমার বলতো ? পাগল হ'লে ? আমার দিকে অমন ক'রে তাকাচ্ছ কেন ?'

ওর দিকে তাকিয়ে-থাকা চক্ষু-জোড়ার দিকে গভীর ভাবে,ক্রিসতফ তাকায়। কার চোথ ৽ হাঁা, হাঁা মনে প'ড়েছে। গভীর দীর্ঘ-নিঃখাস বেরিয়ে আসে।

নিরীক্ষণ ক'রে দেখে ওকে স্থাডা। খুঁজতে চেষ্টা করে কি ভাবছিল এতক্ষণ!—ওর মনের গছনে ডুব দিতে চেষ্টা করে। কিন্তু এ কি ওর ব্যাবার জিনিষ ? তবু একটু যেন বোঝে; বোঝে যে, এনামুষকে খ'রে রাখা যাবেনা। ওর স্পর্শেষ্ট বন্ধ ছারের আগল খুলে যাবে, আর সে খোলা ছারের পথে পাগল পথিক চ'লে যাবে। রাগ হয়। কিন্তু প্রকাশ করেনা।

আর একদিন এমনি বিচিত্র ভাবাবেশের পরে ম্ব্যাডা জিজ্ঞাসা করল: 'কাঁদছ কেন প'

চোখে হাত দিয়ে দেখে সত্যি তো চোখ ভেজা। বলে, 'কি জানি, জানিনে।'

'কেন মন খুলে কথা বলনা বলতো তিন তিন বার ওই একই কথা বলেছ।'

'কি চাও বল !' কোমল ভাবে বলে ক্রিসতফ।

আবার সেই পুরাণো আবর্জনা। ক্লান্ত ভাবে ক্রিসভফ প্রতিবাদ করে মাথা নেড়ে।

'বাদ্! বাদ্! আর একটি কথা মাত্র।' ব'লেই আবার জের টানতে আরম্ভ করে য়্যাড়া।

ক্রিসতক রাগে কাঁপে।

'দেখ ওসব ইতরামীগুলো তোমার নিজের মনেই রাখো।' 'বাবাঃ, ঠাটাও বোঝনা।'

'ঠাটাগুলোকেও একটু ধোপ-হরস্ত করা দরকার।'

'আচ্ছা ঠাট্টাতে কেন চ'টে যাও বলতো ?'

'কেন ? আঁস্থাকুড় থেকে হুর্গন্ধ কেন বেরর এ নিয়ে লাঠালাঠি ক'রবে কার সাথে ? গন্ধ বেরয়, বেরুবে, এ তার ধর্ম। বাস্। পাশ দিয়ে ধাবার সময় নাকটা বন্ধ করি বৈকি।'

য়াাডা রাগে তুন্দাম করে পা ফেলে চলে গেল। কিন্তু ওর মুখ বন্ধ হয়লা। যথনই স্থাোগ পায়, ক্রিসতফের বিবেকে বাধে রুচিতে বাধে এমনি সব অগ্লীল আলোচনা টেনে টেনে আনে।

ক্রিসতক ভাবে ওর রুচিকে আঘাত ক'রে য়্যাড়া আনন্দ পায়। এ ওর ব্যাধিগ্রস্থ বিকৃত মনেরই সাক্ষ্য। আবার মরীচিকার পেছনে ছোটে—নৃতন আশায় বুক বেঁধে আবার য্যাডার কাছে ফিরে আসে।
ক্রিসতফ ভালোবাসে। প্রেমই বিশ্বাস। ভগবান আছেন কি নেই
সে বিচার তুক্ত। বিশ্বাস করা বিশ্বাসের নেশায়। তেমনি
ভালোবাসার নেশায় ভালোবাসা।

ফোগেলদের সাথে ঝগড়ার পরে, ও-বাডীতে থাকা আর চললনা। লুইসাকে আর একটা বাসা খুঁজতে হ'ল।

জিসতফের পরের ভাই আনেটের থবর নেই বহুদিন। হঠাৎ সেদিন সে বেকার অবস্থায় এসে উপস্থিত। । কাজ জুটিয়েছিল একটার পর একটা ক'রে অনেক কটাই : টিকতে পারেনি কোথাও। হাতে প্যসা নেই—শ্রীর ভেক্তেছে ; স্থতরাং মায়ের আশ্রয় ছাড়া গতি ছিল্না।

ভাইবের সাথে আর্নেষ্টের অসম্ভাব নেই; তবে তাদের বড একটা মাথা ব্যথাও নেই ওর জন্যে,; কিন্তু এ জন্ম ওর কোন আফশোষ নেই। তাইদেরও কোনো রাগ নেই—ও যেন রাগেরও অযোগ্য। বাগ কার ওপরেই বা করবে। ওকে কিছু বলা মানে হাওয়াকে বলা। "কোথাও কোনো দাগ থাকবেনা। ধৃতি চোথ ছটি দিয়ে কেবল হাসবে, দেখাবে যেন ভারী অমুতাপ হয়েছে, কিন্তু মনের মধ্যে ঠিক উন্টো; ওদের কথায় সাম্ম দিয়ে যাবে, ধন্মবাদ দেবে ঘটা ক'রে এবং শেষ পর্যন্ত যেমন, করেই হোক ছুজনের কারো না কারো কাছ থেকে টাকা আদায় করবে। ওদের বাবার সাথে আর্নেষ্টের সাদৃশ্য সবস্তেয়ে বেশী। এই খুশ-মেজাজী ছেলেটাকে ক্রিস্তক্ষ ভালো না বেসে থাকতে পারে না। ক্রিস্তক্ষের মতই ওর দীর্ঘ বলিষ্ঠ স্কুল্লাদ দেহ, মুথের ভাবথানি যেন ওর মনের খোলা বাতায়ন; সরল ঋজু নাকটি, মুখে

হাসি লেগেই আছে, তার ফাঁকে গুল্ল দন্তপাটির ক্ল্ম রেখা; ব্যবহার, ধরন-ধারন মান্ম্যকে কাছে টানার মত। ভাইকে শাসন করার জন্ত কড়া কড়া কথা শান দিয়ে রাখে ক্রিস্তফ; কিন্তু ওকে দেখলেই আর কিছু মনে থাকে না। ভাই-এর জন্ত ওর বুকে মাতৃ-মেহের প্রশ্রম। ভার কিছুই মন্দ ঠেকেনা ওর চোখে। আনেইও নির্বোধ নয়। কালচার হয়ত নেই কিন্তু বুদ্ধি নেই এমন নয়। মনোজগতের ব্যাপারে ওর খ্ব আগ্রহ। গান গুনতে ভালোবাসে; না বুঝলেও দাদার রচনা আগ্রহ দিয়ে শোনে। পরিবারের কারো কাছ থেকে খ্ব বেশী প্রশ্র বা সহাত্ততি ক্রিস্তফ কথনও পায়নি; তাই ভাইকে মাঝে মাঝে কনসাটে দেখে ওর ভারী ভালো লাগে।

তুই ভাইএর চরিত্রের অলিগলি ওর নথাগ্রে। এবং এ জ্ঞানকে ও ঠিক স্থযোগ ব্রে কাজে লাগায়। আনেষ্টের আসল প্রতিভা এইখানে। ক্রিসতক লক্ষ্য করেছে আরনেষ্ট অত্যস্ত আত্ম-কেন্দ্রিক। নিজের বাইরে আর সকলের সম্বন্ধে সে উদাসীন। মায়ের আর দাদার কথা মনে হয় কেবল দরকার হলে; কিন্তু শুধু চোথেই দেখে ক্রিসতক, শক্ত হ'তে পারে না। ফ্রাইয়ের আহরে ব্যবহারে ওর মন গলে যায়। অতএব সে যা চায়, দাদার তাতে ঢালা মঞ্জ্রী। রুডলাকের স্বভাব একেবারে বিপরীত—মাপা-জোথা, হিসেব-করা, নিয়মে-বাঁধা; কাজ কর্ম করে মন দিয়ে; চরিত্র একেবারে নির্ভেজাল; টাকা-পয়সায় জন্ম হাতও পাতেনা: কাউকে কিছু হাত উর্ল্টে দেয়ও না। প্রতি রবিবার মাকে দেখতে আসে; এক ঘন্টা থাকে—এবং যতক্ষণ থাকে নিজের সম্বন্ধে, কাজ সম্বন্ধে, কর্ম স্থল সম্বন্ধে বড় বড় কথা বলে। অর্থাৎ ওর যত কথা নিজকে কেন্দ্র ক'রেই ঘোরে। ভূলেও কারো কথা জিজ্ঞাদা করে না; ঠিক এক ঘন্টা পরে চলে যায় কর্তব্য পালন করেছে সেই খুলিতে ডগমগ হয়ে। স্ব

দিক দিয়ে একেবারে নিখুঁত। তবু আর্নেষ্টকেই বেশী ভালো লাগে; রুড**ল্**ফকে °সন্থ করতে পারেনা ক্রিস্তফ। ওর আস্বার সময় হ**লে** বেরিয়ে যায়। রুডল্ফের হিংসে আছে দাদার 'পর। আটিষ্ট নামেই ওর বিরাগ। তার ওপরে দাদার কৃতিছে ওর রীতিমত বুকে ঘা লাগে; বঁদিও তার সাম। অখ্যাতিটুকুকে ও নিজের স্বার্থে অকুণ্ঠ চিত্তে ব্যবহার করে থাকে নিজের ব্যবসার মহলে। অবশু বাড়ীতে কোনো কথা ঘুণাক্ষরেও উচ্চারণ করেনা; এড়িয়ে যায় কৌশল করে; কিন্তু ক্রিসতফের সম্বন্ধে কুৎসাগুলোকে লুফে নেয়; ফেনিয়ে ফাপিয়ে রীতিমত, বাড়াবাড়ি করে। এই ধরণের নীচতা ক্রিসতফ বরদান্ত করতে পারেনা। তবু যেন 'দেখেনি এমনি ভাবে পাশ কাটিয়ে যায়। কিন্তু এখনও ও জানেনা যে সব কিছুর জোগান দেয় আনেষ্ট। জানলে ওর বুক ভেকে যেত। ধূর্ত হুই ভাইয়ের মধ্যে বিভেদের ইন্ধন জোগায় অলক্ষ্যে। ক্রিসতফের প্রতিভাকে ও অস্বীকার করে না। এবং মাঝে মাঝে উপহাস করলেও তার সহজ উদার হৃদয়টির প্রতি ওর মমতা আছে। কিন্তু চতুর হিসেবী বুদ্ধি দিয়ে হুটোকেই কাজে লাগায়। দাদাকে যে রুডলফ দেখতে পারে না, এ ওর ভালো না লাগলেও তার স্থযোগ গ্রহণ করতে ওর লজ্জা নেই। রুডলফের অহংকার আর হিংদেকে ও ফাঁপিয়ে তোলে, ওর গাল খায় ভব্তিতে মুয়ে, ওকে রসিয়ে রাথে শহরের যত লোকের কুৎসার থবর জুগিয়ে— বিশেষ ক'রে দাদার। ক্রিসতফের সম্বন্ধে কেমন ক'রে যে ও এত খবর রাথে সে এক আশ্চর্য।

এমনি ক'রে অবাধে আর্নেষ্ট নিজের কাজ হাসিল করে। রুডলফ লোভী; তবু ক্রিসতফের মত সে থুশি হ'য়েই যেন আর্নেষ্টের হাতে নিজকে ডালি দেয়। আনেষ্ট ওকে লুট করুক এই যেন ও চায়। এবং আর্নেষ্টেরও বিন্দুমাত্র পক্ষপাতিত্ব দেখা যায় না এ বিষয়ে। 
হুজনের ক্ষেহু ও পকেট সমভাবে ভোগ করে সে।

এত চতুর হওয়া সংবাধ এবারে বাড়ী এসে ওর অবস্থাটা অত্যন্ত শোচনীয় হ'ল। এল ও মিউনিক থেকে। কদিন আগে ওথানে একটা কাজ পেয়েছিল। পাবার সঙ্গে সংক্ষেই সেটি যায়। স্থতরাং অধিকাংশ পথ ওকে পাড়ি দিতে হলো জল ঝড়ের মধ্যে হেঁটে—এবং পথের রাতগুলো কাটল যেথানে সেথানে। সারা গায়ে কাদা নিয়ে, ভেঁড়া ময়লা কাপড়ে, অশ্রান্ত কাশিতে এমনি অবস্থায় এল, দেথে মনে হল আর বাঁচবেনা।

চেহারা দেখে লুইসা আপনাকে সামলাতে পারলে না। ক্রিস্তফ ভয় পেয়ে ছুটে এসে ওকে একেবারে বুকে জড়িয়ে ধরল। এমনিতেই আর্নেষ্টের চোথের জল সহজ। আজ ওকে দেখে মা দাদার যে অবস্থা হ'ল; ও তার স্থযোগ অমনি যেতে দিল না। আজ অফ বইল একেবারে ধারায় ধারায়। চোথের জলে ধুয়ে মেঘের লেশও রইল না সম্পর্কের মধ্যে। তিন জনের চোথের জল এক ধারায় মিশে গেল।

ক্রিসতফ নিজের ঘরখানি ছেড়ে দিল। তারপর হজনে মিলে ভারী ব্যস্ত হ'য়ে বিছানা পেতে গুইয়ে দিলে ওকে। ডাক্তার এল—চিকিৎসা, ঔষধ পথ্যাদির যতদূর সম্ভব ভালো ব্যবস্থা হ'লো। অগ্ন্যাধারে পরিচ্ছর একটি আগুন জ্ব'লে ঘর গ্রম হ'লো। মা দাদা হজনে পালা ক'রে রোগীর গুশ্রমার ভার নিলে।

আনে ই এসেছে একেবারে এক কাপড়ে ভিধিরী হয়ে— সতএব জাভিভাবকদের হাতে নিজকে দলৈ দিলে একেবারে বাধ্য ছেলের মত। ওর কাপড় জামা ছুতো, মায় স্তোটি অবধি তৈরী ক'রতে হলো নতুন করে। ইদানীং ক্রিসতফের আর্থিক অবহা বড় শোচনীয় হ'য়ে প'ড়েছে। বাড়ী বদলের ধরচ, নৃতন বাড়ীর ভাড়া বেশী, গান শেখানর

কাজও চলে গেছে অনেক কটা। সংসার চলছিল কোনোমতে টেনে বুনে। এখন এই বাড়তি ধরচে টানের ওপর আরো টান পড়ল। কড়লফের অবস্থা স্বছল, তার কাছে সাহায্য চাওয়া থেত। কিন্তু চাইতে পারলে না ক্রিস্তফ, ওর আত্ম-সন্মানে ঘা লাগল। বড় ভাইয়ের কতব্য হিসেবে ভাইয়ের ভাব নিজের হাতে তুলে নেওয়াই ও সন্মান-জনক বলে গ্রহণ ক'রল। এই সন্মানকে বাঁচাতে গিয়ে পরম অসন্মান বরণ ক'রে নিতে হ'ল ওকে। কদিন আগেই কোনো এক ধনী সথের গাইয়ের কাছ থেকে একটা প্রস্তাব আসে, ওর একটা রচনাকে, সে তার নিজের বেনামায় ছাপাবে। মাগুলটা বেশ বড রকমের। কিন্তু সেদিন এই অসন্মানজনক প্রস্তাব ও ম্বায় প্রত্যাখ্যান করেছিল। কিন্তু আজ উপ্যাচক হয়ে হাত বাডাতে হ'ল। লক্জায় ওর মাথা হেঁট হ'য়ে গেল। আর্থিক দায় মেটাতে মাকেও নিতে হ'ল চেঁড়া-রিপুর কাজ। যে টাকা ঘরে আসতে লাগল তার আসার পথটাকে মিথ্যে দিয়ে ঢেকে নিজেদের এই অসীম ত্যাগের কথা ওরা পরম্পরের কাছে সম্পূর্ণ গোপন ক'রে রাখলে।

একটু সেরে উঠলে পর একদিন আগুনের পাশে জড়সড় হ'রে বসে প্রবল কাশির ফাঁকে আর্নেষ্ট প্রকাশ ক'রল ওর কিছু ঝণ আছে। সে ঝণও শোধ হ'ল বিনা প্রতিবাদে। ,ওকে কেউ কিছু বললে না—সবে রোগ থেকে উঠেছে; দ্বিতীয় কথা, হারানো ছেলে ফিরে এসেছে এতদিন পরে। দেখে গুনে মনে হয় যেন ওর অফুতাপ হ'য়েছে, রোগ আর হৃঃথের আগুনে পুড়ে পুরানো আর্নেষ্ট বাঁটি সোনা হয়েছে। চোথের জলে ভেসে এমনি করুণ ক'রে নিজের পুরানো ইতিহাস বলে যে লুইসা কোলের কাছে টেনে নিয়ে চুমু থেয়ে ওকে আখাস দেয়: 'যা হবার হ'রে গেছে আর ভাবিসনে কিছু, সব ভূলে যা দেখি এখন!' মায়ের আদর

কাড়ার কোশল আনেই ভালো ক'রে জানে। এককালে ক্রিস্তফ একটু হিংসে ক'রত; এখন ভাবে রোগা কোলের ছেলে, আদর করবেই তোমা। ওদের ছজনের মধ্যে বয়েসের তফাৎ সামান্ত, তবু ক্রিসতফের মেহের রূপটা গভীর বাৎসলাের। আর্নেই যেন ওর ভাই নয়, ছেলে। আর্নেইও খুব মানে দাদাকে; প্রায়ই ছঃখ করে দাদার কাঁধে এত বড় বোঝা। তার জন্ম কত ত্যাগ স্বীকার করতে হছে। কিন্তু ক্রিস্তফ ওর মুখ চাপা দেয়। আর্নেইের চোথের দৃষ্টিতে ভারী বিনম্ন সম্লেহ একটি রুতজ্ঞতার ভাব ফুটে ওঠে। এমনি করে কর্তব্য শেষ করে আর্নেই। ক্রিস্তফ ওকে বত উপদেশ দিক, ও তর্ক করে। দেখে মনে হয় যেন সে ছেলেই নয়, ভালো হ'য়ে এবার স্ত্যি কাজের ছেলে হবে।

ধীরে ধীরে ও ভালো হ'রে উঠল, কিন্তু রোগোন্তর অবস্থাটার জের রইল বছদিন। ডাক্তার রায় দিলেন অত্যাচারে স্বাস্থ্য ভেঙ্গেছে, স্থতরাং এই ভাঙ্গা স্বাস্থ্যকে এখন জীইরে তুলতে হবে বছ যত্নে। অতএব থেকে যেতে হ'ল মায়ের কাছে। শোয় ক্রিস্তফের বিছানায়, খায় তার মাথার ঘাম পায়ে কেলে উপার্জনের অন্ধ, আর মায়ের স্যত্ব নিপুন হাতের তৈরী চব্য, চোয়া, লেছ, পেয়। যাবার নামও করেনা। ক্রিস্তফ আর লুইসাও কখনো ও প্রসঙ্গ তোলে না। ভাই ভাইকে আর মা ছেলেকে ফিরিয়ে পেয়ে হাতে স্বর্গ পেয়েছে।

স্থানি সন্ধ্যাট ক্রিস্তফের কাটে আর্নেটের সঙ্গে। ধীরে ধীরে ও অন্তর্গ হয়ে ওঠে; হৃদয়ের বার খুলে দেয়। একজন কাউকে, অন্ততঃ বিশ্বাস ক'রতে না পেলে ও যেন আর বাঁচতে পারছে না। আর্নেটি চছুর ছেলে। ওর মন কাজ করে চোথের নিমেষে—অর্থাৎ একটু আভাসেই ও বুঝে নেয়। ওর সঙ্গে কথা ব'লে তাই ভালো লাগে। কিন্তু চেটা ক'রে বলতে গিয়েও,—ওর প্রেমের ইতিহাস মুখ ফুটে বলতে পারে না। লজ্জায় কেবলি গলা বন্ধ হ'য়ে আসে। আর্নেষ্ট সবই জানে এ ব্যাপারের। কিন্তু মুখের ভাবে তার ছায়া পাওয়া গেলনা।

আনেষ্ট সম্পূর্ণ ভালো হ'য়ে গেল। একদিন বিকেল বেলা রাইননদীর ধারে বেড়াতে বেড়াতে এসে পড়ল একটা হোটেলের ধারে।
ভেতর থেকে ভেসে এল উচ্চুসিত কলরব—রবি বাসরীয় পান-ভোজন,
নাচ-গান-হলা চলছে। ভেতরে চোথে পড়ল চেনা মাফুস—ক্রিসতফ।
য়্যাডা, মীরা সাথে রয়েছে। কোলাহলে মেতে রয়েছে ওরা। চোথাচোথী হ'য়ে গেল। ক্রিসতফের মুথ লক্ষায় ঝলসে উঠল। বৃদ্ধিমান
আনেষ্ট বুঝতে দিলেনা ও দেথেছে—পাশ কাটিয়ে চ'লে এল।

ক্রিসতফ বিব্রত হ'য়ে পড়ল। সঙ্গীদের সম্বন্ধে যেন আরো তীব্র ভাবে সচেতন হ'য়ে উঠল। ছোট ভাই এই সঙ্গীদের সাথে ওকে দেখল। এর পর আর্নেইকে আর ও কোন অধিকারে বিচার করবে! সে অধিকার ওর খোয়া গেল। সাথে সাথে বড় ভাই-এর কর্তব্য থেকে ভ্রষ্ট হ'য়ে নিজের চোখেই নেমে গেল।

রাতে গুতে এসে ক্রিস্তফ ভাবলে নিশ্চয়ই আনে প্তি এসঞ্চা তুলবে। ওর বৃক কাঁপতে লাগল। ভয়ে ভয়ে প্রতীক্ষা ক'রতে লাগল। কিন্তু আর্নেপ্ত বৃদ্ধি করেই কোন কথা তুললে না—ভাবলে দালাই তুলবে। কাপড় ছাড়তে ছাড়তে ক্রিস্তফ ঠিক ক'রলে আজ্ব আর্নেপ্তের কাছে য়্যাডা আর ওর ব্যাপারটা খুলে বলবে। এত অস্বন্তি বোধ হ'তে লাগল যে আর্নেপ্ত-এর দিকে ও তাকাতে পারলে না। লজ্জায় গলার স্বর কেমন হ'য়ে গেল। আর্নেপ্ত-এর তরফ থেকে কোন সাহায়্য এ'ল্না; ওর দিকে তাকাল না পর্যন্ত সে। নিঃশঙ্কে অস্ত দিকে চেয়ে গুনতে লাগল। কিন্তু সন্ধানী দৃষ্টিটা গোপনে রইল

ওর দিকেই; এলোমেলো কথাগুলো প্রত্যেকটি কান পেতে গুনল, মনে মনে হাসল। খ্যাডার নামটা কিছুতেই মুখে আনতে পারে না ক্রিস্তফ: বিনা নামের যে ছবিথানি মুগ্ধ ভাষার তুলিতে আঁকলে তা য়্যাডার ছবি হ'লনা, হ'ল প্রেমিকের হাতে আঁকা প্রিয়ার ছবি। প্রিয়ার নাম না ধরলেও, ওর প্রেমের কাহিনীটি ব'লে বেতে লাগল। ধীরে ধীরে গভীর ভালোবাসায় হৃদয় উঠল উথলে, ওকে যেন ভাসিয়ে নিয়ে গেল সেই বান-ডাকা স্রোত। তার উত্তাল তরকের আবর্তে উচ্ছৃত হ'ল ওর মর্মের বাণী:—ভালোবাসাই জীবনের রসায়ন। ওর এতদিনকার প্রেম-হীন জীবন কি জীবন ছিল। এখন প্রেমের প্রদীপ জ'লেছে, ওর জীবনের জাঁধার উঠেছে দীপ্ত হ'য়ে। জীবন তো জীবনই নয়, যদি প্রেম না থাকে আত্মার গভীরে। গন্তীর ভাবে अनल आर्त्रहे, जवाव फिल को मन क'रत । जिज्हामा कदल मा किছू। অন্তরক্ষতাবে দাদার হাতে ও হাত রাখল। সেম্পর্শ যেন বলে দিয়েগেল আর্নেষ্টের মর্মেও একট স্তর। এর পর জীবন ও প্রেম সম্বন্ধে তু'জনে অনেক আলোচনা হ'ল। ভাই ওকে এমন ক'রে বুঝবে, ক্রিসতফ এতটা আশা করেনি। আনন্দে ওর অন্তর ভ'রে উঠল। গভীর আলিঙ্গনে সেই আনন্দকে ভাষা দিয়ে ওরা গুয়ে প'ডুল।

ক্রিসতফ এখন আর সব কথা আর্নেষ্টকে না ব'লে থাকতে পারেন।—
যদিও এখনও লজ্জা যায়নি, এখনও সহজ হ'য়ে উঠতে পারেনি।
আর্নেষ্টের ব্যবহারে ক্রমে ওর ভয় ভালল, য়্যাডাকে নিয়ে যে অস্বৃত্তি ওর
স্বনের মধ্যে নিরন্তর দংশন করছিল তাও ভাইয়ের কাছে আর গোপন
করল না; কিন্তু য়্যাডাকে কোনো দোষ দিলেনা। দোষ দিলেও
নিজকে; ওর ত্বই চোথ জলে ভ'রে উঠল,— য়্যাডাকে হারিয়ে ও
বাচবে না।

য্যাভার কাছেও আর্নেষ্টের কথা বলল—ওর কত বৃদ্ধি, কত স্থলার দেখতে, ফিছুই বলতে ভুললে না।

য়্যাভার সাথে পরিচয় ক'রে দেবার জন্ম একদিনও ক্রিস্তক্ষকে অফুরোধ করেনি আর্নেষ্ট। কিন্তু মুখ গুমরে ব'সে থাকে, কোথাও বেরয় না। কিছু ব'ললে বলে কোথায় কার কাছে যাবে, কেইবা চেনা আছে। রবিবার ক্রিস্তফ য়্যাভাকে নিয়ে বেড়াতে বেরয়, কিন্তু মনের মধ্যে কেবলি থোঁচা বাজে, আর্নেষ্ট ঘরের কোণে বসে রয়েছে। কিন্তু প্রিয়-সারিধ্যাট তৃতীয় ব্যক্তির উপস্থিতিতে ব্যর্থ হবে। বুঝছে বড় স্থার্থপরতা হচ্ছে। একদিন অগ্ত্যা আর্নেষ্টকে সঙ্গে নিয়ে গেল।

য্যাভাব ঘরের সামনে সিঁভির গোড়ায় হুজনের পরিচয় হ'ল শিষ্ট অভিবাদনের বিনিময়ে। কায়ার ছায়ার মত যেথানে য্যাভা সেথানে মীরা। আজও য্যাভার সাথে সাথে মীরাও বেরিয়ে এল। আর্নেষ্টকে দেখেই বিশ্বয়ে উঠল চীৎকার ক'রে। আর্নেষ্ট মৃহ হেসে এগিয়ে এসে মীরাকে সপ্তায়ণ করল চুম্বন করে। মীরার অবাক লাগল না—অত্যন্ত শ্বাভাবিক ভাবেই গ্রহণ ক'রল।

ক্রিসতফ অবাক হ'ল:

'কি হে আগে থেকেই চেনা আছে বুঝি ?'

'নিশ্চয়ই ।' হাসতে হাসতে মীরা বলে।

'কবে থেকে ?'

'সে অনেক দিন।'

স্যাডার দিকে ফিরে ব'লল: 'তুমি জানতে ? বেশ তো! আমার বলোনি কেন ?'

য়্যাড। ঘাড় বাঁকিয়ে জবাব দিলে: 'মীরার কি এক আধজন প্রেমিক আমি চিন্ব কি ক'রে স্বাইকে গ' মীরা রাগের ভান করে। এর বেশী কিছু ক্রিস্তফ জানতে পারলেনা। মনটা কেমন মুষড়ে গেল। ভাবতে লাগল দীরা ভো ব্যাডার কাছে কথনও কিছু গোপন করেনা। এ ব্যাপারটাই গুধু মীরা গোপন করে গেছে, এ কথা কেমন ক'রে বিশ্বাস করবে ? বেশ বোঝা শাছে, য্যাডা ও আনেপ্টের আগে থেকেই পরিচয় ছিল। কমন মনে হছে কি একটি ষড়যন্ত্র বাতাসে ভাসছে। ওরা ওকে ছলনা করেছে। কিন্তু কই ও তো পারলেনা কোনো অসত্যকে টেনে আনতে! ও সতর্ক হ'য়ে রইল। কিন্তু কিছুই চোথে পড়ল না—সামান্ত হুচারটে কথাই বললে ওরা। আনেন্ট সারাদিন মীনার সঙ্গে কাটাল। য্যাডার কথাবার্তা ক্রিস্তফের সাথেই হ'ল। আদ্ধু থেন ওর ব্যবহারটা একটু বেশী মিঠে।

এখন খেকে আর্নেই ওদের দলের একজন। ও সঙ্গে থাকে, মোটেই ভালো লাগেনা ক্রিসতফের, অথচ মুখ ফুটে বলতে পারেনা সাহস ক'রে। আর্নেই সামনে থাকলে আসলে ওর লজা করে; নয় তো এমনি কোনো সন্দেহের কারণ ঘটেনি। আর্নেইও তার অবকাশ দেয়নি। বরঞ্চ মনে হয় ও মীরার সাথেই প্রেমে পড়েছে। য়্যাডার সাথে ওর ব্যবহার সংঘত, সসন্মান ও শিষ্ট। এবং দেখা যায় য়্যাডাকে ও স্বত্নে এড়িয়ে চলে। দাদার বান্ধবীকে ও যেন প্রাপ্য সন্মানটাই দিতে চায়। কিন্তু বাড়াবাড়িটাও চোথে লাগে। য়্যাডা অবাক হয়না অথচ সাবধান থাকে।

সেদিন অনেক দ্রের পালায় রওনা হ'ল স্বাই এক সাথে। হ'ভাই আগে আগে চল। য়্যাডা আর মীরা অল্প দ্রে পেছন পেছন আসছে হাসতে হাসতে কি যেন ফিস ফিস ক'রে ওরা বলছে। কথনও বা রান্তার মাঝখানে দাঁড়িয়ে প'ড়ে কথায় মাতে। আনেই ক্রিসতফ থেমে

অপেক্ষা করে। কথনও ক্রিস্তৃফ রাগ ক'রে'না থেমে এগিয়ে যায়।
কিছু দূর গিয়ে কানে আসে হাসির শব্দ—তিনজনে মিলে খুব জমে
উঠেছে; বিরক্ত হ'য়ে ফিরে আসে। জানতে ইচ্ছে হয় অত
উচ্ছাসের কারণটা কি, কিন্তু ও কাছে এলেই ওরা চুপ ক'রে যায়।
কথনওবো জিজ্ঞাসা ক'রে ফেলে। জবাবে একটা ঠাট্টাই হয়ত শোনে।
মেলার মধ্যে চোরের দলের মত ওদের পরস্পরের মধ্যে বেশ পাকা
রক্ম যোগ-সাজ্স রয়েছে ব'লে মনে হয়।

খুব ঝগড়া হ'মে গেল য্যাডার সাথে ক্রিসতকের। সারা দিন গুমট কাটল না। কিন্তু আশ্চর্যের বিষয়—এমনি অবস্থায় অক্তদিনের মত আজ্ স্থ্যাডা ক্রুক্ক জানোয়ারের মত ব্যবহার না ক'রে কেবল ক্রিসতককে উপেক্ষা করল; ওকে যেন দেখতেই পায়নি। আর ওদিকে আর্নেষ্ট মীরার সাথে গলাগলি হ'য়ে রইল। যেন ঝগডা-ঝাটির সাথে ওদের কোন সম্পর্ক নেই।

ক্রিসতফ ব্যাপারটা মিটিয়ে ফেলার জন্ম উদ্গ্রীব। আজ বেন ওর প্রেম শত-ধারায় বইছে। আজ ওর্ধু রেহ নয়—উদ্বেল প্রেম-প্রবাহের সাথে মিশেছে কৃতজ্ঞতা, মিশেছে অফুতাপ—প্রেমের অমিয়-ভাও হ'তে কত ঐশ্বর্ধ ঝ'রে পড়েছে জীবনের পর, কত সোনার মূহুর্ত ঝ'রে গেছে রখা কলহে, রখা অভিমানে আর হারাই হারাই ক'রে অহেতুক শংকায়। গভীর বেদনায় য়্যাডার স্বন্দর মুংখানির দিকে তাকায়। য়্রাডা দেখেও যেন দেখে না, কিন্তু হেসে চলাচলি করে বন্ধুদের সাথে। য়্যাডার দিকে তাকিয়ে ক্রিসতফের চোথের সামনে ভিড় ক'রে এল জ্বজ্র মধুর শ্বতি—কত দিনের কত পরিপূর্ণ ঘনিষ্ঠতার, কত বিপুল

ভালোবাসার। মাঝে মাঝে [ এখনও রয়েছে ] কি অপূর্ব সরলতায় ঝলমল ক'রে ওঠে ওর মুথখানা, হাসিথানি গুল্ল গুচি হ'রে 'ওঠে—, ক্রিসভফ নিজকেই গুধার, তবে কেন ওদের সম্পর্ক আরো স্থলের হ'রে উঠতে পেলনা, কেন থেয়াল দিয়ে আনলকে কেবলি হত্যা করে ওরা ? কেন য্যাঁডা ওদের আলো-ঝরা অন্তরকতার মুহুর্জ্ঞলোকে অমন ক'রে ছ'হাতে মুছে ফেলতে চায়। কেন অস্বীকার করে অন্তরের স্থল্যকে! কেন পরুষ হাতে তাকে হত্যা করে! কাজে না হ'লেও চিন্তা দিয়েই বা প্রেমের গুচিতাকে ছুপায়ে দলে ও কি শান্তি পায়! ক্রিসভফ ভালো ক'রে জানে বিশ্বাসই প্রেমের সব থেকে বড় নৈবেল্প। বিশ্বাস নইলে প্রেম বাচে না। অতএব আবার চক্ষে লাগুক মোহাঞ্জন, আবার হোক স্বপ্রের আবাহন। আত্ম-তিরস্কার তীব্র হ'য়ে উঠল—ও নিজেই তো অন্তায় করেছে য্যাডার 'পর—যত অসন্তর সন্দেহ ক'রে। এত অনুদার ক্রিসভফ!

য়্যাভার কাছে গিয়ে কথা কওয়ার চেষ্টা ক'রল। য়্যাভা জবাব দিলে
সংক্ষিপ্ত কাটা কাটা কথায়। বোঝা গেল ওর রাগ যায়নি। কিন্ত ক্রিস্তফ, ছাড়লে না'। মিনতি ক'রলে একবার একটি মিনিটের জন্ম অস্ততঃ একান্তে এসে ক্রিস্তফের একটা কথা শুমুক ম্যাভা। অনিচ্ছায় মুথ ভার ক'রে য়্যাভা উঠে এল। সকলের দৃষ্টির আড়াল হ'তেই ওর হাত হুখানি ধ'রে মাটির পর নতজায় হ'য়ে ক্মমা চাইলে ক্রিস্তফ। ওর সাথে ঝগড়া ক'রে বাঁচবে না ও। বেড়ানো ওর কাছে বিস্বাদ হ'য়ে ক্রেছে—সোনালী দিন হয়েছে আধার। য়্যাভার ছণা কুড়িয়ে ওর জীবনে আনন্দ থাকবে কোথায়? ও বে নিশাসও নিতে পারছে না। য়্যাভার ভালোবাসা যে একান্ত ক'রে চাই ক্রিস্তফের—সত্যি বড় অবুঝা হ'য়ে ওঠে ও মাঝে মাঝে, অত্যাচার ক'রে ফেলে। ক্রিজ ক্ষমা নেই কি তার! আর এ অপরাধ ওর নর্ব, ওর ভালোবাসার—।
ভালোবাসৈ ব'লেই না থেকে থেকে অমন পাগল হ'রে ওঠে। ভালোবাসে ব'লেই য্যাভার মধ্যেকার অস্থলর ওকে ব্যথা দেয়। ওর মধ্যে ও
চায় উত্তমের প্রতিষ্ঠা। য্যাভার বিগত দিনের যে-স্বৃতি আলোর অক্ষরে
ওর বুকে লেথা হয়ে আছে তার মধ্যে অপ্লাঘ্য কোনো কিছুকেই ও স্বীকার
ক'রে নিতে পারে না। ক্রিস্তফ স্বংণ করিয়ে দেয় ওদের প্রথম
দেখার দিনগুলি, প্রথম মিলনের রাতটিকে। ওর ভালোবাসার মধ্যে
তারা অমর হ'য়ে আছে। ও যে আজও ঠিক তেমনি ভালোবাসে—
বাসবে, শাশ্বত কাল, 'যেওনা য্যাভা, আমায় ত্যাগ ক'রে যেওনা।' ওর
সমস্ত খানি হুদয় যেন আকৃতি হয়ে বলতে চায়ঃ ত্বমসি মম জীবনং—

য্যাতা শোনে—ওর মূথে মৃহ হাসির রেখা, বুকের ভেতর অস্বস্থি—।
তুষার বুঝি গ'লেছে। চোথের দৃষ্টি কোমল হয়ে এল, মেঘের ঘটা গেল
মিলিয়ে। আমি ভালোবাসি এ বালা হলতে লাগল তার ব্যঞ্জনায়।
সদ্ধি সাক্ষরিত হ'ল হজনের অধব-ম্পশে। পরস্পরকে একেবারে বুকের
কাছে টেনে নিয়ে ওরা এগিয়ে গেল নিম্পত্র বনের আডালে। ক্রিসতফকে এখন বড় ভালো লাগছে য়্যাডার—এত অ্যকুলতা!
রুতজ্ঞতায় ওর বুক ভ'রে উঠল। কিন্তু হুটুমী জেগে রইল মনের
মধ্যে। ছটফট করতে লাগল। মনও সরেনা, অথচ যে ফল্লীট
আটা হয়েছে তা কিছুতেই ছাড়তে পারলে না। কেন কলতে
পারে 
পারে 
ক্রেণ ঠিকিয়ে একটু মজা করা যাবে, আমোদের আসর জমবে ভালো,
ব্রেমাণও হ'রে যাবে তার কাছে, ওর নিজের কাছে, যে ও সম্পূর্ণ
স্বাধীন। ক্রিসতফকে থোয়াতে ও চায় না। সে-কথা কল্পনায় নেই।
বরক্ষ মনে হয় ওদের সম্পর্কের ভিৎটা আজ আরো পাকা হয়েছে।

স্বাই বনের একটা ফাঁকা জায়গায় এসে পৌছুল। হুটো রাস্তা। কিস্তৃক একটা রাস্তা দিয়ে চলল — আর্নেট বললে, দ্বিতীয়টি দিয়ে তাড়াতাড়ি যাওয়া যায়। য়্যাডা আর্নেটের কথা স্মর্থন করে। ও-রাস্তায় কিস্তৃক্ষ বহুবার গেছে— অতএব ওটা ওর মুথয়। কাজেই জোর ক'রে বললে ওদের ভুল হচ্ছে। কিন্তু কিছুতেই মানলে না ওরা। ঠিক হ'ল হুটোকেই পরথ ক'রে দেখা যাক। বাজী রাধা হল। য়্যাডা আর্নেটের দিকে গেল। মারা ক্রিস্তৃক্ষের পক্ষ নিলে। অতএব ক্রিস্তৃক্ষের সাথেই রইল ও। যথারীতি ক্রিস্তৃক্ষ থেলাটাকে থেলাছেলে না নিয়ে নিলে সত্যিকার গুরুত্ব দিয়ে। যাই হোক হারা চলবে না, পা চালালে জোর কদমে। মারা তাল রাথতে পারে না, যেন চায়ওনা। যেন গা নেই ওর। শাস্ত বিদ্ধপের স্বরে ডেকে বললে:

'অত তাড়াহুড়ো করোনা, আমরা জিতবই দেখে নিও।'

ক্রিসতফ যেন একটু দমে যায়: 'তা বটে, বড় বেশী জোরেই ইটিছি।' চলার গতি শ্লথ হয়। বলে, 'কিন্তু ও গুলোকে আমি তো জানি, আগে পৌছুবার জন্ম ঠিক উপন্ধানে দৌড মারবে দেখো।' মীরা হেসে লুটিয়ে পড়ে, 'কখনও না, তুমি মাথা ঠাণ্ডা কর তো!'

ক্রিসতফের বাছ নিজের বাছতে জড়িয়ে মীরা যেন সেঁটে রইল ওর সাথে। ও কিছু বেটে। ইাটতে হাঁটতে কোমল চোণ ছুটি ক্রিসতফের দিকে তুলে ধরে। এমনিতেই ওর চেহারায় রূপের সাথে মাদকতা আছে। কিন্তু এক মূহূর্তে তার ওপর কি যে রং-এর ছোল লাগল—ক্রিসতফ যেন চিনতে পারলে না ওকে। সাধারণতঃ মীরার মূথ ফ্যাকালে এবং কোলা-কোলা। কিন্তু সামান্ততম উত্তেজনার বা খুলির কারণ ঘটলে বা মনের মধ্যে কোনো কৌতুক অথবা কাউকে খুলি করবার ইচ্ছা হলেই—ওর চেহারা যেন যাহ্-মন্ত্রে একেবারে বদলে

ষার, কোথায় যায় সেই নিশ্রভতাঃ নিমেষে গালে ঢেউ জাগে গোলাপীর, চোথের চারপাশের কৃঞ্চন মুহুর্তে মহুণ হয়ে ওঠে উচ্ছল সৌকুমার্যে, চোথের দৃষ্টিতে বিজুলী নাচে। সমস্ত মুখখানার বয়স যেন বহু বছর পিছিয়ে এক অন্ত্রপম তাকণ্যে আর আত্মিক বিভায় একেবারে নৃতন হয়ে ওঠে। ও আলো য়াাডার মুখে দেখা যায় না। ক্রিসতফ অবাক হ'ল এই আকস্মিক রূপান্তরে। চোথ ফিরিয়ে নিলে। মীরার সাথে একলা একলা ওর ভারী অম্বন্ধি বোধ হ'ল। মীরা ওকে আবো বিব্রত করে তুলল তার হুটুমী দিয়ে। ও স্বপ্নের রাজ্যে হারিষে যায, মীরার উপদ্রবে স্বপ্ন কেবলি ভালে। মীরার কথা ওর কানে যায না, যাও বা যায় জবাব দেয় না; যাও বা দেয় ছেঁডা ছেঁডা অসংশ্র। ক্রিসতফ ভাবছে—ভাবতে চাইছে কেবল য্যাডাকে: চাইছে তার চিত্তের অসীম আকাশ ভরে তুলুক ওই মেয়ে। তার চোথের ককণা, তার হাসি, তার চুম্বনের মধু ওর চেতনায় অমৃত ঢেলে দেয, হৃদ্য ভালো-বাসায় ছেযে যায়। মীরা ওর দিক ভোলায, মনকে বাইরে টানে—স্বচ্ছ আকাশের পটে নিষ্পত্র বৃক্ষ-শাখার হল্ম রেথা-চিত্র—দেথে ক্রিসতফ, দেখো কি চমৎকার। চমৎকার। স্ত্রিচমৎকার। যেঘ চ লে গেছে, হারানো ফ্রাডা ফিরে এসেছে, হুজনের মাঝথানে যে তুসার-প্রাচীরথানি ছিল, ক্রিস্তফ ওর বুকের উষ্ণতা দিয়ে তা গলিয়েছে। ফিরে এসেছে প্রেম, তাই তো ফিরে এল প্রাণ আর তার গান , তাই তো স্থন্দর হলো ভুবন! নিকটে হোক দূরে হোক, হৃদয় ওদের মিলেছে এক यन्माकिनी-धाताय। श्रष्टित निश्चाम (वित्रिय এन। अत বুকথানি একেবারে লঘু হয়ে গেছে পালকের মত। য্যাডা ফিরে এল— ফিরে এল—তাই তো বাতাস এত লগু—অফুভৃতি-গ্রাছ প্রতি বস্ত প্রিয়াকে একেবারে বুকের মাঝধানটিতে নিয়ে আসে—দিনটা যেন একট্ট

ভেজা ভেজা—ঠাণ্ডা লাগবে না তো ওর ? তুহিন-ঢাকা গাছ্গুলি কি স্বন্ধ হয়েছে। বেচারা য্যাডা দেখতে পেলেনা···।

বাজীর কথা মনে পড়ে। পা চালিয়ে দেয় সামনের দিকে। থেয়াল রাথে পথটি মেন না হারায়। নির্দিষ্ট লক্ষ্যের কাছাকাছি এসেও উল্লাসে চীৎকার করে উঠল:

'আমরা আগে এসে গেছি।'

আনন্দে ও টুপী তুলে নাড়তে লাগল। মীরা ওর দিকে তাকিয়ে হাসল। জায়গাটা হল বনের মাঝখানে হোট একটা খাড়া পাহাড়। ওপরটা সমতল; বাদাম আর খাটো খাটো ওক গাছের সারিতে ঘেরা। তারি ফাঁকে ফাঁকে পর্বত-গাত্রের শুম-শম্পরাজির উপর দিয়ে দেখা যায় বেগুনী রংএর কুহেলী-অবগাহী পাইন-শীর্ষ আর রাইন নদীর বিসর্পিল নীল রেখা। সারা বন-ভূমি নিজ্জন—একটা পাধীরও ডাক নেই; না একটু বাতাসের শিরশিরাণী, না অন্ত কোনো শক্ষ। শাস্ত হুদ্ধ শীতের হুপুর কোয়াশায় ঢাকা স্থের ক্ষীণ উত্তাপে স্লিয়। ওদিক থেকে উপত্যকাগামী রেলের বাশীর তীক্ষ কর্কশ শক্ষে নিজ্জতা যেন ফেটে চেচির হচ্ছে। ক্রিসতফ পাহাড়ের ধারে দাঁড়িক্কে আছে ওদিকের গ্রামটার দিকে চেয়ে। মীরা সতর্ক দৃষ্টিতে ওকে পাহাড়া দেয়।

'দেখছ, কুঁড়েগুলোর রকমটা ? আমি তথনই বলেছিলাম। যাক গে এখানেই অপেক্ষা করি।' বলে ফাটা এব্ড়ো থেব্ড়ো মাটির ওপর রোদে দেহ মেলে লম্বা হ'য়ে গুয়ে পড়ল।

ু টুপীটা থুলতে থুলতে মীর। বলে: 'হু', অপেক্ষাই করা বাক। ওর স্বরে বেন কি একটা রহস্ত। ক্রিসভফ মাথা ছুলে ওর দিকে তাকায়।

'कि रामा ?' भीता जिब्हामा करत भारत जाता ।

'কি বল্লে ছুমি ?'

'বললাম সেই ওদের জন্ম বদে থাকতেই হল। মিছামিছি আমাকে দৌড় করালে বাপু।'

'তাই তো দেখছি।'

মাটির ওপর গুরে গুরে ওরা প্রতীক্ষা করে। মীরা একটা গানের কলি গুনগুনিয়ে ভাঁজে। ক্রিসভফও সাথে সাথে গায় কিন্তু বারে বারে থেমে থেমে কান পাতে।

'বোধ হয় ওরা আসছে, শব্দ গুনতে পাঞ্ছি ধেন।'

মীর। গান গেয়েই চলে। ক্রিসতফ আর চুপ ক'রে ওয়ে থাকতে পারলেন।

'গুনছ, ওরা নিশ্চয় রাস্তা হারিয়েছে।'

'রাস্তা হারাবে ? পাগল ! প্রতিটি রাস্তা আর্নেষ্টের মুখস্থ।'

ক্রিসতকের হঠাৎ মনে হয়: 'ওরা আমাদের আগেই এসে চলে যায়নি তো ?'

মীরা চিৎ হয়ে গুয়ে হর্ষের দিকে তাকিষেছিল। গাইতে গাইতে হঠাৎ এক ছদান্ত হাসিতে ও কেটে পডল। হাসতে হাসতে যেন দম বন্ধ হয়ে যাবে। ক্রিস্তফ কারণটা শোনবার জন্ম পীডাপীত্তি করতে লাগল। ভাবলে আনেই আর য্যাডা দৌশনেই চলে গেছে। ও উঠে দাঁড়াল!

'তোমার কপালে হার আছে। কেন! দেটশনে যাওয়ার কথা তোনেই। এথানেই সকলে এসে জুটবে, এমনি কথাইত ছিল।'

ক্রিসতফ মীরার পাশে এসে ব'সল। ওর ব্যস্ততায় মীরার ভারী মজা লাগছে। ক্রিসতফ বেশ বুঝতে পারছে মীরার দৃষ্টিতে কি একটা কোছুক কিলবিল করছে। সত্যি সত্যি উদ্বিগ্ন হ'য়ে উঠল ও। এখনও পর্যন্ত ওর মনে কোনো রকম সন্দেহ আসেনি। উঠে দাডাল

—নীচে নেমে গিয়ে জকলের মধ্যে খুঁজে দেখবে। মীরা কি জানি একটু ব'লল, বোঝা গেল না। পকেট থেকে কাঁচি হুঁচ হতে। বের ক'রে নিশ্চিন্ত মনে টুপীর পালকগুলো সেলাই ক'রতে লাগল একেবারে গুছিয়ে ব'সে, যেন সারা দিন আর উঠতে হবেনা। বললে:

'তোমার মাথা থারাপ হয়েছে। ওদের আসবার ইচ্ছে থাকলে নিজেরাই আসত।'

ক্রিসতফের ব্কের মধ্যে হঠাৎ যেন ধাকা লাগল। ফিরে তাকাল মীরার দিকে—কিন্তু মীরা তথন কাজে ব্যস্ত। উঠে কাছে গেল মীরার। ক্রিসতফ ডাকে:

হাত না থামিয়ে জবাব দেয মীরা: 'কি ?'

ওকে ভালো ক'রে দেখবার জন্ম ক্রিস্তফ নতজান্ত হ'য়ে ব'সে পড়ে মাটিতে। 'মীরা ?' আবার ডাকে।

এবারে হাত থামিয়ে ওর দিকে তাকিয়ে হেসে মীরা বলে: 'কি হ'লো আবার ?'

ক্রিসতফের মুথের দিকে তাকায় মীরা, ওর দৃষ্টিতে বিদ্রুপ। 'মীরা—' ধরা গলায় ক্রিসতফ বলে 'বলতো তোমার কি মনে হয়— ?' মীরা ঘাড বাকিয়ে হেসে আবার নিজের কাজে মন দেয়। ক্রিসতফ ওর হাত ধরে ফেলে, টুপীটা হাত থেকে কেডে নেয়: 'ও সেলাইটা রাখ না একটু! দোহাই তোমার রাথো; যা জিজ্ঞাসা করি বল—।' পরিপূর্ণ দৃষ্টিতে মীরা ওর দিকে তাকিয়ে প্রতীক্ষা করে। ক্রিসতফ্বের ঠোট ধর ধর ক'রে কাঁপে।

পুব আন্তে আন্তে ক্রিসতফ বলে: 'তোমার কি মনে হয় আর্নেষ্ট আর য্যাড!—'

মীরা হাসে! 'কি জানি বাপু—ভা ইয়া—'

ক্রিসতফ চমকে ওঠে রেগে: 'না না কক্থনও না, হ'তে পারে না!
মিছে কথা বসছ আমায় চটাবার জন্য—না—না—'

ওর কাধের ওপর হাত রেথে মীরা প্রবল ভ'বে হাসতে থাকে। হাসতে হাসতে প্রায় গড়িয়ে পড়ে। 'নাঃ আচ্ছা মোটা মগজ তো—!'

ক্রিসতফ ওকে ধরে জোরে একট। ঝাঁকানি দেয়: 'হেস না, কেন অমন ক'রে হাসছ? সত্যি হলে আর হাসি বেরুত না। আনে ইকে ছুমি তো ভালোবাস!'—মীরার হাসি থামে না। ক্রিসতফকে কাছে টেনে এনে চুম্ থায়। ভেতর থেকে প্রতিবাদ আসা সত্ত্বেও মীরার চুম্বন ও'ফিরিয়ে দিতে যায়। কিন্তু উত্তপ্ত ঠোঁট ছুটির স্পর্শ এসে লাগতেই ধান্ধা দিয়ে সরিয়ে দেয়ে মীরাকে—আনেইের চুম্বনের উঞ্জা এখনও লেগে আছে ওর ওঠে ।। বলে: 'নিশ্চয়ই ছুমি জানতে, আগে থেকেই বত্যন্ত করে রেথেছ—'

'করেছিই তো।' হাসে মীরা।

ক্রিস্তফ চীৎকার করলে না, রাগের কোনো ব্যঞ্জনা দেখা গেল না মুখে। কেবল ঠোঁট হুটি ফাঁক হ'য়ে রইল যেন নিশ্বাদ নিতে কঠ হছে। চোখ বন্ধ হ'য়ে এল, হাত হু'ট বুকের ওপর এসে বদল শক্ত হযে। হৃদপিও যেন ফেটে যাছে। হুই হাতে মুখ ঢেকে উপুড হ য়ে মাটতে আছডে পডল। হতাশা আর খ্ণার উন্মন্ত চেউ যেন নির্মমভাবে আছড়োতে লাগল। ওর দেহ মন তার আঘাতে চুর্গ বিচুর্গ হতে লাগল।

শীরার মন নবনী নয়, কিস্তু তবু ও এ দৃগ্রে কঠিন থাকতে পারল না। কোথা দিয়ে যেন মাতৃ-স্নেহে হৃদয় ভ'রল; ক্রিসতফের ওপর ঝুঁকে প'ড়ে, অত্যস্ত কোমল স্বরে স্নেহে গ'লে গিয়ে ওকে বোঝাতে লাগল। মেলিং সলট্ এর শিশিটা ধ'রল ওর নাকের কাছে। ভয় পেযে শিউরে ও ছিটকে উঠে পড়ল এমনি হঠাৎ ও এমনি এক ঝটকায় ধাকা দিয়ে সরিয়ে দিল মীরাকে, ও ভয় পেয়ে গেল। কিন্তু ক্রিসতফের প্রতিহিংসা নেবার না ছিল প্রবৃত্তি না ছিল শক্তি। তীত্র বেদন:-বিক্কৃত মুখে নি:শধ্যে কেবল ওর দিকে তাকিয়ে রুইল।

মথিত স্বরে বলল, 'শয়তানী! আমার কি যে সর্বনাশ করলে, জানোনা এখনও—'

ধ'রে রাথতে চেষ্ঠা করে মীরা। হাত ছাড়িয়ে ছুটে বনের মধ্যে ও চ'লে গেল প্রবলভাবে থুথ ফেলতে ফেলতে। বে-অপরিসীম খুণা আর অপমান ওর সর্ব সতাকে বিদ-জর্জর ক'বে তুলেছে, ওই পুথুর সাথে ও যেন তাই উগরে ফেলতে চায়। আজ ওকে অনাচারে লিপ্ত করতে চেয়েছিল ওরা, টেনে নামিয়েছে পচা পাঁকে: ওর ভেতরটা অৰ্ধি যেন পাঁকে ভ'রে গেছে। ও ফুফিয়ে কেনে উঠণ—স্ব শরীর থর থর ক'রে কাপতে লাগল। কি একটা বিকট ভয়ে ও বেন কালো হয়ে গেল – ওদের স্বাইকে আজ ওর ভয় করছে, ভয় নিজকে, নিজের দেহকে, আত্মাকে। ঘুণার এক প্রবল তুফান যেন সমস্ত আড়াল ভেক্নে বেরিয়ে এসে আছডে পড়ল অসংযত উন্মন্ততায়। বহুদিন থেকেই এ ঝড়ের গর্জন শোনা যদ্ছিল অন্তরের গভীরে। দিনের পর দিন, মাসের পর মাস, যে-কেদ যে-গ্লানি ও অপরিজ্ঞলতার মধ্যে ওর দিন গেছে—যে-হীনতা, যে-অপমানের সাথে ওকে নিরন্তর আপোস করতে হয়েছে—ওর মনে হ'য়েছে সমস্ত আবহাওয়ায় পৃতি-গন্ধ, পোকা কিলবিল করছে। বিদ্রোহ জেগেছে নেই বিদ্রোচে, আর প্রতিক্রিয়ার আঘতে এক দিন না একদিন আগল ভাকতোই। কিন্তু ক্রিসতফ বুক ভ'রে ভালোবাসতে চেয়েছিল—তাই ভালোবাসার পাত্রী সম্বন্ধে জেনে শুনেই মরীচিকাকে লালন করেছিল। তাই সংকট এত দিন ঠেকেছিল কোনো মতে। কিন্তু আজু আর ঠেকাবে কিসের

জোরে ? নিমেষে কোথা দিয়ে কি যেন হয়ে গেল—আর হ'য়ে ভালোই হ'ল—কঠোর গুচিতার তুষার-জমান দমকা হাওয়ার ঝটকায় যত পৃতি-গন্ধ, যত ক্লেদ, যত গ্লানি বেবাক উড়ে গিয়ে আকাশ একেবারে স্বচ্ছ হ'য়ে উঠল। ঘূণার এক আঘাতে য়্যাডার প্রতি ভালোবাসার মৃত্যু হ'ল।

য্যাডা হয়তো ভেবেছিল ওই নোংবা হাতে টেনে ও রাখবে ক্রিসতফকে হাতের মুঠোয় পুরে, ভুল করেছিল য়্যাড!। চেনেনি ও-ছেলেকে, দিতে পারে নি তার যোগা মূলা। বরঞ্চ আজ আবার প্রমাণ হ'মে গেল যে-দাম ও তাকে দিয়েছিল তা কাঁচ-মূল্যের চেয়েও হীন। হিংসে জাগিয়ে বাঁধা যায় হীনের মন—ক্রিসতফের মত শুচি-শুদ্ধ, তকণ মানসের মর্যাদা নয়। তাই আজ বিদ্রোহের আগুন জ্পেছে ধক ধক ক'রে। শুচিতার তিনয়নে। ক্রিস্তফ বুঝতে পারছে, য়াডার আজের এই বিশাস-ঘাতকতা ভাব-প্রবণতায় নয়, নারী-স্থলভ অহেতুক থামথেযালীতেও নয়। কত সময়ই তো কত অক্সায় থেয়াল ওদের, বুঝেও ঠেকাতে পারে না। তবে —ওকে মাটির ধূলায় টেনে নামাতে চেয়েছিল য়্যাডা, চেয়েছিল অপমান করতে—ওর নীতি-নিষ্ঠাকে নোংরা হাতে ভাঙ্গতে চেয়েছিল, চেয়েছিল ফুপায়ে দলতে, ওর ব্রত ভঙ্গ ক'রতে, ওকে শান্তি দিতে—দশের স্তরে নামিয়ে আনতে—ওর উন্নত মর্যাদাকে ওর পায়ের তলায় লুটিযে দিতে। য্যাডা চেম্ছেল দেখাবে ক্রিসতফকে কত বড ওর পৈশাচিকী শক্তি, আর কত বড তার মহিমা। ক্রিসতফ এত বড হীনতাকে ক্ষমা করতে পারলে না। পারবে না। ভয়ে পাংগু হ'য়ে যায়—পাঁকের প্রতি কিসের এ-টান মাহুষের ? অধিকাংশ মানুষ পাকে লুটায়—আর পাঁক ছিটায়—গুল্ল থাকতে দেবে না কাউকে—দেবে না কাউকে গুচি থাকতে। গুকর-বৃত্তি ওই মনুয়-রূপী জীবের দল—কি উল্লাস ওদের পাঁকে গডিয়ে—স্বাক্তে পাঁক মেখে তবে ওদের স্থা। কেন এমন হয ? কেন ? কে দেবে এর জবাব ?

য়্যাডা হ'দিন' ক্রিসতফের পথ চেয়ে ব'সে রইল। কিন্তু সে এল না। উদ্বিগ্ন হ'য়ে উঠল ও। ভারী নরম ক'রে একথানা চিঠি লিখল—সেদিনের ব্যাপারের কোনো উল্লেখ ক রল না। জবাব দিলে না ক্রিসতফ। দিতে পারলে না। অন্তরের ঘণা প্রকাশ করবার মত ভাষা খুঁজে পেলে না। জীবন-মূল থেকে ও য়্যাডাকে একেবারে উৎপাটন করেছে। য়্যাডা নেই, কোথাও নেই। ক্রিসতফের কাছে সে সম্পূণ মৃত আজ।

ক্রিস্তফ যাডার বন্ধন থেকে মুক্তি পেলে। কিন্তু পেণে না
নিজের কাছ থেকে। একান্ত ভাবে কিরে যেতে চায় স্বপ্লাবিষ্ট সেই
অতাতে—খুঁজে ফেরে কোথায় বিগত-দিনের সেই শুল্ল প্রশান্ত
বলিষ্ঠতা। কিন্তু আর ফেরবার পথ নেই। বুথাই ফিরে ফিরে চাওয়া!
চেয়ে দেখ, তোমার চলতি পথের হুধারে বিলীয়মান জগৎ—যে-জগৎ
ভূমি এসেছ পেছনে ফেলে, পথ চলতে চলতে ক্রান্ত দেহে বে-গৃহের
আশ্রার একদা রজনীতে ছিলে নির্ভর-প্রস্থা, সে গৃহের অগ্রি-শালার
ধূম-কুণ্ডলী ওই দেখ আকাশে উঠে বিস্বৃতির কোয়াশাচ্ছন্ন দিগ্রালের
ভিপারে মিলিয়ে যাচ্ছে। এমনি ক'রে সবই মিলিয়ে যাবে—হারিয়ে
যাবে—চলে যাবে বহু দূরে। কিন্তু ক'দিনের জন্ম জীবনে
এসেও ব্যক্তি আর মানসে প্রেম খে-ব্যবধান রচনা করে তার
বুঝি সীমা নেই। সেই দূরের বুকে হঠাৎ বেন আসে পথের বাক

দেশান্তবের নিশানা নিয়ে, সেই বাঁকে দাঁড়িয়ে পেছনের মাটকে একেবারে চিরবিদায় জানিয়ে যায় মালুষ।

কিন্তু ক্রিস্তফ কিছুতেই যেন পারছে না এমনি ক'রে অনিবার্গের সামনে মাথা পেতে দিতে। অতীতের দিকে আকুল হয়ে হাত বাড়ায় - অতীতের সেই ক্রিসতফ, নিরালা নির্নদী ক্রিসতফকে, ক্রিসতফের পুরানো আত্মাকে উদ্ভান্ত হয়ে খোঁজে। কিন্তু কোথায় পাবে ? সে কি আছে ? মুক্তিল প্রেম নিয়ে নয়—যে ধ্বংস-স্তুপ সে পেছনে রেখে যায়—তাই নিয়ে। ক্রিসতফ প্রেমকে বর্জন করল— ক্ষণেকের জন্ম মুখ ফেরাল ঘণায়। কিন্তু রুথা। প্রেমের নথর-চিহ্ন ওর চিত্ত জুড়ে; প্রেমে ওর চেতনার কোষ কোষ সম্পূক্ত। হৃদয়ে যে শুক্ততা-কান পেতে যেন শোনা যায় তার হাহাকার। ওই শুক্ততাকে পূর্ণ না করলে নিস্তার নেই। যে-মান্তুষ একবার ক্রেছের স্বাদ পেয়েছে, পেয়েছে ভোগের স্বাদ, প্রেম নইলে তার জীবন মরু-ভূমি। জীবনকে জীইয়ে রাথতে হলে তার চাই ফেহ, চাই সম্ভোগের উপকরণ, আর চাই তার সাথে আবেগ—হোক না সে একেবারে বিপরীত-ধর্মী—হোক ঘুণা, হোক গোঁড়ামী, হোক আর কিছু। কিন্তু ক্রিসতফের বৃভুক্ষ হৃদয়ের কতটুকু থাম্ম মিলবে বিরুদ্ধ ভাবাবেগের মধ্যে ৷ ওর জীবনটাই প্রবল প্রতিক্রিয়া পরম্পরার অশ্রান্ত ঢেউএর বিক্ষোভ—কেবলি এক প্রান্ত থেকে আর এক প্রান্তে ছিটকে পড়া। কথনও দেখবে ওর আবেগ ছটেছে দিশে-হারা পাগলামোর পথে—ছাড়বে খাওয়া—এমন কি জলটুকুও ভোঁবে না, গুধু গুধু হেঁটে হেঁটে দেহকে করবে ক্ষয়, রাতের খ্ম অবধি বিসর্জন দিয়ে অনর্থক পরিশ্রম করবে – অর্থাৎ, দেহের সর্বপ্রকার আরাম আর আনন্দ কেড়ে নিয়ে করবে অমান্থবিক রুচ্ছ -সাধন। আবার কখনও কোমর কষে লাগবে শক্তি-সাধনায়—শক্তিতেই নাকি ওর

স্তরের মাসুষের আসশী চরিত্র। এবং ছুটবে তথন স্ফুর্তির সন্ধানে। যাই হোক কোথাও সুথ মেলে না। ও এখন আর একা থাকতে পারে না। আবার একা না হলেও বাচে না।

বাঁচতে পারত একমাত্র যদি খাঁটি সহাদ পেত—হয়তো বা রোজাই একমাত্র বাচাতে পারত ওকে। কিন্তু রোজাদের সাথে প্রায় মুখ দেখাদেখি নেই। দেখাও হয়নি সেই থেকে আর। একদিন মাত্র ক্রিসতফ দেথেছিল রোজাকে। সন্ধ্যাবেলা গির্জা থেকে ফিরছিল রোজা। ক্রিস্তফ ইতস্তত করছিল সম্ভাষণ করবে কিনা। রোজাও ওকে দেখে কাছে আসার জন্ত যেন পা বাড়াতে গেল-সি ডি দিয়ে নামছিল ভক্ত-রন্দের স্রোত, সেই ভিড়ের মধ্যে পথ ক'রে এগিয়ে আসতে গিয়ে ও দেখল রোজার চোখ অন্তদিকে ফিরে গেছে। এবং কাছে এলে সে ঠাণ্ডা রক্ম একটা ছোট্ট নমন্বার ক'রে এগিয়ে গেল কঠিন পাথে। ক্রিসভকের মনে *হল* রোজার বুকের ওপর হর্জয় মুণা জগদ্দল পাথর হয়ে চেপে আছে। ওর জন্ম ভালোবাসার একটি কণাও নেই সেথানে। হয়ত রোজা ওকে ভাবছে চরিত্রহীন, লম্পট, এবং এই লম্পটকে ভালোবেসে সে একদা যে বোকামী করেছিল হয়ত তাই নিয়ে আড়ালে বদে হাসছে। হয়ত ওকে সে ঠেলে সরিয়ে দিয়েছে মনের প্রান্ত হতে বহুদুর। স্থতরাং পরস্পরের কাছে ওরা ফুরিয়ে গেছে। হয়ত ভালোই হয়েছে হজনের পক্ষে। রোজা মেয়ে ভালো সন্দেহ নেই, গুণও আছে। কিন্তু কাছে এসে হাত ধরে চোধে চোথট রেধে বল্লতে পারে 'বন্ধু তোমায় আমি চিনেছি—' কোথায় ছিল সেঁ-ঐশ্বর্য ওর ! বুজুকু ফ্লয় নিয়ে ওর সাথে যদি বা নীড় বাঁধতো, আনন্দ-বেদনা-হীন নিজৃ:স্ত সাধারণ জীবনের নির্ঘাত নিক্ষপ স্থির পন্ধশে মুথ পুবড়ে ওকে আঁকু-পাকু করতে হ'ত—মাথতে হ'ত "নিশি নিশি

রুদ্ধ ঘরে কুদ্র-শিথা স্থিমিত দীপের ধ্যান্ধিত কালি।" কই পেত ছুজনেই স্থিতরাং ভূর্ভাগ্যক্রমে যে বিচ্ছেদ ঘটল তা হয়তোবা প্রচ্ছের আশীর্বাদই। প্রায়ই—প্রায়ই কেন ? সর্বদাই। বলিষ্টের বুকে আঘাত হেনে হুঃখ-দেবতা এমনি প্রসাদই ছুডান।

কিন্তু হংখটা যখন এসেছিল তথন তো হুজনেরই বুক ভেক্ষে গিয়েছিল, কাঁদিযেছিল হুজনকেই। বিশেষ ক'বে ক্রিস্তফকে। কিন্তু ধর্ম-বুদ্ধি প্রস্তুত হ'লেও রোজাদের উগ্র সংকীর্ণতা, পর-মত-অসহিষ্কৃতা, বিবেক-বৃদ্ধি দ্যা-মায়া কেডে নিয়ে মান্ত্যকে দানব ক'রে তোলে। ও সন্থ করতে পারেনি, ওকেও আঘাতে আঘাতে ক্ষিপ্ত করে বাইরে ছুঁডে ফেলে দিয়েছিল। তাইতো বিদ্যোহে বিক্ষোতে ও মুক্ততর আকাশের খোঁজে ডানা দিয়েছিল মেশে।

য়্যাডাকে নিয়ে ঘোরাত্বি করতে করতে কয়েকজনের সঙ্গে পরিচয়্ন হয় ক্রিসতফের। নিজমা ভবত্তরে জাতীয হলেও এদের সহজ ব্যবহার ও নির্বিকার স্বভাব ওর মন্দ লাগেনি। এদের মধ্যে একজন ছিল ফ্রীডম্যান। অর্গ্যান্ বাজায়; বযস ত্রিশের কোঠায়, কিছুটা বৃদ্ধি আছে, আর বাজানর হাত ভালো—কিন্তু বেহদ্দ অল্স, না থেযে মরলেও ন'ডে চডে বিশ্রেটাকে একটু ঘসে মেজে ওপরে ওঠার চেষ্টা করবে না। যারা থেটে পিটে বেঁচে থাকে তাদের কুৎসা গেযে ওকেমন একটা সাপ্তনা পায। ওর চুট্কীগুলো একটু ওজনে ভারী হ'লেও সঙ্গীদের অজস্র হাসায়। সঙ্গীদের চেয়ে ওর সাহস বেশী—তাই ও উচ্চ-পদস্থদের বিদ্রুপ করে [ভেতরে ভেতরে যে ভয় পায না তা নয়] চোখ মুথ ভাষার নানা রকম ব্যক্ত অব্যক্ত ইশারায়। সঙ্গীত সম্বন্ধে নিজের কোনো ধারণা নেই; কিন্তু নাম-করা সঙ্গীতকুশলীদের বিদ্রুপাত্তক সমালোচনা করে জোর গলায়। বলে—ওদের

খ্যাতিটা মেকী। স্ত্রী-জাতি সম্বন্ধে ও নির্মম—নারী-দ্বেষী কোন এক সন্ম্যাসীর কথা ধার ক'রে ও তাদের গাল দেয়। ক্রিসতফের ভারী মজা লাগে।

পরিবর্তনের বর্তমান অধ্যায়ে ক্রীডম্যানের কাছে প্রায়ই আসে ক্রিসতফ। ওর সঙ্গে কথা-বার্তান্ত অনেকটা ভূলে থাকে। কিন্তু বিচার বুদ্ধি কথনও থোয়ায়নি; ফ্রীডম্যানের ইতর হাসি-ঠাট্টা ওর বেশীক্ষণ ভালো লাগে না। এবং হদিন নাষেতেই ওর এল বিরক্তি। চোখে প'ড়ল ঘা-কিছু ভালোকে নিরম্ভর মুথ ভ্যাংচানো আর অস্বীকার করার বন্ধ্যাত্ব। কিন্তু ফিলিপ্তাইনদের স্বয়ং-সম্পূর্ণ স্থান্থির জীবন-ধারাকে ওর মনে হয় স্রেফ বোকামী। তাই তাদের বিরুদ্ধে ওর বিদ্রোহ। স্থতরাং ক্রিসতফের চোণ খুলে যাওয়া সম্বেও এবং ফ্রীডম্যানকে আন্তরিক ঘুণা করলেও ওর ইতরামীগুলিই আজ ওর একমাত্র ভূলে থাকবার উপকরণ। তাই সন্দেহজনক চরিত্তের গোত্রহীন অমুচর-পরিবৃত ফ্রীডম্যানএর সাথে সর্বদাই ওকে দেখা যায়। ওরা সারা সন্ধ্যা কাটায় জুয়া থেলে, মদ থেয়ে, কোলাহল ক'রে। হঠাৎ তামাকের আর থাম্ম-দ্রব্যের গন্ধে ও খুম থেকে জেগে ওঠে—শৃত্য দৃষ্টিতে চারদিকের মাত্রয় গুলির দিকে চায়—কাউকে বেন চিনতে পারে না— वूकठा साठए पिरा अर्ठ-सन वकठा कान्ना अर्ठ हाए भाजन एक ক'রে:

'এ কোথায় এসেছি আমি ? কারা এরা ? এদের সাথে আমার সংঘর্ষত বাকি ?'

ওদের হাসি, ওদের টিপ্পনীতে ওর ভেতরটা অত্যন্ত পীড়িত বোধ হয়; অকার আসতে চায়। কিন্তু এদের সংসর্গ ছেড়ে আসার মত জোরও পায়না মনে; ওর ভন্ন করে বাড়ী বেতে—সেধানকার নির্জন নেঃসঙ্গে মুখোমুখী দাঁডাবে এসে ও আর ওর আত্মা, ওর কামনার দশ আর ওর পীড়িত বিবেক, এদের সামনে একা ওর ভর করে। ও জানে ও জাহারামে যাচ্ছে—এবং যাচ্ছে স্বেস্থায় নিজের হাতে পথ কেটে। ফ্রীডম্যানে তেক ফ্রীডম্যান ? ক্রিসতফ যা হরেছে ও ক্রিসতফ যা হবে তার্নার ক্রিসতফের বীভৎস বিক্বতির প্রতিরূপ ওই ফ্রীডম্যান ত্রীডম্যান ক্রিসতফেরই ছ্রিতিনির্দ্ধির উলঙ্গ স্পষ্টতায চোথের সামনে সত্য উদ্যাটিত হয় তিকন্ত এই সম্ভাবিত ভয়ংকর সত্যের আঘাতও ওর মোহাবরণ ঘ্রিয়ে সত্যরূপে প্রতিষ্ঠিত করতে পারলে না—ওর শক্তি হরণ ক'রে, বিবস্তায বিষিয়ে ওকে টানতে চাইলে একেবারে মাটির ধূলায়।

পারলে ও সতিয় যেত জাহায়ামে। কিন্তু ক্রিসতফের মত মহাস্প্রিদের ধ্বংশ নেই। ওদের রক্ষা-কবচ আছে,—ক্রিসতফেরও আছে।
এ বস্তু অন্তের নেই। ওর শক্তিই ওর রক্ষা-কবচ—রক্ষা-কবচ ওর বেঁচে
থাকার ও ধ্বংস হ'তে আত্ম-রক্ষার সহজাত বৃদ্ধি—যে-বৃদ্ধি ওর বৃদ্ধির
চাইতে বড, ওর ইচ্ছার চাইতেও প্রবল। ওর অচেতন মনে আছে
শিল্পীর জিজ্ঞাসা—মানব-মনের সেই আবেগোন্মাদ, নৈর্ব্যক্তিক, স্প্রি-ধর্মী
বিভৃতি। আজ ও বৃঝছে, র্থাই ও ভালোবেসেছে, হঃখ পেয়েছে,
র্থাই আবেগের স্রোতে ভেসেছে। ও আবেগ-ধর্মী, কিন্তু আবেগ ওর
স্বর্থানি নয়। ওটা ওর সত্য-রূপ নয়। নিঃসীম ব্যোমের প্রকার
মধ্যে—গ্রহ উপগ্রহের দল যেমন কোন অদৃশ্য শক্তির টানে এক
অজ্ঞাত আঁধার রহত্যের দিকে নিরম্ভর ছুটছে, তেমনি ওরও সন্তার
অভ্যন্তরে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র আত্মা প্রচ্ছর ভাবে এক অজ্ঞেয় স্থনিদিষ্ট
স্থনিশ্চিত লক্ষ্যের দিকে ধারমান। নিজ্ঞান মনের এই শাশ্বতী ক্রিয়া
ও প্রতিক্রিয়ার ডেউগুলি এসে লাগে জীবনের সর্বনেশে বাঁকে বাঁকে।

প্রাত্যাহিক জীবন তথন নিদ্রায় ছেয়ে যায় এবং সেই স্থান্তির আধার আকাশে হয় উদিত-সবিত্র মত বহু-মুখী, বিচিত্র-রূপ সন্তার উদ্ভাস—সহস্র চক্ষুতে তার ফ্রীংক্স-এর দৃষ্টি। বছর থানেক হ'ল অন্তুত স্বপ্র দেখে ও প্রায়ই—নিমেষে কোথা দিয়ে কি হ'য়ে যায়— চোথের সামনে নিভূলি স্পষ্টতায় একই সময়ে এক ক্রিস্তফ বহু বহুধা ওপ্রতিক্রিস্তফ বিচ্ছির পরস্পর হ'তে বহু দূর মাঝখানে যেন বহু দেশ কালের ব্যবধান জেগে উঠেও ঘোর কাটে না। ওর চোথে মনে তথনও জডিয়ে থাকে স্বপ্র। থাকে অস্বস্তি; কিন্তু স্বপ্রটা ভূলে যায়, মনে করতে পারে না। কোন একটা বন্ধমূল সংস্কার মন থেকে চলে গেলে দাগ থাকে, কিন্তু আসলটাকে আর চেনা যায় না। তেমনি স্বপ্রটার আবেশ বাকে, একটা শ্রান্তি থাকে জড়িয়ে।

এমনি আলোডনের মধ্য দিয়ে চলছিল ক্রিসতফের আত্মা দিনের পর
দিন; কিন্তু অলক্ষ্যে থেকে এই সংগ্রাম দেখছিল আর একজন—আর এক
আত্মা—ধীর প্রশান্ত দৃষ্টিতে, পরম আগ্রহ ভরে। দেখছিল সে পৃথিবীকে
লোভীর মত—আনলেদ, কৌত্হলে। নিরীক্ষণ ক'রে দেখবে—প্রতিটিণ
মানবকে, প্রতিটি মানবীকে—শুনবে তাদের বুকের ধুক্ধুকানী, নাডীর
ক্ষান্দন—দেখবে জীবনকে, দেখবে জগতকে, দেখবে ছনিয়ার মনকে আর
মানসকে তার চিন্তাধারাকে। অত্যাচারীর দলকেও বাদ দেবে না, সাধারণ
মামুষকে না। শ্রীল্রন্ত মামুষরপী দানবের দলকেও দেখবে, বুঝবে, অফুভব
কুরবে, সবার সাথে হুঃধভাগী হবে। নিজের আলোর অস্ততঃ এক টুথানি
ভূদের বিলিয়ে দিতে পারলে তবে ক্রিসতফ সর্বনাশ হ তে বাচবে।
অলক্ষ্যের সেই জনকে ক্রিসতফ দেখতে পায় না, কিন্তু বুকে তার আলোর
ছেন্মা লাগে। কোথা দিয়ে কে যেন বলে যায়: ওরে তুই একা নস।
কে এই দোসর ? কার এ আত্মা? তিন নাই, ক্রিসতফ ? এয়ে "অহং

বিশ্ব-রূপো ভবামি, বিশ্বং ভূবনং জানামি"—তোমারি আত্মার এই বাণীরূপ! আত্মঘাতী প্রমর্ত্তা হতে ওই তো বাঁচালে তোমায় বর্ম দিয়ে ঘিরে।

কিন্তু,কোনমতে জলের ওপর মাধাটা ভাসিয়ে রাখতে পারলে ক্রিসতফ , বিনা সাহায্যে ডাঙ্গায় উঠতে দিলে না ওকে। ভালো করে নিজের ভেতরটাকে খুঁজে দেখতেও পারলে না, আর না পারলে স্ব-প্রতিষ্ঠ হ'তে। কাজ ক'রতে পারে না—করা সম্ভব নয। এক মহা মানস-সংকট উপস্থিত—ওর জীবনের পরম গুভলগ্ন—ওই সংকটের মধ্যেই দল মেলছে ক্রিস্ক্রফের ভাবী জীবনের অংকুর। ওর আত্মার ঐথর্য আত্মক্রিল করতে লাগল বটে, কিন্তু এমনি অহেতুক বাহুলো, যে স্ষ্টে-ধর্মী হলেও তার বর্তমান পরিণাম হ'ল বন্ধ্যা। ওর প্রাণ-প্রাচ্ব ওক্তেছি। পিরে উঠল। ওর অন্তর্নিহিত সমস্ত শক্তি গুলি জেগে 🐯 ল এক সাথে। একেবারে অকমাৎ উদ্দাম গতিতে চলল অভিযান্ত্রি। ত্রুইছাশক্তি সে-হর্বার গতির সাথে তাল রাংতে পারলে না পানবের দল বেন পথ বন্ধ ক'রে দাঁডাল সামনে। ওর ক্লক্তির ভেঙে থান থান হ'যে গেল—আভ্যন্তরীণ প্রকাশ সংঘাতে। কিন্তু এত বড ভয়ংকর বিপর্যয় কারো চোথে পড়ে না। ওধু অবাক হ'য়ে ক্রিস্তফ দেখে নিজের স্ককণ বন্ধ্যাত্ব-মননে, স্ত্রুনে, আত্ম-বিকাশনে। ইচ্ছে করার ক্ষমতা নেই, স্ত্রুনের শক্তি রেই। ওর কামনা, সহজ বুদ্ধি, চিস্তাগুলি আগ্রেয়গিরির ফাটলের মধ্যকার বারুদের ধোঁয়ার মত আকাশে ছডিযে যায় একের পর এক। নিজেকে গুধায় ক্রিসতফ: অতঃ কিম্ ? কি হবে আমার দশা ? থাকবে এমনি ? না এথানেই পরিসমাপ্তি ? আমি কি কোনো দিনই কিছু হ'তে পারব না ?

বংশগত দোষগুলি চরিত্রের মধ্যে এবার প্রবশ্ হ'য়ে দেখা দিল—ও মদ খেতে গুরু করণ। প্রায়ই রাতে ঘাড়ী ফেরে মদের গদ্ধ মুখে নিয়ে, পুরো মাতাল হ'য়ে।

লুইসা ছেলের দিকে তাকিয়ে দীর্ঘ-নিশ্বাস ফেলে; কিছু বলে না, গুধু অন্তর্থামীকে প্রার্থনা জানায়। একদিন সন্ধ্যেবেলা শহরের গেটের কাছের হোটেলটা থেকে •বেরিয়ে আসতেই চোধে পড়ল—সামনে পিঠে বোচ্কা ঝোলান মামা গটফ্রিডের মন্থর ছায়াটি। বহু দিন সেবাড়ী আসেনি, আসা ক্রমশংই যেন সংক্রিপ্ত হ'য়ে আসছে। দেখেই আনন্দে নেচে উঠল ক্রিসতফ। গটফ্রিড-এর পিঠটা যেন বেঁকে আসছিল বোঝার ভারে। ফিরে দাঁড়াল; চোথ এড়ালনা ভাগ্নের চাল-চলনে, অল-ভঙ্গিতে কেমন একটা অসংযত বাড়াবাড়ি। এগিয়ে না এসে একটা পাথরের ওপর বসে রইল ওর অপেকায়। ক্রিস্তফ ছুটতে ছুটতে কাছে এসে মামার হাত ধ'য়ে প্রবল এক ঝাঁকানি দিলে। গটফ্রিড অনেকক্ষণ ধ'য়ে ওর দিকে চেয়ে থেকে থেকে বলল:

'স্প্রভাত, মেলশিয়র।'

ক্রিস্ভফ হেসে উঠল। ভাবলে, মামা ভুল করেছে। বেচারা, বড়ো হ'য়ে গেছে, আর মনে রাখতে পারছে না কিছু।

ভুল বলেনি ক্রিস্তফ, গটজিডের স্থাকে যেনবয়স রোলার চালিয়ে গেছে। চামড়া কৃচকে, দেহ গুকিয়ে ওকে রীতিমত বুড়ো দেখাছে। নিখাস নিতে কট হছে। ক্রিস্তফ মুখর হ'য়ে উঠল। অত্যস্ত চাঁথকার ক'রে অনর্থল কথা বলতে বলতে চলল বাড়ীর দিকে; গটজিড খীরে বোচকাটি আবার পিঠে ফেলে নীববে সক্ষে সক্ষে চলল কাশতে কাশতে। ভুল ধরিয়ে দেওয়া সবেও গটজিড আবার ওকে মেলশিয়র ব'লেই ডাকল। এবারে ক্রিস্তফ বলল:

'আমাকে মেলশিয়র বলছ কেন, মামা? আমার নাম তো ক্রিস্তক। ভূলে গেলে বৃঝি ?'

গটব্রিড না থেমেই ক্রিস্তফের দিকে চোথ তুলে বলল:

'না, ভূলিনি। খুব ভালো ক'রে তোমায় চিনি, তুমি মেলশিয়র।'

ক্রিস্তফ হতবৃদ্ধি হ'য়ে গেল। দাঁড়িয়ে প'ড়ল। কিন্তু থামল না গটফ্রিড, এগিয়ে চলল। নিঃশন্দে ক্রিস্ভফও সঙ্গে সঙ্গে চ'লল। একটু যেন ধাতে এসেছেও। একটা কাফের পাশ দিয়ে পথ। জানালার শার্সিতে রাস্থার ছবি প'ড়েছে। জানালার সামনে গিয়ে দাঁড়াল, কাঁচের শার্সিতে দেখল মুখ। দেখল, শার্সিতে মেলশিয়রেরই প্রতিছ্পবি। বাড়ী ফিরল ভাকা বুক নিয়ে।

সারা রাত ও নিজকে ভেতরে বাইরে নেডে চেডে ওলট পালট ক'রে দেখল। আশা নিরাশার দোলায় আবতিত সে এক ভয়ংকর অস্বস্তির রাত। আত্ম দর্শনের রাত। নিজেকে ও চিনল, হতঞী স্বরূপটা একেবারে নগ্ন হ'য়ে গেল—। বড় ভয় করতে লাগল। মনে প'ড়ে গেল মেলশিয়রের মৃত্যুর দিনটিকে, আর অন্ধকারে নৃতদেহের পাশে ব'সে ব'সে পাহাড়া দেওয়ার সেই বিকট মুহুর্ভগুলি। মনে প'ড়ে গেল কত সংকল্পই না করেছিল সেই অন্ধকারে ব'সে—কিন্তু কই, একটা সংকল্পও তো টিকল না। গোটা বছর কি করল তাহলে ? কি করেছে ও এতদিন, ভগবান, শিল্প, কি নিজের জন্মই হোকনা, কি করেছে ও ? পরলোকের ব্যবস্থাই বা কি ক'রল ? প্রতিটি দিন ধূলোর তলায় গেছে মসী-লিপ্ত হ'য়ে। চিন্তা, কাজ কিছুই করেনি! এই ধরণীর ব্বেক কি থাকবে ওর পেছন্দে ?

এলোমেলো উচ্ছংখল থেয়ালে ভেসে গেছে। পরস্পর বিরোধী থেয়াল পরস্পরকে হত্যা করেছে। লক্ষ আদর্শ যদি বা ছিল, কোথায় তারা ? একটা কণাও নেই। কোনো লক্ষ্য, কোনো ইচ্ছেই তো ও পূর্ব করতে পারেনি—বরঞ্চ কাজ ক'রেছে ঠিক উপ্টো। কন্মিন কালেও যা হ'তে চায়নি, হ'য়ে বসেছে তাই; এই তো ওর জীবনের পুরো হিসেব-নিকেশ।

তু' চোথের পাতা এক হল না সারা রাত। প্রায় ছ'টা— অন্ধকার কাটেনি তথনও, শুনতে পেল মামা যাবার জক্ত তৈরী হচ্ছেন। থাকতে তিনি সত্যি আসেননি। যাচ্ছিলেন এ পথে—বরাবরের মত ঢুঁমেরে বোন আর ভাগ্নেকে একটু দেখে যাওয়া। বনেই রেখেছিল সকাল বেলা উঠে চ'লে যাবে।

ক্রিসতফ নীচে নেমে এল। ওর বিবর্ণ মুখ আর ক্লিষ্ট চোথে ঝাড়ো রাতটার ইতিহাস লেখা—এড়াল না মামার চোথ। ক্লেহ ভরে একটুথানি হেসে গুধু থানিকটা এগিয়ে দিয়ে আসতে বলল। ভোর না হ'তেই বেরিয়ে পড়ল ওরা। কেউ কথা বললে না, বলার দরকারও নেই—বিনা কথায় বোঝাবুঝি বয়েছে। কবরথানার পাশ দিয়ে য়েতে যেতে মামা বললে.

'চৰ্, ভেতরে যাওয়া যাক।'

এদিকে এলে, বিশেষ কোনো ব্যাঘাত না ঘটলে মিচেল আর মেলশিয়রের কবর ত'টে দেখে যাত্রা ওর বাধা কাজ। প্রায় বছর খানেক হ'ল গটক্রিড এদিকে একবারও আসেনি। মেলশিয়রের কবরের কাছে নতজান্ধ হ'য়েব সে গটফ্রিড বলে:

' প্রার্থনা কর্ ক্রিস্তফ, ভগবান এদের শান্তি দিন। শান্তিতে তুমাক ; আমাদের শান্তি-ভঙ্গ যেন না করে এসে।'

কথনও কথনও অবাক হয় ক্রিস্তফ মামার মনের ধারায়—প্রবল ্ অন্ধ-বিশ্বাসের সাথে, গভীর বিচার-বৃদ্ধির অদ্ভূত সংমিশ্রণ। আজ কিন্তু অবাক হ'লুনা, মামার আজের প্রতিটি কথা ও কাজ একেবারে জলের মত স্বচ্ছে। যতক্ষণ ওথানে রই ল, একটি কথাও হ'লুনা।

মরচে-পড়া গেটটা বন্ধ ক'রে বেরিয়ে এসে হুজনে দেয়ালের ধারে ধারে সরু মেঠো পথ ধ'রে চলতে লাগল। হিমেল মাঠগুলি সবে বেন ঘুম ভেলে উঠছে আড়ামোড়া ভেলে। সাইপ্রেস্ গাছগুলি থেকে বরফ ঝর্ছে ঝর ঝর ক'রে। ক্রিসতফের হু' চোথ বেয়ে জল পড়তে লাগল। ব'লে উঠল ভালা গলায:

'কি হবে আমার, মামা। তুমি জাননা, আমার ভেতরে কি হচ্ছে।'
সব কথাই এক এক ক'বে খুলে বলে মামাকে—যত লজ্জা আর
ভীরুতার কাহিনী, কেমন ক'রে বারে বারে সংকল্প করেছে আর
ভেক্তে। কেমন ক'রে দিনের পব দিন নিহ্ণল কেটেছে—দীনতায়
হীনতায ডুবে গডডলিকা-প্রবাহে ভেসে। কিন্তু সংহস ক'বে প্রেম-ঘটত
বিবরণ বলতে পারলেনা; কেমন ভ্য হস, পাছে মামা বিব্রত বোধ
করেন, বা আঘাত পান।

'বলে দাও মামা, কি করব। আমি জাহাল্লামে গেছি। এই একটা বছর ধ'রে কত চেষ্টা কত সংগ্রাম করেছি—কিন্তু যেখানে ছিলাম সেথানেই আছি, এক চুলও এগুতে পারিনি। বরঞ্চ আরো অধংপাতে গেছি, আরো পিছিয়ে গেছি। আর কিছু হবে না আমার দ্বারা। জীবনটাকে একেবারে শেষ ক'রে ফেলেছি—আমি অগুচি, আর তো কোনো ক্লাজে লাগ্ব না, মামা।'

একটা পাহাডের গাবেষে ওঠা পথ। স্লেহ-কোমল স্বরে গটব্রিড বলে

'কে বলে শেষ! কথনও শেষ হয় না। যা করব বলে সংকল্প করি সে আর কোথায় করতে পারি আমরা। আমাদের কেবল চাওয়া, আর (বেঁচে থাকা। বাস্। শাস্ত হও। সব থেকে বৃড় জিনিব হ'ল—চাইবে আর বেঁচে থাকবে। কথনও ছাড়বে না ও হুটোকে। আমরা কেবল খুব করে ইচ্ছে করব, বৃক চিভিয়ে চাইব, আর খুব ক'রে বেঁচে থাকব। এ ছাড়া আর কিছু তো আমাদের হাতে নেই, ঝুবা!'

ক্রিসতফ মরীয়া হ'য়ে আর একবার বলে 'আমি যে অওচি, মামা!'

'গুনছিদ।' গটফ্রিড বলে:

[ দিক দিক প্রতিধানিত করে মোরগের দল ডাকছে ]

'ওরা কার জন্মে ডেকে মরছে, বলতে পারিস? ওরা অমনি অঙ্চিদের জক্মই, আমাদের প্রত্যেকের জন্ম প্রতি প্রভাতে ডাক পাঠায়রে!'

তিক্ত কণ্ঠে ক্রিসতফ বলে:

'কিন্তু, একদিন আমার জন্ম আর ডাকবে না ওরা ে যে-দিনের সামনে কোনো আগামী কালের থোলা চয়ার আর থাকবেনা ! কি হবে আমার দশা সে-দিন ?'

'আগীমী কাল যে অনাদি অনস্ত, সে গোয়াবে কোথায় রে ? তার আসার পথ ঘোচাবে সাধ্য কার ?'

'আছে৷ থ্য ক'রে তো ইছে করব, কিন্তু তাতে কোনো ফল ন: হলে ়ে'

'প্রার্থনা করবি, আর চোথ মেলে রাথবি।'

'বিশ্বাস করি না।'

'বিশ্বাস না করলে তো বাঁচতেই পারবি নেরে। স্বাই বিশ্বাস করে। প্রার্থনা কর, প্রার্থনা কর।'

'কান্ কাছে ?'

পূব দিক্-ভালে উদীয়মান সবিতার তুষার-কঠিন রঞ্চ-হ্যতির দিকে দেখিয়ে গটক্রিড বলে:

'প্রণাম করো, প্রণাম করো ক্রিসতফ, নতুন প্রভাতকে প্রণাম করো। ভবিষ্যতে কি হবে আজের এই মুহূর্তে সে হিসেব আর মনে নাই আনলে। আজের কথা ভাবো, আজের কথা ভাবো। সব সংস্কার ফেলে দাও ছুঁডে। বুঝলে, সংস্থার জিনিষটাই ভারী বিশ্রী, ধর্মের ব্যাপারে হলেও। যে-জীবনটা পেয়েছ তার অপব্যবহার করোনা। বর্তমানকে হাতে তুলে নাও—বর্তমানেই বাস কর, ক্রিসতফ। প্রতিটি দিনকে শ্রদ্ধা কর, ভালোবাসো, তাকে কোনো মতে অগুচি ২তে দিও না। প্রতিটি দিনকে অবাধে দল মেলে বিকশিত হ'য়ে উঠতে দিও, হোক না সে আজের মত মেঘলা দিন। হোকনা মেঘ—সশ্রদ্ধা করোনা। কোনো চিন্তা করো না, বাবা। তাকিয়ে দেখ-এখন তো শীত র্থেছে, কেমন ? সবই যেন ঘুমিয়ে আছে। কিন্তু এ-ঘুম চির-কালের নয়। মা বস্তন্ধরা স্বুজে স্বুজে মায়ামধী হযে জেগে উঠলেন বলে। তার খবর কি পাচ্ছিসনে। তাই হয় বে, তাই হয়। কেবল বহুনুরার মত ধৈর্ঘটি আর অমন প্রেম-ভরা বুক্থানা চাই। আব চাই শ্রদ্ধা। তাডাছভো না করে একটু ধৈর্য ধ'রে দেখই না কি হয়। তুই নিজে যদি ভালো হস সব ভালো হবে, আর নিজে যদি ভাগো না हम यकि इतन (हान, आला जानारा शिय वात वात नित्वह यकि यात्र, ত্বংথ করিসনে। \তাই নিয়ে স্থী হ'তে চেষ্টা করিস। আলো জালাতে প্রাণপণ তো করেছিস তুই—৪ই তো হলো। বলতে পারিস, তাহলে আর আমি এ চাই ও চাই বলাই বা কেন, আর যা পারিনে তার জন্ম রাগ করাই বা কেন গ কিন্তু সাধ্যকে যতদুর টেনে নিয়ে যেতে পারি, ততদর তো করব। কর্মের মধ্যে আমাদের সর্বোত্তমকে ঢেলে দেব এই তো ৷'

ক্রিসচফ মুখ বাকিয়ে বলে: 'এট কি যথেষ্ট ?'

গটফ্রিড সমেহে হাসে:

'যথেষ্ট কিরে ? যথেষ্টের ঢের বেশী। তোর ভারী গুমবী হিরে। সাজতে চাস। তাই তো বোকার মত যা তা ক রে বসিদ্—। হিরো! তাই তো! কি জানি সে কি বস্তু। কিন্তু আমার কি মনে হয় জানিস্! হিরো তারাই যারা প্রাণপণে করে; 'নজের ক্ষমতাকে কাঁকি দেয়না কথনও। স্বাই তো করে না তা।'

'গুঃ', দীর্ঘ নিশ্বাস ফেলে ক্রিসতফ। 'তাহলে হাঁক ডাক ক'রে বেঁচে থেকে লাভ কি ? কোনো স্থ-সারই তো দেখছিনে। কিন্তু আবাব লোকে যে বলে, যাদের ইচ্ছের জোর আছে তাদের অসাধ্য কিছু নেই।'

গটক্রিড-এর মুথ আবার কোমল হাসিতে নিগ্ধ হ'য়ে উঠলু। 'তাই নাকি ? তা তারা সত্যি কথা বলে না। অথবা তাদের ইচ্ছাটা নেহাং মাপসই গোছের—'

পাহাডের মাথায় এসে গেল ওরা। গভীর ক্রেছে আলিক্সন ক'রে পথের মান্ত্রর আবার পথে বেকল ক্লান্ত দেহথানি টেনে নিয়ে। যতক্ষণ দেখা গেল, অপস্থমান মৃতিটির দিকে তাকিয়ে দাঁডিয়ে রইল ক্রিস্তফ গভীর চিস্তায় ডুবে। বার বার মামার কথাগুলি মনের মধ্যে তোল্পাড হ'তে লাগল:

ী কর্মের মধ্যে সর্বোত্তমকে দেব —সর্বোত্তমকে দেব—' হাসি ফুটে উঠল:

'তাই হোক—তাই হোক—এই ভালো।'

ফিরে চল্লুল শহরে। পায়ের চাপে বরফ গুডিবে যাচ্ছে। গাছের

নিম্পার ক্লাপা হিন্ধে হাওয়ায় কাপে। ঠা গ্রায় ওর গাল লুয়ল হ'য়ে উঠেছে; চামডার ওবর প্রিব শির্ ক'রে যেন হিম-স্রোত ল'রে বায়, রক্তে ঝডের বেগ লাগে; ঝডের হাওয়া বইছে বাইরেও; তাতে যেন ছুরির ধার। শহরের অট্টালিকার লাল-রংএর ছাদগুলি দেখা যাছে—নতুন ফর্মের দীপ্ত অকণ হিম হাসিতে ছাদগুলো হাসছে। তীত্র তিশ্বন্দানকে জমাট-বাধা পৃথিবী নেচে উঠল যেন। ক্রিসত্ক ভাবে: 'আমিও জেগে উঠব আবার! উঠব, জেগে উঠব…'

তথনও ওর চোথে জল। হাতের পিঠ দিয়ে মুছে নিল। গাচ কোয়াশার আবরণে হুর্য ঢেকে যাছে—দেথে হাসি পেল। তুহিন-কণা-সম্পৃক্ত মেঘজাল ঝডের বাতাসে শহরের আকাশ ছেয়ে মাতামাতি জুডেছে। বিদ্রপের হাসি ছুঁডে মারে ও…শীতল উদ্ধৃত স্পধায় বাতাস ব য়ে চলে শোঁ শোঁ…শোঁ…

হে প্রভঞ্চন তুমি এস, এস · আমার ওডাও, ঝরাও, যা খুশি তা কর—গুধু তোমার পথের সাথী করো আমার—আজ জেনেছি—জেনেছি
—আমার পথের সন্ধান আমি পেয়েছি ·

